শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

চতুর্থস্কন্ধঃ।

মুর্শিদাবাদ;

বহরম্পুর,—রাধারমণযন্ত্রে

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং।

মুদ্রিতঞ্চ

সন১২৯১। পৌষ।

শ্রীমদ্ভাগবতম্।

চতুর্থস্কন্ধঃ।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়।

শ্রীমৈত্রেয় উবাচ॥

মনোস্তু শতরূপায়াং তিস্রঃ কন্যাশ্চ জজ্ঞিরে। আকূতি র্দেবহূতিশ্চ প্রসূতিরিতি বিশ্রুতাঃ॥ ১॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণায় নমঃ। অথৈকত্রিংশতাধ্যায়ৈ র্বিসর্গস্তুর্য্য ঈর্য্যতে। বিসর্গ স্ত্বীশ্বরাধীনৈ র্ব্রহ্ম মন্বাদিভিঃ কৃতঃ। তত্র তু প্রথমাধ্যায়ে মনুকন্যান্বয়াঃ পৃথক্। বর্ণ্যন্তে যত্র যজ্ঞাদি মূর্ত্তিভিঃ প্রভবো হরেঃ॥ ০॥

মনুকন্যান্বয়ং বিস্তরেণ বক্তুমাহ মনোস্ত্বিতি। চকারাৎ দ্বৌ পুত্রৌচ। তু শব্দাদন্যতোপি পুত্রলাভঃ সূচিতঃ॥ ১॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীকৃষ্ণায় নমঃ॥ চতুর্থ ক্রমসন্দর্ভে সন্দর্ভাণাং সমাহৃতিঃ। ক্রিয়তে যন্নিদেশেন সমেঽননাগতের্গতিঃ॥ ১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে। গোপরামাজনপ্রাণপ্রেয়সেতি প্রভূষ্ণবে। তদীয় প্রিয়দাস্যায় মাং মদীয় মহঃ দদে। চতুর্থে কথ্যতে সৈকত্রিংশাধ্যায়বতি স্ফুটং। বিসর্গো যঃ কৃতো ব্রহ্ম মন্বাদ্যৈরীশ্বরাজ্ঞয়া। একেন মনুকন্যানামন্বয়াঃ কথিতা ইহ। ততঃ ষড়্ভির্দক্ষযজ্ঞধ্বংস ভূয়ঃ প্রবর্ত্ততে। ততো ধ্রুবস্য চরিতং পঞ্চভিঃ শ্রীপৃথোস্ততঃ। একাদশভিরধ্যায়ৈরষ্টভিস্তু প্রচেতসাং। তত্র তু প্রথমেঽধ্যায় আকূত্যাদিত্রিকান্বয়ে। বর্ণ্যন্তে যজ্ঞ দত্ত শ্রীনারায়ণজ সৎ কথাঃ॥ ০॥

পূর্ব্বস্কন্ধে কর্দ্দম কথা প্রসঙ্গেন মনোর্দ্বিতীয়ায়াঃ কন্যায়া দেবহূতে র্বংশানুক্ত্বা পুনস্তস্যান্বয়ং ক্রমেণ বক্তুং প্রথমায়াঃ কন্যায়া আকূতে র্বংশমাহ। মনোস্ত্বিতি ব্রহ্মণঃ পুত্রাণাং মধ্যে মনোস্ত্বিতি তু শব্দেন মরীচ্যাদিভ্য স্তস্য ভক্ত্যুৎকর্ষঃ সূচিতঃ। চকারাদ্দ্বৌ পুত্রৌচ॥ ১॥

চতুর্থস্কন্ধে একত্রিংশদধ্যায়ে ঈশ্বর পরতন্ত্র ব্রহ্ম মন্বাদি কর্ত্তৃক বিসর্গ সৃষ্টি নির্ম্মাণ। তন্মধ্যে প্রথম অধ্যায়ে মনু কন্যাদিগের পৃথক্ পৃথক্ বংশ বর্ণন এবং ঐ বংশে যজ্ঞমূর্ত্তিধারি ভগবান্ হরির আবির্ভাব॥ ০॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! স্বায়ম্ভুবমনুর শতরূপা নাম্নী ভার্য্যাতে তিনটী কন্যা জন্মে, তাহাদের নাম আকূতি, দেবহূতি ও প্রসূতি। কেবল এই তিনটী তনয়া মাত্র মনুর অপত্য এমত নহে তদ্ভিন্ন দুইটী পুত্রও উৎপন্ন হইয়াছিল॥ ১॥

আকূতিং রুচয়ে প্রাদাদপি ভ্রাতৃমতীং নৃপঃ। পুত্রিকাধর্ম্মমাশ্রিত্য শতরূপানুমোদিতঃ ॥ ২ ॥
প্রজাপতিঃ স ভগবান্ রুচিস্তস্যামজীজনৎ। মিথুনং ব্রহ্মবর্চ্চস্বী পরমেণ সমাধিনা ॥ ৩ ॥
যস্তয়োঃ পুরুষঃ সাক্ষাদ্বিষ্ণু র্যজ্ঞস্বরূপধৃক্। যা স্ত্রী সা দক্ষিণা ভূতেরংশভূতাঽনপায়িনী ॥
আনিন্যে স্বগৃহং পুত্র্যাঃ পুত্রং বিততরোচিষং। স্বায়ম্ভুবো মুদা যুক্তো রুচি র্জগ্রাহ দক্ষিণাং ॥৪
তাং কাময়ানাং ভগবানুবাহ যজুষাং পতিঃ। তুষ্টায়াং তোষমাপন্নো জনয়দ্দ্বাদশাত্মজান্ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তদ্দর্শয়িতুমাহ পুত্রিকাধর্ম্মমাশ্রিত্যেতি। অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যামলঙ্কৃতাং। অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদিতি। ইতি ভাষাবন্ধেন কন্যাদানং পুত্রিকাধর্ম্মঃ। স চাভ্রাতৃকায়াং কন্যায়াং পুত্রার্থিন এব প্রসিদ্ধঃ। তথাপি পুত্রবাহুল্যকাম স্তথা কৃতবানিত্যাহ ভ্রাতৃমতীমপীতি ॥ ২ ॥
মিথুনং পুরুষং স্ত্রিয়ঞ্চ সমাধিনা ঈশ্বরধ্যানেন ॥ ৩ ॥
ভূতের্লক্ষ্ম্যা অংশভূতাঽতস্তয়ো র্বিবাহো ন বিরুদ্ধ ইতি ভাবঃ ॥ ৪ ॥
যজুষাং যজ্ঞানাং মন্ত্রাণাং বা পতির্বিষ্ণুঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ চতুর্থস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ। তথাপি তত্র ভগবজ্জন্ম জ্ঞাত্বা তথা কৃতবানিত্যাহ। অপি ভ্রাতৃমতীমপি। অস্মাৎ সদাচারাৎ ভ্রাতৃমত্যা অপি তথা দানে বিধির্জ্ঞেয়ঃ তেন বিধিবলেন মন্ত্রাক্ষরপরিবর্ত্তশ্চ কর্ত্তব্যঃ ॥ ২। ৩। ৪। ৫। ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভ্রাতৃমতীমপি কন্যাং পুত্রিকাধর্ম্মমাশ্রিত্য প্রাদাৎ। ন কেবলং পুত্রবাহুল্যকাম এব কিন্তু আকূতিপুত্রস্য ভগবদবতারত্বং সর্ব্বজ্ঞতয়া জ্ঞাত্বা ভগবান্মম দৌহিত্রোঽপি পুত্রোঽপি ভূয়াদিতি কাম ইতি ভাবঃ। অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যামলঙ্কৃতাং। অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রোভবেদিতি ভাষাবন্ধেন কন্যাদানং পুত্রিকাধর্ম্মঃ। অত্রাভ্রাতৃকামিত্যল্পার্থে নঞ্ ॥ ২ ॥ ৩ ॥
ভূতের্লক্ষ্ম্যা অংশভূতা অতস্তয়োর্বিবাহো ন বিরুদ্ধ ইতি ভাবঃ ॥ ৪ ॥
যজুষাং পতির্যজ্ঞরূপী বিষ্ণুঃ ॥ ৫ ॥

মনু স্বীয় পত্নী শতরূপার সম্মতি ক্রমে ঐ কন্যাত্রয়ের মধ্যে আকূতিকে পুত্রিকা ধর্ম্ম আশ্রয় পূর্ব্বক রুচিকে প্রদান করিয়াছিলেন। যদিও অপুত্রক ব্যক্তির ভ্রাতৃ রহিত কন্যা সম্প্রদান কালে "আমার এই কন্যা ভ্রাতৃহীনা ইহাকে অলঙ্কৃতা করিয়া সম্প্রদান করিতেছি ইহার গর্ব্বে যে পুত্র জন্মিবে সে পুত্র আমার" এই রূপ ভাষা বন্ধন পূর্ব্বক কন্যা সম্প্রদানই পুত্রিকা ধর্ম্ম, তাহাতে পুত্রবান্ ব্যক্তির পুত্রিকা করা হইতে পারে না, তথাচ পুত্র বাহুল্য কামনায় মনু ভ্রাতৃমতী তনয়াকেও পুত্রিকা করিয়া সম্প্রদান করেন ॥ ২ ॥

প্রজাপতি রুচি পরমেশ্বর ধ্যান দ্বারা ব্রহ্মতেজঃ সম্পন্ন ছিলেন, তিনি আকূতিকে ভার্য্যা রূপে পরিগ্রহ করিয়া তাঁহার গর্ব্বে মিথুন অর্থাৎ একটী স্ত্রী ও এক পুরুষ উৎপন্ন করিলেন ॥ ৩ ॥

ঐ দুই স্ত্রী পুরুষের মধ্যে যিনি পুরুষ তিনি সাক্ষাৎ বিষ্ণু, যজ্ঞ মূর্ত্তি ধারণ পূর্ব্বক জন্ম গ্রহণ করিয়া ছিলেন। আর যেটী স্ত্রী, তাঁহার নাম দক্ষিণা, তিনি লক্ষ্মীর অংশ স্বরূপা অতএব ঐ দুই স্ত্রী পুরুষের পরস্পর বিবাহ বিরুদ্ধ হয় নাই। সে যাহা হউক, মনু যখন শুনিলেন আপনার তনয়া আকূতির পুত্র জন্মিয়াছে এবং সেই বালকের তেজঃ ও প্রভা অতি আশ্চর্য্য, তখন তিনি হর্ষিত হইয়া ঐ শিশুটীকে আপনার আলয়ে আনাইলেন। সুতরাং প্রজাপতি রুচি কেবল দক্ষিণাকেই লইয়া থাকিলেন ॥ ৪ ॥

যজ্ঞপতি বিষ্ণু, যিনি যজ্ঞরূপী হইয়া রুচির ঔরসে ঐ কন্যার সহিত যমক রূপে জন্মিয়া ছিলেন,

তোষঃ প্রতোষঃ সন্তোষো ভদ্রঃ শান্তিরিড়স্পতিঃ। ইধ্মঃ কবির্বিভুঃ স্বাহ্নঃ সুদেবো রোচনো দ্বিষট্ ॥ ৬

তুষিতা নাম তে দেবা আসন্ স্বায়ম্ভুবান্তরে। মরীচিমিশ্রা ঋষয়ো যজ্ঞঃ সুরগণেশ্বরঃ ॥

প্রিয়ব্রতোত্তানপাদৌ মনুপুত্রৌ মহৌজসৌ। তৎপুত্র পৌত্র নপ্তৄণামনুবৃত্তং তদন্তরং ॥ ৭ ॥

দেবহূতিমদাত্তাত কর্দ্দমায়াত্মজাং মনুঃ। তৎসম্বন্ধি শ্রুতপ্রায়ং ভবতা গদতো মম ॥

দক্ষায় ব্রহ্মপুত্রায় প্রসূতিং ভগবান্ মনুঃ। প্রাযচ্ছদ্যৎকৃতঃ সর্গস্ত্রিলোক্যাং বিততোমহান্ ॥ ৮

শ্রীধরস্বামী।

দ্বিষট্ দ্বাদশঃ ॥ ৬ ॥

প্রসঙ্গাৎ স্বায়ম্ভুবমন্বন্তরগতং ষট্কমাহ তুষিতা ইতি দ্বাভ্যাং। মন্বন্তরং মনুর্দেবা মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ। ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্বিধমুচ্যতে ইতি বক্ষ্যতি। তত্র স্বায়ম্ভুবো মনুঃ তুষিতা দেবাঃ মরীচিপ্রমুখাঃ সপ্তর্ষয়ঃ যজ্ঞো হরেরবতারঃ সএব সুরগণেশ্বর ইন্দ্রঃ। প্রিয়ব্রতোত্তানপাদৌ মনুপুত্রৌ পৃথ্বীপালকৌ তদেবং যজ্ঞস্য বৈরূপ্যেণ ষড়্বিধত্বং। তয়োঃ পুত্র পৌত্র নপ্তৄণাং বংশৈরনুবৃত্তং ব্যাপ্তং পালিতং তন্মন্বন্তরং ॥ ৭ ॥

শ্রুতপ্রায়ং বাহুল্যেন শ্রুতং তৎ কন্যাবংশানামনন্তরত্বাৎ পারগ্রহণং ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নপ্তারোঽত্র প্রপৌত্রাদয়ো জ্ঞেয়াঃ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বিষট্ দ্বাদশ ॥ ৬ ॥

প্রসঙ্গান্মন্বন্তরগতং ষট্কমাহ। তুষিতা ইতি দ্বাভ্যাং মন্বন্তরং মনুর্দেবা মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ। ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্বিধমুচ্যত ইতি বক্ষ্যতি। তত্র স্বায়ম্ভুবস্য মন্বন্তরস্য যজ্ঞস্যৈবাবতারত্বেনেন্দ্রত্বেন চ বৈরূপ্যাৎ ষট্কমুক্তং জ্ঞেয়ং ॥

অনুবৃত্তমনুচরিতং তন্মন্বন্তরং তদনন্তরং স্বায়ম্ভুবমন্বন্তরমিত্যর্থঃ ॥ ৭ ॥

তৎ সম্বন্ধি তস্যাঃ পুত্রকন্যাদিকং তৎ কন্যাবংশানামনন্তরত্বাৎ পারগ্রহণং ॥ ৮ ॥

কিছু কাল পরে ঐ কন্যার তাঁহাকেই বিবাহ করিতে অভিলাষ হইল, অতএব ভগবান্ যজ্ঞ তাঁহার পাণি গ্রহণ পূর্ব্বক সন্তুষ্টা সেই পত্নীতে স্বয়ং সন্তোষ প্রাপ্ত হইয়া দ্বাদশটী সন্তান উৎপন্ন করিলেন ॥ ৫

ঐ দ্বাদশ পুত্রের নাম যথা-তোষ, প্রতোষ, সন্তোষ, ভদ্র, শান্তি, ইড়স্পতি, ইধ্ম, কবি, বিভু, স্বাহ্ন, সুদেব এবং রোচন ॥ ৬ ॥

বৎস বিদুর! এই দ্বাদশটীই স্বায়ম্ভুব মনুর মন্বন্তরে তুষিত নামে দেবতা হইয়াছিলেন। বৎস! প্রত্যেক মন্বন্তরে এক এক মনু, দেবতা, মনুপুত্র, ইন্দ্র, সপ্তর্ষি এবং ভগবান্ বিষ্ণুর অংশাবতার এই ছয় হইয়া থাকে, স্বায়ম্ভুব মন্বন্তরীয় এই ছয়ের বিবরণ বলিতেছি শুন। এই মন্বন্তরে স্বায়ম্ভুব নামে মনু, তুষিত নামক দেবতা, মরীচি প্রভৃতি সপ্তর্ষি, ভগবান্ হরির যজ্ঞ নামে অংশাবতার, ইন্দ্র নামে দেবরাজ, প্রিয়ব্রত ও উত্তানপাদ এই দুই মহা ওজস্বী মনুপুত্র অর্থাৎ পৃথ্বীপালক হয়েন এবং তাঁহাদের পুত্র পৌত্রাদির বংশ এই মন্বন্তরে ব্যাপ্ত হয় এবং তাঁহারাই এই মন্বন্তর পালন করেন ॥ ৭ ॥

সে যাহা হউক, এখন প্রকৃত কথা শুন। মনু আপনার অন্য দুই কন্যার মধ্যে দেবহূতিকে ঋষিবর কর্দ্দমের হস্তে সম্প্রদান করেন। বৎস! আমি তাঁহাদের দুই জনের বৃত্তান্ত বর্ণন করিয়াছি তাহাতে তৎ সম্বন্ধীয় প্রায় সকল কথাই তোমার শ্রুত হইয়াছে। মনু আপনার কনিষ্ঠা কন্যা প্রসূতিকে প্রজাপতি দক্ষের সহিত বিবাহ দিয়া ছিলেন। বৎস! ঐ প্রসূতির কৃত সৃষ্টিই এই ত্রিলোকীর মধ্যে সুবিস্তীর্ণ আছে ॥ ৮ ॥

যাঃ কর্দ্দমসুতাঃ প্রোক্তা নব ব্রহ্মর্ষিপত্নয়ঃ। তাসাং প্রসূতিপ্রসবং প্রোচ্যমানং নিবোধ মে ॥ ৯

পত্নী মরীচেস্তু কলা সুষুবে কর্দ্দমাত্মজা। কশ্যপং পূর্ণিমানঞ্চ যয়োরাপূরিতং জগৎ ॥ ১০ ॥

পূর্ণিমাসূত বিরজং বিশ্বগঞ্চ পরন্তপ। দেবকুল্যাং হরেঃ পাদশৌচাদ্যাভূৎসরিদ্দিবঃ ॥ ১১ ॥

অত্রেঃ পত্ন্যনসূয়া ত্রীঞ্জজ্ঞে সুযশসঃ সুতান্। দত্তং দুর্ব্বাসসং সোমমাত্মেশ ব্রহ্ম সম্ভবান্ ॥ ১২ ॥

শ্রীবিদুর উবাচ ॥

অত্রে গৃহে সুরশ্রেষ্ঠাঃ স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ। কিঞ্চিচ্চিকীর্ষবো জাতা এতদাখ্যাহি মে গুরো ॥ ১৩

শ্রীধরস্বামী।

প্রসূতিপ্রসবং পুত্রপৌত্রাদিবিস্তারং ॥ ৯ ॥

যয়োর্বংশেনাপূরিতং ॥ ১০ ॥

কশ্যপবংশং ষষ্ঠে বক্ষ্যতি দ্বিতীয়স্য বংশমাহ পূর্ণিমেতি। দেবকুল্যাং নাম কন্যাঞ্চ হরেঃ পাদক্ষালনাৎ। জন্মান্তরে যা দিবঃ সরিৎ গঙ্গাভূৎ তাং ॥ ১১ ॥

আত্মেশ ব্রহ্ম সম্ভবান্ বিষ্ণুরুদ্র ব্রহ্মণামংশৈঃ সম্ভবান্ ॥ ১২ ॥

কিঞ্চিৎ কিং স্থিৎ কিং কর্ত্তুমিচ্ছব ইতি ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রেরিতি আত্ম শব্দেন বিষ্ণোঃ স্বাতন্ত্র্যমন্যয়োস্তৎ পারতন্ত্র্যঞ্চ দর্শিতং। তদুক্তং। সৃজামি তন্নিযুক্তোহমিত্যাদি। অতএব চ তত্র তত্রাত্ম শব্দেন হরিমেব ব্যাখ্যাতঃ তদেব মতেস্তথা সংকল্পোনাতিজ্ঞানাদেব ভাবীতি বোধিতং। তথৈব শরণ নিত্যাদিক তদৃষ্টৌ মন্ত্রঃ ॥ ১২। ১৩। ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবব্রহ্মর্ষি স্থত্র ব্রহ্মর্ষীতি পাঠদ্বয়ং। প্রসূতিপ্রসবং পুত্রপৌত্রাদি বিস্তারং ॥ ৯ ॥

যয়োর্বংশেন ॥ ১০ ॥

কশ্যপস্য বংশং ষষ্ঠে বক্ষ্যতি। দেবকুল্যাং নাম কন্যাঞ্চ। হরেঃ পাদক্ষালনাৎ সুকৃতাদন্যা দিবঃ সরিদ্গঙ্গা জন্মান্তরেঽভূৎ ॥১১

আত্মা বিষ্ণুস্তদাদ্যংশভূতান্ ॥ ১২ ॥

কিঞ্চিৎ কিং স্থিৎ ॥ ১৩ ॥

এক্ষণে কর্দ্দম প্রজাপতির যে নয়টী কন্যা নয় জন ব্রহ্মর্ষির পত্নী হইয়াছিলেন তাঁহাদের পুত্র পৌত্রাদি বংশ বিস্তার বর্ণন করি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর ॥ ৯ ॥

কর্দ্দম কন্যা কলা যিনি মরীচির পত্নী হয়েন, তাঁহার গর্ব্ভে কশ্যপ ও পূর্ণিমা নামে দুই তনয় উৎপন্ন হয়। তাঁহাদের দুইজনের বংশ দ্বারাই এই জগৎ পরিপূর্ণ হইয়াছে ॥ ১০ ॥

হে শত্রুনাশন বিদুর! ঐ পূর্ণিমার বিরজ এবং বিশ্বগ নামে দুই পুত্র ও দেবকুল্যা নামে এক কন্যা হয়। এই কন্যাই জন্মান্তরে ভগবান্ হরির পাদ প্রক্ষালন পুণ্য বশতঃ স্বর্গনদী অর্থাৎ গঙ্গা হইয়াছিলেন ॥ ১১

অপর অনসূয়া নাম্নী যে কর্দ্দম দুহিতা তিনি মহর্ষি অত্রির পত্নী হয়েন। অত্রির ঔরসে তাঁহার গর্ব্ভে দত্ত, দুর্ব্বাসা এবং সোম নামে তিন মহা যশস্বী সন্তান জন্মে। হে বৎস! বিষ্ণু, রুদ্র এবং ব্রহ্মা এই দেব ত্রয়ের অংশে ঐ তিনটীর উদ্ভব হইয়াছিল ॥ ১২ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! সৃষ্টি স্থিতি প্রলয়ের হেতু স্বরূপ ঐ তিন সুরশ্রেষ্ঠ কি করিবার অভিলাসে অত্রির গৃহে জন্ম গ্রহণ করেন, গুরো! অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক এই বিষয়টী আমার নিকটে বলিতে আজ্ঞা হউক ॥ ১৩ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ব্রহ্মণা চোদিতঃ সৃষ্টাবত্রির্ব্রহ্মবিদাম্বরঃ। সহ পত্ন্যা যযাবৃক্ষং কুলাদ্রিং তপসি স্থিতঃ ॥ ১৪ ॥

তস্মিন্ প্রসূন স্তবক পলাশাশোককাননে। বার্ভিঃ স্রবদ্ভিরুদ্‌ঘুষ্টে নির্ব্বিন্ধ্যায়াঃ সমন্ততঃ।

প্রাণায়ামেন সংযম্য মনো বর্ষশতং মুনিঃ। অতিষ্ঠদেকপাদেন নির্দ্বন্দ্বোঽনিলভোজনঃ ॥

শরণং তং প্রপদ্যেঽহং য এব জগদীশ্বরঃ। প্রজামাত্মসমাং মহ্যং প্রযচ্ছত্বিতি চিন্তয়ন্ ॥ ১৫ ॥

তপ্যমানং ত্রিভুবনং প্রাণায়ামৈধসাগ্নিনা। নির্গতেন মুনের্মূর্দ্ধ্নঃ সমীক্ষ্য প্রভবস্ত্রয়ঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ঋক্ষং নাম কুলাদ্রিং তপসি স্থিতঃ সন্ ॥ ১৪ ॥

তস্মিন্ কুলাদ্রৌ প্রসূনানাং স্তবকা যেষু পলাশাশোকেষু তেষাং কাননে। নির্ব্বিন্ধ্যা নাম নদী তস্যাঃ স্রবদ্ভির্ব্বার্ভিরুদ্‌ঘুষ্টে নাদিতে ॥ ১৫ ॥

প্রাণায়াম এধঃ সন্দীপকো যস্য তেন মুনের্মূর্দ্ধ্নো নির্গতেনাগ্নিনা তপ্যমানং সমীক্ষ্য তদাশ্রম পদং যযুরিত্যন্বয়ঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্মিন্নিতি ত্রিকং প্রাণায়ামেনেত্যাদাবিয়ং সঙ্গতিঃ। পূর্ব্বমুপবিশ্য প্রাণায়ামঃ পশ্চাদুপাসনা বিশেষার্থমেক পাদেনোদ্ধস্থিতিঃ। ক্ত্বা প্রত্যয়স্য পূর্ব্বকালাশ্রয়ত্বাৎ উদ্ধস্থিতাবেব তন্মাত্র চিন্তনং শতৃপ্রত্যয়স্য সমান কালাশ্রয়ত্বাৎ তথাপি তস্যা প্রাকট্যে পুনর্দ্দর্শনেন স্বদেহত্যাগায় সাধারণ প্রাণায়ামঃ তদর্থং পুনরুপবেশ এব জ্ঞেয়ঃ ঔচিত্যাৎ ততস্তস্য বিশ্বস্য চ দাহারম্ভে তেষাং তত্র সহসা প্রাকট্যং তত্শ্চ তে বহিঃ প্রকটা ইতি মনসোব স্ফুরিতে পুনরুত্থানাদিকমিতি ॥ ১৫ ॥

তপ্যমানমিতি যুগ্মকং প্রাণায়ামেনেতি চিৎসুখঃ ॥ ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋক্ষঃ ঋক্ষনামানং ॥ ১৪ ॥

প্রসূনানাং স্তবকা যেষু তেষাং পলাশাশোকানাং কাননে উদ্‌ঘুষ্টে নাদিতে ॥ ১৫ ॥

মুনে মূর্দ্ধ্নঃ সকাশান্নির্গতেনাগ্নিনা তপোময়েন তপ্যমানং বীক্ষ্য প্রাণায়াম এধঃ কাষ্ঠং যস্য তেন। অত্র তিষ্ঠন্নেব প্রাণায়ামাংশ্চ কারেতি জ্ঞেয়ং। প্রাণায়ামেন সংযম্য মনোঽতিষ্ঠদিতি ক্ত্বা প্রত্যয়ো ঋনংকৃত্য পঙক্তি সংনিমীল্য হসতীত্যাদি বত্তুল্যকালএব জ্ঞেয়ঃ ॥ ১৬ ॥ ১৭ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! ভগবান্ ব্রহ্মা ব্রহ্মজ্ঞপ্রবর প্রজাপতি অত্রিকে প্রজা সৃষ্ট্যর্থ আদেশ করিয়াছিলেন, তাহাতে ঐ প্রজাপতি তপস্যান্বিত হইয়া আপনার পত্নী অনসূয়ার সহিত ঋক্ষ নামক কুল পর্ব্বতে গমন করেন ॥ ১৪ ॥

সেই অচলের এক প্রদেশে একটী কানন ছিল, তত্রস্থ পলাশ ও অশোক বৃক্ষ সকলে স্তবকে স্তবকে পুষ্প প্রস্ফুটিত হইয়া থাকিত এবং অদূরবর্ত্তি নির্ব্বিন্ধ্যা নাম্নী নদীর বারি পতনে সেই স্থান সতত নিনাদিত হইত। মুনিবর অত্রি সেই কাননে অধ্যাসীন হইয়া তপস্যায় রত হইলেন। তিনি, প্রাণায়াম দ্বারা মনঃ সংযম করিয়া “যিনি এই জগতের ঈশ্বর, আমি সেই প্রভুর শরণাপন্ন হইলাম, তিনি আমাকে আত্মতুল্য প্রজা প্রদান করুন” এই রূপ চিন্তা করতঃ বর্ষশত যাবৎ এক পদে দণ্ডায়মান হইয়া তপস্যা করিলেন। এই কাল মধ্যে তাঁহার শীতোষ্ণাদি দ্বন্দ্ব জন্য দুঃখ অনুভব হয় নাই এবং তাবৎ কাল কেবল বায়ু মাত্র আহার করিয়া জীবন ধারণ করিতেন ॥ ১৫ ॥

এই প্রকার তপস্যা করিতে করিতে মুনির মস্তক হইতে সহসা অগ্নি নির্গত হইল এবং তাঁহার প্রাণায়াম রূপ ইন্ধন দ্বারা সেই অগ্নি অতিশয় প্রজ্বলিত হইয়া উঠিল। তাহাতে ত্রিভুবন দহ্যমান অবলোকন করিয়া তিন জন প্রভু অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ॥ ১৬ ॥

অপ্সরো মুনি গন্ধর্ব্ব সিদ্ধ বিদ্যাধরোরগৈঃ। বিতায়মান যশস স্তদাশ্রম পদং যযুঃ ॥ ১৭ ॥

তৎ প্রাদুর্ভাবসংযোগ বিদ্যোতিতমনা মুনিঃ। উত্তিষ্ঠন্নেকপাদেন দদৃশে বিবুধর্ষভান্ ॥ ১৮ ॥

প্রণম্য দণ্ডবদ্ভূমাবুপতস্থেঽর্হণাঞ্জলিঃ ॥ ১৯ ॥

বৃষ হংস সুপর্ণস্থান্ স্বৈঃ স্বৈশ্চিহ্নৈশ্চ চিহ্নিতান্। কৃপাবলোকেন হসদ্বদনেনোপলম্ভিতান্ ॥২০

তচ্ছোচিষা প্রতিহতে নিমীল্য মুনিরক্ষিণী। চেতস্তৎ প্রবণং যুঞ্জন্নস্তাবীৎ সংহতাঞ্জলিঃ।

শ্লক্ষ্ণয়া সূক্তয়া বাচা সর্ব্বলোকগরীয়সঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অপ্সরঃ প্রমুখৈ বিতায়মানং বিস্তার্য্যমাণং যশো যেষাং তে ॥ ১৭ ॥

তেষাং প্রাদুর্ভাবঃ প্রাকট্যং তস্য সংযোগঃ সন্নিধিস্তেন বিদ্যোতিতং মনো যস্য। উৎকর্ষেণ তিষ্ঠন্ ॥ ১৮ ॥

অর্হণঃ পুষ্পাদিকমঞ্জলৌ যস্য। উপতস্থে পূজয়ামাস ॥ ১৯ ॥

বৃষাদ্যারূঢ়ান্ স্বৈঃ স্বৈশ্চিহ্নৈস্ত্রিশূল কমণ্ডলু চক্রাদিভিঃ। কৃপয়া অবলোকো যস্মিন্ হসচ্চ তদ্বদনঞ্চ তেন উপলম্ভিতান্ প্রসন্নত্বেন জ্ঞাপিতান্ ॥ ২০ ॥

তেষাং শোচিষা দীপ্ত্যা শ্লক্ষ্ণয়া মধুরয়া সূক্তয়া গম্ভীরার্থয়া ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রণম্যেতি সার্দ্ধকং ॥ ১৯ ॥

বিজৃম্ভিতানিতি চিংসুখঃ ॥ ২০ ॥

তচ্ছোচিষেতি সার্দ্ধকং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেষাং প্রাদুর্ভাবেন হেতুনা যঃ সংযোগো মিলনং তেন বিদ্যোতিতমনা স্তান্ প্রত্যুত্থানার্থং তিষ্ঠন্নেব উৎকর্ষেণ তিষ্ঠন্ ॥ ১৮

অর্হণং পুষ্পাদিকমঞ্জলৌ যস্য সঃ ॥ ১৯ ॥

স্বৈঃ স্বৈশ্চিহ্নৈস্ত্রিশূল কমণ্ডলু চক্রাদিভিস্তদপি কৃপাবলোকেনৈব উপলম্ভিতান্। এতে ঈশ্বরা এবৈতাদৃশ কৃপাবলোকান্যথানুপপত্তেরিতি জ্ঞাপিতান্। কীদৃশেন হসৎ প্রসীদদ্বদনং যত্তেন ॥ ২০ ॥

শ্লক্ষ্ণয়া মধুরয়া ॥ ২১ ॥

তৎক্ষণাৎ তাঁহার আশ্রম পদে গমন করিলেন। অপ্সরা, মুনি, গন্ধর্ব্ব, সিদ্ধ, বিদ্যাধর এবং উরগ গণ এতদ্দর্শনে তাঁহাদের যশঃ গান করিয়া তাহা সর্ব্বত্র বিস্তীর্ণ করিতে লাগিলেন ॥ ১৭ ॥

সে যাহা হউক, ঐ তিন জন প্রভুর প্রাদুর্ভাব হইবামাত্র মহর্ষির মনঃ প্রফুল্ল হইয়া উঠিল। তিনি পূর্ব্ববৎ এক পদেই প্রকৃষ্ট রূপে অবস্থিতি করিয়া ঐ দেবশ্রেষ্ঠদিগকে দর্শন করিতে লাগিলেন ॥ ১৮ ॥

অনন্তর ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিয়া অঞ্জলি দ্বারা পুষ্পাদি গ্রহণ পূর্ব্বক তাঁহাদের পূজা করিলেন ॥ ১৯ ॥

তাঁহারা বৃষ হংস এবং গরুড়োপরি আরূঢ় ছিলেন এবং স্ব স্ব চিহ্ন অর্থাৎ ত্রিশূল, কমণ্ডলু ও চক্রাদিতে চিহ্নিত হইয়াছিলেন। আর তাঁহাদের বদনে কৃপাবলোকন ও হাস্য দেদীপ্যমান হইতেছিল, তাহাতে বোধ হইল যেন প্রসন্ন হইয়া আসিয়াছেন ॥ ২০ ॥

যাহা হউক, মহর্ষি অত্রি তাঁহাদের জ্যোতির্দ্বারা প্রতিহত স্বীয় নেত্রদ্বয় নিমীলন পূর্ব্বক আপনার চিত্ত যাহা তাঁহাদের প্রতিই আসক্ত হইয়াছিল, তাহাকে সেই সর্ব্বশ্রেষ্ঠ দেবত্রয়ের প্রতিই যোগ করিয়া মধুর অথচ গম্ভীরার্থ বচন দ্বারা স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২১ ॥

শ্রীঅত্রিরুবাচ ॥

বিশ্বোদ্ভব স্থিতিলয়েষু বিভজ্যমানৈ র্মায়াগুণৈরনুযুগং বিগৃহীতদেহাঃ।
তে ব্রহ্ম বিষ্ণু গিরিশাঃ প্রণতোস্ম্যহং বস্তেভ্যঃ ক এব ভবতাং ম ইহোপহূতঃ ॥ ২২ ॥
একো ময়েহ ভগবান্ বিবুধপ্রধানশ্চিত্তীকৃতঃ প্রজননায় কথং নু যূয়ং।
অত্রাগতা স্তনুভৃতাং মনসোঽপি দূরা ব্রূত প্রসীদত মহানিহ বিস্ময়ো মে ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি তস্য বচঃ শ্রুত্বা ত্রয়স্তে বিবুধর্ষভাঃ। প্রত্যাহুঃ শ্লক্ষ্ণয়া বাচা প্রহস্য তমৃষিং প্রভো ॥ ২৩

শ্রীধরস্বামী।

অনুযুগং কল্পে কল্পে বিভজ্য গৃহীতো দেহো যৈঃ তে প্রসিদ্ধা ব্রহ্ম বিষ্ণু গিরিশা যূয়ং বো যুষ্মান্ প্রণতোস্মি। তেভ্যঃ সকাশাদেক এব মে ময়া উপহূতঃ। শরণং তং প্রপদ্যে ইত্যেকস্যৈব নির্দ্দিষ্টত্বাৎ সচ যুষ্মাসু ক ইতি যুষ্মাভিরেব কথ্যতামিত্যর্থঃ ॥২২
অস্য প্রপঞ্চ এক ইতি বিবিধৈঃ প্রধানৈরুপচারৈঃ বিবুধপ্রধান ইতি বা পাঠঃ। প্রজননায় পুত্রোৎপত্ত্যৈ চিত্তীকৃতঃ চিত্তেনৈক্যং নীতঃ মনসোপি দূরা অগোচরাঃ সন্তঃ কথং নু ত্রয়োপ্যত্রাগতাঃ ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিশ্বেতি। অত্রচ শ্রীবিষ্ণোরপি মায়াগুণগৃহীতদেহত্বং নাতি জ্ঞানাদেব কল্পিতং। তথৈবাহ। যোমে ময়া উপহূতঃ স তেভ্যঃ পৃথক্ পৃথক্ তত্তচ্ছক্তি বিগ্রহাদি বিভাগেভ্যো হেতুভ্যঃ ভবতাং মধ্যে ক এব স্যাৎ। ইতরদ্বয় নিরাসেন কো ভবেৎ। তস্যাবিভক্তত্বান্ন কোপীতি সংভাবয়ামীত্যর্থঃ ॥ ২২ ॥
নচ ত্রয়োপি যূয়মুপাসিতাঃ যত এক ইতি। ময়া তু তত্তচ্ছক্তিত্বেনৈকএব চিত্তীকৃতঃ। ততঃ স এব চিত্তস্থঃ সন্ মদিষ্টং সংপাদয়েৎ কথং নু যূয়মেতাবতা প্রয়াসেনাত্রাগতাঃ অতো মহানেব সঙ্কোচোবা মম জাত ইতি ভাবঃ। তথৈবাহ। মনসোপীতি। প্রধানৈরিতি সম্বন্ধোক্তি পাঠান্তরং। তদজ্ঞানং দৃষ্টৈব প্রহস্য ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুযুগং প্রতিকল্পং বিভজ্যমানৈ র্মায়াগুণৈর্গৈ বিশ্বস্য উদ্ভবাদয়স্তেষু প্রবৃত্তাস্তে প্রসিদ্ধা এব ব্রহ্মাদয়োযূয়ং বিগৃহীতদেহা ভবথেতি জানামীতি ভাবঃ। যদ্বা মায়াগুণৈরেব বিগৃহীতদেহা ইতি বিষ্ণোরপি প্রাকৃত সত্ত্বময় দেহত্বং ঈশ্বরত্বস্যৈব নির্দ্ধারণ সামর্থ্যেন ভগবত্তত্ত্ব জ্ঞানাভাবাদেব তেনোক্তমিতি জ্ঞেয়ং। তেভ্যো বোযুষ্মভ্যং প্রণতোস্মি প্রণতিং দদদস্মীতি কৃপয়া মৎ সন্দেহ উচ্ছিদ্যতামিতি ভাবঃ। ভবতাং মধ্যে ময়া ইহ মদভীষ্ট সাধনে ক উপহূতঃ শরণং তং প্রপদ্য ইত্যেকস্যৈব নির্দ্দিষ্টত্বাৎ সচ জগদীশ্বরো ভবতাং মধ্যে ক ইতি ভবদ্ভিরেব কৃপয়া কথ্যতামিতি ভাবঃ ॥ ২২ ॥
তূষ্ণীং স্থিতাং স্তান্ পুনস্পষ্টীকৃত্যাহ। এক এব ময়া বিবিধৈঃ প্রধানৈরুপচারৈঃ বিবুধপ্রধান ইতি বা পাঠঃ। প্রজননায় পুত্রোৎপত্ত্যৈ চিত্তীকৃতঃ চিত্তস্থীকৃতঃ যূয়ং ত্রয়ঃ কথমত্রাগতাঃ ॥ ২৩ ॥

অত্রি কহিলেন হে সুরোত্তম ত্রয়! আপনারা প্রতিকল্পে এই বিশ্বের সৃষ্টি স্থিতি লয় নিমিত্ত মায়ার গুণ বিভাগ পূর্ব্বক দেহ ধারণ করেন, আপনারা সেই প্রসিদ্ধ ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, আমি আপনাদিগকে প্রণাম করি, কিন্তু আমি আপনাদের তিন জনের মধ্যে এককে এখানে আহ্বান করিতেছিলাম সেই একজন আপনাদের মধ্যে কে? আপনারাই বলুন ॥ ২২ ॥

কি আশ্চর্য্য! আমি পুত্রোৎপত্তি নিমিত্ত একটী দেবশ্রেষ্ঠ ভগবানকে চিত্তের মধ্যে চিন্তা করিতেছিলাম আপনারা দেহধারিদিগের মনেরও অগোচর হইয়া কি প্রকারে তিন জনেই আসিয়া উপস্থিত হইলেন। হে দেবশ্রেষ্ঠ সকল! আপনারা প্রসন্ন হইয়া এ বিষয় বলিতে আজ্ঞা হউক, আমার অতিশয় বিস্ময় জন্মিয়াছে। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! সেই বিবুধ প্রবর দেবত্রয় মহর্ষি অত্রির এই বচন শ্রবণ করিয়া হাস্য মুখে সুমধুর বচনে ঋষিকে সম্বোধন পূর্ব্বক কহিলেন ॥ ২৩ ॥

শ্রীদেবদেবা উচুঃ ॥

যথা কৃতস্তে সংকল্পো ভাব্যং তেনৈব নান্যথা। সৎ সঙ্কল্পস্য তে ব্রহ্মন্ যদ্বৈ ধ্যায়তি তে বয়ং ॥২৪
অথাস্মদংশভূতাস্তে আত্মজা লোকবিশ্রুতাঃ। ভবিতারোঽঙ্গ ভদ্রন্তে বিস্রপ্স্যন্তি চ তে যশঃ ॥২৫
এবং কামবরং দত্ত্বা প্রতিজগ্মুঃ সুরেশ্বরাঃ। সভাজিতা স্তয়োঃ সম্যগ্দম্পত্যো র্মিষতোস্ততঃ ॥ ২৬

শ্রীধরস্বামী

তে ত্বয়া যথাকৃতঃ সংকল্পঃ তেন তথৈব ভাব্যং নান্যথা। যতঃ সৎসঙ্কল্পস্য তে সংকল্পঃ। তর্হি কথমেকস্মিন্ ধ্যায়মানে ত্রয়ঃ প্রতীতাঃ স্থ তত্রাহুঃ যদেকং জগদীশ্বরাখ্যং তত্ত্বং ভবান্ ধ্যায়তি ত এতে বয়ং ত্রয়োপি তদেব একং তত্ত্বং নাস্মাকং ভেদোঽস্তীত্যর্থঃ ॥ ২৪ ॥
বিস্রপ্স্যন্তি বিস্তারয়িষ্যন্তি অন্তর্ভূত ণিজর্থস্য সৃপ৯গতাবিত্যস্য রূপং ॥ ২৫ ॥
তাভ্যাং সম্যক্ সভাজিতাঃ সন্তঃ ততঃ স্থানাৎ প্রতিজগ্মুঃ ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

উত্তরমাহুর্যথেতি। অয়ং ভাবঃ। ভবতা যএব জগদীশ্বর ইতি পূর্ব্বষড়গুণৈশ্বর্য্যো ভগবান্ তাবন্নিবক্ষিতঃ। নচ মহৎ স্রষ্টৃত্বাদি বিশ্বশক্তিকঃ পুরুষঃ বিসর্গাদ্যংশমাত্রসিদ্ধিকামনয়া তাবন্মাত্রোপাধিতয়োপাসনাপ্রবৃত্তেঃ। যদি চ তত্তদুপাসনামকরিষ্যস্তদা তত্তদ্রূপঃ স সএবাবিরভবিষ্যৎ এবং বিশ্বেত্যাদিপদোপুস্তবাদি শব্দা বিসর্গ গত তন্মাত্র পরা এব। অতো জগদীশ্বর শব্দেনাপি বিসর্গাদি মাত্র শক্তিকো বিবক্ষিতঃ সচৈকত্বেনোপাসিতোপি স্রজামি তন্নিযুক্তোঽহমিত্যাদিন্যায়েন সর্ব্ব তত্তচ্ছক্ত্যাশ্রয়ত্বাৎ শ্রীবিষ্ণুত্বেন প্রাপ্তাপি তদ্রূপতয়া ন বিবক্ষিতঃ তদ্বিগ্রহাদিনিষ্ঠত্বাভাবাৎ অথ ত্রয়াণামভেদোপি ন বিবক্ষিতঃ তেষাং ক এবেত্যাদিবিরোধাৎ। কিন্তু সামান্যতয়ৈব বিবক্ষিতঃ সামান্যঞ্চ বিশেষান্ বিনা নোপলভ্যতে ইত্যত স্ত্রয়াণামপ্যাবির্ভাবোযোগ্য এবেতি তথৈবাহুঃ যদ্বৈ ইতি ॥২৪
ফলঞ্চ তথৈব ভবেদিত্যাহুঃ অথেতি অতো হেতোঃ অস্মাকমংশো নশক্তিবিশেষেণ ভূতাঃ প্রাপ্তাঃ আবিষ্টা ইত্যর্থঃ ॥ ২৫ ॥ ২৬ ॥ ॥ ২৭ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যৎ যং জগদীশ্বরং ভবান্ ধ্যায়তি তে জগদীশ্বরা বয়ং সৎ সঙ্কল্পস্য তবাভীষ্ট প্রদাতারোভবামেত্যর্থঃ। অয়ং ভাবঃ জগদীশ্বর তুল্য একঃ পুত্রো মে ভূয়াদিতি সংকল্পে কতমো জগদীশ্বরঃ স্যাদিতি সন্দেহেন ত্রয়এব বয়ং ধ্যাতাঃ পুনশ্চ ধ্যাতেষু ত্রিষু মধ্যে জগদীশ্বর এক আয়াত্বিতি পুনরেকস্যাচিন্তিতস্বীকৃতত্বেপি ত্রয়াণামেবাস্মাকং জগৎস্রষ্টৃত্বৈশ্বর্য্যাত্রয় এবাগতাঃ অস্মাকং ত্রিত্বেপ্যৈক্যাত্ত্বয়মেক এব নাপি ত্বয়া য এব পরমেশ্বর ইতি পরমেশ্বর শব্দঃ প্রযুক্তোঽত ইন্দ্রশত্রো বিবর্দ্ধস্বেত্যাদৌ সঙ্কল্পাদপি সাধনস্য প্রাবল্য দর্শনাৎ সাধনানুরূপং সঙ্কল্পানুরূপঞ্চ তব ফলং ভবিষ্যতীতি ॥ ২৪ ॥
অথেতি বিষ্ণোঃ পরমেশ্বরত্ব খ্যাপনার্থং বিষ্ণ্বংশোদত্ত এবাবতারো ভূন্নেতরৌ বিস্রপ্স্যন্তি বিস্তারয়িষ্যন্তি অন্তর্ভূত ণিজর্থস্য সৃপ৯গতাবিত্যস্য রূপং ॥ ২৫ ॥
সভাজিতাঃ পূজিতাঃ মিষতোঃ পশ্যতোঃ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥

হে ব্রহ্মন্! তুমি যে প্রকার সংকল্প করিয়াছ তাহা সেই প্রকারই হইবে, অন্যথা হইবে না। যে হেতু তোমার সঙ্কল্প অতি উত্তম, যদি বল এক জনের ধ্যান করিতেছিলাম তিনজনে আসিয়া উপস্থিত হইলে ইহাতে আমার সঙ্কল্প কিরূপে ভাল হইল? তাহার উত্তর এই, তুমি যে এক জগদীশ্বরাখ্য তত্ত্বের ধ্যান করিতেছিলে আমরা এই তিন জনেই সেই এক তত্ত্ব, আমাদের পরস্পর ভেদ নাই ॥ ২৪
হে মুনে! তোমার মঙ্গল হউক, আমাদের তিন জনের অংশে তোমার তিন পুত্র উৎপন্ন হইবে। সেই তনয়গণ লোক মধ্যে বিখ্যাত হইয়া তোমার যশঃ বিস্তার করিবেন ॥ ২৫ ॥
হে কুরুশ্রেষ্ঠ বিদুর! সেই তিন সুরেশ্বর এই রূপে মহর্ষি অত্রিকে অভিলষিত বর প্রদান করিয়া

সোমোঽভূদ্ ব্রহ্মণোঽংশেন দত্তোবিষ্ণোস্তু যোগবিৎ। দুর্ব্বাসাঃ শঙ্করস্যাংশো নিবোধাঙ্গিরসঃ প্রজাঃ ॥২৭

শ্রদ্ধাত্বঙ্গিরসঃ পত্নী চতস্রোঽসূত কন্যকাঃ। সিনীবালী কুহূ রাকা চতুর্থ্যনুমতিস্তথা।

তৎপুত্রাবপরাবাস্তাং খ্যাতৌ স্বারোচিষেঽন্তরে। উতথ্যো ভগবান্ সাক্ষাদ্ব্রহ্মিষ্ঠশ্চ বৃহস্পতিঃ ॥২৮

পুলস্ত্যোঽজনয়ৎ পত্ন্যামগস্ত্যঞ্চ হবির্ভুবি। সোঽন্য জন্মনি দহ্রাগ্নি র্বিশ্রবাশ্চ মহাতপাঃ ॥ ২৯ ॥

তস্য যক্ষপতির্দ্দেবঃ কুবেরস্ত্বিলবিলাসুতঃ। রাবণঃ কুম্ভকর্ণশ্চ তথান্যস্যাং বিভীষণঃ।

পুলহস্য গতির্ভার্য্যা ত্রীনসূত সতী সুতান্। কর্ম্মশ্রেষ্ঠং বরীয়াংসং সহিষ্ণুঞ্চ মহামতে ॥ ৩০ ॥

ক্রতোরপি ক্রিয়া ভার্য্যা বালিখিল্যানসূয়ত। ঋষীন্ ষষ্টিসহস্রাণি জ্বলতো ব্রহ্মতেজসা ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

নিবোধ বুধ্যস্ব ॥ ২৭ ॥

তাঃ কন্যা নির্দ্দিশতি সিনীবালীতি ॥ ২৮ ॥

পুলস্ত্যশ্চ হবির্ভুবি পত্ন্যামিত্যন্বয়ঃ। সোঽগস্ত্যঃ দহ্রাগ্নি র্জঠরাগ্নিঃ বিশ্রবাশ্চ পুলস্ত্যস্য সুত ইতি শেষঃ ॥ ২৯ ॥

তস্য বিশ্রবসঃ ইলবিলায়াং জাতঃ কুবেরঃ সুতঃ অন্যস্যাং ভার্য্যায়াং কেশিন্যাং রাবণাদয়স্ত্রয়ঃ সুতাঃ ॥ ৩০ ॥

জ্বলতঃ প্রকাশমানান্ ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

দহ্রাগ্নিরিতি সম্বন্ধোক্তিঃ দেহাগ্নিরিতি চিৎসুখঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

তেজস ইতি চিৎসুখঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হবির্ভুবি পত্ন্যাং সোঽগস্ত্যঃ দহ্রাগ্নির্জাঠরঃ হৃদয়াগ্নিঃ বিশ্রবাশ্চ পুলস্ত্যস্য পুত্র ইতি শেষঃ ॥ ২৯ ॥

তস্য বিশ্রবসঃ ইড়বিড়ায়াং জাতঃ সুতঃ কুবেরঃ। অন্যস্যাং কেশিন্যাং ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥

তাঁহাদের স্ত্রী পুরুষের কৃত যথাবিধি পূজা গ্রহণ পূর্ব্বক তাঁহাদের সমক্ষেই সে স্থান হইতে প্রতিগমন করিলেন ॥ ২৬ ॥

অনন্তর মহর্ষি অত্রির পত্নীর গর্ব্ভে ব্রহ্মার অংশে সোম, বিষ্ণুর অংশে যোগবিৎ দত্ত এবং রুদ্রের অংশে দুর্ব্বাসা উৎপন্ন হইলেন। বৎস! এক্ষণে প্রজাপতি অঙ্গিরার বংশ বর্ণন করি শ্রবণ কর ॥ ২৭ ॥

অঙ্গিরার পত্নী শ্রদ্ধা চারিটী কন্যা প্রসব করেন, যথা সিনীবালী, কুহূ, রাকা এবং চতুর্থী অনুমতি, এই কন্যা চতুষ্টয় ব্যতীত তাঁহার অপর দুই পুত্রও উৎপন্ন হইয়াছিল। তাঁহারা স্বারোচিষ মন্বন্তরে বিখ্যাত হইয়াছিলেন। তাঁহাদের মধ্যে একের নাম উতথ্য তিনি সাক্ষাৎ ভগবানের অবতার, দ্বিতীয়ের নাম বৃহস্পতি, তিনি পরম ব্রহ্মনিষ্ঠ ছিলেন ॥ ২৮ ॥

হে বিদুর! ঋষিবর পুলস্ত্য আপনার হবির্ভূ নাম্নী পত্নীর গর্ব্ভে অগস্ত্যকে উৎপন্ন করেন। ঐ অগস্ত্যই অন্য জন্মে জঠরাগ্নি স্বরূপে প্রাদুর্ভূত হইয়াছিলেন। বৎস! প্রজাপতি পুলস্ত্যের ঐ অগস্ত্য ব্যতীত আরও এক পুত্র হইয়াছিল তাঁহার নাম বিশ্রবস্, তিনি অতিশয় তপস্বী ছিলেন ॥ ২৯ ॥

সেই বিশ্রবসের ইলবিলা নাম্নী পত্নীর গর্ব্ভে যক্ষপতি কুবের জন্ম গ্রহণ করেন এবং অন্য স্ত্রীতে অর্থাৎ কেশিনীতে রাবণ, কুম্ভকর্ণ তথা বিভীষণ উৎপন্ন হয়। হে মহামতি বিদুর! পুলহের ভার্য্যা গতি, তিনি তিনটী পুত্র প্রসব করেন, তাহাদের নাম কর্ম্মশ্রেষ্ঠ, বরীয়স্ এবং সহিষ্ণু ॥ ৩০ ॥

অপর প্রজাপতি ক্রতুর পত্নী ক্রিয়া, তিনি বালিখিল্য নামে ষষ্টি সহস্র পুত্র প্রসব করেন, সেই ষষ্টি সহস্র ঋষি ব্রহ্মতেজঃ দ্বারা সর্ব্বদাই প্রকাশমান থাকিতেন ॥ ৩১ ॥

ঊর্জায়াং জজ্ঞিরে পুত্রা বশিষ্ঠস্য পরন্তপ । চিত্রকেতু প্রধানাস্তে সপ্ত সপ্তর্ষয়োঽমলাঃ ॥ ৩২ ॥
চিত্রকেতুঃ সুরোচিশ্চ বিরজা মিত্র এবচ । উল্বনো বসুভৃদযানো দ্যুমান্ শক্ত্যাদয়োঽপরে ॥ ৩৩
চিত্তিস্ত্বথর্ব্বণঃ পত্নী লেভে পুত্রং ধৃতব্রতং । দধ্যঞ্চমশ্বশিরসং ভৃগোর্বংশং নিবোধ মে ॥ ৩৪ ॥
ভৃগুঃ খ্যাত্যাং মহাভাগঃ পত্ন্যাং পুত্রানজীজনৎ । ধাতারঞ্চ বিধাতারং শ্রিয়ঞ্চ ভগবৎপরাং ॥ ৩৫
আয়তিং নিয়তিঞ্চৈব সুতে মেরুস্তয়োরদাৎ । তাভ্যাং তয়োরভবতাং মৃকণ্ডঃ প্রাণ এবচ ॥ ৩৬॥
মার্কণ্ডেয়ো মৃকণ্ডস্য প্রাণাদ্বেদশিরা মুনিঃ । কবিশ্চ ভার্গবোযস্য ভগবানুশনা সুতঃ ॥
সর্ব্বে তে মুনয়ঃ ক্ষত্তর্লোকান্ সর্গৈরভাবয়ন্ । এষ কর্দ্দমদৌহিত্রসন্তানঃ কথিতস্তব ॥

শ্রীধরস্বামী ।

চিত্রকেতু প্রমুখা জজ্ঞিরে তেচ সপ্তর্ষয়োজাতাঃ ॥ ৩২ ॥
তানেবাহ চিত্রকেতুরিতি বসুভৃদ্যানো নামৈকঃ শক্ত্যাদয়োঽপরে ঽন্যস্যাঃ পুত্রাঃ ॥ ৩৩ ॥
অথর্ব্বণো বংশমাহ চিত্তিস্ত্বিতি । ধৃতব্রতং তপোনিষ্ঠং দধ্যঞ্চং দধীচিং ॥ ৩৪ ॥
খ্যাত্যাং পত্ন্যাং পুত্রান্ পুত্রৌ পুত্রীঞ্চ তানেবাহ ধাতারমিত্যাদি ॥ ৩৫ ॥
তয়োর্ধাতৃ বিধাত্রোঃ ॥ ৩৬ ॥
কবিশ্চ ভার্গবঃ ভৃগোঃ পুত্রঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

সপ্ত ব্রহ্মর্ষয় ইতি পাঠশ্চিৎসুখমতঃ সপ্তর্ষয় ইতি কচিৎ । টীকাকৃদ্ভয়থা লগতি ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥
এষ কর্দ্দমেতি । এতাস্তদ্দুহিতরঃ স্ব স্ব নাম নিরুক্তসাত্বিক শক্তীনামধিষ্ঠাত্র্যঃ । তৎপুত্রাশ্চ তদনুরূপাঃ এবং দক্ষদুহিতরশ্চ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

শক্ত্যাদয়োঽপরেঽন্যস্যাঃ পুত্রাঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥
পুত্রৌচ পুত্রীচ পুত্রাস্তান্ পুত্রান্ ॥ ৩৫ ॥
তয়ো তাভ্যাং ধাতৃবিধাতৃভ্যাং ॥ ৩৬ ॥
কবিশ্চ ভার্গবো ভৃগোঃ পুত্রঃ ॥

হে শত্রুনাশন বিদুর ! বশিষ্ঠের ভার্য্যা ঊর্জা, তিনি সাতটী সন্তান প্রসব করেন, তাঁহারাই সপ্তর্ষি ॥ ৩২

তাঁহাদের নাম যথা চিত্রকেতু, সুরোচিঃ, বিরজাঃ, মিত্র, উল্বন, বসুভৃদযান্ এবং দ্যুমান্ । বশিষ্ঠের এতদ্ব্যতীত অন্য যে এক পত্নী ছিল তাঁহার গর্ব্ভে শক্তি ইত্যাদি অন্যান্য পুত্র উৎপন্ন হইয়াছিল ॥ ৩৩

অপর অথর্ব্বন্ ঋষির ভার্য্যা চিত্তি, তাঁহার গর্ব্ভে দধ্যচ্ অর্থাৎ দধীচি নামে এক পুত্র হয়, তাঁহার অন্য এক নাম অশ্বশিরা, তিনি তপোনিষ্ঠ ছিলেন । বৎস ! অতঃপর ভৃগুর বংশ বলি শ্রবণ কর ॥ ৩৪

মহাভাগ ভৃগু আপনার পত্নী খ্যাতির গর্ব্ভে ধাতা ও বিধাতা নামে দুই পুত্র এবং শ্রীনাম্নী একটী কন্যা উৎপাদন করেন, ঐ কন্যা ভগবান্ বিষ্ণুকে পতিরূপে বরণ করিয়াছিলেন ॥ ৩৫ ॥

অপর ধাতা বিধাতাকে মেরু আপনার আয়তি ও নিয়তি নামে দুইটী কন্যা সম্প্রদান করেন, ঐ দুই কন্যার গর্ব্ভে ঐ ধাতা বিধাতা হইতে মৃকণ্ড এবং প্রাণ নামে দুই পুত্র উৎপন্ন হয়েন ॥ ৩৬ ॥

ঐ মৃকণ্ডের পুত্র মার্কণ্ডেয় এবং প্রাণের সন্তান বেদশিরা, বৎস বিদুর ! উক্ত ভৃগুর কবি নামে অন্য এক সন্তান হয়, তাঁহার পুত্র ভগবান্ উশনা । ঐ সকল তনয় সৃষ্টি কার্য্যে প্রবৃত্ত হইয়া এই সমস্ত লোক প্রকাশ করিয়াছেন । বিদুর ! এই ত প্রজাপতি কর্দ্দমের দৌহিত্র বংশ তোমার নিকট কীর্ত্তন

শৃণ্বতঃ শ্রদ্দধানস্য সদ্যঃ পাপহরঃ পরঃ ॥ ৩৭ ॥
প্রসূতিং মানবীং দক্ষ উপযেমে হ্যজাত্মজঃ। তস্যাং সসর্জ্জ দুহিতৄঃ ষোড়শামললোচনাঃ ॥ ৩৮ ॥
ত্রয়োদশাদাদ্ধর্ম্মায় তথৈকামগ্নয়ে বিভুঃ। পিতৃভ্য একাং যুক্তেভ্যো ভবায়ৈকাং ভবচ্ছিদে।
শ্রদ্ধা মৈত্রী দয়া শান্তি স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্রিয়োন্নতিঃ। বুদ্ধির্মেধা তিতিক্ষা হ্রী র্মূর্ত্তি র্ধর্ম্মস্য পত্ন্যয়ঃ ॥
শ্রদ্ধাহসূত ঋতং মৈত্রী প্রসাদমভয়ং দয়া। শান্তিঃ সুখং মুদং তুষ্টিঃ স্ময়ং পুষ্টিরসূয়ত।
যোগং ক্রিয়োন্নতির্দর্পমর্থং বুদ্ধিরসূয়ত। মেধা স্মৃতিং তিতিক্ষা তু ক্ষেমং হ্রীঃ প্রশ্রয়ং সুতং ॥ ৩৯
মূর্ত্তিঃ সর্ব্বগুণোৎপত্তি র্নরনারায়ণাবৃষী। যয়োর্জন্মন্যদো বিশ্বমভ্যনন্দৎ সুনির্বৃতং ॥

শ্রীধরস্বামী।

অজাত্মজঃ ব্রহ্মপুত্রঃ ॥ ৩৮ ॥
যুক্তেভ্যঃ সংযতেভ্যঃ সংমিলিতেভ্যো বা ॥ ৩৯ ॥
সর্ব্বেষাং গুণানাং উৎপত্তির্যস্যাঃ সা ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞেয়া ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥
শ্রদ্ধামিত্যত্র ঋতমিতি কচিৎ। এষ চিৎসুখমতঃ ॥
যোগমিতি সার্দ্ধকং। মূর্ত্তিরিতি সর্ব্বগুণস্য ভগবত উৎপত্তিঃ প্রকাশো যস্যাঃ সা। অস্য স্থাপনাৎ। সা তাবদ্ধতেতি পূর্ব্বে নৈবান্বয়ঃ ভগবদাখ্যায়াঃ সচ্চিদানন্দমূর্ত্তেঃ প্রকাশ হেতুত্বান্মূর্ত্তিরিত্যর্থঃ ॥
যয়োরিতি ত্রিকং ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকান্ নানাবিধ জনান্ উদপাদয়ন্তঃ ॥ ৩৭ ॥ ৩৮ ॥
যুক্তেভ্যোমিলিতেভ্যঃ ॥
শ্রদ্ধাদ্যাঃ স্ব স্ব নামনিরুক্ত্যা সাত্ত্বিকশক্তীনামধিষ্ঠাত্র্যঃ। তদ্বংশাশ্চ তদনুরূপাঃ ॥
স্ময়ং ধর্ম্মেষূৎসাহং ॥
দর্পং তয়োর্যোগাদিষু সামর্থ্যপ্রখ্যাপনং। অন্তৌ স্ময়দর্পাবধর্ম্মবংশৌ জ্ঞেয়ৌ ॥ ৩৯ ॥
সর্ব্বগুণস্য নিখিলকল্যাণগুণার্ণবস্য ভগবত উৎপত্তির্যতঃ সেতি শুদ্ধসত্ব স্বরূপা ভগবৎ প্রকাশিকা শক্তিরিয়ং জ্ঞেয়া ॥ ৪০ ॥ ৪১ ॥

করিলাম। বৎস! ইহা শ্রদ্ধান্বিত হইয়া শ্রবণ করিলে সদ্যই পাপ ক্ষয় করে ॥ ৩৭ ॥

বিদুর। ব্রহ্মপুত্র দক্ষ যিনি মনুকন্যা প্রসূতির পাণি গ্রহণ করিয়াছেন। তাঁহার ঔরসে ঐ প্রসূতির গর্ভে ষোলটী তনয়া উৎপন্ন হয়, তাহাদের সকলের লোচন অতিশয় নির্ম্মল ছিল ॥ ৩৮॥

প্রজাপতি দক্ষ ঐ ষোলটী কন্যার মধ্যে তেরটী ধর্ম্মকে, একটী অগ্নিকে, একটী মিলিত পিতৃগণকে এবং অন্য একটী ভবনাশন ভবকে সম্প্রদান করেন। ঐ সকল কন্যার নাম বলি শ্রবণ কর। শ্রদ্ধা, মৈত্রী, দয়া, শান্তি, তুষ্টি, পুষ্টি, ক্রিয়া, উন্নতি, বুদ্ধি, মেধা, তিতিক্ষা, হ্রী, মূর্ত্তি এই ত্রয়োদশটী ধর্ম্মের পত্নী, ইহাদের মধ্যে শ্রদ্ধা সত্যকে, মৈত্রী প্রসাদকে, দয়া অভয়কে, শান্তি শমকে, তুষ্টি হর্ষকে, পুষ্টি গর্ব্বকে, ক্রিয়া যোগকে, উন্নতি দর্পকে, বুদ্ধি অর্থকে, মেধা স্মৃতিকে, তিতিক্ষা ক্ষেমকে, হ্রী প্রশ্রয় অর্থাৎ বিনয়কে প্রসব করেন ॥ ৩৯ ॥

আর মূর্ত্তি যাহাতে সর্ব্ব গুণের উৎপত্তি হয় তিনি নর নারায়ণ নামে দুইটী ঋষি প্রসব করেন। বৎস বিদুর! ঐ দুই ঋষির জন্ম সময়ে এই চরাচর বিশ্বের সুমহৎ স্বাস্থ্য ও পরম আনন্দ জন্মিয়াছিল·

মনাংসি ককুভো বাতাঃ প্রসেদুঃ সরিতোঽদ্রয়ঃ। দিব্যবাদ্যন্ত তূর্য্যাণি পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ।
মুনয় স্তুষ্টুবু স্তুষ্টা জগুর্গন্ধর্ব্ব কিন্নরাঃ। নৃত্যন্তিস্ম স্ত্রিয়োদেব্য আসীৎ পরমমঙ্গলং ॥ ৪০ ॥
দেবা ব্রহ্মাদয়ঃ সর্ব্ব উপতস্থুরভিষ্টবৈঃ ॥ ৪১ ॥
যো মায়য়া বিরচিতং নিজয়াত্মনীদং খে রূপভেদমিব তৎপ্রতিচক্ষণায়।
এতেন ধর্ম্ম সদনে ঋষিমূর্ত্তিনাদ্য প্রাদুশ্চকার পুরুষায় নমঃ পরস্মৈ ॥ ৪২ ॥
সোঽয়ং স্থিতিব্যতিকরোপশমায় সৃষ্টান্ সত্ত্বেন নঃ সুরগণানমুমেয়তত্ত্বঃ।

শ্রীধরস্বামী।

উপতস্থুর্ব্বেজুঃ ॥ ৪১ ॥

নিজমায়য়া যস্মিন্নাত্মনি খে গগনে রূপভেদং গন্ধর্ব্বনগরমিবেদং বিশ্বং বিরচিতং তস্যাত্মনঃ প্রতিচক্ষণায় প্রকাশনায় আত্মানং যোঽদ্য প্রাদুশ্চকার প্রকটিতবান্ তস্মৈ পুরুষায় নমঃ কেন রূপেণ প্রাদুশ্চকার ঋষে মূর্ত্তি রাকারো যস্মিন্ তেনৈতেন রূপেণ ॥ ৪২ ॥

সোঽয়ং নোঽস্মান্ সুরগণান্ অনল্প করুণাযুক্তেন বিলোকনেন বিশিষ্টনেত্রেণ দৃশ্যাৎ পশ্যতু। কথম্ভূতেন যচ্ছ্রী নিকেতমমল মরবিন্দং তৎক্ষিপতা তিরস্কুর্ব্বতা। কথম্ভূতঃ অনুমেয়ং শাস্ত্রতো বিচার্য্যং নত্বস্মাকমপরোক্ষং তত্ত্বং যস্য কথম্ভূতানস্মান্ স্থিতে র্জগ-

ক্রমসন্দর্ভঃ।

যা ইতি খে রূপং সৌরচান্দ্রকিরণং ধূল্যাদিময়ং ভেদশ্চ তৎকৃতঃ দ্বয়োর্দ্বৈক্যং তদস্পর্শিত্বাৎ তদাচ্ছাদকত্বাচ্চ তদিব সম্প্রতি তত্রৈব তস্যাত্মনঃ প্রতিচক্ষণায় প্রকাশনায়েত্যাদি যোজ্যং ॥ ৪২। ৪৩। ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মিন্নাত্মন্যধিষ্ঠানে নিজয়া মায়য়া কর্ত্র্যা ইদং বিরাড্রূপং খে নভসি রূপভেদং মেঘবৃন্দমিব বিরচিতং তস্যাত্মনঃ স্বস্য প্রতিচক্ষণায় প্রকাশনায় প্রাদুঃ প্রাদুর্ভাবঞ্চকার ঋষিমূর্ত্তিনেতি প্রকৃত্যাদিত্বাত্তৃতীয়া তস্মৈ পুরুষায় নমঃ অত্র রূপভেদমিতি এতেনেতি ঋষিমূর্ত্তিনেতি পদত্রয়স্য ক্লীবত্বমার্ষং ॥ ৪২ ॥

স্থিতে র্জগন্মর্য্যাদায়া ব্যতিকরোঽন্যথা ত্বং তস্যোপশমায় বিলোকনেন নেত্রেণ কীদৃশেন যৎ শ্রীনিকেতমমলমরবিন্দং তৎক্ষিপতা তিরস্কুর্ব্বতা ॥ ৪৩ ॥

এবং সকল প্রাণির মনঃ, সকল দিক্, নিখিল অনিল, সমস্ত নদী, যাবন্ত পর্ব্বত প্রসন্ন হইয়াছিল। আর সে সময়ে স্বর্গে তূর্য্য বাদ্য হয় এবং আকাশ হইতে পুষ্প বৃষ্টি পড়ে। আর মুনিগণ সন্তুষ্ট চিত্তে স্তব, গন্ধর্ব্ব ও কিন্নর নিকর প্রসন্ন মনে গান এবং দেবস্ত্রীগণ পরম কৌতুকে নৃত্য করিয়াছিলেন, ফলতঃ সেই সময় সমুদায়ই সুপ্রসন্ন ও পরম মঙ্গল জনক হইয়াছিল ॥ ৪০ ॥

বৎস! অধিক কি বলিব ব্রহ্মাদি দেবগণও বিবিধ স্তব দ্বারা ঐ দুই বালকের উপাসনা করিয়াছিলেন ॥ ৪১ ॥

হে তাত! দেবগণ তাঁহাদের এই রূপে স্তব করেন, যথা— যে আত্মার নিজমায়া দ্বারা গগনে রূপ ভেদ অর্থাৎ গন্ধর্ব্বনগরের ন্যায় এই বিশ্ব বিরচিত হইয়াছে সেই আত্মার প্রকাশ নিমিত্ত যিনি ধর্ম্ম সদনে ঋষি মূর্ত্তি দ্বারা আপনাকে প্রকটিত করিলেন, সেই পরম পুরুষকে নমস্কার করি ॥ ৪২ ॥

সেই ভগবান্ অনল্প করুণাযুক্ত লোচন দ্বারা আমাদিগকে অবলোকন করুন, তাঁহার নয়ন শোভার নিকেতন, অমল কমলকেও তিরস্কৃত করিয়া থাকে। তাঁহার তত্ত্ব আমাদিগের অপরোক্ষ নহে, কেবল শাস্ত্র দ্বারাই বিচার্য্য হইতে পারে। আমরা তাঁহার অনুগ্রহ পাত্র এই নিমিত্ত এই প্রার্থনা করিতেছি, তিনি এই জগতের নিয়ম ব্যতিক্রমের উপশমনার্থ সত্ত্ব গুণ দ্বারা আমাদিগকে সৃষ্টি করিয়াছেন

দৃশ্যাদদভ্র করুণেন বিলোকনেন যচ্ছ্রী নিকেতমমলং ক্ষিপতারবিন্দং ॥ ৪৩ ॥
এবং সুরগণৈস্তাত ভগবন্তাবভিষ্টুতৌ । লব্ধাবলোকৈ র্যযতুরর্চ্চিতৌ গন্ধমাদনং ॥ ৪৪ ॥
তাবিমৌ বৈ ভগবতো হরেরংশাবিহাগতৌ । ভারব্যয়ায়চ ভুবঃ কৃষ্ণৌ যদুকুরূদ্বহৌ ॥ ৪৫ ॥
স্বাহাভিমানিনশ্চাগ্নেরাত্মজাং স্ত্রীনজীনৎ । পাবকং পবমানঞ্চ শুচিঞ্চ হুতভোজনং ॥ ৪৬ ॥
তেভ্যোঽগ্নয়ঃ সমভবংশ্চত্বারিংশচ্চ পঞ্চচ । ত এবৈকোনপঞ্চাশৎ সাকং পিতৃপিতামহৈঃ ॥ ৪৭

শ্রীধরস্বামী ।

ন্মর্য্যাদায়া ব্যত্তিকরোঽন্যগাত্বং তস্যোপশমায় সত্বেন গুণেন সৃষ্টান্ ॥ ৪৩ ॥

লব্ধোঽবলোকোযৈঃ সুরগণৈঃ তৈরভিষ্টুতৌ অর্চ্চিতৌ সন্তৌ যযতুঃ ॥ ৪৪ ॥

ভুবো ভারস্য ব্যয়ায় নাশায় । চকার একবাক্যত্বার্থঃ তৌচ সাম্প্রতমিহাগতাবিত্যর্থঃ । তদুক্তং তন্ত্রে । অর্জ্জুনেতু নরাবেশঃ কৃষ্ণোনারায়ণঃ স্বয়মিতি । যদূদ্বহঃ শ্রীকৃষ্ণঃ কুরূদ্বহোঽর্জ্জুনঃ উভাবপি কৃষ্ণনামানৌ ॥ ৪৫ ॥

অগ্ন্যভিমানিনোদেবাৎ স্বাহা নাম তস্য ভার্য্যা হুতভোজনমিতি ত্রয়াণাং বিশেষণং ॥ ৪৬ ॥

পিতরস্ত্রয়ঃ পিতামহ একঃ তৈঃ সাকং সহ ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তাবিতি । আগতাবিতি কর্ত্তরি নিষ্ঠা । কৃষ্ণাবিতি কর্ম্মণি দ্বিতীয়া কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ প্রতিভাবিমৌ প্রবিষ্টবন্তাবিত্যর্থঃ কৃষ্ণৌ কথং ভূতৌ ভুবো ভারব্যয়ায়যদুকুরূদ্বহৌ । যদুকুরুবংশে অবতীর্নাবিত্যর্থঃ চকারোত্রান্বাচয়ে মুখ্যত্বেন তত্তদ্ভক্তানাং তত্তদ্বাঞ্ছাদানার্থমিত্যর্থঃ ॥ ৪৫ । ৪৬ । ৪৭ । ৪৮ । ৪৯ । ৫০ । ৫১ । ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

লব্ধোঽবলোকঃ কৃপামায়াযৈ স্তৈরর্চ্চিতৌ ॥ ৪৪ ॥

তাবিমৌ নরনারায়ণৌ হরেঃ কৃষ্ণস্যাংশৌ কর্ত্তারৌ ইহ দ্বাপরান্তে যদূদ্বহকুরূদ্বহৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ কর্ম্মভূতৌ আগতৌ প্রাপ্তৌ কৃষ্ণার্জ্জুনয়োঃ স্বাংশিনোস্তাবংশৌ প্রবিষ্টাবিত্যর্থঃ । তথৈব ভাগবতামৃতোক্তা কারিকা যথা কর্ত্তারৌ তৌ হরেরংশৌ নর নারায়ণাবৃষী । দ্বাপরান্তে কর্ম্মভূতাবায়াতৌ কৃষ্ণফাল্গুনাবিতি ॥ ৪৫ ॥

অগ্নের্ভার্য্যা স্বাহা অগ্ন্যভিমানিন স্ত্রীনাত্মজান্ হুতভোজনমিতি ত্রয়াণাং বিশেষণং ॥ ৪৬ ॥

পিতরস্ত্রয়ঃ পিতামহ একঃ তৈঃ সাকং সহ ॥ ৪৭ ॥

অতএব তাঁহা হইতেই আমরা দেবতা হইয়াছি ॥ ৪৩ ॥

হে তাত ! সেই দুই ভগবান্ নর নারায়ণ এই প্রকারে অমরগণ কর্ত্তৃক স্তুত হইয়া তাঁহাদিগকে দর্শন দিয়াছিলেন । পরে দর্শন লাভে সন্তুষ্ট সেই সকল দেবতার প্রদত্ত পূজা গ্রহণ করিয়া দুই জনেই গন্ধমাদন পর্ব্বতে প্রস্থান করেন ॥ ৪৪ ॥

বৎস ! ভগবান্ হরির সেই অংশ ভূভার হরণ নিমিত্ত সম্প্রতি এই দুই কৃষ্ণ রূপে অবতীর্ণ হইয়া-য়াছেন, ইহাঁদের মধ্যে এক জন যদুশ্রেষ্ঠ কৃষ্ণ, অন্য জন কুরুপ্রবীর অর্জ্জুন ॥ ৪৫ ॥

বিদুর ! এক্ষণে অবশিষ্ট দক্ষকন্যাত্রয়ের নাম ও বংশ বর্ণন করি শুন, অগ্নি অর্থাৎ অগ্ন্যভিমানি দেবতার পত্নীর নাম স্বাহা, তিনি ঐ দেব হইতে পাবক, পবমান এবং শুচি নামে তিনটী পুত্র প্রসব করেন, ঐ তিন পুত্র হুতভোজী ॥ ৪৬ ॥

অনন্তর ঐ পাবকাদিত্রয় হইতে পঞ্চচত্বারিংশৎ অগ্নির জন্ম হয়, তাঁহারা পিতৃ পিতামহের সহিত একোনপঞ্চাশৎ সংখ্যক হইয়াছেন অর্থাৎ তাঁহারা নিজে পঁয়তাল্লিশ,তাঁহাদের পিতা তিন এবং পিতামহ এক এই সকলের সঙ্কলনে তাঁহাদের সংখ্যা ঊনপঞ্চাশ হইয়াছে ॥ ৪৭ ॥

বৈতানিকে কর্ম্মণি যন্নামভির্ব্রহ্মবাদিভিঃ। আগ্নেয্য ইষ্টয়ো যজ্ঞে নিরূপ্যন্তেঽগ্নয়স্ত তে ॥ ৪৮
অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সৌম্যাঃ পিতর আজ্যপাঃ। সাগ্নয়োঽনগ্নয়স্তেষাং পত্নী দাক্ষায়ণী স্বধা ॥ ৪৯
তেভ্যোদধার কন্যে দ্বে বয়ুনাং ধারিণীং স্বধা। উভে তে ব্রহ্মবাদিন্যৌ জ্ঞানবিজ্ঞানপারগে ॥ ৫০
ভবস্য পত্নীতু সতী ভবং দেবমনুব্রতা। আত্মনঃ সদৃশং পুত্রং ন লেভে গুণশীলতঃ ॥ ৫১ ॥
পিতর্য্যপ্রতিরূপে স্বে ভবায়ানাগসে রুষা। অপ্রৌঢ়ৈবাত্মনাত্মানমজহাদ্যোগসংযুতা ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

বৈতানিকে বৈদিকে কর্ম্মণি যজ্ঞে যেষাং নামভিরগ্নিদেবতাকা ইষ্টয়ো নিরূপ্যন্তে ক্রিয়ন্তে তএতে অগ্নয়ো ন লৌকিকাঃ অতো বহূনাং ন বৈয়র্থ্যমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

সৌম্যাঃ সোমপাঃ যেষামগ্নৌকরণমস্তি তে সাগ্নয়ঃ তদ্রহিতা স্বনগ্নয়ঃ ॥ ৪৯ ॥

তয়োস্ত সন্ততির্না ভবৎ জীবন্মুক্তত্বাদিত্যাহ উভে তে ইতি ॥ ৫০ ॥

গুণশীলতঃ আত্মনঃ সদৃশং দেবমনুব্রতাপি সতী পুত্রং ন লেভে ॥ ৫১ ॥

তত্র হেতুঃ স্বে পিতরি দক্ষেঽপ্রতিরূপে অসদৃশে প্রতিকূলে সতীত্যর্থঃ আত্মনা স্বয়মেব আত্মানং দেহং অজহাৎ ত্যক্তবতী যোগসংযুতা যোগমাশ্রিত্যেত্যর্থঃ ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈতানিকে বৈদিকে কর্ম্মণি যজ্ঞে যেষাং নামভিরগ্নিদেবতাকা ইষ্টয়ো নিরূপ্যন্তে ক্রিয়ন্তে ত এবৈতেঽগ্নয়ো ন লৌকিকা অতো ন বহূনাং বৈয়র্থ্যমিতি ভাবঃ ॥ ৪৮ ॥

সৌম্যাঃ সোমপা যেষামগ্নৌ করণমস্তি তে সাগ্নয়ঃ তদ্রহিতাস্বনগ্নয়ঃ ॥ ৪৯ ॥

তেভ্যঃ পিতৃভ্যঃ সকাশাৎ স্বধা দ্বে কন্যে দধার গর্ভে ইতি শেষঃ ॥ ৫০ ॥ ৫১ ॥

পুত্রং ন লেভে ইত্যত্র হেতুঃ। অনাগসে ভবায় রুষা কোপেন হেতুনা স্বে পিতরি অপ্রতিরূপে অসদৃশে অপ্রতিকূলে সতীত্যর্থঃ ॥৫২

বৎস বিদুর! বৈদিক কর্ম্মে অর্থাৎ যাগ যজ্ঞাদিতে ব্রহ্মবাদি বিপ্রগণ যাঁহাদের নাম দ্বারা অগ্নি সম্বন্ধীয় আহুতি সকল প্রদান করেন। তাঁহারাই এই অগ্নি, ইহা লৌকিক নহে, অতএব বহু সংখ্যক দেখিয়া ব্যর্থতা মনে করিও না ॥ ৪৮ ॥

হে তাত! অগ্নিষ্বাত্তা, বর্হিষদ, সোমপ, আজ্যপ, ইহাঁরা পিতৃগণ, ইহাঁদের মধ্যে যাঁহাদের অগ্নৌ করণকর্ম্ম আছে তাঁহারা সাগ্নি, তদ্ব্যতিরিক্ত অন্য অনগ্নি, মিলিত এই পিতৃগণের পত্নী দক্ষকন্যা স্বধা ॥৪৯

ইহাঁদের ঔরসে স্বধা দুইটী কন্যা প্রসব করিয়াছিলেন, তাহাদের নাম বয়ুনা ও ধারিণী। কিন্তু ঐ দুই কন্যা জ্ঞান বিজ্ঞানের পারগামিনী হইয়া ব্রহ্মবাদিনী হয়েন অর্থাৎ জীবন্মুক্ততা প্রযুক্ত তাঁহাদের সন্তান সন্ততি হয় নাই ॥ ৫০ ॥

হে কুরুশ্রেষ্ঠ! ভগবান্ ভব যে দক্ষকন্যার পাণি গ্রহণ করেন তাঁহার নাম সতী, তিনি ভগবান্ ভবের পরায়ণা হইয়াও গুণে শীলে আত্ম সদৃশ পুত্র লাভ করিতে পারেন নাই ॥ ৫১ ॥

কারণ, তাঁহার পিতা দক্ষ বিনা দোষে তদীয় ভর্ত্তা ভবের প্রতিকূল হওয়াতে তিনি রোষ বশতঃ নবীন বয়সেই যোগাবলম্বন পূর্ব্বক স্বয়ং আপনার দেহ পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দাক্ষায়ণং নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

শ্রীবিদুর উবাচ ॥

ভবে শীলবতাং শ্রেষ্ঠে দক্ষো দুহিতৃবৎসলঃ। বিদ্বেষমকরোৎ কস্মাদনাদৃত্যাত্মজাং সতীং ॥ ১ ॥

কস্তং চরাচরগুরুং নির্ব্বৈরং শান্তবিগ্রহং। আত্মারামং কথং দ্বেষ্টি জগতো দৈবতং মহৎ ॥ ২ ॥

এতদাখ্যাহি মে ব্রহ্মন্ জামাতুঃ শ্বশুরস্যচ। বিদ্বেষস্তু যতঃ প্রাণাং স্তত্যাজ দুস্ত্যজান্ সতী ॥ ৩

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে প্রথমাধ্যায়োপক্ষিপ্তে ভবদক্ষয়োঃ। বিদ্বেষে বর্ণ্যতে হেতু র্বিশ্বসৃক্ যজ্ঞসম্ভবঃ ॥ ০ ॥

সতীং সতীনাম্নীং ॥ ১ ॥

নচাসৌ কস্যচিদ্বিদ্বেষার্হ ইত্যাহ ক ইতি। চরাচর গুরুং জগতো দৈবতঞ্চ তং কো দ্বেষ্টি কথঞ্চ নির্ব্বৈরং দ্বেষ্টি নির্ব্বৈরত্বে হেতুঃ ভাবে ক্তঃ শান্তং শান্তিরেব বিগ্রহো যস্য কুতঃ আত্মন্যেবারামো রতি র্যস্য তং। যদ্বা কঃ প্রজাপতি র্দক্ষঃ কথং দ্বেষ্টি এবং ভূতে তস্মিন্ দ্বেষোঽযুক্তোঽশক্যশ্চেত্যর্থঃ ॥ ২ ॥

যতো হেতো র্বিদ্বেষো যতো বিদ্বেষাৎ প্রাণাং স্তত্যাজ এতদাখ্যাহি ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে জীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সতীং যথার্থ নাম্নীমিত্যর্থঃ ॥ ১ । ২ । ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বিতীয়ে বহু নিন্দিত্বা শিবং দক্ষে গতে রুষা। যুযুধাতে শাপশস্ত্রৈর্নন্দীশ্বর ভৃগুং মুহুঃ ॥ ০ ॥

শীলেতি ভবস্য সৌশীল্যাৎ দক্ষস্য তত্তুল্যভাবেপি দুহিতৃবাৎসল্যাৎ ভবদ্বেষো ন ঘটতে ইতি ভাবঃ ॥ ১ ॥

ভবস্য সর্ব্বৈরেবাদ্বেষ্যত্বে হেতুনাহ ক ইতি যদ্বা কঃ প্রজাপতিঃ চরাচর গুরুং নির্বৈরমিত্যাদিভির্গুরুর্হি বৈরবানপ্যশান্ত দেহোপি বহির্দর্শ্যপি জগদনাদৃতোপি ন দ্বেষার্হ ইতি ধ্বনিঃ। অন্যে গুণা মা বিচার্য্যন্তাং নাম ভবস্য জগদ্গুরুত্বে জগদিষ্ট দৈবত্বেচ দক্ষস্যাতু জগন্মধ্যবর্ত্তিত্বে দ্বেষ সংভাবনাপি কথং স্যাদিত্যমুধ্বনিঃ ॥ ২ ॥

যতঃ কারণাদ্বিদ্বেষঃ। এতদাখ্যাহি যতো বিদ্বেষাচ্চ প্রাণাং স্তত্যাজ ॥ ৩ ॥

॥ * ॥ ইতি চতুর্থে প্রথম অধ্যায় ॥ * ॥

দ্বিতীয়াধ্যায়ে ভব এবং দক্ষের পরস্পর বিদ্বেষের মূল বিশ্বস্রষ্টাদিগের যজ্ঞ বৃত্তান্ত ॥ ০ ॥

বিদুর কহিলেন ব্রহ্মন্! প্রজাপতি দক্ষ দুহিতৃবৎসল ছিলেন, কি নিমিত্ত আপনার আত্মজা সতীকে অনাদর করিয়া শীলবানের শ্রেষ্ঠ ভগবান্ ভবের প্রতি বিদ্বেষ করেন? ॥ ১ ॥

হে মুনে! ঐ দেববর ত কাহারও বিদ্বেষার্হ নহেন, তিনি এই চরাচর জগতের গুরু এবং মহৎ দেবতা, আত্মাতেই তাঁহার রতি, ইহাতে তদীয় দেহ শান্তিময়, সুতরাং কাহারও সহিত তাঁহার বৈরতা নাই, তাঁহার বিদ্বেষ কে করিবে? ॥ ২ ॥

হে ব্রহ্মন্! জামাতা এবং শ্বশুরের যে কারণে পরস্পর বিদ্বেষ ঘটে তাহা আমাকে বলিতে আজ্ঞা হউক, মুনে! শ্রুত আছে ঐ বিদ্বেষের কারণেই সতী আপনার দুস্ত্যজ প্রাণ পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৩

শ্রীমৈত্রেয় উবাচ ॥

পুরা বিশ্বসৃজাং সত্রে সমেতাঃ পরমর্ষয়ঃ। তথামরগণাঃ সর্ব্বে সানুগা মুনয়োঽগ্নয়ঃ ॥ ৪ ॥

তত্র প্রবিষ্টমৃষয়ো দৃষ্ট্বার্কমিব রোচিষা। ভ্রাজমানং বিতিমিরং কুর্ব্বন্তং তং মহৎসদঃ ॥ ৫ ॥

উদতিষ্ঠন্ সদস্যাস্তে স্বধিষ্ণেভ্যঃ সহাগ্নয়ঃ। ঋতে বিরিঞ্চাচ্ছর্ব্বাচ্চ তদ্ভাসাক্ষিপ্তচেতসঃ ॥

সদসস্পতিভির্দক্ষো ভগবান্ সাধু সৎকৃতঃ। অজং লোকগুরুং নত্বা নিষসাদ তদাজ্ঞয়া ॥ ৬ ॥

প্রাঙ্নিষণ্ণং মৃড়ং দৃষ্ট্বা নামৃষ্যত্তদনাদৃতঃ। উবাচ বামং চক্ষুর্ভ্যামভিবীক্ষ্য দহন্নিব ॥ ৭ ॥

শ্রূয়তাং ব্রহ্মর্ষয়ো মে সহ দেবাঃ সহাগ্নয়ঃ। সাধূনাং ব্রুবতো বৃত্তং নাজ্ঞানান্নচ মৎসরাৎ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাখ্যাতুমিতিহাসং প্রস্তৌতি পুরেতি। সমেতা আসন্ ॥ ৪ ॥

প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ মহৎসদঃ মহতীং সভাং ॥ ৫ ॥

স্বধিষ্ণেভ্যঃ স্বীয়াসনেভ্যঃ ॥ ৬ ॥

প্রাক্ স্বোপবেশনাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টং মৃড়ং শিবং। তদনাদৃতঃ তেনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ নামৃষ্যৎ নাসহত বামং বক্রং যথা ভবতি তথাভিবীক্ষ্য ॥ ৭ ॥

মে বচনং শ্রূয়তাং অজ্ঞানাৎ মৎসরাচ্চ ন ব্রুবতঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রেতি যুগ্মকং। ঋতে বিরিঞ্চাৎ সর্ব্বাচ্চেতি ক্বচিৎ ॥ ৫। ৬। ৭ ॥

সাধূনাং বৃত্তং ব্রুবতঃ কিন্ত্বজ্ঞানান্মৎসরাচ্চ ন ব্রুবত ইত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমেতা আসন্ ॥ ৪ ॥ প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ ॥ ৫। ৬ ॥

প্রাক্ স্বোপবেশাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টং তদনাদৃতঃ তেন মৃড়েনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ বামং বক্রং যথা স্যাত্তথা ॥ ৭ ॥

মে বচনমিতি শেষঃ সাধূনাং বৃত্তং চরিত্রং ব্রুবতঃ বক্তুং প্রবৃত্তস্য মমাসাধূনাং নিন্দা স্যাদেব তত্র ভবদ্ভিরপরামর্শেন দুঃখং

মৈত্রেয় কহিলেন বৎস! পূর্ব্বে বিশ্বস্রষ্টাদিগের যজ্ঞে মহর্ষিগণ এবং দেবতা সকল তথা অনুচর সহ সমস্ত মুনি ও যাবন্ত অগ্নি একত্র সমবেত হইয়াছিলেন ॥ ৪ ॥

সেই সময়ে প্রজাপতি দক্ষ দিবাকর কর সদৃশ স্বীয়তেজে দেদীপ্যমান হইয়া তাঁহাদের সভায় গিয়া প্রবিষ্ট হইলেন, দক্ষের অঙ্গ প্রভায় সেই মহতী সভা বিগতান্ধকার হইল ॥ ৫ ॥

সভাসদগণ তাঁহাকে দেখিবামাত্র স্ব স্ব আসন হইতে অগ্নি সহ উত্থিত হইলেন, কেবল ব্রহ্মা ও শিব ইহাঁরাই দুই জনে উঠিলেন না, কারণ দক্ষের অঙ্গ প্রভায় ঐ সকল সদস্যগণের চিত্ত আক্ষিপ্ত হইল। যাহা হউক, তাঁহারা দক্ষের যথোপযুক্ত সৎকার করিলে তিনি লোক গুরু ব্রহ্মাকে নমস্কার করিয়া তাঁহার আজ্ঞা গ্রহণ পূর্ব্বক তাঁহারই আসনে উপবেশন করিলেন ॥ ৬ ॥

দক্ষের আসন পরিগ্রহের পূর্ব্বাবধি ভগবান্ ভব স্বীয় আসনে উপবিষ্ট ছিলেন, দক্ষ তাঁহার প্রতি বারম্বার নেত্রপাত করিয়া মনে করিলেন ইনি আমার আদর করিলেন না। অনন্তর অনাদর সহ্য করিতে না পারিয়া দুই চক্ষু দ্বারা বক্রভাবে অবলোকন পূর্ব্বক যেন দগ্ধ করিতে করিতে কহিলেন ॥ ৭ ॥

অহে মহর্ষিগণ! আমি সাধু পুরুষদিগের চরিত্র বর্ণন করিব আপনারা এই সমস্ত দেবতা ও

অয়ন্তু লোকপালানাং যশোঘ্নো নিরপত্রপঃ। সদ্ভিরাচরিতঃ পন্থা যেন স্তব্ধেন দূষিতঃ ॥ ৯ ॥
এষ মে শিষ্যতাং প্রাপ্তো যন্মে দুহিতুরগ্রহীৎ। পাণিং বিপ্রাগ্নিমুখতঃ সাবিত্র্যা ইব সাধুবৎ॥১০
গৃহীত্বা মৃগশাবাক্ষ্যাঃ পাণিং মর্কটলোচনঃ। প্রত্যুত্থানাভিবাদার্হে বাচাপ্যকৃত নোচিতং ॥ ১১

শ্রীধরস্বামী।

স্তব্ধেন উচিত ক্রিয়াশূন্যেন। ধ্বস্তেনেতি পাঠে ভ্রষ্টেন ॥ ৯ ॥
তদেবাহ এষ ইতি যৎ যস্মাৎ বিপ্রাগ্নি সমক্ষং সাবিত্রী তুল্যায়া মে দুহিতুঃ পাণিমগ্রহীৎ ॥ ১০ ॥
মৃগশাবস্য হরিণবালকস্যাক্ষিণীইবাক্ষিণী যস্যাঃ। প্রত্যুত্থানাভিবাদার্হে ময়ি উচিতং সম্মানং বাচাপি নাকরোৎ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ক্রোধান্ধতয়া সাধূনাং বৃত্তানুবাদমপি ত্যক্ত্বা সাক্ষান্নিন্দামাহ। অয়ন্ত্বিতি ॥ ৯ ॥
শিষ্যতাং শাসনীয়ত্বং ॥ ১০ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন প্রাপ্যতামিতি ধ্বনিঃ। শালিক্ষেত্রাণাং যবসাদ্যপসারণাভাব ইব সাধূনামপ্যসাধুদ্বেষাভাবে দুঃখং স্যাৎ অদ্বেষ্টুর্জনস্য তেষু সাধুত্বপরাধোপি স্যাদিত্যনুধ্বনিঃ। নন্বু শিবস্যাসাধুত্বমজ্ঞানাদেব ত্বয়োচ্যতে ইতি চেত্তত্র মমাজ্ঞানমল্পমপি নাস্তি মৎসরস্তু ময়া জন্মারভ্য ন পরিচীয়ত ইত্যাহ নাজ্ঞানাদিতি ॥ ৮ ॥
অস্যাসাধুত্বমেকাগ্রমনসঃ শৃণুতেত্যাহ লোকপালানাং যশোঘ্ন ইতি তুল্যজাতীনাং সতামেকস্যাপ্রতিষ্ঠায়াং সর্ব্বেষামেব দুর্যশো লোকৈরুদ্ঘুষ্যত ইতি ভাবঃ। বস্তুতস্তু তদীয় সরস্বতী শিবং স্তৌতি যথা যশোঘ্নঃ স্বযশসা তেষাং যশস্তিরস্কর্ত্তা নির্গতা অপত্রা ত্রাণং যেষাং তান্ অশরণান্ পাতীতি সঃ। কেন প্রকারেণেত্যত আহ যেন অসুরাদিনা সদ্ভিরাচরিতঃ পন্থা দূষিত স্তস্য ধ্বস্তেন ধ্বংসনেন স্তব্ধেনেতি পাঠে স্তব্ধানাং গর্ব্ববতাং ইনা শ্রেষ্ঠাস্তৈর্দূষিতঃ পন্থা যেন হেতুনৈব সদ্ভিরাচরিতঃ ॥ ৯ ॥
এষ ইতি নিন্দা স্পষ্টা স্তুতিস্তু মম অশিষ্যতাং অশিষ্টতাং এতাবদ্দিন পর্য্যন্তং গুপ্তামপি এষ প্রাপ্তঃ সর্ব্বজ্ঞত্বাৎ প্রথমমেবাব গতবান্ অতএবাভ্যুত্থানাদিকং ন কৃতবানিতি ভাবঃ। তদপি যন্মদুহিতুঃ পাণিং অগ্রহীৎ তৎ সাবিত্র্যা ইব মদ্দুহিতর্য্যেব গুণ মপেক্ষ্যেতি ভাবঃ। মম কীদৃশস্য সাধুবৎ সাধোরিব বস্তুতস্ত্বসাধোঃ ॥ ১০ ॥
প্রত্যুত্থানাভিবাদার্হে শ্বশুরে ময়ি বাচাপি উচিতং সম্মানং ন অকৃত নাকরোৎ। স্তুতি পক্ষে মর্কটান্ মর্কটতুল্যান্ কামিনোপি কৃপয়া লোচতে তৎ কামান্ সংপাদয়তি। তস্মিন্ প্রত্যুত্থানাভিবাদার্হে মল্লক্ষণোজনঃ। বাচাপ্যুচিতং ন অকৃতেতি ধিঙ্মামিতি ভাবঃ ॥ ১১ ॥

অগ্নির সহিত আমার বচন শ্রবণ করুন। আমি অজ্ঞান অথবা মাৎসর্য্যের পরতন্ত্র হইয়া কহিব না যথার্থই বলিব ॥ ৮ ॥

হে সভ্যগণ! এটা নির্লজ্জ ইহা হইতে লোকপালদিগের যশঃ বিনষ্ট হইল, কারণ এ উচিত ক্রিয়া পরিত্যাগ করিয়া সাধুজনের আচরিত পথ দূষিত করিতেছে ॥ ৯ ॥

এ মূঢ় ব্রাহ্মণ এবং অগ্নির সমক্ষে সাবিত্রী তুল্য আমার দুহিতার পাণি গ্রহণ করিয়াছে, ইহাতে এ এক প্রকার আমার শিষ্য, কিন্তু ইহার আচরণ দেখিলে? ॥ ১০ ॥

এই মর্কটলোচন আমার বালহরিণনেত্রা কন্যার পাণি গ্রহণ করে, ইহাতে আমার প্রতি ইহার প্রত্যুত্থান ও অভিবাদন করা উচিত, কিন্তু এ বাক্য দ্বারাও আমার উচিত সম্মান করিল না ॥ ১১ ॥

লুপ্তক্রিয়ায়াশুচয়ে মানিনে ভিন্নসেতবে। অনিচ্ছন্নপ্যদাং বালাং শূদ্রায়েবোশতীং গিরং ॥ ১২ ॥
প্রেতাবাসেষু ঘোরেষু প্রেতৈর্ভূতগণৈর্বৃতঃ। অটত্যুন্মত্তবন্নগ্নো ব্যুপ্তকেশো হসন্ রুদন্ ॥১৩
চিতাভস্মকৃতস্নানঃ প্রেতস্রঙ্ন্রস্থিভূষণঃ। শিবাপদেশো হ্যশিবো মত্তোমত্তজনপ্রিয়ঃ ॥ ১৪ ॥
পতিঃ প্রমথনাথানাং তমোমাত্রাত্মকাত্মনাং। তস্মা উন্মাদনাথায় নষ্টশৌচায় দুর্হৃদে।

শ্রীধরস্বামী।

অনর্হায় কন্যাদত্তেত্যনুতপ্যমান আহ লুপ্তক্রিয়েতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ উশতীং বেদলক্ষণাং গিরং ॥ ১২ ॥

প্রেতাবাসেষু শ্মশানেষু ব্যুপ্তা বিকীর্ণাঃ কেশা যস্য ॥ ১৩ ॥

চিতাভস্মনা কৃতং স্নানং যেন প্রেতানাং স্রজো মাল্যানি যস্য স প্রেতস্রক্ নৃণামস্থীনি ভূষণানি যস্য শিব ইত্যপদেশোনাম মাত্রং যস্য ॥ ১৪ ॥

তমো মাত্রাত্মকঃ কেবল তমোরূপঃ আত্মা স্বভাবো যেষাং উন্মাদা ভূতবিশেষাঃ তেষাং নাথায়। দুর্হৃদে দুষ্টচিত্তায়। বস্তেতি খেদে বাস্তবস্তয়মর্থঃ লুপ্তা ক্রিয়া যস্মিন্ পরব্রহ্ম রূপত্বাৎ অতএব নাস্তি শুচি যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি চ পদচ্ছেদঃ তস্ম পরমেশ্বরস্য মদীয়া মানুষী কন্যা কথং যোগ্যা স্যাদিতি লজ্জাদিনা দাতুমনিচ্ছন্নপি তৎসম্বন্ধলোভেন দত্তবান্।

ক্রমসন্দর্ভঃ।

যথা শূদ্রায়োশতীং গিরং কশ্চিদনিচ্ছন্ পরবশ্যঃ সন্নেব দদাতি। তথাহমপ্যনিচ্ছন্নেবাস্মৈ পরম মহতে বালামদাং কাক্কা কিন্তু ইচ্ছন্নেবাদামিত্যর্থঃ ॥ ১২ ॥

বাস্তবার্থে প্রেতাবাসেষ্বিত্যাদিকং ভগবৎপ্রেমোন্মাদময়ং জ্ঞেয়ং ॥ ১৩ ॥

চিতেতি সার্দ্ধকং চিতেত্যাদিকঞ্চ প্রাপ্তসিদ্ধি বৈষ্ণবানামেবেতি পুরাণান্তর প্রসিদ্ধং ॥ ১৪। ১৫। ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উশতীং বেদলক্ষণাং গিরং স্তুতি পক্ষেতু লুপ্তাঃ ক্রিয়া যস্মিন্ পরব্রহ্ম রূপত্বাৎ নাস্তি শুচি যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি ছেদঃ স্বাযোগ্যতা দৃষ্ট্যা দাতুমনিচ্ছন্নপি অদাং যথা শূদ্রা এব উশতীং বেদলক্ষণাং গিরং দদতি অধ্যাপয়ন্তি য লোপস্থাভাবো বৈকল্পিকত্বাৎ ॥ ১২ ॥

প্রেতাবাসেষ্বিত্যাদিকং সর্ব্বং ভগবৎ প্রেমোন্মাদময়ং লীলামাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ ॥১৩

স্তুতি পক্ষে চিতেত্যাদিকং প্রাপ্তসিদ্ধি বৈষ্ণবানামেবেতি পুরাণান্তর প্রসিদ্ধং অপদেশা অপকৃষ্টা দেশা অপি শিবা মঙ্গলা যতঃ স নবিদ্যতে শিবং মঙ্গলং যতঃ সঃ তমোমাত্রাত্মকাঃ তমোমাত্র স্বরূপা আত্মনো যেষাং স্তুতি পক্ষে স্বেচ্ছয়া লীলৈবেয়ং শম্ভোর্যত্তামসানপি কৃপয়া স্বীকরোতীতি ॥ ১৪ ॥

পরমেষ্ঠিনা ব্রহ্মণা চোদিতে প্রেরিতে সতীতি মমেচ্ছা নাসীৎ ব্রহ্মাজ্ঞাপালনমেব মদ্দুঃখদমভূদিতি ব্রহ্মাপ্যনভিজ্ঞ ইতি ধ্বনিঃ।

আঃ! কি আমার দৌর্ভাগ্য! এ ব্যক্তি লুপ্তক্রিয়, অশুচি, অভিমানী এবং মর্য্যাদাভেদী, ইহাকে জামাতা করিতে আমার কখনই ইচ্ছা ছিল না, তথাচ শূদ্রকে যেমন বেদবাক্য প্রদান করে তাহার ন্যায় ইহাকে আমি কন্যা সম্প্রদান করিয়াছি ॥ ১২ ॥

ইহার কর্ম্ম কি জানেন? বিবস্ত্র ও বিকীর্ণ কেশ হইয়া ভয়ঙ্কর ভূত প্রেতগণ সঙ্গে লইয়া কখন হাস্য কখন রোদন করত শ্মশানে শ্মশানে উন্মত্তের ন্যায় ভ্রমণ করিয়া বেড়ায় ॥ ১৩ ॥

চিতাভস্ম দ্বারা ইহার স্নান, গলায় প্রেতের মালা, মৃত নরের অস্থি ইহার ভূষণ, ইহার নামমাত্র শিব, বস্তুত এ নিজে অশিব, আর সর্ব্বদা মাদক দ্রব্য সেবনে মত্ত এবং মত্ত জনেরাই ইহার প্রিয়পাত্র ॥ ১৪ ॥

অপিচ যাহাদের স্বভাব কেবল তমোরূপ এ ব্যক্তি তাদৃশ প্রমথনাথদিগের পতি এবং উন্মাদ

দত্তা বত ময়া সাধ্বী চোদিতে পরমেষ্ঠিনা ॥ ১৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

বিনিন্দ্যৈবং সগিরিশমপ্রতীপমবস্থিতং । দক্ষোঽথাপ উপস্পৃশ্য ক্রুদ্ধঃ শপ্তুং প্রচক্রমে ॥ ১৬ ॥

অয়ন্তু দেবযজন ইন্দ্রোপেন্দ্রাদিভির্ভবঃ । সহভাগং ন লভতাং দেবৈর্দেবগণাধমঃ ॥ ১৭ ॥

নিষিধ্যমানঃ স সদস্যমুখ্যৈ র্দক্ষো গিরিত্রায় বিসৃজ্য শাপং ।

তস্মাদ্বিনিষ্ক্রম্য বিবৃদ্ধমন্যু র্জগাম কৌরব্য নিজং নিকেতনং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

শূদ্রায়েত্যনর্হত্ব মাত্রে দৃষ্টান্তঃ নহীনত্বে পূর্ব্বাপর স্ববচন বিরোধাপত্তেঃ । এতদুক্তং ভবতি যথাকশ্চিৎ শূদ্রায় বেদমর্থলোভেন দদাতি তদ্বদিতি । প্রেতাবাসেম্বিত্যাদি সর্ব্বং বিড়ম্বনমাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ অশিবঃ নাস্তি শিবো যস্মাৎ । অমত্তোঽমত্তজনপ্রিয় ইতি চ চ্ছেদঃ । পতিঃ প্রমথনাথানামিতি ভক্তবাৎসল্যমাহ তামসানপি দোষ-মপনীয় পাতীতি নষ্টানামপি শৌচং শুদ্ধি র্যস্মাৎ দুষ্টেষ্বপি এতে ময়া অনুকম্প্যা ইতি হৃণ্মনো যস্য স দুর্হৃত্তস্মৈ । বতেতি হর্ষে ব্রহ্মণো বাক্যাল্লজ্জা ভয়াদিকং পরিত্যজ্য দত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

অপ্রতীপং অপ্রতিকূলং যথা ভবত্যেবমস্থিতমপি বিনিন্দ্য ॥ ১৬ ॥

দেবানাং যজন সময়ে দেবৈঃ সহ ভাগং ন লভতাং কিন্তু তেভ্যঃ পূর্ব্বমেব লভতাং অগ্রভোজিত্বাৎ যদ্বা তেষু ভুক্তবৎসু লভতাং সর্ব্বপোষকত্বাৎ । অত্র হেতুঃ দেবগণো ঽধমো যস্মাৎ সঃ ॥ ১৭ ॥ স দক্ষঃ তস্মাৎ স্থানাৎ বিনিষ্ক্রম্য জগাম হে কৌরব্য ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মৎ পিত্রেত্যনুক্তেঃ পরমেষ্ঠিনেতি নামোচ্চারণেনচ সোপি মৎ পিতৃত্বাযোগ্য এবেত্যনুধ্বনিঃ । স্তুতিপক্ষে কৃপয়া উন্মাদানাং গণানামপি নাথায় নষ্টানামপি শৌচং যতঃ । দুষ্টেষ্বপি হৃৎ কৃপাময়ং মনো যস্য তস্মৈ ব্রহ্মণো বাক্যাদযোগ্যেনাপি ময়া-দত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥ অপ্রতীপমজাতশত্রুং ॥ ১৬ ॥

অয়ন্ত্বিতি স্তুতিপক্ষে দেবযজনে যজ্ঞে দেবৈঃ সহ ভাগং ন লভতাং তত্র হেতুঃ দেবগণা অধমা যস্মাৎ সঃ । নহ্যধর্ম্মৈঃ সহ ভোজনমুচিতং অতঃ সর্ব্বপোষকত্বাৎ তান্ ভোজয়িত্বা ভাগং লভতামিতি ভাবঃ ॥ ১৭ ॥

অত্র মদন্যে যুক্তবাদিনঃ কেপি ন দৃশ্যন্তে । তদস্মাদধার্ম্মিকসঙ্কুলায়াং সভায়াং ন স্থাতুমুচিতমিতি কোপেন ততো নির্যযা বিত্যাহ নিষিধ্যমানঃ মাক্রুধ্য মাগচ্ছেত্যাহ্যুচ্যমানঃ ॥ ১৮ ॥

নামে যে ভূতবিশেষ আছে এ তাহাদের অধ্যক্ষ, আর স্বয়ং সর্ব্বদাই অশুচি ও দুষ্ট চিত্ত, হায় কি খেদের বিষয় ! জগদীশ্বরের কি বিড়ম্বনা ! এমত ব্যক্তির হস্তে আমি সাধ্বী কন্যা সম্প্রদান করিয়াছি, ইহা কেবল ব্রহ্মার আজ্ঞা পালনার্থই ঘটিয়াছে, নতুবা ইহাকে কন্যাদিতে আমার অভিপ্রায় ছিল না ॥ ১৫ ॥

মৈত্রেয় কহিলেন ভগবান্ গিরিশ দক্ষের কোন অনিষ্ট করেন নাই, সভার মধ্যেই বসিয়াছিলেন, দক্ষ তাঁহার নিন্দা করিয়াই ক্ষান্ত হইলেন না, পুনশ্চ ক্রোধে দন্দহ্যমান কলেবর হইয়া জলস্পর্শ পূর্ব্বক এই অভিশাপ দিলেন ॥ ১৬ ॥

দেবতাদিগের যজন সময়ে এই দেবাধম ভব ইন্দ্র ও উপেন্দ্রাদির সহিত যেন যজ্ঞভাগ না পায় ॥ ১৭

হে কুরুশ্রেষ্ঠ বিদুর ! সেই সভায় অবস্থিত যাবন্ত প্রধান প্রধান সদস্য নানাপ্রকারে দক্ষকে নিষেধ করিতে লাগিলেন, তিনি কাহারও নিবারণ নামানিয়া ভগবান্ ভবকে ঐ প্রকার শাপ দিয়া ক্রোধ ভরে সে স্থান হইতে নির্গমন পূর্ব্বক নিজ নিকেতনে প্রস্থান করিলেন ॥ ১৮ ॥

বিজ্ঞায় শাপং গিরিশানুগাগ্রণী র্নন্দীশ্বরো রোষকষায়দূষিতঃ।
দক্ষায় শাপং বিসসর্জ দারুণং যে চান্বমোদং স্তদবাচ্যতাং দ্বিজাঃ॥ ১৯॥
য এতন্মর্ত্ত্যমুদ্দিশ্য ভগবত্যপ্রতিদ্রুহি। দ্রুহ্যত্যজ্ঞঃ পৃথগ্দৃষ্টি স্তত্ত্বতো বিমুখোভবেৎ॥ ২০॥
গৃহেষু কূটধর্ম্মেষু সক্তোগ্রাম্যসুখেচ্ছয়া। কর্ম্মতন্ত্রং বিতনুতাদ্বেদবাদবিপন্নধীঃ॥ ২১॥
বুদ্ধ্যা পরাভিধ্যায়িন্যা বিস্মৃতাত্মগতিঃ পশুঃ। স্ত্রীকামঃ সোঽস্ত্ব নিতরাং দক্ষোবস্তমুখো ঽচিরাৎ॥ ২২

শ্রীধরস্বামী।

গিরিশস্যানুগানামগ্রণী র্মুখ্যঃ রোষ এব কষায় স্তেন দূষিত আরক্তনেত্র ইত্যর্থঃ। তস্য গিরিশস্যাবাচ্যতাং বচনানর্হতাং নিন্দ্যতামিত্যর্থঃ। তেভ্যোপি শাপং বিসসর্জ॥ ১৯॥

দক্ষং শপতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। এতন্মর্ত্ত্যং দক্ষশরীরং উদ্দিশ্য শ্রেষ্ঠং মত্বা অপ্রতিদ্রুহি প্রতিদ্রোহমকুর্ব্বতি পৃথগ্দৃষ্টিঃ ভেদদর্শী তত্ত্বতঃ পরমার্থাৎ॥ ২০॥

সদস্যগণ দক্ষের নিরীশ্বর যজ্ঞে ধনলোভ বশতঃ আপনাদের প্রবৃত্তি স্মরণ করিয়া অনুতাপ করত মনে করিলেন, ভগবান্ বুঝি বিরক্ত হইয়াছেন, অতএব সাশঙ্ক মনে এই বলিয়া স্তব করিতে লাগিলেন, হে আশ্রয়প্রদ! এই সংসার বর্ত্ম অশরণ, ইহাতে বিশ্রামের স্থান মাত্র নাই, প্রত্যুত গুরুতর ক্লেশ রূপ দুর্গম স্থান বিস্তর আছে, অন্তক রূপ উগ্র ব্যাল সর্ব্বদা এখানে ইহাকে লক্ষ্য করিতেছে, মৃগতৃষ্ণারও অল্পতা নাই, বিষয় রূপ বহু বহু মৃগতৃষ্ণাও দেদীপ্যমান রহিয়াছে, সুখ দুঃখাদি দ্বন্দ্ব সকলই এখানে বহুতর গর্ত্ত স্বরূপ, খলরূপ ব্যাঘ্রাদির ভয় এ স্থানে সদাই বর্ত্তমান এবং শোকরূপ দাবাগ্নি এখানে নিয়তই প্রজ্বলিত হইয়া রহিয়াছে, এই সংসার বর্ত্মে বর্ত্তমান অজ্ঞ সমূহ কোন্ কালে আপনকার চরণ রূপ নিবাস স্থল প্রাপ্ত হইবে? প্রভো! অহঙ্কারাস্পদ শরীর এবং মমতাস্পদ গৃহই তাহাদের গুরুতর ভার, তাহারা কাম দ্বারা সদাই পীড়িত হয়॥ ২৫ ॥

অনন্তর ভগবান্ রুদ্র যিনি আপনার নিন্দা পূর্ব্বে অসহ্য বোধ করিয়াছিলেন, এক্ষণে তিনি তাহা গণনা না করিয়া কহিলেন হে বরদ! আপনার বর চরণ অখিলার্থের সাধক, এই নিমিত্ত নিষ্কাম মুনি

যদি রচিতধিয়ং মাবিদ্যলোকোপবিদ্ধং জপতি ন গণয়ে তত্ত্বৎপরানুগ্রহেণ ॥ ২৬ ॥

শ্রীভৃগুরুবাচ ॥

যন্মায়য়া গহনয়াঽপকৃতাত্মবোধা ব্রহ্মাদয়স্তনুভৃতস্তমসি স্বপন্তঃ।
নাত্মন্ শ্রিতং তব বিদন্ত্যধুনাপি তত্ত্বং সোঽয়ং প্রসীদতু ভবান্ প্রণতাত্মবন্ধুঃ ॥ ২৭ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

নৈতৎ স্বরূপং ভবতোসৌ পদার্থ ভেদগ্রহৈঃ পুরুষো যাবদীক্ষেৎ।

শ্রীধরস্বামী

অভিনিবেশিত চিত্তং মা মাং অবিদ্যো বিদ্যাহীনো লোকঃ যদি অপবিদ্ধং জপতি আচারভ্রষ্টং জল্পতি। তজ্জল্পনং তব যঃ পরোঽনুগ্রহঃ ত্বৎপরাণাং বা যোঽনুগ্রহস্তেন ॥ ২৬ ॥

ভৃগুস্তু স্বভাবত তত্ত্বজ্ঞানহীনা জীবাঃ। অতো অজ্ঞান কৃতং মম দুশ্চেষ্টিতং ক্ষমস্বেত্যাহ যন্মায়েতি। আত্মন্ আত্মনি শ্রিতং অনুগতং তব তত্ত্বং ন বিদন্তি প্রণতানাং আত্মা বন্ধুশ্চ ॥ ২৭ ॥

ব্রহ্মাদয়ো ন বিদন্তীতি ভৃগুণোক্তে তদসহমানো ব্রহ্মা তত্ত্বজ্ঞানমাবিষ্কুর্বন্নিবাহ নৈতদিতি। পদার্থভেদগ্রাহকৈ রিন্দ্রিয়ৈ

ক্রমসন্দর্ভঃ।

রীত্যর্থঃ আশিষামাশয়াঢ্যো ইতি চিৎসুখঃ। মাবিদ্যেত্যাদৌ মাং বিদ্ধি লোকানপি স্বানজিতেতি চিৎসুখঃ ॥ ২৬ ॥

নাত্মাশ্রিতমিতি পুণ্যারণ্যঃ ॥ ২৭ ॥

শ্রীব্রহ্মাপি ভৃগুবাক্যমনুমোদমান এবাহ। নৈতদিতি। ইন্দ্রিয়ৈঃ করণভূতৈঃ পুরুষো যাবত্তত্ত্ব জানাতি তাবতি বস্তুনি ভবত এতৎ শ্রীবিগ্রহাত্মকং স্বরূপং নস্যাৎ কিন্তু তাবদতিক্রম্যৈব স্যাদিত্যর্থঃ। তর্হি কিং লক্ষণং তত্রাহ। জ্ঞানস্যেতি। তদে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বুদ্ধিং মা মাং ন বিদ্যতে বিদ্যা জ্ঞানং যস্য তথা ভূতো লোকো দক্ষাদি র্যদি অপবিদ্ধমাচারভ্রষ্টং জপতি জল্পতি তদপি তৎ জল্পনং তব যঃ পরোঽনুগ্রহ ত্বৎপরাণাং বানুগ্রহস্তেন ন গণয়ে ॥ ২৬ ॥

ব্রহ্মাদয় ইতি শ্রীরুদ্রে কটাক্ষঃ। তমসি স্বপন্ত ইতি তেঽপ্যবিদ্যা গ্রস্তাএব আত্মানুশ্রিতং স্বপ্রকাশং তব তত্ত্বং অধুনাপি ন বিদন্তি জানীম ইত্যভিমানগ্রস্তা অন্যানেবাজ্ঞানিনো বদন্তীতি ভাবঃ। প্রসীদত্বিতি অহন্তপরাধী যথার্থবাদিত্বাত্তবাম্যেবেতি ভাবঃ। ভবাংস্তু ন ব্রহ্মাদীনাং নাপি মদ্বিধানাং কিন্তু প্রণতানাংনম্রস্বভাবানামকিঞ্চনানাং বন্ধুঃ। তদপি প্রসীদতু মদপরাধ মিমং ক্ষমতু ॥ ২৭ ॥

পদার্থভেদগ্রহৈ র্বিষয়গ্রাহকৈরিন্দ্রিয়ৈ স্তব এতৎ স্বরূপং শ্রীমূর্ত্তিং যাবন্নপশ্যেৎ তাবদেব জ্ঞানস্যাধিদৈবস্যার্থস্যাধিভূতস্য গুণস্যাধ্যাত্মস্যচাশ্রয়ঃ স্যাৎ। তৎ স্বরূপে সাক্ষাদ্দৃষ্টে সতি ন জ্ঞানাদে রাশ্রয়ঃ কিন্তুপ্রাকৃত এব স্যাৎ যতস্তৎ মায়াময়াদসতোঽধি

গণও পরমাদরে তাহার অর্চ্চনা করিয়া থাকেন। ঐ চরণে আমার চিত্ত বিনিবেশিত হওয়াতে অজ্ঞ লোকে যদি আমাকে আচার ভ্রষ্ট বলিয়া জল্পনা করে করুক আমি তাহা গণ্য করিব না, আপনকার পরম অনুগ্রহ জ্ঞান করিয়া মনোমধ্যে সন্তুষ্ট থাকিব ॥ ২৬ ॥

তদনন্তর মহর্ষি ভৃগু অজ্ঞান কৃত অপরাধ ক্ষমা প্রার্থনায় কহিতে লাগিলেন, প্রভো! আপনার গহনা মায়া দ্বারা ব্রহ্মাদি দেহধারীও আত্ম জ্ঞানে বঞ্চিত হইয়া অজ্ঞানান্ধকারে শয়ান আছেন, আপনার তত্ত্ব তাঁহাদের আত্মাতে অনুগত, এখনও তাহা জানিতে পারিতেছেন না, কিন্তু আপনি প্রণত জনের আত্মা ও বন্ধু, আমি আপনাকে প্রণাম করিতেছি, আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২৭ ॥

মহর্ষি ভৃগু ব্রহ্মাদির প্রতি কটাক্ষ করিয়া ঐ রূপ বলিলে ব্রহ্মা সহ্য করিতে না পারিয়া আপনার তত্ত্ব জ্ঞান প্রকাশ করত কহিতে লাগিলেন, হে ভগবন্! পদার্থের ভেদ গ্রাহক ইন্দ্রিয়গণ দ্বারা

জ্ঞানস্য চার্থস্য গুণস্য চাশ্রয়ো মায়াময়াদ্ব্যতিরিক্তোমতস্ত্বং ॥ ২৮ ॥

শ্রীইন্দ্র উবাচ ॥

ইদমপ্যচ্যুত বিশ্বভাবনং বপুরানন্দকরং মনো দৃশাং।

সুরবিদ্বিট্‌ ক্ষপণৈরুদায়ুধৈ র্ভুজদণ্ডৈরুপপন্নমষ্টভিঃ ॥ ২৯ ॥

শ্রীপত্ন্য ঊচুঃ ॥

যজ্ঞোয়ং তব যজনায় কেন সৃষ্টো বিধ্বস্তঃ পশুপতিনাদ্য দক্ষকোপাৎ।

শ্রীধরস্বামী।

গুণস্যেন্দ্রিয়স্য। যথা জ্ঞানার্থয়োঃ কারণস্য সত্বাদেঃ ॥ ২৮ ॥

ইন্দ্রস্তু ইন্দ্রিয় বিষয়ঃ সর্ব্বোপি মিথ্যেতি ব্রহ্মণোক্তমসহমান আহ। ইদং তব বপুরপি উপপন্নমেব নতু প্রপঞ্চ বদনির্ব্বচনীয় তয়া অনুপপন্নং সুরাণাং বিদ্বিষঃ ক্ষপয়ন্তীতি তথা তৈর্ভুজদণ্ডৈ রুপলক্ষিতং ॥ ২৯ ॥

ঋত্বিজাং পত্ন্যঃ স্তুবন্তি। যজ্ঞোঽয়ং তব যজনায় ত্বাং যষ্টুং কেন ব্রহ্মণা পূর্ব্বং সৃষ্টঃ। হে যজ্ঞাত্মন্‌ ত্বং নো যজ্ঞং নলিনকান্ত্যা দৃশা নেত্রেণ পুনীহি পবিত্রং কুরু। কথম্ভূতং যজ্ঞং শবাঃ শেরতে যস্মিন্নিতি শবশয়নং শ্মশানং তদ্বদাভা প্রতীতির্যস্য সচাসৌ

ক্রমসন্দর্ভঃ।

তদ্বিগ্রহ লক্ষণত্বমেবাশ্রয়ঃ। নাতঃ পরং পরম যদ্ভবতঃ স্বরূপমিত্যাদেঃ তস্মাৎ কৃপয়া স্বয়মেব প্রকাশত ইতি ভাবঃ। ব্যতিরিক্তোমতস্ত্বমিতি চিৎসুখ পাঠান্তরং। ব্যতিরিক্তশ্চাসৌ ওঁকারশ্চেতি ॥ ২৮ ॥

প্রাগেঽহসৌ চতুর্ভুজ এবাবির্ভবতি সংপ্রতি ত্বষ্টভুজ ইতি সাশ্চর্য্যমিন্দ্র উবাচ। ইদমপীতি। ন কেবল মানন্দকরং ভুজ বাহুল্যেনাসুরক্ষপণাতিশয়াদপ্যুক্ত ॥ ২৯ ॥

যজ্ঞপত্ন্যস্তু তৎ কৃপাদৃষ্ট্যার্দ্রিতচিত্তাঃ দুঃখং নিবেদয়ন্তি যজ্ঞ ইতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৈবাদের্ব্যতিরিক্তশ্চিদ্রূপো নতৈর্গৃহ্যসে ইত্যেতাবত্তত্ত্ব বয়ং জানীমোঽত এতে প্রাকৃতেন্দ্রিয়াঃ পশ্যাম ইত্যভিমানবন্তোপি তৎ স্বরূপং নৈব পশ্যন্তীতি ভৃগ্বাদিষু কটাক্ষঃ ॥ ২৮ ॥

ইদং তব বপু র্বিশ্বমপি কৃপয়া ভাববন্তং করোতীতি তৎ। সুরবিদ্বিট্‌ ক্ষপণৈর্দৃষ্ট সংহারকৈরিত্যষ্টভুজমিদং তে বপুরস্মাভিঃ প্রাকৃতেন্দ্রিয়ৈরপ্যনির্ব্বাচ্যায়া স্তৎ কৃপয়া দৃষ্টমেব আনন্দ করমিত্যস্মদাদ্যানন্দান্যথানুপপত্তিরেবাত্র প্রমাণমিতি ব্রহ্মণি কটাক্ষঃ ॥ ২৯

কেন ব্রহ্মণা। শব শব্দস্তোদকবাচিত্বাৎ শবশয়নং কমলং তদ্বাভ শাস্তমেধমুপরত পশুহিংসোৎসবং দৃশা পুনীহীতি ত্বৎ সন্নি-

পুরুষ যাহা যাহা অবলোকন করে কিছুই আপনকার স্বরূপ নহে। আপনি বিষয় ইন্দ্রিয় এবং জ্ঞানের অর্থাৎ অধিভূত অধ্যাত্ম ও অধিদৈবের আশ্রয় সত্য, কিন্তু মায়াময় অসৎ পদার্থ যে অধিভূতাদি তাহা হইতে আপনি ব্যতিরিক্ত ॥ ২৮ ॥

ব্রহ্মার ঐ রূপ বলার তাৎপর্য্য এই যে ইন্দ্রিয় গ্রাহ্য সকল পদার্থই মিথ্যা, ইন্দ্র ঐ রূপ উক্তিতে অসহমান হইয়া ভগবানকে সম্বোধন পূর্ব্বক কহিতে লাগিলেন, হে অচ্যুত। আপনার এই বপুঃ প্রপঞ্চের ন্যায় অনির্ব্বচনীয় নহে, এই যে শরীর প্রত্যক্ষ গোচর হইতেছে ইহা হইতেই কি বিশ্ব প্রকাশ পায়? আহা! ঐ মূর্ত্তি মনঃ ও নয়নের কেমন আনন্দ জনক এবং দেবদ্বেষি অসুরগণের বিনাশকারি আটটী ভুজদণ্ডে কেমন শোভন হইয়া রহিয়াছে ॥ ২৯ ॥

তৎপরে ঋত্বিক্‌ পত্নীরা স্তব করিয়া কহিতে লাগিলেন, হে পদ্মনাভ। এই যজ্ঞ তোমার যজনার্থ পূর্ব্বে ব্রহ্মা সৃজন করেন, অদ্য ভগবান্‌ পশুপতি দক্ষের প্রতি কোপ করিয়া ইহা বিনষ্ট করিলেন।

তমস্ত্বং শবশয়নাভ শান্তমেধং যজ্ঞাত্মন্নলিনরুচা দৃশা পুনীহি ॥ ৩০ ॥

শ্রীঋষয় ঊচুঃ ॥

অনন্বিতং তব ভগবন্ বিচেষ্টিতং যদাত্মনা চরসি হি কর্ম্মনাজ্যসে।
বিভূতয়ে যত উপসেদুরীশ্বরীং নমন্যতে স্বয়মনুবর্ত্ততীং ভবান্ ॥ ৩১ ॥

শ্রীসিদ্ধা ঊচুঃ ॥

অয়ং ত্বৎ কথামৃষ্টপীযূষনদ্যাং মনোবারণঃ ক্লেশদাবাগ্নিদগ্ধঃ।
তৃষার্ত্তোঽবগাঢ়ো নসস্মার দাবং ননিক্রামতি ব্রহ্মসম্পন্নবন্নঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

শান্তমেধশ্চ উপরতোৎসবঃ মেধশব্দেন পশুহিংসাদ্যুৎসবো লক্ষ্যতে। শবমুদকং তত্র শেতে ইতি তথা পদ্মং তন্নাভেতি সম্বোধনং বা ॥৩০

ঋষয়স্তু কর্ম্মাণ্যনুতিষ্ঠন্তঃ। তৎ পুণ্যেন তৎফলেনচ যুজ্যন্তে ভগবতি তু তদভাবমালক্ষ্য বিস্মিতাঃ স্তুবন্তি। অনন্বিতং অঘটমানং যৎ যস্মাৎ আত্মনা স্বয়ং কর্ম্মাচরসি অনুতিষ্ঠসি নতু অজ্যসে লিপ্যসে যতশ্চান্যে বিভূতয়ে সম্পদে ঈশ্বরীং লক্ষ্মীং উপসেদুঃ ভেজুঃ। যদ্বা যত ইতি সার্ব্ববিভক্তিক স্তসিঃ যামিত্যর্থঃ ভবাংস্তু স্বয়মেবানুবর্ত্তমানাং তাং নমন্যতে নাদ্রিয়তে ॥ ৩১ ॥

সিদ্ধাস্তু তৎকথামৃতমভিনন্দন্তঃ স্তুবন্তি। অয়ং নোমনো গজঃ ত্বৎকথৈব মৃষ্টং শুদ্ধং পীযূষং তন্ময়ী যা নদী তস্যামবগাঢ়ঃ প্রবিষ্টঃ দাবাগ্নি তুল্যং সংসারতাপং ন স্মরতি স্ম নচ ততো নির্গচ্ছতি। ব্রহ্মসম্পন্নবৎ ব্রহ্মৈক্যং প্রাপ্ত ইব ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঈশ্বরীং জগল্লক্ষ্মীং অনুবর্ত্তিনীমিতি চিৎসুখঃ ॥ ৩১ ॥ সিদ্ধা অত্র আত্মারামাঃ তে ইতি চিৎসুখঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধানং বিনা বর্ত্তমানৈঃ সপ্রযত্নৈরপ্যেতে কিমপি ন সিধ্যতীত্যবগন্তমিতি সর্ব্বেষামেব কটাক্ষঃ ॥ ৩০ ॥

অনন্বিতমঘটমানং যদযস্মাদাত্মনা স্বয়ং কর্ম্মাচরসি অনুতিষ্ঠসি অথচ নাজ্যসে নলিপ্যসে। কর্ম্মকারিণ স্বন্যো সর্ব্বে লিপ্যন্ত এবেতি ব্রহ্মাদিষু কটাক্ষঃ। যতশ্চ অন্যে বিভূতয়ে সংপদে ঈশ্বরীং লক্ষ্মীং উপসেদুঃ। ভেজুঃ যদ্বা যত ইতি সার্ব্ববিভক্তিক স্তসিঃ যামিত্যর্থঃ। ভবাংস্তু স্বয়মেবানুবর্ত্তমানাং তাং নমন্যতে নাদ্রিয়তে ॥ ৩১ ॥

সিদ্ধা ইতি কেবলয়া ভক্ত্যৈব প্রেমসিদ্ধিং প্রাপ্তা ইত্যর্থঃ। ত্বৎ কথৈব মৃষ্টপীযূষ নদী শুদ্ধামৃত নদী তস্যাং অবগাঢ়ঃ নিমগ্নঃ। দাবং সংসারজ্বালাং বিস্মৃতবান্। অতস্ততো ননিক্রামতি ব্রহ্ম সম্পন্নবৎ ব্রহ্মৈক্যং প্রাপ্ত ইবেতি কিং কর্ম্ম করণাকরণলেপালেপ বিচারেণ ভগবতো লীলা কথামৃতে নিমজ্জয়েতি ঋষিষু কটাক্ষঃ ॥ ৩২ ॥

হে যজ্ঞমূর্ত্তে! আমাদের যজ্ঞোৎসব উপরত হইয়াছে, আপনি নলিন নয়ন দ্বারা একবার অবলোকন করিয়া ইহা পবিত্র করুন ॥ ৩০ ॥

তদনন্তর ঋষিগণ স্তব করিয়া কহিতে লাগিলেন, হে ভগবন্! আপনার বিচেষ্টিত অঘটমান ও পরস্পর অসঙ্গত এমত বোধ হয় না, যে হেতু আপনি স্বয়ং কর্ম্ম করেন তথাচ তাহাতে লিপ্ত হন না। অপর আশ্চর্য্যের বিষয় এই যে, অন্য ব্যক্তিরা সম্পত্তির নিমিত্ত যে ঈশ্বরীর উপাসনা করেন সেই লক্ষ্মী আপনার সেবার নিমিত্ত স্বয়ং অনুবর্ত্তমানা, তথাচ আপনি তাঁহাকে আদর করেন না ॥ ৩১ ॥

সিদ্ধগণ ভগবানের কথা রূপ অমৃতে আনন্দ প্রকাশ করত এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! আমাদের মনোরূপ এই মত্তমাতঙ্গ ক্লেশ রূপ দাবানলে দগ্ধ এবং তৃষ্ণায় আর্ত্ত হইয়াছে, আপনার কথা রূপ পরিশুদ্ধ পীযূষ নদীতে অবগাহন করুক, তাহা হইলে, সংসার তাপ স্বরূপ দাবানল একেবারে বিস্মৃত হইবেক এবং পর ব্রহ্মের সহিত ঐক্য প্রাপ্তের ন্যায় হওয়াতে তাহা হইতে আর নির্গত হইবে না ॥ ৩২ ॥

শ্রীযজমান্যুবাচ ॥

স্বাগতং তে প্রসীদেশ তুভ্যং নমঃ শ্রীনিবাস শ্রিয়া কান্তয়া ত্রাহি নঃ।

ত্বামৃতেঽধীশ নাঙ্গৈর্মখঃ শোভতে শীর্ষহীনঃ কবন্ধো যথা পূরুষঃ ॥ ৩৩ ॥

শ্রীলোকপালা ঊচুঃ ॥

দৃষ্টঃ কিং নো দৃগ্‌ভিরসদ্‌গ্রহৈস্ত্বং প্রত্যগ্‌ দ্রষ্টা দৃশ্যতে যেন বিশ্বং।

মায়াহ্যেষা ভবদীয়াহি ভূমন্ যত্ত্বং ষষ্ঠঃ পঞ্চভির্ভাসি ভূতৈঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

যজমানী দক্ষপত্নী স্তৌতি। তে স্বাগতং ভদ্রমাগমনং জাতং হে অধীশ যথা শিরসা হীনঃ কবন্ধ মাত্রঃ পুরুষোঽঙ্গৈঃ করচরণাদ্যবয়বৈঃ শোভনৈরপি ন শোভতে তথা ত্বাং বিনা কেবলং প্রযাজাদ্যৈরঙ্গৈর্মখো ন শোভতে। অতোনঃ শ্রিয়া সহ ত্রায়স্ব স্বভক্তাঃ কুর্বিত্যর্থঃ ॥ ৩৩ ॥

লোকপালাস্ত্বীশ্বরাভিমানারূঢ়াঃ ভগবত্তত্ত্বমপশ্যন্ত ঊচুঃ। দৃষ্টঃ কিং ন দৃষ্ট ইত্যর্থঃ। কুতঃ অসদ্‌গ্রহৈঃ পুংস্ত্বমাবিষ্টলিঙ্গত্বাৎ। অসৎ প্রকাশক রূপাভি দৃগ্‌ভিরিন্দ্রিয়ৈঃ। অয়ং ভাবঃ। শুদ্ধচিত্তানাং ত্বং শুদ্ধসত্ত্বমূর্ত্তির্ভাসি। অস্মাকন্তু বহির্মুখেন্দ্রিয়াণাং পঞ্চভূতোপলক্ষিতো জীববিশেষ ইবাবভাসি অত স্ত্বমস্মদাদীনামিন্দ্রিয়গোচরো ন ভবসি ধিগস্মজ্জীবিতমিতি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যজমানা ইতি চিৎসুখঃ ॥ ৩৩ ॥

লোকপালাস্তু তচ্ছ্রীবিগ্রহস্য দৃশ্যত্বং ভৌতিকত্বং চ নিবারয়ন্তি। দৃষ্টঃ কিং ন ইতি। কিন্তু স্বয়মেব প্রকাশত ইত্যর্থঃ তত্র হেতুঃ ষষ্ঠঃ পঞ্চভূতাতিরিক্তোযত্ত্বং সপঞ্চভির্ভূতৈঃ স্বোপাধিভিরেব ভাসি নাত্মনেতি যৎ সৈষা ত্বদীয়া মায়ৈব। মায়াভিভূতানামেব তথা বিবেকো ভবতীত্যর্থঃ প্রত্যগ্‌দৃষ্ট্যা ইতি চিৎসুখঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যজমানী দক্ষপত্নী প্রসূতিঃ। শ্রিয়া কান্তয়েতি ময়ি যজ্ঞানে স্বায়ম্ভুবো মনোঃ পুত্র্যাং দেবহূতাবিব তব মহতী কৃপাস্তীত্যবগতং। যতঃ স্বকান্তাঃ শ্রিয়ং মদ্‌গৃহমানৈষী অতোঽস্মান্ রুদ্রাপরাধ বিধ্বস্তান্ ত্রাহি। ত্বামৃত ইতি ব্রহ্মাদি সর্ব্বদেবেষু কটাক্ষঃ ॥ ৩৩ ॥

অসদ্‌গ্রহৈর্বিষয়গ্রাহিণীভিরিন্দ্রিয়ৈস্ত্বং কিং নোদৃষ্টঃ অপিতু দৃষ্ট ইত্যর্থঃ। অসদ্‌গ্রহৈরিতি পুংস্ত্বমজহল্লিঙ্গত্বাৎ প্রত্যগপি দ্রষ্টাপি ত্বং ত্বৎ রূপয়ৈব দৃশ্যঃ স্যাঃ ইত্যর্থঃ। যতত্ত্বং ষষ্ঠঃ পঞ্চভূতাতিরিক্তোপি পঞ্চভির্ভূতৈর্ভৌতিক শরীরোভাসীত্যেষা ভবদীয়া মায়ৈবেতি ত্বদীয় শ্রীবিগ্রহস্য ভৌতিকত্বং যে মন্যন্তে তৈর্জ্জরাসন্ধাদিভিরিব দৃষ্টোপি ত্বং মাধুর্য্যানুপলম্ভাৎ নৈব দৃষ্ট ইতি শুষ্কজ্ঞানিষু ঋষিষু দেবেষুচ কটাক্ষঃ ॥ ৩৪ ॥

অনন্তর যজমানপত্নী প্রসূতি স্তব করিয়া কহিলেন, হে ঈশ! আপনার সুখে ত আগমন হইয়াছে? হে শ্রীনিবাস! প্রসন্ন হউন আপনাকে নমস্কার করি, হে অধীশ! মস্তক বিহীন কবন্ধ পুরুষ সুশোভন কর চরণাদি দ্বারাও যেমন শোভা পায় না তাহার ন্যায় আপনা ব্যতিরেকে যজ্ঞ প্রযাজাদি অঙ্গ বিশিষ্ট হইলেও শোভা পায় না। অতএব আপনি স্বীয় কান্তার সহিত আমাদিগকে রক্ষা করুন ॥৩৩

লোকপাল সকল স্বয়ং ঈশ্বরাভিমানী অথচ ভগবানের তত্ত্ব দেখিতে পান না, ইহাতে তাঁহারা আক্ষেপ প্রকাশ করত কহিতে লাগিলেন, হে ভূমন্! আপনি প্রত্যেক জীবের দ্রষ্টা, যে হেতু আপনি বিশ্ব সংসার দর্শন করিয়া থাকেন, অর্থাৎ পদার্থপ্রকাশক ইন্দ্রিয় সকল দ্বারা আপনি কি দৃষ্ট হয়েন না? অবশ্যই হন, কিন্তু প্রভো! আপনি যে স্বয়ং ষষ্ঠ স্বরূপ হইয়া পঞ্চভূত দ্বারা প্রকাশ পান, ইহা আপনার মায়া মাত্র, ফলতঃ যে সকল ব্যক্তি শুদ্ধ চিত্ত, আপনি তাহাদিগের নিকটে বিশুদ্ধ সত্ত্ব মূর্ত্তি স্বরূপে প্রকাশ পাইয়া থাকেন, আমাদের ইন্দ্রিয় বহির্মুখ প্রবৃত্ত ইহাতে আমাদের সমক্ষে পঞ্চভূতোপলক্ষিত জীব বিশেষের ন্যায় প্রকাশ পান, বস্তুতঃ আপনি আমাদের ইন্দ্রিয় গোচর হয়েন না অতএব আমাদের জীবনকে ধিক্ ॥ ৩৪ ॥

শ্রীযোগেশ্বরা ঊচুঃ ॥

প্রেয়ান্ ন তেঽন্যোস্ত্যমুত ত্বয়ি প্রভো বিশ্বাত্মনীক্ষেন্ন পৃথগ্ য আত্মনঃ।
অথাপি ভৃত্যেশ তয়োপধাবতামনন্যবৃত্ত্যানুগৃহাণ বৎসল ॥ ৩৫ ॥
জগদুদ্ভব স্থিতিলয়েষু দৈবতো বহুভিদ্যমানগুণয়াত্মমায়য়া।

শ্রীধরস্বামী।

যোগেশ্বরা স্বভেদেন ভজতাং অনুগ্রহভাক্ত্বং মন্যমানাঃ স্বামিভৃত্যভাবেন ভজতামপ্যনুগ্রহং প্রার্থয়মানাঃ স্তুবন্তি প্রেয়ানিতি দ্বাভ্যাং। বিশ্বাত্মনি পরব্রহ্মণি ত্বয়ি য আত্মনঃ পৃথক্ত্বং নেক্ষেত। অমুতঃ অমুষ্মাৎ অন্যস্তে প্রেষ্ঠোনাস্তি। আত্মনো জীবান্ পৃথঙ্ নেক্ষেতেতি বা। বৎসল ভক্তপ্রিয়। অনন্য বৃত্ত্যা ভক্ত্যা অব্যভিচারি ভক্ত্যা ভজতোঽনুগৃহাণেত্যর্থঃ ॥ ৩৫ ॥

অব্যভিচারিণী ভক্তিঃ কথং স্যাৎ ভজনীয়ানাং বহুত্বাদিত্যাশঙ্ক্যাহুঃ। জগত উদ্ভবাদিষু নিমিত্তেষু দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যাঃ তয়া স্বমায়য়া আত্মনি স্ব স্বরূপে রচিতা ব্রহ্মাদি ভেদমতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া কেবল স্বরূপাবস্থানেন

ক্রমসন্দর্ভঃ।

প্রেয়ানিতি অয়মর্থঃ যস্ত্বয়ি বিশ্বাত্মনি আত্মনো জীবান্ ঈক্ষেত। তচ্ছক্তিত্বাবদননাত্বেনৈব জানাতি। নতু পৃথক্ স্বতন্ত্রত্বে-নেক্ষেত। অমুতঃ অমুষ্মাৎ যদ্যপি তে প্রেয়ান্নাস্তি তথাপি হে বৎসল হে ভৃত্যপ্রিয় ভৃত্যেশভাবেন যে ভজন্তি তেষাং যা অনন্যা বৃত্তিঃ অব্যভিচারিণী নিজভক্তিস্তয়ৈবানুগৃহাণ প্রস্তুতত্বেনাস্মান্ জ্ঞানিভক্তানিতি লভ্যত ইতি ॥ ৩৫ ॥

নমু যোগেশ্বরত্বাদ্যভিমানে সতি ভৃত্যত্বাদ্যভিমানঃ কুতঃ স্যাৎ উচ্যতে। সর্ব্বোপ্যন্যোভিমানস্তন্মায়া গুণভেদ ভ্রমেণৈব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বয়ি বিশ্বাত্মনি আত্মনো জীবান্ যঃ পৃথগ্ নেক্ষেত তচ্ছক্তিত্বাত্তদনন্যত্বেনৈব জানাতি অমুতঃ অমুষ্মাদ্যদ্যপি তে প্রেয়ানন্যো নাস্তি প্রিয়োহি জ্ঞানিনোঽত্যর্থমহং সচ মম প্রিয় ইতি ত্বদুক্তেঃ। তথাপি তদপি ভৃত্যেশ তয়া অহং তে ভৃত্য ত্বং মে ঈশ ইতি ভেদেন দাসপ্রভুভাবেন উপধাবতাং সেবমানানাং যা অনন্য বৃত্তিঃ অনন্য ভক্ত্যা অনুবৃত্তি স্তয়ৈব তদ্দানেনৈবাস্মানমু গৃহাণ বয়ং নিকৃষ্টা ত্বদভেদভাবং প্রাপ্তুং কথং শক্নুম ইতি দ্যোতিতয়া ব্যাজস্তুত্যা দাসাএব তবাতিপ্রিয়া ইতি জ্ঞানিষু কটাক্ষঃ। যদুক্তং ত্বয়ৈব। ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। নচ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মাচ যথা ভবানিতি। নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনেতি। তত্র লিঙ্গং হে বৎসলেতি ত্বং ভক্তবৎসল ইতি সর্ব্বত্র শ্রূয়সে নতু জ্ঞানি বৎসল ইতি ॥ ৩৫ ॥

নমু পর ব্রহ্মণো মম মায়া শাবল্য এব সাকারত্বং তস্মিংশ্চ সতি ভৃত্যেশ ভাবস্তত্রচ সতি ভক্তবাৎসল্যমিতি কেচিদ্ব্যাচক্ষতে। সত্যং তে ভ্রান্তা এবেত্যাহুঃ। জগদিতি। দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যা স্তয়া স্বমায়য়া রচিতা আত্মনি স্বস্বরূপে

তদনন্তর যোগেশ্বরেরা স্তব করিয়া কহিলেন ভগবন্! আপনি বিশ্বের আত্মা, পর ব্রহ্ম, আপনাতে যে ব্যক্তি আপনার পৃথক্ত্ব দর্শন না করেন তাহা অপেক্ষা আপনার প্রিয়তম অন্য কেহ নাই, অতএব হে ভক্তপ্রিয়! আপনার নিকট আমাদের এই মাত্র প্রার্থনা, যে সকল ব্যক্তি অব্যভিচারিণী ভক্তি দ্বারা আপনার ভজনা করে তাহাদের প্রতি যেন অনুগ্রহ থাকে ॥ ৩৫ ॥

হে ভগবন্! জগতের উৎপত্তি স্থিতি এবং লয় ইত্যাদি নিমিত্ত আপনকার যে মায়ার গুণ জীব সকলের অদৃষ্ট বশতঃ বহু প্রকারে বিভিন্ন হয়, সেই মায়া দ্বারা আপনি আপনাতে অর্থাৎ আত্ম স্বরূপে ব্রহ্মাদি ভেদ বুদ্ধি রচনা করিয়াছেন এবং কেবল স্বরূপাবস্থান দ্বারা আত্মাতে ভেদ ভ্রম গুণ ও তাহার হেতু সকল নিবর্ত্তিত করিয়া থাকেন, অতএব আপনার মহিমা অপার, আপনাকে কেবল

রচিতাত্মভেদমতয়ে স্বসংস্থয়া বিনিবর্ত্তিত ভ্রমগুণাত্মনে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

নমস্তে শ্রিতসত্ত্বায় ধর্ম্মাদীনাঞ্চ সূতয়ে। নির্গুণায় চ যৎ কাষ্ঠাং নাহং বেদাপরেপিচ ॥ ৩৭ ॥

শ্রীঅগ্নিরুবাচ ॥

যত্তেজসাহং সুসমিদ্ধতেজা হব্যং বহে স্বধ্বর আজ্যসিক্তং।

শ্রীধরস্বামী।

বিনিবর্ত্তিতো ভেদ ভ্রমো গুণাশ্চ তদ্ধেতবঃ আত্মনি যেন তস্মৈ ॥ ৩৬ ॥

শব্দব্রহ্ম স্তৌতি নমস্তে। শ্রিতং স্বীকৃতং সত্বং যেন অতঃ ধর্ম্মাদি ফলপ্রসবিত্রে সত্বগুণত্বং নির্গুণত্বং চ কথমিত্যাশঙ্ক্যাহ। যস্য কাষ্ঠাং তত্বং নাহং বেদ্মি অপরে রুদ্রাদয়শ্চ নবিদুঃ তস্মৈ ॥ ৩৭ ॥

অগ্নিস্তু যজ্ঞমূর্ত্তিং প্রণমতি। যস্য তেজসা সুষ্ঠু সমিদ্ধং প্রদীপ্তং তেজো যস্য। সোঽহং প্রশস্তাধ্বরে হবির্বহামি তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং পালকং যজ্ঞং যজ্ঞমূর্ত্তিং পঞ্চবিধমৈশ্বেয়েক উক্তং স এব যজ্ঞঃ। পঞ্চবিধো হগ্নিহোত্রং দর্শ পৌর্ণমাসৌ চাতুর্ম্মাস্যানি পশু সোম ইতি পঞ্চভির্যজ্ঞনৈস্তৈঃ স্বিষ্ট সুপূজিতং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং

ক্রমসন্দর্ভঃ।

জীবেষু রচিতঃ ততঃ স্বস্ফূর্ত্তা তস্মিন্নিবর্ত্তিতে ত্বং প্রসাদাৎ সোপি স্যাদিত্যাহুঃ জগদিতি। আত্মনাং জীবানাং ভেদমতির্নানাত্বিমানঃ ॥ ৩৬ ॥

শব্দ ব্রহ্মোবাচেতি। অত্রায়ং বিরিঞ্চিঃ পূর্ব্বেন তু যজ্ঞাধিকারীতি বা। পক্ষে চাত্র পূর্ব্বং ব্রহ্মাপেক্ষয়া যদিত্রস্ত জ্ঞানাধিক্যং স্বামিভির্দর্শিতং তদপি যুক্তমেব মন্তব্যং ॥ ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সৃষ্ট্যাদ্যর্থং ব্রহ্মাদি ভেদমতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া স্বরূপাবস্থানেনতু বিনিবর্ত্তিতো ভ্রমরূপো গুণাত্মা গুণবুদ্ধি র্যত্র তস্মৈ। আত্মা যত্নো ধৃতি র্বুদ্ধিরিত্যমরঃ ॥ ৩৬ ॥

ব্রহ্মোবাচেতি তত্রত্যোপযোগী কর্ম্মপ্রতিপাদকো বেদঃ বেদস্তত্বং তপোব্রহ্মেত্যমরঃ। শ্রিতং সত্বং সত্বগুণোয়ং ধর্ম্ম জ্ঞান বৈরাগ্যৈশ্বর্য্যাণাং সূতয়ে উৎপত্ত্যৈ কাষ্ঠাং তত্বং অপরেপি জ্ঞানপ্রতিপাদকা বেদাশ্চ ন বিদুঃ কিমুতৈতে ইতি কর্ম্মিষু জ্ঞানিষু চ কটাক্ষঃ ॥ ৩৭ ॥

যজ্ঞকুণ্ডস্থোঽগ্নিরাহ যত্তেজসেতি স্বধ্বরে প্রশস্ত যজ্ঞে হব্যং হবির্বহামি কেবলং নতু তব তত্বং জানামীতি জ্ঞানাভিমানিষু যাজ্ঞিকেষু কটাক্ষঃ। তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং পঞ্চবিধমৈশ্বেতরেয়ক উক্তং। স এব যজ্ঞঃ। পঞ্চবিধোঽগ্নিহোত্রং দর্শপৌর্ণমাসচাতুর্মাস্যানি পশুসোম ইতি পঞ্চভি র্যজুর্ভি র্মন্ত্রৈঃ স্বিষ্টং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং যজেতি

নমস্কার করি ॥ ৩৬ ॥

তৎপরে যজ্ঞোপযোগি কর্ম্ম প্রতিপাদক বেদ এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! আপনি সত্বগুণ স্বীকার করিয়াছেন, এই কারণে ধর্ম্মাদি প্রসব করিয়া থাকেন আপনাকে নমস্কার করি। বিভো! আপনি নির্গুণও হয়েন, আপনাকে নমস্কার। প্রভো! একের সগুণত্ব নির্গুণত্ব যদিও সম্ভব হয় না তথাচ আপনাতে কিছুই দুর্ঘট নহে, যে হেতু আপনার তত্ত্ব আমি জানি না এবং ব্রহ্মাদি দেবগণও তাহা অবগত নহেন ॥ ৩৭ ॥

তদনন্তর যজ্ঞকুণ্ডস্থ অগ্নি ঐ যজ্ঞমূর্ত্তি ভগবানকে প্রণাম করিয়া কহিলেন, যাঁহার তেজঃ দ্বারা আমার তেজঃ সুষ্ঠু রূপে প্রদীপ্ত হইয়া থাকে যাঁহার প্রশস্ত যজ্ঞ সকলে ঘৃতাক্ত হবিঃ (হোমীয় দ্রব্য) আমি হবন করি, সেই যজ্ঞপালক যজ্ঞমূর্ত্তি ভগবানকে নমস্কার করি, তিনি অগ্নিহোত্র, দর্শ, পৌর্ণমাস, চাতু-

তং যজ্ঞিয়ং পঞ্চবিধঞ্চ পঞ্চভিঃ স্বিষ্টং যজুর্ভিঃ প্রণতোঽস্মি যজ্ঞং ॥ ৩৮ ॥

শ্রীদেবা উচুঃ ॥

পুরা কল্পাপায়ে স্বকৃতমুদরীকৃত্য বিকৃতং ত্বমেবাদ্যস্তস্মিন্ সলিল উরগেন্দ্রাধিশয়নে।

পুমান্ শেষে সিদ্ধৈর্হৃদিবিমৃশিতাধ্যাত্মপদবিঃ সএবাদ্যাক্ষ্ণোর্যঃ পথি চরসি ভৃত্যানবসিনঃ ॥ ৩৯ ॥

গন্ধর্ব্বাপ্সরস উচুঃ।

অংশাংশাস্তে দেব মরীচ্যাদয় এতে ব্রহ্মেন্দ্রাদ্যা দেবগণা রুদ্রপুরোগাঃ।

ক্রীড়াভাণ্ডং বিশ্বমিদং যস্য বিভূমন্ তস্মৈ নিত্যং নাথ নমস্তে করবাম ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

যজে ইতি দ্ব্যক্ষরং যে যজামহে ইতি পঞ্চাক্ষরং দ্ব্যক্ষরো বষট্কার ইতি স্মৃতিশ্চ। চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়তেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি ॥ ৩৮ ॥

দেবাস্তু সত্যং বয়মপি দেবাঃ তথাপি জগদাদ্যস্ত্বয়োত্বমেব নান্যঃ কশ্চিদিত্যাহুঃ পুরেতি। কল্পাপায়ে প্রলয়ে বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য সংহৃত্য ত্বমেবাদ্যঃ পুমান্ উরগেন্দ্র এবাধিকং শয়নং শয্যা তস্মিন্ শেষে শয়নং করোষি। সিদ্ধৈর্জনলোকাদিবাসিভিঃ বিমৃশিতা বিচিন্তিতা অধ্যাত্মপদবী জ্ঞান মার্গোযস্য স এব ত্বং স ইদানীং অক্ষ্ণোঃ পথি চরসি প্রত্যক্ষোসি অবসি রক্ষসি ॥ ৩৯ ॥

গন্ধর্ব্বাপ্সরসস্তু বয়ং ভিন্না কেবলং সর্ব্বানপি পরমেশ্বরত্বেন উপশ্লোকয়ামঃ ত্বমেবতু পরমেশ্বরঃ অন্যেতু ত্বদংশা এবেত্যাহুঃ। অংশাংশা ইতি। হে ভূমন্ মহত্তম ক্রীড়াভাণ্ডং ক্রীড়োপকরণং বিশ্বং ব্রহ্মাণ্ডং যস্য তস্মৈ তে নমনং কুর্ম্মঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বাভ্যাং যে যজামহ ইতি পঞ্চাক্ষরঃ দ্ব্যক্ষরোবষট্কার ইতি স্মৃতিশ্চ চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়তেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি যজ্ঞঃ যজ্ঞমূর্ত্তিঃ ॥ ৩৮ ॥

স্বকৃতং স্বসৃষ্টং বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য উদরস্থী কৃত্য বিমৃশিতা অধ্যাত্মপদবী জ্ঞানমার্গো যস্য সঃ। ভৃত্যান্ অবসি পালয়সীতি পথি চরসীত্যাভ্যাং দ্বাভ্যাং ত্বৎপালিতৈর্ভৃত্যৈরেব ত্বং দৃশ্যসে জ্ঞায়সে নান্যৈরিতি যাজ্ঞিককর্ম্মিষু জ্ঞানিষুচ কটাক্ষঃ ॥ ৩৯

ভৃত্যমেব নিত্যং নমঃ করবামেতি বয়ং যস্য সভাং প্রবিশাম তমেব পরমেশ্বরত্বেন স্তবাম। অপি তেষাং ত্বদংশাংশত্বাত্ত্বামেব বস্তুতঃ স্তবামেতি তে স্বস্বীশ্বরাভিমানিন এব নত্বীশ্বরা ইতি ব্রহ্মাদিষু কটাক্ষঃ ॥ ৪০ ॥

র্মাস্য এবং পশুসোম এই পঞ্চ বিধ যজ্ঞেরই স্বরূপ এবং ঐ পঞ্চ প্রকার যজ্ঞ মন্ত্র দ্বারাই সুন্দর রূপে পূজিত হন ॥ ৩৮ ॥

তদনন্তর দেবগণ এই বলিয়া স্তব করিলেন, প্রভো! আপনিই আদ্য পুরুষ, প্রলয়কালে আপনিই সমস্ত কার্য্য উদরের মধ্যে সংহার করিয়া জলোপরি অনন্ত শয্যায় শয়ন করেন। সে সময় জনলোক নিবাসি সিদ্ধগণ সবিস্ময় চিত্তে আপনার জ্ঞান মার্গ চিন্তা করিয়া থাকেন। প্রভো! আপনি সেই পুরুষ, এক্ষণে আমাদের নয়ন গোচর হইলেন এবং আমরা যে আপনার ভৃত্য আমাদিগকে রক্ষা করিতেছেন ॥ ৩৯ ॥

তৎপরে গন্ধর্ব্ব ও অপ্সরাগণ স্তব করিয়া কহিতে লাগিলেন, হে দেব। এই সকল মরীচি প্রভৃতি প্রজাপতি এবং রুদ্র প্রমুখ ব্রহ্মা ইন্দ্র ইত্যাদি দেবতা, এই সমুদায় যাঁহার অংশ অথবা অংশের অংশ। অপর এই ব্রহ্মাণ্ড যাঁহার ক্রীড়া ভাণ্ড, আপনি সেই মহত্তম পুরুষ আপনাকে নিত্য নমস্কার করি ॥ ৪০

শ্রীবিদ্যাধরা ঊচুঃ ॥

ত্বন্মায়য়ার্থমভিপদ্য কলেবরেঽস্মিন্ কৃত্বা মমাহমিতি দুর্ম্মতিরুৎপথৈঃ স্বৈঃ।
ক্ষিপ্তোপ্যসদ্বিষয় লালস আত্মমোহং যুষ্মৎ কথামৃতনিষেবক উদ্ব্যুদস্যেৎ ॥ ৪১ ॥

শ্রীব্রাহ্মণা ঊচুঃ ॥

ত্বং ক্রতুস্ত্বং হবিস্ত্বং হুতাশঃ স্বয়ং ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভপাত্রাণিচ।
ত্বং সদস্যর্ত্বিজো দম্পতী দেবতা অগ্নিহোত্রং স্বধা সোম আজ্যং পশুঃ ॥ ৪২ ॥
ত্বং পুরা গাং রসায়া মহাশূকরো দংষ্ট্রয়া পদ্মিনীং বারণেন্দ্রো যথা।
স্তূয়মানো নদল্লীলয়া যোগিভি র্ব্যুজ্জহর্থ ত্রয়ীগাত্র যজ্ঞক্রতুঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

বিদ্যাধরাস্তু কেবলং বিদ্যাভিঃ সম্পদঃ প্রাপ্যাস্তে। অহঙ্কারাদি ব্যামোহ নিবৃত্তিস্তু তৎকথা শ্রবণং বিনা নাস্তীত্যাহুঃ। অর্থং পুরুষার্থসাধনং কলেবরং অভিপদ্য প্রাপ্য ত্বন্মায়য়াঽস্মিন্ মমেত্যহমিতি চাভিমানং কৃত্বা ইমমাত্মমোহং যুষ্মৎ কথামৃত নিষেবক উৎ উচ্চৈঃ ব্যুদস্যেৎ পরিত্যজেৎ নান্যঃ নতু স্বৈঃ পুত্রাদিভিরধিক্ষিপ্তো দুঃখিতঃ সন্ পরিত্যজেদেব নেত্যাহঃ ক্ষিপ্তোপি দুর্ম্মতিঃ অসৎসু বিষয়েষেব লালসা তৃষ্ণা যস্য সঃ ॥ ৪১ ॥

ব্রাহ্মণা স্তুবন্তি ত্বমিতি ত্রিভিঃ। সদস্যাশ্চ ঋত্বিজশ্চ ॥ ৪২ ॥

গাং পৃথ্বীং রসায়া রসাতলাৎ দংষ্ট্রয়া ব্যুজ্জহর্থ বিশেষেণ উদ্ধৃতবানসি। যোগিভিঃ স্তূয়মানঃ। হে ত্রয়ীগাত্র বেদমূর্ত্তে। যজ্ঞোযাগঃ সযূপঃ তদ্বিশেষঃ ক্রতুঃ তদ্রূপী যজ্ঞসংকল্পরূপ ইতি বা। যজ্ঞঃ ক্রতুঃ কর্ম্ম যস্যেতি বা ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অর্থং বিষয়মভিপদ্য প্রাপ্য মমাহমিত্যভিমানঞ্চ কৃত্বা দুর্ম্মতিঃ স্বৈঃ পুত্রাদিভিঃ ক্ষিপ্তোপ্যসদ্বিষয় লালসএব ইমমাত্মমোহং যুষ্মৎকথামৃতনিষেবকঃ সন্ উচ্চৈ র্ব্যুদস্যেৎ পরিত্যজেন্নান্যঃ ইতি শুষ্কজ্ঞানিষু কটাক্ষঃ ॥ ৪১ ॥

সদস্যাশ্চ ঋত্বিজশ্চ তে ॥ ৪২ ॥

ত্রয়ীগাত্র হে বেদমূর্ত্তে যজ্ঞঃ সযূপঃ ক্রতু র্নির্যূপঃ ॥ ৪৩ ॥

তৎপশ্চাৎ বিদ্যাধরেরা এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! পুরুষার্থ সাধন এই কলেবর প্রাপ্ত হইয়া ইহাতে আপনার মায়া বশতঃ "আমি আমার" ইত্যাদি অভিমান করিয়াও যে ব্যক্তি আপনার কথা রূপ অমৃত পান করে, কেবল সেই জন ঐ মোহ পরিত্যাগ করিতে পারে, অন্য কাহারও সাধ্য নাই। প্রভো! উৎপথগামী পুত্রাদি কর্ত্তৃক অধিক্ষিপ্ত হইলেও কোন কোন ব্যক্তির গুরুতর দুঃখ উপস্থিত হয়, কিন্তু তাহাতেও তাহার মোহ পরিত্যাগ হয় না, যে হেতু সে অসদ্বিষয়েতেই লালসান্বিত ॥৪১

পরে ব্রাহ্মণ সকল স্তব করিয়া বলিতে লাগিলেন, প্রভো! আপনিই যজ্ঞ, আপনিই হবিঃ, আপনিই হুতাশন, আপনিই মন্ত্র, আপনিই সমিৎ অর্থাৎ যজ্ঞ কাষ্ঠ, আপনিই কুশ, আপনিই যজ্ঞপাত্র, আপনিই সদস্য, আপনিই ঋত্বিক্, আপনিই যজমান স্বরূপ, আপনিই দেবতা, আপনিই অগ্নিহোত্র, আপনিই স্বধা, আপনিই সোমরস, আপনিই আজ্য, আপনিই যজ্ঞীয় পশু ॥ ৪২ ॥

হে বিভো! এই ধরা পূর্ব্বে রসাতল গতা হইতেছিল, একারণ যেমন হস্তী অবলীলাক্রমে পদ্মিনীর উদ্ধার করে, তাহার ন্যায় আপনি মহাশূকর মূর্ত্তিতে লীলা করিয়া গর্জ্জন করিতে করিতে দন্তাগ্রভাগ দ্বারা ইহার উদ্ধার করিয়াছেন। হে বেদমূর্ত্তে! যজ্ঞই আপনার কর্ম্ম, আপনার ঐ কার্য্য দর্শন করিয়া যোগিগণ কতই স্তব করিয়াছিলেন ॥ ৪৩ ॥

স প্রসীদ ত্বমস্মাকমাকাঙ্ক্ষতাং দর্শনং তে পরিভ্রষ্টসৎকর্ম্মণাং ।
কীর্ত্ত্যমানে নৃভির্নাম্নি যজ্ঞেশ তে যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি দক্ষ কবির্যজ্ঞং ভদ্র রুদ্রাভিমর্শিতং । কীর্ত্ত্যমানে হৃষীকেশে সন্নিন্যে যজ্ঞভাবনে ॥ ৪৫ ॥
ভগবান্ স্বেন ভাগেন সর্ব্বাত্মা সর্ব্বভাগভুক্ । দক্ষং বভাষ আভাষ্য প্রীয়মাণ ইবানঘ ॥ ৪৬ ॥

শ্রীভগবানুবাচ ॥

অহং ব্রহ্মাচ শর্ব্বশ্চ জগতঃ কারণং পরং । আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ং দৃগবিশেষণঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী ।

স ত্বমস্মাকং তদ্দর্শনমাকাঙ্ক্ষতাং প্রসীদ অস্মদযজ্ঞমপ্যুদ্ধরেত্যর্থঃ । নচাশক্যং তবৈতৎ যতস্তব নাম্নি কীর্ত্ত্যমান এব যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি এবং প্রভাবো যস্য তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

ইত্যনেন প্রকারেণ সর্ব্বৈঃ কীর্ত্ত্যমানে হে ভদ্র বিদুর সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

সর্ব্বাত্ম তয়া সর্ব্বভাগ ভোক্তাপি ভগবান্ নিজানন্দ তৃপ্তোপি স্বেন ভাগেন ত্রিকপাল পুরোডাশেন প্রীয়মাণ ইব দক্ষ মাভাষ্য সম্বোধ্য বভাষে ॥ ৪৬ ॥

যোঽহং জগতঃ কারণং আত্মাচেশ্বরশ্চ উপদ্রষ্টা সাক্ষীচ স্ব প্রকাশশ্চ নিরুপাধিশ্চ সএব ব্রহ্মাচ শর্ব্বশ্চেত্যন্বয়ঃ ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ ।

স্বাবতারত্বোপদেশেন ব্রহ্ম শিবাবপ্যাদরয়তি । অহমিতি ॥ ৪৭ । ৪৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নাম্নি কীর্ত্ত্যমান এব কিং পুনঃ কীর্ত্তিতে কিস্তরাং তৎ সাক্ষাৎ সন্নিধৌ যজ্ঞবিঘ্না রুদ্রানুচরা ইতি তেষু কটাক্ষঃ । অত্র স্তাবকানামন্যত্র কটাক্ষে ভগবতো ভক্তেশ্চ প্রায় উৎকর্ষপোষান্নদোষ আধ্যেয়ঃ ॥ ৪৪ ॥

হে ভদ্র যদ্বা ভদ্র রুদ্রেণ ভদ্রাখ্য রুদ্রেণ বীরভদ্রেণ অভিমর্ষিতং বিদূষিতং সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

ভগবত্ত্বেনানন্দ পূর্ণোপি সর্ব্বাত্মত্বেন সর্ব্বভাগ ভুগপি স্বেন ভাগেন প্রীয়মাণ ইবেতি রুদ্রাপরাধিত্বান্ন বস্তুতঃ প্রীতঃ । হে অনঘেতি নিরপরাধিন্যেব ভগবান্ প্রীণাতীত্যত্র ত্বমেব প্রমাণমিতি ভাবঃ ॥ ৪৬ ॥

মাপুনরপরাধং কার্ষীরিতি হিতমুপদিশতি অহমিতি । স্বয়ং দৃক্ স্বপ্রকাশঃ অবিশেষণঃ ত্রয়াণামস্মাকং নাস্তি বিশেষ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

অতএব আপনি সেই ভগবান্ আমাদের প্রতি প্রসন্ন হউন, আমাদের যজ্ঞ কর্ম্ম পরিভ্রষ্ট হওয়াতে আমরা আপনারই দর্শন আকাঙ্ক্ষা করিতেছিলাম, আমাদের যজ্ঞটী উদ্ধার করিয়া দিউন। হে যজ্ঞেশ! এ কর্ম্ম আপনার অশক্য নহে, যে হেতু আপনার নাম সংকীর্ত্তন করিলে যজ্ঞবিঘ্ন সকল ক্ষয় প্রাপ্ত হয়, অতএব ঈদৃশ প্রভাব শালী যে আপনি আপনার চরণে আমরা প্রণত হই ॥ ৪৪ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! এই প্রকারে ভগবান্ হৃষীকেশের গুণ কীর্ত্তন করিতে থাকিলে প্রজাপতি দক্ষ আপনার যে যজ্ঞ রুদ্র রোষে বিনষ্ট হইয়াছিল তাহা পুনর্ব্বার প্রবর্ত্ত করাইলেন ॥ ৪৫ ॥

হে অনঘ! বিষ্ণু সকলের আত্মা স্বরূপ, এ প্রযুক্ত যদিও সকলের ভাগ ভোক্তা এবং স্বয়ং ভগবান্ সুতরাং আত্মানন্দে পরিতৃপ্ত, তথাপি ঐ যজ্ঞে আপনার ভাগ ত্রিকপাল পুরোডাশ প্রাপ্ত হওয়াতে যেন সাতিশয় প্রীত হইলেন এই রূপ ভাব প্রকাশ করত দক্ষকে সম্বোধন করিয়া কহিলেন ॥ ৪৬ ॥

দক্ষ! এই যে আমি জগতের কারণ, আত্মা, ঈশ্বর, সাক্ষী, স্ব প্রকাশ এবং উপাধি শূন্য, এই আমিই ব্রহ্মা এবং আমিই শঙ্কর ॥ ৪৭ ॥

আত্মমায়াং সমাবিশ্য সোহং গুণময়ীং দ্বিজ । সৃজন্ রক্ষন্ হরন্ বিশ্বং দধ্রে সংজ্ঞাং ক্রিয়োচিতাং ॥ ৪৮
তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি । ব্রহ্মরুদ্রৌচ ভূতানি ভেদেনাজ্ঞোহনুপশ্যতি ॥ ৪৯ ॥
যথা পুমান্ন স্বাঙ্গেষু শিরঃ পাণ্যাদিষু কচিৎ । পারক্য বুদ্ধিং কুরুত এবং ভূতেষু মৎপরঃ ॥ ৫০ ॥
ত্রয়াণামেক ভাবানাং যোন পশ্যতি বৈ ভিদাং । সর্ব্বভূতাত্মনাং ব্রহ্মন্ স শান্তিমধিগচ্ছতি ॥ ৫১
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী ।

কুত ইত্যত আহ অহমেবাত্ম মায়ামধিষ্ঠায় জগৎ সৃষ্ট্যাদি কুর্ব্বন্ সচ সচ সচ সন্ ক্রিয়োচিতাং সংজ্ঞাং ধারয়ামি ॥ ৪৮ ॥
তস্মিন্ কেবলে অদ্বিতীয়ে সমানাসমান জাতীয় ভেদ রহিতে ব্রহ্মণি ময়ি ব্রহ্মরুদ্রৌ ভূতানিচ ভেদেনাজ্ঞঃ পশ্যতীত্যর্থঃ ॥ ৪৯ ॥
বিদ্বাংস্তু ভেদং ন পশ্যতীতি সদৃষ্টান্তমাহ যথেতি ॥ ৫০ ॥
তস্মাদেবমৈক্যং পশ্যন্ কৃতার্থো ভবতীত্যাহ । ত্রয়াণামেকোভাবঃ স্বরূপং যেষাং ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

স্বস্য তদুভয়েশ্বরত্বেপি সদাদরার্থং তদনন্যাম্বন্যায়েনাভেদমুপপাদয়তি । ভূতানীতি কৈমুত্যেন দৃষ্টান্তঃ ॥ ৪৯ ॥
প্রকাশশ্চ নিরুপাধিশ্চ সএব ব্রহ্মা চ সর্ব্বশ্চেত্যন্বয়ঃ সসর্ব্বস্য মদাত্মকত্বান্মং পরস্তু ভূতেষপি স্বাঙ্গেষিব মমতামেব করোতীত্যাহ । যথেতি ॥ ৫০ ॥
ত্রিদেব্যাস্তু পৃথগীশ্বরত্বমপশ্যন্নেব কৃতার্থো ভবতীত্যাহ । ত্রয়াণাং একঃ পুরুষস্যৈব ভাবঃ পার্থিবাদ্দারুণোধূম ইতি ন্যায়েন যথা যথং প্রাকট্যং যেষু তেষাং । সর্ব্বভূতস্য আত্মনাং তত্তৎ কার্য্যে প্রবর্ত্তকানাং ॥ ৫১ । ৫২ । ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নমু পরমেশ্বরঃ খল্বেকএব সচ ভবানেব শাস্ত্রেষুচ্যত ইতি তত্রাহ আত্মেতি সমাবিশ্যাধিষ্ঠায় স প্রসিদ্ধো গুণাতীত এক এবাহং ক্রিয়াঃ সৃষ্টিস্থিতি সংহৃতয় স্তাসু সমুচিতাং সংজ্ঞাং স্রষ্টেতি পালক ইতি সংহর্ত্তেত্যাখ্যাং ॥ ৪৮ ॥
নমু ব্রহ্মণো হিরণ্যগর্ভত্বেন জীবত্বাৎ রুদ্রস্যেশ্বরত্বেপি গুণস্পর্শাৎ কথং তয়োস্ত্বদভেদ স্তত্র কৈমুত্যন্যায়েনাহ ব্রহ্ম রুদ্রৌচেতি ভূতানি জীবানপি অজ্ঞ এব ভেদেন পশ্যতি নতু বিজ্ঞঃ কিমুত ব্রহ্মরুদ্রৌ ভূতানাং মদীয় তটস্থ শক্তিত্বাৎ ব্রহ্মরুদ্রয়োর্গুণাবতার ত্বাত্মদভেদ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥
ভূতানিতু মদ্ভক্তোপি স্বাভেদেন পশ্যেদিত্যাহ স্বশিরঃ পাণ্যাদিষু সুখদুঃখে যথা তথৈব সর্ব্বভূতেষপি সুখ দুঃখে পশ্যেদিত্যেব ভক্তানামভেদ দর্শনমিত্যর্থঃ ॥ ৫০ ॥
অভেদদর্শনস্য ফলমাহ ত্রয়াণামিতি ॥ ৫১ ॥

যে হেতু আমিই গুণময়ী আত্ম মায়ায় অধিষ্ঠান করিয়া এই বিশ্বের সৃষ্টি স্থিতি সংহার নিমিত্ত ঐ তিন ক্রিয়ার উপযুক্ত নাম ধারণ করিয়া থাকি ॥ ৪৮ ॥

অতএব আমি অদ্বিতীয়, স্বজাতীয় বিজাতীয় ভেদ শূন্য, পরম ব্রহ্ম স্বরূপ, অজ্ঞ ব্যক্তিরা আমাতে ব্রহ্ম, রুদ্র এবং ভূত এই প্রকার ভেদ দর্শন করে ॥ ৪৯ ॥

পরন্তু যে পুরুষ বিদ্বান্ তাঁহার যেমন আপনার মস্তক হস্তাদি অঙ্গেতে পরকীয় বুদ্ধি হয় না, তাহার ন্যায় মৎপর ব্যক্তি প্রাণি সকলে ভেদ জ্ঞান করেন না ॥ ৫০ ॥

অতএব আমাদের তিন জনের একই স্বরূপ এবং আমরা সকল প্রাণির আত্মা, যে ব্যক্তি আমাদের তিন জনের মধ্যে ভেদ দর্শন না করে সে শান্তি প্রাপ্ত হয় ॥ ৫১ ॥

এবং ভগবতাদিষ্টঃ প্রজাপতিপতির্হরিং। অর্চ্চিত্বা ক্রতুনা স্বেন দেবানুভয়তোঽযজৎ ॥ ৫২ ॥
রুদ্রঞ্চ স্বেন ভাগেন হ্যুপাধাবৎ সমাহিতঃ। কর্ম্মণোদবসানেন সোমপানিতরানপি ॥ ৫৩ ॥
উদবস্য সহর্ত্বিগ্‌ভিঃ সস্নাববভৃথং ততঃ ॥ ৫৪ ॥
তস্মা অপ্যনুভাবেন স্বেনৈবাবাপ্তরাধসে। ধর্ম্মএব মতিং দত্ত্বা ত্রিদশাস্তে দিবং যযুঃ।
এবং দাক্ষায়ণী হিত্বা সতী পূর্ব্ব কলেবরং। জজ্ঞে হিমবতঃ ক্ষেত্রে মেনায়ামিতি শুশ্রুম ॥ ৫৫ ॥
তমেব দয়িতং ভূয় আবৃঙ্‌ক্তে পতিমম্বিকা। অনন্য ভাবৈকগতিং শক্তিঃ সুপ্তেব পূরুষং ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী

স্বেন ক্রতুনা ত্রিকপালেষ্ট্যা উভয়তোঽঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥
স্বেন ভাগেন যজ্ঞাবশিষ্টেন উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন কর্ম্মণা সোমপানিতরানপি উপাধাবদিত্যন্বয়ঃ ॥ ৫৩ ॥
ততশ্চ উদবস্য কর্ম্ম সমাপ্য অবভৃথ রূপং যথা ভবতি তথাস্নাতবান্ ॥ ৫৪ ॥
স্বেনৈবানুভাবেনাবাপ্ত রাধসে প্রাপ্তসিদ্ধয়ে তস্মা অপি ॥ ৫৫ ॥
আবৃঙ্‌ক্তে ভজতেস্ম অনন্য ভাবানামেকৈব গতির্যস্তং। প্রলয়কালে সুপ্তা শক্তিরীশ্বরমিব ॥ ৫৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

উদবস্যোত্যর্দ্ধকঃ ॥ ৫৪। ৫৫। ৫৬। ৫৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রজাপতিপতির্দক্ষঃ উভয়তঃ অঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥
উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন ॥ ৫৩ ॥
উদবস্য সমাপ্য অবভৃতস্নানং চকারেত্যর্থঃ ॥ ৫৪ ॥
তস্মৈ দক্ষায় অবাপ্ত রাধসে প্রাপ্তসিদ্ধয়ে ॥
মেনায়াং মেনকায়াং ॥ ৫৫ ॥
আবৃঙ্‌ক্তে ভজতেস্ম নবিদ্যতেঽন্যস্মিন্ ভাবো যস্যাঃ সা। এবং পতিরূপং প্রলয়কালে সুপ্তা শক্তিঃ পুরুষমীশ্বরমদ্ভুতমিব ॥
বৃহস্পতেঃ শিষ্যাদুদ্ধবাৎ সকাশাৎ ॥ ৫৬। ৫৭। ৫৮ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর। ভগবান্ বিষ্ণু এই প্রকার আদেশ করিলে প্রজাপতি দিগের পতি দক্ষ ত্রিকপাল যজ্ঞ রূপ অসাধারণ যাগ দ্বারা ভগবান্ হরির অর্চ্চনা করিয়া পরে অঙ্গ এবং প্রধান উভয় বিধ যজ্ঞ করণক দেবতাদিগের পূজা করিলেন ॥ ৫২ ॥

অনন্তর সমাহিত চিত্তে রুদ্রেরও নিজ ভাগ অর্থাৎ যজ্ঞাবশিষ্ট অংশ প্রদান পূর্ব্বক সপর্য্যা করিয়া সমাপনীয় কর্ম্ম দ্বারা সোমপায়ি ও অন্যান্য দেবতাদিগের পূজা করিলেন ॥ ৫৩ ॥

তাহার পরে কর্ম্ম সমাপন হইলে, ঋত্বিগ্‌গণের সহিত দক্ষ অবভৃথ স্নান করিলেন ॥ ৫৪ ॥

বৎস বিদুর। যদিও দক্ষের স্বীয় মাহাত্ম্য দ্বারাই সিদ্ধি লাভ হইল তথাচ তাঁহাকে ধর্ম্ম বিষয়ে মতি দিয়া দেবতারা যজ্ঞ সমাপনান্তে স্বর্গে গমন করিলেন। বৎস। আমরা এরূপ শ্রুত হইয়াছি যে দাক্ষায়ণী সতী এই প্রকারে আপনার পূর্ব্ব কলেবর পরিত্যাগ করিয়া হিমালয়ের ক্ষেত্র মেনকার গর্ব্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥ ৫৫ ॥

কিন্তু প্রলয় কালীন সুপ্তা শক্তি যেমন ঈশ্বরকে পুনর্ব্বার প্রাপ্ত হয়,তাঁহার ন্যায় ঐ অম্বিকা পুনর্ব্বার সেই প্রিয়তম পতিকেই প্রাপ্ত হইয়াছিলেন,যে হেতু যে সকল ব্যক্তি অনন্যভাব,ভগবান্ ভব তাঁহাদের এক মাত্র গতি ॥ ৫৬ ॥

এতদ্ভগবতঃ শম্ভোঃ কর্ম্ম দক্ষাধ্বরদ্রুহঃ। শ্রুতং ভাগবতাচ্ছিষ্যাদুদ্ধবাদ্মে বৃহস্পতেঃ ॥ ৫৭ ॥
ইদং পবিত্রং পরমীশচেষ্টিতং যশস্যমায়ুষ্যমঘৌঘমর্ষণং।
যোনিত্যদাকর্ণ্য নরোঽনুকীর্ত্তয়েদ্ধুনোত্যঘং কৌরব ভক্তিভাবতঃ ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দক্ষযজ্ঞ সন্ধানং সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥
সনকাদ্যা নারদশ্চ ঋভুর্হংসোঽরুণির্যতিঃ। নৈতে গৃহান্ ব্রহ্মসুতা হ্যাবসন্নূর্দ্ধরেতসঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

বৃহস্পতেঃ শিষ্যান্মযা শ্রুতং ॥ ৫৭ ॥
পরং পবিত্রং য আকর্ণ্য তথানুকীর্ত্তয়েৎ। স আত্মনঃ পরস্যাপি অঘং সংসার ব্যসনং সর্ব্বদা ধুনোতি ॥ ৫৮ ॥
॥ * ॥ ইতি চতুর্থে সপ্তমঃ ॥ * ॥
দক্ষকন্যাঃ প্রাপ্তা দক্ষযজ্ঞকথোদিতা। মনুপুত্রাম্বয়ে প্রাপ্তা ধ্রুবচর্য্যাথ পঞ্চভিঃ। অষ্টমে গুরুদারোক্তি রোষ মৎসরতঃ পুরাৎ। নির্গতেন ধ্রুবেণাহ তপসা তোষণং হরেঃ ॥ ০ ॥
এবং তাবন্মনুকন্যান্বয়োক্ত্যৈব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণাং বংশা বর্ণিতাঃ। তত্রাবশিষ্টং কিঞ্চিদাহ সনকাদ্যা ইতি। নাবসন্

ক্রমসন্দর্ভঃ।

ভাবন ইতি চিৎসুখ পাঠান্তরং ॥ ৫৮ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃতক্রমসন্দর্ভস্য সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥
এবং শ্রীকর্দ্দমকন্যা রূপাণাং সাত্বিকশক্তিদেবীনাং বিবরণমুক্তা তামসশক্তিদেবীনামাহ। মৃষেতি। নির্ঋতি নৈর্ঋত কোণাধিপতিঃ ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
বিমাতুর্বাগ্বিষপ্লুষ্টো মাতুর্বাগমৃতাপ্লুতঃ। ধ্রুবোঽষ্টমে মধুবনে তপসাতোষয়দ্ধরিং ॥ * ॥
তদেবং মনোঃ কন্যাবংশোক্ত্যৈব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণামপি বংশা বর্ণিতাঃ। ইদানীং তস্য পুত্রবংশে বক্তব্যেপি নাব-

---

বৎস। দক্ষযজ্ঞবিনাশকারি ভগবান্ ভবের এই সমস্ত কর্ম্ম বৃহস্পতির শিষ্য উদ্ধবের প্রমুখাৎ আমি শ্রবণ করিয়াছি ॥ ৫৭ ॥

হে কৌরব্য। ভগবান্ মহেশ্বরের এই চরিত্র পরম পবিত্র এবং যশস্কর ও আয়ুর্ব্বর্দ্ধক, ইহাতে পাপ সমূহ বিনষ্ট হয়, যে ব্যক্তি ইহা শ্রবণ করিয়া নিত্য ভক্তিভাবে কীর্ত্তন করিবেন তাঁহার সংসার দুঃখ দূরীভূত হইবে ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তম ॥ * ॥

অষ্টমাধ্যায়ে বিমাতার দুর্বাক্যে রোষ বশতঃ মৎসরী হইয়া পুর হইতে নির্গমন পূর্ব্বক ধ্রুবের তপস্যা এবং তদ্দ্বারা ভগবান্ হরির পরিতোষণ ॥ ০ ॥

মুনিবর মৈত্রেয় পূর্ব্বোক্ত প্রকারে মনুকন্যাদিগের বংশ বর্ণন দ্বারা ব্রহ্মপুত্র মরীচ্যাদির বংশ বর্ণন করিয়া এক্ষণে অবশিষ্ট বিষয়ের বর্ণন করিতে প্রবৃত্ত হইলেন। অতএব বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস। সনকাদি মুনিগণ এবং নারদ, ঋভু, অরুণি, যতি, এই সকল মুনি ইহাঁরা ব্রহ্মপুত্র,

মৃষা ধর্ম্মস্য ভার্য্যাসীদ্দম্ভং মায়াঞ্চ শত্রুহন্। অসূত মিথুনং তত্তু নিঋ্ঁতি র্জগৃহেঽপ্রজাঃ ॥ ২ ॥
তয়োঃ সমভবল্লোভো নিকৃতিশ্চ মহামতে। তাভ্যাং ক্রোধশ্চ হিংসাচ যদ্দুরুক্তিঃ স্বসা কলিঃ ॥৩
দুরুক্তৌ কলিরাধত্ত ভিয়ং মৃত্যুঞ্চ সত্তম। তয়োশ্চ মিথুনং যজ্ঞে যাতনা নিরয়স্তথা ॥ ৪ ॥
সংগ্রহেণ ময়াখ্যাতঃ প্রতিসর্গস্তবানঘ। ত্রিঃ শ্রুত্বৈতৎ পুমান্ পুণ্যং বিধুনোত্যাত্মনোমলং ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

নাশ্রিতাঃ ঊর্দ্ধরেতসো নৈষ্ঠিকাঃ অতস্তেষাং বংশোনাস্তি ॥ ১ ॥

অধর্ম্মোপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ মৃষেতি চতুর্ভিঃ। দম্ভঃ পরপ্রতারণং মায়া তদুচিতা চেষ্টা তয়োঃ সোদরয়োরপি দাম্পত্য মধর্ম্মাংশতয়া। এবমুপর্য্যপি অপ্রজাঃ অপুত্রঃ নিঋ্ঁতি স্তন্মিথুনং ॥ ২ ॥

নিকৃতিঃ শঠতা যৎ যাভ্যাং কলিঃ তস্য স্বসা দুরুক্তিশ্চেত্যর্থঃ ॥ ৩ ॥ যাতনা তীব্রবেদনা ॥ ৪ ॥

প্রতিসর্গোঽনুসর্গ এব যদ্বা প্রতিসর্গঃ প্রলয়ঃ অধর্ম্মস্য প্রলয় হেতুত্বাৎ প্রতিসর্গত্বং এতৎ এতমধর্ম্মবংশং পুণ্যমিতি বর্জন দ্বারা পুণ্যহেতুত্বাৎ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাদবশিষ্টানাং ব্রহ্মপুত্রাণাং বংশজিজ্ঞাসায়ামাহ। সনকাদ্যা ইতি ॥ ১ ॥

অধর্ম্মোপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ। মৃষেতি হে শত্রুহন্নিতি অধর্ম্ম এব শত্রু স্তং ভবদ্বিধ এব হন্তীত্যর্থঃ। দম্ভঃ পরপ্রতারণং মায়া তদুচিতা ক্রিয়া তয়োঃ। সোদরয়োরপি দাম্পত্যমধর্ম্মাংশতয়া নিঋ্ঁতির্নৈঋ্ঁতকোণাধিপতিঃ ॥ ২ ॥

নিকৃতিঃ শঠতা যৎ যাভ্যাং কলিশ্চ তস্য স্বসা দুরুক্তিশ্চ ॥ ৩ ॥

এবমত্র শাস্ত্রে ভক্তেরভিধেয়ত্বেন তস্যাশ্চানুকূল প্রতিকূল বস্তু জিজ্ঞাসায়াং বর্জ্জনীয়ত্বেনাধর্ম্মবংশো নরকান্ত উক্তঃ ॥ ৪ ॥

সংগ্রহেণ সংক্ষেপেণ প্রতিসর্গঃ প্রলয়ঃ। প্রলয়হেতুত্বাৎ প্রলয়ঃ হে অনঘেতি অধর্ম্মবংশোয়ং ত্বয়া নানুভূত ইতি ভাবঃ। পুণ্যমিতি বর্জ্জন দ্বারা পুণ্যকরং ॥ ৫ ॥

কদাপি দারপরিগ্রহ করেন নাই, কারণ ঊর্দ্ধরেতা ছিলেন, অতএব ইহাঁদের বংশ নাই ॥ ১ ॥

হে শত্রুনাশন বিদুর! অধর্ম্মও ব্রহ্মার পুত্র, তাঁহার ভার্য্যার নাম মিথ্যা, ঐ মিথ্যা দম্ভ (প্রতারণ) নামে এক পুত্র এবং মায়া (প্রতারণোচিতাচেষ্টা) নাম্নী এক কন্যা প্রসব করেন। বৎস! যদিও ঐ পুত্র কন্যা পরস্পর সোদর তথাচ অধর্ম্মাংশ প্রভব, এ প্রযুক্ত তাহারা পরস্পর মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ হইয়াছিল। সে যাহা হউক, নিঋ্ঁতি স্বয়ং অপুত্রক ছিলেন এ নিমিত্ত ঐ দুই পুত্র কন্যাকে গ্রহণ করিলেন ॥ ২ ॥

হে মহামতে! সেই দম্ভ এবং মায়া হইতে লোভ ও নিকৃতি (শঠতা) নামে দুইটী পুত্র কন্যা জন্মিল, তাহাদেরও পরস্পর দাম্পত্য ভাব হওয়াতে তাহাদের হইতে ক্রোধ এবং হিংসা এই মিথুন উৎপন্ন হইল। অনন্তর তাহাদের হইতে কলি (কলহ) ও তাহার ভগিনী দুরুক্তির জন্ম হয় ॥ ৩ ॥

হে সত্তম! ঐ দুরুক্তির গর্ব্ভে কলির ভীতি নামে একটী কন্যা ও মৃত্যু নামক এক পুত্র হইল, তাহারাও পরস্পর দম্পতী ভাবাপন্ন হওয়াতে, তাহাদের দুই জনের আবার যাতনা নামে এক কন্যা ও নিরয় নামে এক পুত্র জন্মে ॥ ৪ ॥

হে অনঘ! আমি তোমার নিকট সংক্ষেপে এই প্রতিসর্গ অথবা অধর্ম্ম বংশ বর্ণন করিলাম, ইহা পুণ্যের হেতু, কারণ অধর্ম্ম বর্জন করিলে পুণ্য সঞ্চার হয়। যে ব্যক্তি এই বৃত্তান্ত তিনবার শ্রবণ করিবেন তাঁহার কল্মষ সকল বিনষ্ট হইবে ॥ ৫ ॥

অথাতঃ কীর্ত্তয়ে বংশং পুণ্যকীর্ত্তেঃ কুরূদ্বহ। স্বায়ম্ভুবস্যাপি মনোর্হরেরংশাংশ জন্মনঃ ॥ ৬ ॥
প্রিয়ব্রতোত্তানপাদৌ শতরূপাপতেঃ সুতৌ। বাসুদেবস্য কলয়া রক্ষায়াং জগতঃ স্থিতৌ ॥ ৭ ॥
জায়ে উত্তানপাদস্য সুনীতিঃ সুরুচিস্তয়োঃ। সুরুচিঃ প্রেয়সী পত্যুর্নেতরা যৎ সুতো ধ্রুবঃ ॥ ৮ ॥
একদা সুরুচেঃ পুত্রমঙ্কমারোপ্য লালয়ন্। উত্তমং নারুরুক্ষন্তং ধ্রুবং রাজাভ্যনন্দত ॥ ৯ ॥
তথা চিকীর্ষমাণং তং সপত্ন্যাস্তনয়ং ধ্রুবং। সুরুচিঃ শৃণ্বতো রাজ্ঞঃ সের্ষ্যমাহাতিগর্ব্বিতা ॥ ১০ ॥
ন বৎস নৃপতে র্ধিষ্ণ্যং ভবানারোঢুমর্হতি। ন গৃহীতো ময়া যৎত্বং কুক্ষাবপি নৃপাত্মজঃ।
বালোসি বত নাত্মানমন্যস্ত্রীগর্ব্ভসংভৃতং। নূনং বেদ ভবান্ যস্য দুর্ল্লভেঽর্থে মনোরথঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মনোঃ পুত্রবংশং হরেরংশো ব্রহ্মা তস্যাংশাৎ দেহার্দ্ধাৎ জন্ম যস্য ॥ ৬ ॥
জগতো রক্ষায়াং স্থিতৌ ॥ ৭ ॥
সুনীতিঃ সুরুচিশ্চ জায়ে তয়োর্মধ্যে ॥ ৮ ॥
তয়োঃ প্রিয়াপ্রিয়ত্বে প্রপঞ্চয়ন্ ধ্রুবচরিতমাহ পঞ্চভিরধ্যায়ৈঃ। সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং লালয়ন্ ॥ ৯ ॥
তথাঙ্কারোহণং চিকীর্ষমাণং ॥ ১০ ॥
গর্ব্বোক্তিমেবাহ নেতি ত্রিভিঃ নৃপতে র্ধিষ্ণ্যমাসনং। নৃপাত্মজোপি ভবান্ নারোঢুমর্হতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেরংশাংশানাং কপিল দত্ত যজ্ঞ পৃথু ঋষভাদীনাং জন্ম যতস্তস্য ॥ ৬ ॥
বাসুদেবস্য কলয়া কলারূপেণ বিষ্ণুনা যা জগতো রক্ষা তস্যাং ক্রিয়ায়াং স্থিতৌ ॥ ৭ ॥
তয়োর্জায়য়োর্মধ্যে ॥ ৮ ॥ সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং ॥ ৯ । ১০ ॥
ধিষ্ণ্যমাসনং যদযস্মাৎ নৃপাত্মজোপি ত্বং ময়া কুক্ষৌ ন গৃহীতঃ। ত্বং বালোসাতএব নাত্মানমিত্যাদি ॥ ১১ ॥

হে কুরুবংশাবতংশ! অতঃপর স্বায়ম্ভুব মনুর পুত্রের বংশ কীর্ত্তন করি শ্রবণ কর। ঐ মনুর কীর্ত্তি অতিশয় পবিত্র, যে হেতু ভগবান্ হরির অংশ যে ব্রহ্মা তাঁহার অংশ অর্থাৎ দেহার্দ্ধ হইতে তাঁহার জন্ম হয় ॥ ৬ ॥

উক্ত স্বায়ম্ভুব মনু শতরূপার পতি, তাঁহার প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুই পুত্র হয়, ভগবান্ বাসুদেবের অংশে তাঁহাদের জন্ম, অতএব দুই জনেই জগতের রক্ষায় নিযুক্ত ছিলেন ॥ ৭ ॥

ঐ দুই মনুপুত্রের মধ্যে উত্তানপাদ দুইটী দার পরিগ্রহ করেন, তাহাদের নাম সুনীতি ও সুরুচি, তন্মধ্যে সুরুচি পতির অতিশয় প্রেয়সী হয়েন, সুনীতি তদ্রূপ হইতে পারেন নাই, তাঁহারই পুত্র ধ্রুব ॥ ৮ ॥

একদা রাজা উত্তানপাদ সুরুচির পুত্র উত্তমকে ক্রোড়ে লইয়া লালন করিতেছিলেন, তাহা দেখিয়া সুনীতি পুত্র ধ্রুবও পিতার উৎসঙ্গে আরোহণ করিতে বাঞ্ছা করিলেন, কিন্তু রাজা কোলে লওয়া দূরে থাকুক বাক্য দ্বারাও তাঁহাকে অভিনন্দনা করিলেন না ॥ ৯ ॥

সে সময় সুরুচি রাজাসনে অধ্যাসীনা ছিলেন, সপত্নী তনয় ধ্রুবকে পিতৃক্রোড়ে আরোহণার্থ ইচ্ছুক দেখিয়া অতিশয় গর্ব্বিতা হইয়া রাজার সমক্ষেই ঈর্ষা প্রকাশ পূর্ব্বক বলিতে লাগিল ॥ ১০ ॥

ওরে ধ্রুব! তুই রাজপুত্র হইলেও নৃপতির আসনে আরোহণ করিবার যোগ্য নহিস্, যে হেতু আমি তোরে গর্ব্ভে ধারণ করি নাই, তুই বালক আপনি যে রাজার অন্য স্ত্রীর গর্ব্ভে জন্মায়াছিস্, নিশ্চয় তাহা জানিস্ না, তাহাতেই এই দুর্ল্লভ বিষয়ে অভিলাষ করিতেছিস্ ॥ ১১ ॥

তপসারাধ্য পুরুষং তস্যৈবানুগ্রহেণ মে। গর্ভে ত্বং সাধয়াত্মানং যদীচ্ছসি নৃপাসনম্ ॥ ১২ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

মাতুঃ সপত্ন্যাঃ সুদুরুক্তিবিদ্ধঃ শ্বসন্ রুষা দণ্ডহতো যথাহিঃ।
হিত্বা মিষন্তং পিতরং সন্নবাচং জগাম মাতুঃ স রুদন্ সকাশং ॥ ১৩ ॥

তং নিশ্বসন্তং স্ফুরিতাধরৌষ্ঠং সুনীতিরুৎসঙ্গমুদূহ্য বালং।
নিশম্য তৎ পৌরমুখান্নিতান্তং সা বিব্যথে যদ্গদিতং সপত্ন্যাঃ ॥ ১৪ ॥

সোৎসৃজ্য ধৈর্য্যং বিললাপ শোকদাবাগ্নিনা দাবলতেব বালা।
বাক্যং সপত্ন্যাঃ স্মরতী সরোজশ্রিয়া দৃশা বাষ্পকলামুবাহ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পুরুষমীশ্বরং ॥ ১২ ॥

মিষন্তং পশ্যন্তং সন্নবাচং কুণ্ঠিতবাচং ॥ ১৩ ॥

উদূহ্য আরোপ্য অন্তঃপুরজনমুখাৎ শ্রুত্বা ॥ ১৪ ॥

শোক এব দাবাগ্নিস্তেন দাবাগ্নি গতা লতেব স্থিতা সা বালা বিলাপঞ্চকার ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরুষমারাধ্যেতি ভক্তম্মন্যোঽয়ং রাজ্ঞঃ সন্নিধৌ নতু বস্তুতো হরিভক্তোঽয়ং। ত্বমাত্মানং মম গর্ভে সাধয়েতি সংপ্রত্যেব ত্রিচতুরৈঃ পঞ্চষৈর্বা ব্রতৈর্মদ্গর্ভ প্রাপ্তি সাধনৈর্হরিং সংতোষ্য ত্বং শীঘ্রং ম্রিয়স্ব। ত্বন্মাতরমহং রুদতীং পশ্যেয়মিত্যেবং তবচ মম চ সুখং ভবিত্বিতি ভাবঃ ॥ ১২ ॥

মিষন্তং পশ্যন্তং সন্নবাচং স্ত্রৈণত্বাৎ কুণ্ঠিতবাচং ॥ ১৩ ॥

উদূহ্য আরোপ্য ॥ ১৪ ॥

দাবলতা বনলতা ॥ ১৫ ॥

অরে! যদি রাজাসনে আরোহণের বাসনা থাকে তবে এক কর্ম্ম কর, তপস্যা দ্বারা পরম পুরুষ ভগবানের আরাধনা কর্ এবং তাঁহার অনুগ্রহে আমার গর্ভে আসিয়া জন্ম লও ॥ ১২ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! বিমাতার এই প্রকার দুরুক্তি রূপ বাণে বিদ্ধ হইয়া দণ্ডাহত সর্পের ন্যায় দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন, পিতা দেখিতেছিলেন তথাচ কোন কথা কহিতে পারিলেন না, তাঁহার যেন বাক্ রোধ হইল। অতএব ধ্রুব পিতাকে পরিত্যাগ করিয়া রোদন করিতে করিতে জননী সন্নিধানে গমন করিলেন ॥ ১৩ ॥

বালক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতেছে, বাষ্প বশতঃ তাহার অধরৌষ্ঠ বারম্বার স্ফুরিত হইতেছে, দেখিয়াই সুনীতি তাঁহাকে ক্রোড়ে লইলেন, পরে সপত্নী যে সকল দুর্ব্বাক্য বলিয়াছে, সে সকল কথা যখন অন্তঃপুরস্থ লোকদিগের মুখে শুনিতে পাইলেন, তখন তাঁহার অন্তঃকরণ সাতিশয় ব্যথিত হইল ॥ ১৪ ॥

শোক রূপ দাবানল প্রজ্বলিত হওয়াতে দাবাগ্নি গতা বন লতার ন্যায় পরিম্লান হইয়া ধৈর্য্য বিসর্জ্জন পূর্ব্বক বিলাপ করিতে লাগিলেন। সপত্নীর বাক্য স্মরণ হওয়াতে তাঁহার কমল তুল্য মনোহর লোচন হইতে বাষ্পবারি বিগলিত হইতে লাগিল ॥ ১৫ ॥

দীর্ঘং শ্বসন্তী বৃজিনস্য পারমপশ্যতী বালকমাহ বালা।
মামঙ্গলং তাত পরেষু মংস্থা ভুঙ্‌ক্তে জনো যৎ পরদুঃখদস্তৎ ॥ ১৬ ॥
সত্যং সুরুচ্যাভিহিতং ভবান্মে যদ্দুর্ভগায়া উদরে গৃহীতঃ।
স্তন্যেন বৃদ্ধশ্চ বিলজ্জতে যাং ভার্য্যেতি বা বোঢ়ুমিড়স্পতির্মাং ॥ ১৭ ॥
আতিষ্ঠ তত্তাত বিমৎসরস্ত্বমুক্তং সমাত্রাপি যদব্যলীকং।
আরাধয়াধোক্ষজপাদপদ্মং যদীচ্ছসেঽধ্যাসনমুত্তমো যথা ॥ ১৮ ॥
যস্যাঙ্ঘ্রিপদ্মং পরিচর্য্য বিশ্ববিভাবনায়াত্তগুণাভিপত্তেঃ।

শ্রীধরস্বামী।

বৃজিনস্য দুঃখস্য অমঙ্গলং অপরাধং পরেষু মা মংস্থাঃ যদ্যতঃ পরেভ্যো যো দুঃখং দদাতি স স্বদত্তমেব দুঃখং ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥
দুর্ভগয়া ময়া উদরে গৃহীতঃ তস্যা এব স্তন্যেন বৃদ্ধঃ। দুর্ভগত্বমেবাহ যাং মাং ইড়স্পতি ভূপতি র্ভার্য্যেতি বোঢ়ুং স্বীকর্ত্তুং বিলজ্জতে বা শব্দাদ্দাসীত্যপি ॥ ১৭ ॥
পিতৃভার্য্যাত্বেন সমাতা মাতুঃ সপত্নী তয়া যদুক্তং তপসারাধ্য পুরুষমিত্যাদি তদাতিষ্ঠ কুরু অধ্যাসনং যদীচ্ছসি ॥ ১৮ ॥
পরিচর্য্য নিষেব্য বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিত আত্মা মনঃ শ্বসনঃ

ক্রমসন্দর্ভঃ।

বা বোঢ়ুমিতি চিৎসুখ পুণ্যারণ্যৌ। বাচা উঢ়ং বক্তুমিত্যর্থঃ ॥ ১৮ ॥
যস্যাঙ্ঘ্রীতি। পরিচর্য্য নিষেব্য আত্তা সান্নিধ্য মাত্রেণাপকৃতা গুণাভিপত্তি র্গুণসাম্যং প্রকৃতি র্যেন তস্য বন্দ্যামিত্যত্র

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমঙ্গলং দোষং বিমাত্রে মা দেহি প্রাচীন স্বকৃত দুষ্কৃত ফলমেব ত্বমন্বভূরিত্যাহ যদ্যতঃ পরেভ্যো দুঃখং দদাতি যঃ স স্বদত্তমেব ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥
গৃহীতঃ ধৃতঃ দুর্ভগত্বমেবাহ। যাং মামিড়স্পতি ভূপতির্ভার্য্যেতি বোঢ়ুং ইয়ং মে ভার্য্যা ভবতীতি বুদ্ধ্যা যো মদ্রক্ষণপালনতার বং বোঢ়ুং লজ্জতে। স্বস্থানমুরূপতা মননেনেতি ভাবঃ। বা শব্দাদ্দাসীতি ভাবমপি ॥ ১৭ ॥
মাত্রা সমা সমাতা তয়া বিমাত্রাপি ত্বদ্ধমভিলষন্ত্যাপি যদুক্তং তৎ আতিষ্ঠ কুরু। অব্যলীকং তদপি প্রিয়ং নভবতি। নহি হরি ভজনং কস্যাপ্যপ্রিয়মতো বিমৎসর তস্যাঃ দ্বেষং পরিত্যজ্যেত্যর্থঃ। মম রোদনমাজন্ম বিধাত্রা ললাটে লিখিতমেব ভবতু সুখং ভবত্বিতি ভাবঃ ॥ ১৮ ॥
নহু কিং হরিমারাধ্য তস্যাঃ পাপীয়স্যাঃ গর্ত্তং প্রবেক্ষ্যামীতি তত্র সা বরাকী খলু কা তস্যাঃ কিঙ্করত্বংপিতৈব বরাকো

সুনীতি বারম্বার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন, কোন রূপেই দুঃখের পার দেখিতে পাইলেন না, অতএব বালককে সস্নেহ সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস! এ বিষয়ে অন্যের অপরাধ মনে করিও না, যে ব্যক্তি পরকে দুঃখ দেয়, সে আপনার প্রদত্ত দুঃখই ভোগ করিয়া থাকে ॥ ১৬ ॥
সুরুচি সত্যই বলিয়াছে আমি দুর্ভগাই বটী, তুমি আমার গর্ভে ধৃত এবং আমার স্তন্য দ্বারা বর্দ্ধিত হইয়াছ, ইহাতে কি প্রকারে রাজাসন পাইবার যোগ্য হইবে? বাছা! আমি এমন দুর্ভাগা যে আমাকে ভার্য্যা বলিয়া স্বীকার করিতেও রাজার লজ্জা বোধ হয় ॥ ১৭ ॥
বৎস! তোমার বিমাতা যাহা বলিয়াছেন "তপস্যা দ্বারা পরম পুরুষ ভগবানের আরাধনা কর ইত্যাদি" তাহা যথার্থ, যদি তোমার বৈমাত্রের উত্তমের তুল্য রাজাসন আরোহণের অভিলাষ থাকে, তাহা হইলে ভগবান্ অধোক্ষজের পাদপদ্ম আরাধনা কর ॥ ১৮ ॥
বাছা! সেই ভগবান্ পরম পুরুষ বিশ্বপালনের নিমিত্ত সত্ত্বগুণের অধিষ্ঠান স্বীকার করেন,

অজোঽধ্যতিষ্ঠৎ খলু পারমেষ্ঠ্যং পদং জিতাত্মশ্বসনাভিবন্দ্যং ॥ ১৯ ॥
তথা মনুর্ব্বো ভগবান্ পিতামহো যমেকমত্যা পুরু দক্ষিণৈর্ম্মখৈঃ।
ইষ্ট্বাভিপেদে দুরবাপমন্যতো ভৌমং সুখং দিব্যমথাপবর্গ্যং ॥ ২০ ॥
তমেব বৎসাশ্রয় ভৃত্যবৎসলং মুমুক্ষুভির্ম্মৃগ্য পদাব্জপদ্ধতিং।
অনন্যভাবে নিজধর্ম্মভাবিতে মনস্যবস্থাপ্য ভজস্ব পূরুষং ॥ ২১ ॥
নান্যং ততঃ পদ্মপলাশলোচনাদ্দুঃখচ্ছিদন্তে মৃগয়ামি কঞ্চন।

শ্রীধরস্বামী

প্রাণশ্চ বৈস্তৈরভিবন্দ্যং ॥ ১৯ ॥

একমত্যা সর্ব্বান্তর্যামি দৃষ্ট্যা ॥ ২০ ॥

মৃগ্যা পদাব্জয়োঃ পদ্ধতির্ম্মার্গো যস্য তমেবাশ্রয় শরণং ব্রজ। ততো ভজস্ব নান্যস্মিন্ ভাবো যস্য তস্মিন্ নিজধর্ম্মৈর্ভাবিতে শোধিতে ॥ ২১ ॥

তমেবেত্যনেন সূচিতং সর্ব্বোত্তমত্বং প্রপঞ্চয়তি নান্যমিতি। হস্তেন গৃহীতং দীপবৎ পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

পদ্যমিতি সম্বন্ধ সম্মত পাঠান্তরং ॥ ১৯। ২০। ২১ ॥

শ্রিয়া জগদধিষ্ঠাত্র্যা হস্তগৃহীতপদ্মযেতি তল্লোচন সাম্যেনাধিকতরুচেঃ। সর্ব্ব সংপত্তি নিধানেন তেন পদ্মেন সেবাভিলাষায়া ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দীনবুদ্ধিবং ব্রহ্মপদাদপ্যুৎকৃষ্টং পদং প্রাপ্তুং পারয়িষ্যসি তদিতঃ শীঘ্রং ব্রজ হরিং ভজ মাবিষীদেত্যাহ যস্তেতি চতুর্ভিঃ বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিতাত্মশ্বসনৈ র্বিজিত মনঃ প্রাণৈর্যোগিভিরভিবন্দ্যং ॥ ১৯ ॥ একমত্যা একাগ্রবুদ্ধ্যা ॥ ২০ ॥

ভৃত্যবৎসলমিতি মদ্বিধমাতৃকোটিতোপি ত্বয়ি ভৃত্যে তস্য বাৎসল্য মুদেষ্যত্যতো দুঃখ গন্ধমপি ন প্রাপ্স্যতীতি ভাবঃ। যং ত্বমাশ্রয়িষ্যসি তস্য পদাব্জয়োঃ পদ্ধতি র্ম্মার্গএব মুমুক্ষুভির্ম্মৃগ্যতে নতু সা তৈরপি সুলভা ইতি ভাবঃ। আশ্রিত্যাচ ন অন্যস্মিন্ ভাব আসক্তি র্যস্য তাদৃশে মনসি পঞ্চবার্ষিকস্য তে কর্ম্মানধিকারাৎ নিজধর্ম্মৈর্ভক্তিধর্ম্মৈ র্ভাবিতে শোধিতে মনসি পুরুষং অবস্থাপ্য ভজস্ব ॥ ২১ ॥

সুখারাধ্যত্বাপি দেবতান্তরস্য নশ্বর ফলদায়িত্বাদ্দুঃখং নির্ম্মূলয়িতুমসমর্থস্য ভজনং পরিণাম দর্শিনাহং ত্বাং নোপদিশামীত্যাহ

তাঁহার মাহাত্ম্যের কথা কি বলিব, ব্রহ্মা তাঁহারই পাদপদ্ম পরিচর্য্যা করিয়া পারমেষ্ঠ্য পদে অধিষ্ঠিত হইয়াছেন, মনঃ ও প্রাণের জয়কারি যোগিগণ যে চরণের সতত বন্দনা করিয়া থাকেন ॥ ১৯ ॥

তথা তোমার পিতামহ ভগবান্ মনু তাঁহাকেই সর্ব্বান্তর্যামী জানিয়া প্রচুর দক্ষিণা বিশিষ্ট যজ্ঞ দ্বারা অর্চ্চনা করিতেন, তাহাতে তাঁহার অন্য দুর্ল্লভ দিব্য ও ভৌম সুখ এবং অন্তে অপবর্গ প্রাপ্তি হয় ॥ ২০ ॥

অতএব হে বৎস! তুমি তাঁহারই শরণ গ্রহণ কর, তিনি ভক্তবৎসল, মোক্ষাকাঙ্ক্ষি [illegible] তাঁহারই পাদপদ্মের পদ্ধতি অন্বেষণ করিয়া থাকেন। তদনন্তর অন্যভাব পরিত্যাগ করিয়া নিজধর্ম্ম দ্বারা শোধিত চিত্তে সংস্থাপন পূর্ব্বক তাঁহারই উপাসনা করিও ॥ ২১ ॥

বৎস! সেই পদ্মপলাশলোচন ভগবান্ ব্যতীত অন্য কাহা হইতে তোমার দুঃখ বিনাশের সম্ভাবনা দেখি না, কিন্তু তাঁহার দর্শন পাওয়া অতি দুর্ল্লভ। হে তাত! ব্রহ্মাদি দেবগণ যে কমলার অনুসন্ধান

যো মৃগ্যতে হস্তগৃহীতপদ্ময়া শ্রিয়েতরৈরঙ্গ বিমৃগ্যমাণয়া ॥ ২২ ॥

এবং সংজল্পিতং মাতুরাকর্ণ্যার্থাগমং বচঃ। সংনিযম্যাত্মনাত্মানং নিশ্চক্রাম পিতুঃ পুরাৎ।

নারদস্তদুপাকর্ণ্য জ্ঞাত্বা চাস্য চিকীর্ষিতং। স্পৃষ্ট্বা মূর্দ্ধন্যঘঘ্নেন পাণিনা প্রাহ বিস্মিতঃ ॥ ২৩ ॥

অহোতেজঃ ক্ষত্রিয়াণাং মানভঙ্গমমৃষ্যতাং। বালোপ্যয়ং হৃদা ধত্তে যৎ সমাতুরসদ্বচঃ।

শ্রীনারদ উবাচ ॥

নাধুনাপ্যবমানং তে সম্মানং চাপি পুত্রক। লক্ষয়ামঃ কুমারস্য সক্তস্য ক্রীড়নাদিষু ॥ ২৪ ॥

বিকল্পে বিদ্যমানেপি নহ্যসন্তোষহেতবঃ। পুংসোমোহমৃতে ভিন্না যল্লোকে নিজকর্ম্মভিঃ ॥ ২৫

শ্রীধরস্বামী।

সংজল্পিতং বিলাপং। অতোঽর্থস্যাগমো যস্মাৎ তথাভূতং বচশ্চাকর্ণ্য ॥২৩॥ বিস্মিত ইত্যুক্তং তদেবাহ অহোতেজঃ প্রভাবঃ ॥২৪

বিকল্পে মানাপমান বিবেকে সত্যপি ভিন্না ন সন্তি কিন্তু মোহকল্পিতা এব ত ইত্যর্থঃ। কুতঃ যৎসুখং দুঃখং বা তন্নিজ কর্ম্মভিরেব ভবতি যতঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

নারদো যদৃচ্ছয়ৈবাগতঃ সন্নিতি জ্ঞেয়ং ॥ ২৩ ॥

অহো ইতি স্বগতং বাক্যং। উবাচেত্যগ্রে স্ফুটোক্তিখ্যাপনাৎ। তেজঃ পরিভবেচ্ছা ॥ ২৪ ॥

বিকল্পে বিদ্যমানেপি অসন্তোষহেতবো মোহমৃতে ন সন্তীত্যেব। যতো অমী মোহাদভিন্নাঃ। যচ্চ সুখং দুঃখং কর্ম্মভিরিতি লোকে শ্রূয়তে তত্রচ পক্ষে তানি মোহমৃতে নসন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাস্তমিতি পদ্মপলাশেতি তস্য দৃষ্টিপাতেনৈব তপ্তবং শীতলী ভবিষ্যতীতি ভাবঃ। হস্তে গৃহীতং দীপবৎ পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥ প্রাহ স্বগতং ॥ ২৩। ২৪ ॥

বিকল্পো ভেদ স্তস্মিন্ বিদ্যমানেঽপীতি জ্ঞান যোগিনাং তাবদ্বিকল্পোনাস্ত্যেবেতি কোবাঽসন্তোষঃ কে বা তস্য হেতবঃ। ভক্তিযোগিনাং কর্ম্মযোগিনাং বিকল্পোবিদ্যত এবেতি বিদ্যমানেপি বিকল্পে পুংসোমোহং বিনা অসন্তোষস্য হেতবোঽবমানাদয় স্তৎকর্ত্তারশ্চ ভিন্না ন সন্তি কিন্তু মোহ এবেত্যর্থঃ। যদস্মাল্লোকে সর্ব্বত্র নিজ কর্ম্মভিরেবাশুভৈরসন্তোষ হেতবোঽবমানাদয়ঃ তৎ কর্ত্তারশ্চ ভবন্তীত্যাত্মানং বিনা কস্মৈ দোষোদেয় ইত্যতএব বিবেকিনো ভক্তাঃ কর্ম্মিণশ্চ কেচিন্নির্ম্মৎসরা ভবন্তীতি ভাবঃ ॥২৫

করেন সেই লক্ষ্মী আপনার হস্তে দীপ তুল্য কমল লইয়া তাঁহার অন্বেষণ করিয়া থাকেন ॥ ২২ ॥

জননীর এই প্রকার বিলাপ এবং অর্থসাধক বাক্য শ্রবণ করিয়া ধ্রুব মনোদ্বারা মনঃ সংযমন পূর্ব্বক পিতৃগৃহ হইতে নির্গত হইলেন। যখন এই বিষয়ের সম্বাদ নারদের সুগোচর হইল,তখন তিনি ধ্যান যোগে ধ্রুবের মানস জানিতে পারিয়া তাঁহার সন্নিধানে আগমন করিলেন এবং যে হস্ত সংস্পর্শে পাপ রাশি বিলয় প্রাপ্ত হয়, সেই হস্ত দ্বারা তাঁহার মস্তক স্পর্শ করিয়া মনে মনে বিস্ময় বচনে কহিতে লাগিলেন ॥ ২৩ ॥

অহো! ক্ষত্রিয়দিগের কি প্রভাব! ইহারা কিঞ্চিন্মাত্র মানভঙ্গ সহ্য করিতে পারে না, এ বালক হইয়াও বিমাতার সেই অসদ্বাক্য এখনও হৃদয়ে ধারণ করিতেছে, তাহাতেই ইহার এরূপ নির্ব্বন্ধ। অনন্তর দেবর্ষি প্রকাশ করিয়া ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, বৎস! এখন তুমি বালক, ক্রীড়াদিতে আসক্ত, এখন তোমার সম্মান বা অবমান কিছুই ত আমাদের লক্ষ্য হয় না ॥ ২৪ ॥

আর যদি তোমার মানাপমানের বিবেচনা হইয়া থাকে তথাপি মোহ ভিন্ন অসন্তোষের অন্য কারণ দেখিতে পাই না, যে হেতু, লোকে সুখ অথবা দুঃখ যে কিছু হয়, কর্ম্মই তাহার বীজ ॥ ২৫ ॥

পরিতুষ্যেত্ততস্তাত তাবন্মাত্রেণ পূরুষঃ। দৈবোপসাদিতং যাবদ্বীক্ষ্যেশ্বরগতিং বুধঃ॥ ২৬॥
অথ মাত্রোপদিষ্টেন যোগেনাবরুরুৎসসি। যৎপ্রসাদং স বৈ পুংসাং দুরারাধ্যো মতো মম॥ ২৭
মুনয়ঃ পদবীং যস্য নিঃসঙ্গেনোরু জন্মভিঃ। ন বিদুর্মৃগয়ন্তোপি তীব্রযোগসমাধিনা॥ ২৮॥
অতো নিবর্ত্ততামেষ নির্ব্বন্ধস্তব নিষ্ফলঃ। যতিষ্যতি ভবান্ কালে শ্রেয়সাং সমুপস্থিতে॥ ২৯॥
যস্য যদ্দৈববিহিতং স তেন সুখদুঃখয়োঃ। আত্মানং তোষয়ন্ দেহী তমসঃ পারমৃচ্ছতি॥ ৩০॥

শ্রীধরস্বামী।

উপশমোপদেশেন নিবর্ত্তয়তি পরিতুষ্যেদিতি ষড্ভিঃ। ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরানুকূল্যং বিনা নোদ্যমাঃ ফলহেতব ইতি জ্ঞাত্বা॥ ২৬॥

দুষ্করশ্চ তবায়মুদ্যম ইত্যাহ অথেতি দ্বাভ্যাং। যস্য প্রসাদমেব রোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি॥ ২৭॥

নিঃসঙ্গেন তীব্রযোগযুক্তেন সমাধিনা মৃগয়ন্তোপি যস্য পদবীং মার্গং নবিদুঃ সদেবো দুরারাধ্য ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ॥ ২৮॥

শ্রেয়সাং কালে বৃদ্ধত্বে। ২৯॥

সুখদুঃখয়োর্মধ্যে সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি পাপং ক্ষীয়ত ইত্যাত্মানং তোষয়ন্ তমসঃ পারং মোক্ষং প্রাপ্নোতি॥৩০

ক্রমসন্দর্ভঃ।

যত্র ফলপ্রাপকং দৈবং তত্রৈবেশ্বরানুকূল্যং ভবতীতি দৈবোপসাদিতেনৈব পরিতুষ্যেদিতি ভাবঃ। দৈবমীশ্বরো বা॥২৬।২৭।২৮

অত ইতি। বাস্তবার্থে। নির্নিশ্চিতং ফলং যত্র তথাভূতএব সন্নিবর্ত্ততাং। কালে প্রাপ্তাবসর এবাস্মিন্। যতিষ্যতীতি বর্ত্তমানসামীপ্যে॥ ২৯॥ যস্যেতি। নিষ্কাম কর্ম্মাপ্যত্রাধিকারী॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মাদ্দৈবেন প্রাচীন নিজকর্ম্মণা উপসাদিতং প্রাপিতং যাবৎ যৎ প্রমাণকং সুখং দুঃখং বা তাবন্মাত্রেণ পরিতুষ্যেৎ। বিবেকেন স্বোপার্জ্জিত বুদ্ধ্যেতি ভাবঃ। তচ্চ ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরপ্রেরিতমেব কর্ম্ম ফলতীতি জ্ঞাত্বেত্যর্থঃ॥ ২৬॥

তব তু প্রারিপ্সিতোঽয়মুদ্যমোঽতি কঠিন ইত্যাহ অথেতি। অবরোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি॥ ২৭। ২৮॥

শ্রেয়সাং কালে বয়সোবৃদ্ধত্বে॥ ২৯॥

সুখদুঃখয়োর্মধ্যে তেন সুখেন দুঃখেন বা তোষয়ন্ সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি পাপং ক্ষীয়তে ইতি বুদ্ধ্যেত্যর্থঃ। তমসঃ সংসারাৎ॥ ৩০॥

অতএব হে তাত। ঈশ্বরের গতির প্রতি দৃষ্টি রাখিয়া অর্থাৎ ঈশ্বরানুকূল্য ব্যতিরেকে কোন উদ্যম ফলদ হয় না, ইহা বিবেচনা করিয়া দৈববশতঃ যাহা উপস্থিত হয় তাবন্মাত্রেই পরিতুষ্ট হওয়া উচিত॥২৬

বৎস। তোমার এ উদ্যম অতি দুষ্কর, তুমি আপন জননীর উপদিষ্ট যোগ দ্বারা যাঁহার প্রসাদ প্রাপ্ত হইতে ইচ্ছা করিতেছ, তিনি পুরুষ মাত্রেরই অতিশয় দুরারাধ্য॥ ২৭॥

মুনিগণ নিঃসঙ্গ এবং তীব্র যোগ দ্বারা অনুসন্ধান করিয়াও বহু জন্মে তাঁহার বর্ত্ম জানিতে পারেন না॥ ২৮॥

এই কারণে তাঁহার আরাধনা অতি কঠিন, অতএব তুমি এই নিষ্ফল আগ্রহ পরিত্যাগ কর, যখন তোমার নিঃশ্রেয়সের কাল অর্থাৎ বৃদ্ধত্ব উপস্থিত হইবে তখন এ বিষয়ের নিমিত্ত যত্ন করিও॥ ২৯

তাঁহার আত্মা প্রশান্ত হইয়া জ্ঞান রূপ রসের সহিত অভিন্ন হইয়াছিল এবং তিনি অবিচ্ছিন্ন যোগ রূপ অগ্নি দ্বারা আপনার কর্ম্মমল সকল অর্থাৎ বাসনা সমূহ দগ্ধ করিয়াছিলেন, অতএব উক্ত প্রকার

অব্যবচ্ছিন্ন যোগাগ্নি দগ্ধ কর্ম্ম মলাশয়ঃ। স্বরূপমবরুন্ধানোনাত্মনোঽন্যন্তদৈক্ষত ॥ ৭ ॥
জড়ান্ধবধিরোন্মত্ত মূকাকৃতিরতন্মতিঃ। লক্ষিতঃ পথি বালানাং প্রশান্তার্চ্চিরিবানলঃ ॥ ৮ ॥
মত্বা তং জড়মুন্মত্তং কুলবৃদ্ধাঃ সমন্ত্রিণঃ। বৎসরং ভূপতিং চক্রু র্যবীয়াংসং ভ্রমেঃ সুতং ॥ ৯ ॥
স্ববীথী বৎসরস্যেষ্টা ভার্য্যাসূতষড়াত্মজান্। পুষ্পার্ণং তিগ্মকেতুঞ্চ ইষমূর্জং বসুঞ্জয়ং।
পুষ্পার্ণস্য প্রভা ভার্য্যা দোষাচ দ্বে বভূবতুঃ। প্রাতর্মধ্যং দিনং সায়মিতি হ্যাসন্ প্রভাসুতাঃ ॥১০
প্রদোষো নিশিথো ব্যুষ্ট ইতিদোষা সুতাস্ত্রয়ঃ ॥ ১১ ॥
ব্যুষ্টঃ সুতং পুষ্করিণ্যাং সর্ব্বতেজসমাদধে। স চক্ষুঃ সুতমাকূত্যাং পত্ন্যাং মনুমবাপহ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

নির্ব্বাণং শান্তং অববোধ রসেনৈকাত্ম্যং যস্য কথম্ভূতঃ অব্যবচ্ছিন্নো যো যোগঃ সএবাগ্নি স্তেন দগ্ধঃ কর্ম্মমল আশয়ো যস্য ॥ ৭ ॥
জড়াদীনামিবাকৃতির্যস্য তথা ভূতো লক্ষিতঃ। অতন্মতিঃ নতেষামিব মতি র্যস্য সর্ব্বজ্ঞত্বাৎ। প্রশান্তানি অর্চীংষি জ্বালা যস্যানলস্য তদ্বৎস্থিতঃ ॥ ৮ ॥ যবীয়াংসং উৎকলাৎ কনিষ্ঠং ॥ ৯ ॥
ইষ্টা প্রিয়া ভার্য্যা ॥ ১০ ॥ নিশিথঃ নিশীথঃ ॥ ১১ ॥
স সর্ব্বতেজা শ্চক্ষুঃ সংজ্ঞঃ মনুং সুতমবাপ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অভেদাংশমাত্রানুসন্ধানাৎ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ ॥
স চক্ষুরিত্যার্দ্ধকং। স চক্ষুঃ সংজ্ঞঃ সর্ব্বতেজাঃ সুতং চাক্ষুষং মনুত্বেনাবাপেত্যর্থঃ। বক্ষ্যতে হ্যষ্টমে। ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্র-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনঃ শুদ্ধ জীবাদন্যৎ নৈক্ষত ॥ ৭ ॥
পথি বালৈ র্জড়াদ্যাকৃতি র্লক্ষিতঃ। অতন্মতিঃ ন জড়াদীনামিব মতি র্যস্য সঃ ॥ ৮ । ৯ । ১০ । ১১ ॥
স সর্ব্বতেজাএব চক্ষুঃ চাক্ষুষং সুতং মনুমবাপেতি ব্যাখ্যেয়ং। ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্রশ্চাক্ষুষোনাম বৈ মনুরিত্যষ্টমাৎ ॥১২।১৩।১৪॥

সুবিস্তীর্ণ আনন্দময় আত্মাকে পরমব্রহ্ম জানিয়া আত্ম ভিন্ন অন্য কোন বস্তু দর্শন করিতেন না ॥ ৭ ॥

তাহাতে বালকেরা জড় অথবা অন্ধ কিম্বা বধির অথবা উন্মত্ত কিম্বা মূক এরূপ ব্যক্তির ন্যায় তাঁহার আকার দর্শন করিত, বস্তুতঃ তিনি সর্ব্বজ্ঞ ছিলেন, ইহাতে তাঁহার বুদ্ধি কোন অংশেই ঐ সকল ব্যক্তির তুল্য ছিল না, কেবল অগ্নির শিখা প্রশান্ত হইলে লোকে সেই অগ্নিকে যেমন অকর্ম্মণ্য করিয়া মানে তাহার ন্যায়, তিনি অকর্ম্মণ্য ভাবে সর্ব্বদা অবস্থিতি করিতেন ॥ ৮ ॥

তাঁহাকে ঐ প্রকার দেখিয়া কুলবৃদ্ধ এবং মন্ত্রিসকল বিবেচনা করিলেন, ইনি জড় অথবা উন্মাদ গ্রস্ত হইলেন সন্দেহ নাই, রাজা ব্যতীত রাজ্য রক্ষা হইবে না, অতএব পরামর্শ করিয়া ভ্রমির পুত্র বৎসর যদিও উৎকলের কনিষ্ঠ তথাচ তাঁহাকে রাজসিংহাসনে অভিষিক্ত করিয়া পৃথিবী শাসনের ভার সমর্পণ করিলেন ॥ ৯ ॥

অনন্তর বৎসর স্ববীথী নাম্নী কন্যার পাণিগ্রহণ করিলেন, তাহাতে তাঁহার সেই প্রিয়া ভার্য্যা ছয়টী সন্তান প্রসব করিল। তাহাদের নাম যথা পুষ্পার্ণ, তিগ্মকেতু, ইষ, ঊর্জ, বসু এবং জয়। এই ছয়ের মধ্যে পুষ্পার্ণের দুই ভার্য্যা প্রভা এবং দোষা। প্রভার তিন পুত্র, প্রাতঃ, মধ্যন্দিন এবং সায়ং ॥ ১০ ॥
দোষারও গর্ভে তিন পুত্র জন্মে তাহাদের নাম প্রদোষ, নিশীথ এবং ব্যুষ্ট ॥ ১১ ॥
এই ব্যুষ্টের ভার্য্যা পুষ্করিণী, তাহাতে ব্যুষ্ট সর্ব্বতেজাঃ নামে এক সন্তান উৎপাদন করেন, ঐ সর্ব্ব-

মনোরসূত মহিষী বিরজান্নড্বলা সুতান্। পুরুং কুৎসমৃতং দ্যুম্নং সত্যবন্তং ধৃতং ব্রতং।
অগ্নিষ্টোমমতীরাত্রং প্রদ্যুম্নং শিবিমুল্মুকং। উল্মুকোঽজনয়ৎ পুত্রান্ পুষ্করিণ্যাং ষড়ুত্তমান্।
অঙ্গং সুমনসং খ্যাতিং ক্রতুমঙ্গিরসং গয়ং। সুনীথাঙ্গস্য যা পত্নী সুষুবে বেণমুল্বণং।
যদ্দৌঃশীল্যাৎ স রাজর্ষি র্নির্ব্বিণ্ণো নিরগাৎ পুরাৎ ॥ ১৩ ॥
যমঙ্গ শেপুঃ কুপিতা বাগ্বজ্রা মুনয়ঃ কিল। গতাসো স্তস্য ভূয়স্তে মমন্থু র্দক্ষিণং করং ॥ ১৪ ॥
অরাজকে তদা লোকে দস্যুভিঃ পীড়িতাঃ প্রজাঃ। জাতো নারায়ণাংশেন পৃথুরাদ্যঃ ক্ষিতীশ্বরঃ ॥১৫

শ্রীবিদুর উবাচ ॥

তস্য শীলনিধেঃ সাধো র্ব্রহ্মণ্যস্য মহাত্মনঃ। রাজ্ঞঃ কথমভূদ্দুষ্টা প্রজা যদ্বিমনা যযৌ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

মনোর্মহিষী নড্বলা বিরজান্ শুদ্ধান্ পুরু প্রমুখান্ দ্বাদশ সুতানসূত ॥ ১৩ ॥
অঙ্গ হে বিদুর বাগেব বজ্রং যেষাং ॥ ১৪ ॥
মথনে হেতুঃ অরাজক ইতি আদ্যঃ পুরগ্রামাদীনাং তেন রচিতত্বাৎ ॥ ১৫ ॥
যৎ যস্যাঃ প্রজায়া হেতো বিমনাঃ সন্ যযৌ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্চাক্ষুষো নাম বৈ মনুরিতি। তস্মাৎ টীকায়ামপি চক্ষুঃ সংজ্ঞ ইতি প্রথমান্ত পাঠএব সম্মতঃ ॥ ১২ ॥
মনোরিতি। বৈরাজমিতি চিৎসুখঃ। বৈরাজাদীন্ সুতান্ ॥
বেণমুদ্দিশ্যেতি চিৎসুখস্যাসম্মতং ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মথনে হেতুঃ অরাজকে ইতি। জাতো মথ্যমানাৎ করাৎ। আদ্যঃ ক্ষিতীশ্বর ইতি পুরগ্রামাদি বিধায়কত্বাংশেন ॥ ১৫ ॥
যদ্বত্তো বিমনাঃ সন্ ॥ ১৬ ॥

তেজার নাম পরে চক্ষুঃ হইয়াছিল, সেই চক্ষুই আকূতি নাম্নী স্বীয় পত্নীর গর্ব্ভে মনুর জন্ম দেন ॥ ১২ ॥

মনুর মহিষী নড্বলা, তিনি পুরু প্রভৃতি পরম পবিত্র দ্বাদশটী সন্তান প্রসব করেন, তাহাদের নাম যথা পুরু, কুৎস, ঋত, দ্যুমান্, সত্যবান্, ধৃতব্রত, অগ্নিষ্টোম, অতিরাত্র, প্রদ্যুম্ন, শিবি এবং উল্মুক। এই উল্মুকের অত্যুৎকৃষ্ট ছয়টী সন্তান উৎপন্ন হইয়াছিল, তাহাদের নাম অঙ্গ, সুমনাঃ, খ্যাতি, ক্রতু, অঙ্গিরাঃ এবং গয়। বৎস বিদুর! অঙ্গের পত্নীর নাম সুনীথা, তিনি অঙ্গের ঔরসে উগ্র স্বভাব সেই বেণকে প্রসব করেন, যাহার দুঃশীলতা হেতু রাজর্ষি অঙ্গ নির্ব্বিণ্ণ হইয়া পুর হইতে নির্গত হয়েন ॥১৩

বৎস বিদুর। বাগ্বজ্র মুনি সকল কুপিত হইয়া ঐ বেণকেই অভিশাপ দিয়াছিলেন, তাহাতে সে গতাসু হয়। পরে মহর্ষিরা ঐ মৃত বেণের দক্ষিণ কর মন্থন করেন ॥ ১৪ ॥

বৎস। ঋষিগণ বেণকে বিনষ্ট করিয়া আবার যে তাহার পুত্রার্থ তাহার দক্ষিণ হস্ত মন্থন করিলেন তাহার কারণ এই, পৃথিবী অরাজক হওয়াতে প্রজা সকল দস্যুগণ কর্ত্তৃক নিপীড়িত হইয়াছিল। যাহা হউক, মুনিগণ বেণের দক্ষিণ হস্ত মন্থন করিলে তাহাতে ভগবান্ নারায়ণের অংশে আদিরাজ পৃথুর জন্ম হইল ॥ ১৫ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন মুনে! মহাত্মা অঙ্গ রাজা অতিশয় শীল সম্পন্ন, সাধু এবং ব্রাহ্মণ ভক্ত ছিলেন, তাঁহার ঐ প্রকার কুসন্তান কিরূপে উৎপন্ন হইল যে তাহার দুঃশীলতা হেতু তৎপিতা অঙ্গ বিমনস্ক হইয়া পুর হইতে বহির্গত হয়েন ॥ ১৬ ॥

কিং বাংহো বেণ উদ্দিশ্য ব্রহ্মদণ্ডমযূযুজন্। দণ্ডব্রতধরে রাজ্ঞি মুনয়ো ধর্ম্মকোবিদাঃ ॥ ১৭ ॥
নাবধ্যেয়ঃ প্রজাপালঃ প্রজাভিরঘবানপি। যদসৌ লোকপালানাং বিভর্ত্ত্যোজঃ স্বতেজসা ॥ ১৮
এতদাখ্যাহি মে ব্রহ্মন্ সুনীথাত্মজচেষ্টিতং। শ্রদ্দধানায় ভক্তায় ত্বং পরাবরবিত্তমঃ ॥ ১৯ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
অঙ্গোঽশ্বমেধং রাজর্ষিরাজহার মহাক্রতুং। নাজগ্মুর্দেবতা স্তস্মিন্নাহূতা ব্রহ্মবাদিভিঃ।
ত ঊচুর্বিস্মিতা স্তাত যজমানমথর্ত্বিজঃ। হবীংষি হূয়মানানি ন তে গৃহ্লন্তি দেবতাঃ ॥ ২০ ॥
রাজন্ হবীংষ্যদুষ্টানি শ্রদ্ধয়া সাদিতানি তে। ছন্দাংস্যযাত যামানি যোজিতানি ধৃতব্রতৈঃ।

শ্রীধরস্বামী।

কিঞ্চ অংহঃ অপরাধং বেণ উদ্দিশ্য আলক্ষ্য ॥ ১৭ ॥
যতোয়মধর্ম্ম ইত্যত্রাহ নাবধ্যেয়ঃ অবজ্ঞেয়োপি নভবতি ॥ ১৮ ॥
পরাবরবিদাং মধ্যে অতিশ্রেষ্ঠঃ ॥ ১৯ ॥
অভাবী পুত্রঃ কাম্যকর্ম্মণা বলাদাপাদিতো ন সুখায় ভবেদিতি দ্যোতয়ন্নঙ্গস্যপুত্রোৎপত্তিক্রমমাহ অঙ্গ ইত্যাদিনা ॥ ২০ ॥
অযাতযামানি অগতবীর্য্যাণি ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রাচীনবলবত্তবাপরাধ বিশেষেন প্রতিহত পুত্রভাগ্যত্বেপি তস্য শ্রীবিষ্ণুপ্রযজনমাহাত্ম্যাৎ পুত্রোজাতঃ তথা তেন দূষিত তদ্ভাগ্যত্বেপি তস্মাদেবাসৌ বৈরাগ্য হেতুর্জাতঃ পৌত্রশ্চ তদবতার এবেত্যাহ। অঙ্গ ইত্যাদিনা ॥ ২০ ॥
অত্রোপকরণানিতু সমীচীনান্যেবেত্যাহুঃ রাজন্নিতি। পৌরুষবান্ ইতি তস্য নিরর্গলত্বমুক্তঃ। তথাপি নগৃহ্ণন্তীতি পূর্ব্বে-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ অংহোঽপরাধঃ। রাজ্ঞীতি রাজ্ঞএব দণ্ডেঽধিকারো নতু রাজ্ঞোপি দণ্ডে মুনীনামধিকার ইত্যর্থঃ ॥১৭।১৮।১৯।২০।২১॥

আর বেণ রাজা হইয়া স্বয়ং দণ্ডব্রত ধারণ করিয়াছিলেন, ধর্ম্মজ্ঞ মুনিগণ কি অপরাধ দেখিয়া তাঁহার প্রতি ব্রহ্মদণ্ড নিপাত করিলেন ॥ ১৭ ॥

প্রজাপালক রাজা পাপবান্ হইলেও প্রজা সকল কর্ত্তৃক অবজ্ঞাস্পদ হইতে পারেন না যে হেতু রাজা স্বীয় তেজঃ দ্বারা সকল লোকপালের প্রভাব ধারণ করেন ॥ ১৮ ॥

অতএব হে ব্রহ্মন্! সুনীথা তনয় বেণের চরিত্র বিস্তার করিয়া বলিতে আজ্ঞা হউক, আমি আপনার ভক্ত, শ্রদ্ধান্বিত হইয়া শুনিতে ইচ্ছা করিতেছি, আপনি পরাবর বেত্তাদিগের মধ্যে শ্রেষ্ঠ, আপনার কিছুই অবিদিত নাই, সবিশেষ বর্ণন করুন ॥ ১৯ ॥

মৈত্রেয় কহিলেন হে তাত! বৃত্তান্ত বলি শুন। রাজর্ষি অঙ্গ অশ্বমেধ যজ্ঞ আহরণ করিয়াছিলেন, কিন্তু তাহাতে বেদ বক্তা ঋত্বিগ্‌গণ মন্ত্র দ্বারা আহ্বান করিলেও দেবতাদের আগমন হয় নাই, অতএব পুরোহিতেরা বিস্মিত হইয়া যজমানকে কহিলেন, মহারাজ! আপনার এই যজ্ঞে যে সকল হবিঃ হোম [illegible] তাঁহারা তাহা গ্রহণ করিতেছেন না ॥ ২০ ॥

রাজন্! [illegible] হবিঃ সকলে দোষ মাত্র নাই, আপনি শ্রদ্ধা পূর্ব্বক সমস্ত দ্রব্যই আহরণ করিয়া [illegible] ঋত্বিক্ ধৃতব্রত হইয়া যে যে মন্ত্রপাঠ করিতেছেন, তাহাও নির্বীর্য্য নহে, এ [illegible] হেলন ত আমরা দেখিতে পাই না, তবে তাঁহারা এস্থানে অধিষ্ঠিত

নবিদামেহ দেবানাং হেলনং বয়মণ্বপি । যন্ন গৃহ্ণন্তি ভাগান্ স্বান্ যে দেবাঃ কর্ম্মসাক্ষিণঃ ॥ ২১ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

অঙ্গো দ্বিজবচঃ শ্রুত্বা যজমানঃ সুদুর্ম্মনাঃ । তৎপ্রষ্টুং ব্যসৃজদ্বাচং সদস্যাংস্তদনুজ্ঞয়া ॥ ২২ ॥

নাগচ্ছন্ত্যাহুতা দেবা ন গৃহ্ণন্তি গ্রহানিহ । সদসস্পতয়ো ব্রূত কিমবদ্যং ময়া কৃতং ॥ ২৩ ॥

শ্রীসদসস্পতয় উচুঃ ॥

নরদেবেহ ভবতো নাঘং তাবন্মনাক্ স্থিতং । অস্ত্যেকং প্রাক্তনমঘং যদিহেদৃক্ ত্বমপ্রজঃ ॥ ২৪ ॥

তথা সাধয় ভদ্রন্তে আত্মানং সুপ্রজং নৃপ । ইষ্টস্তে পুত্ত্রকামস্য পুত্ত্রং দাস্যতি যজ্ঞভুক্ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

যজ্ঞে গৃহীতমৌনোপি বাচং ব্যসৃজৎ প্রাযুঙ্‌ক্ত ॥ ২২ ॥

আহুতাঃ আহূতাঃ গ্রহান্ সোমপাত্রাণি ইহ যজ্ঞে ন গৃহ্ণন্তি ॥ ২৩ ॥

ইহ জন্মনি তাবন্মনাগীষদপ্যঘং ন স্থিতং । কথঞ্চিজ্জাতস্যাঘস্য সদ্যএব প্রায়শ্চিত্তৈঃ ক্ষালনাৎ কিন্তু প্রাক্তনমেকমঘমস্তি । যদ্যস্মাৎ ঈদৃক্ গুণাধিকোপি ত্বং প্রজারহিতঃ ॥ ২৪ ॥

অতো যথা দেবা হবির্গৃহ্ণন্তি তথাত্মানং সুপ্রজং সাধয় । কথং সাধনীয়ং তত্রাহ ইষ্ট ইতি ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নৈবান্বয়ঃ ॥ ২১ । ২২ । ২৩ ॥

নরদেব ভবতোনাবদ্যং কিঞ্চিদাস্থিতং । অস্ত্যেকং প্রাক্তনাবদামিতি ক্বচিৎ পাঠঃ চিৎসুখ সম্মতশ্চ প্রাক্তনাবদ্যং জন্মান্তরীয়াপরাধ ইতি ব্যাখ্যানাৎ ॥ ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

যজ্ঞে গৃহীতমৌনোপি বাচং ব্যসৃজৎ প্রাযুঙ্‌ক্তঃ ॥ ২২ ॥

গ্রহান্ সোমপাত্রাণি ॥ ২৩ । ২৪ । ২৫ ॥

হইয়া স্ব স্ব ভাগ গ্রহণ করিতেছেন না কেন ? দেবতারাই কর্ম্ম সাক্ষী, তাঁহাদের অধিষ্ঠান না হওয়াতে সকলই যে বৃথা হইতেছে ॥ ২১ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর ! ব্রাহ্মণদিগের এই বাক্য শ্রবণ করিয়া যজমান অঙ্গ রাজা অতিশয় দুর্ম্মনাঃ হইলেন এবং যদিও যজ্ঞার্থ মৌনাবলম্বন করিয়াছিলেন তথাচ সদস্যদিগের অনুমতি লইয়া বাক্য প্রয়োগ করত কহিলেন ॥ ২২ ॥

হে সদস্যগণ ! দেবতাদের আহ্বান হইতেছে তথাচ তাঁহারা এ যজ্ঞে সোমপাত্র সকল যে গ্রহণ করিতেছেন না ইহার কারণ কি ? আমি কি দোষ করিয়াছি ॥ ২৩ ॥

সদস্যেরা কহিলেন হে নরদেব ! ইহ জন্মে আপনকার কিঞ্চিন্মাত্র পাপ নাই, কথঞ্চিৎ যে কিছু উদ্ভিয়াছিল প্রায়শ্চিত্ত দ্বারা সদ্যঃ তাহার ক্ষালন হইয়া গিয়াছে, কিন্তু জন্মান্তরীয় একটী পাপ আছে তাহার কারণেই আপনি ঈদৃশ গুণাধিক হইয়াও অনপত্য হইয়া রহিয়াছেন ॥ ২৪ ॥

অতএব হে রাজন্ ! আপনি আপনাকে সৎপুত্ত্রবান্ করুন্ , আপনার মঙ্গল হউক, পুত্ত্রবান্ হইলেই দেবতারা আপনার যজ্ঞীয় হবিঃ গ্রহণ করিবেন । মহারাজ ! পুত্ত্রকাম হইয়া যজ্ঞভুগ্বিষ্ণুর অর্চ্চনা করিলে তিনি আপনাকে অবশ্য পুত্ত্র প্রদান করিবেন ॥ ২৫ ॥

তথা স্বভাগধেয়ানি গ্রহিষ্যন্তি দিবৌকসঃ। যদযজ্ঞ পুরুষঃ সাক্ষাদপত্যায় হরির্বৃতঃ॥ ২৬॥
তাংস্তান্ কামান্ হরির্দদ্যাৎ যান্ যান্ কাময়তে জনঃ। আরাধিতো যথৈবৈষ তথা পুংসাং ফলোদয়ঃ॥২৭
ইতি ব্যবসিতা বিপ্রা স্তস্য রাজ্ঞঃ প্রজাতয়ে। পুরোডাশং নিরবপন্ শিপিবিষ্টায় বিষ্ণবে॥ ২৮
তস্মাৎ পুরুষ উত্তস্থৌ হেমমাল্যমলাম্বরঃ। হিরণ্ময়েন পাত্রেণ সিদ্ধমাদায় পায়সং॥ ২৯॥
স বিপ্রানুমতো রাজা গৃহিত্বাঞ্জলিনৌদনং। অবঘ্রায় মুদাযুক্তঃ প্রাদাৎ পত্ন্যা উদারধীঃ॥ ৩০॥
সা তৎ পুংসবনং রাজ্ঞী প্রাশ্য বৈ পত্যুরাদধে। গর্ব্ভং কাল উপাবৃত্তে কুমারং সুষুবে প্রজাঃ॥৩১

শ্রীধরস্বামী।

তথা সতি স্বভাগান্ গ্রহীষ্যন্তি। যৎ যতো হরিঃ সাক্ষাৎ বৃতঃ স্যাৎ অতস্তেন সহ সর্ব্বে দেবা আগমিষ্যন্তীত্যর্থঃ॥ ২৬॥
ননুতিতুচ্ছান্ কামান্ হরিঃ কথং দদ্যাৎ তত্রাহ তাং স্তানিতি॥ ২৭॥
প্রজাতয়ে পুত্রোৎপত্তয়ে শিপিষু পশুষু যজ্ঞরূপেণ প্রবিষ্টায়। তথাচ শ্রুতিঃ। যজ্ঞো বৈ বিষ্ণুঃ পশবঃ শিপি র্যজ্ঞ এব পশুষু প্রতি তিষ্টতীতি॥ ২৮॥
তস্মাদিতি যোগ্যতয়া অগ্নেঃ॥ ২৯॥
* পত্নৈ প্রাদাৎ॥ ৩০॥
পুমাংসং সূতেঽনেনেতি তথা তৎ প্রাশ্য পত্যুঃ সকাশাৎ গর্ব্ভমাদধে অপ্রজাঃ সতী॥ ৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাগধেয়ানি ভাগরূপাণি ধেয়ানি পত্রেষু ধার্য্যাণি হবীংষি॥ ২৬। ২৭॥
পুরোডাশং যজ্ঞিয়দ্রব্যং নিরবপন্নহুঃ। শিপিষু পশুষু যজ্ঞরূপেণ প্রবিষ্টায়। তথাচ শ্রুতিঃ। যজ্ঞোবৈ বিষ্ণুঃ। পশবঃ শিপি র্যজ্ঞএব পশুষু প্রতি তিষ্টতীতি॥ ২৮। ২৯। ৩০। ৩১॥

আর আপনি অপত্য নিমিত্ত যজ্ঞপুরুষ হরিকে সাক্ষাৎ বরণ করিলে, তাঁহার সহিত অন্যান্য দেবতারাও আসিয়া স্ব স্ব ভাগ গ্রহণ করিবেন, সন্দেহ নাই॥ ২৬॥

হে রাজন্! পুত্রাদি কাম অতি তুচ্ছ,ভগবান্ হরি কি তাহা প্রদান করিবেন এমত আশঙ্কা করিবেন না,মনুষ্যে যাহা যাহা কামনা করে,ভগবান্ হরি সেই সেই কামই প্রদান করিয়া থাকেন। ফলতঃ যে পুরুষ যে প্রকার আরাধনা করে, ভগবান্ তাহার সেই প্রকার ফলেরই উদয় করিয়া দেন॥ ২৭॥

ব্রাহ্মণ গণ এই প্রকার স্তুতি করিয়া অঙ্গ রাজার পুত্রোৎপত্তি নিমিত্ত যজ্ঞ করিয়া শিপিবিষ্ট অর্থাৎ পশু সকলে যজ্ঞ রূপে প্রবিষ্ট ভগবান্ বিষ্ণুকে হবিঃ প্রদান করিলেন॥ ২৮॥

সে যাহা হউক, ব্রাহ্মণেরা বিষ্ণুকে হবিঃ প্রদানার্থ যে যজ্ঞ করিলেন, সেই যজ্ঞের অগ্নি হইতে একটী পুরুষ উত্থিত হইল, তাহার গলদেশে স্বর্ণমালা,পরিধান নির্ম্মল বসন,হস্তে সিদ্ধ পায়স ছিল॥ ২৯

তদবলোকনে বিপ্রগণ রাজাকে ঐ পায়স গ্রহণ করিতে অনুমতি করিলেন, তাহাতে উদার বুদ্ধি ঐ রাজা অঞ্জলি দ্বারা সেই অন্ন গ্রহণ পূর্ব্বক অগ্রে আপনি আঘ্রাণ করিলেন, পরে হর্ষান্বিত হইয়া আপনার পত্নীর হস্তে দিলেন॥ ৩০॥

বিদুর! ঐ পায়স সন্তানোৎপাদক, রাজ্ঞী অনপত্যা ছিলেন, তাহা ভক্ষণ করিবা মাত্র ভর্ত্তৃ সকাশাৎ গর্ব্ভ গ্রহণ করিলেন এবং যথাযোগ্য কাল উপস্থিত হইলে একটী কুমার প্রসব করিলেন॥ ৩১॥

স বাল এব পুরুষো মাতামহমনুব্রতঃ। অধর্ম্মাংশোদ্ভবং মৃত্যুং তেনাভবদধার্ম্মিকঃ ॥ ৩২ ॥

সশরাসনমুদ্যম্য মৃগয়ুর্বনগোচরঃ। হন্ত্যসাধু মৃগান্ দীনান্ বেণোঽসাবিত্যরৌজ্জনঃ ॥ ৩৩ ॥

আক্রীড়ে ক্রীড়তোবালান্ বয়স্যানতিদারুণঃ। প্রসহ্য নিরনুক্রোশঃ পশুমারমমারয়ৎ ॥ ৩৪ ॥

তং বিচক্ষ্য খলং পুত্রং শাসনৈর্ব্বিবিধৈর্নৃপঃ। যদা ন শাসিতুং কল্পো ভৃশমাসীৎ সুদুর্ম্মনাঃ ॥৩৫

প্রায়েণাভ্যর্চ্চিতোদেবো যেঽপ্রজা গৃহমেধিনঃ। কদপত্যাভৃতং দুঃখং যেন বিন্দন্তি দুর্ভরং ॥ ৩৬

শ্রীধরস্বামী।

মাতামহং মৃত্যুং মৃত্যোর্হি পুত্রী সুনীথা ॥ ৩২ ॥

মৃগয়ুর্লুব্ধকঃ সন্ তং দৃষ্ট্বা বেণোঽসাবাগচ্ছতীতি জনঃ সর্ব্বোপ্যরৌৎ চুক্রোশ ॥ ৩৩ ॥

আক্রীড়ে ক্রীড়াস্থানে বালান্ পশূনিব অমারয়ৎ ॥ ৩৪ ॥

বিচক্ষ্য দৃষ্ট্বা ॥ ৩৫ ॥

দুর্ম্মনস স্তস্য কুপুত্রনিন্দাবাক্যান্যাহ প্রায়েণেতি ত্রিভিঃ। অপ্রজা যে তৈ রভ্যর্চ্চিতঃ। তত্র হেতুঃ কুৎসিতৈরপত্যৈঃ সংভৃতং ধারয়িতুমশক্যং দুঃখং যেন বিন্দন্তি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রায়েণেতি দুঃখোক্তিমাত্রং ॥ ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেনেতি মাতৃদোষাদধার্ম্মিকোপি বিষ্ণুযজ্ঞোদ্ভূতত্বাৎ পিতুর্বৈরাগ্যকারণীভূতত্বেন পিতুরুপকারকঃ। পৃথুজনকত্বেন তদ্বংশো বর্দ্ধনশ্চ বভূবেতি জ্ঞেয়ং ॥ ৩২ ॥

তং দূরাদেব দৃষ্ট্বা বেণোঽসাবস্মৎ প্রাণঘাতী সমেতীত্যরৌৎ চুক্রোশ ॥ ৩৩ ॥

পশুমারং পশূনিবামারয়ৎ ॥ ৩৪। ৩৫ ॥

যে অপ্রজা অনপত্যাস্তৈঃ অভ্যর্চ্চিতঃ। তত্র হেতুঃ কদপত্যেন ভৃতং পূর্ণীকৃতং দুর্ভরং ধারয়িতুমশক্যং দুঃখং যেন বিন্দন্তি ॥৩৬।৩৭

হে কৌরব্য! অঙ্গরাজার পত্নী সুনীথা, তিনি মৃত্যুর কন্যা, তাঁহার গর্ভজাত কুমার বাল্য কালাবধি মাতামহের অনুগামী হইল। মাতামহ মৃত্যু, স্বয়ং অধর্ম্মাংশ প্রভব, তাহার অনুবর্ত্তী হওয়াতে অঙ্গরাজ তনয় ক্রমে অধার্ম্মিক হইয়া উঠিল ॥ ৩২ ॥

সে মৃগয়ায় আসক্ত চিত্ত হইয়া ব্যাধের ন্যায় ধনুর্ব্বাণ গ্রহণ পূর্ব্বক অরণ্যে যাইত এবং অসতের ন্যায় নির্দ্দয় হইয়া দীন মৃগগণকে বধ করিত, তাহার নিষ্ঠুরতায় প্রজাজনে এবম্বিধ ভীত যে কদাচিৎ নয়ন গোচর হইলে "ঐ বেণ আসিতেছে" এই বলিয়া সকলে চীৎকার করিত ॥ ৩৩ ॥

বিদুর। বেণের নির্দ্দয়তার কথা কত বলিব, বাল্যকালে বয়স্যগণ সঙ্গে খেলা করিতে, নির্দ্দয় স্বভাব হেতু ক্রীড়া স্থলেই খেলিতে খেলিতে যেমন লোকে পশু মারে তাহার ন্যায়, হঠাৎ তাহাদিগকে মারিয়া ফেলিত ॥ ৩৪ ॥

অঙ্গরাজ পুত্রের ঐ প্রকার খল স্বভাব অবলোকন করিয়া বিবিধ প্রকারে শাসন করিলেন, কিন্তু যখন দেখিলেন সে কোন রূপেই শাসিত হইল না, তখন অতিশয় দুর্ম্মনাঃ হইলেন ॥ ৩৫ ॥

এবং আপনি কহিতে লাগিলেন, যে সকল গৃহস্থ অপুত্রক তাহারা প্রায় দেবতার অর্চ্চনা করিয়া থাকে, তাহার কারণ এই যে, কুৎসিত অপত্য দ্বারা যে দুঃখ জন্মে, যাহা সহ্য করিতে পারা যায় না তাহা হইতে আমরা পরিত্রাণ পাইয়াছি ॥ ৩৬ ॥

যতঃ পাপীয়সী কীর্ত্তিরধর্ম্মশ্চ মহান্ নৃণাং। যতো বিরোধঃ সর্ব্বেষাং যত আধিরনন্তকঃ ॥ ৩৭ ॥
কস্তং প্রজাপদেশং বৈ মোহবন্ধনমাত্মনঃ। পণ্ডিতো বহু মন্যেত যদর্থাঃ ক্লেশদা গৃহাঃ ॥ ৩৮ ॥
কদপত্যং বরং মন্যে সদপত্যাচ্ছুচাং পদাৎ। নির্ব্বিদ্যেত গৃহান্মর্ত্ত্যো যৎক্লেশনিবহা গৃহাঃ ॥ ৩৯ ॥
এবং স নির্ব্বিণ্নমনা নৃপোগৃহান্নিশীথ উত্থায় মহোদয়োদয়াৎ।
অলব্ধনিদ্রোঽনুপলক্ষিতো নৃভি র্হিত্বা গতো বেণসুবং প্রসুপ্তাং ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং সর্ব্বৈঃ সহ। আধি র্মানসী ব্যথা ॥ ৩৭ ॥
প্রজাপদেশং পুত্রনাম মাত্রমপি আত্মনোমোহেন বন্ধনং। যদর্থা যন্নিমিত্তাঃ ক্লেশদা গৃহা ভবন্তি ॥ ৩৮ ॥
ইদানীং নির্ব্বেদ হেতুত্বেন কুৎসিতমেবাপত্যমভিনন্দতি কদপত্যমিতি শুচাং পদাৎ শোকানাং স্থানাৎ। বরত্বে হেতুঃ নির্ব্বিদ্যেতেতি। তৎ কুতঃ যদ্যতঃ কদপত্যাৎ গৃহাঃ ক্লেশনিবহা ভবন্তি ॥ ৩৯ ॥
মহতামুদয়ানাং বিভূতীনাং উদয়ো যস্মিন্ তস্মাৎ গৃহাৎ গতঃ। যা বেণং সুতেস্ম তাং ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত ইতি যুগ্মকং গৃহাণাং দোষমাহ যদিতি ॥ ৩৮ । ৩৯ । ৪০ । ৪১ । ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাপদেশং নাম্নৈব প্রজাং বস্তুতস্ত্বাত্মনো দুঃখসমুদ্রমিত্যর্থঃ। তস্মাল্লোক লজ্জা মনস্তাপাদি বহুলেভ্যো গৃহেভ্যো নিঃসৃত্য কচিদলক্ষিতে প্রদেশে শাকমূলফলাদি বৃত্তিরষ্টাবেব যামান্ ভগবন্তং ভজন্নবশিষ্টমায়ুরব্যর্থীকুর্ব্বন্ কৃতার্থী ভবিষ্যামীতি নিশ্চিকায় ॥ ৩৮ ॥
নিশ্চিত্য চ স্বনির্ব্বেদামৃতপ্রাপ্তিকারণং পুত্রমেব মত্বা ভগবতৈব পরম কৃপয়া বিষয়ভোগান্ধং মাং স্বচরণান্তিকং বলান্নিনীষুণা পুত্রোঽয়ং মহ্যং দত্ত ইত্যাহ কদপত্যমিতি ॥ ৩৯ ॥
মহোদয়স্য মহাসম্পত্তেরুদয়ো যত্র তস্মাৎ। বেণং সূতে বেণসূস্তাং সুনীথাং প্রসুপ্তামিতি যদৈব সা প্রকর্ষেণ স্বপিতিস্ম তদৈব স্বস্য বেশান্তরং কৃত্বেত্যর্থঃ ॥ ৪০ ॥

ফলতঃ যাহা হইতে মনুষ্যদিগের পাপীয়সী কীর্ত্তি এবং মহান্ অধর্ম্ম হয়, যাহার দ্বারা সকলের সহিত বিরোধ জন্মে এবং যাহা হইতে অশেষ প্রকার মানসী ব্যথা উৎপন্ন হয় ॥ ৩৭ ॥

এমত যে পুত্র সে নাম মাত্রে পুত্র হইলেও বস্তুতঃ মোহ করণক আত্মার বন্ধন কারক। এ প্রকার পুত্রকে কোন্ বুদ্ধিমান্ পুরুষ বহু করিয়া মানিবেন? এতাদৃশ পুত্র উৎপন্ন হইলে গৃহাশ্রম ক্লেশদ ভিন্ন সুখপ্রদ হয় না ॥ ৩৮ ॥

অথবা সৎসন্তান জন্মিলে সে পিতার শোক স্থান হয়, তাহা অপেক্ষা কুৎসিত সন্তান ভাল, যে হেতু ঐ রূপ পুত্র হইতে মানবগণের গৃহ ক্লেশদ হয়, তাহাতেই বৈরাগ্য জন্মিয়া দেয় ॥ ৩৯ ॥

বিদুর! এই প্রকারে অঙ্গরাজার নির্ব্বেদ জন্মিল। একদা রজনী যোগে সুনীথার সহিত নিদ্রা যাইতে ছিলেন হঠাৎ নিশীথ সময়ে জাগরিত হইয়া গাত্রোত্থান করিলেন এবং নিদ্রিতা বেণ জননীকে পরিত্যাগ পূর্ব্বক মহা সমৃদ্ধিশালি আলয় হইতে বহির্গত হইলেন, কোন্ সময় কোন দিকে গেলেন কেহই লক্ষ্য করিতে পারিল না ॥ ৪০ ॥

বিজ্ঞায় নির্ব্বিদ্য গতং পতিং প্রজাঃ পুরোহিতামাত্য সুহৃদ্গণাদয়ঃ।
বিচিক্যুরুর্ব্ব্যামতিশোক কাতরা যথা নিগূঢ়ং পুরুষং কুযোগিনঃ॥ ৪১॥
অলক্ষয়ন্তঃ পদবীং প্রজাপতে র্হতোদ্যমাঃ প্রত্যুপসৃত্য তে পুরীং।
ঋষীন্ সমেতানভিবন্দ্য সাশ্রবো ন্যবেদয়ন্ কৌরবভর্ত্তৃবিপ্লবং॥ ৪২॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে হঙ্গপ্রব্রজ্যা ত্রয়োদশোধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ভৃগ্বাদয়স্তে মুনয়ো লোকানাং ক্ষেমদর্শিনঃ। গোপ্তর্য্যসতি বৈ নৃণাং পশ্যন্তঃ পশুসাম্যতাং ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

প্রজাঃ পুরোহিতাদয়ঃ বিচিক্যুঃ অন্বেষিতবন্তঃ তন্তু তত্রৈব সন্তমপি নাপশ্যন্নিতি দৃষ্টান্তেনাহ যথেতি ॥ ৪১ ॥
সাশ্রবঃ রুদন্তঃ ভর্ত্তু র্বিপ্লবং নাশমদর্শনমিত্যর্থঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশেতু দুষ্পুত্র ভয়াদঙ্গে গতে দ্বিজৈঃ। অভিষিক্তস্তু বেণস্তু রোষাত্তৈ র্বধ উচ্যতে ॥ ০ ॥
ক্ষেমদর্শিনঃ ক্ষেমচিন্তকাঃ। পশুসমান রূপতাং পশ্যন্তঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥
ভৃগ্বাদয় ইতি যুগ্মকং ॥ ১। ২। ৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরুষং পরমাত্মানং নিগূঢ়মিতি দৃষ্টান্তেন তস্মিন্ দিনে তত্রৈব স্বপুর্য্যাং রাজা নিগূঢ় এবাসীদিতি লভ্যতে ॥ ৪১ ॥
হে পৌরব বিদুর ভর্ত্তু র্বিপ্লবং নাশমদর্শনমিত্যর্থঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্দ্দশেঽভিষিক্তস্তু বেণস্যাধর্ম্মবর্ত্তিনঃ। প্রবোধিত হতস্যোরুমথনং মুনিভিঃ পুনঃ ॥ ০ ॥
সাম্যতামিতি স্বার্থে ষ্যঞ পশ্যন্ মেষাদীন্ যথা শৃগাল বৃকাদয়ো নাশয়ন্তি তথৈব নূনং দস্যব ইত্যর্থঃ ॥ ১ ॥

প্রজাবর্গ, অমাত্য, পুরোহিত এবং বান্ধব প্রভৃতি সকলেই রাজার বৈরাগ্যাবলম্বন পূর্ব্বক গৃহ হইতে বহির্গমন অবগত হইয়া শোকে সাতিশয় কাতর হইল এবং কুৎসিৎ যোগিরা যেমন আপনার দেহস্থিত নিগূঢ় পুরুষকে অন্যত্র অন্বেষণ করে তাহার ন্যায়, সর্ব্বস্থানে রাজার তত্ত্ব করিতে লাগিল, কিন্তু রাজা গূঢ়ভাবে নিজপুরেই অবস্থিত ছিলেন অন্যত্র কি রূপে দেখিতে পাইবে ॥ ৪১ ॥

অতএব প্রজারা প্রজানাথের পদবী অনুসন্ধান করিতে না পারিয়া হতোদ্যম হওত রাজধানী প্রত্যাগমন করিল এবং অশ্রু বিসর্জন করিতে করিতে ঋষিগণকে প্রণাম করিয়া তাহাদের নিকট আপনাদের পতির অদর্শন নিবেদন করিল ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশাধ্যায়ে দুষ্পুত্র ভয়ে ভীত হইয়া অঙ্গ রাজা প্রব্রজ্যায় গমন করিলে দ্বিজগণ কর্ত্তৃক বেণের রাজ্যাভিষেক, তদনন্তর রোষ বশতঃ তাহার বধ ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন হে কৌরব্য! রাজ্য পরিত্যাগ করিয়া প্রব্রজ্যায় গমন করিলে ভৃগু প্রভৃতি যে

বীরমাতরমাহূয় সুনীথাং ব্রহ্মবাদিনঃ। প্রকৃত্যসম্মতং বেণমভ্যষিঞ্চন্ পতিং ভুবঃ॥ ২॥

শ্রুত্বা নৃপাসনগতং বেণমত্যুগ্রশাসনং। নিলিল্যুর্দস্যবঃ সদ্যঃ সর্পত্রস্তা ইবাখবঃ॥ ৩॥

স আরূঢ় নৃপস্থান উন্নদ্ধোঽষ্টবিভূতিভিঃ। অবমেনে মহাভাগান্ স্তব্ধঃ সম্ভাবিতঃ স্বতঃ।

এবং মদান্ধ উৎসিক্তো নিরঙ্কুশ ইব দ্বিপঃ। পর্য্যটন্ রথমাস্থায় কম্পয়ন্নিব রোদসীং।

নযষ্টব্যং নদাতব্যং নহোতব্যং দ্বিজাঃ কচিৎ। ইতি ন্যবারয়দ্ধর্ম্মং ভেরীঘোষেণ সর্ব্বতঃ॥ ৪॥

বেণস্যাবেক্ষ্য মুনয়ো দুর্ব্বৃত্তস্য বিচেষ্টিতং। বিমৃষ্য লোকব্যসনং কৃপয়োচুঃ স্ম সত্রিণঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

অমাত্যাদীনাং প্রকৃতীনাং অসম্মতমপি প্রকৃত্যা সম্মতমিতি পাঠান্তরে প্রকৃত্যা স্বভাবেনৈবাসম্মতং॥ ২॥
চৌরাঃ লীনা বভূবুঃ॥ ৩॥
আরূঢ়ং নৃপস্থানং রাজস্থানং যেন অষ্টবিভূতিভিঃ লোকপালৈশ্বর্য্যৈঃ॥ ৪॥
সত্রিণঃ মিলিতাঃ সন্তঃ॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

স্বতঃ স্বেনৈব সম্ভাবিতঃ শূরোঽহং পণ্ডিতোঽহমিত্যেবং কৃতাত্ম সম্ভাবনঃ আত্মসম্ভাবিত ইতি চিৎসুখঃ॥ ৪॥
এবমিতি যুগ্মকং॥ ৪॥ সত্রিণঃ সত্রিত্বাবস্থায়াং মিথো মিলনং ভবতীতি তদা মিলিতাঃ সন্তীত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকৃত্যসম্মতং প্রকৃত্যা সম্মতমিতি পাঠদ্বয়ং। প্রকৃতিরমাত্যাদিঃ স্বভাবশ্চ তাসাং তয়াচ অসম্মতঃ॥ ২। ৩॥
অষ্টবিভূতিভিরষ্টদিগ্বর্ত্তিনীভিঃ সম্পত্তিভি রিতি সপ্তদ্বীপাধিপত্যং ধ্বনিতং। স্তব্ধো গর্ব্ববান্। স্বতঃ স্বেনৈব সম্ভাবিতঃ শূরোঽহং পণ্ডিতোঽহমিতি কৃতাত্ম কথনঃ॥ ৪। ৫॥

সকল মুনির লোক মঙ্গল চিন্তাই কর্ম্ম ছিল, তাঁহারা বিবেচনা করিয়া দেখিলেন, যেমন রক্ষক অভাবে বৃক শৃগালাদি হইতে মেষাদি পশুর বধ সম্ভাবনা হয় তাহার ন্যায়, নৃপ বিরহে প্রজাপুঞ্জের দস্যুদল হইতে বিনাশের সম্ভব হইয়া পড়িবে সন্দেহ নাই॥ ১॥

অতএব বেদবক্তা ব্রাহ্মণেরা বীরপ্রসবিনী সুনীথাকে আহ্বান করিয়া তাঁহার নিকট বেণকে রাজ্যাভিষিক্ত করিবার প্রস্তাব করিলেন, যদিও অমাত্য প্রভৃতির তাহাতে আন্তরিক সম্মতি হইল না তথাচ বেণকে পৃথিবীর পতিত্বে অভিষেক করিলেন॥ ২॥

প্রচণ্ড শাসন বেণ নৃপাসনে আসীন হইয়াছেন শুনিয়া, চোরগণ যেমন সর্পভয়ে ত্রাসিত হইয়া উন্দুর সকল গর্ত্ত মধ্যে লুকায়িত হয় তাহার ন্যায়, একবারে অন্তর্হিত হইল॥ ৩॥

বেণও রাজাসনে আরূঢ় হইয়া লোকপাল সকলের অষ্টৈশ্বর্য্য দ্বারা দিন দিন অধিকতর উদ্ধত হইতে লাগিল এবং আপনিও আপনাকে সম্ভাবিত অর্থাৎ আমিই শূর, আমিই পণ্ডিত ইত্যাদি অভিমান দ্বারা স্তব্ধ হইয়া মহাভাগ ব্যক্তিদিগকে অবজ্ঞা করিতে আরম্ভ করিল। এই প্রকারে ঐশ্বর্য্য মদে অন্ধ ও গর্ব্বিত হইয়া নিরঙ্কুশ হস্তির ন্যায় রথারূঢ় হইয়া সর্ব্বত্র পর্য্যটন করিত, তাহার ভ্রমণে স্বর্গ মর্ত্ত্য কম্পমান হইত। অনন্তর সে সকল স্থানে ভেরী দ্বারা ঘোষণা দিয়া এই কথা বলিল, অহে! ব্রাহ্মণ সকল সাবধান সাবধান, কখন যাগ বা হোম করিও না। এই প্রকারে আপনার অধিকার মধ্যে ধর্ম্ম কর্ম্ম একেবারে রহিত করিয়াদিল॥ ৪॥

দুর্ব্বৃত্ত বেণের এই প্রকার অসদাচরণ অবলোকন করিয়া মুনিগণ বিবেচনা করিলেন লোক সকলের মহা বিপদ্ উপস্থিত, অনন্তর সকলে মিলিত হইয়া সাদর বচনে কহিতে লাগিলেন॥ ৫॥

অহো উভয়তঃ প্রাপ্তং লোকস্য ব্যসনং মহৎ। দারুণ্যুভয়তো দীপ্ত ইব তস্করপালয়োঃ ॥ ৬ ॥
অরাজকভয়াদেষ কৃতো রাজাঽতদর্হণঃ। ততোপ্যাসীদ্ভয়ং ত্বদ্য কথং স্যাৎ স্বস্তি দেহিনাং ॥ ৭ ॥
অহেরিব পয়ঃপোষঃ পোষকস্যাপ্যনর্থভৃৎ ॥ ৮ ॥
বেণঃ প্রকৃত্যৈব খলঃ সুনীথাগর্ভসম্ভবঃ। নিরূপিতঃ প্রজাপালঃ স জিঘাংসতি বৈ প্রজাঃ ॥ ৯ ॥
তথাপি সান্ত্বয়েমামুং নাস্মাংস্তৎপাতকং স্পৃশেৎ। তদ্বিদ্বদ্ভিরসদ্বৃত্তো বেণোঽস্মাভিঃ কৃতোনৃপঃ।

শ্রীধরস্বামী।

মূলতশ্চাগ্রতশ্চ দীপ্তে জলিতে কাষ্ঠে তন্মধ্যবর্ত্তিনাং পিপীলিকাদীনাং যথা উভয়তো ব্যসনং এবং তস্করেভ্যঃ পালকাচ্চ দুঃখং প্রাপ্তমিত্যর্থঃ ॥ ৬ ॥

তদেবাহুঃ অরাজকভয়াদিতি অতদর্হণঃ রাজ্যানর্হঃ ॥ ৭ ॥

অস্মাকমপ্যনিষ্টং জাতমিত্যাহুঃ। অহের্যথা পয়ঃ পোষঃ ক্ষীরেণ পোষণং পোষকস্যাপ্যনর্থং বিভর্ত্তি পুষ্ণাতি ॥ ৮ ॥

তদেবাহ বেণ ইতি। নিরূপিতো নিযুক্তোঽস্মাভিঃ ॥ ৯ ॥

সান্ত্বয়েম অমুং উপপত্তিভিঃ প্রার্থয়িষ্যামঃ। তস্ত পাতকং। স্বস্য তৎপাতক স্পর্শে হেতুঃ তৎপাতকং বিদ্বদ্ভিঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

উভয়ত ইতি। বন দুর্গাদৌ পলায়নে তস্করেভ্যঃ রাষ্ট্রে স্থিতৌ পালাদিত্যর্থঃ ॥ ৬ ॥
অরাজকেতি সার্দ্ধকং ॥ ৭ ॥
টীকায়াং পুষ্ণাতীত্যনন্তরং। তথা ততোপ্যাসীদ্ভয়মিত্যন্বয় ইতি জ্ঞেয়ং ॥ ৮ ॥
মুনয় ঊচুরিতি বহুত্র নাস্তি ॥ ৯। ১০। ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মূলতশ্চাগ্রতশ্চ দীপ্তে প্রজ্বলিতকাষ্ঠে তন্মধ্যবর্ত্তিনাং পিপীলিকাদীনাং যথা উভয়তো ব্যসনং এবং লোকস্য দুর্গাদৌ পলায়নে তস্করাৎ রাষ্ট্রে স্থিতৌ পালকাৎ রাজতোভয়মিত্যর্থঃ ॥ ৬ ॥

অতদর্হণঃ রাজ্যানর্হঃ দেহিনামন্যেষাং কা কথা অস্মাভিরেবাস্মভিষিক্তঃ সংপ্রত্যয়মস্মানেব ন ষষ্টব্যমিত্যাদ্যাজ্ঞয়া শাস্তীত্যাহুঃ অহেরিতি ॥ ৭। ৮। ৯ ॥

সান্ত্বয়েম উপপত্তিভিঃ প্রবোধয়াম তথা সতি অস্মান্ পাপং ন স্পৃশেৎ অন্যথাতু পাপং স্পৃশেদেবেত্যাহুঃ তৎপাতকং বিদ্বদ্ভিরিতি ॥

কাষ্ঠখণ্ডের মূল ও অগ্রভাগ অগ্নি দ্বারা উদ্দীপিত হইলে তত্রস্থ পিপীলিকাদির যেমন উভয় দিক্ হইতে বিপদ উপস্থিত হয়, পরিত্রাণের পথ পায় না, তাহার ন্যায়,এখন প্রজা সকলের তস্কর ও পালক হইতে সুমহদ্দুঃখ উপস্থিত ॥ ৬ ॥

এই বেণ রাজপদের যোগ্য পাত্র নয়, কেবল আমরা অরাজক ভয়ে ইহাকে রাজা কহিয়াছিলাম কিন্তু ইহা হইতেই প্রজাজনের মহৎ উৎপাত উপস্থিত হইল, এখন দেহধারি মানবগণের কি উপায়ে মঙ্গল হইবে? ॥ ৭ ॥

হায়! আমরা ইহাকে রাজাসন প্রদান করিয়াছিলাম, তাহাতে সর্পকে যেমন দুগ্ধ দিয়া পোষণ করিলে সে পোষকেরও অনর্থ ঘটায় তাহার ন্যায় এ দুরাত্মা আমাদেরও অনিষ্ট করিতেছে ॥ ৮ ॥

অহো! সুনীথা গর্ভজাত বেণ স্বভাবতঃ খল, আমরা ইহাকে প্রজাপালক রূপে নিরূপিত করিয়াছিলাম, সে প্রজাদিগকে পালন না করিয়া স্বয়ং বিনাশ করিতে প্রবৃত্ত হইয়াছে ॥ ৯ ॥

সে যাহা হউক, এখন তাহার পাতক আমাদিগকে স্পর্শ না করে একারণ চল আমরা তাহাকে একবার সান্ত্বনা করিয়া দেখি, অন্যের পাপ অন্যত্র সংক্রামিত হয় না সত্য, কিন্তু তাহার পাপ আমা-

সাম্বিতো যদি নোবাচং ন গ্রহীষ্যত্যধর্ম্মকৃৎ। লোকধিক্কারসন্দগ্ধং দহিষ্যামঃ স্বতেজসা ॥ ১০ ॥
এবমধ্যবসায়েন মুনয়ো গূঢ়মন্যবঃ। উপব্রজ্যাব্রুবন্ বেণং সান্ত্বয়িত্বাথ সামভিঃ।
নৃপবর্য্য নিবোধৈতদ্যত্তে বিজ্ঞাপয়াম ভোঃ। আয়ুঃ শ্রী বল কীর্ত্তীনাং তব তাত বিবর্দ্ধনং ॥ ১১ ॥
ধর্ম্ম আচরিতঃ পুংসাং বাঙ্মনঃ কায়শুদ্ধিভিঃ। লোকান্ বিশোকান্ বিতরত্যথ্যানন্ত্যমসঙ্গিনাং ॥ ১২ ॥
স তে মা বিনশেদ্বীর প্রজানাং ক্ষেমলক্ষণঃ। যস্মিন্ বিনষ্টে নৃপতিরৈশ্বর্য্যাদবরোহতি ॥ ১৩ ॥
রাজন্নোঽসাধ্বমাত্যেভ্যশ্চৌরাদিভ্যঃ প্রজানৃপ। রক্ষন্ যথা বলিং গৃহ্নন্নিহ প্রেত্যচ মোদতে।
যস্য রাষ্ট্রে পুরেচৈব ভগবান্ যজ্ঞপূরুষঃ। ইজ্যতে স্বেন ধর্ম্মেণ জনৈর্ব্বর্ণাশ্রমাত্মকৈঃ।

শ্রীধরস্বামী।

গূঢ়ো মন্যুর্যেষাং সামভিঃ প্রিয়োক্তিভিঃ ॥ ১১ ॥
নিষ্কামাণাং আনন্ত্যং মোক্ষমপি ॥ ১২ ॥
মাবিনশেৎ মাবিনশ্যতু ॥ ১৩ ॥
অসাধবো যে অমাত্যাঃ তেভ্যঃ যথা যথাশাস্ত্রং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্য রাষ্ট্রে ইতি যুগ্মকং ॥ ১৪। ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দহিষ্যামঃ ধক্ষ্যামঃ ॥ ১০। ১১ ॥
অসঙ্গিনাং নিষ্কামাণামানন্ত্যং মোক্ষং ॥ ১২ ॥
মা বিনশেৎ মা বিনশ্যতু ॥ ১৩ ॥
বর্ণাশ্রমধর্ম্মেষু আত্মা মনো যেষাং তৈঃ ॥ ১৪ ॥

দিগকে সংস্পর্শ করিবার কারণ আছে, আমরা অসচ্চরিত্র জানিয়া জ্ঞান পূর্ব্বক ঐ দুরাত্মাকে রাজা করিয়াছি। অতএব তাহার নিকটে গিয়া প্রথমে বিবিধ প্রকারে বুঝাই, প্রবোধিত হইয়াও যদি আমাদের বাক্য গ্রহণ না করে, তাহা হইলে একেত সে সকল লোকের ধিক্কারে দগ্ধ হইয়া রহিয়াছে, আবার আমরা স্ব স্ব তেজঃ দ্বারা দগ্ধ করিব ॥ ১০ ॥

বৎস বিদুর! মুনিগণ এই প্রকার নিশ্চয় করিয়া স্ব স্ব ক্রোধ সম্বরণ পূর্ব্বক বেণের সন্নিধানে গমন করিলেন এবং প্রিয় বচন দ্বারা সান্ত্বনা করিয়া কহিলেন, হে নৃপশ্রেষ্ঠ! আমরা তোমাকে যাহা জ্ঞাপন করিব অবহিত চিত্তে শ্রবণ কর। হে তাত! তাহাতে মনোযোগ করিলে তোমার আয়ুঃ, শ্রী, বল এবং কীর্ত্তি বৃদ্ধিশীল হইবে ॥ ১১ ॥

বৎস! কায় মনঃ বাক্য শোধন পূর্ব্বক যে ধর্ম্ম আচরিত হয় তাহাতে পুরুষদিগের এমত লোক প্রাপ্তি হয় যে সেখানে শোকের লেশ মাত্রও নাই। আর নিষ্কাম মানবদিগের ঐ ধর্ম্ম হইতে মোক্ষ লাভ হইয়া থাকে ॥ ১২ ॥

অতএব হে বীর! ধর্ম্ম পরম পদার্থ প্রজাবর্গের কল্যাণ স্বরূপ, তাহা যেন নষ্ট না হয়। মহারাজ! ধর্ম্ম নষ্ট হইলে নরপতির রাজ্যৈশ্বর্য্য সকলই বিনষ্ট হইয়া যায় ॥ ১৩ ॥

হে রাজন্! দুষ্ট আমাত্য এবং চৌরাদি হইতে প্রজাদিগকে রক্ষা করিয়া যে রাজা বিহিত কর গ্রহণ করেন তাঁহার ইহকালে ও পরকালে পরমসুখ সম্ভোগ হয়। মহারাজ! যাঁহার রাজ্যে এবং

তস্য রাজ্ঞো মহারাজ ভগবান্ ভূতভাবনঃ। পরিতুষ্যতি বিশ্বাত্মা তিষ্ঠতো নিজশাসনে।
তস্মিংস্তুষ্টে কিমপ্রাপ্যং জগতামীশ্বরেশ্বরে। লোকাঃ সপালা হ্যেতস্মৈ হরন্তি বলিমাদৃতাঃ ॥ ১৪ ॥
তং সর্ব্বলোকামরযজ্ঞ সংগ্রহং ত্রয়ীময়ং দ্রব্যময়ং তপোময়ং।
যজ্ঞৈর্বিচিত্রৈর্যজতো ভবায় তে রাজন্ স্বদেশানমুরোদ্ধু মর্হসি ॥ ১৫ ॥
যজ্ঞেন যুষ্মদ্বিষয়ে দ্বিজাতিভি র্বিতায়মানেন সুরাঃ কলা হরেঃ।
স্বিষ্টাঃ সুতুষ্টাঃ প্রদিশন্তি বাঞ্ছিতং তদ্ধেলনং নার্হতি বীর চেষ্টিতং। ১৬ ॥
শ্রীবেণ উবাচ ॥
বালিশা বত যূয়ং বা অধর্ম্মে ধর্ম্মমানিনঃ। যে বৃত্তিদং পতিং হিত্বা জারং পতিমুপাসতে।
অবজানন্ত্যমী মূঢ়া নৃপরূপিণমীশ্বরং। নানুবিন্দন্তি তে ভদ্রমিহ লোকে পরত্র চ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বান্ লোকাংশ্চ তৎপালান্ অমরাংশ্চ তৎপ্রাপকান্ যজ্ঞাংশ্চ সংগৃহ্নাতি নিযচ্ছতীতি তথা তং। বিচিত্রৈ র্যজ্ঞদ্রব্যাদিভিঃ। অভবায় সমৃদ্ধয়ে স্বদেশান্ তদ্বাসিনো জনান্ অনুরোদ্ধুং অনুবর্ত্তিতুং ॥ ১৫ ॥
যুষ্মদ্বিষয়ে ত্বদ্দেশে। হরেঃ কলাঃ অংশাঃ সুরাঃ তেষাং সুরাণাং হেলনমবজ্ঞাং ॥ ১৬ ॥
বালিশা অজ্ঞা বৃত্তিদমন্নাদিপ্রদং মাং হিত্বা ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে ভবায় তবৈব ভূত্যৈ যজতো যজন কর্তৄন্ স্বদেশবর্ত্তিনো জনান্ অনুরোদ্ধুং তত্রৈব যজনে প্রবর্ত্তয়িতুং ॥ ১৫ ॥
চেষ্টিতুং কর্ত্তুং ॥ ১৬ ॥
বৃত্তিদং পতিমিতি অদ্যৈব ময়া ফল মূলাদিত্রোটনে নিষিদ্ধে সদ্যএব মরিষ্যথেতি ভাবঃ ॥ ১৭। ১৮। ১৯। ২০ ॥

পুরমধ্যে প্রজা সকল স্ব স্ব বর্ণ ও আশ্রম ধর্ম্ম অনুষ্ঠান পূর্ব্বক ভগবান্ যজ্ঞপুরুষের অর্চ্চনা করেন, সেই নিজ শাসনে অবস্থিত রাজার প্রতি বিশ্বমূর্ত্তি ভগবান্ পরিতুষ্ট হয়েন। হে রাজন্! ভগবান্ হরি জগতের ঈশ্বর সকলেরও ঈশ্বর, যাবন্ত লোকপাল সকলেই পরমাদর সমন্বিত হইয়া তাঁহার নিমিত্ত পূজোপহার আহরণ করিয়া থাকেন, তিনি তুষ্ট হইলে আর কি অপ্রাপ্য রহিল? ॥ ১৪ ॥

হে নরনাথ! সেই ভগবান্ সকল লোক, লোকপাল এবং যজ্ঞের নিয়ামক, আর বেদময়, দ্রব্যময় ও তপোময়। তোমার স্বদেশবাসী যে সকল লোক বিবিধ যজ্ঞ দ্রব্যাদি দ্বারা সমৃদ্ধি লাভ নিমিত্ত তাঁহার অর্চ্চনা করিয়া থাকে, তুমি তাহাদের অনুবর্ত্তী হইতে যোগ্য হও ॥ ১৫ ॥

হে বীর! ব্রাহ্মণেরা তোমার দেশে যজ্ঞ বিস্তার করিয়া তদ্দ্বারা ভগবান্ হরির অংশে যে সকল দেবতার অর্চ্চনা করিতেছেন তাঁহারা তুষ্ট হইলে বাঞ্ছিত ফল প্রদান করিবেন, অতএব তাঁহাদের প্রতি অবজ্ঞা করা তোমার উচিত হয় না ॥ ১৬ ॥

মুনিগণের ঐ সকল উপদেশ বচন শ্রবণ করিয়া বেণ ক্রোধে অধীর হইল এবং কহিল, অহে! তোমরা বড় মূর্খ, অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া মানিতেছ, আমি সকলের অন্নাদিপ্রদ পতি, আমাকে পরিত্যাগ করিয়া যাহারা উপপতির তুল্য অন্যের উপাসনা করে তাহারা অতি মূঢ়, আমি যে নৃপরূপী ঈশ্বর আমাকে তাহারা তদ্রূপ জানিয়া অবজ্ঞা করে, কিন্তু ঐ অপরাধে ইহলোকে বা পরলোকে কুত্রাপি তাহারা আপনাদের মঙ্গল লাভ করিতে পারে না ॥ ১৭ ॥

কো যজ্ঞপুরুষো নাম যত্র বো ভক্তিরীদৃশী। ভর্তৃস্নেহ বিদূরাণাং যথা জারে কুযোষিতাং।
বিষ্ণুর্বিরিঞ্চো গিরিশ ইন্দ্রোবায়ুর্যমোরবিঃ। পর্জ্জন্যোধনদঃ সোমঃ ক্ষিতিরগ্নিরপাম্পতিঃ॥ ১৮॥
এতে চান্যেচ বিবুধাঃ প্রভবো বরশাপয়োঃ। দেহে ভবন্তি নৃপতেঃ সর্ব্বদেবময়ো নৃপঃ॥ ১৯॥
তস্মান্মাং কর্ম্মভির্ব্বিপ্রা যজধ্বং গতমৎসরাঃ। বলিঞ্চ মহ্যং হরত মত্তোঽন্যঃ কোঽগ্রভুক্ পুমান্।
ইত্থং বিপর্য্যয়মতিঃ পাপীয়ানুৎপথং গতঃ। অনুনীয়মান স্তদ্যাচ্ঞাং ন চক্রে ভ্রষ্টমঙ্গলঃ॥ ২০॥
ইতি তে সৎকৃতাস্তেন দ্বিজাঃ পণ্ডিতমানিনা। ভগ্নায়াং ভব্যযাচ্ঞায়াং তস্মৈ বিদুর চুক্রুধুঃ।
হন্যতাং হন্যতামেষ পাপঃ প্রকৃতি দারুণঃ। জীবঞ্জগদসাবাশু কুরুতে ভস্মসাদ্ ধ্রুবং।
নায়মর্হত্যসদ্বৃত্তো নরদেব বরাসনং। যো ঽধিযজ্ঞপতিং বিষ্ণুং বিনিন্দত্যনপত্রপঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

ভর্ত্তৃস্নেহো বিদূরে যেষাং॥ ১৮॥
যতো দেহে ভবন্তি নৃপতেঃ। অতোনৃপতিরেবেশ্বরঃ ইতরে তদংশা ইতি ভাবঃ॥ ১৯॥
বলিঞ্চ করাদিকং অগ্রভুক্ আরাধ্যঃ॥ ২০॥
তেনাসৎকৃতাঃ ভগ্নায়াং ভব্যায়াং যাচ্ঞায়াং॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

বিষ্ণুরিতি সুগমকং॥ ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেনাসৎ কৃতাঃ॥
ভস্মসাৎ কুরুতে করিষ্যতে তস্মাদয়মেব ভস্মীকর্ত্তব্য ইতি ভাবঃ॥ ২১॥

অহে ঋষিগণ! যজ্ঞপুরুষ কে? যেমন ভর্তৃস্নেহ পরাঙ্মুখী অসতী স্ত্রী উপপতির প্রতি স্নেহবতী হয় তাহার ন্যায়, তোমরা আপন প্রভুর প্রতি আস্থা পরিত্যাগ করিয়া কাহার প্রতি এত ভক্তি করিতেছ? অহে! তোমরা কি জান না? ব্রহ্মা, বিষ্ণু, শিব, ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ, কুবের, যম, সূর্য্য, মেঘ, পৃথিবী, জল॥ ১৮॥

এই সকল ও অন্যান্য যে যে দেবতা বর ও শাপ প্রদানে সমর্থ তাঁহারা সকলেই নরপতির দেহে বর্ত্তমান, ইহাতেই রাজা সর্ব্বদেব স্বরূপ, সুতরাং তিনিই ঈশ্বর, তদ্ভিন্ন যত সকলই তাঁহার অংশমাত্র॥ ১৯

হে দ্বিজগণ! আমি সেই রাজা, তোমরা মাৎসর্য্য পরিত্যাগ করিয়া কর্ম্ম দ্বারা আমারই অর্চ্চনা কর এবং আমার নিমিত্ত করাদি আহরণ করহ, আমা ভিন্ন আর কে আরাধ্য আছে? উৎপথগামী পাপাত্মা বেণ বিপরীত বুদ্ধি হইয়া এই প্রকার কহিলে, মুনিগণ পুনর্ব্বার বিবিধ বিনয় বাক্যে প্রার্থনা করিতে লাগিলেন, কিন্তু সে দুরাত্মা সমস্ত মঙ্গল হইতে ভ্রষ্ট হইয়াছিল অতএব মুনিদের প্রার্থনানুসারে কার্য্য করিল না॥ ২০॥

পণ্ডিতাভিমানী বেণ এই প্রকার বারম্বার অনাদর করাতে মুনিগণ তাহার প্রতি অতিশয় কুপিত হইলেন এবং ক্রোধে প্রজ্বলিত হইয়া সকলে এক বাক্যে কহিতে লাগিলেন। এই পাপাত্মা অতিশয় দারুণ প্রকৃতি, শীঘ্র ইহাকে বধ কর, এ পাপটা জীবিত থাকিলে নিশ্চয় জগৎকে ভস্মসাৎ করিবে। এ অতি দুরাচার, কখন নরদেবের বরাসনে অধ্যাসীন হইবার যোগ্য নয়। এবং নির্ল্লজ্জ যজ্ঞাধিপতি বিষ্ণুর নিন্দা করে।॥ ২১॥

কোবৈনং পরিচক্ষীত বেণমেকমৃতেঽশুভং। প্রাপ্ত ঈদৃশমৈশ্বর্য্যং যদনুগ্রহভাজনঃ ॥ ২২ ॥
ইত্থং ব্যবসিতা হন্তুমৃষয়ো গূঢ়মন্যবঃ। নিজঘ্নুর্হুঙ্কৃতৈর্বেণং হতমচ্যুতনিন্দয়া ॥ ২৩ ॥
ঋষিভিঃ স্বাশ্রমপদং গতে পুত্রকলেবরং। সুনীথা পালয়ামাস বিদ্যাযোগেন শোচতী ॥ ২৪ ॥
একদা মুনয়স্তেতু সরস্বৎসলিলাপ্লুতাঃ। হুত্বাগ্নীন্ সৎকথাশ্চক্রুরুপবিষ্টাঃ সরিত্তটে ॥ ২৫ ॥
বীক্ষ্যোত্থিতান্ তদোৎপাতানাহুর্লোকভয়ঙ্করান্। অপ্যভদ্রমনাথায়া দস্যুভ্যো ন ভবেদ্ভুবঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

পরিচক্ষীত নিন্দেৎ অশুভং বেণং বিনা। কৃতঘ্নতামাহুঃ। যদনুগ্রহবিষয়ঃ সন্ ঈদৃশং ঐশ্বর্য্যং প্রাপ্তঃ ॥ ২২ ॥
পূর্ব্বং গূঢ়মন্যবঃ হুঙ্কৃতৈঃ হুঙ্কারৈঃ ॥ ২৩ ॥
স্বাশ্রমপদং প্রতি ঋষিভির্গতে সতি বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া যুক্ত্যা। ২৪ ॥
পুংবত্ত্বাব আর্ষঃ। সরস্বত্যাঃ সলিলে আপ্লুতা ইত্যর্থঃ ॥ ২৫ ॥
তদা উত্থিতানুৎপাতান্ বীক্ষ্য ভুবোঽভদ্রং ন ভবেৎ কিমিত্যাহুঃ ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বীক্ষ্যেতি। তদোৎপাতানিত্যেব স্বামী ॥ ২৬। ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এনং বিষ্ণুং কোবা পরিচক্ষীত নিন্দেৎ। বেণং বিনা যদস্মাদীদৃশমৈশ্বর্য্যং প্রাপ্তোহি অনুগ্রহভাজনং ভবতি তস্মান্নিরনুগ্রহোঽহন্তব্য এবেতি ভাবঃ ॥ ২২। ২৩ ॥
বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া তৈলাদি প্রক্ষেপযুক্ত্যা ॥ ২৪ ॥
সরস্বদিতি পুংবত্ত্বাব আর্ষঃ ॥ ২৫। ২৬ ॥

এই অমঙ্গল স্বরূপ বেণ ভিন্ন অন্য কাহারও মুখে কখন বিষ্ণুর নিন্দা শুনি নাই, এ পাপাত্মা অতিশয় কৃতঘ্ন, যাঁহার অনুগ্রহ ভাজন হইয়া ঈদৃশ ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছে তাঁহারই নিন্দা করিতেছে ॥ ২২ ॥

বিদুর! মুনিগণের ক্রোধ পূর্ব্বে গূঢ় ছিল, এক্ষণে তাঁহারা ঐ প্রকার নিশ্চয় করিয়া কোপ প্রজ্ব-লিত করত ভয়ঙ্কর হুঙ্কার শব্দেই বেণকে নিহত করিলেন। বৎস! ঐ দুরাত্মা ভগবান্ অচ্যুতের নিন্দা করিত, ইহাতে পূর্ব্বেই হত হইয়াছিল ॥ ২৩ ॥

সে যাহা হউক, ঋষিরা বেণের প্রাণ সংহার করিয়া স্ব স্ব আশ্রমে গমন করিলে বেণজননী সুনীথা অতিশয় শোকার্ত্তা হইলেন এবং বিদ্যা যোগে অর্থাৎ সমন্ত্র তৈলাদি প্রক্ষেপ দ্বারা পুত্রের কলেবর পালন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

একদা ঐ সকল মুনি সরস্বতীর জলে অবগাহন করিয়া হোম সমাপন পূর্ব্বক তটে উপবিষ্ট হই-লেন এবং পরস্পর সৎকথা কহিতে আরম্ভ করিলেন ॥ ২৫ ॥

ইত্যবসরে হঠাৎ কতক গুলা ভয়ঙ্কর উৎপাত দৃষ্টি গোচর হইল, তাহাতে তাঁহারা সচকিত হইয়া কহিতে লাগিলেন, এ রূপ কেন হইতেছে? পৃথিবী কি নাথ হীনা হইল? দস্যুদের হইতে ইহার কি কোন অমঙ্গল হইয়াছে না কি? ॥ ২৬ ॥

এবং মৃশন্ত ঋষয়ো ধাবতাং সর্ব্বতো দিশং। পাংশুঃ সমুত্থিতো ভূরিশ্চৌরাণামভিলুম্পতাং ॥ ২৭ ॥
তদুপদ্রবমাজ্ঞায় লোকস্য বসুলুম্পতাং। ভর্ত্তর্য্যুপরতে তস্মিন্নন্যোন্যঞ্চ জিঘাংসতাং।
চৌরপ্রায়ং জনপদং হীনসত্ত্বমরাজকং। লোকান্নাবারয়ন্ শক্তা অপি তদ্দোষদর্শিনঃ ॥ ২৮ ॥
ব্রাহ্মণঃ সমদৃক্ শান্তো দীনানাং সমুপেক্ষকঃ। স্রবতে ব্রহ্ম তস্যাপি ভিন্নভাণ্ডাৎ পয়ো যথা ॥ ২৯
নাঙ্গস্য বংশো রাজর্ষেরেষ সংস্থাতুমর্হতি। অমোঘবীর্য্যাহি নৃপা বংশেঽস্মিন্ কেশবাশ্রয়াঃ।

শ্রীধরস্বামী।

এবং মৃশন্তঃ ঋষয়ঃ স্থিতাঃ তদা ধাবতাং চৌরাণাং ভূরিঃ পাংশুঃ সমুত্থিতঃ ॥ ২৭ ॥

ততদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাং চোপদ্রবমাজ্ঞায় তদা চৌরপ্রায়ং অরাজকং হীনসত্ত্বঞ্চ জনপদমাজ্ঞায় শক্তা অপি অবারণে দোষ দর্শিনোপি জনা লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণাং অবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোপি ব্রাহ্মণোপি যদি দীনানাং সমুপেক্ষকো ভবেৎ তর্হি তস্যাপি ব্রহ্ম তপঃ স্রবতি ॥ ২৯ ॥

অত উপেক্ষাদোষ পরীহারায় নাঙ্গস্যেত্যাদি বিনিশ্চিত্য মহীপতে রুরুং তরসা মমন্থু রিত্যন্বয়ঃ। সংস্থাতুং নাশং গন্তুং। যদ্বা ঋষয় এব লুম্পতো লোকান্নাবারয়ন্। কথম্ভূতাঃ হুঙ্কারৈরেব তান্নিবারয়িতুং শক্তা অপি তৎ কিং তন্নিবারণে তন্মরণাদি দোষদর্শিনঃ নচোদাসন্ চৌরোপক্রতদীনোপেক্ষায়াং তপোহানিপ্রসঙ্গাৎ নচাঙ্গং তন্নিবারকং রাজানমকুর্ব্বন্ অঙ্গবংশোচ্ছেদস্যানর্হত্বাৎ।

ক্রমসন্দর্ভঃ।

তদিতি যুগ্মকং। চৌরেতি। শক্তানামপি তেষাং তদপবারণে হেতুঃ। বর শাপাভ্যাং তন্নিবারণে তপঃ ক্ষয় রূপদোষ দর্শিনঃ ॥ ২৮ ॥

তদুপেক্ষামেব তত্রাহ। ব্রাহ্মণ ইতি চতুষ্কং। তর্হি কিং কর্ত্তব্যং তত্রাহ নাঙ্গস্যেত্যাদি ॥ ৩০। ৩১। ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং মৃশন্তোবিচারয়ন্তঃ ঋষয়ো যাবৎ স্থিতা তাবদেবেতি শেষঃ ॥ ২৭ ॥

ততদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাঞ্চোপদ্রবমাজ্ঞায় তথা চৌরপ্রায়ং জনপদঞ্চাজ্ঞায় যে শক্তা অপ্যবারণে দোষ দর্শিনোপি জনাঃ ক্ষত্রিয়লোকাঃ আত্মনএব রক্ষন্তঃ কিমস্মাকমন্যৈরিত্যুদাসীনা অন্যান্ লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণামবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোপি ব্রাহ্মণো দীনানাং সমুপেক্ষকো ভবেত্তর্হি তস্যাপি

ঋষিরা বসিয়া এই রূপ তর্ক বিতর্ক করিতেছেন এমত সময়ে সকল দিক্ হইতে ধাবমান ধনলুণ্ঠনকারি চৌরগণের ভূরি ভূরি ধূলি উত্থিত হইল ॥ ২৭ ॥

ঐ সকল তস্কর ভূপতির মরণে নির্ভয় হইয়া লোকদিগের ধন লুণ্ঠন ও পরস্পরের প্রাণ সংহার করিতে আরম্ভ করিয়াছিল। ঐ প্রকার উপদ্রব অবগত হইয়া এবং জনপদকে অরাজক ও হীনসত্ত্ব দেখিয়া সমর্থ ব্যক্তিরাও ঐ সকল দস্যুকে নিবারণ করিতেছিল না, যদিও তাদৃশ উপদ্রব নিবারণ না করিলে দোষ হয় ইহা তাহাদের জ্ঞাত ছিল ॥ ২৮ ॥

কিন্তু এ রূপ উপদ্রব নিবারণ না করিলে শক্তিমান্ ক্ষত্রিয় জাতির যে গুরুতর দোষ হয় এ কথা আর বক্তব্য কি ? সর্ব্বত্র সমদর্শি প্রাশান্তেন্দ্রিয় ব্রাহ্মণেরাও যদি দীনজনের ক্লেশ মোচনে উপেক্ষা করেন তাঁহাদেরও ব্রহ্মতপঃ, ভগ্নভাণ্ড হইতে দুগ্ধক্ষরণের ন্যায়, ক্ষরিয়া পড়ে ॥ ২৯ ॥

অতএব আপনাদের উপেক্ষা দোষ পরিহারের নিমিত্ত ঐ সকল ঋষি এই নিশ্চয় করিলেন রাজর্ষি অঙ্গের বংশ একেবারে ধ্বংস হওয়া উচিত হয় না, ঐ বংশে অমোঘ বীর্য্য ভগবৎ পরায়ণ ভূরি ভূরি

বিনিশ্চিত্যৈবমৃষয়ো বিপন্নস্য মহীপতেঃ। মমন্থুরূরুং তরসা তত্রাসীদ্বাহুকো নরঃ॥ ৩০॥

কাককৃষ্ণোঽতিহ্রস্বাঙ্গো হ্রস্ববাহুর্মহাহনুঃ। হ্রস্বপান্নিম্ননাসাগ্রো রক্তাক্ষস্তাম্রমূর্দ্ধজঃ।

তন্তু তেঽবনতং দীনং কিং করোমীতি বাদিনং। নিষীদেত্যব্রুবং স্তাত স নিষাদস্ততোঽভবৎ॥ ৩১

তস্য বংশ্যাস্তু নৈষাদা গিরি কানন গোচরাঃ। যেনাহরজ্জায়মানো বেণকল্মষমুল্বণং॥ ৩২॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে নিষাদোৎপত্তির্নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অতো বেণস্যৈব দেহং মমন্থুরিতি যোজ্যং বাহুকো বামনঃ॥ ৩০॥

তমেবাহ কাক ইব কৃষ্ণঃ। মহত্যৌ হনূ কপোলপ্রান্তৌ যস্য হ্রস্বৌ পাদৌ যস্য॥ ৩১॥

গিরিঃ কাননঞ্চ গোচর আশ্রয়ঃ নতু পুরাদি প্রবেশো যেষাং তে। তত্র হেতুঃ। যেন কারণেনাসাবহরৎ। ততস্তস্য বংশ্যাস্তথা ভূতাঃ॥ ৩২॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্দ্দশঃ॥ ১৪ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্ম তপঃ স্রবতি॥ ২৯। ৩০॥

নন্বেবঞ্চেত্তর্হি ভৃগ্বাদয়স্তে মুনয়ঃ কথং নিশ্চিন্তাঃ স্থিতাঃ সত্যং ত এব বৈদর্ভ্যাবধ প্রজাপালনাভ্যাং তপঃ ক্ষয় বিক্ষেপাদিক মালক্ষ্য কোপ্যেকোঽজনো রাজা কর্ত্তব্য ইতি ব্যবস্থায়াং পরামৃশ্যাহঃ নাঙ্গস্যেতি সংস্থাতুং নষ্টীভবিতুং বাহুকো বামন ইতি প্রথমং তদ্দেহাস্মাত্রাংশঃ পৃথগ্ভূয় প্রকটীবভূবেত্যর্থঃ॥

নিষীদেতি নাসৌ রাজযোগ্য ইতি ব্যবসায়েত্যর্থঃ॥ ৩১॥

যেন কারণেনাসৌ জায়মানো বেণকল্মষমহরৎ জগ্রাহ তেন স নিষাদো নীচজাতিরভবৎ। তস্য বংশ্যাস্তু নৈষাদা অতি নীচা অভূবন্নিত্যন্বয়ঃ॥ ৩২॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভূপতি হইয়াছিলেন। বিদুর! মুনিগণ এই প্রকার বিবেচনা করিয়া মৃত বেণের ঊরুদেশ মন্থন করিলেন, তাহাতে খর্ব্বাকৃতি একটা পুরুষ জন্মিল॥ ৩০॥

সে কাকের ন্যায় কৃষ্ণবর্ণ, তাহার অঙ্গ সকল অতিশয় হ্রস্ব এবং বাহুদ্বয় ক্ষুদ্র, কপোলের দুই প্রান্ত ভাগ বৃহৎ, দুই চরণ খর্ব্ব, নাসাগ্র নিম্ন, চক্ষুঃ লাল এবং কেশ তাম্রবর্ণ। সে ব্যক্তি দীন ভাবে নত হইয়া "কি করিব" এই কথা বলিতে লাগিল। ঋষিরা ঐ কথায় নিষীদ অর্থাৎ বৈস, এই মাত্র বলিলেন। বিদুর। মুনিগণ নিষীদ বলাতেই ঐ উৎপন্ন ব্যক্তি নিষাদ নামে বিখ্যাত হইল॥ ৩১॥

অনন্তর তাহার যে বংশ হয় তাহার নাম নৈষাদ হইয়াছে। ঐ বংশীয় ব্যক্তিরা পর্ব্বত ও বনে বাস করিতেছে, তাহাদের পুরে প্রবেশ করিবার অধিকার নাই, কারণ ঐ নিষাদ জন্মিয়াই বেণের গুরুতর পাপ গ্রহণ করিয়াছিল তাহাতেই তদ্বংশীয় ব্যক্তিরা ঐ প্রকার হইল॥ ৩২॥

॥ * ॥ চতুর্থে চতুর্দ্দশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

অথ তস্য পুনর্ব্বিপ্রৈরপুত্রস্য মহীপতেঃ। বাহুভ্যাং মথ্যমানাভ্যাং মিথুনং সমপদ্যত।
তদ্দৃষ্ট্বা মিথুনং জাতমৃষয়ো ব্রহ্মবাদিনঃ। ঊচুঃ পরম সন্তুষ্টা বিদিত্বা ভগবৎকলাং ॥ ১ ॥
এষ বিষ্ণোর্ভগবতঃ কলা ভুবনপাবনী। ইয়ঞ্চ লক্ষ্মীসম্ভূতিঃ পুরুষস্যানপায়িনী ॥ ২ ॥
অত্র যঃ প্রথমো রাজ্ঞাং পুমান্ প্রথয়িতা যশঃ। পৃথুর্নাম মহারাজো ভবিষ্যতি পৃথুশ্রবাঃ ॥ ৩ ॥
ইয়ঞ্চ দেবী সুদতী গুণভূষণভূষণং। অর্চ্চির্নাম বরারোহা পৃথুমেবাবরুন্ধতী ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ততঃ পঞ্চদশে বিপ্রৈর্ম্মথনাদ্বেণবাহুতঃ। জাতস্তু পৃথোরুক্তমভিষেকার্হণাদিকং ॥ ১ ॥
কিমূচুরিত্যত আহ এষ ইতি চতুর্ভিঃ। লক্ষ্যাঃ সংভূতিঃ কলা ॥ ২ ॥
অত্র যঃ পুমান্ সতু মহরাজো ভবিষ্যতি ॥ ৩ ॥
সুদতী শোভনদন্তবতী গুণানাং ভূষণানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভর্ত্তৃত্বেন ভজন্তী ভবিষ্যতি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঋষয় ঊচুরিতি বহুত্র কিন্তু কিমূচুরিতি পৌনরুক্ত্যা স্বামাসম্মতোয়ং ॥ ১ ॥
অয়ং রাজ্ঞাং ভাবিনাং প্রথমঃ তেষাং তদনুসারিচেষ্টায়াং যশঃ প্রথয়িতাচ। অতএব পৃথুশ্রবাঃ অত্র য ইতি পাঠস্তু স্বামিসম্মতঃ ॥ ২ ॥
ভূষণমিত্যেব স্বামিমতঃ। রূপকত্বেন নির্দ্দেশাৎ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্বেণ বাহু মথন জন্মনঃ সার্চ্চিষশ্চ পৃথোঃ। অভিষেকোপায়নাদ্যাহৃতিঃ পঞ্চদশেঽভবৎ ॥ ০ ॥
অথাস্য [illegible]বিষ্ণুবংশপ্রভাবশ্চ কীদৃশ উদ্ভবেদিত্যপেক্ষায়াং মুনিভির্ম্মথনমাহ অথেতি ॥ ১ ॥
সমা[illegible]ঃ সম্পত্তি তদ্রূপা লক্ষ্মীঃ ॥ ২ ॥
বাহুত্রামিতি ক্ষাত্রং তেজো ভগবৎ প্রভাবশ্চ ক্ষত্রিয়স্য বাহ্বোরেব তিষ্ঠতীত্যভিপ্রায়েণ অত্র যঃ পুমান্ প্রথমঃ সপ্রথয়িতেতি নিরুক্ত্যা পৃথুঃ ॥ ৩ ॥
গুণানাং ভূষণানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভক্ত্যাবশী কুর্ব্বতী ভবিষ্যতি ॥ ৪ ॥

পঞ্চদশ অধ্যায়ে বিপ্রগণ কর্ত্তৃক বেণের বাহু মথ্যমান হইলে তাহা হইতে পৃথুর উৎপত্তি এবং তাঁহার রাজ্যাভিষেক ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! অনন্তর ব্রাহ্মণেরা মৃত অপুত্রক বেণের পুনরায় বাহু দ্বয় মন্থন করিতে প্রবৃত্ত হইলে, তাহাতে একটী স্ত্রী ও এক পুরুষ উৎপন্ন হইল। বেণবাহূৎপন্ন মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ অবলোকন করিয়া সকল ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ যথেষ্ট সন্তুষ্ট হইলেন এবং সেই দুইটীকে ভগবানের অংশ জ্ঞান করিয়া কহিতে লাগিলেন ॥ ১ ॥

এই পুরুষ ভগবান্ বিষ্ণুর ভুবনপাবন অংশ, এই স্ত্রীটীও ভগবতী লক্ষ্মীর অনপায়িনী কলা, ইনি কখন ভগবান্‌কে পরিত্যাগ করেন না ॥ ২ ॥

অতএব যিনি পুরুষ, ইনি সকল রাজার প্রথম হইয়া যশঃ বিস্তার করিবেন, এ কারণ ইঁহার নাম পৃথু, ইনি রাজচক্রবর্ত্তী হইবেন ॥ ৩ ॥

আর এই যে দেবী যিনি শোভন দশন বিশিষ্টা ও ভূষণ সকলের ভূষণ স্বরূপা, ইঁহার নাম অর্চ্চি, এই বরারোহা ইঁহাকেই ভর্ত্তা বলিয়া ভজনা করিবেন ॥ ৪ ॥

এষ সাক্ষাদ্ধরেরংশো জাতো লোকরিরক্ষয়া। ইয়ঞ্চ তৎপরা হি শ্রীরনুজজ্ঞেঽনপায়িনী ॥ ৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রশংসন্তিস্ম তং বিপ্রা গন্ধর্ব্বপ্রবরা জগুঃ। মুমুচুঃ সুমনো ধারাঃ সিদ্ধা নৃত্যন্তি স্বঃ স্ত্রিয়ঃ।
শঙ্খ তূর্য্য মৃদঙ্গাদ্যা নেদুর্দুন্দুভয়ো দিবি। তত্র সর্ব্ব উপাজগ্মু র্দেবর্ষি পিতৄণাঙ্গণাঃ ॥ ৬ ॥
ব্রহ্মা জগদ্গুরুর্দেবৈঃ সহাসৃত্য সুরেশ্বরৈঃ। বৈণ্যস্য দক্ষিণে হস্তে দৃষ্ট্বা চিহ্নং গদাভৃতঃ।
পাদয়োররবিন্দঞ্চ তং বৈ মেনে হরেঃ কলাং ॥ ৭ ॥
যস্যাপ্রতিহতং চক্রমংশঃ স পরমেষ্ঠিনঃ। তস্যাভিষেক আরব্ধে ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অত্র হেতুঃ এষ ইতি লোকস্য রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥

স্বঃস্ত্রিয়ঃ অপ্সরসো নৃত্যন্তিস্ম ॥ ৬ ॥

দেবৈঃ সহাসৃত্য আগত্য চিহ্নং রেখাত্মকং চক্রং ॥ ৭ ॥

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং চক্রং যস্য চিহ্নং স পরমেশ্বরস্যাংশঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মৈত্রেয় উবাচেতি কচিন্নাস্তি ॥ ৫ ॥

ব্রহ্মেতি সার্দ্ধকং ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥

সুমনসাং পুষ্পাণাং ধারা ইব ধারা মুমুচুঃ ॥ ৬ ॥ ৭ ।

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং পাণিতল ইত্যর্থঃ। পরমেষ্ঠিনঃ পরমেশ্বরস্য ॥ ৮ । ৯ ॥ ১০ । ১১ ॥

কারণ, এ ব্যক্তি সাক্ষাৎ ভগবানের অংশ, কেবল লোক রক্ষণ বাসনায় জন্ম গ্রহণ করিলেন। আর এই শ্রী স্বয়ং লক্ষ্মী, ইনি ভগবৎ পরায়ণা, ভগবান্ ব্যতীত কুত্রাপি অবস্থিতি করেন না, অতএব এক সঙ্গে জন্ম গ্রহণ করিলেন ॥ ৫ ॥

মুনিবর মৈত্রেয় এই সমস্ত বৃত্তান্ত বর্ণন করিয়া কহিলেন বিদুর। ভগবানের অংশ রূপী পৃথু উৎপন্ন হইলে, বিপ্রগণ তাঁহার প্রশংসা করিতে লাগিলেন, গন্ধর্ব্বেরা সঙ্গীত আরম্ভ করিল, সিদ্ধগণ সকাশাৎ আকাশ হইতে পুষ্প বৃষ্টি পতিত হইল, অপ্সরা সকল নৃত্য করিতে লাগিল। আর স্বর্গে শঙ্খ তূর্য্য মৃদঙ্গ ও দুন্দুভি প্রভৃতির বাদ্য আরম্ভ হইল। অনন্তর সমস্ত দেব, ঋষি ও পিতৃগণ ঐ স্থানে আগমন করিলেন ॥ ৬ ॥

জগদ্গুরু ব্রহ্মা সমুদায় দেব ও দেবেশ্বরের সহিত আগমন করিয়া দেখিলেন। বেণাঙ্গজ পৃথুর দক্ষিণ পাণিতে ভগবান্ চক্রপাণির চক্রচিহ্ন ও চরণে পঙ্কজ লাঞ্ছন রহিয়াছে, অতএব অনুমান করিলেন এই ব্যক্তি ভগবানের অংশ, সংশয় নাই ॥ ৭ ॥

[illegible] চক্ররেখা রেখান্তরে প্রতিহত না হয়, তিনি পরম পুরুষ ভগবানের অংশ। অতএব ব্রহ্মবাদী ব্রাহ্মণেরা তাঁহার অভিষেকার্থ উদ্যোগ করিলেন ॥ ৮ ॥

আভিষেচনিকান্যস্মৈ আজহ্রুঃ সর্ব্বতোজনাঃ। সরিৎ সমুদ্রাগিরয়ো নাগা গাবঃ খগা মৃগাঃ।
দ্যৌঃ ক্ষিতিঃ সর্ব্বভূতানি সমাজহ্রু রুপায়নং। সোঽভিষিক্তো মহারাজঃ সুবাসাঃ সাধ্বলঙ্কৃতঃ।
পত্ন্যার্চ্চিষালঙ্কৃতয়া বিরেজেঽগ্নিরিবাপরঃ ॥ ৯ ॥
তস্মৈ জহার ধনদো হৈমং বীর বরাসনং। বরুণঃ সলিল স্রাবমাতপত্রং শশিপ্রভং ॥ ১০ ॥
বায়ুশ্চ বালব্যজনে ধর্ম্মঃ কীর্ত্তিময়ীং স্রজং। ইন্দ্রঃ কিরীটমুৎকৃষ্টং দণ্ডং সংযমনং যমঃ ॥ ১১ ॥
ব্রহ্মা ব্রহ্মময়ং বর্ম্ম ভারতী হারমুত্তমং। হরিঃ সুদর্শনং চক্রং তৎপত্ন্যব্যাহতাং শ্রিয়ং ॥ ১২ ॥
দশচন্দ্রমসিং রুদ্রঃ শতচন্দ্রং তথাম্বিকা। সোমোঽমৃতময়ানশ্বাংস্ত্বষ্টা রূপাশ্রয়ং রথং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

আভিষেচনিকানি অভিষেকসাধনানি ॥ ৯ ॥
হে বীর বরমাসনং সলিলস্য স্রাবো যস্মাৎ ॥ ১০ ॥
দ্বে বালব্যজনে ॥ ১১ ॥
ব্রহ্মময়ং বেদময়ং বর্ম্ম কবচং তৎপত্নী শ্রীঃ শ্রিয়ং সম্পদঃ ॥ ১২ ॥
দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তং অসিং খড্গং শতচন্দ্রং চর্ম্ম রূপাশ্রয়ং অতিসুন্দরং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মময়ং বেদময়ং বর্ম্ম কবচং। তৎ পত্নী লক্ষ্মীঃ শ্রিয়ং সম্পত্তিং ॥ ১২ ॥
দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তমসিং খড্গং। শতচন্দ্রং চর্ম্ম। রূপাশ্রয়মতিসুন্দরং ॥ ১৩ ॥

তদর্থ সকল স্থান হইতে জন সকল আভিষেচনিক দ্রব্য আহরণ করিতে লাগিল। সরিৎ, সাগর, ভূধর, নাগ, গো, খগ, মৃগ এবং পৃথিবী, আকাশ ও সকল প্রাণী যথোপযুক্ত উপায়ন আনিয়া উপস্থিত করিল। অনন্তর মহারাজ পৃথু শোভন বসন পরিধান করিয়া ও সুন্দর রূপে অলঙ্কৃত হইয়া যথাবিধি রাজসিংহাসনে অভিষিক্ত হইলেন, তদনন্তর সর্ব্বালঙ্কারে অলঙ্কৃতা অর্চ্চিঃ নাম্নী পত্নীর সহিত অপর অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥ ৯ ॥

হে বীর! মহারাজ পৃথুর নিমিত্ত ধনাধিপ কুবেরের কাঞ্চন ময় আসন আহরণ করিলেন এবং জলাধিপতি বরুণ শশিতুল্য শুভ্রবর্ণ ছত্র আনিয়া দিলেন। বিদুর! বরুণের ঐ ছত্র অতি চমৎকার, সতত তাহা হইতে সলিল ক্ষরিত হইত ॥ ১০ ॥

অপর বায়ু দুইটী ব্যজন প্রদান করিলেন। ধর্ম্ম কীর্ত্তিময়ী মালা, আর ইন্দ্র [illegible] কিরীট ও সংযমনীপতি যম দমনসাধন দণ্ড আনিয়া উপহার দিলেন ॥ ১১ ॥

অপিচ ব্রহ্মা বেদময় কবচ, ভারতী মনোহর হার, হরি সুদর্শন চক্র এবং [illegible] পায়িনী সম্পত্তি প্রদান করিলেন ॥ ১২ ॥

অধিকন্তু ভগবান্ রুদ্র তাঁহাকে একখানি অসি দিলেন, সেই অসির কোষে [illegible] প্রতিবিম্ব ছিল। অম্বিকাও এক চর্ম্ম আনিয়া উপহার দিলেন, তাহাতে [illegible] অঙ্কিত ছিল। অপর সোম অমৃতময় অশ্ব এবং ত্বষ্টা অত্যুৎকৃষ্ট [illegible]

তেঽস্যাভবিষ্যন্নিতি বিপ্রলব্ধো জনাবহাসং কুমতির্ন বেদ ॥ ২০ ॥

প্রভবো হ্যাত্মনঃ স্তোত্রং জুগুপ্সন্ত্যপি বিশ্রুতাঃ। হ্রীমন্তঃ পরমোদারাঃ পৌরুষং বা বিগর্হিতং ॥ ২১ ॥

বয়ং ত্ববিদিতালোকে সূতাদ্যাপি বরীমভিঃ। কর্ম্মভিঃ কথমাত্মানং গাপয়িষ্যাম বালবৎ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

মন্দ ইত্যাহ ত ইতি। যদ্যয়ং শাস্ত্রাভ্যাসাদিকমকরিষ্যৎ তর্হি তে অস্য বিদ্যাদয়ো গুণা অভবিষ্যন্নিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধো জনানামবহাসং ন বেদ ॥ ২০ ॥

কিঞ্চ প্রভবোপি বিশ্রুতা অপি হ্রীমন্তো জুগুপ্সন্তি বেতি দৃষ্টান্তে যথা অতিস্তুতৌ ক্রিয়মাণায়াং বিগর্হিতং ব্রাহ্মণ বধাদি পৌরুষং নিন্দন্তি। তথা উচিতামপি স্তুতিং ন সহন্ত ইত্যর্থঃ ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং। ভবিতু প্রধানশ্চায়ং নির্দ্দেশঃ বরিষ্টৈঃ কর্ম্মভিরবিদিতা ইত্যর্থঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শে সর্ব্বলোকেশৈঃ সংস্কৃতং ভার্য্যয়া যুতং। মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ স্তুবন্তি স্মেতি বর্ণ্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অস্তেতু প্রভবস্তাবয়িতুং যোগ্যাঃ স্বস্তোত্রং জুগুপ্সন্তি। তথাপি বিশ্রুতাঃ তত্তদ্গুণৈরবিখ্যাতাঃ তে কে তত্রাহ। হ্রীমন্তঃ পরমা মহান্তশ্চেতি ॥ ২১ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পণ্ডিতো বিষয়োপাত্তবিষ্যদিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধঃ উপহসিতঃ ॥ ২০ ॥

হে স্তাবকাঃ প্রভবো ন স্তোত্রাঃ যতঃ প্রভবোহীত্যাদি। বা শব্দ ইবার্থে বিগর্হিতং পৌরুষমিব যথায়ং সতাং ধর্ম্মধ্বংসে পরম সমর্থ ইত্যাদি স্তোত্রং নিন্দন্তি ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং বরিমভিঃ শ্রেষ্ঠৈস্ত্বয়মবিদিতা অবিখ্যাতাঃ। অতঃ কথং কর্ম্মভিরাত্মানং গাপয়িষ্যাম ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ ষোড়শে তুষ্টুবুঃ পৃথুং। স্তবশ্চ পৃথ্বীদোহাদি ভাবি তদ্বৃত্তিসূচকঃ ॥ ০ ॥

বাক্যেও সে স্তব বোধ করে, অতএব লোকদের উপহাসও বুঝিতে পারে না ॥ ২০ ॥

এই কারণে বিখ্যাত সমর্থ ব্যক্তিরাও আপনাদের স্তবে লজ্জা বোধ করিয়া তাহা নিন্দা করিয়া থাকেন অর্থাৎ যেমন কোন ব্যক্তি অতিস্তুতি করিতে থাকিলে তন্মধ্যে বিগর্হিত ব্রাহ্মণবধাদি পৌরুষ নিন্দনীয় জ্ঞান হয় তাহার ন্যায়, ঐ রূপ যথার্থ স্তুতিও সহ্য হয় না ॥ ২১ ॥

সে যাহা হউক, হে সূতাদিগণ! আমরা কোন প্রধান কর্ম্মের দ্বারা লোকে বিখ্যাত হই নাই, কি প্রকারে বালকের ন্যায় আত্মগুণ কীর্ত্তন করাইব? ॥ ২২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শাধ্যায়ে মুনিগণের অনুমত্যনুসারে সূতাদি কর্ত্তৃক সভার্য্য পৃথুর স্তব ॥ ০ ॥

ইতি ব্রুবাণং নৃপতিং গায়কা মুনিচোদিতাঃ। তুষ্টুবুস্তুষ্টমনসস্তদ্বাগমৃতসেবয়া ॥ ১ ॥
নালং বয়ং তে মহিমানুবর্ণনে যো দেববর্য্যোঽবততার মায়য়া।
বেণাঙ্গজাতস্য চ পৌরুষাণি তে বাচস্পতীনামপি বভ্রমুর্ধিয়ঃ ॥ ২ ॥
অথাপ্যুদারশ্রবসঃ পৃথোর্হরেঃ কলাবতারস্য কথামৃতাদৃতাঃ।
যথোপদেশং মুনিভিঃ প্রচোদিতাঃ শ্লাঘ্যানি কর্ম্মাণি বয়ং বিতম্মহি।
এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো লোকং ধর্ম্মেঽনুবর্ত্তয়ন্। গোপ্তাচ ধর্ম্মসেতূনাং শাস্তা তৎপরিপন্থিনাং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

গায়কাঃ সূতাদয়ঃ ॥ ১ ॥

নালং সমর্থাঃ যোভবান্ অবতারেষপ্যস্তাধিক্যমাহুঃ। বেণস্যাঙ্গাজ্জাতস্য তে পৌরুষাণি প্রতি অবিতর্ক্য তয়া ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ কুতঃ পুনর্ব্বয়ং তদ্বর্ণনে সমর্থা ভবেম ॥ ২ ॥

তথাপি যথাবৎ বর্ণয়িতুমশক্তা অপি কথামৃতে সাদরাঃ মুনিভিরুপদেশং যোগবলেন হৃদি প্রকাশনং তমনতিক্রম্য বিতম্মহি বিস্তারয়ামঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

বেণাঙ্গজস্যাপীতি চকারেণ লভ্যতে ॥ ১। ২ ॥

স্বয়ং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠোলোকং চ ধর্ম্মেঽনুবর্ত্তয়ং স্তৎ পরিপন্থিনাং শাস্তেতি। ধর্ম্মসেতূনাং গোপ্তেত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নালং ন সমর্থাঃ মায়য়া কৃপয়া। যদ্বা। সশক্ত্যা অর্চ্চিষা সহ তে তব পৌরুষাণি প্রতি ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ ॥ ১। ২ ॥

যথোপদেশং মুনিভিরস্মদন্তঃকরণং প্রবিশ্য কৃতমুপদেশমনতিক্রম্য ॥ ৩ ॥

মৈত্রেয় কহিলেন পৃথু রাজা এই প্রকার কহিলেও সূতাদি গায়কগণ মুনিদিগের প্রেরণায় তাঁহার স্তব করিতে আরম্ভ করিল। পৃথুর বাক্য রূপ অমৃত সেবনেই তাহাদের চিত্ত পরিতৃপ্ত হইতে লাগিল ॥ ১ ॥

তাহারা কহিল মহারাজ! আপনার মহিমা বর্ণনে আমাদের সামর্থ্য নাই,আপনি প্রধান দেব,মায়া দ্বারা এই অবতার গ্রহণ করিয়াছেন। হে রাজন্! আপনি বেণের অঙ্গ হইতে উৎপন্ন হইলেও আপনার পৌরুষ এমন অবিতর্ক্য যে তদ্বিষয়ে ব্রহ্মাদিরও বুদ্ধি ভ্রান্ত হইয়া পড়ে, ইহাতে আমরা বর্ণন করি আমাদের সাধ্য কি? ॥ ২ ॥

মহাত্মা পৃথু উদার কীর্ত্তি এবং ভগবান্ হরির অংশে অবতীর্ণ, ইহাঁর গুণ সমূহ যথাবৎ বর্ণন করিতে যদিও আমাদের সাধ্য নাই, তথাচ ইহাঁর কথা রূপ অমৃতে আমাদের অতিশয় আদর জন্মিয়াছে, অপর এই সকল মুনি আমাদিগকে নিয়োগ করিতেছেন, ইহাঁরা যোগবলে আমাদের হৃদয়ে যে রূপ প্রকাশ করিয়া দিতেছেন আমরা তদ্রূপই এই মহাত্মার প্রশংসনীয় কর্ম্ম সকল বর্ণন করি। ইনি ধর্ম্মপরায়ণ দিগের অগ্রগণ্য হইয়া লোক সকলকে ধর্ম্মের অনুবর্ত্তী করিবেন এবং ধর্ম্মের যে যে সেতু আছে তাঁহাদের রক্ষক ও ধর্ম্মদ্রোহি উৎপথগামিদিগের শাস্তা হইবেন ॥ ৩ ॥

এষ বৈ লোকপালানাং বিভর্ত্ত্যেকস্তনৌ তনূঃ। কালে কালে যথাভাগং লোকয়োরুভয়োর্হিতং ॥ ৪ ॥
বসুকাল উপাদত্তে কালেচায়ং বিমুঞ্চতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু প্রতপন্ সূর্য্যবদ্বিভুঃ ॥ ৫ ॥
তিতিক্ষত্যক্রমং বৈণ্য উপর্য্যাক্রামতামপি। ভূতানাং করুণঃ শশ্বদার্ত্তানাং ক্ষিতিবৃত্তিমান্ ॥ ৬ ॥
দেবে বর্ষত্যসৌ দেবো নরদেববপুর্হরিঃ। কৃচ্ছ্রপ্রাণাঃ প্রজাহ্যেষ রক্ষিষ্যত্যঞ্জসেন্দ্রবৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তনৌ স্বদেহে লোকপালানাং তনূর্মূর্ত্তীঃ কালে কালে বিভর্ত্তি যথাভাগং পালনপোষণানুরঞ্জনাদি কার্য্যানুসারেণ যজ্ঞাদি প্রবর্ত্তনেন স্বর্গস্য হিতং বৃষ্ট্যাদি প্রবর্ত্তনেন ভূর্লোকস্যচ হিতং যথা ভবতি তথা ॥ ৪ ॥

সূর্য্যাদি তনূধারণমেবাহ অষ্টভিঃ। বসু ধনং করাদান কালে আদত্তে দুর্ভিক্ষাদি কালে বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যোযথা বসু জলমাদত্তে বিমুঞ্চতি বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

মস্তকে পাদেনাক্রামতামপি আর্ত্তানাং ভূতানাং অতিক্রমং সহিষ্যতে। ক্ষিতের্বৃত্তিঃ সর্ব্বসহ নং সা বৃত্তি র্যস্যাস্তি স তথা ॥ ৬ ॥

দেবেঽবর্ষত্যেব কৃচ্ছ্রং গতাঃ প্রাণা যাসাং তাঃ প্রজাঃ স্বয়ং বৃষ্টিং কৃত্বা রক্ষিষ্যতি। তত্র হেতুঃ অসৌ নরদেববপুর্হরিরিতি ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তনূঃ শক্তীঃ ॥ ৪। ৫। ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নং হন্যমানঃ ষড়িন্দ্রিয় নক্রৈশ্চ ন চর্ব্যমাণঃ স্বয়ঞ্চ বলিষ্ঠঃ প্রাপ্তোপ্যনলসঃ স্যাৎ তদা জ্ঞান বৈরাগ্যাভ্যাং দোর্ভ্যাং চিরেণৈব কথঞ্চিদেব তেষাং মধ্যে কোপি কষ্টেনৈব তরতীতি ভাবঃ। তস্মাত্বং হরেরঙ্ঘ্রিং উড়ুপং প্লবং কৃত্বা ব্যসনং সংসার দুস্তরার্ণবং উত্তর। অত্রোড়ুপং কৃত্বেতি সমাশ্রিতা যে পদপল্লবমিতি ভবৎপাদপোতেন মহৎ কৃতেনেত্যাদ্যুক্তে র্হরিপদপ্লবাশ্রয়ণমাত্রেণৈব ভবার্ণবস্য গোবৎস পদ প্রমাণত্বে জাতে তত্তরণে খলু কঃ প্রয়াস ইতি প্লবারোহণং নাশঙ্কনীয়ং ॥ ৩৮ ॥

আত্মমেধসা আত্মবিদা ॥ ৩৯ ॥

ব্রহ্মন্নিতি সনৎকুমারস্যৈকস্য প্রাধান্যাৎ যূয়মিতি সর্ব্বান্ প্রত্যুক্তিঃ ॥ ৪০ ॥

গুরুদক্ষিণার্থং দাতুং কিমপি ন পশ্যামীত্যাহ সাধূচ্ছিষ্টমিতি। সাধুভি র্যুষ্মাভিরেব ভৃগ্বাদিভিঃ স্বীয়ং রাজ্যাদিকং প্রসাদী

দের সুখ নিস্তারের কারণ নাই, কামাদি ষড়বর্গ যাহাতে নক্র রূপে বর্ত্তমান, সেই ভবার্ণবকে তাঁহারা কষ্টে উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, অতএব তাহা অতিশয় অসুখ, এই নিমিত্ত তুমি ভগবানের চরণ যাহা ভজনীয়, তাহাকেই প্লব করিয়া দুস্তর উদক রূপ ব্যসন সকল উত্তীর্ণ হও ॥ ৩৮ ॥

মৈত্রেয় কহিলেন হে কুরুশ্রেষ্ঠ বিদুর! ব্রহ্মপুত্র ব্রহ্মজ্ঞ ভগবান্ সনৎকুমার এই প্রকারে আত্ম তত্ত্ব প্রকাশ করিয়া দিলে আদিরাজ পৃথু তাঁহার প্রশংসা করিয়া কহিতে লাগিলেন ॥ ৩৯ ॥

ব্রহ্মন্! আর্ত্তজনের প্রতি অনুকম্পাকারী ভগবান্ হরি আমার প্রতি পূর্ব্বে যে অনুগ্রহ প্রকাশ করেন তাহা সম্পূর্ণ করণার্থ আপনাদের আগমন হইয়াছিল ॥ ৪০ ॥

আপনারা পরম দয়ালু, যদর্থ আগমন করিয়াছিলেন সকলই সম্পন্ন করিলেন, এক্ষণে আমি আপ-নাদিগকে গুরু দক্ষিণা কি দিব! আমার রাজ্য ও দেহ সমুদায় ভৃগু প্রভৃতি সাধু পুরুষেরা যজ্ঞান্তে

প্রাণাদারাঃ সুতা ব্রহ্মন্ গৃহাশ্চ সপরিচ্ছদাঃ। রাজ্যং মহী বলং কোষ ইতি সর্ব্বং নিবেদিতং॥৪২
সৈনাপত্যঞ্চ রাজ্যঞ্চ দণ্ডনেতৃত্বমেবচ। সর্ব্বলোকাধিপত্যঞ্চ বেদশাস্ত্রবিদর্হতি॥ ৪৩॥
স্বমেব ব্রাহ্মণো ভুঙ্‌ক্তে স্বং বস্তে স্বং দদাতিচ। তস্যৈবানুগ্রহেণান্নং ভুঞ্জতে ক্ষত্রিয়াদয়ঃ॥ ৪৪॥

শ্রীধরস্বামী।

গুরুদক্ষিণার্থং কিং দদে॥ ৪১॥

নহি পিত্রা দত্তং মোদকাদি তস্মৈ দানরূপেণ প্রত্যর্প্যতে নিবেদনন্ত তদীয়স্যৈব সমর্পণং। যথা ভৃত্যো রাজ্ঞে সেবা রূপেণ তাম্বূলাদিকমর্পয়তি তথা ময়াপি সর্ব্বং নিবেদিতং স্বীকুরুতেত্যাহ প্রাণা ইতি॥ ৪২॥

আত্মনঃ সত্ত্বাভাবং প্রপঞ্চয়তি সৈনাপত্যঞ্চেতি দ্বাভ্যাং॥ ৪৩॥

বস্তে পরিধত্তে অন্ন মাত্রং কেবলং ভুঞ্জতে নতু দানে স্বতন্ত্রাঃ॥ ৪৪॥

ক্রমসন্দর্ভঃ।

কুচ্ছিষ্টং যজ্ঞান্তে ময়া দত্তং সৎ নির্জোচ্ছিষ্টবন্ময্যেব সমর্পিতং তাদৃশমনাদরণীয়ং কিং দদে॥ ৪১॥

সাধুভ্যো দত্তমেব বিবৃণোতি। নিবেদিতং নিবেদন রূপেণৈব দত্তং পূর্ব্বং তৈরেব প্রাণাদীনাং মহ্যং সমর্পিতত্বাৎ॥ ৪২॥

অত্র হেতুমাহ। সৈনাপত্যমিতি॥ ৪৩॥

স্বমিতি। ব্রাহ্মণস্যৈবাজ্ঞয়া সর্ব্বং দাতব্যং তদন্যথাতু দোষায় স্যাদিতি তাৎপর্য্যং॥ ৪৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কৃত্যা মহ্যং দত্তং কথং পুনর্দাস্যামি পিত্রা দত্তস্য তাম্বূল চর্ব্বিতস্য তস্মৈ প্রতিদানানৌচিত্যাৎ॥ ৪১॥

ননু সাধূনাং রাজ্যাদিষু কথং সত্ত্বং জাতং তত্রাহ প্রাণা ইতি। অশ্বমেধ যাগান্তে প্রাণাদিকং সর্ব্বং ময়া পূর্ব্বমেব দত্তং পুনশ্চ তৈর্নির্জোচ্ছিষ্টং মহ্যমেব সমর্পিতমিতি ভাবঃ॥ ৪২॥

ননু সেনাপত্যাদিভিঃ কিং ফলং ব্রাহ্মণস্যেতি তত্রাহ সৈনেতি মাস্তু ফলমেতৈ স্বস্য তদপি তস্যৈব দান পাত্রত্বাৎ সএব কৃপয়া গ্রহীতুমর্হতীতি ভাবঃ॥ ৪৩॥

যস্মাদেবং তস্মাৎ স্বমেবেত্যাহ বস্তে পরিধত্তে॥ ৪৪॥

স্বীকার করিয়া উচ্ছিষ্টবৎ পুনরায় আমাকে প্রদান করিয়াছেন, অতএব ঐ দুই বিষয়ে আমার সত্ব নাই॥ ৪১॥

তথাপি ভৃত্য যেমন প্রভুকে সেবা রূপে তাম্বূলাদি সমর্পণ করে তাহার ন্যায়, আমার প্রাণ, স্ত্রী, পুত্র, গৃহ, রাজ্য, পৃথিবী, সেনা, রাজকোষ, এ সকল আপনাদিগকে অর্পণ করিলাম স্বীকার করুন॥ ৪২॥

হে ব্রহ্মন্! এ সকলে আমার সত্ব নাই, যে হেতু সৈনাপত্য, রাজ্য, দণ্ডনেতৃত্ব এবং সর্ব্বলোকাধিপত্য এ সমুদায়ে বেদশাস্ত্র বেত্তা ব্রাহ্মণই অধিকারী হইতে যোগ্য হয়েন॥ ৪৩॥

অবনীমণ্ডলে ব্রাহ্মণ জাতীয়েরাই আপনাদের সত্বাস্পদীভূত দ্রব্য ভোগ করেন ও আপনাদের সত্ববৎ বসনাদি পরিধান করেন এবং আপনাদের সত্ববৎ ধন দান করিয়া থাকেন, তাঁহাদের অনুগ্রহে ক্ষত্রিয়েরা অন্ন ভোজন মাত্র করে, দান করণে তাহাদের স্বাতন্ত্র্য নাই॥ ৪৪॥

যৈরীদৃশী ভগবতো গতিরাত্মবাদ একান্ততো নিগমিভিঃ প্রতিপাদিতা নঃ।
তুষ্যন্ত্বদভ্রকরুণাঃ স্বকৃতেন নিত্যং কো নাম তৎপ্রতিকরোতি বিনোদপাত্রং ॥ ৪৫ ॥
ত আত্মযোগপতয় আদিরাজেন পূজিতাঃ। শীলং তদীয়ং শংসন্তঃ খেঽভবন্মিষতাং নৃণাং ॥ ৪৬ ॥
বৈণ্যস্তু ধুর্য্যো মহতাং সংস্থিত্যাঽধ্যাত্মশিক্ষয়া। আপ্তকামমিবাত্মানং মেন আত্মন্যবস্থিতঃ ॥ ৪৭

শ্রীধরস্বামী।

সত্যপি সত্ত্বে সর্ব্বস্বেনাপি ন গুরোঃ প্রত্যুপকর্ত্তুং শক্যমিত্যাহ যৈরিতি। আত্মবাদে অধ্যাত্ম বিচারে একান্ততঃ নিশ্চয়েন নিগমভি র্বেদবিদ্ভিঃ তে নিত্যমনল্পকরুণাঃ স্বকৃতেনৈব দীনোদ্ধরণ কর্ম্মণা তুষ্যন্তু কো নাম তৎকৃতমুপকারঃ স্বয়মুপকরোতি উদপাত্রমঞ্জলিং বিনা মন্নাঞ্জলিরেব তেভ্যোবদ্ধ ইত্যর্থঃ। যদ্বা বিনোদপাত্রং উপহাসাস্পদং প্রত্যুপকার প্রবৃত্তোজনানামুপহাসাস্পদং ভবেদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

খেঽভবন্ আকাশমার্গেণোদ্গতাঃ ॥ ৪৬ ॥

ধুর্য্যোমুখ্যঃ অধ্যাত্মশিক্ষয়া যা সংস্থিতি রেকাগ্রতা তয়া আত্মনি অবস্থিতঃ সন্ আপ্তকামং পূর্ণমনোরথং মেনে ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বকৃতেন দীনোদ্ধরণকৃতি রূপ স্বভাবেনেত্যর্থঃ টীকায়াং দ্বিতীয়েঽর্থে প্রত্যুত বিনোদপাত্রং ভবতীতি যোজ্যং ॥ ৪৫ ॥

অত্র মৈত্রেয় উবাচেতি ক্বচিৎ। যোগ্যাত্মম ইতি চিৎসুখস্যাসম্মতঃ ॥ ৪৬ ॥

বৈণ্যস্থিতি। শুদ্ধভক্তত্বাৎ ভগবদ্ভক্তিং বিনা নৈবান্যত্র সম্যগাপ্তকামত্বমিতীব শব্দেন দ্যোতিতং ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সত্যপি সত্ত্বে সর্ব্বস্বেনাপি নৈব গুরোঃ প্রত্যুপকর্ত্তুং শক্যমিত্যাহ যৈরিতি আত্মবাদে অধ্যাত্ম বিচারে নিগমিভির্বেদবিদ্ভিঃ স্বকৃতেনৈব দীনোদ্ধার কর্ম্মণা স্বাভাবিকেন তৎপ্রত্যুপকরোতি কোনাম নকোপি উদপাত্রমঞ্জলিং বিনেতি মন্নাঞ্জলিরেব বদ্ধ ইতি ভাবঃ। যদ্বা বিনোদপাত্রমুপহাসাস্পদং প্রত্যুপকারে প্রবৃত্তোজনো জনানামুপহাসাস্পদং ভবেদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

খেঽভবন্নাকাশ মার্গেণ সত্যলোকং গতাঃ ॥ ৪৬ ॥

অধ্যাত্ম শিক্ষয়া যা সম্যক্ স্থিতি র্মর্য্যাদা তয়া আপ্তকামমিব নত্বাপ্তকামং তস্য শুদ্ধ ভক্তত্বাৎ কেবলয়া ভক্ত্যৈবাপ্ত নির্বৃতিত্বাৎ বেদবিদাং শাস্ত্রান্তরেষ্বিব অধ্যাত্মাদিষ্বপি তস্য পূর্ব্বং জিজ্ঞাসৈবাসীৎ সা পূর্ণেত্যেতাবন্মাত্রমিব কারেণ দ্যোতিতং। আত্মনি স্বভাব এবাবস্থিতঃ অধ্যাত্মশিক্ষয়াপি শুদ্ধভক্তিস্বভাব স্তস্য নাপগত ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

আর যদিও ঐ সকলে সত্ত্ব থাকিত তথাপি সর্ব্বস্বের দ্বারাও গুরুর প্রত্যুপকার করা অতি অশক্য। যাঁহারা বেদ বেত্তা, অধ্যাত্ম বিচার দ্বারা ভগবানের এই রূপ গতি নিশ্চয় করিয়া আমাদিগকে বুঝাইয়া দিলেন, তাঁহাদের দয়ার কথা কি বলিব তাঁহারা আপনাদের দীনোদ্ধরণ রূপ এই কর্ম্ম দ্বারাই সন্তুষ্ট হইবেন, অঞ্জলি বন্ধন ব্যতিরেকে কোন্ ব্যক্তি তাঁহাদের কৃত উপকারের প্রত্যুপকার করিতে সমর্থ হইবে অথবা তাঁহাদের কৃত উপকারের বিনিময়ে প্রত্যুপকার করিতে প্রবর্ত্ত হইলে তাহাকে জন সমাজে উপহাসাস্পদ হইতে হইবে, অতএব আমি তাঁহাদের নিকট কেবল অঞ্জলি বন্ধন করি ॥ ৪৫ ॥

অনন্তর আদিরাজ পৃথু, সেই চারিজন যোগীশ্বরের যথাবিধি পূজা করিলে তাঁহারা প্রীত হইয়া তদীয় শীলতা গুণের প্রশংসা করিতে করিতে দর্শক লোকদের সমক্ষেই আকাশ মার্গে উদ্গত হইলেন ॥ ৪৬ ॥

বেণনন্দন পৃথু সমস্ত সাধু পুরুষের অগ্রগণ্য ছিলেন, ঐ রূপ অধ্যাত্ম শিক্ষা দ্বারা তাঁহার চিত্তের একাগ্রতা জন্মিলে তদ্দ্বারা তিনি আত্মাতেই অবস্থিত হইয়া আপনাকে পূর্ণ মনোরথ বোধ করিলেন ॥ ৪৭

কর্ম্মাণিচ যথাকালং যথাদেশং যথাবলং। যথোচিতং যথাবিত্তমকরোদ্ব্রহ্মসাৎ কৃতং ॥ ৪৮ ॥
ফলং ব্রহ্মণি সংন্যস্ত নির্ব্বিষঙ্গঃ সমাহিতঃ। কর্ম্মাধ্যক্ষঞ্চ মন্বান আত্মানং প্রকৃতেঃ পরং।
গৃহেষু বর্ত্তমানোপি স সাম্রাজ্য শ্রিয়ান্বিতঃ। নাসজ্জতেন্দ্রিয়ার্থেষু নিরহঙ্কৃতিরর্কবৎ ॥ ৪৯ ॥
এবমধ্যাত্ম যোগেন কর্ম্মাণ্যনুসমাচরন্। পুত্রানুৎপাদয়ামাস পঞ্চার্চ্চিষ্যাত্ম সম্মতান্।

শ্রীধরস্বামী।

ব্রহ্মসাৎকৃতং ব্রহ্মণ্যর্পিতং যথা ভবতি ॥ ৪৮ ॥

নির্ব্বিষঙ্গঃ কর্ম্মসু অনাসক্তঃ কর্ম্মাধ্যক্ষং কর্ম্মসাক্ষিণমুদাসীনং মন্বানো ২করোদিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। নাসজ্জতেত্যু-ত্তরেণ বা ॥ ৪৯ ॥

অর্চ্চিষি ভার্য্যায়াং ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কর্ম্মাণি চেতি যুগ্মকং চকারাদত্রাপীব শব্দঃ সম্বধ্যতে ব্রহ্মসাৎ কৃতং যথাস্যাত্তথাকরোদিবেত্যর্থঃ। অধ্যাত্মশিক্ষয়া গুর্ব্বাজ্ঞয়া-দরেণ কর্ম্মণশ্চ লোকসংগ্রহাপেক্ষয়া কৃতত্বাৎ। যদ্বা তথাপি ব্রহ্মসাৎ কৃতং ভগবত্যর্পিতং যথাস্যাত্তথা২করোৎ ॥ ৪৮ ॥

গৃহেম্বিতি সার্দ্ধমেকং বাক্যং নাসজ্জতেত্যনেনৈব সম্বন্ধাৎ। এবমিত্যর্দ্ধস্যোত্তরেণ সম্বন্ধো ন যুজ্যতে। বিজিতাশ্বস্য প্রাক্তনত্বাৎ যদ্যপি পূর্ব্বং সম্ভোত্তমঃশ্লোক মহন্মুখ চ্যুত ইত্যাদৌ তল্লীলা শ্রবণানুষঙ্গেনৈব সর্ব্বজ্ঞান সংপত্তি দর্শিতা। যদ্যপিচ যথা চরেদ্বালহিতমিত্যাদৌ তদ্দত্তভারেণ শ্রীভগবতাপি ইত্যাদি রাজ্ঞেনেত্যাদৌ তদেব দৃঢ়ীকৃতং তথা যদ্যপি চ যৎ পাদপঙ্কজ পলাশ বিলাস ভক্ত্যেত্যাদৌ কুমারৈরপি তদেবানুমতং তথাপ্যধ্যাত্ম যোগবিধামমিদমুপাধিমাত্র পরিত্যাগার্থং প্রযুজ্য ভক্তিস্তু যথা পূর্ব্বং নিষ্কামৈব রক্ষিতেত্যগ্রেপি জ্ঞেয়ং। ফলেন তৎ কারণানুমানাৎ অন্তেহি বৈকুণ্ঠ গমনমেব লক্ষ্যতে। তচ্চ ভক্তৈস্তব স্যাৎ যদ্বৈ ব্রজন্ত্যনিমিষামৃষভানু বৃত্ত্যেত্যাদেঃ তদেবং শ্রীভগবদভিমতিঃ শ্রীগুর্ব্বাজ্ঞয়া স্বাভিমতিশ্চ রক্ষিতেতি ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কর্ম্মাণি চেতি চকারেণ শুদ্ধভক্তানাং কর্ম্মানধিকৃতত্বেপি গৃহস্থানাং লোকসংগ্রহার্থং বা বর্ণাশ্রম মর্য্যাদালোপাভাবার্থং বা ভক্তিমার্গাকুৎসনার্থং বা রহস্যায়াঃ শুদ্ধায়া ভক্তে র্গোপনার্থং বা স্বয়ং বা প্রতিমূর্ত্ত্যা বা পূর্ব্বাচারতো২নাসক্ত্যা কিঞ্চিৎ কর্ম্মকরণং ন দূষণাবহমিত্যাদ্যপি সাংপ্রদায়িকা আহুঃ কিঞ্চ তেষাং কর্ম্মণি শ্রদ্ধারাহিত্যাদশ্রদ্ধয়া কৃত মকৃতমেবালমিতি শুদ্ধ ভক্তে র্ন ক্ষতিঃ। যথাকাল যথাদেশ যথাবল শব্দৈঃ কালদেশপাত্রানুসারেণৈব করণান্ন সামস্ত্যেন কর্ম্মকরণং। তত্রাপি যথোচিতমিত্যনেন শুদ্ধ ভক্তানাং কর্ম্মানৌচিত্যাল্লোক প্রদর্শনয়ৈব কর্ম্মকরণাদ্বস্তুতঃ কর্ম্মাকরণমেবায়াতং। ব্রহ্মসাৎ কৃতং ব্রাহ্মণসাদ্ব্যাপারং যথাস্যাত্তথা করোদিতি তস্য কর্ম্ম ব্যাপারান্ ব্রাহ্মণা এব চক্রুরিতি তস্য কর্ম্ম বিক্ষেপাভাব উক্তঃ। নির্ব্বিষঙ্গো২নাসক্তঃ। আত্মান মন্তর্য্যামিণং ॥ ৪৮। ৪৯ ॥

অধ্যাত্মযোগেন বিনৈবাসক্ত্যা কর্ম্মাণি কুর্ব্বন্। যদ্বা। অধ্যাত্মেতি সপ্তম্যর্থে২ব্যয়ীভাবঃ। আত্মনি স্বতঃ সিদ্ধো যো

যে কালে যে দেশে যে যে কর্ম্ম করিতে হয়, তাঁহার যেমন বিত্ত যেমন শক্তি ও যদ্রূপ অনুষ্ঠান করা কর্ত্তব্য তদনুসারে পরব্রহ্মে অর্পণ পূর্ব্বক সমুদায় কর্ম্ম করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

যদিও গৃহাশ্রমে রহিলেন এবং সাম্রাজ্য শ্রী বর্ত্তমান থাকিল, তথাপি সঙ্গ ত্যাগ পূর্ব্বক সমাহিত হইয়া থাকিতেন এবং কর্ম্ম ফল পরব্রহ্মে সমর্পণ করিতেন, অতএব অহঙ্কার শূন্য ও সূর্য্যের ন্যায় নির্ম্মল হওয়াতে ইন্দ্রিয় বিষয়ে তাঁহার আর আসক্তি হইল না ॥ ৪৯ ॥

বৎস বিদুর! এই প্রকারে অধ্যাত্মযোগ যুক্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিতে করিতে কালক্রমে আমি

বিজিতাশ্বং ধূম্রকেশং হর্য্যক্ষং দ্রবিণং বৃকং। সর্ব্বেষাং লোকপালানাং দধারৈকঃ পৃথক্ গুণান্।
গোপীথায় জগৎসৃষ্টেঃ কালে স্বেস্বেঽচ্যুতাত্মকঃ॥ ৫০ ॥
মনোবাগ্বৃত্তিভিঃ সৌম্যৈগু´ণৈঃ সংরঞ্জয়ন্ প্রজাঃ। রাজেত্যধান্নামধেয়ং সোমরাজ ইবাপরঃ॥ ৫১
সূর্য্যবদ্বিসৃজন্ গৃহ্ণন্ প্রতপংশ্চ ভুবোবসু। দুর্দ্ধর্ষ তেজসেবাগ্নি র্মহেন্দ্র ইব দুর্জয়ঃ॥ ৫২ ॥
তিতিক্ষয়া ধরিত্রীব দ্যৌরিবাভীষ্টদো নৃণাং। বর্ষতিস্ম যথা কামং পর্জ্জন্য ইব তর্পয়ন্॥ ৫৩ ॥
সমুদ্র ইব দুর্ব্বোধঃ সত্ত্বেনাচলরাড়িব। ধর্ম্মরাড়িব শিক্ষায়ামাশ্চর্য্যে হিমবানিব।

শ্রীধরস্বামী।

সোমশ্চাসৌ রাজাচ স ইব॥ ৫১ ॥
ভুবো বসু ধনং গৃহ্ণন্ বিসৃজংশ্চাসৌ সূর্য্যবৎ। রাজ্ঞঃ প্রতপনমাজ্ঞাকরণং অগ্নিরিব দুর্দ্ধর্ষঃ॥ ৫২ ॥
দ্যৌঃ স্বর্গইব॥ ৫৩ ॥
সমুদ্রো যথা গাম্ভীর্য্যেণ এতাবানিতি ন বুধ্যতে। তথা অসাবপি অভিপ্রায়তো দুর্ব্বোধঃ। অচলরাট্ মেরুরিব॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুত্রানুৎপাদয়ামাসেতি প্রাক্তনী কথা॥
যথা পূর্ব্বং বন্দিভিঃ স্তুত স্তথৈবাসৌ সর্ব্বদাভূদিতি দর্শয়ন্নাহ। সর্ব্বেষামিত্যাদি॥ ৫০। ৫১। ৫২। ৫৩। ৫৪। ৫৫। ৫৬। ৫৭। ৫৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোগ আসক্তিবিনাভূত বিষয় ভোগ লক্ষণঃ সিদ্ধি বিশেষ স্তেনৈব পুত্রানুৎপাদয়ামাস। নতু পুত্রোৎপাদন হেতুকঃ কোপস্তস্য স্ত্রীবিষয়কঃ কোপি কামবিকারোঽস্তীত্যর্থঃ॥
যথা পূর্ব্বং বন্দিভিঃ সংস্তুত স্তথৈবাসৌ সর্ব্বদাভূদিতি দর্শয়ন্নাহ সর্ব্বেষামিতি গোপীথায় পালনায়॥ ৫০॥
সোমশ্চাসৌ রাজাচেতি স ইব॥ ৫১॥
বসু ধনং রসঞ্চ॥ ৫২॥
দ্যৌঃ স্বর্গইব॥ ৫৩॥
সত্ত্বেন স্থৈর্য্যেণ অচলরাট্ সুমেরুঃ॥ ৫৪॥

রাজ পৃথুর অর্চ্চি নাম্নী স্বীয় বনিতাতে আত্ম তুল্য পাঁচটী পুত্র উৎপন্ন হইল, তাহাদের সকলের নাম বিজিতাশ্ব, ধূম্রকেশ, হর্য্যক্ষ, দ্রবিণ এবং বৃক। বৎস! যদিও পৃথু একাকী ছিলেন তথাচ অচ্যুতাত্মা হওয়াতে জগতের রক্ষণার্থ কালে কালে সকল লোকপালের পৃথক্ পৃথক্ গুণ ধারণ করিতেন॥ ৫০॥

সৌম্য মনঃ বাক্য এবং মূর্ত্তি ও গুণ দ্বারা প্রজাপুঞ্জের মনোরঞ্জন করাতে দ্বিতীয় সোমরাজ চন্দ্রের ন্যায় তাঁহার "রাজা" এই খ্যাতি হইয়াছিল॥ ৫১॥

সূর্য্য যেমন রশ্মিযোগে পৃথিবীর রস আকর্ষণ করিয়া পুনর্ব্বার বর্ষণ দ্বারা বিসর্জন করিয়া থাকেন, তাহার ন্যায়, তিনি প্রজাবর্গের নিকট কর রূপে ধন গ্রহণ এবং উপযুক্ত কালে পুনর্ব্বার প্রত্যর্পণ করিতেন। তাঁহার প্রতাপে অন্যান্য রাজারা আজ্ঞাকারী হইয়াছিল। কিন্তু স্বয়ং তেজঃ দ্বারা অগ্নি তুল্য দুর্দ্ধর্ষ ও মহেন্দ্রের ন্যায় দুর্জয় ছিলেন॥ ৫২॥

তাঁহার সহিষ্ণুতা ধরণীর তুল্য ছিল এবং স্বর্গের ন্যায় মানবগণের অভীষ্ট প্রদ হইয়া মেঘবৎ সন্তোষ প্রদান পূর্ব্বক যাহার যেমন কামনা তদ্রূপ অভিলষিত বস্তু বর্ষণ করিতেন॥ ৫৩॥

অপর সমুদ্র যেমন গাম্ভীর্য্য হেতু এত বলিয়া অনুমেয় হয় না, তিনিও তদ্রূপ অভিপ্রায় বিষয়ে

কুবের ইব কোষাঢ্যো গুপ্তার্থো বরুণো যথা ॥ ৫৪ ॥

মাতরিশ্বেব সর্ব্বাত্মা বলেন সহসৌজসা ॥ ৫৫ ॥

অবিসহ্য তয়া দেবো ভগবান্ ভূতরাড়িব। কন্দর্প ইব সৌন্দর্য্যে মনস্বী মৃগরাড়িব ॥ ৫৬

বাৎসল্যে মনুবন্নৃণাং প্রভুত্বে ভগবানজঃ। বৃহস্পতির্ব্রহ্মবাদে আত্মবত্ত্বে স্বয়ং হরিঃ ॥ ৫৭ ॥

ভক্ত্যা গো গুরু বিপ্রেষু বিষ্বক্‌সেনানুবর্ত্তিষু। হ্রিয়া প্রশ্রয় শীলাভ্যামাত্ম তুল্যঃ পরোদ্যমে ॥৫৮

কীর্ত্ত্যোর্দ্ধ গীতয়া পুংভিস্ত্রৈলোক্যে তত্র তত্র হ। প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেষু স্ত্রীণাং রামঃ সতামিব ॥৫৯

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে কুমারোপদেশো দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাত্মা সর্ব্বত্র সঞ্চারে শক্তঃ বলাদিভির্মাতরিশ্বেব ॥ ৫৫ ॥

ভূতরাট্ শ্রীরুদ্রঃ ॥ ৫৬ ॥ অজো ব্রহ্মেব আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে। ৫৭ ॥

ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমে চাত্মনৈব তুল্যঃ নিরুপমঃ ॥ ৫৮ ॥

পুংভিঃ সৎ পুরুষৈঃ রামঃ সীতাপতিঃ যথা সতাং কর্ণরন্ধ্রেষু প্রবিষ্টঃ ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

স্ত্রীণাং সৎ স্ত্রীভিশ্চোর্দ্ধং গীতয়া সর্ব্বোর্দ্ধত্বেন নীতয়েত্যর্থঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বাত্মা সর্ব্বত্র সঞ্চারযুক্তঃ। ৫৫। ৫৬ ॥

অজো ব্রহ্মা আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে ॥ ৫৭ ॥ ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমেনচ আত্মনৈব তুল্যো নিরুপমঃ ॥ ৫৮। ৫৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশোপি চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দুর্ব্বোধ্য ছিলেন অর্থাৎ তাঁহার কি করিতে ইচ্ছা কেহই জানিতে পারিত না। অপর তিনি স্থৈর্য্য দ্বারা সুমেরু তুল্য, শিক্ষা বিষয়ে ধর্ম্মরাজ সদৃশ, আশ্চর্য্যে হিমালয়ের সমান এবং কুবের তুল্য কোষাঢ্য ছিলেন, আর তিনি বরুণের ন্যায় অর্থ গোপন করিতেন ॥ ৫৪ ॥

অপিচ সর্ব্বত্র গমনাগমনে ক্ষমতা থাকাতে কেবল সাহস ও প্রতাপ বিষয়ে বায়ুর তুল্য ছিলেন ॥ ৫৫

তাঁহার এমত উগ্র স্বভাব ছিল যে সাক্ষাৎ ভগবান্ রুদ্র বলিয়া বোধ হইত এবং কন্দর্প সদৃশ সৌন্দর্য্যবান্ ও মৃগেন্দ্রের ন্যায় প্রশস্তমনা ছিলেন ॥ ৫৬ ॥

অপর তিনি প্রজাবাৎসল্যে মনুর তুল্য, মনুষ্যদের উপরে প্রভুত্বে ব্রহ্মার সদৃশ, বেদবাদে বৃহস্পতির সমান এবং জিতেন্দ্রিয়তা বিষয়ে সাক্ষাৎ ভগবান্ হরির সদৃশ ছিলেন ॥ ৫৭ ॥

আর গো ব্রাহ্মণ, গুরু ও বিষ্ণুভক্ত জনের প্রতি ভক্তি এবং লজ্জা, বিনয়, শীল ও পরার্থ উদ্যমে তাঁহার উপমা স্থান ছিল না ॥ ৫৮ ॥

ত্রিলোকী মধ্যে সর্ব্বস্থানে সকল পুরুষেই তাঁহার যশঃ গান করিত, তাহাতে সীতাপতি রামচন্দ্র যেমন সাধু পুরুষদের কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হয়েন, তাহার ন্যায় তিনিও কুলকামিনীগণের শ্রবণ বিবরে প্রবিষ্ট হয়েন, তাঁহার ন্যায় তিনিও কুলাঙ্গনাগণে শ্রবণ বিবরে প্রবিষ্ট হইতেন ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

দৃষ্ট্বাত্মানং প্রবয়সমেকদা বৈণ্য আত্মবান্। আত্মনা বর্দ্ধিতাশেষ স্বানুসর্গঃ প্রজাপতিঃ ॥ ১ ॥
জগত স্তস্থুষশ্চাপি বৃত্তিদো ধর্ম্মভৃৎ সতাং। নিষ্পাদিতেশ্বরাদেশো যদর্থমিহ জজ্ঞিবান্ ॥ ২ ॥
আত্মজেষ্বাত্মজাং ন্যস্য বিরহাদ্রুদতীমিব। প্রজাসু বিমনঃস্বেকঃ সদারোঽগাত্তপোবনং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতিরীর্য্যতে ॥ ০ ॥

প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা তপোবনমগাদিতি তৃতীয়েণান্বয়ঃ। স্বকৃতোঽনুসর্গঃ অন্নাদি সর্গঃ পুর গ্রামাদি সর্গশ্চ বর্দ্ধিতোঽশেষঃ স্বানুসর্গো যেন ॥ ১ ॥

নিষ্পাদিত ঈশ্বরাদেশঃ প্রজাপালনাদির্যেন। জজ্ঞিবান্ জাতঃ ॥ ২ ॥

আত্মজাং পৃথ্বীং বিমনঃসু চিন্তাতুরাসু সদারঃ সভার্য্যঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি ত্রিকং ॥ ১ ॥

নিষ্পাদিতেতি তস্য ভগবৎ পার্ষদত্বং লীলামাত্রাঙ্গীকৃতেন নরাকারোপাধিত্বং তদাদেশসম্পাদনার্থমেব ধর্ম্মজ্ঞানাদ্যনুকরণং। তদাদেশশ্চ সাধারণ লোকশিক্ষার্থমেবেতি ব্যক্তং তদেবমপি শুদ্ধ ভক্তত্বমেব স্থাপিতং ॥ ২ ॥

রোদনে লিঙ্গং প্রজাসু বিমনঃ স্বিতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োবিংশে বনং গত্বা তপঃ কৃত্বা হরিং যজন্। ত্যক্ত্বা নৃলোকং সস্ত্রীকো বৈকুণ্ঠমগমৎ পৃথুঃ ॥ ০ ॥

আত্মানং দেহং প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা অদ্যাপি ভগবান্মাং সাক্ষাৎ সেবার্থং স্বপার্শ্বং ন নয়তীত্যতোঽনুমীয়তে মম তাবৎ প্রমাণকং ভজনং নাভূন্নিকষায়তাচ নবর্ত্তত ইত্যতো বানপ্রস্থাশ্রমমিষেণ বনং গত্বা কীর্ত্তন স্মরণাভ্যামষ্টাবেব যামান্নয়ন্মৎ পূর্ব্ব পুরুষো ধ্রুব ইব শীঘ্রং ভগবৎ প্রাপ্ত্যর্থমেব তপঃ কুর্ব্বন্ লোকে বানপ্রস্থ ধর্ম্মং খ্যাপয়ামীতি মনসি নিশ্চিত্য তপোবনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ আত্মনা স্বেনৈব বর্দ্ধিতোঽশেষঃ স্বীয়োঽনুসর্গঃ অন্নাদি পুরগ্রামাদি সর্গো যেন সঃ। আত্মজাং পৃথ্বীং ॥ ১। ২। ৩ ॥

ত্রয়োবিংশতি অধ্যায়ে ভার্য্যা সহ বন প্রস্থান করিয়া নিত্য সমাধি দ্বারা বিমানারোহণ পূর্ব্বক পৃথুর বৈকুণ্ঠ গমন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ব্রহ্মতনয় যোগীশ্বর সনৎকুমারের প্রমুখাৎ আত্মতত্ত্ব শ্রবণাবধি, প্রজাপতি পৃথু সর্ব্বদা আত্মনিষ্ঠ থাকিতেন এবং অন্নাদি দান ও পুর গ্রামাদির উৎসর্গ অশেষ রূপে বর্দ্ধিত করিয়াছিলেন। ঐ রূপে কাল যাপন করিতে করিতে একদা বিবেচনা করিলেন আমি ত এক্ষণে প্রাচীন হইলাম ॥ ১ ॥

পৃথিবীস্থ স্থাবর জঙ্গমের বৃত্তি বিধান ও সাধু পুরুষদিগের ধর্ম্ম পালন করিয়াছি, অপর যে প্রজা রক্ষণার্থ ভূমণ্ডলে আমার জন্ম হয়, যথাসাধ্য তাহা নির্ব্বাহ করাতে জগদীশ্বরের আদেশও নিষ্পাদিত হইয়াছে ॥ ২ ॥

এক্ষণে আর গৃহাশ্রমে কি প্রয়োজন? এই প্রকার বিবেচনা করিয়া আপনার পুত্রী স্বরূপা পৃথ্বীকে পুত্র হস্তে সমর্পণ পূর্ব্বক তপস্যার্থ ভার্য্যা সহ একাকী তপোবনে প্রস্থান করিলেন। তাঁহার বিরহে ধরণী যেন রোদন করিতে লাগিলেন এবং প্রজাকুল অতিশয় চিন্তাকুল হইল ॥ ৩ ॥

তত্রাপ্যদাম্য নিয়মো বৈখানসসুসম্মতে। আরব্ধ উগ্রে তপসি যথা স্ববিজয়ে পুরা॥ ৪॥
কন্দমূল ফলাহারঃ শুষ্কপর্ণাশনঃ ক্বচিৎ। অব্ভক্ষঃ কতিচিৎ পক্ষান্ বায়ুভক্ষস্ততঃ পরং॥ ৫॥
গ্রীষ্মে পঞ্চতপা বীরো বর্ষাস্বাসারষাণ্মুনিঃ। আকণ্ঠমগ্নঃ শিশিরে উদকে স্থণ্ডিলেশয়ঃ॥
তিতিক্ষু র্যতবাগ্দান্ত ঊর্দ্ধরেতা যতানিলঃ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমচরত্তপ উত্তমং॥ ৬॥

শ্রীধরস্বামী।

অদাম্যা বিঘ্নৈর্দমিয়িতুমশক্যা নিয়মা যস্য। বানপ্রস্থানাং সুসম্মতে উগ্রে তপসি আরব্ধঃ প্রবৃত্তঃ কর্ত্তরি ক্তঃ। স্বস্য ধরামণ্ডলস্য বিজয়ে পূর্ব্বং যথা মহতা যত্নেন প্রবৃত্তঃ॥ ৪॥
উগ্রং তপো দর্শয়তি কন্দমূলেতি ত্রিভিঃ ক্বচিৎ কদাচিৎ॥ ৫॥
চতুর্দ্দিক্ষু চত্বারোঽগ্নয়ঃ উপরি সূর্য্য ইতি পঞ্চানাং তপঃ সন্তাপো যস্য স পঞ্চতপাঃ। আসারং সহত ইত্যাসারষাট্। শিশিরে ঋতৌ স্থণ্ডিলেশয়ঃ ভূমিশয়নঃ সর্ব্বদা॥ ৬॥

ক্রমসন্দর্ভঃ।

অদাভ্যেতি দভনোদন ইতি কল্পক্রমাৎ। এতদ্বৈক্যেব অদাভ্যেতি গৌড়াঃ। অধ্যাস্মেতি সম্বন্ধোক্তিঃ আত্মনিয়মানিতি চিৎসুখঃ॥৪
কন্দেতি ত্রিকং॥ ৫॥
বীরেত্যত্র ধীরেতি ক্বচিৎ। জিতেত্যত্র যতেরিতি ক্বচিৎ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমিতি। তত্তৎ প্রচারার্থং তেনাবতারিতত্বাত্তদাজ্ঞা প্রতিপালন রূপ মারাধনং কর্ত্তুমিচ্ছুরিত্যর্থঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপীতি যথা গার্হস্থ্যে কর্ম্মকরণং কর্ম্মিজন প্রদর্শনময় তথৈব তৃতীয়াশ্রমেপি বানপ্রস্থ জন প্রদর্শনয়াস্ত তপশ্চরণমিত্যাহ বৈখানসানাং সুসম্মতে উগ্রতপসি আরব্ধঃ প্রবৃত্তঃ। অদাভ্য নিয়মোঽখণ্ডো ব্রতঃ। দভনোদনে ইতি ধাতোঃ রূপং স্বস্য স্বীয়স্য ধরামণ্ডলস্য জয়ে যথা পূর্ব্বং যত্নেন প্রবৃত্তঃ॥ ৪। ৫॥
চতুর্দ্দিক্ষু চত্বারোঽগ্নয় উপরি সূর্য্যঃ ইতি পঞ্চতপাঃ আসারষাট্ ধারাসংপাতসহঃ। স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী নম্বু লোক প্রদর্শনার্থকেপি তস্মিং স্তাবতি তপসি তস্য কীদৃশং মন আসীত্তত্রাহ আরিরাধয়িষু রিতি বৈকুণ্ঠে সাক্ষাৎ কৃষ্ণারাধনকামোঽহং তপশ্চরামীতি তস্য সঙ্কল্প আসীদিত্যর্থঃ। দৃশ্যতেচ রাগাত্মক ভক্তিমতাং সিদ্ধানাং শ্রীবিশাখাদি গোপীজনানাং বৃহদ্বামন দৃষ্টানাং শ্রুতীনাঞ্চ কৃষ্ণপ্রাপ্ত্যর্থং তপশ্চরণমিতি॥ ৬॥

আদিরাজ পৃথু পূর্ব্বে যেমন ধরামণ্ডল জয়ে মহৎ যত্ন পূর্ব্বক প্রবৃত্ত ছিলেন তপোবনে গিয়া তেমনি বানপ্রস্থাশ্রমের সম্মত উগ্র তপস্যায় প্রবৃত্ত হইলেন। তাঁহার প্রতাপে সেখানে তপস্যা বিষয়ক কোন নিয়ম বিঘ্ন দ্বারা প্রতিহত হইল না॥ ৪॥

বৎস বিদুর! বেণতনয় পৃথুর কঠোর তপস্যার বিবরণ বলি শ্রবণ কর, কদাচিৎ কন্দমূল ও ফল মাত্র আহার করিতেন, কখন বা কেবল শুষ্কপত্র ভক্ষণ করিয়া থাকিতেন, কতিপয় দিবস জলপানেই যাপন হইত, তাহার পরে বায়ু মাত্র ভক্ষণ করিয়া দেহ যাত্রা নির্ব্বাহ করিতেন॥ ৫॥

গ্রীষ্ম ঋতুতে চারি দিকে অগ্নি ও উপরে খরতর দিনকরের কিরণ সহ্য করত পঞ্চতপা হইয়া থাকিতেন, বর্ষাকালে অনাবৃত স্থানে উপবিষ্ট হইয়া বারিধারা বর্ষণ সহিষ্ণুতা করিতেন। শীতকালে জলাশয়ে গিয়া জলমধ্যে কণ্ঠদেশ পর্য্যন্ত নিমগ্ন করিয়া থাকিতেন। আর মৌনব্রত ও ভূমি শয়ন সর্ব্বদাই ছিল। অপর দান্ত, সহিষ্ণু ও ঊর্দ্ধরেতা হইয়া বাক্য ও প্রাণবায়ুকে সংযমন করিয়া থাকিতেন। এই রূপে ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা বাসনায় অত্যুৎকৃষ্ট তপস্যা আচরণ করিতে লাগিলেন॥ ৬

তেন ক্রমানুরুদ্ধেন ধ্বস্ত কর্ম্মামলাশয়ঃ। প্রাণায়ামৈঃ সংনিরুদ্ধ ষড়্‌বর্গশ্ছিন্ন বন্ধনঃ।
সনৎকুমারো ভগবান্ যদাহাধ্যাত্মিকং পরং। যোগং তেনৈব পুরুষমভজৎ পুরুষর্ষভঃ।
ভগবদ্ধর্ম্মিণঃ সাধো শ্রদ্ধয়া যততঃ সদা। ভক্তির্ভগবতি ব্রহ্মণ্যনন্য বিষয়াভবৎ ॥ ৭ ॥
তস্যানয়া ভগবতঃ পরিকর্ম্ম শুদ্ধসত্ত্বাত্মনস্তদনু সংস্মরণানুপূর্ত্ত্যা।

শ্রীধরস্বামী।

তেন তপসা ক্রমানুরুদ্ধেন শনৈঃ প্রাপ্তেন ধ্বস্তানি কর্ম্মাণি যস্য অতঃ অমল আশয়ো যস্য ছিন্নানি বন্ধনানি বাসনা যস্য ॥ ৭ ॥
পরি কর্ম্মণা পরিচর্য্যয়া শুদ্ধসত্ত্ব আত্মা মনো যস্য তস্য জ্ঞানমভূৎ কীদৃশং যেন নিজমুপাধিং জীবকোশং হৃদয়গ্রন্থিং সংশয়ানামসত্তা-

ক্রমসন্দর্ভঃ।

তেনেতি যুগ্মকং। সিদ্ধেনেত্যত্রাবিরুদ্ধেনেতি কচিৎ। ধ্বস্তকর্ম্মেত্যাদিকমনুকরণমাত্রং। কর্ম্মবুস্তানমপি ভগবদারাধনার্থৈ বানুক্তমিত্যাহ। সনদিতি ॥

অতএব তৎফলং তথৈব জাতমিত্যাহ। ভগবদিতি। সদেত্যত্র তদেতি কচিৎ ॥ ৭ ॥

তত্র তাদৃশ ভক্ত্যঙ্গে জ্ঞান বৈরাগ্যে ব্যজ্যোপাধি পরিত্যাগশ্চ দর্শিত ইত্যাহ। তস্যানয়েতি মূর্ত্ত্যোত্যত্র পূর্ত্তেতি চিৎসুপঃ ॥ ৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেন তপসা ক্রমেণৈবানুসিদ্ধেন পরিপাকং প্রাপ্তেন অমলাশয়ঃ প্রফুল্লমনাঃ ধ্বস্ত কর্ম্মাতু স প্রাগেব প্রাণায়ামৈ র্ভগবন্মন্ত্রা বৃত্তিভিরেব ভক্তিমার্গ বিহিতৈঃ। আত্মনি স্বস্মিন্নধিকৃতং বিনয়াদিত্বাৎ স্বার্থে ঠক্ আধ্যাত্মিকং পরমত্মিকং যৎ পাদপঙ্কজ পলাশেত্যাদি পদ্যদ্বয়েনোক্তং শুদ্ধং ভক্তিযোগং ব্যাখ্যান্তরে আধ্যাত্মিকস্য জ্ঞানযোগস্য পরত্বানুক্তেঃ শ্রেষ্ঠত্বানুক্তেশ্চ তেন চ পুরুষ ভজনাসম্ভবাদুত্তর শ্লোকেচানুপপত্তেশ্চাসঙ্গতিরেব তাদৃশ শব্দেনোক্তিস্তু ভক্তিযোগস্য রহস্যত্ব ব্যঞ্জিকৈব জ্ঞেয়া ॥ ৭ ॥

ততশ্চ হরিভক্তি মহাদেব্যাঃ সর্ব্বা মুক্ত্যাদি সিদ্ধয়ঃ। ভুক্তয়শ্চাদ্ভুতা স্তস্যাশ্চেটিকাবদনু ক্রতা ইতি নারদপঞ্চরাত্রোক্তে স্তস্যা নন্যভক্তিমতোহনাকাঙ্ক্ষতোপি স্বতএব স্বয়ং ব্রহ্মবিদ্যা তথা অণিমাদ্যষ্টাদশ সিদ্ধয়শ্চ মূর্ত্তিমত্য এবাগত্য স্বয়ং ভগবতা প্রেরিতা স্তদর্থমেব অস্মানঙ্গীকুর্ব্বিতি বদন্ত্য স্তস্যাভিমুখে প্রাদুরভবন্নিত্যাহ তস্যেতি দ্বাভ্যাং পরিকর্ম্মণা পরিচর্য্যয়া শুদ্ধসত্ত্ব এবাত্মা মনো যস্য তস্য পৃথোরনয়া ভক্ত্যা জ্ঞানং ব্রহ্মবিদ্যাখ্যং বিরক্তিযুক্তমভূৎ স্বতএব প্রাদুর্বভূব। ভক্ত্যা কীদৃশ্যা ভগবদনুক্ষণ স্মরণেনানু পূর্ত্তি র্যস্যা স্তয়া যদ্যপি শুদ্ধ ভক্তাশ্চাতকা ইব জলদেরেব মাধুর্য্যাস্বাদিনঃ স্বয়ং প্রাপ্তামপি ব্রহ্মবিদ্যাং নাঙ্গীকুর্ব্বন্তি তৎ কার্য্যভূতো লিঙ্গদেহধ্বংসো ভক্ত্যৈব বিনানুসন্ধানেনাপি ভবেৎ। যদুক্তং জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণ মনলো যথেতি। তদপি যথা কশ্চিৎ জাঠরানলেন জরয়িষ্যমাণস্যাপি নিগীর্ণান্নস্য শীঘ্র পাকার্থং কিমপ্যৌষধং পিবতি তথৈব পৃথু র্ভগবদ্ধাম্নি সাক্ষাৎ সেবা প্রাপ্ত্যর্থমত্যুৎকণ্ঠঃ কাল বিলম্বাসহিষ্ণুঃ সোপাধি ধ্বংসনার্থং ব্রহ্মজ্ঞানমঙ্গীচকারেত্যাহ নিশিতেনাতিতীক্ষ্ণেন যেন জ্ঞানেন নিজ জীবকোষং সোপাধিং চিচ্ছেদ। কীদৃশং সংশয়দপং ভক্ত্যা দৃষ্ট সাক্ষাদ্ভগবচ্চরণস্য মে জীব কোষো নাস্ত্যস্তি বেতি তদীয় সন্দেহাস্পদং বস্তুত স্তস্য জীবকোষোনাস্ত্যেব কৃষ্ণস্য পূর্ব্বদেহ কথাশ্রয়মিতি উভাবপি চ ভক্তস্য উত্তমঃশ্লোকবিগ্রহাবিত্যাদ্যুক্তেঃ। পৃথু দেহস্য ভগবদ্বিগ্রহত্বাৎ। তদপি পৃথোস্তস্য যোগেন স্বদেহত্যাগ চিকীর্ষাতু ভক্তিমহিম্না স্বস্মিন্ প্রাকৃতত্ব মননাৎ দেহপাত

তপস্যার প্রভাবে তাঁহার কর্ম্ম সকল ক্রমশঃ ক্ষয় প্রাপ্ত হইল, অতএব চিত্ত নির্ম্মল হইতে লাগিল এবং প্রাণায়াম দ্বারা কামাদি রিপু ষড়্‌বর্গের প্রচার নিরুদ্ধ ও বাসনা সকল নিঃসংশয়িত রূপে ছিন্ন হইয়া গেল। তদনন্তর ভগবান্ সনৎকুমার যে আধ্যাত্মিক যোগ উপদেশ করিয়াছিলেন তাহা অবলম্বন করিয়া ভগবান্ পরম পুরুষের উপাসনায় প্রবৃত্ত হইলেন। বৎস বিদুর! আদিরাজ পৃথু সাধু এবং ভগবদ্ধর্ম্ম নিষ্ঠ ছিলেন, শ্রদ্ধা সহকারে এবম্প্রকার যত্ন করাতে অচিরেই ভগবান্ ব্রহ্মে তাঁহার ঐকান্তিকী ভক্তি হইল ॥ ৭ ॥

ভগবানের পরিচর্য্যা দ্বারা পৃথুর চিত্ত বিশুদ্ধ হইয়াছিল অতএব শীঘ্রই বৈরাগ্য বিশিষ্ট জ্ঞান উদিত

জ্ঞানং বিরক্তিমদভূন্নিশিতেন যেন চিচ্ছেদ সংশয়পদং নিজজীবকোষং ॥ ৮ ॥
ছিন্নান্যধীরধিগতাত্ম গতি নি র্রীহস্তত্ত্যজেঽচ্ছিন্নমিদং বয়ুনেন যেন।
তাবন্ন যোগগতিভির্যতিরপ্রমত্তো যাবদ্গদাগ্রজকথাসু রতিং ন কুর্য্যাৎ।

শ্রীধরস্বামী।

বনাদীনাং পদমাশ্রয়ং চিচ্ছেদ। কীদৃশেন অনয়া ভক্ত্যা নিশিতেন কথম্ভূতয়া তস্য ভগবতঃ সংস্মরণেনানুপূর্ত্তি র্যতাবয়া নিশিতেন ॥ ৮ ॥

কিঞ্চ ছিন্না অন্যধীঃ দেহাত্মবুদ্ধি র্যস্য। যতোঽধিগতাত্মগতিঃ অতএব নিরীহঃ। প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ। যেন বয়ুনেন জ্ঞানেন ইদং সংশয়পদং চিচ্ছেদ তৎ তত্যাজে ত্যক্তবান্ তৎ প্রযত্নাদপ্যুপররামেত্যর্থঃ। তস্য যোগসিদ্ধিষপি নিস্পৃহত্বং যুক্তমে-

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ ছিন্না অন্যত্র উপাধি রূপে ধী দৃষ্টি র্যস্য অধিগতঃ প্রকটিতঃ আত্মনঃ পার্ষদ রূপস্যাপ্তি জ্ঞানং যেন তথাভূতঃ সন্ অতএব নিরীহঃ প্রাপ্ত্যান্তরেচ্ছা শূন্যঃ সন্ যেনতু বয়ুনেনেদং সংশয়পদমচ্ছিনৎ তত্যজে। নচাশুচিতো জ্ঞান যোগঃ স্বগতি দানেন তস্য ভক্তিগতিং বিহন্তুং শক্নোতি। যত যাবদিতি। অত্রতু স্বাভাবিক্যেব চ তৎ কথা রতিরিত্যপি নাসৌ প্রজন্যেতি ভাবঃ অত্র বৈকুণ্ঠ গতিস্তু ন সিদ্ধান্তয়বদিতি টীকাতিপ্রায়শ্চ ॥

এবং ভাবনা গতং ত্যাগযুক্ত্যা সাক্ষাদপ্যাহ। এবমিতি। ধীরেতি কচিৎ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে অতএব ব্রহ্ম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রবণস্তু বহির্মুখমতোৎপাতা তাবার্থং ভগবদবতারাণামিব অন্যেষাং ভগবদ্ভক্তানামিব চ মায়য়ৈব প্রত্যায়িতং ভগবৎসু শ্রীরামস্য ভক্তেষু শ্রীধ্রুবস্য দেহ পাতাভাবএব তেষাং দেহপাতাভাবস্ত্বেপলক্ষণার্থো জ্ঞেয় ইতি তু ভক্তান্ প্রতি সিদ্ধান্তো দর্শিতো জ্ঞেয়ঃ ॥ ৮ ॥

ততশ্চ ছিন্না অন্যধী দেহাত্ম বুদ্ধি র্যস্য সঃ। অধিগতাত্ম গতিঃ অনুভূত পরমাত্ম স্বরূপঃ। নিরীহঃ প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ ননু কথং নিস্পৃহত্বং বিদ্যাঙ্গীকারাদিত্যত আহ যেন বয়ুনেন জ্ঞানেন ইদং লিঙ্গশরীরং অচ্ছিনচ্চিচ্ছেদ তত্তত্যজে তত্যাজ। তাবৎ প্রয়োজনার্থমেব তদঙ্গীকারাদনন্তরঞ্চ তজ্জ্ঞানং তত্যাজৈবেতি বস্তুতো নিস্পৃহত্বমেবেত্যর্থঃ। অয়মত্রাশয়ঃ। শুদ্ধায়া ভক্তেঃ ফলং দ্বিবিধং অনুসংহিতমননুসংহিতঞ্চ তত্রানুসংহিতং প্রেমভক্তিরেব অননুসংহিতং জ্ঞানসিদ্ধ্যাদি। তত্রচ কস্যচিদ্ভক্তস্য স্বতঃ প্রাপ্তএব তত্র তত্র যদ্যাসক্তিঃ স্যাত্তদা শুদ্ধায়া ভক্তেঃ সঙ্কোচঃ স্যাৎ। যত্নক্রমেকাদশে। অন্তরায়ান্ বদন্ত্যেতানিতি। কিঞ্চ তত্ত্যাগ সামর্থ্যঞ্চ শুদ্ধ ভক্ত্যভ্যাস বলেনৈব স্যাদিত্যাহ তাবদিতি তস্য শ্রীকৃষ্ণকথারতত্বান্ন তাসু লোভোঽভূত ইতি শ্রীস্বামিচরণাঃ ॥

কিঞ্চ তাসু সিদ্ধিষু মধ্যে স্বচ্ছন্দমৃত্যুনাম্নীং সিদ্ধিং স্বয়মুপস্থিতামালক্ষ্য শীঘ্রমেব ভগবৎ পার্শ্বং জিগমিষো তস্য পৃথোরিব তস্যা ইব তস্যা অপি যদৈবাঙ্গী চিকীর্ষা অমুনিষ্ট তদৈব তয়া সংকল্পিত পুরোধসেব দেহত্যাগ প্রকারঃ শিক্ষয়ত্যা পৃথুঃ স্বেচ্ছয়ৈব সুখেন দেহং ত্যক্তুমারেভে ইত্যাহ এবমিতি ষড়্ভিঃ। বীরপ্রবর ইতি দেহমেবমধুনৈব ত্যক্ত্বা শুদ্ধচিন্ময়াকারঃ সন্ সংপ্রত্যেব

হইল, সেই জ্ঞান ভগবানের অনুস্মরণে পরিপুষ্ট ভক্তির দ্বারা তিক্ষ্ণীকৃত হওয়াতে তদ্দ্বারা তিনি অসম্ভাবনাদির আশ্রয় যে হৃদয়গ্রন্থি তাহা ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮ ॥

অপর তাহার দেহে আত্মবুদ্ধি ছিন্ন হইয়া গেল এবং ভগবৎ স্বরূপ প্রাপ্ত হওয়াতে উপস্থিত অণিমাদি সিদ্ধিতেও আর স্পৃহা রহিল না, অতএব যে জ্ঞানদ্বারা অসম্ভাবনাদির আস্পদ হৃদয়গ্রন্থির ছেদন হইল, পরে তাহাও পরিত্যাগ করিলেন অর্থাৎ ঐ বিষয়ে যত্ন করিতে বিরত হইলেন। বিদুর! ঐ অবস্থায় যোগ সিদ্ধি বিষয়ে পৃথুর নিঃস্পৃহ হওয়া উপযুক্ত বটে কারণ যাবৎ পর্য্যন্ত ভগবান্ শ্রীকৃষ্ণের কথায় রতি হইয়া তাহাতে লোভ না জন্মে তাবৎ পর্য্যন্তই যোগগতি বিশিষ্ট যতি অপ্রমত্ত হইতে পারেন না

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা
শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ
শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ
ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য
সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

চতুর্থ স্কন্ধঃ।

মুর্শিদাবাদ,
বহরম্পুর,—রাধারমণযন্ত্রে
শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং
মুদ্রিতঞ্চ।

সন [illegible] বৈশাখ।

[illegible] । ব্রহ্মভূতো দৃঢ়ং কালে তত্যাজ স্বং কলেবরং ॥ ৯ ॥
সংপীড্য পায়ুং পার্ষ্ণিভ্যাং বায়ুমুৎসারয়ন্ শনৈঃ। নাভ্যাং কোষ্ঠেষ্ববস্থাপ্য হৃদুরঃ কণ্ঠশীর্ষণি ॥ ১০
উৎসর্পয়ংস্তু তং মূর্দ্ধ্নি ক্রমেণাবেশ্য নিস্পৃহঃ ॥ ১১ ॥
বায়ুং বায়ৌ ক্ষিতৌ কায়ং তেজস্তেজস্যযূযুজৎ। খান্যাকাশে দ্রবং তোয়ে যথাস্থানং বিভাগশঃ ॥ ১২

শ্রীধরস্বামী।

যেত্যাহ। তাবন্নাপ্রমত্তঃ কিন্তু প্রমত্তো ভবতি। তস্য শ্রীকৃষ্ণকথারতত্বাৎ ন তাসু লোভো জাত ইত্যর্থঃ ॥ ৯ ॥
দেহত্যাগপ্রকারমাহ সংপীড্যেতি পঞ্চভিঃ। পায়ুং গুদং সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং। সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুলফেনৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুলফেন মুক্তাসনমিতীরিতং। মূলাধারাৎ বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং নয়ন্ নাভ্যামবস্থাপ্য ততঃ কোষ্ঠেষ্ববস্থাপ্য অযূযুজদিত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ। হৃদাদীনাং দ্বন্দ্বৈক্যং শীর্ষং ভ্রূমধ্যং তস্মিন্ ॥ ১০ ॥
তং বায়ুং। অসূনিতি পাঠে এবমসূন্ প্রাণানুৎসর্পয়ন্ ক্রমেণ মূর্দ্ধ্নি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য ততোদেহারম্ভক পঞ্চভূতানি সমষ্টি ভূতেষু বিলাপিতবান্ ॥ ১১ ॥
তদাহ বায়ুং বায়ৌ অযূযুজৎ একীকৃতবান্ কায়ং দেহগত কঠিনাংশং ক্ষিতৌ খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি দ্রবাংশং তোয়ে ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভূতঃ শুদ্ধ চিদ্রূপঃ সন্ কালে ভগবত্ত্যাদৃশেচ্ছাবসরে দৃঢ়মপুনরাবৃত্তি যথা স্যাত্তথা স্বং স্বীকৃতং কলেবরমুপাধিং তত্যাজ ॥ ৯ ॥
সংপীড্যেতি ত্রিকং। উৎসর্পন্নিতি চিৎসুখঃ ॥ ১০ । ১১ । ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈকুণ্ঠং গত্বা ভগবচ্চরণৌ পরিচরামীতি জাত মহোৎসাহ ইত্যর্থঃ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে দেহে। অতএব ব্রহ্মভূতঃ শুদ্ধচিদ্রূপঃ সন্ ॥ ৯ ॥
দেহত্যাগে ব্যাপারান্ স্বয়ং স্ফুরিতানাহ সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুলফেনৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুলফেন মুক্তাসনমিতীরিতমিতি। মূলাধারচক্রাদ্বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং স্বাধিষ্ঠানচক্রং নয়ন্ নাভ্যাং মণিপূরক চক্রে অবস্থাপ্য ততঃ কোষ্ঠেষবস্থাপ্য অযূযুজৎ ইত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ হৃৎ অনাহত চক্রং। উরঃ কণ্ঠাধো বিশুদ্ধি চক্রং কণ্ঠ [illegible] চক্রস্যাগ্রদেশঃ শীর্ষং ভ্রূমধ্যমাজ্ঞাচক্রং তস্মিন্ ॥ ১০ ॥
তং বায়ুং উৎসর্পয়ন্নসূনিতি পাঠে প্রাণান্। মূর্দ্ধ্নি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য ॥ ১১ ॥
বায়ুং দেহারম্ভকং তং সমষ্টিবায়ৌ অযূযুজৎ একীকৃতবান্। এবমন্যান্যপি দেহারম্ভকং ভূত চতুষ্টয়ানি সমষ্টি ভূতেষু বিলাপিত

মত্ত থাকেন। ভগবৎ কথায় লোভ জন্মিলে আর তাহাতে প্রয়োজন কি? সে যাহা হউক ধীরবর পৃথু এই প্রকারে আত্মাতে আত্ম যোজন পূর্ব্বক ব্রহ্ম স্বরূপ হইয়াছিলেন। তদনন্তর কাল উপস্থিত হইলে স্বীয় কলেবর পরিত্যাগ করিলেন ॥ ৯ ॥

বিদুর। আদিরাজ পৃথুর দেহ ত্যাগের প্রকার বলি শ্রবণ কর। তিনি চরণ দ্বয়ের পার্ষ্ণি দ্বারা গুহদ্বার নিপীড়িত করিয়া মূলাধার অর্থাৎ গুহ্য ও লিঙ্গের মধ্য অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান হইতে ক্রমে বায়ুকে ঊর্দ্ধে উত্তোলন পূর্ব্বক স্বাধিষ্ঠান চক্রে স্থাপন করিলেন, তাহার পরে ঐ বায়ুকে নাভি স্থানে অর্থাৎ মণিপুর চক্রে লইয়া গেলেন, তদনন্তর কোষ্ঠ সকলে অর্থাৎ হৃদয় (অনাহতচক্র) বক্ষঃস্থল (বিশুদ্ধ চক্র) কণ্ঠদেশ (বিশুদ্ধ চক্রের অগ্রভাগ) ও ভ্রূমধ্যে অর্থাৎ আজ্ঞাচক্রে নীত করিলেন ॥ ১০ ॥
তদনন্তর পর সেই বায়ুকে ব্রহ্মরন্ধ্রে উত্তোলন পূর্ব্বক স্থাপন করিয়া ॥ ১১ ॥
দেহারম্ভক পঞ্চভূতকে বিভাগ করত সমষ্টিভূতের সহিত মিলিত করিয়া অর্থাৎ দেহের বায়ুকে

ক্ষিতিমপ্সু তত্তেজস্তদো বায়ৌ নভস্যমুং। ইন্দ্রিয়েষু মনস্তানি তন্মাত্রেষু যথোদ্ভবং ॥ ১৩ ॥
ভূতাদিনামূন্যুৎকৃষ্য মহত্যাত্মনি সন্দধে। তং সর্ব্বগুণবিন্যাসং জীবে মায়াময়ে ন্যধাৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তদেবং দেহং প্রবিলাপ্যাদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়মাহ ক্ষিতিং অপ্সুসোকীকৃতবান্। তৎ অপ্তঃ। অদস্তেজঃ অমুং বায়ুং। তদেবং তামসাহঙ্কার কার্য্যস্য আকাশ পর্য্যন্তং লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ ইন্দ্রিয়েষু মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। ন বিকল্পক জ্ঞানে মনস ইন্দ্রিয়ৈরাকর্ষণাৎ তেষু লয়াভিধানং নতু কার্য্যত্বাৎ। তদুক্তং গীতাসু। ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে ইতি. অত্রচ ইন্দ্রিয়ৈ বিষয়াকৃষ্টৈরাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি ইন্দ্রিয়েষু নভ ইতি পাঠেপ্যয়মর্থঃ। ভট্টাদীনাং মতে নভশ্চাক্ষুষং কেষাঞ্চিন্মানসং। আনুমানিকত্বমতেপীন্দ্রিয় ব্যাপারোস্ত্যেব। নভোগুণঃ শব্দঃ শ্রোত্রগ্রাহ্য অত ইন্দ্রিয় গ্রাহ্যত্বাৎ ইন্দ্রিয়েষু নভোবিলাপিতমিতি তানি ইন্দ্রিয়াণি যথোক্তবং উত্তরোত্তর বৃত্তিলাভঃ সচ বিষয়াধীন ইতি শ্রোত্রাদীনাং বিশেষণ শব্দাদিষু লয়ঃ। যদ্বা তন্মাত্র কার্য্যাণ্যেবেন্দ্রিয়াণি মনোপি অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্র কার্য্যং আহঙ্কারিকত্বাভিধানং তু তদধীনত্ববিবক্ষয়েত্যবিরোধঃ ॥ ১৩ ॥

ভূতাদিনাহঙ্কারেণ প্রাগবশিষ্ট নভঃ সহিতানীন্দ্রিয়াণি উৎকৃষ্য পরতোনীত্বা ভূতাদৌ ক্ষিপ্ত্বা তেন সহ মহত্তত্ত্বে সংদধে ইত্যর্থঃ

ক্রমসন্দর্ভঃ।

মনসো দেবতানাং চেন্দ্রিয়েষু লয়স্তু তানি বিনা মন আদয়ঃ স্বরূপং ন প্রাপ্নুবন্তি। তত্তদ্গ্রাহ্য রূপাপি মাত্রা লক্ষণত্বাদিতি ভাবনা ময়ো জ্ঞেয়ঃ অমূনি তন্মাত্রাণি ॥ ১৩ ॥

ভূতাদিনা অহঙ্কারেণ মেলয়িত্বা ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বানিত্যাহ। কায়ং কায়স্থিতা ক্ষিতিঃ ক্ষিতৌ এবং কায়স্থিতং তেজঃ খানি কায়স্থিত ছিদ্রাণি দ্রবং কায়স্থিতং জলং ॥ ১২ ॥

তদেবং দেহং প্রবিলাপ্য অদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়ং ভাবয়ামাসেত্যাহ ক্ষিতিমপ্সীত্যাদি তৎ অপ্তঃ অদস্তেজঃ অমুং বায়ুং ॥

তদেবং তামসাহঙ্কার কার্য্যস্যাকাশ পর্য্যন্তং লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ। ইন্দ্রিয়েষ্বিতি মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। মনঃ দেবতাশ্চ ইন্দ্রিয়েষু সন্দধে বিলাপয়ামাস। তানীন্দ্রিয়াণি তন্মাত্রেষু শব্দাদিষ্বিতি মনসশ্চেন্দ্রিয়াধীনত্বাৎ ইন্দ্রিয়েষু লয়ঃ। ইন্দ্রিয়াণাঞ্চ বিষয়াধীনত্বাৎ বিষয়েষু লয়ঃ সঙ্গত এব। যদুক্তং ইন্দ্রিয়ৈর্বিষয়াকৃষ্টৈ রাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি। যথোদ্ভবমিতি পরত্রৈবান্বেতি। নতু পূর্ব্বত্র। ততশ্চ যথোদ্ভবং যথাস্যাত্তথা ॥ ১৩ ॥

অমূনি তন্মাত্রাণি ভূতাদিনা অহঙ্কারেণ উৎক্ষিপ্য তত্রৈব ভূতাদাবেব উৎকর্ষেণ ক্ষিপ্ত্বা প্রবিলাপ্যেত্যর্থঃ। তং ভূতাদিঞ্চ মহ-

বায়ুতে, দেহের কঠিন ভাগকে ক্ষিতিতে, দৈহিক তেজকে তেজে, দেহস্থিত ইন্দ্রিয় ছিদ্রকে আকাশে এবং দেহের রসভাগকে জলে সংযোজন করিলেন ॥ ১২ ॥

বৎস! আদিরাজ পৃথু এই প্রকারে দেহ বিলয় করিয়া পরে অদ্বিতীয় আত্ম প্রাপ্ত্যর্থ মহাভূত সকলেরও লয় করিলেন। যথাক্রমে ক্ষিতিকে জলে লয় করিয়া সেই জলকে তেজে বিলীন করিলেন। তাহার পরে তেজকে বায়ুতে লয় করিয়া ঐ বায়ুকে আকাশে মিশাইয়া দিলেন। এই প্রকারে তামস অহঙ্কারের কার্য্য সকলের লয় হইলে অনন্তরে সাত্ত্বিক ও রাজসিক অহঙ্কারের কার্য্য সকলকে যথাস্থানে লীন করিলেন অর্থাৎ আকাশকে ইন্দ্রিয় পঞ্চকে এবং পাঁচ ইন্দ্রিয়কে তাহাদের উৎপত্তি ক্রমে অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্রে বিলীন করিলেন ॥ ১৩ ॥

তাহার পরে অহঙ্কারের সহিত পূর্ব্বাবশিষ্ট আকাশ ও সেই ইন্দ্রিয় সকলকে [illegible]

তত্রানুশয়মাত্মস্থমসাবনুশয়ী পুমান্। জ্ঞানবৈরাগ্যবীর্য্যেণ স্বরূপস্থোঽজহাৎ প্রভুঃ ॥ ১৫ ॥
অর্চ্চির্নাম মহারাজ্ঞী তৎপত্ন্যনুগতাবনং। সুকুমার্য্যতদর্হা চ যৎ পদ্ভ্যাং স্পর্শনং ভুবঃ ॥ ১৬ ॥
অতীব ভর্ত্তু র্ব্রতধর্ম্ম নিষ্ঠয়া শুশ্রূষয়া চার্ষদেহযাত্রয়া।

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যস্মিন্ তং মহান্তং মায়াময়ে মায়োপাধি প্রধানে জীবে ॥ ১৪ ॥

তত্রানুশয়োপাধিং। যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ অসৌ পৃথুঃ ব্রহ্মণি স্থিতঃ সন্নজহাদিত্যর্থঃ ॥ ১৫ ॥

বনপ্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ। অনুগতা অনুজগাম। অতদর্হা তদপি নার্হতি যা। কিং পদ্ভ্যাং ভুবঃ স্পর্শনমিতি যৎ ॥ ১৬ ॥

ভর্ত্তুর্ব্রতং যদ্ভূমিশয়নাদি তস্মিন্ ধর্ম্মে যা নিষ্ঠা তয়া। ঋষীণামিয়মার্ষী দেহযাত্রা কন্দমূলাদিবৃত্তিঃ তয়াচ আর্ত্তিং দুঃখং ন

ক্রমসন্দর্ভঃ।

তমিত্যর্দ্ধকং ॥

জ্ঞান বৈরাগ্যয়ো বীর্য্যং যস্মাত্তেন ভক্তিযোগেনেত্যর্থঃ স্ব স্বরূপে পার্ষদলক্ষণে স্থিতঃ সন্ প্রভুস্তত্র মহা সমর্থঃ অজহাদিত্য-ত্রাপ্যধাদিতি কচিৎ। অপাধাৎ তিরোহিতবান্ অজহাদিত্যর্থঃ। ইতি স্বামি তাৎপর্য্যাদেষ এব পাঠঃ। ইতি তজ্জ্ঞাঃ অজহাদিত্যেব পাঠঃ কিন্তু যঃ পূর্ব্বমিত্যধ্যাহার সংপাদনায়ৈব ইত্যুক্তমন্যৈ ॥ ১৫। ১৬ ॥

প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং করেণ স্পর্শনে মানঃ পূজনঞ্চ তাভ্যাং নির্বৃতি র্যস্যাঃ নির্বৃতেতি চিৎসুখঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্যাত্মনি মহত্তত্ত্বে ইন্দ্রিয়েষু নভ ইতি পাঠে যথাস্থানমিত্যস্যানুবৃত্তেঃ সর্ব্বত্রাধারাধেয় ভাবেনৈব লয়োজ্ঞেয়ঃ। তথাহি ক্ষিতিরপ্সু তিষ্ঠতি অপস্তেজসি তিষ্ঠতীত্যেবং পূর্ব্ব পূর্ব্বেষামাধেয়ানাং পর পরত্রাধারে লয়ঃ। নভশ্চ ইন্দ্রিয়েষু তিষ্ঠতীতি তস্য তেষু লয়ঃ। মনসোপীন্দ্রিয়ত্বাদিন্দ্রিয়াণি সর্ব্বাণি বিষয়োন্মুখত্বাদ্বিষয়েষু তিষ্ঠন্তীতি ইন্দ্রিয়াণাং তন্মাত্রেষু লয়ঃ ততশ্চ তন্মাত্রাণাং যথোক্তব-মিত্যনেন পূর্ব্বানুবৃত্তেন যথাস্থানমিত্যনেনাপ্যন্বয়ঃ সম্ভবতি ॥

সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যত্র তং মায়াময়ে জীবে জীবোপাধৌ মায়ায়ামিত্যর্থঃ স জীবো যৎ পুনর্ভব ইত্যাদিষু জীবো-পাধাবপি জীব শব্দ প্রয়োগ দর্শনাৎ ॥ ১৪ ॥

তত্রানুশয়মুপাধিং যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ। অসৌ পৃথু র্জ্ঞান বৈরাগ্য রূপায়া বিদ্যাশক্তে বীর্য্যেণ প্রভাবেন স্বস্ব রূপে ভগবদ্ভক্তি লব্ধে পার্ষদ দেহে স্থিতঃ সন্নজহাৎ প্রভুঃ ত্যাগে পরম সমর্থঃ। পূর্ব্বে চিচ্ছেদ সংশয় পদং নিজ জীবকোষমিতি যৎকোষ ছেদন মুক্তং তদেতৎপ্রকারকমেব পুনঃ স্থূল দেহত্যাগ সময়ে পিষ্টপেষ ন্যায়েন তথা চক্র ইতি ততশ্চ ভগবৎ প্রেরিতং বিমান মারুহ্য বৈকুণ্ঠং জগামেত্যগ্রিম বাক্যে ব্যক্তং ভাবি ॥ ১৫ ॥ বন প্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ ॥১৬

ব্রতং ভূমিশয়নাদি ধর্ম্মঃ শ্রবণ কীর্ত্তনাদিঃ। আর্ষদেহযাত্রা কন্দমূলাদি বৃত্তিঃ তয়া। প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং

পূর্ব্বক তাহার সহিত মহত্তত্ত্বে সংযোগ করিলেন এবং ঐ মহত্তত্ত্বকে মায়োপাধি প্রধান জীবে যোজন করিলেন ॥ ১৪ ॥

বিদুর! আদিরাজ পৃথু এই অবস্থার পূর্ব্বে অনুশায়ী জীব ছিলেন এক্ষণে জ্ঞান ও বৈরাগ্য বলে আত্মস্থ হইয়া অনুশয়োপাধি জীবকেও পরিত্যাগ করিলেন ॥ ১৫ ॥

বৎস! এক্ষণে পৃথু পত্নী অর্চ্চিঃ নাম্নী মহারাজ্ঞীর কথা বলি শ্রবণ কর। তিনি যদিও অতিশয় সুকুমারী ছিলেন চরণদ্বয় দ্বারা ভূমি স্পর্শও তাঁহার যোগ্য ছিল না, তথাচ পতির সহিত পদব্রজে বন গমন করিয়াছিলেন ॥ ১৬ ॥

ভর্ত্তার যে ভূমিশয়নাদি ব্রত তাহাতেই তাঁহারও অতিশয় নিষ্ঠা হয়, ঋষি সম্বন্ধীয় দেহযাত্রা [illegible]

নাবিন্দতার্ত্তিং পরিকর্ষিতাপি সা প্রেয়স্করস্পর্শনমান নির্ব্বৃতিঃ ॥ ১৭ ॥
দেহং বিপন্নাখিল চেতনাদিকং পত্যুঃ পৃথিব্যা দয়িতস্যচাত্মনঃ।
আলক্ষ্য কিঞ্চিচ্চ বিলপ্য সা সতী চিতামথারোপয়দদ্রিসানুনি ॥ ১৮ ॥
বিধায় কৃত্যং হ্রদিনী জলাপ্লুতা দত্ত্বোদকং ভর্ত্তুরুদারকর্ম্মণঃ।
নত্বা দিবিষ্ঠাং স্ত্রিদশাং স্ত্রিঃ পরীত্য বিবেশ বহ্নিং ধ্যায়তী ভর্ত্তৃপাদং ॥ ১৯ ॥
বিলোক্যানুগতাং সাধ্বীং পৃথুং বীরবরং পতিং। তুষ্টুবু র্বরদা দেবৈ র্দেবপত্ন্যঃ সহস্রশঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

প্রাপ তত্র হেতুঃ প্রেয়সঃ করেণ স্পর্শনং মানঞ্চ তাভ্যাং নির্ব্বৃতির্যস্যাঃ ॥ ১৭ ॥
পৃথিব্যাঃ পত্যু র্দুহিতৃত্বস্তু তস্যা দেবতা রূপেণ বিপন্নং নষ্টমখিলং চেতনাদিকং যস্মিন্ তথাভূতং দেহমালক্ষ্য তদ্দেহং চিতামারোপয়ৎ ॥ ১৮ ॥
কৃত্যং তৎকালোচিতং বিধায় হ্রদিন্যা জলে আপ্লুতা স্নাতা সতী ভর্ত্তুরুদকং দত্ত্বা দিবি অন্তরীক্ষে স্থিতান্ নত্বা। বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণী কৃত্য ॥ ১৯ ॥
দেবৈঃ সহিতাঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিঞ্চিদ্বিলপ্যেতি। স্নেহেন বিলপ্য বিচারেণ তু তৎ পরিত্যজ্যেত্যর্থঃ ॥ ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

করেণ স্পর্শনং মানঃ পূজনঞ্চ তাভ্যামেব নির্বৃতি র্যস্যাঃ সা ॥ ১৭ ॥
আত্মনঃ স্বস্য পত্যুঃ পৃথোঃ। দয়া সংজাতা হস্যেতি দয়িত স্তস্য। পৃথিব্যাং দুহিতৃ ভাবাৎ তস্যাং তস্য দয়ৈবেত্যর্থঃ। কিঞ্চিচ্চ বিলপ্যেতি তৎ কালোচিতক্রিয়াব্যগ্রত্বাৎ ॥ ১৮ ॥
দিবিস্থিতান্ স্বর্গাদাগত্য পৃথুং দিদৃক্ষু স্তস্য দৃগ্গোচর এবান্তরীক্ষে স্থিতান্ বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য ॥ ১ । ২০ ॥

কন্দমূল ফল বৃত্তি দ্বারা জীবন ধারণ পূর্ব্বক নিরন্তর স্বামির শুশ্রূষা করিতেন। এসকল কঠোরে অত্যন্ত কৃশা হইলেও তাঁহার ক্লেশ বোধ হইত না, যে হেতু প্রিয়তম পতি কর দ্বারা স্পর্শ ও আদর করাতে তাহাতেই নির্ব্বৃতি লাভ করিতেন ॥ ১৭ ॥

পতিপরায়ণা অর্চ্চিঃ যখন দেখিলেন আপনার ও পৃথিবীর পতি পৃথুর দেহে চেতনাদি সমুদায় বিনষ্ট হইল তখন কিয়ৎক্ষণ বিলাপ করিয়া পরে পর্ব্বতের প্রস্থে চিতা রচনা পূর্ব্বক তদুপরি স্বামির কলেবর আরোপণ করিলেন ॥ ১৮ ॥

তদনন্তর তৎকালোচিত অন্যান্য ক্রিয়া নির্ব্বাহ করিয়া নদীর জলে অবগাহন পূর্ব্বক উদার কর্ম্মা ভর্ত্তার তর্পণ করিলেন। পরে অন্তরীক্ষ স্থিত দেবগণকে প্রণাম করিয়া তিনবার চিতা প্রদক্ষিণ করত ভর্ত্তৃচরণ চিন্তা করিতে করিতে বহ্নি প্রবেশ করিলেন ॥ ১৯ ॥

বৎস বিদুর! পতি পরায়ণা অর্চ্চিকে বীরবর পতি পৃথুর সহিত সহমৃতা দেখিয়া আকাশ পথে প্রভাবমান দেবপত্নী সকল দেবগণের সহিত সহস্র বার স্তব করিতে লাগিলেন ॥ ২০ ॥

কুর্ব্বন্ত্যঃ কুসুমাসারং তস্মিন্ মন্দরসানুনি । নদৎস্বমরতূর্য্যেষু গৃণন্তিস্ম পরস্পরং ॥

শ্রীদেব্য ঊচুঃ ॥

অহো ইয়ং বধূর্ধন্যা যা চৈবং ভূভুজাং পতিং । সর্ব্বাত্মনা পতিং ভেজে যজ্ঞেশং শ্রীর্বধূরিব ।

সৈষা নূনং ব্রজত্যূর্দ্ধমনুবৈণ্যং পতিং সতী । পশ্যতাস্মানতীত্যার্চ্চি দুর্বিভাব্যেন কর্ম্মণা ॥ ২১ ॥

তেষাং দুরাপং কিন্ত্বন্যন্মর্ত্ত্যানাং ভগবৎ পদং । ভুবি লোলায়ুষো যে বৈ নৈষ্কর্ম্ম্যং সাধয়ন্ত্যুত ॥ ২২ ॥

সবঞ্চিতো বতাত্মধ্রুক্ কৃচ্ছ্রেণ মহতা ভুবি । লব্ধ্বাপবর্গ্যং মানুষ্যং বিষয়েষু বিষজ্জতে ॥

শ্রীধরস্বামী ।

গৃণন্তিস্ম অভাষন্ত ॥ ২১ ॥

ভগবান্ পদ্যতে গম্যতেঽনেনেতি তথা তৎ নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং যে চঞ্চলায়ুষোপি সাধয়ন্তি তেষামন্যৎ দেবাদিপদং কিমু দুর্ল্লভং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ২২ ॥

অতঃকং শোচন্তি সবঞ্চিত ইতি যত আত্মনে দ্রুহ্যতি যোঽপবর্গসাধনং মানুষ্যং লব্ধ্বাপি বিষয়েষ্বাসক্তিং যাতি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

এষা ইত্যঙ্গুল্যা দর্শয়তি । ঊর্দ্ধং শ্রীবৈকুণ্ঠলোকং । অনুবৈণ্যমিত্যগ্রপশ্চাদ্ভাবেন দর্শনাৎ ॥ ২১ ॥

টীকায়াং ভগবৎ প্রাপকং জ্ঞানমিতি ভক্তিযোগাঙ্গত্বমুক্তং । যদ্বা । ভগবৎ পদং শ্রীবৈকুণ্ঠং নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণা ন সাধ্যমিত্যর্থঃ । বিদ্যুল্লোলায়ুষ ইতি চিৎসুখ মতঃ ॥ ২২ ॥

আপবর্গ্যং সালোক্যাদি সিদ্ধিদং ভক্তিযোগসিদ্ধিদং বা ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

গৃণন্তিস্ম ঊচুঃ ॥

এষেত্যঙ্গুল্যা দর্শয়ন্তি ঊর্দ্ধমিত্যধঃ কিং চিতাগ্নিং পশ্যথেতি ভাবঃ । নূনমিতি বিতর্কে যেয়ং বিমানস্থা কাচিৎ বিদ্যোতিনী দৃশ্যতে সৈষা অর্চ্চিরেব ভবেদিত্যর্থঃ । অনুবৈণ্যমিত্যগ্রে বিমানস্থং বৈণ্যং তৎ পশ্চাদর্চ্চিষমপি বিমানে পশ্যতেত্যর্থঃ । অস্মান তীত্যেতি বয়ং দেবত্তা দুষ্প্রাপ্যস্যাঃ পাদতলবর্ত্তিন্যোঽভূমেতি ভাবঃ ॥ ২১ ॥

হন্ত হন্ত ঈদৃশ্যএব মানুষ্যোবয়মপি ভূয়াস্ম যদি ভাগ্যং স্যাদিত্যাহ তেষামিতি কিং উ অন্যৎ পারমেষ্ঠ্যাদিকং যে বৈ নিশ্চিত মেতে পৃথুর্চ্চিঃ প্রভৃতয়ঃ ভগবতঃ পদং ধাম বৈকুণ্ঠং নৈষ্কর্ম্য রূপং ॥ ২২ ॥

অতঃকং শোচন্তি স ইতি ॥

অনন্তর অমরগণের তুরী ভেরী প্রভৃতি বাদিত হইলে অমরাঙ্গনা সকল ঐ পর্ব্বতের প্রস্থে পুষ্প বৃষ্টি করিতে করিতে পরস্পর কহিতে লাগিলেন। আহা! এই বধূ অর্চ্চিঃ অতিধন্যা,যজ্ঞেশ্বরের বধূ লক্ষ্মীর তুল্যা, মহীপতিদিগের পতি আপন পতিকে সর্ব্বান্তঃকরণে ভজনা করিয়াছেন, সেই দুর্ব্বিভাব্য আত্ম কর্ম্ম দ্বারা আমাদিগকে অতিক্রম করিয়া ঊর্দ্ধলোকে স্বামির পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছেন। কি আশ্চর্য্য! দেখ! দেখ! ॥ ২১ ॥

অথবা এ বিষয় বিস্ময়কর নহে যে সকল ব্যক্তি চঞ্চল পরমায়ুঃ প্রাপ্ত হইয়াও এমত নৈষ্কর্ম্ম অর্থাৎ জ্ঞান সাধন করে যাহাতে ভগবান্‌কে প্রাপ্ত হওয়া যায়, তাহাদের দেবাদি পদ কি দুর্ল্লভ হয়? অর্থাৎ তাহাদের পক্ষে উহাও কিছুই নহে ॥ ২২ ॥

আহা! পৃথিবী মধ্যে মনুষ্য জন্ম অপবর্গের সাধন, অতি কৃচ্ছ্রে সেই মানব জন্ম লাভ করিয়া যে

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স্তুবন্তীষ্বমরস্ত্রীষু পতিলোকং গতা বধূঃ। যং বা আত্মবিদাং ধুর্য্যোবৈণ্যঃ প্রাপাচ্যুতাশ্রয়ঃ।
ইত্থং ভূতানুভাবোসৌ পৃথুঃ স ভগবত্তমঃ। কীর্ত্তিতং তস্য চরিতমুদ্দামচরিতস্য তে।
য ইদং সুমহৎ পুণ্যং শ্রদ্ধয়াবহিতঃ পঠেৎ। শ্রাবয়েচ্ছৃণুয়াদ্বাপি স পৃথোঃ পদবীমিয়াৎ ॥ ২৩ ॥
ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চস্বী রাজন্যো জগতীপতিঃ। বৈশ্যঃ পঠন্ বিট্পতিঃ স্যাৎ শূদ্রঃ সত্তমতামিয়াৎ।
ত্রিঃ কৃত্ব ইদমাকর্ণ্য নরো নার্য্যথ বাদৃতা। অপ্রজাঃ সুপ্রজতমো নির্ধনোধনবত্তমঃ।
অস্পষ্টকীর্ত্তিঃ সুযশা মূর্খো ভবতি পণ্ডিতঃ। ইদং স্বস্ত্যয়নং পুংসামমঙ্গল্য নিবারণং।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং কলিমলাপহং। ধর্ম্মার্থকামমোক্ষাণাং সম্যক্ সিদ্ধিমভীপ্সুভিঃ।

শ্রীধরস্বামী।

বিশাং পশ্বাদীনাং বৈশ্যাদীনাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পত্যুঃ শ্রীপৃথোঃ সম্বন্ধিনং লোকং। তং প্রাপ্তলোকমিত্যর্থঃ। তস্য প্রাপকিকত্বং নিষেধয়তি যং বা ইতি। আত্মবিদাং ধুর্য্যঃ অচ্যুতাশ্রয় ইতি জ্ঞান প্রচারত্বেনাত্মবিদামাশ্রয়ঃ। স্বতন্ত্রচ্যুত মাত্র শরণ ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ব্রাহ্মণ ইতি। সার্দ্ধযুগ্মকং ॥ ২৪। ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু কিং সহমরণপুণ্যলভ্যং পতিলোকং নহি নহি যং লোকং বৈ নিশ্চিতং বৈণ্যঃ প্রাপ আত্মবিদাং ধুর্য্য ইতি ন তস্য প্রাকৃতঃ পতিলোকঃ প্রাপ্ত্যর্হ ইতি ভাবঃ। অচ্যুতাশ্রয় ইতি নাপি সাযুজ্যং লভ্যং। নকাময়ে নাথেত্যাদি তদীয় প্রার্থনা বিরোধাৎ। অতঃ শ্রীস্বামিচরণৈরেতদধ্যায়ার্থ উক্তঃ। যথা। ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতি রীর্য্যত ইতি ভক্তভিন্নেষেব পতিলোকস্য বলীয়স্ত্বং জ্ঞেয়ং ॥ ২৩ ॥

বিশাং পশ্বাদীনাং বৈশ্যানাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ব্যক্তি মোক্ষের নিমিত্ত যত্ন না করিয়া বিষয়ে আসক্ত হয়,তাহার প্রতি বিধাতার বিড়ম্বনা। সে আপনা হইতে আপনার সুমহৎ অনিষ্ট করে। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! এ দিকে অমর স্ত্রী সকল ঐ প্রকারে স্তব করিতে লাগিলেন ও দিকে পৃথুপত্নী অর্চ্চিঃ পতিলোকে গিয়া উপনীত হইলেন, অথবা আত্মজ্ঞ শ্রেষ্ঠ অচ্যুতাশ্রয় বেণতনয় পৃথু যে লোক প্রাপ্ত হইলেন অর্চ্চিও সেই লোকে গিয়া উপস্থিত হইলেন। বৎস! মহা ভাগবত পৃথু এই প্রকার মহাভানুভব ও উদ্দাম চরিত, তাঁহার এই চরিত্র তোমার নিকট কীর্ত্তন করিলাম। যে ব্যক্তি অবহিত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক এই সুমহৎ পুণ্য আখ্যান স্বয়ং পাঠে অথবা শ্রবণ করাইবে কিম্বা করিবে, তাহার পৃথুর পদবীতে গতি হইবে ॥ ২৩ ॥

ব্রাহ্মণেরা এই চরিত্র পাঠ করিলে ব্রহ্মতেজঃ সম্পন্ন ক্ষত্রিয়ে পড়িলে পৃথিবীপতি, বৈশ্য পাঠ করিলে পশ্বাদির পতি হইবে। আর যদি শূদ্রে পড়ে সে অতি সাধু হইবে। নর অথবা নারী যদি শ্রদ্ধান্বিত হইয়া এই চরিত্র তিনবার শ্রবণ করে, তবে যে ব্যক্তি অপুত্রক সে সৎপুত্রবান্ ও যে নির্দ্ধন সে মহাধন সম্পন্ন হইবে, আর যাহার কীর্ত্তি অস্পষ্ট, তাহার যশঃ সর্ব্বত্র বিস্তৃত হইবে, এবং ইহা শুনিয়া মূর্খ জনেরাও পাণ্ডিত্য লাভ করিতে পারিবে। এই চরিত্র অতিশয় পবিত্র ও স্বস্ত্যয়ন স্বরূপ, ইহাতে পুরুষ সকলের সমস্ত অমঙ্গল নিবারণ হয়, ইহা আয়ুঃ ধন ও যশের বৃদ্ধিকারী এবং স্বর্গের সাধন ও কলি কল্মষ নাশক। ধর্ম্ম অর্থ কাম মোক্ষের সম্যক্ সিদ্ধিকামি পুরুষেরা শ্রদ্ধা-

শ্রদ্ধয়ৈতদনুশ্রাব্যং চতুর্ণাং কারণং পরং। বিজয়াভিমুখোরাজা শ্রুত্বৈতদভিযাতি যান্।
বলিং তস্মৈ হরন্ত্যগ্রে রাজানঃ পৃথবে যথা ॥ ২৪ ॥
মুক্তান্যসঙ্গো ভগবত্যমলাং ভক্তিমুদ্বহন্। বৈণ্যস্য চরিতং পুণ্যং শৃণুয়াৎ শ্রাবয়েৎ পঠেৎ ॥ ২৫ ॥
বৈচিত্রবীর্য্যাভিহিতং মহন্মাহাত্ম্যসূচকং। অস্মিন্ কৃতমতির্মর্ত্ত্যঃ পার্থবীং গতিমাপ্নুয়াৎ ॥ ২৬
অনুদিনমিদমাদরেণ শৃণ্বন্ পৃথুচরিতং প্রথয়ন্ বিমুক্তসঙ্গঃ।
ভগবতি ভবসিন্ধুপোতপাদে সচ নিপুণাং লভতে রতিং মনুষ্যঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথু চরিতং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি বহূনি ফলানি ভবন্তি তথাপি মুক্তান্য সঙ্গএব শ্রবণাদি কুর্য্যাৎ ॥ ২৫ ॥
মহতো ভগবতো মাহাত্ম্য সূচকং পার্থবীং পৃথুসম্বন্ধিনীং পার্থিবীমিতিবা পাঠঃ ॥ ২৬ ॥
প্রথয়ন্ কীর্ত্তয়ন্ ভবসিন্ধৌ পোতঃ পাদৌ যস্য ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

মনুষ্য ইতি। মনুষ্য মাত্রস্যাধিকারিতা দর্শিতা ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমলাং শুদ্ধাং ভক্তিং উদ্বহন্ উদ্বোঢ়ুস্ত মুক্তান্যসঙ্গঃ ত্যক্তান্য ফলএব শৃণুয়াৎ ॥ ২৫ ॥
হে বিচিত্রবীর্য্যস্য পুত্র মহতাং মাহাত্ম্যস্য সূচকং পৃথূপাখ্যানমিদমভিহিতং। পার্থবীং পৃথুসম্বন্ধিনীং ॥ ২৬ । ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ন্বিত হইয়া সর্ব্বদা ইহা শ্রবণ করিবেন, যে হেতু ইহা ঐ চতুষ্টয়ের প্রধান কারণ। বিজিগীষু রাজা এই আখ্যান শ্রবণ করিয়া যদি অন্য রাজাদের অভিমুখে যাত্রা করেন তাহা হইলে রাজারা অগ্রে পৃথুকে যে প্রকারে কর প্রদান করিত সেই প্রকারে স্বয়ং বশীভূত হইয়া তৎক্ষণাৎ তাঁহার নিকটে কর আনিয়া সমর্পণ করিবে ॥ ২৪ ॥

যদিও এই চরিত্র শ্রবণে বহুতর ফল হয়, অথাপি অন্য সঙ্গ পরিত্যাগ করিয়া ভগবানের প্রতি অমলা ভক্তি উদ্বহন পূর্ব্বক শ্রবণ অথবা শ্রাবণ কিম্বা পাঠ করিতে হইবে ॥ ২৫ ॥

হে বিচিত্রবীর্য্য তনয় বিদুর! এই চরিত্র ভগবানের মাহাত্ম্য সূচক, যে মানব ইহাতে আপনার মতি স্থির করেন তাঁহার পৃথু সম্বন্ধিনী গতি লাভ হইবে ॥ ২৬ ॥

বৎস! সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক আদিরাজ পৃথুর এই বিশুদ্ধ চরিত্র বিস্তার করিয়া সাদরে প্রতিদিন শ্রবণ ও কীর্ত্তন করিলে, এই সংসার সাগর নিস্তারের তরণী স্বরূপ ভগবানের পাদপদ্মে নিশ্চলা রতি লাভ হইবে ॥ ২৭ ॥

॥ * ॥ চতুর্থে ত্রয়োবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

বিজিতাশ্বোঽধি রাজাসীৎ পৃথুপুত্রঃ পৃথুশ্রবাঃ। যবীয়োভ্যোঽদদাৎ কাষ্ঠা ভ্রাতৃভ্যোভ্রাতৃবৎসলঃ ॥ ১ ॥

হর্য্যক্ষায়াদিশৎ প্রাচীং ধূম্রকেশায় দক্ষিণাং। প্রতীচীং বৃকসংজ্ঞায় তুর্য্যাং দ্রবিণসে বিভুঃ ॥ ২ ॥

অন্তর্দ্ধানগতিং শক্রাল্লব্ধ্বান্তর্দ্ধানসংজ্ঞিতঃ। অপত্যত্রয়মাধত্ত শিখণ্ডিন্যাং সুসম্মতং ॥ ৩ ॥

পাবকঃ পবমানশ্চ শুচিরিত্যগ্নয়ঃ পুরা। বশিষ্ঠশাপাদুৎপন্নাঃ পুনর্যোগগতিঙ্গতাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

একাদশভিরধ্যায়ৈঃ পৃথোশ্চরিতমীরিতং। প্রচেতসামথাষ্টাভিস্তন্মধ্যে পঞ্চভিঃ পিতুঃ। চতুর্ব্বিংশে প্রপৌত্রাত্তু পৃথোঃ প্রাচীনবর্হিষঃ। প্রচেতসাং জনি স্তেভ্যোরুদ্রগীতঞ্চ বর্ণ্যতে ॥ ০ ॥

অধিরাজ আসীদিত্যর্থঃ। যবীয়োভ্যঃ কনিষ্ঠেভ্যঃ কাষ্ঠা দিশঃ ॥ ১ ॥

তুর্য্যাং চতুর্থীং ॥ ২ ॥

শক্রাল্লব্ধ্বা পৃথোরশ্বমেধে অশ্ববিজয়াবসরে ॥ ৩ ॥

অপত্যত্রয়মেবাহ পাবক ইতি পুরা যঃ শাপস্তস্মাৎ মনুষ্যেষু উৎপন্নাঃ সন্তঃ যোগগতিং অগ্নিত্বং প্রাপ্তাঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথোঃ প্রপৌত্রাৎ প্রাচীন বর্হিষো যে প্রচেতসঃ। চতুর্বিংশে রুদ্রগীতং ত আপুরিতি কীর্ত্যতে ॥ ০ ॥

অধিরাজা অধিরাজঃ যবীয়োভ্যঃ স্বকনিষ্ঠেভ্যঃ ॥ ১। ২ ॥

লব্ধ্বা পিতুরশ্বমেধীয়াশ্ববিজয়াবসরে ইত্যর্থঃ। অন্তর্দ্ধান নামা ॥ ৩ ॥

যোগগতিমগ্নিত্বং ॥ ৪ ॥

চতুর্ব্বিংশতি অধ্যায়ে পৃথুর প্রপৌত্র প্রাচীনবর্হি হইতে প্রচেতাদিগের উৎপত্তি ও তাঁহাদের নিমিত্ত রুদ্রগীত বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! আদিরাজ পৃথু মর্ত্ত্য দেহ পরিত্যাগ করিয়া দিব্য গতি লাভ করিলে তাঁহার যশস্বী পুত্র বিজিতাশ্ব অদ্বিতীয় ধরার অধীশ্বর হইয়া স্নেহ বশতঃ কনিষ্ঠ ভ্রাতাদিগকে এক এক দিক্ দান করিলেন ॥ ১ ॥

অর্থাৎ হর্য্যক্ষকে পূর্ব্ব, ধূম্রকেশকে দক্ষিণ, বৃককে পশ্চিম এবং দ্রবিণসকে উত্তর দিকের আধিপত্য দান করিলেন ॥ ২ ॥

মহারাজ পৃথু যৎকালীন অশ্বমেধ যজ্ঞ করেন, তখন অশ্ব জয়াবসরে বিজিতাশ্ব ইন্দ্রের নিকট অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রাপ্ত হন, এই নিমিত্ত পরে তাঁহার "অন্তর্দ্ধান" নাম হইয়াছিল। সে যাহা হউক, শিখণ্ডিনী নাম্নী তাঁহার যে ভার্য্যা ছিল, তাঁহার গর্ভে তিনি আত্মতুল্য তিনটী পুত্র উৎপন্ন করিলেন॥ ৩

পাবক, পবমান এবং শুচি। এই তিন অগ্নির প্রতি পূর্ব্বে বশিষ্ঠ মুনির শাপ হয়, তাহাতে ঐ তিন অগ্নিই মানব দেহ প্রাপ্ত হইয়া অন্তর্দ্ধানের তিন পুত্র হইয়া জন্মিলেন। কিন্তু পরে তাঁহারা পুনরায় আপনাদের যোগ গতি অর্থাৎ অগ্নিত্ব প্রাপ্ত হয়েন ॥ ৪ ॥

অন্তর্দ্ধানোনভস্বত্যাং হবির্দ্ধানমবিন্দত। য ইন্দ্রমশ্বহর্ত্তারং বিদ্বানপি নজঘ্নিবান্ ॥ ৫ ॥
রাজ্ঞাং বৃত্তিং করাদান দণ্ড শুল্কাদি দারুণাং। মন্যমানোদীর্ঘসত্র ব্যাজেন বিসসর্জ্জহ ॥ ৬ ॥
তত্রাপি হংসং পুরুষং পরমাত্মানমাত্মদৃক্। যজংস্তল্লোকতামাপ কুশলেন সমাধিনা।
হবির্দ্ধানাদ্ধবির্দ্ধানী বিদুরাসূত ষট্ সুতান্। বর্হিষদং গয়ং শুক্লং কৃষ্ণং সত্যং জিতব্রতং ॥ ৭ ॥
বর্হিষৎস্থ মহাভাগো হাবির্দ্ধানিঃ প্রজাপতিঃ। ক্রিয়াকাণ্ডেষু নিষ্ণাতো যোগেষুচ কুরূদ্বহ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নভস্বত্যাং অন্যস্যাং ভার্য্যায়াং। অন্তর্দ্ধানস্য বিশেষণং য ইতি। এতেন শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণমুক্তং ॥ ৫ ॥
সচান্তর্দ্ধানো রাজ্ঞাং বৃত্তিং করাদানাদিভিঃ দারুণাং পরপীড়াত্মিকাং মন্যমানো বিসসর্জ্জ ॥ ৬ ॥
হন্তি স্বানাং ক্লেশমিতি হংসস্তং পুরুষং পূর্ণং কুশলং পুণ্যং তদ্রূপেণ সমাধিনা ॥ ৭ ॥
হাবির্দ্ধানিঃ হবির্দ্ধানস্য পুত্রঃ। যোগেষু প্রাণায়ামাদিষু ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

রাজ্ঞামিতি। সাক্ষাত্ত্যাগে রাজমর্য্যাদা লঙ্ঘনং স্যাদিতি ভাবঃ ॥ ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নভস্বত্যামন্যস্যাং ভার্য্যায়াং যোঽন্তর্দ্ধানঃ। বিদ্বানপি ন জঘ্নিবানিতি শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণং ॥ ৫ ॥
যোঽন্তর্দ্ধানোরাজ্ঞাং বৃত্তিং বিসসর্জ্জ। কুতঃ করদানাদিভি দারুণাং মন্যমানঃ ॥ ৬ ॥
তত্রাপি দীর্ঘ সত্রেপি কর্ম্মকর্ব্বন্নপি হংসাবতারং যজন্ তস্য লোকএব লোকো বাসস্থানং যস্য মৃগেক্ষণেতি বৎ সমাসঃ তস্য ভাবস্তত্তা তাং ॥ ৭। ৮ ॥

বৎস বিদুর! অন্তর্দ্ধানের শিখণ্ডিনী ভিন্ন অন্য একটী নভস্বতী নাম্নী ভার্য্যা ছিল, তাঁহার গর্ব্ভে অন্তর্দ্ধান, হবির্দ্ধান নামে এক পুত্র লাভ করেন। অন্তর্দ্ধানের মহাত্মতার কথা কি বলিব ইন্দ্রকে পিতৃ যজ্ঞের অশ্বহর্ত্তা জানিয়াও বধ করেন নাই, তাহাতেই ইন্দ্র তুষ্ট হইয়া তাঁহাকে অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রদান করিয়াছিলেন ॥ ৫ ॥

সে যাহা হউক, অন্তর্দ্ধান পিতৃরাজ্য প্রাপ্ত হইয়া কিয়ৎকাল রাজকার্য্য নির্ব্বাহ করণানন্তর একদা বিবেচনা করিলেন কর আদায়, দণ্ড বিধান ও শুল্ক (মাসুল) গ্রহণ ইত্যাদিই রাজাদের বৃত্তি, এ সকল ত পরপীড়া দায়ক। অতএব দীর্ঘকাল সাধ্য একটী যজ্ঞ আরম্ভ করিয়া সেই ছলে রাজবৃত্তি পরিত্যাগ করিলেন ॥ ৬ ॥

এবং যে যজ্ঞ আরব্ধ হইল তাহাতেও পরমাত্ম দর্শী হইয়া আত্মীয় জনের ক্লেশহারি পূর্ণ পরম পুরুষের অর্চ্চনা করিতে লাগিলেন, অতএব পুণ্য সমাধি দ্বারা অচিরেই তাঁহার তল্লোক প্রাপ্তি হইল। বৎস বিদুর! মহারাজ পৃথুর দ্বিতীয় পুত্র হবির্দ্ধান, তাঁহার ভার্য্যার নাম হবির্দ্ধানী। হবির্দ্ধানের ঔরসে হবির্দ্ধানী ছয়টী পুত্র প্রসব করিলেন, তাহাদের নাম যথা বর্হিষদ, গয়, শুক্ল, কৃষ্ণ, সত্য এবং জিতব্রত ॥ ৭ ॥

হে কুরুবর! ঐ ছয়ের মধ্যে বর্হিষদ মহাভাগ্যবান্ ও প্রজাপতি ছিলেন, সর্ব্বদা ক্রিয়াকাণ্ড ও প্রাণায়ামাদি যোগে রত থাকিতেন ॥ ৮ ॥

যস্যেদং দেবযজনমনুযজ্ঞং বিতন্বতঃ। প্রাচীনাগ্রৈঃ কুশৈরাসীদাস্তৃতং বসুধাতলং ॥ ৯ ॥
সামুদ্রীং দেবদেবোক্তামুপযেমে শতদ্রুতিং ॥ ১০ ॥
যাং বীক্ষ্য চারু সর্ব্বাঙ্গীং কিশোরীং সুষ্ঠ্বলঙ্কৃতাং। পরিক্রামন্তীমুদ্বাহে চকমেঽগ্নিঃ শুকীমিব ॥ ১১
বিবুধাসুর গন্ধর্ব্ব মুনিসিদ্ধনরোরগাঃ। বিজিতাঃ সূর্য্যয়া দিক্ষু ক্বণয়ন্ত্যৈব নূপুরৈঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ক্রিয়াকাণ্ডে নিষ্ণাতত্বমাহ যস্যেতি। ইদং বসুধাতলং দেবযজনং যজ্ঞবাটং বিতন্বতঃ যত্রৈকো যজ্ঞঃ কৃত স্তৎ সমীপএব যজ্ঞান্তরং কুর্ব্বতঃ সতঃ। অতএব প্রাচীনবর্হিরুচ্যতে ॥ ৯ ॥

সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং শতদ্রুতিং নাম ॥ ১০ ॥

কিশোরীং বালাং পরিক্রামন্তীং প্রদক্ষিণং গচ্ছন্তীং শুকীমিবেতি। এবং হ্যাখ্যায়তে সপ্তর্ষীণাং সত্রে তদ্ভার্য্যাদর্শনেনাগ্নিঃ কামসন্তপ্তোঽভূৎ। তস্য তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যারূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ। তাং যথা সপ্তর্ষিভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বদিতি স্তুকীমিতি পাঠে স্তোক ঘৃতধারামিত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিবুধাদয়ো বিজিতা অভিভূতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনি মাত্রেণ ইত্যর্থঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সামুদ্রীমিত্যর্দ্ধকং ॥ ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্যেদং বসুধাতলং কুশৈরাস্তৃতমাচ্ছাদিতমাসীদিতি। পৃথিব্যাং তাদৃশং স্থলং নাসীদ্যত্র তেন যজ্ঞঃ কৃতো নাসীদিত্যতএব সপ্রাচীনবর্হিরিত্যুচ্যত ইতি ভাবঃ। তত্রাপ্যনুযজ্ঞং প্রতিযজ্ঞমেবং দেবানাং সর্ব্বেষামেব যজনং বিতন্বতঃ বিস্তার্য্য মুখ্য কল্পেনৈব কুর্ব্বতঃ ॥ ৯ ॥ সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং ॥ ১০ ॥

শুকীমিবেত্যেবং হ্যাখ্যায়তে। মহর্ষীণাং সত্রে তদ্ভার্য্যা দর্শনে নাগ্নিঃ কামার্ত্তোঽভূৎ তস্য তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যা রূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ তাং যথা সপ্তর্ষি ভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বৎ। স্তুকীমিবেতি পাঠে স্তোক ঘৃতধারামিবেত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিজিতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনিমাত্রেণৈব নতু তাং কেপি দ্রষ্টুং শেকুরিতি ভাবঃ ॥১২।১৩

তিনি যে খানে একটী যজ্ঞ করিতেন তাহার সমীপে পুনরায় যজ্ঞ করিয়া বসুধা তলকে যজ্ঞবেদিময় করিয়াছিলেন এবং তদীয় পূর্ব্বাগ্র কুশা দ্বারা অবনীতল আস্তৃত হইয়াছিল। অতএব লোকে এখনও তাঁহাকে প্রাচীনবর্হিঃ বলিয়া থাকে ॥ ৯ ॥

তিনি ব্রহ্মার আদেশে সমুদ্র কন্যা শত দ্রুতির পাণিগ্রহণ করিয়াছিলেন ॥ ১০ ॥

শতদ্রুতির রূপ লাবণ্যের কথা কি বলিব বিবাহার্থ অলঙ্কৃত হইয়া সেই বালা যখন অগ্নি প্রদক্ষিণ করিতেছিলেন তখন হুতাশন শুকীর ন্যায় তাহার প্রতি কাম ভাব প্রকাশ করেন।

এই বিষয়ে আখ্যায়িকা যথা। পূর্ব্বে সপ্তর্ষিদের যজ্ঞে তাঁহাদের ভার্য্যাকে নিরীক্ষণ করিয়া অগ্নি কামাতুর হয়েন, তাহাতে অগ্নির ভার্য্যা স্বাহা সপ্তর্ষিদের ভার্য্যা রূপ ধারণ করিয়া অগ্নিকে রমণ করান, এবং রমণানন্তর শুকী রূপিণী হইয়া অগ্নির রেত শর স্তম্বে রাখিয়া আইসেন। অগ্নি যেমন সপ্তর্ষি ভার্য্যা ভ্রমে শুকীতে উপগত হন তদ্রূপ শতদ্রুতিতেও কামাতুর হইয়াছিলেন ॥ ১১ ॥

সে যাহা হউক, নববিবাহিতা সেই কন্যা নূপুর দ্বারা চরণের ধ্বনি করিয়াই সকল দিকের সুর অসুর গন্ধর্ব্ব মুনি সিদ্ধ উরগ ও নর সকলকে জয় করিলেন ॥ ১২ ॥

প্রাচীনবর্হিষঃ পুত্রাঃ শতদ্রুত্যাং দশাভবন্ । তুল্যনাম ব্রতাঃ সর্ব্বে ধর্ম্মস্নাতাঃ প্রচেতসঃ ॥ ১৩

পিত্রা দিষ্টাঃ প্রজাসর্গে তপসেঽর্ণবমাবিশন্ । দশবর্ষ সহস্রাণি তপসার্চ্চং স্তপস্পতিং ।

যদুক্তং পথি দৃষ্টেন গিরিশেন প্রসীদতা । তদ্ধ্যায়ন্তো জপন্তশ্চ পূজয়ন্তশ্চ সংযতাঃ ।

শ্রীবিদুর উবাচ ॥

প্রচেতসাং গিরিত্রেণ যথাসীৎ পথি সঙ্গমঃ । যদ্বাভ্যাহ হরঃ প্রীতস্তন্নো ব্রহ্মন্ বদার্থবৎ ॥ ১৪ ॥

সঙ্গমঃ খলু বিপ্রর্ষে শিবেন হি শরীরিণাং । দুর্ল্লভো মুনয়োদধ্যু রসঙ্গাদযমভীপ্সিতং ॥ ১৫ ॥

আত্মারামোপি যঃ স্বস্য লোককল্পস্য রাধসে । শক্ত্যা যুক্তো বিচরতি ঘোরয়া ভগবান্ ভবঃ ॥ ১৬

শ্রীধরস্বামী ।

তুল্যং নাম ব্রতমাচারশ্চ যেষাং ধর্ম্মস্নাতাঃ ধর্ম্মপারগাঃ ॥ ১৩ ॥ তপসা তপসাং পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ ॥ ১৪ ॥

মুনয়োপি সঙ্গত্যাগেনাপ্তুমিষ্টং যং দধ্যুরেব কেবলং নতু প্রাপুঃ তেন শিবেন ॥ ১৫ ॥

নন্থ মুনীনাং কিং তদ্ধ্যানেন ঘোরত্বাদিত্যাশঙ্ক্যাহ । আত্মারামোপি লোকরচনায়াঃ পালনায় ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ধর্ম্মস্নাতা ইত্যত্র ধম্মঃ স্নাত ইতি চিৎসুখঃ ধনুর্ব্বেদপারগঃ ॥ ১৩ । ১৪ । ১৫ ॥

ঘোরয়া দুষ্টং প্রতি ॥ ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তপসাং পতিং হরিং আর্চ্চন অর্চ্চয়ামাসুঃ । কীদৃশাঃ যদুক্তং গিরিশেন তদেব ধ্যায়ন্তঃ ॥

যৎ রহো রহস্যং প্রীতঃ সন্ বাচা অভিনয়ৈব আহ ॥ ১৪ ॥

অসঙ্গাৎ সঙ্গং পরিত্যজ্য অভি সর্বতো ভাবেন ঈপ্সিতং প্রাপ্তুমিষ্টং যং মুনয়োপি দধ্যুরেব ॥ ১৫ ॥

মুনীনাং ধ্যানগম্যোপি কৃপয়া সকামানামপি কামং দাতুং দৃশ্যোপি ভবতীত্যাহ আত্মেতি লোককল্পস্য রাধসে লোকমনোরথ কল্পনস্য সিদ্ধয়ে ॥ ১৬ । ১৭ ॥

কালক্রমে তাঁহার গর্ব্ভে প্রাচীনবর্হির দশটী পুত্র জন্মিল, তাহাদের সকলের নাম "প্রচেতা" এবং সকলেই সমান ব্রতধারী ও ধর্ম্মপারগ ॥ ১৩ ॥

প্রাচীনবর্হিঃ তাঁহাদিগকে প্রজাসৃষ্টি করিতে আদেশ করিলে তাঁহারা তদ্বিষয়ে সক্ষম হইবার মানসে তপস্যার্থ সমুদ্রে প্রবেশ করিলেন এবং দশ সহস্র বৎসর যাবৎ তপস্যা করিয়া তদ্দ্বারা তপঃ পতি ভগবানের অর্চ্চনা করিলেন। অনন্তর পথি মধ্যে গিরিশের সহিত সাক্ষাৎ হওয়াতে তিনি প্রসন্ন হইয়া যাহা উপদেশ করেন নিরন্তর সংযত হইয়া কেবল তাঁহারই ধ্যান, তাঁহারই জপ এবং তাঁহাকেই পূজা করিতে লাগিলেন। বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! পথিমধ্যে শিবের সহিত প্রচেতাদের যে প্রকারে সঙ্গম হয় এবং ভগবান্ ভব প্রীত হইয়া তাঁহাদিগকে যাহা কহেন অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ১৪ ॥

হে বিপ্রর্ষে! মুনিগণ সঙ্গ পরিত্যাগ করিয়া অভীপ্সিত যে শিবের প্রাপ্তি নিমিত্ত ধ্যান মাত্র করেন, দর্শন প্রাপ্ত হন না, সেই শিবের সহিত শরীরি পুরুষদিগের মিলন যে অসম্ভব! প্রচেতারা কি রূপে তাঁহার সাক্ষাৎ পাইলেন ॥ ১৫ ॥

ভগবান্ ভব আত্মারাম হইয়াও আত্মকৃত লোক রচনার পালনার্থ ঘোর শক্তি সংযুক্ত হইয়া বিচরণ করেন, অতএব কেহ এমত বলিতে পারিবেন না যে তিনি ঘোর বলিয়া মুনিদের ধ্যেয় নহেন ॥ ১৬ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রচেতসঃ পিতুর্ব্বাক্যং শিরসাদায় সাধবঃ। দিশং প্রতীচীং প্রযযুস্তপস্যাদৃতচেতসঃ ॥ ১৭ ॥
সমুদ্রমুপবিস্তীর্ণমপশ্যন্ সুমহৎ সরঃ। মহন্মন ইব স্বচ্ছং প্রসন্ন সলিলাশয়ং ॥ ১৮ ॥
নীলরক্তোৎপলাম্ভোজ কহ্লারেন্দীবরাকরং। হংস সারস চক্রাহ্ব কারণ্ডব নিকূজিতং ॥ ১৯ ॥
মত্ত ভ্রমর সৌস্বর্য্য হৃষ্টরোম লতাঙ্ঘ্রিপং। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপৎ পবনোৎসবং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গুর্ব্বাজ্ঞাকারিণাং শিবদর্শনং স্বতএব ভবতীত্যাশয়েনাহ প্রচেতস ইতি ॥ ১৭ ॥
সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং উপোধিকে চেতি কর্ম্ম প্রবচনীয়ঃ প্রসন্নাঃ সলিলাশয়াঃ মৎস্যাদয়ো যস্মিন্ ॥ ১৮ ॥
নীলোৎপলাদীনামাকরং জন্মস্থানং। উৎপলাম্ভোজ কহ্লারাণি রাত্রি দিন সন্ধ্যা বিকাশীনি ইন্দীবরং নীলোৎপলং তত্র পুনরুক্তিঃ প্রাচুর্য্য জ্ঞাপনার্থং। হংসাদিভির্নিকূজিতং ॥ ১৯ ॥
মত্তানাং ভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণো লতাঙ্ঘ্রিপা যস্মিন্। পদ্মকোশরজোদিক্ষু বিক্ষিপতা পবনেনোৎসবো যস্মিন্ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমুদ্রমিতি ত্রিকং। সমুদ্রমুপ উপসমুদ্রং তৎ সমীপমিত্যর্থঃ স্বচ্ছত্বং স্থলস্য প্রসন্নত্বং সলিলস্য কিং কুর্ব্বৎ সরঃ দিক্ষু পদ্মকোশ রজো বিক্ষিপৎ। কীদৃশং তদ্রজঃ পবনেন উৎসবঃ উদ্রেকো যস্য তৎ ॥ ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং। উপোঽধিকে হীনেচেতি কর্ম্মপ্রবচনীয়ঃ ॥ ১৮ ॥
নীলঞ্চ তদ্রক্তঞ্চেতি তথা ভূতং যদুৎপলং অতএব ইন্দীবরং নীলোৎপলমিতি ন পুনরুক্তিঃ ॥ ১৯ ॥
মত্তভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্ট রোমাণি ইব মুকুল যুক্তা লতা অঙ্ঘ্রিপাশ্চ যত্র তৎ। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপতা পবনেন উৎসবো যত্র তৎ ॥ ২০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস! যে সকল ব্যক্তি গুরুর আজ্ঞাকারী তাহাদের আপনা হইতেই মঙ্গল হয়, পিতা প্রজা সৃষ্টি করিতে আদেশ করিলে প্রচেতাগণ তদীয় বাক্য মস্তকে গ্রহণ করিলেন এবং প্রীত মনে তপস্যার্থ পশ্চিম দিকে যাত্রা করিলেন ॥ ১৭ ॥

কিয়দ্দূর গমন করিলে একটী সুমহৎ সরোবর তাঁহাদের দৃষ্টিগোচর হইল, তাহা সমুদ্রবৎ অতি বৃহৎ এবং মহতের মানস তুল্য নির্ম্মল, তাহাতে মৎস্যাদি সর্ব্ব প্রকার জল জন্তু ছিল ॥ ১৮ ॥

অপর সেই সরোবরে ভূরি ভূরি নীলোৎপল, রক্তোৎপল ও কমল কহ্লার ইত্যাদি জলজ পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া মনোহর শোভা পাইতেছিল এবং হংস, সারস, চক্রবাক, কারণ্ডব প্রভৃতি পক্ষিগণ নিরন্তর ক্রীড়া করত কোলাহল করিতেছিল ॥ ১৯ ॥

তাহার তীরে বিবিধ পাদপ ও লতা সকল মত্ত মধুকরের মধুর স্বরে রোমাঞ্চিত হইয়া রহিয়াছিল। তথায় মন্দ মন্দ বহন শীল বায়ু পদ্ম সকলের কোষ হইতে পরাগ আকর্ষণ করিয়া সকলদিকে বিস্তীর্ণ করাতে তদ্দ্বারা যেন মহোৎসব হইতেছিল ॥ ২০ ॥

তত্র গান্ধর্ব্বমাকর্ণ্য দিব্যমার্গ মনোহরং। বিসিস্মূ্যুরাজপুত্রাস্তে মৃদঙ্গপণবাদ্যনু॥ ২১॥
তর্হ্যেব সরসস্তস্মান্নিষ্ক্রামন্তং সহানুগং। উপগীয়মানমমরপ্রবরং বিবুধানুগৈঃ।
তপ্তহেম নিকায়াভং শিতিকণ্ঠং ত্রিলোচনং। প্রসাদসুমুখং বীক্ষ্য প্রণেমুর্জাতকৌতুকাঃ।
সতান্ প্রপন্নার্ত্তিহরো ভগবান্ ধর্ম্মবৎসলঃ। ধর্ম্মজ্ঞান্ শীলসম্পন্নান্ প্রীতান্ প্রীত উবাচহ॥ ২২॥
শ্রীরুদ্র উবাচ॥
যূয়ং বেদিষদঃ পুত্রা বিদিতং বশ্চিকীর্ষিতং। অনুগ্রহায় ভদ্রং ব এবং মে দর্শনং কৃতং॥ ২৩॥

শ্রীধরস্বামী।

তত্র মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ দিব্যৈর্মার্গৈ র্ভেদৈ র্মনোহরং গান্ধর্ব্বগানমাকর্ণ্য বিস্ময়ং প্রাপ্তাঃ মৃদঙ্গ পণবাদ্যবদিতি পাঠে মৃদঙ্গ পণবাদি অবৎ রক্ষৎ তেষাং ধ্বনিমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১॥
তেচ ত্রিলোচনং বীক্ষ্য জাতাশ্চর্য্যাঃ প্রণেমুরিত্যুত্তরেণান্বয়ঃ। তপ্তহেম রাশি সদৃশ কান্তিং শিতিনীলঃ কণ্ঠোযস্য তং॥ ২২॥
বেদিষদঃ বর্হিষদঃ চিকীর্ষিতং ভগবদারাধনং বিদিতং॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র গান্ধর্ব্বমিতি। পণবাদ্যবদিতি পাঠে মতুপ্ জ্ঞেয়ঃ॥ ২১॥
তর্হীতি। মণিকায়ার্ণমিতি চিৎস্বরূপঃ সুবর্ণরাশি সদৃশ বর্ণং॥
প্রপন্নান্ গিরিশ ইতি কচিৎ॥ ২২॥
দর্শনমিতি হেতুমন্তাবেযুচ দর্শনমিত্যর্থঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গান্ধর্ব্বং গানং মার্গা গামসম্বন্ধিনঃ কদা মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ পণবাদ্যবদিতি পাঠে মতুপো জ্ঞেয়ঃ। যদ্বা মৃদঙ্গ পণবাদি কীদৃশং অবৎ রক্ষৎ। সতু মূল ধ্বনিভিরপি গানমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১। ২২॥
চিকীর্ষিতং ভগবদারাধনমেব অতএব বো যুষ্মাকমনুগ্রহায় এবং দর্শনং কৃতং দত্তং। যদ্বা বোনুগ্রহায় যুষ্মৎ কর্তৃকানুগ্রহ প্রাপ্তয়ে ময়ৈবং দর্শনং কৃতং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মাননুগ্রহীতুং যুষ্মাকং দর্শনং ময়া কৃতমিত্যর্থঃ॥ ২৩॥

সে যাহা হউক, প্রচেতাগণ সেই সরোবরের তীরে উপনীত হইলে মৃদঙ্গ পণবাদি বাদ্যের পর মনোহর গীত তাঁহাদের কর্ণগোচর হইল, তাহাতে সকলেই বিস্ময়ান্বিত হইলেন॥ ২১॥

সেই সময়ে ভগবান্ ভব আপনার অনুচরগণ সহিত ঐ সরোবর হইতে নির্গত হইতেছিলেন। তাঁহার কান্তি তপ্তকাঞ্চন রাশির তুল্য, কণ্ঠ নীলবর্ণ এবং ললাট দেশ লোচনত্রয়ে বিভূষিত, চারিদিকে অমরগণ বেষ্টন করিয়া স্তব করিতেছিলেন। প্রচেতারা তাঁহাকে অবলোকন করিয়া কৌতূহলাক্রান্ত হওত প্রণাম করিলেন। বিদুর। ভগবান্ গিরিশ প্রপন্ন জনের আর্ত্তিহারী এবং অতিশয় ধর্ম্মবৎসল। প্রচেতাদিগের ভাব দর্শনে তাঁহার বোধ হইল এ সকল ব্যক্তি ধর্ম্মজ্ঞ ও সুশীল এবং প্রীতিমান্, অতএব প্রীত হইয়া তাঁহাদিগকে কহিলেন॥ ২২॥

অহে বৎসগণ। তোমরা বর্হিষদের পুত্র বটে, তোমাদের ভগবদারাধনা কর্ম্ম আমি অবগত আছি, তোমাদের মঙ্গল হউক, তোমাদের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ আমি স্বয়ং আসিয়া দর্শন দিলাম॥ ২৩॥

যঃ পরং রংহসঃ সাক্ষাৎ ত্রিগুণাজ্জীবসংজ্ঞিতাৎ। ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ স প্রিয়োহি মে ॥ ২৪ ॥
স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্ বিরিঞ্চতামেতি ততঃ পরং হি মাং।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ২৫ ॥
অথ ভাগবতা যূয়ং প্রিয়াঃ স্থ ভগবান্ যথা। ন মদ্ভাগবতানাঞ্চ প্রেয়ানন্যোঽস্তি কর্হিচিৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনুগ্রহে কারণমাহ। যঃ সাক্ষাৎ বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ। কথম্ভূতং রংহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতিপুরুষয়ো নির্য়ন্তারমিত্যর্থঃ ॥ ২৪ ॥

তৎ কিং তস্য মহত্ত্বমস্তমিত্যাহ। স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভির্জন্মভি র্বিরিঞ্চতাং প্রাপ্নোতি ততোপি পুণ্যাতিশয়েন মামেতি ভাগবতস্তু দেহান্তে অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি। যথাহং রুদ্রোভূত্বা আধিকারিকবৎ বর্ত্তমানঃ। বিবুধা দেবাশ্চাধিকারিকাঃ কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যোষ্যন্তি ॥ ২৫ ॥

অথ ভাগবতত্বাৎ যূয়ং মে প্রিয়াঃ স্থ। ভবদ্ভিরপি ময়ি প্রীতিঃ কার্য্যেত্যাশয়েনাহ মদন্যো ভাগবতানাঞ্চ প্রেয়ান্নাস্তি ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি ন্যায়াৎ রংহস ইতি ব্রহ্মণোপি যদ্বা রংহসঃ চতুঃশ্লোকী প্রোক্তস্য রহস্যাখ্যস্য প্রেম্নঃ পরং পরমাশ্রয়ং। রংহস ইতি লেখক ভ্রমঃ সূক্ষ্মাদিতি স্বটীকায়াং অস্বারস্যাৎ। তমস ইতি চিৎসুখঃ ॥ ২৪ ॥

স্বধর্ম্মেত্যস্য টীকায়াং তৎ কিমিতি তত্র হেতুঃ ক ইত্যর্থঃ। বিবুধা ইত্যত্র বিবুধৈরিতি চিৎসুখঃ বিবুধৈঃ কার্য্যৈঃ সহ ॥২৫॥২৬॥২৭

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুগ্রহে কারণমাহ যঃ সাক্ষাদ্ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ কথম্ভূতং রংহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতি পুরুষয়ো নির্য়ন্তারমিত্যর্থ ইতি স্বামিচরণাঃ। যদ্বা ত্রিগুণান্মায়াশক্তেঃ জীবসংজ্ঞিতাৎ জীবশক্তেশ্চ রহঃ সর্ব্বদুর্লক্ষ্যং যৎ নির্গুণং ব্রহ্ম তস্মাদপি পরং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতোক্তেঃ। যঃ সাক্ষাৎ প্রপন্নঃ নতু কর্ম্মার্পণ দ্বারা নাপি দেবতান্তর ভক্তি জ্ঞানাদি ব্যবধানেনেত্যর্থঃ। সহি সহৈব প্রিয় ইতি তেন মদ্ভক্তোপি ন মে তথাপ্রিয় ইতি ভাবঃ ॥২৪

ব্রহ্ম রুদ্র বিষ্ণূনামস্মাকং সুকৃতৈঃ প্রাপ্তি তারতম্যং মন্মুখাদেব যূয়ং শৃণুতেতি বদন্ বিষ্ণোঃ সর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যমাহ স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ শত জন্মভি র্বিরিঞ্চতাং বিরিঞ্চি পদং এতি তত্রাপ্যনির্চ্চিতত্বে শত জন্মভিরপি ন প্রাপ্নোতীত্যর্থঃ। ততো বিরিঞ্চিতোপি পরং শ্রেষ্ঠং মাং ততোপি পুণ্যাতিশয়ৈরেবেতি। ভাগবতস্তু অথ দেহান্ত এব অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদং বৈকুণ্ঠমেতি। যথাহং এমি প্রতিক্ষণমেব বৈকুণ্ঠে বসরেকেন প্রকাশেন ভগবন্তং ভজামীত্যর্থঃ। বিবুধাশ্চাধিকারিক ভক্তাঃ কলা লিঙ্গং তস্যা অত্যয়ে স্বস্বাধিকারান্তেপি লিঙ্গ ভঙ্গে এষ্যন্তীতি ভক্তেঃ সাধন সাধ্য সময়ানাং সুখসাধ্যত্বেনাপি সর্ব্বোৎকর্ষো দর্শিতঃ ॥ ২৫ ॥

অথ অতএব ভাগবতানাঞ্চেতি চকারেণ যথেত্যস্যাণ্বয়াৎ ভাগবতানাং যথা ভগবতোঽন্যঃ প্রেয়ান্নাস্তি তথা মৎ মত্তোপীত্যর্থঃ ॥ ২৬ ॥

হে প্রচেতা সকল! প্রধান এবং জীব সংজ্ঞিত পুরুষ হইতে পর অর্থাৎ প্রকৃতি পুরুষের নিয়ন্তা যে ভগবান্ বাসুদেব, তাঁহার শরণাপন্ন যে ব্যক্তি হয় সে আমার অতিশয় প্রিয় ॥ ২৪ ॥

অহে বৎসগণ! স্বধর্ম্মনিষ্ঠ পুরুষ বহু জন্মে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়, তাহার পরে আমাকে পায়, কিন্তু, যে ব্যক্তি ভগবদ্ভক্ত, তাঁহার দেহান্তেই প্রপঞ্চাতীত বৈষ্ণব পদ লাভ হয়, ইহার প্রমাণ দেখ, এই আমি রুদ্র হইয়া অধিকৃতের ন্যায় বর্ত্তমান আছি এবং এই দেবতারা অধিকৃত হইয়া আছেন, কিন্তু যখন আমাদের অধিকারের শেষ হইবে তখন লিঙ্গদেহ ভঙ্গ হওয়াতে সকলেই প্রপঞ্চাতীত পদ প্রাপ্ত হইব ॥ ২৫ ॥

অহে রাজনন্দনগণ! তোমরা পরম ভাগবত, এই নিমিত্ত ভগবানের ন্যায় আমারও প্রিয়পাত্র। ফলতঃ ভগবদ্ভক্তদিগের আমা ব্যতীত অন্য কেহ প্রিয়তম নাই, ইহাতে তোমাদেও আমার প্রতি প্রীতি করা কর্ত্তব্য ॥ ২৬ ॥

ইদং বিবিক্তং জপ্তব্যং পবিত্রং মঙ্গলং পরং। নিঃশ্রেয়সকরঞ্চাপি শ্রূয়তাং যদ্বদামি বঃ।

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্যনুক্রোশহৃদয়ো ভগবানাহ তাঞ্ছিবঃ। বদ্ধাঞ্জলীন্ রাজপুত্রান্নারায়ণপরং বচঃ ॥ ২৭ ॥

শ্রীরুদ্র উবাচ ॥

জিতং ত আত্মবিদ্বর্য্য স্বস্তয়ে স্বস্তিরস্তু মে। ভবতা রাধসা রাদ্ধং সর্ব্বস্মা আত্মনে নমঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

অত ইদং জপ্তব্যং শ্রূয়তামিতি বিবিক্তমসংকীর্ণং যথাভবতি ॥ ২৭ ॥

সৃষ্ট্যাদৌ ব্রহ্মণা সৃষ্ট্বা পুত্রেভ্যঃ প্রোক্তমিষ্টদং। স্তোত্রং প্রাহ প্রচেতোভ্যঃ কৃপয়া ভগবান্ শিবঃ। তে জিতং ভবোৎকর্ষঃ আত্মবিদ্বর্য্যাণাং স্বস্তয়ে শোভন সত্তায়ৈ স্বানন্দ লাভায়েত্যর্থঃ। অতোমে স্বস্তিঃ স্বানন্দসত্তাস্তু। নন্বস্মদোৎকর্ষো মদর্থ এব কিং ন স্যাৎ তত্রাহ। ভবতা রাধসা স্বানন্দ রূপেণ রাদ্ধং সিদ্ধং ত্বং নিরতিশয় পরমানন্দ রূপেণৈব নিত্যং স্থিত ইত্যর্থঃ। অতএবং ভূতায়াত্মনে তুভ্যং নমঃ। সর্ব্বস্মৈ সর্ব্বরূপায় ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইকৃতিপৌ ধাতু নির্দ্দেশে। অসধা কৃশ্চাত্র সত্তামেব বদতীত্যাত্মবিং শ্রেষ্ঠানাং স্বস্তয়ে শোভন স্থিত্যৈ সন্তুক্ত লক্ষণায়ৈ তে তব জিতমুৎকর্ষো গুণাদি প্রকাশ ইত্যর্থঃ। মুক্তানামপি সিদ্ধানামিত্যাদেঃ মস্মাদেবং সএব পুরুষার্থঃ। তস্মাদস্মাকমপি সএব স্বস্তি রস্তু প্রার্থনায়াং লোট্ তত্র কিং তব সাধনমিত্যাশঙ্ক্য বিভক্তি পরিণামেনাহ। তে তুভ্যং নম ইতি তত্রচ মম ন স্বাতন্ত্র্যং কিন্তু তবৈবেতি। তদেব নমো বিশিনষ্টি। ভবতেতি রাধসা সর্ব্ব সাধকেন রাদ্ধং সিদ্ধং সর্ব্বসাধকত্বে হেতুঃ আত্মনে অন্তর্যামিণে সর্ব্বস্মৈ সর্ব্বরূপায় চেতি। যদ্বা। সচ স্বস্তির্দীনমনসো রূপ এব যোগ্য ইতি তদেব করোতি তং নম ইতি অন্যৎ সমানং বাসুদেবাদয় এতে পদ্মনাভস্যৈবাংশাঃ। নতু মহাবাসুদেবাদয়ঃ নির্বিকারায়েতি ব্যাখ্যায়াং বিকার স্তদাভাসঃ ইতি সংকর্ষণাদীনাং তদাভাসত্বং দর্শিতং। ধুর্য্যেত্যত্র বর্য্যেতি কচিৎ ॥ ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুক্রোশঃ কৃপা হৃদয়ে যস্য সঃ ॥ ২৭ ॥

ভগবন্তং স্তুবানো ভক্তঃ প্রথমং জয়জয়েতি বদেদিত্যাহ। আত্মবিদ্বর্য্যাণামাত্মারামাণাং স্বস্তয়ে শোভনসত্তায়ৈ ত্বয়া জিতং স্বোৎকর্ষ আবিষ্কৃতঃ। ইকশতিপৌ ধাতু নির্দ্দেশ ইতি শতিপ্ শোভন সত্তাচ ভগবদ্গুণ মাধুর্য্যাকৃষ্টতয়া সাযুজ্য স্পৃহা রাহিত্যেন শুকাদীনামিব তদ্ভক্তত্বেন সনাতনী স্থিতিঃ। যদুক্তং। তথা পরম হংসানাং মুনীনামমলাত্মনাং। ভক্তিযোগ বিধানার্থমিতি কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূত গুণোহরিরিতিচ। অতো মে মম স্বস্তি শোভন সত্তা অস্তু। ভবতা প্রযোজকেন যং আরাধঃ আরাধনং তেন রাদ্ধং তস্য সিদ্ধি রস্তু নন্‌ শ্রীগুরুণামস্মত্তেনান্যেন বা মদারাধনং ভবতি নতু ময়েতি তত্রাহ সর্ব্বস্মৈ সর্ব্ব স্বরূপায় আত্মনে ত্বমেব গুরু বৈষ্ণবাদিরূপঃ স্বভজনং কারয়সীতি ভাবঃ ॥ ২৮ ॥

অতএব মঙ্গলাবহ ও নিঃশ্রেয়স কর যে পবিত্র জপ অসংকীর্ণ রূপে করিতে হইবে, তাহা তোমাদিগকে বলিতেছি শ্রবণ কর। মৈত্রেয় কহিলেন ভগবান্ রুদ্র এই প্রকারে সানুকম্প হৃদয় হইয়া কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান সেই রাজতনয়দিগকে নারায়ণ পর বাক্য উপদেশ করিলেন ॥ ২৭ ॥

বৎস বিদুর। সৃষ্টির প্রথমে ব্রহ্মা সৃষ্টি করিয়া স্বীয় তনয়দিগকে যে স্তোত্র বলিয়াছিলেন ভগবান্ শিব প্রচেতাদিগের প্রতি দয়ার্দ্র চিত্ত হইয়া তাহাই উপদেশ করিলেন।

রুদ্র স্তব করত কহিলেন। ভগবন্! আত্মজ্ঞবর ব্যক্তিদিগের স্বানন্দ লাভ নিমিত্ত তোমার উৎকর্ষ হইয়া থাকে। অতএব আমার স্বস্তি অর্থাৎ সানন্দ সত্তা হউক। প্রভো! তোমার স্বানন্দ রূপতা নিত্যই সিদ্ধ অর্থাৎ তুমি সর্ব্বদাই নিরতিশয় পরমানন্দ রূপে অবস্থিত আছ, অতএব তুমি উক্ত রূপ আত্মা এবং সর্ব্ব স্বরূপ, আমরা তোমাকে নমস্কার করি ॥ ২৮ ॥

নমঃ পঙ্কজনাভায় ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মনে ॥ ২৯ ॥
বাসুদেবায় শান্তায় কূটস্থায় স্বরোচিষে ॥ ৩০ ॥
সঙ্কর্ষণায় সূক্ষ্মায় দুরন্তায়ান্তকায়চ। নমো বিশ্বপ্রবোধায় প্রদ্যুম্নায়ান্তরাত্মনে ॥ ৩১ ॥
নমোনমো নিরুদ্ধায় হৃষীকেশেন্দ্রিয়াত্মনে ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বরূপত্বঃ প্রপঞ্চয়ন্ প্রণমতি সার্দ্ধৈর্দশভিঃ। পঙ্কজং লোকাত্মকং নাভৌ যস্য তস্মৈ কারণাত্মনে নমঃ। কারণত্বাদেব সৃজ্যানাং প্রাণিনাং যে উপাধয়ঃ ভূতানি সূক্ষ্মাণি তন্মাত্রাণি ইন্দ্রিয়াণিচ তেষামাত্মনে নিয়ন্ত্রে ॥ ২৯ ॥
অন্তঃকরণচতুষ্টয়াধিষ্ঠাতৃত্বেন প্রণমতি চতুর্ভিঃশ্লোকার্দ্ধৈঃ বাসুদেবায় চিত্তাধিষ্ঠাত্রে। কূটস্থায় নির্ব্বিকারায় চিত্ত্যৈস্তকরূপত্বাৎ ॥৩০
অহঙ্কারাধিষ্ঠাত্রে সঙ্কর্ষণায় সূক্ষ্মায় অব্যক্তায় দুরন্তায় অনন্তায় অন্তকায় মুখাগ্নিনা লোকদাহকায় বিশ্বস্য প্রকর্ষেণ বোধো যস্মাৎ। অন্তরাত্মনে বুদ্ধ্যধিষ্ঠাত্রে ॥ ৩১ ॥
হৃষীকাণামীশং যদিন্দ্রিয়ং মন স্তদাত্মনে ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ ত্বদ্বিষয়কঃ সর্ব্বেন্দ্রিয় ব্যাপার এব ত্বদ্ভক্তিঃ সর্ব্বেন্দ্রিয়াণিচ ত্বদধীনান্যতঃ কৃপয়া মদিন্দ্রিয়াণি স্ববিষয় ব্যাপারবন্তি সংপাদয়েতি প্রণমতি নম ইতি ভূতসূক্ষ্মাণি শব্দাদি তন্মাত্রাণিচ ইন্দ্রিয়াণিচ তেষামাত্মনে নিয়ন্ত্রে পঙ্কজনাভায়েতি হে পঙ্কজনাভ তব নাভিপঙ্কজোদ্ভবাদ্ব্রহ্মত এব মদীয়স্যাস্য মর্ত্ত্য দেহস্যোদ্ভূতত্বাদিমং স্বভক্ত্যুন্মুখং কুরু তুভ্যং নম ইতি ভাবনাভিপ্রেতা ॥ ২৯ ॥
এবং ভক্ত্যুপযোগার্থং দেহেন্দ্রিয়াণি সমাসেন সংশোধ্য পুনঃ প্রত্যেকমপি শোধয়িতুং প্রথমং চিত্তাধিষ্ঠাতারং বাসুদেবং প্রণমতি বাসুদেবায়েতি ভো বাসুদেব মচ্চিত্তং শান্তং নির্ব্বিকারং কৃত্বা স্বরোচিষা প্রকাশ্য ভক্ত্যাবেব চেতয় তুভ্যং নম ইতি ॥ ৩০
সূক্ষ্মায় অব্যক্তায় দুরন্তায় অনন্তায় অন্তকায় মুখাগ্নিনা লোকদাহকায়। ভোঃ সঙ্কর্ষণদেব মমাহন্তা মমতয়ো বৃত্তীনাং দেহ গেহাদি নিবন্ধানামনন্তানাং তদ্বন্ধনং সন্দহ তা স্তত্তো বিচ্যুতীকৃত্য ভক্ত্যাশ্রয় বিষয়য়োর্নিবধান তুভ্যং নম ইতি ॥ ৩১ ॥
নম ইতি ভোঃ প্রদ্যুম্নদেব মদ্বুদ্ধিং তথা প্রবোধয় যথা সা ভক্তাবেব মাং দধাতি তুভ্যং নম ইতি ॥
হৃষীকাণাং যদীশমিন্দ্রিয়ং মন স্তদাত্মনে তন্নিয়ন্ত্রে। হে অনিরুদ্ধ দেব মন্মনো ভক্ত্যাবেবানুরঞ্জয় তুভ্যং নম ইতি ॥ ৩২ ॥

হে ভগবন্! লোকাত্মক পদ্ম তোমার নাভিদেশে অবস্থিত, ইহাতে তুমি কারণ স্বরূপ, তোমাকে নমস্কার করি। প্রভো! যে হেতু তুমি কারণ স্বরূপ, এই হেতু সৃজ্য প্রাণি সকলের উপাধি অর্থাৎ পঞ্চভূত পঞ্চতন্মাত্র এবং ইন্দ্রিয়গণ এই সমুদায়ের নিয়ন্তা তুমি ॥ ২৯ ॥
বিভো! তুমি চিত্তের অধিষ্ঠাতৃ দেবতা বাসুদেব এবং শান্ত, নির্ব্বিকার ও স্বপ্রকাশ ॥ ৩০ ॥
অপর তুমি অহঙ্কারের অধিষ্ঠাতৃ দেবতা সঙ্কর্ষণ এবং অব্যক্ত, অনন্ত ও অন্তক অর্থাৎ মুখাগ্নি দ্বারা লোকদাহক, তোমাকে নমস্কার করি। প্রভো! তোমা হইতে এই বিশ্বের প্রকৃষ্ট রূপে বোধ হয় এবং তুমিই বুদ্ধির অধিষ্ঠাতৃ দেবতা ॥ ৩১ ॥
ভগবন্! তুমিই অনিরুদ্ধ এবং ইন্দ্রিয় সকলের প্রধান যে মনঃ, তাহার স্বরূপ তোমাকে নমস্কার করি ॥ ৩২ ॥

নমঃ পরমহংসায় পূর্ণায় নিভৃতাত্মনে। স্বর্গাপবর্গ দ্বারায় নিত্যং শুচিষদে নমঃ ॥ ৩৩ ॥
নমো হিরণ্যবীর্য্যায় চাতুর্হোত্রায় তন্তবে। নম ঊর্জ ইষে ত্রয্যাঃ পতয়ে যজ্ঞরেতসে ॥ ৩৪ ॥
তৃপ্তিদায়চ জীবানাং নমঃ সর্ব্বসাত্মনে। সর্ব্ব সত্বাত্ম দেহায় বিশেষায় স্থবীয়সে ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

সূর্য্য রূপেণ প্রণমতি পরমহংসায় সূর্য্য রূপায় পূর্ণায় তেজসা বিশ্বব্যাপিনে। নিভৃতাত্মনে ক্ষয় বৃদ্ধি শূন্যায়। স্বর্গায় অপবর্গ দ্বারায় চ শুচিনি অন্তঃকরণে নিষীদতীতি শুচিষৎ তস্মৈ হংসঃ শুচিষদিতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

হিরণ্যং বীর্য্যং যস্য তস্মৈ অগ্নিরূপায় চাতুর্হোত্রং কর্ম্ম তস্মৈ তৎ সাধনায়েত্যর্থঃ। কুতঃ তন্তবে তদ্বিস্তারকায়। সোমত্বমাহ উর্জে পিতৃণামন্নায়। ইষে দেবানামন্নায় যজ্ঞরেতসে সোমায় সহি পিতৃণাং দেবানাং চান্নং এবং রূপায় ত্রয্যাঃ পতয়ে হরয়ে নমঃ ॥ ৩৪ ॥

সূর্য্যাগ্নি সোমত্বেনৈব তেজস্ত্বমুক্তং। জলরূপায় [illegible] সর্ব্বেষাং সত্বানাং প্রাণিনাং যে আত্মানঃ তেষাং দেহায় স্থবীয়সে বিরাড্‌-দেহায়চ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবমন্তঃকরণ চতুষ্টয়ং তদুপাস্য দৈবত বাসুদেবাদি প্রণতিভিঃ সংশোধ্য বহিঃ করণানি তথা দেহারম্ভকাণি পঞ্চভূতানিচ শোধয়িতুমধিষ্ঠাতৃ রূপত্বেন ভূতরূপত্বেনচ প্রণমতি। নমঃ পরমেতি চতুর্ভিঃ পরমহংসায় সূর্য্যায় নিভৃতাত্মনে নিতরাং ভৃতা বৃষ্ট্যাদিভিঃ পালিতা আত্মানো জীবা যেন তস্মৈ শুচিনি অন্তঃকরণে সীদতীতি শুচিষৎ হংসঃ শুচিষদিতি শ্রুতেঃ। তস্মৈ ভোঃ সূর্য্যাত্মক দেব মচ্চক্ষুঃ শ্রীমূর্ত্তিসৌন্দর্য্যএব প্রবর্ত্তয় দেহগতং সূর্য্যাত্মকং তেজশ্চ শুদ্ধ্যাতু তুভ্যং নম ইতি ॥ ৩৩ ॥

হিরণ্যবীর্য্যায় অগ্নিরূপায় চাতুর্হোত্র কর্ম্ম সাধনায় কুতঃ তন্তবে তদ্বিস্তারকায়। ভো বহ্ন্যাত্মক দেব যথান্যেষাং কর্ম্ম প্রবর্ত্তয়সি তথৈব মম বাচং কীর্ত্তনভক্তৌ প্রবর্ত্তয় বহ্ন্যাত্মকং তেজশ্চ শুদ্ধ্যতু তুভ্যং নম ইতি। ঊর্জ্জে পিতৃণামন্নায় ইষে দেবানামন্নায় যজ্ঞরেতসে সোমায় ভোঃ সোমাত্মক দেব মম দেবর্ষ্যাদি ঋণং পরিশোধ্য মন্মনো ভক্তাবেবাসঞ্জয় সোমাত্মকং তেজশ্চ শুদ্ধ্যতু তুভ্যং নম ইতি পূর্ব্বমুপাস্য দৈবতপ্রণত্যা সংশোধ্যাপি মনসো দুর্দ্দমত্বাদধিষ্ঠাতৃ দৈবত প্রণত্যাপি পুনঃ সংশোধনমিদং জ্ঞেয়ং ॥ ৩৪ ॥

এবং সূর্য্যাগ্নি সোমরূপং তেজশ্চ তদ্রূপেণ প্রণত্যা সংশোধ্য রসনেন্দ্রিয়ং রসঞ্চ সংশোধয়িতুং রস রূপেণ প্রণমতি তৃপ্তিদায়েতি হে রসাত্মক দেব হরে মম রসনাং ভবদীয় বস্তু মাধুর্য্য এব স্বাদং প্রাপয় দৈহিকা আপশ্চ শুদ্ধ্যন্তু তুভ্যং নমঃ ॥

সর্ব্বেষাং সত্বানাং প্রাণিনাং যে আত্মান স্তেষাং দেহায় স্থবীয়সে বিরাড্‌ দেহায় চেতি হে পৃথিব্যাত্মক হরে মম ঘ্রাণেন্দ্রিয়ং ভবদীয় সৌরভ্য এব প্রবর্ত্তয়ন্ দেহঞ্চ স্বীয় পরিচর্য্যাদিষু প্রবর্ত্তয়েতি ॥ ৩৫ ॥

বিভো। তুমি পরমহংস অর্থাৎ সূর্য্যরূপী তোমাকে নমস্কার, হে ভগবন্। তুমিই পূর্ণ অর্থাৎ তেজঃ দ্বারা এই বিশ্বব্যাপী, তোমার ক্ষয় বৃদ্ধি নাই, তুমিই স্বর্গমোক্ষের দ্বার এবং সকলের অন্তর্যামী ॥ ৩৩ ॥

অপিচ তুমি হিরণ্যবীর্য্য অর্থাৎ অগ্নি স্বরূপ তোমাকে নমস্কার করি, প্রভো। তুমি চাতুর্হোত্র কর্ম্মের সাধন, যে হেতু তোমা হইতেই ঐ কর্ম্মের বিস্তার হয়, আর তুমিই ঊর্জ্জ অর্থাৎ পিতৃলোকের অন্ন, তুমিই ইষ অর্থাৎ দেবতাদের অন্ন, অতএব তুমিই ভগবান্ সোমের স্বরূপ এবং দেবতা ও পিতৃ লোকের অন্ন রূপ ত্রয়ীপতি তোমাকে নমস্কার করি ॥ ৩৪ ॥

ভগবন্! তুমি জলরূপী এ কারণ সকল জীবেরই তৃপ্তিদাতা তোমাকে নমস্কার করি। তুমি পৃথিবী স্বরূপ এবং সকল প্রাণির যে সমস্ত আত্মা, তাহাদের দেহ রূপী ও বিরাট্ মূর্ত্তি তোমাকে নমস্কার॥ ৩৫

নমস্ত্রৈলোক্যপালায় সহ ওজো বলায় চ। অর্থলিঙ্গায় নভসে নমোঽন্তর্বহিরাত্মনে ॥ ৩৬ ॥
নমঃ পুণ্যায় লোকায় অমুষ্মৈ ভূরি বর্চ্চসে। প্রবৃত্তায় নিবৃত্তায় পিতৃদেবায় কর্ম্মণে ॥ ৩৭ ॥
নমোঽধর্ম্মবিপাকায় মৃত্যবে দুঃখদায় চ। নমস্ত আশিষামীশ মনবে কারণাত্মনে ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

ত্রৈলোক্য পালায় বায়বে। সহ আদিরূপায়। সহি প্রাণরূপেণ ত্রৈলোক্যং পালয়তি। সহ আদিধর্ম্মায় চ। নভসে আকাশায় চ। অর্থানাং লিঙ্গায় জ্ঞাপকায় শব্দগুণত্বাৎ। অন্তর্বহিরাত্মনে অন্তর্বহির্ব্যবহারালম্বনায়। এবং মহাভূত রূপত্বমুক্তং ॥ ৩৬ ॥
অমুষ্মৈ স্বর্গায় ভূরিবর্চ্চসে। এষ বৈ জ্যোতিষ্মন্তঃ পুণ্যঃ লোকং প্রযাতীতি শ্রুতেঃ। প্রবৃত্তায় নিবৃত্তায় চ কর্ম্মণে। পিতৃদেবায় যথাক্রমং পিতৃদেব প্রাপ্তিফলায় ॥ ৩৭ ॥
অধর্ম্ম ফল রূপায় মৃত্যবে হে ঈশ আশিষাং কারণাত্মনে সর্ব্বকর্ম্ম ফলদাত্রে। মনবে সর্ব্বজ্ঞায় মন্ত্রাত্মকায়েতি বা ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

অর্থেত্যর্দ্ধকং ॥ ৩৬ ॥
নম ইত্যর্দ্ধকং ॥ ৩৭ ॥
নমো ধর্ম্মেত্যর্দ্ধকং ॥
নমস্ত ইত্যর্দ্ধকং ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রৈলোক্য পালায় প্রাণ বায়ু স্বরূপায় সহ ওজো বলায় মন ইন্দ্রিয় দেহেষু সহ ওজোবলরূপেণ প্রবিশ্য তত্তৎপাটবঃ কর্ত্তব্য ইত্যর্থঃ। হে বায়ু স্বরূপ হরে মম স্বপিন্দ্রিয়ং ত্বদীয় সৌকুমার্য্যাদাবেবোল্লাসয়ন্ দেহেন্দ্রিয় মনাংস্যপি ভজন সামর্থ্যবন্তি কুরু তুভ্যং নম ইতি। অর্থানাং লিঙ্গায় জ্ঞাপকায় শব্দ গুণত্বাৎ। অন্তর্বহিরাত্মনে অন্তর্বহির্ব্যবহারালম্বনায় ভো নভঃ স্বরূপ হরে মম শ্রোত্রং ত্বৎ সৌন্দর্য্যএব প্রবর্ত্তয়ন্ স্বীয় নাম মন্ত্র ভক্তিশাস্ত্রার্থং স্ফোরয়। মম নভস্তত্ত্বং চ শুদ্ধাতু তুভ্যং নম ইতি ॥ ৩৬ ॥
এবং স্বীয় ভূতেন্দ্রিয় মনাংসি ভগবদুপাসনোন্মুখীকৃত্য উপাসনাং প্রাপ্য বৈকুণ্ঠলোক স্বরূপত্বেন প্রণমতি নম ইতি পুণ্যায় সর্ব্বোত্তমায়। পুণ্যস্তু চার্ব্বপীতাময়ঃ। ভূরি বর্চ্চস ইতি লোকান্তর ব্যাবৃত্তিঃ। ধর্ম্মান্তরস্যাপি প্রযোজকত্বেন প্রণমতি প্রবৃত্তায়েত্যাদি পিতৃ দেবতায় পিতৃদেব প্রাপকায় ॥ ৩৭ ॥
নিষিদ্ধ কর্ম্ম ফলদায়িত্বেন প্রণমতি নমোঽধর্ম্মেতি অধর্ম্মস্য বিপাকঃ ফলং যস্মাত্তস্মৈ। বিহিত কর্ম্ম ফলদায়িত্বেন প্রণমতি নমস্ত ইতি। হে আশিষামীশ স্বর্গাদি ফলদায়িন্ মনবে সর্ব্ব মন্ত্র রূপায় কারণাত্মনে কর্ম্মকারক স্বরূপায় ॥ ৩৮ ॥

অপিচ তুমি ত্রৈলোক্যের পালন কর্ত্তা বায়ু রূপী এবং সহ ওজ বল ইত্যাদির স্বরূপ। অপর তুমি আকাশ রূপী ও শব্দ গুণত্ব প্রযুক্ত অর্থ সকলের প্রকাশক এবং আন্তরিক ও বাহ্য ব্যবহারের অবলম্বন স্বরূপ তোমাকে নমস্কার ॥ ৩৬ ॥
হে ভগবন্! তুমি পুণ্যলোক ও ভূরি বর্চ্চস্বী এবং স্বর্গ স্বরূপ তোমাকে নমস্কার। তুমি যথাক্রমে পিতৃ ও দেব প্রাপ্তি যাহার ফল তাদৃশ প্রবৃত্তি ও নিবৃত্তি কর্ম্মের স্বরূপ ॥ ৩৭ ॥
অপর তুমিই অধর্ম্মের ফলরূপ দুঃখদায়ক মৃত্যু, তোমাকে নমস্কার। হে ঈশ! তুমি সকল কর্ম্মের ফলদাতা এবং সর্ব্বজ্ঞ, তোমাকে নমস্কার করি ॥ ৩৮ ॥

নমো ধর্ম্মায় বৃহতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে। পুরুষায় পুরাণায় সাংখ্যযোগেশ্বরায় চ ॥ ৩৯ ॥
শক্তিত্রয় সমেতায় মীঢ়ুষে হহংকৃতাত্মনে। চেত আকূতি রূপায় নমো বাচোবিভূতয়ে ॥ ৪০ ॥
দর্শনং নো দিদৃক্ষূণাং দেহি ভাগবতার্চ্চিতং। রূপং প্রিয়তমং স্বানাং সর্ব্বেন্দ্রিয়গুণাঞ্জনং ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

বিষ্ণুত্বেন প্রণমতি বৃহতে ধর্ম্মায় পরমধর্ম্মাত্মনে কৃষ্ণায় ॥ ৩৯ ॥

রুদ্ররূপেণ প্রণমতি। মীঢ়ুষে রুদ্রায় অহঙ্কৃতমহঙ্কার স্তদাত্মনে। সচ কর্ত্তৃকরণ কর্ম্মশক্তি ত্রয়সমেত স্তস্মৈ। ব্রহ্মত্বেন প্রণমতি। চেতোজ্ঞানং আকূতিঃ ক্রিয়া তদ্রূপায়। বাচো বিবিধা ভূতিঃ সৃষ্টি র্যস্মাৎ তস্মৈ ॥ ৪০ ॥

এবং নমস্কৃত্য দর্শনং প্রার্থয়তে দর্শনমিতি নবভিঃ। ভাগবতৈঃ সৎকৃতং দর্শনং দেহীত্যস্য বিবরণং রূপমিত্যাদি প্রদর্শয়ে-

ক্রমসন্দর্ভঃ।

অথ ত্রিদেবী রূপত্বেন স্তবেষু বিষ্ণুরূপত্বে পদ্মনাভাভেদেনৈব স্তৌতি। নমো ধর্ম্মায়েতি। তত্র পুরুষায় পুরাণায়েতি পদ্মনাভ রূপেণ নিঃশ্বাস প্রবর্ত্তিত বেদদ্বারা ধর্ম্মায় বৃহতে নমঃ স্বয়ং ভগবদ্ধর্ম্ম স্বরূপেণ তদনুগত সর্ব্ব ধর্ম্ম প্রবর্ত্তন দ্বারা সাংখ্য যোগেশ্বরায়েতি। কপিল দত্তাত্রেয়াদি রূপেণ তত্তৎ প্রবর্ত্তন দ্বারা কৃষ্ণায়াকুণ্ঠমেধস ইতি পরব্রহ্ম রূপেণ জ্ঞান প্রবর্ত্তন দ্বারা বিশ্বপালকায়েত্যর্থঃ। ব্যতিক্রম নির্দ্দেশস্ত তদিচ্ছায়া অনৈয়ত্যাৎ ॥ ৩৯ ॥

শিব ব্রহ্মরূপত্বে তু পরিচ্ছিন্নৈশ্বর্য্যা তয়া স্তৌতি। শক্তীত্যর্দ্ধকাভ্যাং ॥ ৪০ ॥

তদেবং সর্ব্ব রূপত্ব মুক্ত্বা তদেতাবদ্রূপেনৈব জাত ভক্তি বিশেষো বিশেষাভিলাষং কুর্ব্বন্নাত্মাভীষ্টং রূপং বর্ণয়তি। দর্শনমিত্যর্দ্ধকেন। নতু সর্ব্বাত্মকত্বে সতি নিত্যং মম দর্শনং প্রাপ্নোষ্যেবেত্যাহ্যাহ। ভাগবতৈঃ সাত্বতৈ রর্চ্চিতং সর্ব্ব সার স্বরূপত্বেন সেব্যমানমিতি ॥

রূপমিতি সার্দ্ধাষ্টকং। সত্যমিত্যাস্তাস্তে স্বানাং জাতি রূপাণাং স্বপরিকরাণাং প্রিয়তমাং সর্ব্বেন্দ্রিয় গুণাঞ্জনঞ্চ। সমকর্ণত্বং যথা শোভি প্রমাণত্বং স্থির ইত্যতুলামিতি সম্বন্ধোক্তি পাঠান্তরং। প্রতি সংক্রাময়ৎ প্রবেশয়ৎ সৌন্দর্য্যোণাকর্ষদিব। যথা।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তিরূপত্বেন তদ্বিষয়ত্বেন প্রণমতি নমো ধর্ম্মায়েতি অধিকারি ভেদেষু কপিল দত্তাত্রেয়াদ্যবতার ভেদেন সাংখ্যযোগয়োরপি প্রবর্ত্তকায় ॥ ৩৯ ॥

অহঙ্কারস্তাধি দৈবাদি ভেদত্রয় সহিতস্য পুনরপি তদধিষ্ঠাতৃ দৈবত স্বরূপ প্রণত্যা সংশোধনমাহ শক্তীতি কর্ত্তৃ কর্ম্ম করণ শক্তি-ত্রয় সমেতায়। মীঢ়ুষে রুদ্র স্বরূপায় অহঙ্কৃত মহঙ্কার স্তদাত্মনে ভো রুদ্র স্বরূপ হরে মমাহন্তা মমতয়োর্দ্বয়ঃ শুদ্ধ্যন্ত ভক্তিময্যৌ ভবতু তুভ্যং নম ইতি ॥

জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয়াণাং শুদ্ধিমাহ। চেতো জ্ঞানং আকূতিঃ ক্রিয়া তদ্রূপায় ব্রহ্ম স্বরূপায় বাচোবেদ লক্ষণায়া বিবিধা ভূতিঃ সৃষ্টি র্যস্মাত্তস্মৈ তথা বাচ ইতি তদুপলক্ষিতানাং কর্ম্মেন্দ্রিয়াণাং শুদ্ধি র্ব্যঞ্জিতা জ্ঞানেন্দ্রিয়াণামপি শুদ্ধিঃ পূর্ব্ব মুক্তাপি পুনরনয়া প্রণত্যাপি জ্ঞেয়া। হে রুদ্র স্বরূপ হরে মম বুদ্ধি প্রাণবৃত্তী ভক্ত্যুন্মুখী কুরু তুভ্যং নম ইতি ॥ ৪০ ॥

এবং স্মরন্ প্রণতিভিরেব স্বস্য দেহেন্দ্রিয় মনসাং শুদ্ধ্যা যোগ্যতামাপাদ্য দর্শনং প্রার্থয়তে নবভিঃ দর্শনং দেহীতি। নম্ব

প্রভো! তুমি পরম ধর্ম্মাত্মা শ্রীকৃষ্ণ, অকুণ্ঠ মেধাবী, পুরাণ পুরুষ এবং সাংখ্য ও যোগের ঈশ্বর, তোমাকে নমস্কার ॥ ৩৯ ॥

অপর তুমি অহঙ্কারাত্মা রুদ্র এবং কর্ত্তা ও কর্ম্ম এই শক্তিত্রয় সমন্বিত, আর তুমিই ব্রহ্মা যে হেতু জ্ঞান এবং ক্রিয়া স্বরূপ। আর তোমা হইতেই বাক্যের বিবিধ সৃষ্টি হইয়া থাকে ॥ ৪০ ॥

প্রভো! আমরা তোমার রূপ দর্শন করিতে ইচ্ছা করিতেছি, যে রূপ তোমার নিজ ভক্তদিগের

স্নিগ্ধ প্রাবৃড়্‌ঘনশ্যামং সর্ব্বসৌন্দর্য্যসংগ্রহং। চার্ব্বায়তচতুর্ব্বাহু সুজাত রুচিরাননং ॥ ৪২ ॥
পদ্মকোশ পলাশাক্ষং সুন্দর ভ্রূ সুনাসিকং। সুদ্বিজং সুকপোলাস্যং সমকর্ণ বিভূষণং ॥ ৪৩ ॥
প্রীতিপ্রহসিতাপাঙ্গমলকৈরুপশোভিতং। লসৎপঙ্কজ কিঞ্জল্কদুকূলং মৃষ্টকুণ্ডলং ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তান্তং। স্বানাং ভক্তানাং প্রিয়তমং রূপং প্রদর্শয়েতি নবমেনান্বয়ঃ। সর্ব্বেষামিন্দ্রিয়াণাং যে গুণা বিষয়া তেষাং অঞ্জনং ব্যঞ্জকং সর্ব্বেন্দ্রিয় বিষয় বিষয়িরূপমিত্যর্থঃ। সর্ব্বেন্দ্রিয়াণি স্বগুণৈ রনক্তি ব্যঞ্জয়তীতি বা ॥ ৪১ ॥

স্নিগ্ধঃ প্রাবৃষি যোঘন স্তদ্বৎ শ্যামং সর্ব্বেষাং সৌন্দর্য্যাণাং সংগ্রহো যস্মিন্। চারব আয়তাশ্চত্বারো বাহবো যস্মিন্। সুজাতং যথোচিত সর্ব্বাবয়বং রুচিরমাননং যস্মিন্ ॥ ৪২ ॥

পদ্মস্য কোশে মধ্যে যানি পালাশানি পত্রাণি তদ্বদক্ষিণী যস্মিন্। শুকপোলমাস্যং যস্মিন্। সমৌ কর্ণৌ বিভূষণং যস্য কুণ্ডলয়ো রগ্রে বক্ষ্যমাণত্বাৎ ॥ ৪৩ ॥ প্রীত্যা প্রহসিতাবিবাপাঙ্গৌ যস্মিন্ ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সৃষ্টি প্রলয়যোর্নির্গময়ন্ প্রবেশয়ং শ্চেতি প্রভাব গাম্ভীর্য্যে দর্শিতে। প্রদর্শয়দিতি চিৎসুখঃ ॥৪১।৪২।৪৩।৪৪।৪৫।৪৬।৪৭।৪৮।৪৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীদৃশং দর্শনং ভবদভিমতং দদানি তত্রাহ ভাগবতৈরর্চ্চিতং নতু বৌদ্ধাদ্যৈরিত্যর্থঃ ॥

রূপং রূপবৎ স্বানাং প্রিয়তমমিতি বৈরাজ দর্শনং ব্যাবৃত্তং। সর্ব্বেন্দ্রিয় গুণৈ রূপাদিভিঃ অঞ্জনং ব্রহ্মণস্ত্যাসক্তিবর্জ্জিতমিতি ব্রহ্মদর্শনমপি ব্যাবৃত্তং। যদ্বা সর্ব্বেন্দ্রিয়াণাং গুণাঞ্জনং গুণযুক্তং হিতকরমঞ্জনং মন আদি সর্ব্বেন্দ্রিয়াণি যত্র দুর্বিষয় গ্রহণ রূপমান্ধ্যং পরিত্যজ্য স্ব স্ব চক্ষুঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ। চক্ষুষশ্চক্ষুরিত্যাদি শ্রুতেঃ ॥ ৪১ ॥

কিঞ্চ তত্রাপি স্নিগ্ধেতি স্নেহবত্ত্ব স্নেহজনকত্ব চিক্কণত্বাদ্যুক্তানি প্রাবৃণ্মেঘেতি রসবর্ষিত্ব সর্ব্বতাপোপশমকত্ব মনশ্চাতক হর্ষদানি স্নেহেণ প্রকর্ষেণ আ সম্যগেব বর্ষতি ভক্তমনোরথমিতি প্রাবৃট্‌ঘন শ্যামমতি নিবিড় শ্যামং। সর্ব্বেষামেব প্রাকৃতাপ্রাকৃত বস্তুনিষ্ঠানাং সৌন্দর্য্যাণাং সংগ্রহো যত্র তৎ। যদ্বা সৌন্দর্য্য কর্ত্তৃকং সম্যক্ গ্রহণমাকর্ষণং যত্র তদিত্যত এবান্যত্র তাদৃশ সৌন্দর্য্যং নাস্তীত্যর্থঃ। যদ্বা সর্ব্বসৌন্দর্য্যেণ কর্ত্রা সম্যগাসক্ত্যেব গ্রহণং যস্যেতি সর্ব্বসৌন্দর্য্যমপি স্বং সফলয়িতুং যদেব গৃহ্ণাতীতি ভাবঃ। চতস্রষু দিক্ষু ভুজা যস্তেতি পদ্মনাভোপাসকাঃ। চত্বারো ভুজা যস্যেতি বৈকুণ্ঠনাথোপাসকাঃ প্রেয়সী সাহিত্যাদেব চতুর্ভুজত্ব মিতি শ্রীকৃষ্ণোপাসকাঃ। সুজাত কমলমিব রুচিরমাননং যস্য তৎ ॥ ৪২ ॥ পদ্মকোশস্থে কোমলে পলাশে ইবাক্ষিণী যত্র তৎ ॥ ৪৩ ॥

প্রীতি ব্যঞ্জকং প্রহসিতমপাঙ্গে বাম নেত্রান্তে যস্তেতি প্রেয়সীসাহিত্যং সূচয়তি ॥ ৪৪ ॥

প্রিয়তম ও ভাগবত জনের পূজিত এবং যাহা স্বীয় গুণ দ্বারা সকল ইন্দ্রিয়কে প্রকাশ করে সেই রূপ আমাদিগকে দেখাও ॥ ৪১ ॥

হে ঈশ। তোমার সেই রূপ প্রাবৃট্‌ কালীন স্নিগ্ধ মেঘ তুল্য শ্যাম বর্ণ ও সর্ব্ব সৌন্দর্য্যে পরিপূর্ণ এবং আজানুলম্বিত চারি বাহুতে বিভূষিত। অপর তত্রস্থ সমস্ত অবয়ব সুজাত এবং বদন কমল অতিশয় মনোহর ॥ ৪২ ॥

প্রভো! তোমার ঐ মূর্ত্তির লোচনদ্বয় পদ্ম মধ্যস্থ পত্র তুল্য সুদৃশ্য, ভ্রূ ও নাসিকা অতি সুন্দর, দন্ত পঙ্‌ক্তি চমৎকার, বদন সুন্দর কপোলদ্বয়ে সুশোভিত, আর কর্ণদ্বয় পরস্পর এরূপ সমান যে তাহাই যেন ভূষণ হইয়াছে ॥ ৪৩ ॥

অপর ঐ মূর্ত্তির দুইটী অপাঙ্গ প্রীতি করণক যেন হাঁসিতেছে, আর চূর্ণ কুন্তলে অতিশয় সুশোভিত হইয়া রহিয়াছে। অপিচ ঐ দেহে পদ্মকিঞ্জল্ক তুল্য পীতবর্ণ পট্ট বসন দেদীপ্যমান ও কর্ণদ্বয়ে দুইটী মার্জ্জিত কুণ্ডল বিরাজ করিতেছে ॥ ৪৪ ॥

স্ফুরৎ কিরীট বলয় হার নূপুরমেখলং। শঙ্খচক্র গদাপদ্ম মালামণ্যুত্তমর্দ্ধিমৎ॥ ৪৫॥
সিংহস্কন্ধ ত্বিষোবিভ্রৎ সৌভগগ্রীব কৌস্তুভং। শ্রিয়ানপায়িন্যাক্ষিপ্ত নিকষাশ্মোরসোল্লসৎ॥ ৪৬
পূর রেচক সংবিগ্ন বলিবল্গু দলোদরং। প্রতি সংক্রাময়দ্বিশ্বং নাভ্যাবর্ত্তগভীরয়া॥ ৪৭॥
শ্যামশ্রোণ্যধিরোচিষ্ণু দুকূল স্বর্ণমেখলং। সম চার্ব্বঙ্ঘ্রি জঙ্ঘোরু নিম্নজানুসুদর্শনং॥ ৪৮॥

শ্রীধরস্বামী।

স্ফুরন্তি কিরীটাদীনি যস্মিন্ শঙ্খাদি মৎ উত্তমর্দ্ধি র্লক্ষ্মীঃ যদ্বা এতৈরুত্তমা ঋদ্ধিকংকর্ষো যস্তাস্তি তৎ॥ ৪৫॥

সৌভগযুক্তো গ্রীবা যেন। সিংহস্ত স্কন্ধে পরিতঃ প্রসরন্তঃ কেশরাঃ এব ত্বিষঃ। তাদৃশীঃ সর্ব্বতস্ত্বিষো বিভ্রচ্চাসৌ সৌভগ গ্রীবশ্চ কৌস্তুভো যস্মিন্। যদ্বা সিংহস্যেব স্কন্ধৌ তয়ো ত্বিষঃ কুণ্ডল হারাদি দীপ্তীঃ বিভ্রদিতি পৃথগ্বিশেষণং। সৌভগযুক্তা গ্রীবা যেন সকৌস্তুভো যস্মিন্ শ্রিয়া হেতুভূতয়া ক্ষিপ্তস্তিরস্কৃতো নিকষাশ্মা স্বর্ণরেখাঙ্কিতো নিকষ পাষাণো যেন তাদৃশেনোরসা উল্লসচ্ছোভমানং॥ ৪৬॥

শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সংবিগ্নাশ্চঞ্চলা বলয়স্তাভি র্বল্গুদলবদশ্বত্থপত্র সদৃশং উদরং যস্মিন্। প্রতিসংক্রাময়ৎ যতোনির্গতং তেনৈব দ্বারেণ পুনঃ প্রবেশয়দিব॥ ৪৭॥

শ্যামশ্রোণ্যাধিকং রোচিষ্ণু যৎ পীতং দুকূলং তত্র স্বর্ণময়ী মেখলা যস্মিন্। অঙ্ঘ্রীচ জঙ্ঘেচ উরূচ নিম্নে অনুন্নতে জানুনীচ সমে-

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শঙ্খ চক্র গদা পদ্মানি কর চতুষ্টয়ে। করতলদ্বয়ে বা রেখা রূপাণি জ্ঞেয়াণি। মালাশ্চ অভরণস্থা মণয়শ্চ উত্তমর্দ্ধিঃ শোভা সম্পচ্চ তদ্বৎ॥ ৪৫॥

সিংহস্যেব যৌ স্কন্ধৌ তয়োস্ত্বিষোহার কুণ্ডলাদি দীপ্তীর্বিভ্রৎ। সৌভগযুক্তা গ্রীবা যেন তথাভূতঃ কৌস্তুভো যত্র তৎ। অনপায়িন্যা শ্রিয়া লক্ষ্মী রেখয়া হেতুভূতয়া আক্ষিপ্ত স্তিরস্কৃতো নিকষাশ্মা স্বর্ণরেখাঙ্কিতো নিকষ পাষাণো যেন তাদৃশেন উরসা উল্লসচ্ছোভমানং॥ ৪৬॥

পূর রেচকাভ্যাং শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সংবিগ্নাশ্চঞ্চলা যা বলয়স্তাভির্বল্গু দলবদশ্বত্থপত্র সদৃশমুদরং যত্র তৎ। আবর্ত্তবদ্গাম্ভীরয়া

আর মুকুট, বলয়, হার, নূপুর, মেখলা প্রভৃতি তাহাতে মনোহর রূপে দীপ্তি পাইতেছে। এবং শঙ্খ, চক্র, গদা, পদ্ম, মালা ও মণি ইত্যাদি সকলও সাতিশয় উৎকর্ষান্বিত হইয়া রহিয়াছে॥ ৪৫॥

অপর ঐ মূর্ত্তির গলদেশে যে কৌস্তুভ মণি আছে, তাহার শোভার কথা কি বলিব, সিংহের স্কন্ধ দেশে যেমন সর্ব্বতো ভাবে প্রসরণশীল কেশর থাকে তাহার ন্যায়, শোভন কান্তি ধারণ করিয়াছে। ফলতঃ কৌস্তুভ মণি দ্বারা বক্ষঃস্থলের এরূপ শোভা হইয়াছে যে তদ্দ্বারা স্বর্ণরেখাঙ্কিত নিকষ পষাণে-রও যেন তিরস্কার হইয়া থাকে॥ ৪৬॥

আর ঐ দেহে এরূপে শ্বাস প্রশ্বাস বহিতেছে যে ত্রিবলি সকল অতিশয় চঞ্চল হয় এবং তদ্দ্বারা উদর অশ্বত্থ পত্রের তুল্য প্রকাশ পায়। অপিচ গম্ভীর আবর্ত্ত যুক্ত নাভি এরূপে স্ফুরিতেছে যেন এই বিশ্ব যাহা হইতে নির্গত হয় তাহার দ্বারাই পুনরায় অন্তরে প্রবেশ করিতেছে॥ ৪৭॥

অপর ঐ মূর্ত্তির শ্যামবর্ণ শ্রোণিতটে পীতবর্ণ পট্টবসন ও তদুপরি স্বর্ণময় মেখলা দেদীপ্যমান

পদা শরৎপদ্মপলাশরোচিষা নখদ্যুভির্নোঽন্তরঘং বিধুন্বতা।
প্রদর্শয় স্বীয়মপাস্তসাধ্বসং পদং গুরো মার্গগুরুস্তমোজুষাং ॥ ৪৯ ॥
এতদ্রূপমনুধ্যেয়মাত্মশুদ্ধিমভীপ্সতা। যদ্ভক্তিযোগোঽভয়দঃ স্বধর্ম্মমনুতিষ্ঠতাং ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

শ্চারুভি রৈতৈঃ শোভমানং দর্শনং যস্য। সমাশ্চারবোঽঙ্ঘ্র্যাদয়ো যস্মিন্। নিম্নে জানুনী যস্মিন্ শোভমানং দর্শনং যস্যেতি পদত্রয়ং বা ॥ ৪৮ ॥

পদা দীপস্থানীয়েন। যদ্বা এবম্ভূতেন পদোপলক্ষিতং রূপং প্রদর্শয়েত্যর্থঃ। শরদি যৎ পদ্মং তস্য পলাশং তদ্বৎ রোচির্যস্য তেন নখদীপ্তিভিরন্তর্ভবং নোঽঘমজ্ঞানং বিধুন্বতা স্বীয়ং রূপং পদং শরণং প্রদর্শয়। অপাস্তং প্রহ্লাদাদীনাং সাধ্বসং যেন তৎ। হে গুরো যতস্ত্বমেব তমোজুষাং অজ্ঞানাং মার্গপ্রদর্শকো গুরুঃ ॥ ৪৯ ॥

অতিদুর্ল্লভমিদং ময়া প্রার্থিতমিতি স্তোত্রৈরাহ। এতদ্রূপমনুধ্যেয়ং ধ্যানার্হমেব নতু প্রত্যক্ষতঃ প্রাপ্যমিত্যর্থঃ ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বোক্ত ধ্যানস্য ফলমাহ। এতদিতি। যৎ যস্মাৎ ভক্তিযোগঃ প্রেমা ভবতি তচ্চ ধ্যানং গাঢ় শ্রদ্ধাবত্ত্বাভাবেন স্বধর্ম্ম সাপেক্ষাণাং ভক্তিযোগাভাসং জনয়তি সচ সংসার ভয়ত্রাণমাত্রং করোতীত্যাহ। অভয়দ ইতি। ধ্যান কৈবল্যং কুর্ব্বতা প্রশস্ত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাভ্যা বিশ্বং প্রতি সংক্রাময়ৎ। তয়ৈবোদ্ভূতং পুন স্তয়ৈব স্বস্মিন্ প্রবেশয়দিব স্বসৌন্দর্য্যেণাকর্ষদিব ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

শ্যামশ্রোণ্যা অধিকং রোচিষ্ণু তৎ কাস্ত্যচ্চলন যুক্তং যৎ পীত দুকূলং তত্র স্বর্ণময়ী মেখলা যস্মিং স্তৎ। সমং তুল্য প্রমাণঞ্চ চারু সুন্দরঞ্চ অঙ্ঘ্রি জঙ্ঘোরু যত্র তৎ ॥ ৪৮ ॥

নখদ্যুতি নখানাং কান্তিভিরেব অঘমন্ধকারং দূরী কুর্ব্বতা পদা দীবাদীপকেনৈব স্বীয়ং পদং স্বরূপং স্থানং বা। যদ্বা হে প্রভো তব সর্ব্বাঙ্গ লাবণ্য দর্শনং প্রাপ্তং কিন্তু চরণ তল মাধুর্য্যং নোপলব্ধং তত্র যদ্যপি মহাযোগ পীঠে তিষ্ঠত স্তব দ্বয়োঃ পদয়োঃ সামস্ত্যেন দর্শনাসম্ভব স্তদপি একেন পদা ভুবমবষ্টভ্যাপরং পদং কিঞ্চিদুন্নময্য দর্শয়েত্যাহ। পদা এব পদং দর্শয় বামপদা ভুবমবষ্টভ্য দক্ষিণ পদং কিঞ্চিত্তিরশ্চিনীকৃত মুন্নময্য প্রদর্শয় যথা চক্র ধ্বজ বজ্রাঙ্কুশাদি দর্শনেন সংসার ভয়ং নিবর্ত্তত ইত্যাহ অপাস্তেতি নমু কথমীদৃশীমতি স্তবাজনীতি তত্র শ্রীগুরু প্রসাদাদিত্যাহ হে গুরো। তমোজুষামজ্ঞান তিমিরান্ধ চক্ষুষামস্মাকং মার্গগুরু র্ভক্তি মার্গোপদেষ্টা ত্বমেব গুরু রূপধারীত্যর্থঃ ॥ ৪৯ ॥

শ্রীরুদ্রএব বিশেষং জ্ঞাপয়িতুমেতদিতি পদ্যমাহ যাবৎ দর্শনং ন লভেত সাধকভক্তেন তাবদেতদ্রূপমেব পুনঃ পুনর্ধ্যেয়ং আত্মনো জীবস্য শুদ্ধিমবিদ্যামালিন্য ক্ষালনং ইচ্ছতেতি নতু প্রকারান্তরেণ ত্বং পদার্থ শুদ্ধি র্জ্ঞানামুচিতেতি ভাবঃ। যথা রামু-

রহিয়াছে। আর সমান অথচ মনোহর চরণ, উরু এবং অনুচ্চ জানুদ্বয় দ্বারা তাহার দর্শন অতিশয় সুশোভন হইয়াছে ॥ ৪৮ ॥

ভগবন্! যে হেতু তুমিই তমোগুণাবলম্বি অজ্ঞ ব্যক্তিদিগের পথ প্রদর্শক গুরু, অতএব তোমার যে মূর্ত্তির চরণ দ্বয় শরৎকালীন পদ্ম পলাশ তুল্য দীপ্তিমান্ এবং নখদীপ্তি দ্বারা আমাদের আন্তরিক অজ্ঞান বিনাশ করে সেই চরণোপলক্ষিত মূর্ত্তি আমাদিগকে দেখাইতে আজ্ঞা হউক। প্রভো! তোমার ঐ মূর্ত্তি হইতে প্রহ্লাদাদিরও ভয় দূরীভূত হয়, অতএব তাহা সকলের রক্ষক ॥ ৪৯ ॥

হে ঈশ! তোমার ঐ রূপ অতি দুর্ল্লভ, যে সকল ব্যক্তি আত্ম শুদ্ধি ইচ্ছা করেন, তাঁহারা ইহা

ভবান্ ভক্তিমতা লভ্যো দুর্ল্লভঃ সর্ব্বদেহিনাং। স্বারাজ্যস্যাপ্যভিমত একান্তেনাত্মবিদাংগতিঃ॥ ৫১ ॥
তং দুরারাধ্যমারাধ্য সতামপি দুরাপয়া। একান্তভক্ত্যা কোবাঞ্ছেৎ পাদমূলং বিনা বহিঃ ॥ ৫২ ॥
যত্র নির্ব্বিষ্ট মরণং কৃতান্তো নাভিমন্যতে। বিশ্বং বিধ্বংসয়ন্ বীর্য্যশৌর্য্যবিস্ফূর্জ্জিত ভ্রুবা ॥ ৫৩

শ্রীধরস্বামী।

তর্হি কিং কেনাপি ন প্রাপ্যতে তত্রাহ ভবানিতি দুর্ল্লভত্বমেবাহ। স্বর্গে রাজ্যং যস্য তস্যাপ্যভিমতঃ স্পৃহণীয়ঃ। কিঞ্চ একান্তেন য আত্মবিৎ তস্যাপিচ গতির্গম্যঃ॥ ৫১ ॥

অতস্ত্বদর্চ্চন ব্যতিরেকেণ ন কিঞ্চিৎ বাঞ্ছামীত্যাহ। ত্বং ত্বামেকান্ত ভক্ত্যা আরাধ্য বহিঃ স্বর্গাদিসুখং॥ ৫২ ॥

অত্র হেতুঃ যত্র পাদমূলে শরণং প্রবিষ্টং কৃতান্তঃ কালো মমায়ং বশ্য ইতি নাভিমানং করোতি। কিং কুর্ব্বন্ বীর্য্যং প্রভাবঃ

ক্রমসন্দর্ভঃ।

ভক্তিযোগ যুক্তাত্ত ভবানপি লভ্যত ইত্যাহ। ভবানিতি। ভবাংস্তু জীবন মুক্ত পর্য্যন্তানাং সর্ব্বদেহিনাং দুর্ল্লভঃ কিঞ্চ স্বারাজ্যস্যাপ্যভিমতঃ। লব্ধে সালোক্যাদিকেপি বাঞ্ছিতঃ। একান্তেন সালোক্যাদি সুখনিরপেক্ষেণ ভক্তিযোগেনতু আত্মবিদাং ভবদেক জ্ঞানিনাং গতিঃ পরম ফলরূপঃ॥ ৫০। ৫১ ॥

তত্র যুক্তমিত্যাহ। তমিতি। সতাং জ্ঞানিনামপি। ইত্থং সন্তানিতি বৎ। বহিঃ স্বর্গাদি সুখং॥ ৫২ ॥

নচ তত্র সর্গাদাবিব ভয়মস্তীতি বাচ্যমিত্যভিপ্রেত্যাহ। যত্রেতি। কৃতান্তোপি। মর্ত্ত্যোমৃত্যুরিত্যাদেঃ অত্র টীকায়াং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সেবাদি প্রণতিভি দেহ্বয় শুদ্ধিরুক্তা তথা স্নিগ্ধ প্রাবৃড়িত্যাদি ধ্যানপৌনঃ পুণ্যেন জীবশ্চ শুদ্ধিরিয়মুক্তা। ততো দর্শনং ততঃ পার্ষদত্ব প্রাপ্তিরিতি শুদ্ধ ভক্তমতং দর্শিতং। অত্র কিং মাহাত্ম্যং বাচ্যং যতঃ স্বস্বধর্ম্মমনুতিষ্ঠতামাশ্রমিণামপি যস্য ভক্তিযোগ এবাভয়দো নতু কর্ম্ম জ্ঞানাদিরিত্যর্থঃ॥ ৫০ ॥

পুনরপ্যেবং স্তবীতেত্যাহ ভবানিতি স্বর্গেষু রাজ্যং রাজত্বং যস্য তস্য ব্রহ্মণোপ্যভিমতঃ স্পৃহণীয়ঃ। আত্মবিদাং সনকাদীনামপি গতিরূপঃ॥ ৫১ ॥

পুনরপি শ্রীরুদ্রএব শ্লোকত্রয়মাহ তমিতি বহিঃ স্বর্গাদি সুখং॥ ৫২ ॥

সংসার ভয়স্ত তস্য নাস্ত্যেবেতি কিং তৎ প্রার্থনেনেত্যাহ যত্র পাদমূলে অরণং শরণং প্রবিষ্টং জনং কৃতান্তঃকালো মমায়মিতি

কেবল ধ্যান করিতে সমর্থ, তাঁহারাও প্রত্যক্ষ দেখিতে পান না। ভগবন্! এই রূপের প্রতি ভক্তি যোগ করিলে স্বধর্ম্মানুষ্ঠায়ি পুরুষদের অভয় লাভ হয়॥ ৫০ ॥

প্রভো! যে ব্যক্তি ভক্তিমান্ সেই তোমাকে লাভ করিতে পারে, পরন্তু তুমি অন্য সকল দেহির দুর্ল্লভ। অতএব যে ব্যক্তির স্বর্গে রাজ্য আছে, তিনিও তোমার দর্শন পাইবার স্পৃহা করিয়া থাকেন। অপর যে মানব একান্ত আত্মজ্ঞ তিনিও তোমাকে পাইতে অভিলাষী হয়েন॥ ৫১ ॥

অতএব আমি তোমার অর্চ্চনা ব্যতীত অন্য কিছুই বাঞ্ছা করি না। ফলতঃ তুমি সাধু পুরুষ দিগেরও দুরারাধ্য, একান্ত ভক্তি দ্বারা আরাধনা করিয়া কোন্ ব্যক্তি তোমার পাদমূল ভিন্ন বাহ্য স্বর্গাদি সুখ অভিলাষ করিবে?॥ ৫২ ॥

ভগবন্! আমি যে তোমার পাদমূল মাত্র বাঞ্ছা করি তাহার কারণ এই, কৃতান্ত প্রভাব ও উৎসাহ করণক আপনার ভ্রূলতা কম্পিতা করত তদ্দারা বিশ্ব বিধ্বংসনে সমর্থ হইয়াও তোমার ঐ পাদমূলে

ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গং না পুনর্ভবং। ভগবৎ সঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥ ৫৪॥
অথানঘাঙ্ঘ্রে স্তব কীর্ত্তিতীর্থয়োরন্তর্বহিঃ স্নানবিধূতপাপ্মনাং।
ভূতেষনুক্রোশসুসত্ত্বশীলিনাং স্যাৎ সঙ্গমোঽনুগ্রহ এষ নস্তব॥ ৫৫॥

শ্রীধরস্বামী।

শৌর্য্যমুৎসাহঃ তাভ্যাং বিস্ফূর্জ্জিতয়া ক্ষুভিতয়া ভ্রুবা বিশ্বং বিধ্বংসয়ন্নপি॥ ৫৩॥

ত্বৎপাদমূলে প্রবিষ্টস্য কৃতান্ত ভয়াভাবঃ কিয়ানয়ং লাভঃ। যাবতা ত্বদ্ভক্তসঙ্গএব সকল পুরুষার্থশ্রেণি শিরসি নরীনর্ত্তি ইত্যাহ ভগবত স্তব সঙ্গিনাং সঙ্গস্য ক্ষণার্দ্ধেনাপি ন স্বর্গং তুলয়ে সমং ন গণয়ামি। নচ অপুনর্ভবং মোক্ষং মর্ত্ত্যানামাশিষো রাজ্যাদ্যাঃ কিমুত॥ ৫৪॥

অথ অতোহেতোঃ অনঘৌ অঘহরাবঙ্ঘ্রী যস্য তস্য তব কীর্ত্তি র্যশঃ তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্বহিঃ স্নানাভ্যাং বিধূতঃ পাপ্মা-যেষাং অতএবং ভূতেষু অনুক্রোশঃ কৃপাসু সত্বঞ্চ রাগাদি রহিতং চিত্তং শীলঞ্চ আর্জবাদি বিদ্যতে যেষাং তেষাং সঙ্গমোঽস্মাকং স্যাৎ এষ এব নঃ ত্বদনুগ্রহঃ॥ ৫৫॥

ক্রমসন্দর্ভঃ।

বিষয়ী করোতীতিতু বাচ্যং বিস্ফূর্জ্জিতেতি কচিৎ॥ ৫৩॥

অহন্ত ন তুলয়ে গৌরবলাঘবাতি স্পষ্টত্বাদিতি ভাবঃ॥ ৫৪॥

বিধূতো জগতোপি পাপ্মা যৈঃ। মদ্ভক্তিযুক্তো ভুবনং পুণাতীতি বৎ॥ ৫৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাভিমন্যতে। বীর্য্যং প্রভাবং শৌর্য্যমুৎসাহঃ তাভ্যাং বিস্ফূর্জ্জিতয়া ক্ষুভিতয়া ভ্রুবা বিশ্বং ধ্বংসয়ন্নপি॥ ৫৩॥

সৎ সঙ্গং তু বাঞ্ছেদেবেত্যাহ ক্ষণার্দ্ধেনেতি ভগবৎসঙ্গিনাং সঙ্গস্য ক্ষণার্দ্ধেন কিমুত দ্বিত্রাদি ক্ষণেন কিমুত তরাং তৎ ফলভূতয়া ভক্ত্যা কিমুতমাং ভক্তিফলেন প্রেম্নেতি কৈমুত্যাতিশয়োদ্যোতিতঃ। স্বর্গং কর্ম্মফলং অপুনর্ভবং মোক্ষং জ্ঞানফলমপি ন তুলয়ে কিমুত জ্ঞানং কিমুততরাং কর্ম্ম কিমুত তমাং রাজ্যাদ্যা দৃষ্টা আশিষঃ॥ ৫৪॥

তস্মাদেবং প্রার্থনীয়া যঃ স্তবীতেত্যাহ। অথেতি অনঘাঙ্ঘ্রেঃ পাপহরণ চরণকমলস্য তব কীর্ত্তির্যশস্তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্বহিঃ স্নানাভ্যাং বিধূতঃ পাপ্মা যেষাং অতএব ভূতেষনুক্রোশঃ কৃপা সুসত্বঞ্চ শুদ্ধ মন্তঃকরণং শীলঞ্চার্জবাদি বিদ্যতে যেষাং তেষাং সঙ্গমোনোঽস্মাকং স্যাৎ এষ এব নস্ত্বদনুগ্রহঃ॥ ৫৫॥

শরণ প্রাপ্ত ব্যক্তিকে "এ আমার বশ্য" বলিয়া অভিমান করিতে পারে না॥ ৫৩॥

অথবা তোমার পাদমূলে শরণাপন্ন ব্যক্তিদিগের যে শমন ভয় নিবারণ হয় এ বড় লাভ নহে, কারণ তোমার সঙ্গিদিগের সহিত যে সঙ্গ তাহার ক্ষণার্দ্ধের সহিত স্বর্গ অথবা মোক্ষ এতদুভয়কে সমান বলিয়া গণ্য করিতে পারি না, ইহাতে মরণ ধর্ম্মশীল মানবদিগের রাজ্যাদি সম্পত্তির কথা কি? অর্থাৎ সে সকল কখনই উহার তুল্য হইতে পারিবে না॥ ৫৪॥

অতএব হে ভগবন্! তোমার যশঃ এবং তীর্থ (গঙ্গা) এই দুইয়ের যথাক্রমে অন্তর্বহি স্নান দ্বারা যে সকল পুরুষের পাপ বিধূত হইয়াছে, তাহাতে যে সকল ব্যক্তিতে দয়া, রাগাদি রহিত চিত্ত এবং আর্জবাদি গুণ বিদ্যমান, সেই সমস্ত সাধু পুরুষদের সহিত আমাদের মিলন হউক্। প্রভো! তাহা হইলেই আমরা তোমার মহৎ অনুগ্রহ বোধ করিব॥ ৫৫॥

ন যস্য চিত্তং বহিরর্থ বিভ্রমং তমো গুহায়াঞ্চ বিশুদ্ধমাবিশৎ।
যদ্ভক্তিযোগানুগৃহীতমঞ্জসা মুনির্বিচষ্টে ননু তত্র তে গতিং ॥ ৫৬ ॥
যত্রেদং ব্যজ্যতে বিশ্বং বিশ্বস্মিন্নবভাতি যৎ। তত্ত্বং ব্রহ্ম পরং জ্যোতিরাকাশমিব বিস্তৃতং ॥ ৫৭
যোমায়য়েদং পুরু রূপয়াসৃজদ্বিভর্ত্তি ভূয়ঃ ক্ষপয়ত্যবিক্রিয়ঃ।

শ্রীধরস্বামী।

তত্ত্বজ্ঞানঞ্চ ত্বদ্ভক্ত সঙ্গাদেব ভবতীত্যাহ ন যস্যেতি যেষাং সতাং ভক্তিযোগেনানুগৃহীতং বিশুদ্ধং সৎ যস্য চিত্তং বাহ্যার্থ বিক্ষিপ্তং ন ভবতি তমোরূপায়াং গুহায়াঞ্চ নাবিশৎ লয়ং ন প্রাপ তত্র তদা স মুনিঃ তব গতিং তত্ত্বং পশ্যতি ॥ ৫৬ ॥

কীদৃশং তত্ত্বং তদাহ যত্রেতি ॥ ৫৭ ॥

জগত উপাদানত্বেন তত্ত্বং লক্ষিতং নিমিত্তত্বেনাপি তদেব লক্ষয়ন্নাহ। য ইদং বিশ্বং সদিব পরমার্থমিবাসৃজৎ। কথম্ভূতয়া

ক্রমসন্দর্ভঃ।

গতিং গুণলীলাদিময়ীং স্বরূপাবস্থিতিং ॥ ৫৬ ॥

তদীয় ভক্তিযোগানুগ্রহং বিনা তু ব্রহ্মত্ব ভগবত্বান্তর্যামিত্ব কালত্ব ভেদেনাস্য রঙ্গ বহিরঙ্গাবির্ভাবেষু তবাতি দুর্বোধত্ব দুরারাধ্যত্ব দুর্দ্দর্শত্ব দুঃসহত্বান্তেবেত্যাশয়েনাহ। যত্রেদমিতি সপ্তভিঃ। তত্র ব্রহ্মত্বমাহ। আদ্যেন তদ্দুর্দ্দশত্বমিতি যোজ্যং। ততশ্চ ত্বদ্ভক্তি যোগং বিনা তদেতদপি দুর্বোধং স্যাদিতি ভাবঃ ॥ ৫৭ ॥

ভগবত্বমাহ। য ইতি যদিত্যন্তান্তে যৎ যয়া ভেদ বুদ্ধিঃ পরমেশ্বরাৎ ত্বত্তোঽন্যে স্বতন্ত্র সত্তাকা ইতি বুদ্ধি র্ভবতি। আত্মদ্রুহয়া

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বদীয় সাধু সঙ্গাদেব চিত্তং বিশেষতঃ শুদ্ধ্যেৎ বিশুদ্ধে চ চিত্তে ত্বদ্রূপ লীলা লাবণ্যানুভবঃ স্যাদিতি বিশুদ্ধমেব চিত্তং লক্ষয়তি যস্য চিত্তং বহিরর্থ বিভ্রমং ত্বদীয় স্মরণ শ্রবণাদি সময়ে বাহ্যার্থ বিক্ষিপ্তং ন ভবতি তমো গুহায়াঞ্চ নাবিশৎ সুপ্তি গহ্বরেঽপ্যপ্রবিষ্টং ত্বদীয় শ্রবণ স্মরণাদি সময়ে যচ্চিত্তং লয় বিক্ষেপযুক্তং ন ভবতীত্যর্থঃ। তত্র হেতুঃ যৎ খলু ভক্তিযোগেনানুগৃহীতং সৎ শুদ্ধং ভবতি অয়মাশয়ঃ দশ নামাপরাধা ভক্ত্যপরাধা এব লয় বিক্ষেপকারকাঃ তেষামপগমে এব ভক্তিদেবী প্রসীদতি। প্রসীদন্ত্যা এব তস্যা অনুগ্রহঃ স্যাৎ সচ ভক্তি সময়গত লয় বিক্ষেপাভাব গম্য ইত্যত স্তত্র শুদ্ধে চিত্তে মুনির্মনন শীলঃ সন্ তব গতিং চেষ্টাং লীলা লাবণ্যাদিকং বিচষ্টে পশ্যতি ॥ ৫৬ ॥

যত্তু কশ্চিন্মুনি স্তব ব্রহ্ম স্বরূপং বিচষ্টে তদপি ত্বমেব তদৈব পরম মহত স্তন্মহিমা ব্যাপকত্বেন ইত্যাহ যত্রেতি ॥ ৫৭ ॥

বয়ন্তু ত্বাং ভগবৎ স্বরূপমেবানুবুভূষাম ইত্যাহ যো ভবান্ ইদং বিশ্বং পুরুষরূপেণাসৃজৎ বিষ্ণুরূপেণ বিভর্ত্তি সঙ্কর্ষণ রূপেণ ক্ষপয়তি মায়য়া কীদৃশ্যা আত্মনি ত্বয়ি দ্রুহয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া যদ্যস্যা মায়ায়াঃ ভেদে ভেদ প্রভেদ রূপে জগত্যেব বুদ্ধির্জ্ঞানং

প্রভো! তোমার ভক্তজনের সহিত সঙ্গ দ্বারা তত্ত্বজ্ঞানও হইয়া থাকে, ফলতঃ যখন তোমার ভক্ত সাধু ব্যক্তিদিগের প্রতি ভক্তিযোগ দ্বারা পুরুষের চিত্ত অনুগৃহীত ও বিশুদ্ধ হওয়াতে বাহ্য বিষয়ে বিক্ষিপ্ত না হয় এবং তমোরূপ গুহাতে লয় না পায়, তখন পুরুষ তোমার তত্ত্ব দেখিতে পান্ ॥ ৫৬ ॥

ভগবন্! তোমার তত্ত্ব অতি আশ্চর্য্য, তাহাতে এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব প্রকাশ পায় এবং বিশ্ব মধ্যেও তাহার প্রকাশ হইয়া থাকে, অতএব সেই তত্ত্ব পরমব্রহ্ম ও পরম জ্যোতিঃ স্বরূপ, আকাশের ন্যায় বিস্তীর্ণ ॥ ৫৭ ॥

হে ঈশ! যিনি বহুরূপা মায়া দ্বারা এই বিশ্বকে সৃজন, পালন ও পুনরায় সংহার করিতেছেন অথচ স্বয়ং বিকার শূন্য। যাঁহার মায়া অন্য ব্যক্তিদের ভেদ বুদ্ধি জন্মাইয়া দেয় অথচ আপনাতে

যস্তেদবুদ্ধিঃ সদিবাত্ম দুঃস্থয়া তমাত্মতন্ত্রং ভগবন্ প্রতীমহি ॥ ৫৮ ॥
ক্রিয়াকলাপৈরিদমেব যোগিনঃ শ্রদ্ধান্বিতাঃ সাধু যজন্তি সিদ্ধয়ে।
ভূতেন্দ্রিয়ান্তঃ করণোপলক্ষণং বেদেচ তন্ত্রেচ ত এব কোবিদাঃ ॥ ৫৯ ॥
ত্বমেক আদ্যঃ পুরুষঃ সুপ্তশক্তি স্তয়া রজঃ সত্ত্ব তমোবিভিদ্যতে।
মহানহং খং মরুদগ্নি বার্ধরাঃ সুরর্ষয়ো ভূতগণা ইদং যতঃ ॥ ৬০ ॥

শ্রীধরস্বামী।

যয়া ভেদবুদ্ধিরন্যোষাং ভবতি তয়া আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া তং ত্বাং নিরস্তভেদং প্রতীমহি জানীমঃ ॥ ৫৮ ॥

যদ্যপি ত্বমেবং নির্ভেদং ব্রহ্ম তথাপি প্রাগুক্তং সাকারং তব রূপং যে যজন্তি তএব বেদাগমতত্ত্বজ্ঞা ইত্যাহ। ক্রিয়া কলাপৈ র্বৈকর্ম্ম যোগিনঃ পূজয়ন্তি তএব কোবিদাঃ। নত্বেতদনাদৃত্য কেবল জ্ঞানে প্রবৃত্তাঃ। তন্ত্রে আগমে কথম্ভূতমিদং ভূতেন্দ্রিয়ান্তঃ করণৈরন্বতৈস্ত্র র্যদ্রূপ লক্ষ্যতে তৎ নিয়ন্তৃ রূপং ॥ ৫৯ ॥

নন্বভিন্নে ময়ি ভেদং কুর্ব্বন্তঃ সন্তঃ কথং তে কোবিদাঃ। নহি তৈর্ভেদঃ ক্রিয়তে ত্বয়ৈব ক্রীড়ার্থং চেতনাচেতনাত্মক ভেদঃ কৃত ইত্যাহ ত্বমিতি। আদ্য ত্বমেক এব সুপ্তা মায়াখ্যা শক্তির্যস্য পশ্চাত্তয়া শক্ত্যা রজঃ সত্ত্ব তমসাং দ্বন্দ্বৈক্যং। যতো রজআদেঃ মহানহঙ্কারঃ খঞ্চ মরুদগ্নিবার্ধরাশ্চ বারিতি উদকং সুরাশ্চ ঋষয়শ্চ ভূতগণাশ্চ। এবমিদং জগৎ যতো ভবতি তদ্বিভিদ্যত ইত্যন্বয়ঃ ॥ ৬০

ক্রমসন্দর্ভঃ।

ত্বয়ি স্বরূপ ভূত মহা ভাগবতত্ব দর্শনেনাত্মনি দুঃস্থয়া স্বং দৌস্থং দর্শয়ন্ত্যা ॥ ৫৮ ॥

অন্তর্যামিত্বমাহ। ক্রিয়েতি ইদমেবেতি ত্রয়াণামভেদং দর্শয়তি কর্ম্মমার্গে যে সর্ব্বান্তর্যামি দৃষ্টি স্তৎ পরা স্তএব ভগবত্তত্ত্ব কোবিদা নান্যে ততঃ কিং পুনর্ভক্তি মার্গে সাক্ষাত্তদুপাসকা ইত্যর্থঃ ॥ ৫৯ ॥

অন্তর্যামিত্বমেব স্থাপয়তি। ত্বমেক ইতি দ্বাভ্যাং। তত্র প্রথমেনাংশাহুবাদঃ। দ্বিতীয়েনাংশপ্রতিপাদনং। অত্র অন্তঃ সত্ত্ব মিতি টীকা সম্মতং ॥ ৬০ । ৬১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকানাং স্যাৎ তচ্চ জ্ঞানং সদিব প্রশস্তমিব নতু প্রশস্তমিত্যর্থঃ। ক্লীবত্বমার্ষং হে ভগবন্ শ্রীকৃষ্ণ তং ত্বামাত্মতন্ত্রং প্রতীমহি সাক্ষাদনুভবেমেতি প্রার্থনেয়ং ॥ ৫৮ ॥

কেচিৎ কর্ম্মযোগিনোহষ্টাঙ্গযোগিনশ্চ সর্ব্ব ভূতান্তর্যামি প্রথমং পুরুষং ত্বাং যজন্তীতি তন্ত্রৈণৈবাহ ক্রিয়েতি ইদমেব কিং তত্রাহ ভূতেন্দ্রিয়ান্তঃকরণৈরন্বতৈর্যদ্রূপলক্ষ্যতে জ্ঞাপ্যতে তন্নিয়ন্তৃ রূপং তএব কর্ম্মিণাং যোগিনাং চ মধ্যে কোবিদাঃ নান্যে ॥ ৫৯ ॥

কৈশ্চিত্তু ত্বং প্রকৃত্যন্তর্যামী প্রথম পুরুষোহস্যনুভূয়সে ইত্যাহ ত্বমিতি সুপ্তা মায়াখ্যা শক্তি র্যস্য পশ্চাত্তয়ৈব শক্ত্যা প্রবুদ্ধয়া ত্বত্ত এব রজ আদিকং বিভিদ্যতে যতো রজ আদে র্মহানহমিত্যাদি ॥ ৬০ ॥

স্বীয় কার্য্য করিতে সমর্থ হয় না, তুমি সেই আত্মা, আমরা যেন তোমাকে জানিতে পারি ॥ ৫৮ ॥

কিন্তু হে ভগবন্! যদিও তুমি এই রূপ ভেদ বিহীন পরমব্রহ্ম, তথাপি যে সকল যোগী শ্রদ্ধান্বিত হইয়া সিদ্ধির নিমিত্ত তোমার পূর্ব্বোক্ত সাকার রূপের অর্চ্চনা করেন, বেদে ও তন্ত্রে তাঁহারাই পণ্ডিত বলিয়া গণ্য, যাহারা ঐ রূপের অনাদর করিয়া কেবল জ্ঞানে প্রবৃত্ত, তাহারা পণ্ডিত নহে; যে হেতু তোমার ঐ রূপ ভূত ইন্দ্রিয় ও অন্তঃকরণ দ্বারা উপলক্ষিত পদার্থ সকলের নিয়ন্তা ॥ ৫৯ ॥

প্রভো! তুমি এক আদ্য পুরুষ, তোমার মায়াশক্তি সুপ্তা থাকে সত্য, কিন্তু পরে তোমার ঐ শক্তি দ্বারাই রজঃ সত্ত্ব ও তমঃ এই গুণত্রয় বিভিন্ন হয়। তাহাতে ঐ সকল হইতে মহত্তত্ত্ব, অহঙ্কার তত্ত্ব, আকাশ, বায়ু, অগ্নি, জল পৃথিবী, দেব, ঋষি এবং ভূত সকল একথা সমুদয়াত্মক এই বিশ্ব উৎপন্ন হইয়া থাকে ॥ ৬০ ॥

স্বষ্টং স্বশক্ত্যেদমনু প্রবিষ্টশ্চতুর্ব্বিধং পুরমাত্মাংশকেন।
অথোবিদুস্তং পুরুষং সন্তমন্তর্ভুঙ্‌ক্তে হৃষীকৈর্ম্মধুসারঘং যঃ ॥ ৬১ ॥
স এষ লোকানতিচণ্ডবেগো বিকর্ষসি ত্বং খলু কালযানঃ।
ভূতানি ভূতৈরনুমেয় তত্ত্বো ঘনাবলীর্ব্বায়ুরিবাবিষহ্যঃ ॥ ৬২ ॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি স্বষ্টমিতি পুরং শরীরং চতুর্ব্বিধং। জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপেণ স্বাংশেন প্রবিষ্টঃ। অথো ইতি হেতৌ পুরস্যান্তঃ সন্তমংশং চিদাভাসং পুরি শয়নাৎ পুরুষং বিদুঃ। তর্হি কিমীশ্বরমেব সংসারিণং বিদুঃ নেত্যাহ। সরঘা মধুমক্ষিকাঃ তাভিঃ স্বষ্টং মধ্বিব ক্ষুল্লকং বিষয় সুখং অবিদ্যাবৃতঃ সন্ যোভুঙ্‌ক্তে তং জীবং বিদুঃ। তথাচ শ্রুতিঃ। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তান-শ্নন্নন্যোঽভিচাকশীতি নির্ণীতঞ্চ গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি তদ্দর্শনাদিত্যত্র ॥ ৬১ ॥

তবতু সর্ব্বনিয়ন্তুঃ কুতঃ সংসার ইত্যাহ। যঃ স্বশক্ত্যেদং স্বষ্টবান্ স এষ ত্বং খলু ভূতৈরেব ভূতানি মেঘপঙ্‌ক্তী র্বায়ুরিব কালয়ন্ বিচালয়ন্ লোকান্ বিকর্ষসি সংহরসি অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ ॥ ৬২ ॥

ক্রমসন্দর্ভঃ।

কালত্বমাহ। স এষ ইতি দ্বাভ্যাং। সর্ব্ব দুঃখ হন্তরি সর্ব্ব সুখদাতরি ত্বয্যিন্নমুখং বিধাতুং দয়য়ৈব তথা বিভীষয়স ইতি ভাবঃ ॥৬২। ৬৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্ত্বন্তর্যামী সঙ্গী পুরুষোজীবঃ সতু নোপাস্য ইত্যাহ স্বষ্টমিতি ইদং চতুর্ব্বিধং জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপং আত্মা অন্তর্যামী অংশকেন যেন নিকৃষ্টাংশেন সহ প্রবিষ্ট স্তমপি অন্তঃ সন্তং অন্তরেব নতু বহিঃ সন্তং জীবং পুরুষং বিদুঃ যঃ সারঘং সরঘাভি র্মধুমক্ষিকাভিঃ স্বষ্টং মধু হৃষীকৈর্ভুঙ্‌ক্তে। সারঘ দৃষ্টান্তেন তন্মক্ষিকাদংশসন্তপ্তত্বেপি তদ্ভোজনাত্যাগাদাসক্তি র্দ্যোতিতা ততশ্চাতিশয়োক্ত্যলঙ্কারেণাভক্ত্যা সদুঃখং বিষয় সুখং তুচ্ছমবিদ্যাবৃতো যো ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতীতি ॥ ৬১ ॥

তমেব ভক্তিহীনং জীবং সপরিচ্ছদমেব কাল স্বরূপ স্ত্বমাকর্ষসীত্যাহ সএষ ইতি দ্বাভ্যাং কালযানশ্চালয়ন্ লোকান্ ভোগ স্থানান্যপি ভূতানি ভূতৈরিতি জীবোজীবস্য জীবনমিতি ন্যায়েনেত্যর্থঃ অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ ॥ ৬২ ॥

ফলতঃ যিনি আপনার শক্তি দ্বারা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ রূপ চতুর্ব্বিধ শরীর সৃষ্টি করিয়া আপনার অংশ দ্বারা ঐ সকলে প্রবিষ্ট হন, তাঁহাকে পুর অর্থাৎ শরীর মধ্যে শয়ন হেতু পণ্ডিতেরা পুরুষ বলিয়া থাকেন। প্রভো! ইহাতে এমত মনে করিবেন না যে আমি ঈশ্বরকে সংসারী বলিতেছি, যেমন মধুমক্ষিকারা আপনাদের সৃষ্ট মধু পান করিয়া থাকে তাহার ন্যায়, যিনি অবিদ্যায় আবৃত হইয়া ক্ষুদ্র বিষয় সুখ ভোগ করেন, তিনিই সংসারী জীব ॥ ৬১ ॥

হে অধীশ! তুমি সর্ব্বগুণের নিয়ন্তা তোমার সংসার কোথায়? ফলতঃ যিনি আত্মশক্তি দ্বারা এই বিচিত্র বিশ্ব সৃষ্টি করিয়াছেন, তুমি সেই পুরুষ, তোমার বেগ অতি প্রচণ্ড এবং কালই তোমার যান, তুমি তাদৃশ হইয়া, বায়ু যেমন ঘনাবলীকে বিচালিত করে তাহার ন্যায়, ভূত দ্বারা ভূত সকলকে সঞ্চালিত করত আকর্ষণ করিয়া থাক। কিন্তু কেহই তোমার স্বরূপ লক্ষ্য করিতে পারে না ॥ ৬২ ॥

প্রমত্তমুচ্চৈরিতিকৃত্য চিন্তয়া প্রবৃদ্ধলোভং বিষয়েষু লালসং।
ত্বমপ্রমত্তঃ সহসাভিপদ্যসে ক্ষুল্লেলিহানোঽহিরিবাখুমন্তকঃ ॥ ৬৩ ॥
কস্ত্বৎ পদাব্জং বিজহাতি পণ্ডিতো যস্তেঽবমানব্যয়মানকেতনঃ।
বিশঙ্কয়াস্মদ্‌গুরুরর্চ্চতিস্ম যদ্বিনোপপত্তিং মনবশ্চতুর্দ্দশ ॥ ৬৪ ॥
অথ ত্বমসি নোব্রহ্মন্ পরমাত্মন্ বিপশ্চিতাং। বিশ্বং রুদ্রভয়ধ্বস্তমকুতশ্চিদ্ভয়া গতিঃ।

শ্রীধরস্বামী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতিকৃত্যং এবমিদং কর্ত্তব্যমিতি চিন্তয়োচ্চৈঃ প্রমত্তং। তত্র হেতুঃ বিষয়েষু লালসং অতিকামুকং প্রাপ্তেপি বিষয়ে প্রবৃদ্ধলোভং অন্তকত্বমভিপদ্যসে আক্রামসি ক্ষুধালেলিহানঃ জিহ্বয়োষ্ঠ প্রান্তৌ স্পৃশন্ সর্পোমূষিকমিব ॥ ৬৩ ॥

অতস্ত্বৎ পদাব্জং কস্ত্যজেৎ পণ্ডিতশ্চেৎ। কথম্ভূতঃ যস্তবাবমানোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং শরীরং যস্য সঃ। যদস্মাকং গুরুর্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং বিশঙ্কয়া নাশ শঙ্কয়া বিনোপপত্তিমিতি দৃঢ়বিশ্বাসেন মনবশ্চার্চ্চিতবন্ত ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি। রুদ্রভয়েন ধ্বস্তং। অতো ন কুতশ্চিদ্ভয়ং যস্যাং তাদৃশী গতিরসি ॥ ৬৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্তদ্ভক্তিরেব পুরুষার্থ ইত্যুপসংহরতি। ক ইতি দ্বাভ্যাং বিশঙ্কয়াপি হেতুনা কোবিজহাতি। অস্মদ্গুর্বাদয়স্তু উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবত এবেত্যর্থঃ। তথা মনব ইতি। মন্বন্তরস্য ভক্তানামুপলক্ষণং চেতন ইতি চিৎ সম্বন্ধয়োঃ পাঠান্তরং ॥ ৬৪ ॥

হে বিপশ্চিতাং পরমাত্মন্ স্বভাবতঃ প্রেষ্ঠত্বমেবাস্মাকমকুতশ্চিদ্ভয়া গতিঃ ত্বাং বিনাতু বিশ্বং সর্ব্বমেব রুদ্রাৎ কালাৎ ভয়ং তেন-ধ্বস্তমিতি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতি কৃত্যং এবমেবমিদং কর্ত্তব্যমিতি তচ্চিন্তয়া প্রমত্তং। অভিপদ্যসে আক্রমসি ক্ষুধা-লেলিহানঃ জিহ্বয়া ওষ্ঠপ্রান্তৌ অতিশয়েন স্পৃশন্ সর্পঃ আখুং মূষিকমিব ॥ ৬৩ ॥

এবম্ভূতং ত্বাং নির্বুদ্ধিরেব নভজেদিত্যাহ ক ইতি। অবমানো দুষ্টজন কৃতোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং নাশং প্রাপ্নুবির শরীরং যস্য সঃ। যদস্মদ্গুরুর্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং। বিশঙ্কয়া ভববন্ধ শঙ্কয়া মনবোপি উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবতএব বিশ্বাস দার্ঢ্যেন। যদ্বা কামনাং বিনা ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি বিপশ্চিতাং গতিরসি নত্ববিপশ্চিতাং যতো বিশ্বং রুদ্রভয় ধ্বস্তং বিশ্ববর্ত্তিনোঽজ্ঞা জীবাঃ কালভয় ধ্বস্তা এবেত্যর্থঃ ॥

স্বধর্ম্ম নিষ্ঠঃ ইতি প্রচেতসাং কর্ম্মমিশ্র ভক্তি মত্বমালক্ষ্যোক্তিঃ ॥ ৬৫ ॥

ভগবন্! লোক সকল বিষয়ার্থ অতিশয় লোলুপ, ইহাতে বিষয় প্রাপ্ত হইলেও তাহাদের লোভ নিবৃত্তি হয় না, বরং বর্দ্ধিত হইয়া উঠে, সুতরাং এই কর্ম্ম এই রূপে করিব এই চিন্তায় প্রমত্ত থাকে। পরন্তু তুমি অপ্রমত্ত অন্তক হইয়া, যেমন ক্ষুধা হেতু জিহ্বা দ্বারা ওষ্ঠ প্রান্ত স্পর্শকারী সর্প মূষিককে আক্রমণ করে তাহার ন্যায় ঐ সকল ব্যক্তিকে আক্রমণ করিয়া থাক ॥ ৬৩ ॥

অতএব তোমার প্রতি অবমান দ্বারা যাহাদের শরীর ব্যয়ীভূত না হয় তাদৃশ কোন্ পণ্ডিত ব্যক্তি তোমার পাদপদ্ম পরিত্যাগ করিবে? প্রভো! তোমার চরণ কমল কি সামান্য, আমাদের গুরু ব্রহ্মাও তাহার পূজা করেন এবং বিনাশ শঙ্কা হেতু, দৃঢ় বিশ্বাস করিয়া চতুর্দ্দশ মনুও তাহার অর্চ্চনা করিয়া থাকেন ॥ ৬৪ ॥

হে ব্রহ্মন্! এই বিশ্ব রুদ্র ভয়ে বিনষ্ট হইতেছে অতএব তুমি আমাদের গতি হও। হে পরমা-

ইদং জপত ভদ্রং বো বিশুদ্ধা নৃপনন্দনাঃ। স্বধর্ম্মমনুতিষ্ঠন্তো ভগবত্যর্পিতাশয়াঃ।
তমেবাত্মানমাত্মস্থং সর্ব্বভূতেষ্ববস্থিতং। পূজয়ধ্বং গৃণন্তশ্চ ধ্যায়ন্তশ্চাসকৃদ্ধরিং॥ ৬৫॥
যোগাদেশমুপাসাদ্য ধারয়ন্তোমুনিব্রতাঃ। সমাহিতধিয়ঃ সর্ব্ব এতদভ্যসতাদৃতাঃ॥ ৬৬॥
ইদমাহ পুরাস্মাকং ভগবান্ বিশ্বসৃক্‌পতিঃ। ভৃগ্বাদীনামাত্মজানামাসিসৃক্ষুঃ সিসৃক্ষতাং॥ ৬৭॥
তে বয়ং চোদিতাঃ সর্ব্বে প্রজাসর্গে প্রজেশ্বরাঃ। অনেন ধ্বস্ত তমসঃ সিসৃক্ষ্ম বিবিধাঃ প্রজাঃ॥ ৬৮॥
অথেদং নিত্যদা যুক্তো জপন্নবহিতঃ পুমান্। অচিরাচ্ছ্রেয় আপ্নোতি বাসুদেবপরায়ণঃ॥ ৬৯॥

শ্রীধরস্বামী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য মনসা ধারয়ন্তঃ অভ্যসৎ জপৎ॥ ৬৬॥
বিশ্বসৃজাং পতির্ব্রহ্মা॥ ৬৭॥
সিসৃক্ষ্ম সৃষ্টবন্তঃ॥ ৬৮॥
যুক্ত একাগ্রচিত্তঃ॥ ৬৯॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র প্রথমং কর্ম্মমিশ্রাং ভক্তিমাহ। ইদমিতি॥
ততঃ শুদ্ধামাহ। তমেবেতি॥ ৬৫। ৬৬॥
সিসৃক্ষ্ম ইতি সবিসর্গঃ পাঠঃ। বিসৃক্ষ্মেতি কচিৎ সসৃক্ষ্মেতি কচিৎ॥ ৬৭। ৬৮। ৬৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোগাদেশং নামৈতৎ স্তোত্রং উপাসাদ্য পাঠতঃ প্রাপ্য॥ ৬৬॥
অস্মাকং অস্মান্॥ ৬৭। ৬৮॥
অথ অতঃ॥ ৬৯॥

মন্! তুমি আমাদের আশ্রয় হইলে আর কাহা হইতেও ভয় সম্ভাবনা থাকিবে না। ভগবান্ রুদ্র এই প্রকারে উপাস্য বস্তু বর্ণন করিয়া প্রচেতাদিগকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, অহে নৃপনন্দনগণ! তোমরা বিশ্বস্ত চিত্তে স্বধর্ম্মের অনুষ্ঠান করিয়া ভগবানে মনঃ অর্পণ করত এই স্তোত্র জপ কর, তোমাদের মঙ্গল হউক, অপর যিনি আত্মা ও সকল প্রাণিতে অবস্থিত সেই হরিকে আত্মস্থ জানিয়া জপ ও বারম্বার ধ্যান করত পূজা কর॥ ৬৫॥

হে বৎসগণ! এই স্তোত্রের নাম যোগোপদেশ। আমার পাঠ দ্বারা তোমরা ইহা প্রাপ্ত হইয়া মুনিব্রত আচরণ পূর্ব্বক মনোমধ্যে ধারণ করত সমাহিত হইয়া সাদরে ইহা জপ কর॥ ৬৬॥

প্রচেতাগণ! আমি যে স্তোত্র তোমাদের নিকট কহিলাম ভগবান্ ব্রহ্মা সৃষ্টি করিতে ইচ্ছা করিয়া আমাদিগের এবং সৃজন কার্য্যে সমুৎসুক ভৃগু প্রভৃতি আত্মজগণের সন্নিধানে ইহা কহিয়াছিলেন॥ ৬৭॥

আমরা সৃষ্ট্যর্থ প্রেরিত হইয়া এই স্তোত্র দ্বারা অজ্ঞান বিনাশ পূর্ব্বক বিবিধ প্রজা সৃষ্টি করিয়াছি॥ ৬৮

অতএব যে পুরুষ বাসুদেব পরায়ণ এবং অবহিত ও একাগ্র চিত্ত হইয়া নিত্য এই স্তোত্র জপ করিবেন তাঁহারও অচিরে শ্রেয়ঃ লাভ হইবে॥ ৬৯॥

শ্রেয়সামিহ সর্ব্বেষাং জ্ঞানং নিঃশ্রেয়সং পরং। সুখং তরতি দুষ্পারং জ্ঞাননৌর্ব্যসনার্ণবং ॥ ৭০ ॥
য ইমং শ্রদ্ধয়া যুক্তো মদ্গীতং ভগবৎ স্তবং। অধীয়ানোদুরারাধ্যং হরিমারাধয়ত্যসৌ ॥ ৭১ ॥
বিন্দতে পুরুষোঽমুষ্মাদ্যদ্যদিচ্ছত্যসংস্থরন্। মদ্গীতগীতাৎ সুপ্রীতাচ্ছ্রেয়সামেক বল্লভাৎ ॥ ৭২
য ইদং কল্য উত্থায় প্রাঞ্জলিঃ শ্রদ্ধয়ান্বিতঃ। শৃণুয়াচ্ছ্রাবয়েন্মর্ত্ত্যো মুচ্যতে কর্ম্মবন্ধনৈঃ ॥ ৭৩ ॥
গীতং ময়েদং নরদেবনন্দনাঃ পরস্য পুংসঃ পরমাত্মনস্তবং।
জপন্ত একান্তধিয়ো মহত্তপশ্চরধ্বমন্তে তত আপ্স্যথেপ্সিতং ॥ ৭৪ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানমেব নৌর্যস্য ॥ ৭০ ॥
যোঽধীয়ানো ভবত্যসৌ ॥ ৭১ ॥
অমুষ্মাৎ হরেঃ অসংস্মরন্ স্থিরঃ সন্। মদ্গীতং স্তোত্রং তেন গীতাৎ স্তুতাৎ একএব বল্লভঃ প্রিয়ঃ আশ্রয়স্তস্মাৎ ॥ ৭২ ॥
কল্যে উষসি ॥ ৭৩ ॥ তপশ্চরতঃ তপসোঽন্তে ঈপ্সিতং প্রাপ্স্যথ ॥ ৭৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তচ্চ শ্রেয়ো জ্ঞানমেবেত্যভিপ্রেত্য জ্ঞানং স্তৌতি শ্রেয়সামিতি। জ্ঞানমত্র ভাগবতমেব ॥ ৭০ । ৭১ ॥
অসত্বরন্নিতি কিং বাচারার্থঃ ॥ ৭২ । ৭৩ ॥ তপশ্চাত্র ভগবদারাধন লক্ষণমেব ॥ ৭৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্ঞানং প্রস্তুতত্বাৎ ভগবদ্রূপগুণৈশ্বর্য্য জ্ঞানমেব সুখং তরতীতি জ্ঞাননৌরিত্যাভ্যাং কৈবল্যোপযোগি জ্ঞানস্তু ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসামিতি কৃচ্ছ্রান্মহানিহ ভবার্ণবমপ্লবেশং ষড়্বর্গনক্রমসুখেন তিতীর্ষন্তীত্যাভ্যাং দুঃখ বহুলত্বস্তাপ্রবন্ধস্য চ শ্রবণাৎ ॥ ৭০ ॥ অতএব ভক্তিমেবাহ য ইমমিতি যোঽধীয়ানো ভবেদসৌ ॥ ৭১ ॥
অসত্বরন্নিতি আচার কিবস্তুং স্থির ইত্যর্থঃ। মদ্গীত গীতাৎ ময়া গীতোঽয়ং স্তবো যদি গীতঃ স্যাত্তদা অমুষ্মাৎ শোভনং প্রীণাতীতি সুপ্রীত স্তস্মাৎ স্তব এবায়ং তং প্রতি প্রীতো ভবতীত্যর্থঃ ॥ ৭২ । ৭৩ ॥
ইপ্সিতমাপ্স্যথেতি তেষাং সকামত্বং ব্যঞ্জিতং ॥ ৭৪ ॥

হে নৃপনন্দনগণ! যত প্রকার শ্রেয়স্কর বিষয় আছে জ্ঞান সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও পরম কল্যাণ স্বরূপ, কারণ যে ব্যক্তির জ্ঞান রূপ তরী থাকে তিনি দুষ্পার ব্যসনার্ণবকে পরম সুখে উত্তীর্ণ হইতে পারেন ॥ ৭০ ॥

হে প্রচেতাগণ! আমি এই যে স্তোত্র গান করিলাম যে ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া ইহা অধ্যয়ন করিবে তাহার তাহাতেই হরি আরাধনা করা হইবে ॥ ৭১ ॥

হে বৎসগণ! আমি এই যে স্তোত্র গান করিলাম ইহার দ্বারা ভগবান্ হরি স্তুত হইলে অতিশয় প্রীত হন। তিনি কল্যাণ সকলের এক আশ্রয় তাঁহার তুষ্টি জন্মিলে পুরুষ যাহা যাহা বাঞ্ছা করিবে স্থির হইয়া তাহাই তাঁহা হইতে লাভ করিতে পারিবে ॥ ৭২ ॥

হে রাজতনয় সকল! যে পুরুষ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া শ্রদ্ধা পূর্ব্বক কৃতাঞ্জলি পুটে এই স্তোত্র শ্রবণ করিবে অথবা শুনাইবে তাহার কর্ম্ম বন্ধন মোচন হইবে সন্দেহ নাই ॥ ৭৩ ॥

হে নরদেব নন্দনগণ! পরম পুরুষ পরমাত্মার এই স্তব যাহা আমি গান করিলাম তোমরা একাগ্র বুদ্ধি হইয়া ইহা জপ করত তপস্যাচরণ করহ, এরূপ করিলেই তপস্যার অন্তে আপনাদের অভীপ্সিত বস্তু লাভ করিতে পারিবে ॥ ৭৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে রুদ্রগীতং চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি সংদিশ্য ভগবান্ বার্হিষদৈরভিপূজিতঃ। পশ্যতাং রাজপুত্রাণাং তত্রৈবান্তর্দধে হরঃ।
রুদ্রগীতং ভগবতঃ স্তোত্রং সর্ব্বে প্রচেতসঃ। জপন্তস্তে তপস্তেপুর্বর্ষাণামযুতং জলে ॥ ১ ॥
প্রাচীনবর্হিষং ক্ষত্তঃ কর্ম্মস্বাসক্তমানসং। নারদোঽধ্যাত্মতত্ত্বজ্ঞঃ কৃপালুঃ প্রত্যবোধয়ৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্বিংশঃ ॥ * ॥

প্রচেতঃসু তপস্যৎসু তৎ পিত্রে নারদো ঘৃণী। প্রাচীনবর্হিষেঽধ্যাত্ম' পরোক্ষেণাহ পঞ্চভিঃ। পুরঞ্জনকথাব্যাজাৎ পঞ্চবিংশে তু নারদঃ। আত্মনো বুদ্ধিসঙ্গেন বিবিধামাহ সংসৃতিং। প্রচেতঃসু তপস্তীরং তপ্যমানেষু নারদঃ। পুরঞ্জনকথাকূটং প্রাহ প্রাচীনবর্হিষে ॥ ১ ॥

প্রচেতঃসু তপশ্চরৎসু নারদঃ প্রাচীনবর্হিষং বোধিতবান্। অতঃ প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎপিতুর্বৃত্তমাহ প্রাচীনবর্হিষমিতি ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

জপরূপমেব তপশ্চক্রুরিত্যর্থঃ ॥ ১। ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্বিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

প্রাচীন বর্হিষং কর্ম্মমগ্নং রাজকথামিষাৎ। নারদঃ পঞ্চবিংশাদ্যৈঃ পঞ্চভিঃ প্রত্যবোধয়ৎ ॥ ০ ॥

পঞ্চবিংশে পুরঞ্জন্যাঃ সঙ্গং প্রাপ্য পুরঞ্জনঃ। নবদ্বারে পুরে তস্যা বেম ইত্যনুবর্ণ্যতে ॥ ১ ॥

যদৈব রুদ্রঃ স্বগীতং স্তোত্রং প্রচেতস উপদিদেশ। তদৈব তৎ পিতরং প্রাচীনবর্হিষং নারদোপি পুরঞ্জনোপাখ্যানেন জ্ঞান বৈরাগ্য ভক্তীরুপদিদেশেতি প্রচেতসাং কথামসমাপ্যৈব তৎ পিতুঃ কথামাহ প্রাচীনেতি হন্ত হন্ত মৎ প্রিয় শিষ্যস্য ধ্রুবস্য বংশোঽয়ং কর্ম্মণি নিমজ্জতি তদিমমুদ্ধরামীতি কৃপালুঃ ॥ ২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্বিংশ ॥ * ॥

পঞ্চবিংশতি অধ্যায়ে প্রচেতাগণ তপস্যায় প্রবৃত্ত হইলে প্রাচীনবর্হিঃ সন্নিধানে নারদের আগমন এবং পুরঞ্জন কথাচ্ছলে স্বারব্ধ বুদ্ধির সঙ্গ বশতঃ জীবের বিবিধ সংসার কথন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন ভগবান্ রুদ্র প্রাচীনবর্হিঃ তনয় প্রচেতাদিগকে ঐ প্রকার উপদেশ করিয়া তাঁহাদের কর্ত্তৃক পূজিত হইলেন। অনন্তর দর্শনকারি সেই সকল রাজপুত্রদিগের সমক্ষে সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন। পরে প্রচেতা সকল রুদ্রগীত ভগবানের স্তোত্র জপ করত সহস্র বৎসর যাবৎ জলমধ্যে অবস্থিত হইয়া তপস্যা করিতে লাগিলেন ॥ ১ ॥

বৎস বিদুর! এই সময়ে প্রচেতাদিগের পিতা প্রাচীনবর্হিঃ কর্ম্মেতে আসক্ত হইয়া রহিয়াছিলেন, অধ্যাত্ম তত্ত্বজ্ঞ দেবর্ষি নারদ কৃপা প্রকাশ পূর্ব্বক তাঁহাদের নিকট উপস্থিত হইয়া জ্ঞানোপদেশ করত তাঁহাকে প্রবোধিত করিলেন ॥ ২ ॥

শ্রেয়স্ত্বং কতমদ্রাজন্ কর্ম্মণাত্মন ঈহসে। দুঃখহানিঃ সুখাবাপ্তিঃ শ্রেয়স্তন্নেহ চেষ্যতে ॥ ৩ ॥

শ্রীরাজোবাচ ॥

ন জানামি মহাভাগ পরং কর্ম্মাপবিদ্ধধীঃ। ব্রূহি মে বিমলং জ্ঞানং যেন মুচ্যেয় কর্ম্মভিঃ ॥ ৪ ॥

গৃহেষু কূটধর্ম্মেষু পুত্রদারধনার্থধীঃ। ন পরং বিন্দতে মূঢ়ো ভ্রাম্যন্ সংসারবর্ত্মসু ॥ ৫ ॥

শ্রীনারদ উবাচ ॥

ভোভোঃ প্রজাপতে রাজন্ পশূন্ পশ্য ত্বয়াধ্বরে। সংজ্ঞপিতান্ জীবসঙ্ঘান্ নির্ঘৃণেন সহস্রশঃ ॥ ৬

শ্রীধরস্বামী।

শ্রেয়ঃ ফলং ঈহসে ইচ্ছসি। ইহ কর্ম্মণি তদ্দ্বয়ং নেষ্যতে বিচারজ্ঞৈঃ ॥ ৩ ॥

পরং শ্রেয়ো মোক্ষং কর্ম্মভিরপবিদ্ধা বিক্ষিপ্তা ধীর্যস্য ॥ ৪ ॥

কিঞ্চ গৃহেষু স্থিতং পুত্রাদিষ্বেব পুরুষার্থ ধীর্যস্য ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদ্য ব্রহ্মবিদ্যামুপদেষ্টুং যোগানুভাবেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভোভো ইতি। সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুঃখহানিঃ সুখাবাপ্তিরেব শ্রেয়ঃ পুরুষস্যার্থঃ তত্তু ইহ কর্ম্মণি নেষ্যতে। কর্ম্মসংপাদ্যস্য সুখস্যাপি দুঃখ সংভিন্নত্বাৎ সান্তত্বাচ্চ। নেহ যেষ্যত ইতি চিৎসুখঃ ॥ ৩ ॥

কর্ম্মাপবিদ্ধধীঃ সন্ পরং শ্রেয়ঃ সাধনং শ্রেয়শ্চ নজানামি। তস্মাৎ বিমলং জ্ঞানং সাধন সাধ্যান্তরগতং ব্রূহি ॥ ৪ । ৫ । ৬ । ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রেয়োনেষ্যতে ইহ কর্ম্মণি ন লভ্যতে কর্ম্ম সংপাদ্যস্য সুখস্যাপি দুঃখমিশ্রত্বাৎ নশ্বরত্বাচ্চ ॥ ৩ ॥

কর্ম্মভিরপবিদ্ধ ধী বিক্ষিপ্তবুদ্ধিঃ ॥ ৪ ॥

গৃহস্থঃ সর্ব্বএব মাদৃশ ইত্যাহ গৃহেষ্বিতি ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদয়িতুং যোগবলেন যজ্ঞ পশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভো ভো ইতি সংজ্ঞপি তান্ মারিতান্ ॥ ৬ ॥

দেবর্ষি জিজ্ঞাসা করিলেন রাজন্! তুমি এই কর্ম্ম দ্বারা কত শ্রেয়ঃ বাঞ্ছা করিতেছ? মহারাজ! দুঃখ নিবৃত্তি ও সুখ প্রাপ্তি এইদুইটীই শ্রেয়ঃ, তোমার এই কর্ম্ম দ্বারা ঐ দুইত লভ্য হইবার নয় ॥ ৩ ॥

প্রাচীনবর্হিঃ কহিলেন হে মহাভাগ! আমার বুদ্ধি কর্ম্ম দ্বারা বিক্ষিপ্ত হইয়াছে, ইহাতে পরম শ্রেয়ো যে মুক্তি পদার্থ তাহা আমি জানিতে পারি নাই, আপনি আমাকে নির্ম্মল জ্ঞান উপদেশ করুন, যাহাতে কর্ম্ম সকল হইতে মুক্ত হইতে পারি ॥ ৪ ॥

হে ব্রহ্মন্! গৃহে অবস্থিত ব্যক্তির পুত্র কলত্র ধন ইত্যাদিতেই পুরুষার্থ বুদ্ধি হইয়া থাকে, তাহাতে সেই মূঢ় ব্যক্তি সংসার পথে ভ্রমণ করিয়া বেড়ায় কদাপি পরমার্থ লাভ করিতে পায় না ॥ ৫ ॥

রাজার কর্ম্মফলে বৈরাগ্য জন্মাইয়া দিয়া ব্রহ্মবিদ্যা উপদেশ করিবার নিমিত্ত দেবর্ষি নারদ স্বীয় যোগপ্রভাবে বিনাশিত যজ্ঞ পশুসকলকে পুনরায় উজ্জীবিত করণানন্তর দেখাইতে দেখাইতে কহিলেন, ওহে প্রজাপতে! তুমি নির্দ্দয় হইয়া আপনার যজ্ঞে সহস্র সহস্র জীবের প্রাণবধ করিয়াছ, সেই সকল জীব সমূহকে এই অবলোকন কর ॥ ৬ ॥

এতে ত্বাং সংপ্রতীক্ষন্তে স্মরন্তো বৈশসং তব। সংপরেতময়ঃ কূটৈশ্ছিন্দন্ত্যুত্থিতমন্যবঃ ॥ ৭ ॥
অত্র তে কথয়িষ্যেঽমুমিতিহাসং পুরাতনং। পুরঞ্জনস্য চরিতং নিবোধ গদতো মম ॥ ৮ ॥
আসীৎ পুরঞ্জনো নাম রাজা রাজন্ বৃহচ্ছ্রবাঃ। তস্যাবিজ্ঞাত নামাসীৎ সখা বিজ্ঞাতচেষ্টিতঃ ॥ ৯

শ্রীধরস্বামী।

এতে ত্বাং সংপরেতং মৃতং সংপ্রতীক্ষন্তে বৈশসং ত্বংকৃতাং পীড়াং স্মরন্তঃ ততশ্চ অয়ঃ কূটৈঃ লৌহময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি ছেৎস্যন্তি ॥ ৭ ॥

অত্র অস্মিন্ সঙ্কটে নিস্তারকমমুমিতিহাসং কথয়িষ্যাম ॥ ৮ ॥

তত্র জীবস্য বিষয়াসক্ত্যা সংসারঃ সচ ঈশ্বরানুগ্রহান্নিবর্ত্তত ইতি বক্তুং বিপর্য্যয় গ্রহগৃহীতস্য সাক্ষাদ্বোধয়িতুমশক্তেঃ রাজবৃত্তান্তমিবাহ আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতি। তথাপি সুখ গ্রহণায় যথোপযোগং কিঞ্চিৎ কিঞ্চিৎ ব্যাখ্যাস্যামঃ। তত্র স্বকর্ম্মভিঃ পুরং শরীরং জনয়তীতি পুরঞ্জনো জীবঃ ন বিজ্ঞাতং নাম যস্য নচ বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বরঃ তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদি লক্ষণং যস্য জীব পারতন্ত্র্যস্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র তস্য শুদ্ধ ভক্ত্যধিকারিত্বমমত্বানো মুক্তিসাধনজ্ঞানমিশ্রামেব ভক্তিমুপদেষ্টুং তাদৃশীমেব কথামবতারয়তি। অত্রেতি ইতিহাসং পুরাতনমিতি মুনের্ন মিথ্যাবচনং। পূর্ব্ববৃত্তমিদমধ্যাত্মবাদ সংবাদোঽপি প্রায়ঃ স্যাদিতি। এবমেবহি তত্তৎ কথাদি সঙ্গতিশ্চ স্যাৎ তথৈব বক্ষ্যতে। প্রাকারেত্যাদি ॥ ৮ ॥

অবিজ্ঞাত ইতি নাম যস্য দুর্জ্ঞেয়ত্বাদিতি ভাবঃ ॥ ৯ । ১০ । ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কদায়ং মরিষ্যতীতি ত্বাং প্রতীক্ষন্তে। বৈশসং ত্বৎ কৃতং স্বশরীরচ্ছেদং। অতঃ সংপরেতং ত্বাং অয়ঃ কূটৈর্লৌহযন্ত্রময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি বর্ত্তমান নির্দ্দেশেনাবিলম্বত এব ছেৎস্যন্তি ॥ ৭ ॥

বৈষয়িক কথা প্রিয়মিমং বৈষয়িক কথয়ৈব প্রবোধয়ামীতি মনসি বিচার্য্য তস্যৈব প্রাচীনবর্হিষঃ কথামেব কথান্তর কল্পনয়া অপ্রস্তুত প্রশংসালঙ্কারেণ তৎ প্রবোধে কারণী কুর্ব্বন্নাহ। অত্রেতি স্পষ্ট বস্তু তস্য তে তবৈব চরিতং কীদৃশস্য পুরমেতৎ শরীরং স্বকর্ম্মণা জনয়তীতি তস্য পুরঞ্জনস্য পুরাতনং মাতৃগর্ভ প্রবেশাৎ পূর্ব্বমপ্যারভ্যেত্যর্থঃ ॥ ৮ ॥

আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতে তদপি সুখগ্রহণায় যথোপস্থিতি ব্যাখ্যাস্যামঃ। পুরঞ্জনো-জীবঃ অধ্যাত্মাদিতি বিরাজমানত্বাদ্রাজা। শ্রবো যশঃ দৃষ্টাদৃষ্ট সুখ সাধন কর্ম্মাদি শুশ্রূষুত্বাৎ শ্রবঃ শ্রবণঞ্চ। অবিজ্ঞাতং নাম যস্য নবিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বর তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিকং যস্য জীব পারতন্ত্র্যস্যানুভব সিদ্ধত্বাৎ ॥ ৯ ॥

ইহারা প্রতীক্ষা করিতেছে তুমি কবে কালগ্রস্ত হইবে, তোমাকে মৃত হইতে দেখিলেই তুমি যে ইহাদের অঙ্গ ছেদন করিয়াছ, ইহারা তাহা স্মরণ করিয়া লৌহ যন্ত্রময় শৃঙ্গ দ্বারা তোমার কলেবর ছিন্ন ভিন্ন করিবে ॥ ৭ ॥

অতএব তোমার মহা সঙ্কট উপস্থিত, মহারাজ ! এ সঙ্কটে নিস্তারক পুরঞ্জনের চরিত্র ঘটিত একটী ইতিহাস বলি সমাহিত চিত্তে শ্রবণ কর ॥ ৮ ॥

নরনাথ ! পুরঞ্জন নামে মহাযশস্বী এক রাজা ছিলেন, তাঁহার একটী সখা ছিল, তাঁহার নাম ও কর্ম্ম কোন ব্যক্তির জ্ঞাত ছিল না। মহারাজ ! আমি যে পুরঞ্জনের কথা বলিতেছি, তিনি সামান্য ব্যক্তি নহেন, স্বীয় কর্ম্মদ্বারা পুর অর্থাৎ শরীর জন্মান্, অতএব তিনি জীব, আর তাঁহার যিনি সখা, যাঁহার নাম ও কর্ম্ম অজ্ঞাত বলিলাম তিনি ঈশ্বর ॥ ৯ ॥

সোঽন্বেষমাণঃ শরণং বভ্রাম পৃথিবীং প্রভুঃ। নানুরূপং যদাবিন্দদভূৎস বিমনা ইব॥ ১০॥
ন সাধু মেনে তাঃ সর্ব্বা ভূতলে যাবতীঃ পুরঃ। কামান্ কাময়মানোসৌ তস্য তস্যোপপত্তয়ে॥ ১১
স একদা হিমবতো দক্ষিণেষ্বথ সানুষু। দদর্শ নবভির্দ্বার্ভিঃ পুরং লক্ষিত লক্ষণাং॥ ১২॥
প্রাকারোপবনাট্টাল পরিখৈরক্ষতোরণৈঃ। স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ সঙ্কুলাং সর্ব্বতোগৃহৈঃ॥ ১৩

শ্রীধরস্বামী।

শরণং ভোগায়তনং দেহং॥ ১০॥

যাবত্যঃ পুরঃ তাস্তস্য তস্য কামস্যোপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। পশ্বাদি দেহানামৈহিক পারলৌকিক ভোগ যোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ। তাভ্যোগামানয়ৎ তা অব্রুবন্নবৈ নোয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ৎ তা অব্রুবন্ নবৈ নোয়মলমিতি॥ ১১
হিমবতো দক্ষিণেষু সানুষু কর্ম্মক্ষেত্রে ভারতবর্ষে পুরং মনুষ্যশরীরং লক্ষিতানি দৃষ্টানি সর্ব্বাণি লক্ষণানি যস্যাং অন্ধ পঙ্গুত্বাদি দোষ রহিতামিত্যর্থঃ॥ ১২॥

তামনুবর্ণয়তি ত্রিভিঃ। অত্র কিঞ্চিৎ কিঞ্চিৎ সাদৃশ্যমবলম্ব্য কথা সৌন্দর্য্যায় প্রাকারাদীনি বর্ণ্যন্তে পরিখৈরিতি পুংস্ত্বমার্ষং অক্ষাণি গবাক্ষাঃ ত্বগাদয়ঃ শরীরাবয়বাঃ প্রাকারাদি পুরাবয়বত্বেন নিরূপ্যন্তে। স্বর্ণাদিময়ৈঃ শৃঙ্গৈঃ শিখরৈর্যুক্তা যে গৃহাস্তৈঃ

ক্রমসন্দর্ভঃ।

স একদেতি চিৎসুখঃ॥ ১২। ১৩। ১৪। ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শরণং বাসস্থলং সুখভোগায়তনং দেহঞ্চ। বভ্রামেতি নানাজন্মবত্বাৎ নানুরূপমিতি কাপি জন্মনি স্বাভীপ্সিতসমস্ত সুখ প্রাপ্ত্য দর্শনাৎ ইবেতি শূকরাদি জন্মস্বপি বিষয়ানন্দ প্রাপ্ত্যা বস্তুতো বিমনস্ত্বাভাবাৎ॥ ১০॥

যাবতীর্যাবত্যঃ সর্ব্বত্র বিষয়ানন্দ প্রাপ্তাবপি তস্য তস্য কামস্য উপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু নমেনে। পশ্বাদি দেহানাং ভোগ সাধন যোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ তাভ্যো গামানয়ন্ তা অব্রুবন্ নবৈ নোয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ন্ তা অব্রুবন্ নবৈ-নোঽয়মলমিতীতি। তত্তদ্দেহানামসাধুত্বনঞ্চ গর্ভ্ভ দশায়ামেব মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি শ্রুতে স্তত্রৈব বিবেকোৎপত্তেঃ॥ ১১॥

হিমবতো হিমালয়স্য দক্ষিণেষু সানুষু ভারতভূমৌ কর্ম্মক্ষেত্রে তত্রত্য মনুষ্যদেহস্যৈব ফল সাধনত্বাৎ পুরং মনুষ্যদেহং লক্ষি তানি দৃষ্টানি লক্ষণানি যস্যামিতি পঙ্গ্বন্ধাদি দেহস্য ম্লেচ্ছান্ত্যজাদি দেহস্যচ ব্যাবৃত্তিঃ॥ ১২॥

প্রাকারাস্ত্বচঃ উপবনানি বহির্বিষয়াঃ অট্টালো মুখং পরিখা গুণাঃ। পরিখৈরিত্যার্ষং। অক্ষা গবাক্ষা রোমরন্ধ্রাণি তোরণানি নেত্রাদীনি দ্বারাণি স্বর্ণাদ্যৈঃ শৃঙ্গৈঃ পিত্ত কফ বাতৈ র্ধাতুভিঃ রাজস সাত্বিক তামসৈঃ স্বভাবৈর্বা গৃহৈরাধারচক্রাদ্যৈঃ সংকুলাং ব্যাপ্তাং॥ ১৩॥

সেই পুরঞ্জন আপনার ভোগ স্থান অন্বেষণ করিতে করিতে সমস্ত পৃথিবী পর্য্যটন করিলেন, কিন্তু কুত্রাপি উপযুক্ত স্থান লব্ধ হইল না, তাহাতে বিমনস্কের ন্যায় হইয়া চিন্তাকুল হইলেন॥ ১০॥

আমি অবনীতলে যত পুর (দেহ) দেখিলাম কোনটাই ভাল বোধ হইতেছে না। ফলতঃ বাসনা সকল পূর্ণ করিতেই তাঁহার অভিলাষ ছিল, অথচ কোন পুরকেই অভিলষিত সিদ্ধির উপযোগি দেখিতে পাইলেন না॥ ১১॥

অতএব বিমনা হইয়া পুনরায় ভ্রমণ করিতে লাগিলেন, একদা হিমালয়ের দক্ষিণ সানুস্থ কর্ম্ম ক্ষেত্র ভারতবর্ষে পুর (মনুষ্য শরীর) তাঁহার নেত্রগোচর হইল, ঐ পুর (শরীর) সর্ব্ব লক্ষণ সম্পন্ন অর্থাৎ অন্ধপঙ্গুত্বাদি দোষ রহিত এবং নয়টী দ্বারে উপলক্ষিত॥ ১২॥

তথায় ত্বক্ প্রভৃতি অবয়ব রূপ প্রাচীর, উপবন, অট্টালিকা ও পরিখা সুশোভিত ছিল, লোমকূপ রূপ গবাক্ষ এবং নেত্রাদি স্বরূপ বহির্দ্বার দেদীপ্যমান। আর পিত্ত, কফ বাত রূপ স্বর্ণ রৌপ্য ও

নীল স্ফটিক বৈদূর্য্য মুক্তামরকতারুণৈঃ। কৢপ্তহর্ম্ম্য স্থলীং দীপ্তাং শ্রিয়া ভোগবতীমিব ॥ ১৪ ॥
সভা চত্বররথ্যাভিরাক্রীড়ায়তনাপণৈঃ। চৈত্যধ্বজ পতাকাভির্যুক্তাং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥
পুর্য্যাস্তু বাহ্যোপবনে দিব্য দ্রুম লতাকুলে। নদদ্বিহঙ্গাদিকুল কোলাহল জলাশয়ে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সম্বুলামিতি। আধারাদি চক্রাণি গৃহাঃ শৃঙ্গাণিচ রাজসাদি স্বভাবা বিবক্ষিতাঃ ॥ ১৩ ॥

নীলাদিভিঃ কৢপ্তা হর্ম্ম্যস্থলী যস্তাং অরুণং মাণিক্যং স্থলীহৃদয়ং নাড্যো নীলাদিভাবেন নিরূপ্যন্তে। তত্তদ্বিষয় বাসনা বা। ভোগবতীং নাগানাং পুরীমিব ॥ ১৪ ॥

সভা সমাজস্থানং চত্বরং চতুষ্পথং রথ্যা রাজমার্গঃ আক্রীড়ায়তনং দ্যূতাদিস্থানং আপণো হট্টঃ তৈঃ চৈত্যং জনানাং বিশ্রামস্থানং ধ্বজেষু যাঃ পতাকাস্তাভিশ্চ যুক্তাং ॥ ১৫ ॥

অত্রচ বিষয় নিষ্ঠবুদ্ধি যোগেন জীবস্য দেহ সম্বন্ধ ইতি বিবক্ষয়া বিষয়বর্গং বাহ্যোপবনত্বেন রূপয়তি। তদ্বিশেষান্ স্রক্চন্দনাদীন্ দ্রুমলতাদি ভাবেন শেষঃ কথালঙ্কারঃ। বাহ্যোপবনে প্রমদোত্তমাং দদর্শেতি চতুর্থেনান্বয়ঃ। নদতাং বিহঙ্গাদি কুলানাং

ক্রমসন্দর্ভঃ।

পুর্য্যাস্থিতি সার্দ্ধত্রিকং। যদ্যপি বুদ্ধ্যাদিময় লিঙ্গ শরীরেণ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতিঃ। তথাপি মনুষ্য শরীরে প্রাপ্তে তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীতি অপূর্ব্ববস্তুৎ প্রাপ্ত নির্দ্দেশ ইতি জ্ঞেয়ঃ ॥ ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইন্দ্রনীলাদিভিঃ রত্নৈঃ কৢপ্তা হর্ম্ম্য স্থল্যো যস্যাং সমাসান্ত বিধেরনিত্যত্বান্ন কপ্। অরুণমাণিক্যং স্থল্যো হৃদয় কণ্ঠ ভ্রূ মধ্য স্থানানি নীলাদয় স্তবর্ণা নাড্যো জ্ঞেয়াঃ। ভোগবতীং নাগানাং পুরীং পক্ষে ভোগবতীমিবেতি বস্তুবিচারতো ভোগা অপি তত্র ন সন্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

সভা রাজোপবেশ স্থানং সাচাত্র হৃদয়ং তত্রৈব রাজ্ঞঃ পুরঞ্জনস্য জীবস্য স্থিতেঃ। চত্বরং চতুষ্পথং তচ্চাত্র তাম্বদঃ স্থলং তত্রৈব মুখ নাসা নয়ন কর্ণমার্গাশ্চত্বারঃ রথ্যা রাজমার্গঃ ইড়া পিঙ্গলা সুষুম্নাঃ। আক্রীড়ায়তনানি দ্যূতাদি স্থানানি ইন্দ্রিয় গোলকাঃ। অপণো হট্টো মনোগোলকঃ চৈত্যং বিশ্রাম স্থানং চিত্তমধ্যং ধ্বজে ভগবদ্বৈমুখ্য রূপে সংযুক্তাঃ পতাকাঃ পঞ্চক্লেশাঃ। বিদ্রুম বেদয় আধারাদি চক্র মধ্যস্থলভেদাঃ ॥ ১৫ ॥

অত্র বিষয় নিষ্ঠ বুদ্ধি যোগেন জীবস্য দেহ সম্বন্ধ ইতি বিবক্ষয়া বাহ্যোপবন ভূতং বিষয়বর্গং বিশিষ্য বর্ণয়তি পুর্য্যা ইতি ত্রিভিঃ বাহ্যোপবনে প্রমদোত্তমাং অবিদ্যাবৃত্তিং যদৃচ্ছয়ৈব পুরঞ্জনো রাজা দদর্শেতি তয়োঃ প্রাথমিক সম্বন্ধস্য নির্হেতুত্ব মুক্তং তেন কথা পক্ষে হে রাজন্ যুষ্মদ্বিধৈ রুপবনে প্রমদোত্তমা কদাপি নানেতব্যা কথঞ্চিৎ স্বতএব প্রাপ্তা দৃষ্টা স্পৃষ্টা বা স্যাচ্চেদায়ধিকারঃ কর্ত্তব্যঃ। অধ্যাত্মপক্ষে শব্দ স্পর্শাদি ভোগ্য বস্তুষু বুদ্ধি র্নদেয়া। দৈবাদাগতাচেদনুতপনীয়মিতি বিধির্ব্যঞ্জিতঃ। কীদৃশে নদদিতি দিব্য·

লৌহময় শিখর যুক্ত গৃহ সকল সর্ব্বতোভাবে শোভিত ছিল ॥ ১৩ ॥

অপর নীলকান্তমণি, স্ফটিক, বৈদূর্য্য, মুক্তা মাণিক্য এই সকলে তত্রস্থ হর্ম্ম্যস্থলী রচিত হইয়াছিল। অর্থাৎ নীলমণি প্রভৃতির তুল্য নাড়ী সকল দ্বারা ঐ শরীরের অভ্যন্তর রচিত ছিল, অতএব ঐ পুর (শরীর) শোভা দ্বারা ভোগবতী অর্থাৎ নাগপুরী সদৃশী হইয়া রহিয়াছিল ॥ ১৪ ॥

আর সমাজ স্থান, চতুষ্পথ, রাজমার্গ, দূতক্রীড়াদি স্থান, হট্ট, বিশ্রাম স্থান, ধ্বজা ও পতাকা এই সকলে, তথা আধার চক্রাদি রূপ বিদ্রুম বেদিতে তাহা চমৎকার শোভা পাইতেছিল ॥ ১৫ ॥

ঐ পুরের বহির্ভাগে একটী উপবন ছিল, তাহাও অতি মনোহর। সেই আরাম বিবিধ দিব্য পাদপ ও লতায় সঙ্কুল হইয়া রহিয়াছিল। তত্রস্থ জলাশয়ে জলচর পক্ষিগণ নিনাদ করিতেছিল,

হিমনির্ঝর বিপ্রুষ্মৎ কুসুমাকর বায়ুনা। চলৎপ্রবাল বিটপ নলিনী তট সম্পদি ॥ ১৭ ॥
নানারণ্য মৃগব্রাতৈরনাবাধে মুনিব্রতৈঃ। আহূতং মন্যতে পান্থো যত্র কোকিলকূজিতৈঃ ॥ ১৮ ॥
যদৃচ্ছয়াগতাং তত্র দদর্শ প্রমদোত্তমাং। ভৃত্যৈ দর্শভির্য়ান্তীমেকৈকশতনায়কৈঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কোলাহলো যেষু তে জলাশয়া যস্মিন্ ॥ ১৬ ॥

হিমনির্ঝরাণাং বিপ্রুষো বিন্দবঃ তদ্বতা কুসুমাকর সম্বন্ধিনা বায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈর্বৃক্ষৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধি র্যস্মিন ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃত বাধারহিতে। মুনিব্রতৈরহিংস্রৈঃ আত্মানমাহূতং মন্যতে যত্র ॥ ১৮ ॥

তত্র প্রমদোত্তমাং বিষয়বিবেকবতীং বুদ্ধিং দদর্শ। যদৃচ্ছয়াগতামিতি তয়োঃ সম্বন্ধস্য দুর্নিরূপত্বং দর্শয়তি তামনুবর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। দশভির্জ্ঞান কর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়ঃ তাসাং নায়কৈঃ পতিভিঃ সহ। একৈক শত নায়িকৈরিতিপাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদৃচ্ছয়া দৈবতঃ ॥ ভৃত্যৈরিতি সার্দ্ধ ষট্কং ॥ ১৯।২০।২১।২২।২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমেতি রূপবৈচিত্র্যং নদদ্বিহঙ্গেতি শব্দবৈচিত্র্যং ॥ ১৬ ॥

হিম নির্ঝরাণাং বিপ্রুষো বিন্দব স্তদ্বতা কুসুমাকর বায়ুনা চলন্তঃ প্রবালা বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈঃ বৃক্ষৈ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধি র্যস্মিন্ অত্র হিমনির্ঝরেতি রসং। কুসুমাকরেতি গন্ধঃ। বায়ুনেতি স্পর্শঃ চলৎ প্রবালেতি ব্যঞ্জিতসা পক্ষি পুষ্প ফলাদি সম্ভাবনাবশ্যকত্বাৎ শব্দাদি বিষয় পঞ্চক বৈচিত্র্যমেব জ্ঞেয়ং ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃত বাধা রহিতে মুনিব্রতৈঃ অহিংস্রৈঃ। পক্ষে পুরঞ্জনস্য পুণ্যবত্ত্বাৎ পাপাভাবাচ্চ ভোগাঃ নিষ্কণ্টকা এব কোকিল কূজিতৈঃ পান্থঃ আত্মানমাতিথ্য দানার্থং আহূতং মন্যতে অধ্যাত্ম পক্ষেপি তান্নিষ্কণ্টকান্ ভোগান্ স্বীয় কুটুম্ববন্ধু ব্রাহ্মণাতিথ্যাদিভ্যঃ বিভজ্যৈব মত্ত ভুঙ্‌ক্ষ ইত্যর্থঃ। কূজিতৈঃ যশোভিঃ ॥ ১৮ ॥

কীদৃশৈঃ দশভির্জ্ঞান কর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়স্তাসাং নায়কৈঃ। নায়িকৈরিতি পাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

তাহাতে বোধ হইতেছিল যেন জলাশয়েই কোলাহল হইতেছে ॥ ১৬ ॥

অপর সরোবর সকলের তটে যে সকল তরু ছিল তাহাদের শাখা ও পল্লব হিমকণাবাহি সুগন্ধ সমীরণ দ্বারা বিচলিত হওয়াতে তদ্দ্বারা তৎসমুদায়ের সমৃদ্ধি যেন বৃদ্ধিশীল হইতেছিল ॥ ১৭ ॥

আর নানা প্রকার অরণ্য জন্তু সকল পরস্পর হিংসা পরিত্যাগ পূর্ব্বক তথায় অবস্থান করাতে তাহাদের দ্বারা যে বাধা হইতে পারে তথায় তাহারও কোন সম্ভাবনা ছিলনা। অপর তত্রত্য বৃক্ষোপরি কোকিল কুল এ প্রকারে কলরব করিতেছিল, যেন পান্থজন তদ্দ্বারা আপনাকে আহূত বোধ করিত ॥ ১৮ ॥

সে যাহা হউক, পুরঞ্জন (জীব) ঐ উপবনে যদৃচ্ছাক্রমে আগত একটী উত্তমা প্রমদা (বিষয় বিবেকবতী বুদ্ধি) দেখিতে পাইলেন। সে যুবতীর সমভিব্যাহারে দশটী জ্ঞান কর্ম্মেন্দ্রিয় রূপ ভৃত্য ছিল, তাহারা প্রত্যেকে শত শত নায়িকার (বৃত্তির) পতি ॥ ১৯ ॥

পঞ্চশীর্ষাহিনা গুপ্তাং প্রতীহারেণ সর্ব্বতঃ। অন্বেষমাণামৃষভমপ্রৌঢ়াং কামরূপিণীং ॥ ২০ ॥
সুনাসাং সুদতীং বালাং সুকপোলাং বরাননাং। সমবিন্যস্তকর্ণাভ্যাং বিভ্রতীং কুণ্ডলশ্রিয়ং ॥ ২১ ॥
পিশঙ্গনীবীং সুশ্রোণীং শ্যামাং কনকমেখলাং। পদ্ভ্যাং ক্বণদ্ভ্যাং চলতীং নূপুরৈর্দেবতামিব ॥ ২২
স্তনৌ ব্যঞ্জিতকৈশোরৌ সমবৃত্তৌ নিরন্তরৌ। বস্ত্রান্তেন নিগূহন্তীং ব্রীড়য়া গজগামিনীং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চশীর্ষাণি বৃত্তয়ো যস্য তেন অহিনা প্রাণেন প্রতীহারেণ দ্বারপালকেন গুপ্তাং ঋষভং ভর্ত্তারং ॥ ২০ ॥

গন্ধজ্ঞানাদিভির্ব্যাবয়বৈঃ সুনাসত্বাদি নিরূপ্যতে। সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং দধতীং ॥ ২১ ॥

অন্নময়ং হি সৌম্য মন ইতি যৎ কৃষ্ণং তদন্নস্য ইত্যাদি শ্রুত্যনুসারেণ শ্যামামিত্যুক্তং। নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং নূপুরেণ পদাঙ্গুলীয়কানামপ্যুপলক্ষণাদ্বহুবচনং ॥ ২২ ॥

ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং। সমৌচ বৃত্তৌচ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পঞ্চশীর্ষা অহিঃ পঞ্চবৃত্তিঃ প্রাণঃ তেন প্রতীহারেণ দ্বারপালেন গুপ্তাং রক্ষিতাং ॥

ঋষভং স্বস্যোপভোক্তারং পতিং জীবং অপ্রৌঢ়ামিত্যপ্রৌঢ়ৈব কান্তা যথা পতিং মোহয়তি তথৈবাবিদ্যাবৃত্তি বুদ্ধির্জীবমিত্যর্থঃ। কামরূপিণীং নিত্য বিবিধ শৃঙ্গারধারিণীং পক্ষে বিবিধ বাসনাবতীং গন্ধ জ্ঞানাদিভি র্বুদ্ধের্বৃত্তিভিরেবাবয়বৈঃ সুনাসত্বাদিরূপ্যতে ॥ ২০ ॥

রসাস্বাদ চর্ব্বণাশক্তয়ো দন্তাঃ সুকপোলত্বং বুদ্ধেঃ স্বচ্ছতা আননং বুদ্ধেরগ্রভাগঃ সমং যথাস্যাত্তথা ধাত্রৈব কৌশলেন বিন্যস্তাবিব যৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং বিভ্রতীং প্রবৃত্তি নিবৃত্তি শাস্ত্রার্থমবধারয়ন্তীং ॥ ২১ ॥

পিশঙ্গনীবীং পীতাম্বরাং রজো গুণময় সমস্ত কর্ম্মাবৃতাং শ্যামামিতি বুদ্ধেঃ শ্যামত্বাৎ তচ্চ তস্যা জীবান্ প্রতি সূর্য্যস্থানীয়েশ্বরাবরক মেঘ স্থানীয়ত্বাৎ ক্বণদ্ভ্যামিতি চলন্তীমিত্যাভ্যাং বুদ্ধেরস্থৈর্য্যমেব শাস্ত্রেষু শব্দিতমিতি দ্যোতিতং নূপুরৈরিতি বহুবচনেন পাদাঙ্গুলীয়াদীন্যপ্যুপলক্ষিতানি ॥ ২২ ॥

স্তনৌ রাগদ্বেষৌ। যদুক্তং ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। ন তয়ো র্বশমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনাবিতি। ব্যঞ্জিতকৈশোরাবিত্যাত এব বৃদ্ধস্যাপি রাগ দ্বেষৌ নিত্যতরুণাবেব লোকে দৃশ্যেতে সমৌচ বৃত্তৌ বর্ত্তুলৌচ পক্ষে সমং তুল্যমেব বৃত্তং পুংমাত্র মোহনং চরিত্রং যয়োস্তৌ। নিরন্তরাবিতি পীনত্বান্মূল দেশেঽবকাশ শূন্যৌ। পক্ষে বস্তুতস্তয়োরৈক্যেন নির্ভেদৌ। যদুক্তং কামএষ ক্রোধ এষ রজো গুণ সমুদ্ভব ইতি নিগূহন্তীমিতি রাগ দ্বেষাবপি শিষ্টজনৈস্ত্রী বিনয়াভ্যাং নিহ্নূয়েতে এব ॥ ২৩ ॥

ঐ প্রমদা অপ্রৌঢ়া এবং কামরূপিণী। পাঁচটী যাহার মস্তক (বৃত্তি) তাদৃশ এক সর্প (প্রাণ) দ্বারপাল হইয়া সর্ব্বতোভাবে তাহার রক্ষণাবেক্ষণ করিতেছিল, তিনি অন্য কার্য্যার্থ ঐ উপবনে আইসেন নাই আপনার ভর্ত্তার অন্বেষণ করিতে আসিয়াছিলেন ॥ ২০ ॥

ঐ প্রমদার রূপ লাবণ্যের কথা কি বলিব, তাহার নাসিকা ও দন্ত অতি সুন্দর, কপোলদ্বয় মনোহর, বদন সর্ব্বোৎকৃষ্ট, তিনি সমান রূপে রচিত কর্ণদ্বয় দ্বারাই কুণ্ডলের শোভা ধারণ করিতেছিলেন ॥ ২১ ॥

অপর তিনি শ্যামা, তাঁহার নীবী পিঙ্গলবর্ণ, নিতম্ব সুশোভন এবং কনকময় কাঞ্চীতে অলঙ্কৃত। তিনি চরণদ্বয় দ্বারা নূপুর ধ্বনি করিয়া সাক্ষাৎ দেবাঙ্গনার ন্যায় ইতস্ততঃ বিচরণ করিতেছিলেন ॥ ২২ ॥

তাঁহার স্তনদ্বয় নূতন উদ্ভিন্ন হওয়াতে যদিও যৌবনোপক্রম প্রকাশ পাইতেছিল তথাচ ঐ দুই স্তন এরূপ সম ও বৃত্ত হইয়াছিল যে তন্মধ্যে স্থান মাত্র ছিল না। অতএব তিনি লজ্জায় বস্ত্রাঞ্চল দ্বারা বারম্বার স্তন আচ্ছাদন করত গোপন করিতেছিলেন ॥ ২৩ ॥

তামাহ ললিতং বীরঃ সব্রীড়স্মিতশোভিনা। স্নিগ্ধেনাপাঙ্গপুঙ্খেন স্পৃষ্টঃ প্রেমোদ্ভ্রমদ্ভ্রুবা ॥ ২৪ ॥
কা ত্বং কঞ্জপলাশাক্ষি কস্যাসীহ কুতঃ সতি। ইমামুপপুরীং ভীরু কিং চিকীর্ষসি শংস মে ॥ ২৫ ॥
ক এতেঽনুপথা যে ত একাদশ মহাভটাঃ। এতা বা ললনাঃ সুভ্রু কোঽয়ং তেঽহিঃ পুরঃসরঃ ॥ ২৬
ত্বং হ্রীর্ভবান্যস্যথ বাগ্রমা পতিং বিচিন্বতী কিং মুনিবদ্রহো বনে।

শ্রীধরস্বামী।

তামাহেতি তয়োঃ সম্বাদোক্তিঃ সম্বন্ধ দার্ঢ্যায় অপাঙ্গ এব পুংখো মূলপ্রান্তো যস্য কটাক্ষ বাণস্য তেন স্পৃষ্টো বিদ্ধঃ। প্রেম্না উচ্চৈ ভ্রমন্তী ভ্রূর্ধনুঃ স্থানীয়া যস্মিন্ তেন ॥ ২৪ ॥

কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরীভূঃ তামালম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসীত্যর্থঃ ॥ ২৫ ॥

তব যে অনুপথা অনুবর্ত্তিনঃ এতে কে একাদশো মহাভটো বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণো যেষু দশস্থ তে। বুদ্ধের্বলঃ পৃথুত্বা-দানং বুদ্ধি পরিচারকেন্দ্রিয় সহায় তয়া তৎপরিচারকত্ব বিবক্ষয়া ॥ ২৬ ॥

ত্বং হ্রীঃ কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অথবা ভবানী পতিং শিবং বিচিন্বতী কিম্বা বাক্ সরস্বতী পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীর্বা পতিং

ক্রমসন্দর্ভঃ।

স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধভঙ্গেনাপাঙ্গরূপেণ বাণস্য পুঙ্খেন তৎপর্য্যন্তভাগেনাপি স্পৃষ্টো বিদ্ধ ইত্যর্থঃ ॥ ২৪। ২৫। ২৬। ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবিদ্যা বৃত্ত্যা জীবঃ স্বমিচ্ছয়ৈব বধ্নাতি। ননু তমীশ্বর স্তয়া বলাৎকারেণ বধ্নাতীতি বক্তুং তয়োঃ সম্বন্ধস্য প্রকারমাহ তামা-হেতি স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধ ভঙ্গেন অপাঙ্গরূপেণ পুংখেন তৎ পর্য্যন্তেনাপি কটাক্ষ শরেণ বিদ্ধ ইত্যর্থঃ। যতো বীরঃ বীরত্বাদেব তদপ্যক্রান্ত ইত্যর্থঃ। পক্ষে ভোগোৎসাহবত্বাদ্বীরঃ। অয়মর্থঃ। অবিদ্যা খলু ভোগ্য পদার্থভূতং স্বং দর্শয়তি জীবস্তত্র স্বরস বুদ্ধ্যা ভোক্তৃত্বমণী কুর্ব্বন্ অনুরজ্যতি। ঈশ্বরস্তু তত্র বিরস বুদ্ধ্যা ততো বিরজ্যতীতি ॥ ২৪ ॥

যদ্যপি বুদ্ধ্যাদিভিঃ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতি স্তথাপি মনুষ্য শরীর সম্বন্ধিন স্তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীত্যনুরাগেণচ তাং বুদ্ধিমপরিচিন্বন্নিব পৃচ্ছতি কা ত্বমিতি কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরী ভূমি স্তামবলম্ব্য কিং কর্ত্তু-মিচ্ছসি ॥ ২৫ ॥

অনুপথা অনুবর্ত্তিনঃ একাদশো মহাভটো যেষ্বিতি বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণং মন আলক্ষ্য ললনাশ্চেট্য ইতীন্দ্রিয় বৃত্তীরালক্ষ্য অহিঃ ক্রীড়োপকরণীভূত ইতি প্রাণমালক্ষ্য প্রশ্নঃ ॥ ২৬ ॥

লোকে হ্যবিবেকাৎ স্বস্য বুদ্ধিরুৎকৃষ্টেতি সর্ব্বস্যাভিমতিরিতি পুরঞ্জন বাক্যেনাভিব্যঞ্জয়তি। ত্বং হ্রীরিতি তস্যা মুখনেত্রা-

ঐ যুবতীর স্নিগ্ধ অপাঙ্গ যেন নিশিত বাণ তুল্য বোধ হইতেছিল, যে হেতু চক্ষুর্দ্বয়ের প্রান্ত ভাগই তাহার পুঙ্খ অর্থাৎ মূল প্রান্ত এবং প্রেমবশতঃ উচ্চ রূপে ভ্রমণশীল ভ্রূলতাই ধনুর স্থানীয় হইয়াছিল। আর সলজ্জ আস্য ঈষৎ হাস্যে শোভা পাইতেছিল। পুরঞ্জন (জীব) ঐ যুবতীর কটাক্ষশরে বিদ্ধ হওয়াতে সুললিত বাক্য দ্বারা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ২৪ ॥

অয়ি পদ্মপলাশাক্ষি! তুমি কে? কাহার কন্যা? কোন স্থান হইতে এখানে আসিয়াছ? হে ভীরু! পুরীর সমীপস্থ এই উপবন ভূমিতে কি করিতে বাঞ্ছা করিতেছ? আমাকে বল ॥ ২৫ ॥

হে সুভ্রু! এই যে সকল ব্যক্তি তোমার অনুবর্ত্তী ইহাদের মধ্যে একাদশতম ব্যক্তিকে মহাবল দেখি-তেছি, ইহারা কে? আর এই সমস্ত সীমন্তিনী ও তোমার অগ্রবর্ত্তী এই সর্প (প্রাণ) ইহারাই বা কে? ॥ ২৬

হে সাধ্বি! তুমি কি লজ্জা? না ভবানী? না বাণী? না রমাদেবী? মুনিবৎ সংযতা হইয়া এই

ত্বদঙ্ঘ্রিকামাপ্ত সমস্ত কামং ক্ব পদ্মকোশঃ পতিতঃ করাগ্রাৎ ॥ ২৭ ॥

নাসাং বরোর্বন্যতমা ভুবিস্পৃক্ পুরীমিমাং বীরবরেণ সাকং।

অর্হস্যলঙ্কর্ত্তুমদভ্রকর্ম্মণা লোকং পরং শ্রীরিব যজ্ঞপুংসা ॥ ২৮ ॥

যদেষ তেঽপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং সব্রীড়ভাবস্মিত বিভ্রমদ্ভ্রুবা।

ত্বয়োপসৃষ্টো ভগবান্ মনোভবঃ প্রবাধতেথানুগৃহাণ শোভনে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথং ভূত' পতিং ত্বদঙ্ঘ্রি কামেনৈব প্রাপ্তাঃ সমস্তাঃ কামা যেন তং ॥ ২৭ ॥

হে বরোরু আসাং মধ্যে ত্বমন্যতমাপি ন ভবসি। যতো ভুবি স্পৃক্ নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ মায়া পরং বৈকুণ্ঠং ॥২৮

যদযস্মাৎ তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং মনোযস্য তং মাং মনোভবো বাধতে। অথ তস্মাদনুগৃহাণ সব্রীড়ং বস্তাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূস্তয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদেষ তেঽপাঙ্গেতি। অথোপসৃষ্ট ইতি প্রাধাবতেঽথানুগৃহাণেতি। প্রথম তৃতীয় চতুর্থ চরণেষু পাঠা দৃশ্যন্তে। তত্র ত্বয়েতি চিৎসুখসম্মতশ্চ। কিন্তু যদেষ তেঽপাঙ্গেতি অথোপসৃষ্ট ইতি প্রধাবতে মানুগৃহাণেত্যেব পাঠাঃ স্বামি সম্মতা লক্ষ্যন্তে ॥ ২৯ । ৩০ । ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্যাবরণ ব্যঞ্জিতাং হ্রিয়মালক্ষ্য ন ত্বং হ্রীমতী কিন্তু সাক্ষাৎ স্বয়ং হ্রীরেব মাং মোহয়ন্তী সতী কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অত্র বনে রহো বর্ত্তসে ইতি স্ববুদ্ধি বৃত্তি মাধুর্য্যৈঃ স্বমোহন প্রপঞ্চঃ। অথবা ভবানীতি সৌন্দর্য্যম.লক্ষ্যোক্তিঃ পতিং শিবং বিচিন্বতী কিং বাক্ সরস্বতীতি তস্যা মহাবুদ্ধিমত্ত্বমালক্ষ্য পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীরিতি মহা সম্পত্তিমভিলক্ষ্য পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথম্ভূতং পতিং ত্বদঙ্ঘ্রি কামনয়ৈব প্রাপ্তাঃ সমস্তা কামা যেন তং। লোকেপি স্ববুদ্ধিবলাদীনমেব সর্ব্বমৈশ্বর্য্যং সর্ব্বজ্ঞেতি ক্রবতে। কেতি পদ্মকোশোলীলাকমলং সচ জীবস্য বিবেক এব তয়া তদলক্ষিতমেব স্বহস্ত বশীকৃত্য দূরতঃ ক্ষিপ্ত ইতি শ্লেষং ॥ ২৭

ত্বদনুরূপোঽহমেবেতি বক্তুং স্বকৃতং সন্দেহ স্বয়মেব নিরস্যতি নাসামিতি হে বরোরু যতস্ত্বং ভুবি স্পৃক্ নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং পক্ষে কিঞ্চিদ্বিবেক প্রাপ্ত্যা স্ববুদ্ধিঃ ন সর্ব্বোৎকৃষ্টাং মন্যতে লোকঃ কিন্তু স্বানুরূপামেবেতি ভাবঃ ॥ ২৮ ॥

যদযস্মাত্তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং চক্ষুর্যস্য তং মাং মনোভবোমদন ত্বয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ সন্ বাধতে। পক্ষে বিখণ্ডিতজ্ঞান চক্ষুষং মনোভবো বৈষয়িকী বাসনা উপসৃষ্ট স্বীয়বাধিক্যেন নির্ম্মিতো মাং বাধতে অতোঽনুগৃহাণ ত্বদীয়ান্ শব্দ

নির্জন বনে কি আপনার পতি অন্বেষণ করিতেছ ? হে সুভ্রু ! তোমাকে ত পতির অন্বেষণ করিতে হয় না, যে হেতু তোমার চরণদ্বয়ের কামনা দ্বারাই তোমার পতি সমস্ত কাম প্রাপ্ত হইতে পারেন ইহাতে তিনিই তোমার অন্বেষণ করিতে পারেন। সে যাহা হউক, তোমার করাগ্র হইতে সেই পদ্মকোশ কোথায় পতিত হইল ? ॥ ২৭ ॥

হে বরোরু ! আমি লজ্জা প্রভৃতি যাহা যাহা কহিলাম তুমি ঐ সকলের মধ্যে অন্যতমাও নহ, যে হেতু তুমি ভূমি স্পর্শ করিয়া রহিয়াছ, দেবতারা কখন মৃত্তিকা স্পর্শ করেন না। যাহা হউক, হে সুভ্রু ! আমি বীরশ্রেষ্ঠ, আমার কর্ম্ম অতি মহৎ, অতএব লক্ষ্মী যেমন যজ্ঞপুরুষ বিষ্ণুর সহিত বৈকুণ্ঠ পুরী অলঙ্কৃতা করিতেছেন তাহার ন্যায়, তুমি আমার সহিত এই পুরী অলঙ্কৃতা করিতে যোগ্য হও ॥২৮

হে শোভনে ! তোমার অপাঙ্গ নিক্ষেপে আমার মনঃ বিখণ্ডিত হইতেছে, তাহাতে তোমার সলজ্জ ঈষৎ হাস্যে ভ্রমণ কারিণী ভ্রূলতা দ্বারা প্রেরিত মনোভব আমাকে সমধিক পীড়া দিতেছেন। অতএব

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য

[illegible]সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

চতুর্থস্কন্ধঃ।

[illegible]

ইহাদ্য সন্তমাত্মানং বিদাম ন ততঃ পরং। যেনেয়ং নির্ম্মিতা বীর পুরী শরণমাত্মনঃ ॥ ৩৩ ॥

এতে সখায়ঃ সখ্যো মে নরা নার্য্যশ্চ মানদ। সুপ্তায়াং ময়ি জাগর্ত্তি নাগোঽয়ং পালয়ন্ পুরীং ॥৩৪

দিষ্ট্যাগতোঽসি ভদ্রং তে গ্রাম্যান্ কামানভীপ্সসে। উদ্বহিষ্যামি তান্ স্নেহাৎ স্ববন্ধুভিররিন্দম ॥৩৫

ইমাং ত্বমধিতিষ্ঠস্ব পুরীং নবমুখীং বিভো। ময়োপনীতান্ গৃহ্লানঃ কামভোগান্ শতং সমাঃ ॥ ৩৬

কং নু ত্বদন্যং রময়ে হ্যরতিজ্ঞমকোবিদং। অসম্পরায়াভিমুখমশ্বস্তনবিদং পশুং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

আত্মনো মম শরণমিয়ং পুরী যেন নির্ম্মিতা তঞ্চ ন বিদ্মঃ ॥ ৩৩ ॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি ॥ ৩৪ ॥

আস্তাং নাম গোত্রাদি যদত্রাগতোসি এতৎ দিষ্ট্যা ভদ্রং তাবৎ। গ্রাম্যান্ ইন্দ্রিয়গ্রাহ্যান্ উদ্বহিষ্যামি স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ ॥ ৩৫ ॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাৎ শতমিত্যুক্তং ॥ ৩৬ ॥

প্রবৃত্তি স্বভাবত্বাৎ নিবৃত্তি নিন্দাপূর্ব্বকং তৎসঙ্গমভিনন্দতি পঞ্চভিঃ। ত্বত্তোঽন্যং কং নু রময়ে অরতিজ্ঞঃ নৈষ্ঠিকং অকোবিদং

ক্রমসন্দর্ভঃ।

তাং স্নেহমিত্যত্র স্নেহানিতি কচিৎ ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯। ৫০ ॥

শ্রী বিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কিং জানাসীত্যত আহ ইহাদ্যেতি যেনাত্মনঃ স্বস্য মম বা শরণমাস্পদং পুরী নির্ম্মিতা তং নবিদামেতি কথাপক্ষে তেনৈব কেনচিন্মুনিনা কর্দ্দমেনৈব বিষয়ভোগার্থং পুরীয়ং যোগবলেন নির্ম্মিতেতি রাজা জানীতে স্ম ॥ ৩৩ ॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি। সখায় ইন্দ্রিয়াণি সখ্যস্তদ্বৃত্তয়ঃ। নাগঃ প্রাণঃ ময়ি সপরিকরায়াং সুপ্তায়াং সত্যাং জাগর্ত্তি। স্বপ্নে ইন্দ্রিয়াণাং লয়ে সুষুপ্তৌ মনোবুদ্ধ্যোরপি লয়ে প্রাণো বিরাজত এব ॥ ৩৪ ॥

দিষ্ট্যা ভাগ্যেনৈব আগতঃ মনুষ্যশরীরং প্রাপ্তোসীতি। উদ্বহিষ্যামি সংপাদয়িষ্যামি। স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ ॥ ৩৫ ॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহ প্রবেশাচ্ছতমিত্যুক্তং ॥ ৩৬ ॥

কথাপক্ষে সংপ্রতি পতিত্বরৈবাহমকস্মাৎ প্রাপ্তং স্বসদৃশং ত্বাং পশ্যন্তী নাস্তমন্বেষয়ামীত্যাহ কমিতি। অধ্যাত্ম পক্ষেতু বুদ্ধিরিয়ং

হে বীর! অদ্য এখানে যে আত্মা অবস্থিত তাঁহাকেও আমি জ্ঞাত নহি এবং যিনি আমার নিজের গৃহরূপ এই পুরী নির্ম্মাণ করিয়াছেন তিনিও আমার বিদিত নহেন ॥ ৩৩ ॥

হে মানদ! আপনি জিজ্ঞাসা করিয়াছেন আমার অনুবর্ত্তী এই সকল ব্যক্তি কে? হে মহাশয়! এই নর সকল আমার সখা এবং এই নারীগণ আমার সখী, আর এই পঞ্চশীর্ষ নাগ (প্রাণ) এই পুরীর পালন কর্ত্তা, আমি নিদ্রিতা হইলে এ ব্যক্তি জাগরিত হইয়া থাকে ॥ ৩৪ ॥

সে যাহা হউক, আমার পরম ভাগ্য যে আপনি এখানে আগমন করিয়াছেন, আপনকার মঙ্গল হউক, হে অরাতিনিসূদন! আপনি যে সকল গ্রাম্যভোগ অভিলাষ করিতেছেন আমি আপনার সখা ও সখীগণ দ্বারা তৎসমুদায় সম্পাদন করিয়া দিব ॥ ৩৫ ॥

প্রভো! আপনকারই এই পুরী, ইহা নয়টী দ্বারে অন্বিত। আপনি শত সম্বৎসর যাবৎ ইহাতে অধিকার করিয়া থাকুন, আমি আপনকার বাঞ্ছিত ভোগ আহরণ করিয়া দিতেছি গ্রহণ করুন ॥ ৩৬ ॥

হে মহাশয়! আমি তোমা ব্যতীত কোন্ পুরুষের সহিত রমণ করিব? অন্য নৈষ্ঠিক পুরুষ

ধর্ম্মোহত্রার্থ কামৌচ প্রজানন্দো মৃতং যশঃ। লোকা বিশোকা বিরজা যান্ন কেবলিনোবিদুঃ॥ ৩৮॥
পিতৃদেবর্ষি মর্ত্যানাং ভূতানামাত্মনশ্চ হ। ক্ষেমং বদন্তি শরণং ভবেস্মিন্ যদ্গৃহাশ্রমঃ।
কা নাম বীর বিখ্যাতং বদান্যং প্রিয়দর্শনং। ন বৃণীত পতিং প্রাপ্তং মাদৃশী ত্বাদৃশং স্বয়ং॥ ৩৯॥
কস্যা মনঃ স্যাত্তবভোগিভোগয়োঃ স্ত্রিয়া নসজ্জেদ্ভুজয়ো র্মহাভুজ।

শ্রীধরস্বামী।

অনিষিদ্ধ সুখত্যাগিনং। সম্পরায়ো মৃত্যু স্তদনভিমুখং পরলোক চিন্তাশূন্যং অশ্বস্তনবিদং শ্ব ইদং কর্ত্তব্যমিতি ইহলোক চিন্তাশূন্যং পশুতুল্যং॥ ৩৭॥

অত্র গার্হস্থ্যে প্রজানন্দঃ পুত্রসুখং অমৃতং মোক্ষঃ কেবলিনো যতয়ঃ॥ ৩৮॥

গৃহাশ্রম ইতি যৎ এতৎ ক্ষেমার্হং শরণমাশ্রয়ং বদন্তি॥ ৩৯॥

ভোগিভোগয়োঃ সর্পদেহাকারয়ো স্তব ভুজয়ো র্যন্ন সজ্জেত এবম্ভূতং কস্যাঃ স্ত্রিয়া মনঃ স্যাৎ ন কস্যা অপীত্যর্থঃ। যোভবান্ অনাথবর্গাদীন্ স্তোমাঃ তেষামাধিং অলমত্যর্থং অপোহিতুং সর্ব্বত্র চরতি কেনাপোহিতুং ঘৃণয়োদ্ধতঃ অতিশয়িতো যঃ স্মিত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজসী কিঞ্চিৎ সত্ত্ব মিশ্রত্বাদ্ধার্ম্মিকৈবেতি তামস্যা সাত্ত্বিক্যা চ বুদ্ধ্যা আবৃতং পুমাংসং নিন্দতি কমিতি পঞ্চভিঃ। স্থাবরয়োনি গতত্বাদরতিজ্ঞং পশ্বাদিযোনিগতত্বেন রতিজ্ঞত্বেপ্যকোবিদং। বিপ্র বণিজাদি জাতিত্বেন কোবিদত্বেপি সংপরায়ো যুদ্ধং তদনভিমুখমবীরমিত্যর্থঃ। ক্ষত্রিয় জাতিত্বেন বীরত্বেপি অশ্বস্তনবিদং শ্বঃ পরশ্বোবা মরণানন্তরং মে কিং ভবিষ্যতীতি জ্ঞান শূন্যত্বা দধার্ম্মিকমিত্যর্থঃ। পশুতুল্যত্বাৎ পশুঃ॥ ৩৭॥

ত্রিবর্গ সাধকং গার্হস্থ্যমভিনন্দতি ধর্ম্ম ইতি প্রজার্থক রত্যুত্থ আনন্দঃ পুত্রপৌত্রাদি লালন রূপ আনন্দোবা অমৃতং অদনীয়ং যজ্ঞশিষ্টাদি। অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযূষে সলিলে ঘৃত ইতি মেদিনী। লোকা যাগাদিপ্রাপ্যাঃ। কেবলিনো যতয়ো যান্ন বিদুরিত্যতি দুঃখ প্রাপ্যস্য চতুর্থ পুরুষার্থস্যানভিনন্দনাৎ সাত্ত্বিকী বুদ্ধিরপি নিন্দিতা। অধ্যাত্মপক্ষে ত্রিবর্গস্যোপপাদনমবিদ্যয়ৈবেত্যুক্তং॥ ৩৮॥

গৃহাশ্রমস্তু সর্ব্বেষাং সুখদ ইত্যাহ পিত্রিতি অস্মিন্ ভবে মনুষ্য জন্মনি যৎ ক্ষেমং শরণং বদন্তি স গৃহাশ্রমঃ॥ ৩৯॥

ভোগিভোগয়োঃ সর্প শরীরাকারয়ো স্তব ভুজয়োঃ কস্যাঃ স্ত্রিয়া মনো ন স্যাং ভবচ্চ সৎ কস্যা ন সজ্জেদিত্যাবৃত্ত্যা অন্বয়ঃ। যোভবান্ অনাথবর্গাণামস্মদাদীনামাধিমস্তঃ পীড়াং অপোহিতুং দূরীকর্ত্তুং চরতি। কেন স্মিতাবলোকেন। হে ঘৃণোদ্ধত কৃপয়া

সে কি রতি জানে! সে অনিষিদ্ধ সুখেরও পরিত্যাগী, অতএব তাহার পরলোক চিন্তা নাই, আর কল্য ইহা করিতে হইবে ইত্যাদি লৌকিক চিন্তারও কোন সম্পর্ক রাখে না, অতএব পশু তুল্য॥ ৩৭॥

প্রভো! গার্হস্থ্য তুল্য সুখ কোথায় আছে? এই আশ্রমে ধর্ম্ম, অর্থ, কাম, পুত্রসুখ, যশঃ, মুক্তি, এবং বিশোক ও নির্ম্মল লোক, দেদীপ্যমান, যতিরা তাহার নামও জানেন না॥ ৩৮॥

হে মানদ! পণ্ডিতেরা বলেন সংসারে যে গৃহাশ্রম ইহা পিতৃ, দেব, ঋষি, মানব, ভূত এ সকলের এবং আপনার কল্যাণ কর স্থান। হে বীর! এই গৃহাশ্রমে আমার সদৃশী কোন্ যুবতী আপনার তুল্য বিখ্যাত, বদান্য, প্রিয়দর্শন, স্বয়ং উপস্থিত পতিকে বরণ না করিবে?॥ ৩৯॥

হে মহাবাহো! আপনার সর্পদেহ সদৃশ দুই বাহুতে যাহার মন আসক্ত না হয় এমত কোন্ স্ত্রী আছে? অর্থাৎ কেহই নাই, প্রভো! আপনি কি সাধারণ পুরুষ? দয়াতে পরিপূর্ণ যে মহাত্ত অব

মোহনাথকর্ষাবিমলং স্মৃতোত্থ স্মিতাবলোকেন চরত্যপোহিতুম্ ॥ ৪০ ॥

ইতি তৌ দম্পতী তত্র সমুদ্য সময়ং মিথঃ। তাং প্রবিশ্য পুরীং রাজন্ মুমুদাতে শতং সমাঃ ॥৪১

উপগীয়মানো ললিতং তত্র তত্রচ গায়কৈঃ। ক্রীড়ন্ পরিবৃতঃ স্ত্রীভি র্হ্রদিনীমাবিশচ্ছুচৌ ॥ ৪২ ॥

সপ্তোপরি কৃতা দ্বারঃ পুরস্তস্যাস্তু দ্বে অধঃ। পৃথগ্ বিষয়গত্যর্থং তস্যাং যঃ কশ্চনেশ্বরঃ ॥ ৪৩ ॥

পঞ্চদ্বারস্তু পৌরস্ত্যা দক্ষিণৈকা তথোত্তরা। পশ্চিমে দ্বে অমুষাং তে নামানি নৃপ বর্ণয়ে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বকোঽবলোকস্তেন ॥ ৪০ ॥

সমুদ্য সমুদীর্য্য সমাঃ সম্বৎসরান্ ॥ ৪১ ॥

তত্র জাগ্রদবস্থাং সংক্ষেপেণাহ উপগীয়মান ইতি। সুষুপ্ত্যবস্থামাহ। হ্রদিনীং হৃদয়াকাশং স্বাবস্থানং শুচৌ নিদাঘে ॥ ৪২ ॥

ইদানীং নবদ্বারঃ প্রদর্শয়ন্ জাগ্রদবস্থাং প্রপঞ্চয়তি সপ্তেতি যাবদধ্যায় সমাপ্তি। তস্যাঃ পুরঃ উপরি কৃতা দ্বারঃ সপ্ত বৃতা ইতি পাঠে সংবৃতাঃ নেত্রে নাসিকে শ্রোত্রে মুখঞ্চেতি সপ্ত। অধো দ্বে দ্বারৌ গুদলিঙ্গে। যঃ কশ্চনেতি আত্মনঃ সম্যগবিজ্ঞানাদ নিয়ন্তৃত্বাচ্চ ॥ ৪৩ ॥

তাসু সপ্তসু পঞ্চ দ্বারঃ পৌরস্ত্যাঃ পূর্ব্বদিগ্‌ভবাঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উক্তঞ্চ অধ্যাত্ম পক্ষে চৈতন্যেনৈব বুদ্ধ্যাদয়ঃ স নাথা ভবন্তীত্যুক্তং ॥ ৪০ ॥

সময়ং সঙ্কেতং সমুদ্য সমুদীর্য্য ॥ ৪১ ॥

তত্র মুমুদাতে শতং সমা ইত্যাদিনা জাগ্রদবস্থাং সংক্ষেপেণোক্ত্বা স্বপ্নাবস্থামাহ ক্রীড়ন্নিতি স্ত্রীভি র্বৃত ইতি স্বপ্নে ইন্দ্রিয়াণামবসন্নত্বাৎ তৎ সংস্কারেণ তদ্বৃত্তীনামেব তত্তৎ কার্য্যকারিত্বাৎ সুষুপ্ত্যবস্থামাহ হ্রদিনীং নদীং হৃদয়াকাশং স্বাপস্থানঞ্চ শুচৌ নিদাঘে সুষুপ্তৌচ ॥ ৪২ ॥

ইদানীং নবদ্বার প্রদর্শন পূর্ব্বকং জাগ্রদবস্থাং বিস্তরেণাহ। সপ্তেতি তস্যাঃ পুরঃ পুর্য্যাঃ উপরি উর্দ্ধ প্রদেশে অষ্টৌ শ্রোত্রে নেত্রে নাসিকে মুখঞ্চেতি সপ্ত দ্বারঃ। অধো গুদ লিঙ্গে ইতি দ্বে দ্বারৌ য ঈশ্বরঃ পুরঞ্জনঃ তস্য ॥ ৪৩ ॥

তাসু সপ্তসু মধ্যে পঞ্চ দ্বারঃ পৌরস্ত্যাঃ পূর্ব্বাভিমুখ্যঃ দক্ষিণা একা দক্ষিণাভিমুখী দক্ষিণ কর্ণ রূপা উত্তরাভিমুখী বামকর্ণ রূপা ॥ ৪৪ ॥

লোকন, তদ্দ্বারা দীনজনের মনঃপীড়া একবারে দূর করিবার নিমিত্ত সর্ব্বত্র ভ্রমণ করিয়া থাকেন ॥ ৪০

নারদ কহিলেন হে রাজন্! এই প্রকারে ঐ দম্পতী পরস্পর প্রতিজ্ঞা করিয়া সেই নবমুখী পুরীতে প্রবেশানন্তর শতবৎসর যাবৎ আমোদ প্রমোদ করিতে লাগিলেন ॥ ৪১ ॥

সেখানে স্থানে স্থানে গায়কগণ মনোহর স্বরে পুরঞ্জনের যশঃ গান করিতেছিল এবং তিনি স্ত্রীগণে পরিবৃত হইয়া তাহাদের সহিত ক্রীড়া করিতেছিলেন। অনন্তর যখন নিদাঘ অর্থাৎ সুষুপ্ত্যবস্থা উপস্থিত হইল, তখন হ্রদিনী মধ্যে (হৃদয়াকাশে) প্রবেশ করিলেন ॥ ৪২ ॥

রাজন্! ঐ দম্পতী যে পুরীতে প্রবেশ করিলেন সেই পুরীর মধ্যে পৃথক্ পৃথক্ বিষয় অনুভব করিবার নিমিত্ত উপরিভাগে সাতটী দ্বারের তুল্য হইয়া রহিয়াছে। আর অধোভাগে গুহ্যদেশ ও লিঙ্গ এই দুইটী দ্বার ॥ ৪৩ ॥

হে রাজন্! ঐ পুরীর যে সকল দ্বারের কথা কহিলাম তন্মধ্যে পূর্ব্বদিকে পাঁচটী, দক্ষিণে একটী পশ্চিম দিকে দুইটী। ঐ সকলের নাম বলিতেছি শ্রবণ কর ॥ ৪৪ ॥

খদ্যোতাবির্মুখীচ প্রাগ্ দ্বারাবেকত্র নির্ম্মিতে। বিভ্রাজিতং জনপদং যাতি তাভ্যাং দ্যুমৎসখঃ ॥ ৪৫

নলিনী নালিনীচ প্রাগ্ দ্বারাবেকত্র নির্ম্মিতে। অবধূতসখস্তাভ্যাং বিষয়ং যাতি সৌরভং ॥ ৪৬

মুখ্যা নাম পুরস্তাদ্দ্বা তয়াপণবহূদনৌ। বিষয়ৌ যাতি পুররাট্ রসজ্ঞবিপণান্বিতঃ ॥ ৪৭ ॥

পিতৃহূর্নৃপ পুর্য্যা দ্বার্দক্ষিণেন পুরঞ্জনঃ। রাষ্ট্রং দক্ষিণপঞ্চালং যাতি শ্রুতধরান্বিতঃ।

শ্রীধরস্বামী।

খদ্যোতবদল্প প্রকাশা বামনেত্ররূপা আবিঃ প্রকটং মুখং যস্যাঃ সা বহুপ্রকাশা দক্ষিণনেত্র লক্ষণা তস্মাৎ দক্ষিণার্দ্ধং আত্ম বীর্য্যবত্তর ইতি শ্রুতেঃ। স্বানুভবাচ্চ তত্র প্রকাশাধিক্যং। একত্র সংলগ্নে বিভ্রাজিতং রূপং দ্যুমৎসখঃ চক্ষুঃ সহিতঃ ॥ ৪৫ ॥

নল নাল শব্দৌ ছিদ্র বচনৌ তদ্বতী নলিনী নালিনীচ বামদক্ষিণ নাসিকে। অত্রাপি সংজ্ঞা ভেদাদেব কার্য্যে ন্যূনাধিক্যং পূর্ব্ব বদূহ্যেয়ং। অবধূতো বায়ুধিষ্ঠিতোঘ্রাণঃ সৌরভং গন্ধঃ ॥ ৪৬ ॥

মুখ্যা প্রধানা আস্যং আপণো ভাষণং বহূদনশ্চিত্রমন্নং বহ্বোদন ইত্যনুক্তিঃ পরোক্ষবাদত্বায়। রসজ্ঞং রসনেন্দ্রিয়ং বিপণে বাগিন্দ্রিয়ং তাভ্যামন্বিতঃ ॥ ৪৭ ॥

দক্ষিণেনেতি ন তৃতীয়া দক্ষিণস্যাং দিশীত্যর্থে তদ্ধিতোযমেনপ্ প্রত্যয়োঽব্যয় সংজ্ঞঃ। এবমুত্তরেণেতি। অয়মর্থঃ। পঞ্চানাং বিষয়াণাং অন্যতোঽনবগতানাং প্রকাশনায়ালমিতি পঞ্চালং শাস্ত্রং শাস্ত্রশ্রবণ কালে বলাধিক্যাৎ দক্ষিণ কর্ণঃ প্রথমং বর্ত্ততে। শাস্ত্রেচ প্রথমং শ্রোতব্যং কর্ম্মকাণ্ডমিত্যেতাবতা সামান্যেন প্রবৃত্ত সংজ্ঞস্য কর্ম্মকাণ্ডস্য দক্ষিণকর্ণেন শ্রবণমিষ্যতে। তত্তস্তদর্থ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

খদ্যোতবদল্প প্রকাশা বাম নেত্ররূপা আবির্মুখী বহু প্রকাশা দক্ষিণ নেত্র রূপা তস্মাদ্দক্ষিণাঙ্গমাত্মনোবীর্য্যবত্তরমিতি শ্রুতেঃ একত্র সংলগ্নে বিভ্রাজিতং রূপং। দ্যুমৎসখঃ চক্ষুঃ সহিতঃ ॥ ৪৫ ॥

নলনাল শব্দৌ ছিদ্র বচনৌ তদ্বত্যৌ বাম দক্ষিণ নাসিকে প্রাঙ্মুখ্যৌ অবধূতো বায়ুধিষ্ঠিতোঘ্রাণঃ কথাপক্ষে বিষয়ং দেশং বহু সুরভিমত্বাৎ সৌরভং পক্ষে গন্ধং ॥ ৪৬ ॥

সর্ব্বদ্বার মুখ্যত্বাৎ সর্ব্ব সত্ত্বীবকত্বাচ্চ মুখ্যা তয়া একয়ৈব আপণ বহূদনৌ দ্বৌ দেশৌ অন্যত্র দ্বাভ্যাং দ্বাভ্যামেকদেশং যাতীত্যপি মুখ্যত্বে হেতুঃ। পক্ষে মুখ্যা আস্যং আপণোভাষণং বহূদনশ্চিত্রমন্নং বহ্বোদন ইত্যনুক্তিঃ পরোক্ষবাদত্বাৎ। রসজ্ঞং রসনেন্দ্রিয়ং বিপণো বাগিন্দ্রিয়ং তাভ্যাং যুক্তঃ ॥ ৪৭ ॥

হে নৃপ দক্ষিণেন দক্ষিণস্যাং দিশি দক্ষিণমুখীত্যর্থঃ ॥ ৪৮ ॥

খদ্যোতবৎ অল্প প্রকাশ যুক্ত বামনেত্র এবং বহু প্রকাশ যুক্ত দক্ষিণ নেত্র রূপ যে দুই দ্বার, এই দুইটী একত্র সংলগ্ন, এই দুই দ্বার দিয়া যে রূপের প্রকাশ হয়, চক্ষুর সহিত বর্ত্তমান পুরঞ্জন তাহাই গ্রহণ করেন ॥ ৪৫ ॥

এই রূপ নলিনী ও নালিনী অর্থাৎ ছিদ্রদ্বয় বিশিষ্ট যে বাম ও দক্ষিণ নাসিকা রূপ দুই দ্বার, তাহারাও একত্র সংলগ্ন। ঘ্রাণেন্দ্রিয় বায়ু কর্তৃক অধিষ্ঠিত হইয়া ঐ দুই দ্বার যোগেই গন্ধ অনুভব করেন ॥ ৪৬ ॥

অপর ঐ পুরীর সম্মুখবর্ত্তী যে দ্বার অর্থাৎ মুখ তাহা প্রধান, পুরী স্থিত পুরঞ্জন (দেহস্থ জীব) বাগিন্দ্রিয়ও রসনেন্দ্রিয় সংযুক্ত হইয়া ঐ দ্বার দিয়া ভাষণ ও অন্ন গ্রহণ করিয়া থাকেন ॥ ৪৭ ॥

অপর হে নৃপ! ঐ পুরীর দক্ষিণ দিকে যে দ্বার আছে অর্থাৎ দক্ষিণ কর্ণ তাহার নাম পিতৃহূ।

যেষ্বহূর্নাম পুর্য্যা দ্বারমুত্তরেণ পুরঞ্জনঃ। রাষ্ট্রমুত্তরপঞ্চালং যাতি শ্রুতধরান্বিতঃ॥ ৪৮॥
আসুরী নাম পশ্চাদ্দ্বাস্তয়া যাতি পুরঞ্জনঃ। গ্রামকং নাম বিষয়ং দুর্মদেন সমন্বিতঃ॥ ৪৯॥
নির্ঋতির্নাম পশ্চাদ্দ্বাস্তয়া যাতি পুরঞ্জনঃ। বৈশসং নাম বিষয়ং লুব্ধকেন সমন্বিতঃ॥ ৫০॥
অন্ধাবমীষাং পৌরাণাং নির্ব্বাক্পেশস্কৃতাবুভৌ। অক্ষণ্বতামধিপতিস্তাভ্যাং যাতি করোতিচ॥৫১
স যর্হ্যন্তঃ পুরগতো বিষূচীন সমন্বিতঃ। মোহং প্রসাদং হর্ষং বা যাতি জায়াত্মজোদ্ভবং।

শ্রীধরস্বামী।

মনুষ্ঠায় পিতৃভিরাহূতঃ পিতৃলোক প্রাপকং পিতৃযানং প্রপদ্যতে তদনেন প্রকারেণ পিতৃণামাহ্বানমনেন ভবতীতি পিতৃহূর্দ্দক্ষিণঃ কর্ণঃ এবং তদ্বৈপরীত্যেন উত্তরকর্ণো দেবহূঃ। তথাচ ব্যাখ্যাস্যতি পিতৃহূর্দক্ষিণঃ কর্ণ উত্তরো দেবহূঃ স্মৃতঃ। প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শাস্ত্রং পঞ্চালসংজ্ঞকং। পিতৃযানং দেবযানং শ্রোত্রাৎ শ্রুতধরাৎ ব্রজেদিতি॥ ৪৮॥
অসুরা ইন্দ্রিয়ারামা স্তেষামিয়মাসুরা শিশ্নদ্বাঃ গ্রামকং গ্রামস্থ জনানাং কং সুখং ব্যবায়ং দুর্ম্মদেন গুহেন্দ্রিয়েণ॥ ৪৯॥
নির্ঋতির্নাম গুদং মৃত্যুদ্বারত্বাৎ বৈশসং মলবিসর্গং লুব্ধকেন পায়ুনা তেনোৎক্রান্তস্য দুঃখপ্রাপ্তে র্লুব্ধকসাম্যং॥ ৫০॥
অমীষাং মধ্যে নির্ব্বাক্ পাদঃ পেশস্কৃৎ হস্তঃ তাবুভাবন্ধৌ ছিদ্রাভাবাৎ স্বতঃ জ্ঞানক্রিয়াশক্ত্যভাবাচ্চ। অক্ষন্বতাং ইন্দ্রিয়বতাং দেহানামধিপতিঃ পুরঞ্জনঃ ত্বগিন্দ্রিয়স্যাসুক্তিঃ সর্ব্বেস্বন্তর্ভাবাৎ॥ ৫১॥
অন্তঃপুরং হৃদয়ং গতঃ বিষূচীনং সর্ব্বতোমুখং মনঃ। মোহ প্রসাদ হর্ষাঃ তমঃ সত্বরজঃ কার্য্যাণি জায়া বুদ্ধিঃ আত্মজা ইন্দ্রিয়

ক্রমসন্দর্ভঃ।

অন্ধাবিতি জ্ঞানহীনত্বাৎ॥ ৫১। ৫২। ৫৩। ৫৪।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উত্তরেণ উত্তরস্যাং দিশি শ্রুতধরঃ শ্রুতং শ্রোত্রেন্দ্রিয়ং দক্ষিণ কর্ণেন বলাধিক্যাৎ প্রাথম্যাচ্চ কর্ম্মকাণ্ড শ্রবণং বামকর্ণেন জ্ঞানকাণ্ড শ্রবণমিতি দ্বারদেশয়োর্নাম ভেদঃ কৃতঃ। পঞ্চানামপি বিষয়াণাং শ্রোত্রেণৈব প্রথমমবগমাৎ পঞ্চালমিতি সংজ্ঞা জ্ঞেয়া॥ ৪৮॥
অসুরা ইন্দ্রিয়ারামাস্তেষামিয়মাসুরী শিশ্নদ্বাঃ। গ্রামকং গ্রামস্থজনানাং কং সুখং ব্যবায়ং দুর্ম্মদেন উপস্থেন্দ্রিয়েণ॥ ৪৯॥
নির্ঋতি র্গুদং মৃত্যু দ্বারত্বাৎ। বৈশসং মল বিসর্গং লুব্ধকেন পায়ুনা তেনোৎক্রান্তস্য দুঃখপ্রাপ্তে র্লুব্ধক সাম্যং॥ ৫০॥
অমীষাং মধ্যে নির্ব্বাক্ পাদঃ পেশস্কৃৎ হস্ত স্তাবুভাবপ্যন্ধৌ ছিদ্রা ভাবাৎ। অক্ষণ্বতামিন্দ্রিয়বতাং দ্বারাণামধিপতিঃ॥ ৫১॥
অন্তঃপুরং হৃদয়ং বিষু সর্ব্বতোঽঞ্চতীতি বিষূচীনং মনস্তদ্যুক্তঃ। মোহঃ প্রসাদ হর্ষাস্তমঃ সত্ব রজঃ কার্য্যাণি জায়া বুদ্ধিঃ

পুরঞ্জন (জীব) শ্রবণেন্দ্রিয় সংযুক্ত হইয়া ঐ দ্বার দ্বারা উত্তর পঞ্চাল রাজ্য প্রাপ্ত হন, অর্থাৎ নিবৃত্তি লক্ষণশাস্ত্র সকল শ্রবণ করিয়া থাকেন॥ ৪৮॥

আর ঐ পুরীর পশ্চিম দিকস্থ যে দ্বার অর্থাৎ শিশ্ন,তাহার নাম আসুরী। পুরঞ্জন গুহেন্দ্রিয় সংযুক্ত হইয়া ঐ দ্বার দ্বারা গ্রাম্য বিষয় অর্থাৎ স্ত্রীসংসর্গ জন্য সুখ অনুভব করেন॥ ৪৯॥

রাজন্! পশ্চাৎ দিকে আসুরী ভিন্ন অন্য একটী দ্বার আছে, তাহার নাম নির্ঋতি। পুরঞ্জন পায়ু ইন্দ্রিয় সমন্বিত হইয়া ঐ দ্বার যোগে মল ত্যাগ করিয়া থাকেন॥ ৫০॥

মহারাজ! ঐ পুরীতে যত দ্বার অর্থাৎ ইন্দ্রিয় আছে, তাহাদের মধ্যে হস্ত ও পদ এই দুইটী অন্ধ, যে হেতু তাহাদের ছিদ্র অথবা জ্ঞান ক্রিয়া শক্তি নাই। পরন্তু ইন্দ্রিয়বর্গের অধিষ্ঠাতা পুরঞ্জন ঐ দুই ইন্দ্রিয় দ্বারা গমন ও কর্ম্ম করিয়া থাকেন॥ ৫১॥

অপর হে রাজন্! সেই পুরঞ্জন যখন অন্তঃপুরে অর্থাৎ হৃদয়াগারে গমন করেন, তখন সর্ব্বতো মুখ যে মনঃ, তাহার সহিত সমন্বিত হইয়া কখন মোহ, কখন প্রসন্নতা, কখন বা হর্ষ প্রাপ্ত হন। রাজন্!

এবং কর্ম্মসু সংসক্তঃ কামাত্মা বঞ্চিতোঽবুধঃ। মহিষী যদ্যদীহেত তত্তদেবান্ববর্ত্তত ॥ ৫২ ॥
কচিৎ পিবন্ত্যাং পিবতি মদিরাং মদবিহ্বলঃ। অশ্নন্ত্যাং কচিদশ্নাতি যক্ষত্যাং সহ যক্ষিতি।
কচিদগায়তি গায়ন্ত্যাং রুদত্যাং রোদিতি কচিৎ। কচিদ্ধসন্ত্যাং হসতি জল্পন্ত্যামনুজল্পতি ॥ ৫৩
কচিদ্ধাবতি ধাবন্ত্যাং তিষ্ঠন্ত্যামনুতিষ্ঠতি। অনুশেতে শয়ানায়ামন্বাস্তে কচিদাসতীং ॥
কচিৎ শৃণোতি শৃণ্বন্ত্যাং পশ্যন্ত্যামনুপশ্যতি। কচিজ্জিঘ্রতি জিঘ্রন্ত্যাং স্পৃশন্ত্যাং স্পৃশতি কচিৎ।
কচিচ্চ শোচতীং জায়ামনুশোচতি দীনবৎ। অনুহৃষ্যতি হৃষ্যন্ত্যাং মুদিতামনুমোদতে ॥ ৫৪ ॥
বিপ্রলব্ধো মহিষ্যৈবং সর্ব্ব প্রকৃতিবঞ্চিতঃ। নেচ্ছন্নমু করোত্যজ্ঞ ক্লৈব্যাৎ ক্রীড়ামৃগো যথা ॥ ৫৫

শ্রীধরস্বামী।

পরিণামা স্তদ্ভবং ॥ ৫২ ॥

যক্ষন্ত্যাং মোদকাদি ভক্ষয়ন্ত্যাং ॥ ৫৩ ॥

আসতীং আসীনাং ॥ ৫৪ ॥

সর্ব্বা অসঙ্গত্বাদি লক্ষণা প্রকৃতিঃ স্বভাবো বঞ্চিতা যস্য সর্ব্বয়া প্রকৃত্যা বঞ্চিত ইতি বা। নেচ্ছন্ অনিচ্ছন্। ক্লৈব্যাৎ পারবশ্যাৎ ॥ ৫৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিপ্রলব্ধঃ অত্র জীবস্য শক্তিমত্তায়াং পরাভিধ্যানাত্তু তিরোহিতং। ততোঽস্য বন্ধবিপর্য্যয়াবিত্যেতৎ স্বপ্নমপ্যসুব্ধেয়ং ॥ ৫৫

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মজাঃ সামান্য বিশেষ নিশ্চয় জ্ঞানাদয়স্তদ্ভবং ॥ ৫২ ॥

জীবস্যোপাধি ধর্ম্মাধ্যাসং প্রপঞ্চয়তি কচিদিত্যাদি। যদুক্তং প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈরাত্মনি মন্যত ইতি জক্ষন্ত্যাং চর্ব্বন্ত্যাং ॥ ৫৩ ॥

আসতীমাসীনাং ॥ ৫৪ ॥

বিশেষেণ প্রকর্ষেণ এবমনেন প্রকারেণ লব্ধঃ প্রাপ্তঃ। সর্ব্বয়া প্রকৃত্যা স্বভাবেন জ্ঞানানন্দাদি রূপয়া বঞ্চিত স্ত্যাজিতঃ।

ঐ সকল মোহাদি তাহার পুত্র ও কলত্র (ইন্দ্রিয় পরিণাম) হইতে উৎপন্ন হইয়া এই রূপে কামাত্মা ও কর্ম্মে আসক্ত হওয়াতে ঐ পুরঞ্জন অজ্ঞের তুল্য বঞ্চিত হয়েন। তাঁহাকে আপনার মহিষী যাহা যাহা করিতে ইচ্ছা করেন তত্তদ্বিষয়ের অনুবর্ত্তী হইতে হয় ॥ ৫২ ॥

অর্থাৎ কখন জায়া মদিরা পান করিলে আপনি মদবিহ্বল হইয়া পান করেন, কখন তিনি অন্নাদি ভোজন করিলে আপনি ভোজন করেন, কখন তিনি গমন করিলে আপনি গমন করেন, কখন বা তিনি রোদন করিলে আপনি রোদন করেন, কখন তিনি হাস্য করিলে আপনি হাস্য করেন, কখন তিনি গল্প করিলে আপনি গল্প করেন ॥ ৫৩ ॥

কখন তাঁহাকে ধাবমানা হইতে দেখিলে আপনি ধাবমান হন, কখন তিনি অবস্থিতা হইলে আপনি অবস্থিতি করেন, কখন তিনি শয়ন করিলে আপনি শয়ন করেন, কখন তিনি বসিলে আপনি বসেন, কখন তিনি শ্রবণ করিলে আপনি শ্রবণ করেন, কখন তিনি দেখিলে আপনি দর্শন করেন, কখম তিনি গন্ধাদি আঘ্রাণ করিলে আপনি আঘ্রাণ করেন, কখন বা স্পর্শ করিলে আপনি স্পর্শ করেন। কখন জায়াকে শোক করিতে দেখিয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আপনিও দীনের ন্যায় হইয়া শোক করেন, কখন, তিনি হৃষ্টা হইলে আপনি হৃষ্ট, এবং মুদিতা হইলে আপনি মুদিত হয়েন ॥ ৫৪ ॥

হে রাজন্! পুরঞ্জন এই প্রকারে আপনার মহিষী কর্ত্তৃক প্রতারিত হইয়া আপনার অসমর্থারি

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৫ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

স একদা মহেষ্বাসো রথং পঞ্চাশ্বমাশুগং। দ্বীশং দ্বিচক্রমেকাক্ষং ত্রিবেণুং পঞ্চ বন্ধুরং ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চবিংশঃ ॥ * ॥

ষড়্বিংশে মৃগয়াব্যাজাৎ স্বপ্ন জাগরণোক্তিভিঃ। সদ্বুদ্ধিত্যাগ যোগাভ্যাং সংসৃতিঃ সা প্রপঞ্চ্যতে ॥ ০ ॥

তদেবমাত্মন উপাধিকৃতাং সুষুপ্ত্যবস্থাং জাগ্রদবস্থাং চোক্ত্বা ইদানীং স্বপ্নাবস্থামাহ স একদেতি দশভিঃ। মহানিষ্বাসোধনুঃ কর্তৃত্ব ভোক্তৃত্বাদ্যভিনিবেশো যস্য সঃ। রথমারুহ্য পঞ্চপ্রস্থং বনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ। রথং তদানীমেব বিধৃতং স্বপ্নদেহং জাগ্রদ্দেহস্য শতসম্বৎসরোপভোগ্য পুরত্বেনোক্তত্বাৎ। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণ্যশ্বা যস্য। আশুগং শীঘ্রগতিং দ্বে অহন্তা মমতে ঈশে

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

স একদেতি ত্রিকং। টীকায়াং একা বুদ্ধিরবিবেকবতী। পঞ্চ বিষয়াহত মৃগস্থানীয়াঃ। পূর্ব্ব শব্দাদয়ো বাসনাময় বিষয়াঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নেচ্ছন্ একেন স্বস্বভাবেন বস্য তস্য তদনিচ্ছন্নপি ক্লৈব্যাৎ পারবশ্য প্রাপকাদপরস্মাৎ স্বভাবাৎ অনুকরোতি তদ্ধর্ম্মমাত্মন্যধিদধাতি ॥৫৫

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে পঞ্চবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধার্ম্মিকস্যাপি জীবস্য দৈবাত্তামসভাবতঃ। ষড়্বিংশে সদ্বিয়স্ত্যাগঃ পুনঃ প্রাপ্তিশ্চ বর্ণ্যতে ॥ ০ ॥

ধার্ম্মিকস্য বিবেকিনোপি জীবস্য কদাচিদ্দৈববশাত্তামস ভাবোদ্গমেনাবিবেকতো নিষিদ্ধ বিষয়া সক্তিঃ স্যাদিতি দর্শয়ন্ বিষয় লৌল্যাতিরেকার্থমেব দেহং রথরূপত্বেন বর্ণয়তি স এবৈকস্মিন্ সময়ে রথমারুহ্য পঞ্চপ্রস্থং বনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ। মহানিষ্বাসো ধনুঃ কর্তৃত্ব ভোক্তৃত্বাভিনিবেশো যস্য সঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণ্যশ্বা যস্য আশুগং শীঘ্রগতিং। দ্বে অহন্তা মমতে ঈষে দণ্ডিকে যস্য দ্বে পুণ্যপাপে চক্রে যস্য একং প্রধানমক্ষো যস্য ত্রয়োগুণা বেণবো ধ্বজা যস্য পঞ্চপ্রাণা বন্ধুরাণি নিবন্ধনানি যস্য একং মনোরশ্মিঃ প্রগ্রহো যস্য সঃ। একা বুদ্ধি র্দমনঃ সূতো যস্য তঞ্চ তঞ্চ। একং হৃদয়ং নীড়ং রথিন উপবেশ স্থানং যত্র দ্বৌ শোক মোহৌ কূবরৌ যুগবন্ধনস্থানং যস্য পঞ্চ ইন্দ্রিয় ব্যাপারাঃ শ্রবণাদয়ঃ প্রহরণান্যস্ত্রাণি যস্য সপ্তধাতবো বরূথা রথ রক্ষার্থং চর্ম্মাদ্যাবরণানি যস্য পঞ্চবিক্রমং কথা পক্ষে বিস্তৃত বিক্রমং পচি বিস্তারে অধ্যাত্মপক্ষে পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিক্রমাগমনানি যস্য হৈমোপস্করং স্বর্ণময় পরিচ্ছদং অধ্যাত্ম পক্ষে হৈমা হিমসম্বন্ধিন উপস্করা অতিজাড্যাদস্ফূর্ত্তয় এব পরিচ্ছদা যস্য। স্বর্ণ বর্ম্মা রজোগুণ কবচঃ অক্ষয়েষুধিঃ অনন্তবাসনঃ। একাদশ চমূনাথাঃ সেনান্যো যস্য সঃ। পক্ষে একাদশো মনোরূপশ্চমূপতি

স্বভাব হইতে বঞ্চিত হইলেন। সুতরাং পরতন্ত্র হওয়াতে ইচ্ছা না থাকিলেও ক্রীড়ামৃগের ন্যায় হইয়া বনিতার অনুকরণ করেন, অর্থাৎ জীব আত্ম বুদ্ধির অনুবর্ত্তী হইয়া কর্ম্ম সকল করিয়া থাকে ॥ ৫৫

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চবিংশ ॥ * ॥

ষড়্বিংশতি অধ্যায়ে পুরঞ্জনের মৃগয়া ছলে স্বপ্ন ও জাগরণ অবস্থা কথন দ্বারা সংসার কথন ॥ ০ ॥

নারদ কহিলেন হে রাজন্! সেই পুরঞ্জন একদা রথে (স্বপ্নদেহে) অধিষ্ঠান করিয়া যেখানে পাঁচটী সানু (শব্দাদি বিষয়) আছে, সেই বনে (ভজনীয় দেশে) গমন করিলেন। মহারাজ! তাঁহার শরাসন (কর্তৃত্ব ভোক্তৃত্বাদ্যভিমান) অতি মহৎ। তিনি যে রথে আরোহণ করিলেন, তাহার আশ্চর্য্যের কথা কি বলিব? পাঁচটী অশ্ব (জ্ঞানেন্দ্রিয়) তাহাতে নিয়োজিত ছিল। অপর তাহা অতি

একরশ্ম্যেক দমনমেকনীড়ং দ্বিকূবরং। পঞ্চ প্রহরণং সপ্ত বরূথং পঞ্চবিক্রমং ॥ ২ ॥
হৈমোপস্করমারুহ্য স্বর্ণবর্ম্মাক্ষয়েষুধিঃ। একাদশ চমূনাথঃ পঞ্চপ্রস্থমগাদ্বনং ॥ ৩ ॥
চচার মৃগয়াং তত্র দৃপ্ত আত্তেষু কার্ম্মুকঃ। বিহায় জায়ামতদর্হাং মৃগব্যসন লালসঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দণ্ডিকে যস্য দ্বে পুণ্য পাপে চক্রে যস্য। একং প্রধানমক্ষো যস্য। ত্রয়োগুণা বেণবো ধ্বজা যস্য পঞ্চপ্রাণাঃ বন্ধুরাণি বন্ধনানি যস্য ॥ ১ ॥

একং মনোরশ্মিঃ প্রগ্রহো যস্য। একা বুদ্ধির্মনঃ স্মৃতো যস্য তঞ্চ তঞ্চ। একং হৃদয়ং নীড়ং রথিন উপবেশস্থানং যস্মিন্ দ্বৌ শোকমোহৌ কূবরৌ যুগবন্ধন স্থানং যস্য। পঞ্চ শব্দাদয়ো বিষয়াঃ প্রহ্রিয়ন্তে প্রক্ষিপ্যন্তে যস্মিন্ অস্য ব্যাখ্যানং ভবিষ্যতি পঞ্চেন্দ্রিয়ার্থ প্রক্ষেপ ইতি। সপ্তধাতবো বরূথা রথরক্ষণার্থং চর্ম্মাদ্যাবরণানি যস্য পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি বিক্রমা গতি প্রকারাযস্য ॥২

হৈমোপস্করং সৌবর্ণাভরণং স্বর্ণবর্ম্মা বর্ম্ম কবচং রজোগুণাবৃতঃ। অক্ষয়েষুধিঃ ইষুধির্নিষঙ্গঃ। অনন্ত বাসনা অহঙ্কারোপাধিঃ একাদশো মনোরূপ শ্চমূনাথঃ সেনাপতি র্যস্য। বাসনাময়স্য মনসঃ প্রগ্রহত্বং সংকল্প বিকল্পাত্মকস্য বৃহত্ত্বলত্বেন বক্ষ্যমাণস্য চমূনাথত্বমিতি বিভাগঃ পঞ্চ শব্দাদয়ো বিষয়াঃ প্রস্থাঃ সানবো যস্মিন্ বনং ভজনীয়ং দেশমগাৎ ॥ ৩ ॥

আত্তা গৃহীতা ইষবো রাগ দ্বেষাদিরূপাঃ কার্ম্মুকঞ্চ ভোগাদ্যভিনিবেশ রূপং যেন। জায়াং বিবেকবতীং বুদ্ধিং বিহায় অতদর্হাং ত্যাগানর্হাং ত্যাগে হেতুঃ মৃগ্যন্তে ইতি মৃগাঃ বিষয়াঃ তেষু ব্যসনং ভোগাসক্তি স্তেন লালসা অতিস্পৃহা যস্য ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রতু তত্ত্বাসনা ইতি ভেদঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

র্যস্য সঃ। বাসনা হেতো র্মনসঃ প্রগ্রহত্বং সঙ্কল্প বিকল্পাত্মকস্য মনসো বৃহত্ত্বলত্বেন বক্ষ্যমাণস্য চমূনাথত্বমিতি বিভাগঃ। পঞ্চপ্রস্থং পঞ্চ প্রস্থসংজ্ঞং। পক্ষে পঞ্চশব্দাদি মদস্তূনি প্রস্থাঃ সানবো যত্র তৎ ॥ ১। ২। ৩ ॥

মৃগয়াং পরদার গমনাদি পাপং। ইষবো রাগদ্বেষাদয়ঃ কার্ম্মুকং ভোগাভিনিবেশ রূপং জায়াং ধর্ম্মশীলাং বুদ্ধিং ॥ ৪ ॥

দ্রুতগামী এবং দুইটী দণ্ডে (অহন্তা ও মমতায়) নিবদ্ধ, তাহার চক্র দুই (পাপ ও পুণ্য) অক্ষ এক (প্রধান) ধ্বজা তিন (সত্ত্ব রজঃ তমঃ) বন্ধন পাঁচ (প্রাণাদি পঞ্চ বায়ু) ॥ ১ ॥

প্রগ্রহ এক (মনঃ) সারথি এক (বুদ্ধি) নীড় অর্থাৎ রথির উপবেশন স্থান এক (হৃদয়) যুগন্ধর স্থান দুই (শোক মোহ) তাহাতে পাঁচ বিষয় (শব্দাদি) প্রক্ষিপ্ত হয়। তাহার বরূথ অর্থাৎ চর্ম্মময় আবরণ সাত (সপ্ত ধাতু) এবং গতি প্রকার পাঁচ (কর্ম্মেন্দ্রিয়) ॥ ২ ॥

আর তাহা স্বর্ণ নির্ম্মিত অলঙ্কারে অলঙ্কৃত ছিল। হে রাজন্! পুরঞ্জন মৃগয়া করিবার বেশে ঐ রথে আরোহণ করিয়াছিলেন, তাঁহার গাত্রে স্বর্ণময় বর্ম্ম (রজোগুণ) এবং পৃষ্ঠদেশে অক্ষয় তূণ ছিল। একাদশ অর্থাৎ অহঙ্কারোপাধি মনঃ তাঁহার সেনাপতি হইয়া সমভিব্যাহারে গমন করিয়াছিল ॥ ৩ ॥

সে যাহা হউক, অতিশয় দর্প সহকারে পুরঞ্জন অরণ্যানী প্রবেশ করিয়া ধনুর্ব্বাণ (ভোগাদ্যভিনিবেশ ও রাগদ্বেষাদি) গ্রহণ পূর্ব্বক মৃগয়ার্থ ভ্রমণ করিতে লাগিলেন। হে রাজন্! মৃগয়া বিষয়ে আসক্তি হেতু পুরঞ্জনের তদর্থ সাতিশয় স্পৃহা হইয়াছিল, একারণ আপনার সমভিব্যাহারিণী সহধর্ম্মিণী (বিবেকবতী বুদ্ধি) যদিও ত্যাগের যোগ্য ছিলেন না তথাপি তাহাকে পরিত্যাগ করিলেন ॥ ৪ ॥

আসুরীং বৃত্তিমাশ্রিত্য ঘোরাত্মা নিরনুগ্রহঃ। অহনন্নিশিতৈর্বাণৈর্বনেষু বনগোচরান্ ॥ ৫ ॥
তীর্থেষু শ্রুতিদৃষ্টেষু রাজা মেধ্যান্ পশূন্ বনে। যাবদর্থমলং লুব্ধো হন্যাদিতি নিয়ম্যতে ॥ ৬ ॥
য এবং কর্ম্মনিয়তং বিদ্বান্ কুর্ব্বীত মানবঃ। কর্ম্মণা তেন রাজেন্দ্র জ্ঞানেন স ন লিপ্যতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

বাণৈ রাগাদিভিঃ বনেষু ভজনীয় দেশেষু বনগোচরান্ ভজনীয় বিষয়ান্ ন্যহনৎ ভজনীয় দেশাদাত্মসাৎ কৃতবান্ কথা পক্ষেতু স্পষ্টমেব ॥ ৫ ॥

নম্বাসুরীং বৃত্তিমাশ্রিত্যেতি কিমিতি মৃগয়া নিন্দ্যতে। কথাপক্ষে তাবদ্রাজ্ঞো বিহিতৈব সা। অধ্যাত্মপক্ষেপি জীবস্য বিষয়ভোগো বিহিত এবেত্যাশঙ্ক্যাহ তীর্থেষ্বিতি ত্রিভিঃ। অয়ং ভাবঃ। নহি মৃগয়া বিধীয়তে রাগপ্রাপ্তত্বাৎ। কিন্তু নিয়ম্যতে প্রবৃত্তিঃ সঙ্কোচ্যতে। নিয়মমেব ষড়্বিধং দর্শয়তি। যদি অলমত্যর্থং লুব্ধোরাগী সন্ হন্যাৎ তর্হি তীর্থেষু শ্রাদ্ধাদিষেব। তত্রাপি শ্রুতিদৃষ্টেষু প্রথ্যাতেষেব ন নিত্য শ্রাদ্ধাদিষু তত্রাপি রাজৈব মেধ্যানেব বন এব যাবদুপযোগমেবেতি। এবং জীবস্য বিষয় সেবাপি যাবদুপযোগং ন যথেষ্টমিতি নিয়ম এবেত্যর্থঃ ॥ ৬ ॥

অতোনাবশ্যকত্বমিত্যাহ য ইতি। এবং নিয়তং কর্ম্ম বিদ্বান্ তেনেত্যুপলক্ষণং তেনান্যেন বা কর্ম্মণৈবমনুষ্ঠিতেন যজ্জ্ঞানং ভবতি তেন জ্ঞানেন হেতুনা সোঽনুষ্ঠাতা ন লিপ্যতে ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহনন্নিতি বাণাদি করণক হিংসাদি পাপং কৃতবানিত্যর্থঃ ॥ ৫ ॥

নমু কথা পক্ষে রাজ্ঞো মৃগয়া বিহিতৈব অধ্যাত্ম পক্ষেঽপি জীবস্য ভোক্তৃত্বাদ্বিষয়ভোগ উচিত এবেতি কিমিতি নিন্দ্যত ইত্যত আহ তীর্থেষ্বিতি ত্রিভিঃ অয়ং ভাবঃ নহি মৃগয়া বিধীয়তে রাগপ্রাপ্তত্বাৎ কিন্তু নিযম্যতে প্রবৃত্তিঃ সঙ্কোচ্যতে। নিয়মমেব ষড়্বিধং দর্শয়তি যদ্যলমত্যর্থং লুব্ধোরাগী সন্ হন্যাৎ তর্হি তীর্থেষু শ্রাদ্ধাদিষেব। তত্রাপি শ্রুতিদৃষ্টেষু প্রথ্যাতেষেব ন নিত্য শ্রাদ্ধাদিষু তত্রাপি রাজৈব মেধ্যানেব বন এব যাবদুপযোগমেবেতি এবং জীবস্য বিষয়সেবাপি যাবদুপযোগমেব নযথেষ্টমিত্যত্যনুজ্ঞা রূপো নিয়ম এবেত্যর্থঃ ॥ ৬ ॥

স তেন কর্ম্মণা ন লিপ্যতে। জ্ঞানেনেতি তৎ কর্ম্ম জন্যেন জ্ঞানেন হেতুনেত্যর্থঃ ॥ ৭ ॥

অপর মৃগয়ার্থ আসুরী বৃত্তি অবলম্বন করিয়াছিলেন, অতএব ভীষণ ও নির্দ্দয় মূর্ত্তি হইয়া নিশিত বাণ [রাগাদি] দ্বারা অরণ্যে [ভজনীয়দেশে] যত বনচারী [ভজনীয় বিষয়] ছিল,তৎসমুদায়কে নিহত [আত্মায়ত্ত] করিলেন ॥ ৫ ॥

রাজন্! মৃগয়া [বিষয় ভোগ] রাগ প্রাপ্ত বটে, কিন্তু তাহা নিয়মিত হইয়াছে, শাস্ত্রে লিখেন রাজা প্রসিদ্ধ তীর্থে [শ্রাদ্ধাদিতে] পবিত্র পশু [বিষয়] সকলকে যাবৎ আবশ্যক, তাবন্মাত্র বধ [ভোগ] করিবেন ॥ ৬ ॥

অতএব হে রাজেন্দ্র। ঐ রূপে কর্ম্ম যদি নিয়মিত হইল তবে তাহার আবশ্যকতা নাই স্পষ্টই বোধ হইতেছে সুতরাং যে ব্যক্তি ঐ রূপে কর্ম্ম [ভোগ] নিয়মিত জানিয়া তদনুষ্ঠান করেন, তিনি জ্ঞান হেতু সেই অনুষ্ঠিত কর্ম্ম [ভোগ] দ্বারা কদাচ লিপ্ত হয়েন না ॥ ৭ ॥

অন্যথা কর্ম্ম কুর্ব্বাণো মানারূঢ়োঽনুবধ্যতে। গুণপ্রবাহপতিতো নষ্টপ্রজ্ঞো ব্রজত্যধঃ ॥ ৮ ॥
তত্র নির্ভিন্নগাত্রাণাং চিত্রবাজৈঃ শিলীমুখৈঃ। বিপ্লবো ঢুঃখিতানাং দুঃসহঃ করুণাত্মনাং ॥
শশান্ বরাহান্ মহিষান্ গবয়ান্ রুরু শল্যকান্। মেধ্যানন্যাংশ্চ বিবিধান্ বিনিঘ্নন্ শ্রমমধ্যগাৎ ॥ ৯
ততঃ ক্ষুত্তৃট্ পরিশ্রান্তো নিবৃত্তো গৃহমেয়িবান্। কৃতস্নানোচিতাহারঃ সংবিবেশ গতক্লমঃ ॥
আত্মানমর্হয়াঞ্চক্রে ধূপালেপ স্রগাদিভিঃ। সাধ্বলঙ্কৃত সর্ব্বাঙ্গো মহিষ্যামাদধে মনঃ ॥

শ্রীধরস্বামী।

অন্যথা নিয়মোল্লঙ্ঘনেন অন্তঃকরণ শুদ্ধ্যভাবাৎ কর্ত্তৃত্বাভিমানমারূঢ়ঃ কর্ম্মভিরনুবধ্যতে ততশ্চ গুণ প্রবাহে পতিতোঽধোব্রজতি ॥৮
প্রাসঙ্গিকং পরিসমাপ্য পুনর্মৃগয়ামেবানুবর্ণয়তি তত্রেতি। চিত্রা বাজাঃ পক্ষা যেষাং তৈর্বিপ্লবো নাশঃ করুণাত্মনাং কৃপালূনাং দুঃসহঃ ॥ ৯ ॥
তদেবং স্বপ্নাবস্থা দর্শিতা। ইদানীং পুনরপি বিবেকবত্যা বুদ্ধ্যা রমমাণস্য পুত্রাদি সন্ততিং প্রপঞ্চয়িষ্যন্ কথা সৌন্দর্য্যায়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্যথা নিয়মোল্লঙ্ঘনেন অন্তঃকরণ শুদ্ধ্যভাবাৎ কর্ত্তৃত্বাভিমানমারূঢ়ঃ। কর্ম্মভিরনুবধ্যতে ততশ্চ গুণপ্রবাহপতিতোঽধো ব্রজতি। তেনাধ্যাত্মপক্ষেপি নিষিদ্ধেতর বিষয় ভোগএব জীবস্যোক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥
প্রাসঙ্গিকং পরিসমাপ্য প্রকৃতমাহ তত্রেতি বিচিত্রপক্ষৈঃ শরৈর্বিপ্লবোনাশঃ। পক্ষে বিবিধদোষযুক্তৈরিন্দ্রিয়ৈ র্বিবিধ হিংসাদি পাপং করুণাত্মনাং কৃপালূনামস্মদৃশাং দুঃসহঃ। অতএব ত্বমেব প্রবোধ্যস ইতি ভাবঃ ॥
শ্রম মধ্যগাদিতি ধার্ম্মিক জীবোহি কথঞ্চিদ্দৈববশাৎ কঞ্চিৎ কালমধর্ম্মং কৃত্বা অনুতাপং প্রাপ্তঃ স্যাদিত্যর্থঃ ॥ ৯ ॥
ক্ষুত্তৃট্ পরিশ্রান্ত ইতি কৃতানাং দুষ্কৃতানাং স্মরণ ব্যাকুল ইত্যর্থঃ। নিবৃত্ত ইতি পাপেভ্যো বিরত ইত্যর্থঃ। গৃহমেয়িবানিত্য ধর্ম্ম মর্য্যাদাং বিহায় পুন র্ধর্ম্মমর্য্যাদায়াং স্থাতুমিয়েষেত্যর্থঃ। কৃতস্নান ইতি ব্রাহ্মণানামন্ত্র্য পাপ প্রায়শ্চিত্তং কৃতবানিত্যর্থঃ। উচিতাহারঃ মাংসমদিরাদ্যশুচি ভক্ষণং তত্যাজেত্যর্থঃ। সংবিবেশ কিঞ্চিৎ স্থিরীবভূবেত্যর্থঃ ॥
আত্মানমর্হয়াঞ্চক্র ইতি সাধূন্ মুনীন্ বিদ্বিষশ্চ সম্মান্যানীয় তৈঃ স্বান্তঃকরণং শোধয়ামাসেত্যর্থঃ। কৈঃ ধূপাদিভিরিতি ধর্ম্ম জ্ঞান বৈরাগ্যাদি নামোপাখ্যানোপদেশৈঃ। সাধ্বলঙ্কৃত সর্ব্বাঙ্গ ইতি শাস্ত্রানুসরণীকৃত সর্ব্ব চিত্ত বৃত্তিক ইত্যর্থঃ। মহিষ্যা-মিতি পূর্ব্বাবস্থা প্রাপ্তায়াং ধর্ম্মশীলায়াং স্ববুদ্ধাবিত্যর্থঃ ॥
দৃপ্ত ইত্যাদিনা অধর্ম্ম সংস্কারাঽপগম উক্তঃ। কন্দর্পাকৃষ্টমানস ইতি পূর্ব্বদশাবর্ত্তিনীং ধর্ম্মনিষ্ঠাবতীং বুদ্ধিং যুবতিমিব প্রাপ্তু মত্যুৎসুক ইত্যর্থঃ। নব্যাচষ্টেতি কথাপক্ষে মৃগয়া ব্যাজেন বনং গত্বা কামপি কামিনীং রময়ামাসেতি পুরঞ্জনী মানিনী

পরন্তু যে ব্যক্তি নিয়ম উল্লঙ্ঘন করিয়া কর্ম্ম করে চিত্ত শুদ্ধি না হওয়াতে সে কর্ত্তৃত্বাভিমানে আরূঢ় হইয়া সেই কর্ম্ম দ্বারা আবদ্ধ হয়, তাহাতে গুণ প্রবাহে পতিত ও হতজ্ঞান হওত অধো গমন করে ॥৮
সে যাহা হউক হে রাজন্! পুরঞ্জন অরণ্যে মৃগয়া আরম্ভ করিলে তদীয় বিচিত্র পক্ষশালি শিলীমুখ দ্বারা অনেকানেক মৃগের গাত্র নির্ভিন্ন হইল, তাহাতে তাহারা কাতর হইয়া এমত বিলাপ করিতে লাগিল যে কৃপালু ব্যক্তিদের দর্শন করাও দুঃসহ হইল। তিনি শশক, শল্যক, শূকর, মহিষ, গবয়, রুরু [মৃগ বিশেষ] এবং অন্যান্য বিবিধ মেধ্য পশু বিনষ্ট করিয়া সাতিশয় শ্রান্ত হইলেন॥ ৯ ॥
হে রাজন্! বহুক্ষণ মৃগয়ায় ব্যাপৃত থাকাতে পুরঞ্জনের ক্ষুধা তৃষ্ণা জন্মিয়াছিল, অতএব তিনি নিবৃত্ত হইয়া গৃহে প্রত্যাগমন করিলেন এবং স্নান ও উপযুক্ত আহার দ্বারা শ্রান্তি দূর করত শয্যায় শয়ান হইলেন। অনন্তর ধূপ ও গন্ধানুলেপন এবং মাল্যাদি ধারণ দ্বারা আপনাকে সুসজ্জিত ও উপ-

দৃপ্তো হৃষ্টঃ সুতৃপ্তশ্চ কন্দর্পাকৃষ্টমানসঃ ॥ ১০ ॥
ন ব্যচষ্ট বরারোহাং গৃহিণীং গৃহমেধিনীং। অন্তঃপুরস্ত্রিয়োঽপৃচ্ছদ্বিমনা ইব বেদিষৎ ॥ ১১ ॥
অপি বঃ কুশলং রামাঃ সেশ্বরীণাং যথা পুরা। ন তথৈতর্হি রোচন্তে গৃহেষু গৃহসম্পদঃ ॥ ১২ ॥
যদি ন স্যাদ্ গৃহে মাতা পত্নী বা পতিদেবতা। ব্যঙ্গে রথ ইব প্রাজ্ঞঃ কোনামাসীদদীনবৎ।
ক বর্ত্ততে সা ললনা মজ্জন্তং ব্যসনার্ণবে। যামামুদ্ধরতি প্রাজ্ঞী দীপয়ন্তী পদেপদে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তস্যাঃ প্রণয়কুপিতায়াঃ অনুনয়ং প্রস্তাব সহিতমাহ স্তত ইত্যারভ্য যাবদধ্যায় সমাপ্তি। আঈযিবান্ আগতঃ কৃতং স্নানমুচিত আহারশ্চ যেন। সংবিবেশ শয্যামাশ্রিতঃ ॥ ১০ ॥

গৃহমেধিনীং সাত্বিকীং বুদ্ধিং রাজস্যাং বুদ্ধ্যাং বর্ত্তমানো নাপশ্যৎ। বেদিষৎ হে প্রাচীনবর্হিঃ অন্তঃ পুরঃ স্ত্রিয়ঃ তৎ সখীঃ ॥ ১১

সেশ্বরীণাং স্বামিনী সহিতানাং। যথা পুরেত্যাদি পৃথগ্বাক্যং ॥ ১২ ॥

ব্যঙ্গে চক্রাদিহীনে ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্তরিতি সার্দ্ধকং ॥ ১১। ১২। ১৩। ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বভূবেতি হেতোরিতি ভাবঃ। অধ্যায়পক্ষে আগন্তুক পাপকৃত মালিন্যস্য নিঃশেষানপগমাৎ প্রাক্তনী ধর্ম্মপ্রযোজিকা বুদ্ধিরীপ্সিতাপি ন শীঘ্রমাবির্ভবেদিত্যেব বিবক্ষিতং ॥ ১০ ॥

বেদিষৎ হে প্রাচীনবর্হিঃ সেশ্বরীণাং স্বামিনী সহিতানাং এতর্হি ইদানীং তাং বিনেত্যর্থঃ। পক্ষে অন্তঃপুরস্ত্রীঃ অন্তঃকরণ বৃত্তীঃ পূর্ব্বদশাবস্থা ধর্ম্ম প্রবর্ত্তিনী মনাক্ প্রাদুর্ভূতা বীক্ষ্য পরামমর্শ। হন্তৈতাদৃশ্যএব মম বুদ্ধিবৃত্তয়ো যদি সাংপ্রতিক পাপ সংস্কারেণোচ্ছিদ্যমানাঃ স্থিরাঃ স্যুস্তদৈব মমোদ্ধার ইতি কুশল প্রশ্নস্যার্থঃ। নহু বিষয় ভোগেন সুখীভব কিং তে ধর্ম্মেণেত্যত আহ। এতর্হি ইদানীং নিষিদ্ধ বিষয়া ন রোচন্তে ॥ ১১। ১২ ॥

মাতা বিষ্ণুভক্তিঃ পত্নী ধর্ম্মশীলা বুদ্ধিঃ। ব্যঙ্গে চক্রাদি হীনে ॥

ক বর্ত্তত ইতি বুদ্ধিবৃত্তয় এব কাশ্চন কাশ্চন নাহুভূয়ন্তে নতু বস্তুতঃ সা বুদ্ধিরিতি মনসি খিদ্যতি স্ম ॥ ১৩ ॥

যুক্ত স্থানে শোভনাভরণ পরিধান করত সর্ব্বাঙ্গ অলঙ্কৃত করিয়া মহিষীর সহিত ক্রীড়ার্থ মনোভিনি বেশ করিলেন। কারণ হৃষ্ট পুষ্ট ও পরিতৃপ্ত হওয়াতে তাঁহার মনঃ কন্দর্প কর্ত্তৃক আকৃষ্ট হইয়াছিল॥১০

কিন্তু তিনি রাক্ষসী বুদ্ধিতে বর্ত্তমান থাকাতে আপনার সহধর্ম্মিণীকে [সাত্বিকী বুদ্ধিকে] দেখিতে পাইলেন না, অতএব অন্য মনস্ক হইয়া অন্তঃপুর চারিণী সখীগণকে জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ১১

অহে রামা সকল! তোমাদের এবং তোমাদের স্বামিনীর কুশল ত? আমার গৃহস্থিত সম্পৎ সকল পূর্ব্বে যদ্রূপ রুচি কর বোধ হইত এখন তদ্রূপ রুচি জনক বোধ হইতেছে না ॥ ১২ ॥

গৃহে মাতা অথবা পতিব্রতা পত্নী না থাকিলে কোন্ প্রাজ্ঞ ব্যক্তি অতিশয় বিষণ্ণ না হয়, চক্রাদি হীন রথে কি কেহ স্থির থাকিতে পারে! অতএব জিজ্ঞাসা করি, আমার সেই বুদ্ধিমতী ললনা কোথায়? আমি ব্যসনার্ণবে মগ্ন হইতেছিলাম, তিনি আপন প্রজ্ঞা দ্বারা পদে পদে উদ্দীপিত করিয়া আমাকে উদ্ধার করিয়াছেন ॥ ১৩ ॥

রামাঊচুঃ ॥

নরনাথ ন জানীম স্তৎপ্রিয়া যদ্ব্যবস্থতে। ভূতলে নিরবস্তারে শয়ানাং পশ্য শত্রুহন্ ॥ ১৪ ॥

পুরঞ্জনঃ স্বমহিষীং নিরীক্ষ্যাবধুতাং ভুবি। তৎসঙ্গোন্মথিত জ্ঞানো বৈক্লব্যং পরমং যযৌ ॥ ১৫ ॥

সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া বাচা হৃদয়েন বিদূয়তা। প্রেয়স্যাঃ প্রেমসংরম্ভলিঙ্গমাত্মনি নাধ্যগাৎ ॥ ১৬ ॥

অনুনিন্যেথ শনকৈ বীরোঽনুনয়কোবিদঃ। পস্পর্শপাদযুগলমাহ চোৎসঙ্গলালিতাং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

নিরবস্তারে আস্তরণহীনে ॥ ১৪ ॥

অবধুতাং ত্যক্তদেহাদরাং। তৎসঙ্গেনোন্মথিতং ব্যাকুলং জ্ঞানং চিত্তং যস্য ॥ ১৫ ॥

প্রেমসংরম্ভঃ প্রণয়কোপঃ তস্য লিঙ্গং কুটিল দৃষ্ট্যাদি স্বস্মিন্নলব্ধবান্ ॥ ১৬ ॥

উৎসঙ্গমারোপ্য লালিতাং ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

নাধ্যগাৎ গভীর কোপত্বাৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরবস্তারে আস্তরণ রহিতে। পক্ষে তস্য হৃদয়মেব তস্যাঃ পুষ্পপর্য্যঙ্ক স্তস্মাদ্বিচ্যুতিরেব তস্যাঃ সদ্বদ্ধে নির্ব্বস্তারে ভূতলে শয়নং। শত্রুহন্ হে বীর পক্ষে ত্যক্ত পাপ ॥ ১৪ ॥

অবধুতাং ত্যক্তদেহাদরাং। পক্ষে স্বেনৈব স্বহৃদয়াৎ চ্যাবিতত্বাৎ খণ্ডিতাং নিরীক্ষ্য হন্ত মমৈবায়ং মহাপরাধ ইতি বিচার্য্য তৎসঙ্গেন তস্যাঃ পুনরাদিৎসয়া উন্মথিত জ্ঞানঃ তিরস্কৃত সদ্বুদ্ধিক ইত্যর্থঃ। বৈক্লব্যং দৈন্যং ॥ ১৫ ॥

সান্ত্বয়ন্নিতি মত্তাগ্যাদিয়ং মে প্রাক্তনী বুদ্ধিঃ পুনরপ্যাবির্ভবতি যাং বিনৈব মম দুর্গতিরিতি মনোঽনুলাপঃ। প্রেমসংরম্ভচিহ্নং নাধ্যগাদিতি মমাপ্যেবং পাপাচরণং কেন কারণেনাভূদিতি ক্ষণং পরামমর্শ ॥ ১৬ ॥

অনুনিন্ব ইতি পুনরদ্যাবভ্য দুর্বিষয় ভোগে বুদ্ধির্ম্ময়া নৈব কার্য্যেতি পস্পর্শ পাদ যুগলমিতি অহঙ্কার ত্যাগ সাধুজন সংমানাদেব তস্যাঃ পাদৌ পস্পর্শ প্রাপ। উৎসঙ্গ লালিতাং স্বহৃদয় নিকটমেবানীতাং ॥ ১৭ ॥

হে রাজন্! পুরঞ্জনের এই সকল বাক্য শ্রবণ করিয়া তাঁহার প্রেয়সীয় সখী রামাগণ উত্তর করিল হে নরনাথ! আপনার প্রেয়সী কি করিতে চাহেন আমরা অবগত নহি, ঐ দেখুন তিনি আস্তরণ রহিত ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥ ১৪ ॥

পুরঞ্জন এই কথা শুনিবামাত্র ব্যস্ত সমস্ত হইয়া স্বীয় মহিষীর প্রতি দৃষ্টিপাত করিলেন, যখন দৃষ্ট হইল প্রিয়তমা আপনার দেহের প্রতি যত্ন পরিত্যাগ করিয়া ধূলায় পড়িয়া আছেন, তখন তৎসঙ্গ মাত্রে তাঁহার ব্যাকুলিত চিত্ত পরম বিস্ময় প্রাপ্ত হইল ॥ ১৫ ॥

অনন্তর যদিও মনোজ্ঞ বচন দ্বারা সান্ত্বনা করিতে লাগিলেন তথাচ তাঁহার হৃদয় সাতিশয় সন্তাপিত হইতে লাগিল, কারণ প্রেয়সীর প্রণয় কোপের কোন চিহ্ন ভ্রূভঙ্গাদি প্রাপ্ত হইলেন না ॥ ১৬ ॥

যাহা হউক্ তিনি অনুনয় বিষয়ে অতিশয় নিপুণ ছিলেন, বহু বহু বিনয় ও চরণ ধারণ করিলেন, পরে ক্রোড়ে লইয়া হস্ত দ্বারা অঙ্গস্পর্শ করিতে করিতে কহিলেন ॥ ১৭ ॥

মুনং স্বকৃত পুণ্যাস্তে ভৃত্যায়েষ্বীশ্বরাঃ শুভে। কৃতাগঃ স্বাত্মসাৎকৃত্বা শিক্ষাদণ্ডং ন যুঞ্জতে ॥ ১৮
পরমোহনুগ্রহোদণ্ডো ভৃত্যেষু প্রভুনার্পিতঃ। বালো ন বেদ তত্তম্বি বন্ধুকৃত্যমমর্ষণঃ ॥ ১৯ ॥
সা ত্বং মুখং সুদতি সুভ্রূ্বনুরাগ ভার ব্রীড়াবিলম্ব বিলসদ্ধসিতাবলোকং।
নীলালকালিভিরুপস্কৃতমুন্নসং নঃ স্বানাং প্রদর্শয় মনস্বিনি বল্গুবাক্যং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

কৃতমাগো ঽপরাধো যৈ স্তেষু। আত্মসাৎকৃত্বা অস্মদধীনোঽয়মিতি মত্বা শিক্ষার্থং দণ্ডং ন কুর্ব্বন্তি। তে ভৃত্যা মন্দ ভাগ্যাঃ ॥ ১৮ ॥

যতঃ পরমোঽনুগ্রহোদণ্ডঃ যস্ত দণ্ডিতো বিষীদতি সোঽজ্ঞ ইত্যাহ বাল ইতি। বন্ধুকৃত্যং শিক্ষাকরণং অমর্ষণঃ ক্রোধী ॥ ১৯ ॥

হে সুদতি হে সুভ্রূ হে মনস্বিনি সা ত্বমস্মাকং স্বামিনী অতঃ স্বানাং মুখং প্রদর্শয় কীদৃশং অনুরাগ ভারেণ ব্রীড়য়া যো বিলম্বঃ মন্থরতা তেন বিলসন্ হসিতাবলোকো যস্মিন্ নীলা অলকা এবালয় স্তৈরুপস্কৃতং ভূষিতং উচ্চ নাসিকং বল্গুবাক্যং যস্মিন্ তৎ ॥ ২০

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কথা পক্ষে প্রিয়ে মহ্যং যৎ কোপ রূপং দণ্ডং করোষি তৎকৃপয়া সাপরাধমপি নিজদাসমবুধং শিক্ষয়ন্ত্যত স্বামেতজ্জন্মনি কদাপি ন ত্যক্ষ্যামীত্যর্থান্তর ন্যাসেনাহ নুনমিতি দ্বাভ্যাং। আত্মসাৎ কৃত্বা অস্মদধীনোঽয়মিতি মত্বা শিক্ষার্থং দণ্ডং যেষু ন কুর্ব্বন্তি তে ভৃত্যা-মন্দভাগ্যাস্তেন যেষু দণ্ডং কুর্ব্বন্তি তে ভূরিভাগ্যা ইত্যহং তে দণ্ডপাত্রীভবন্নাত্মানং ভূরি ভাগ্যমেব মন্য ইতি ভাবঃ। অধ্যাত্ম পক্ষে হস্ত হস্ত প্রতিষ্ঠিতস্যাপি মম কাদাচিৎক পাপাচরণেন সংপ্রতি যল্লোক নিন্দা চিত্তাপ্রসাদৌ পরম দুঃসহাবভূতাং তৎ পরমেশ্বরেণৈব মহ্যং শিক্ষাদণ্ডোদত্ত স্তদহমেতজ্জন্মনি পুনঃ কদাপি সদ্বুদ্ধিং ন ত্যক্ষ্যামীতি তাং সদ্বুদ্ধিমেব মনসা সম্বোধ্যাহ নূনমিতি দ্বাভ্যাং ॥ ১৮ ॥

যস্ত দণ্ডিতো বিষীদতি সোঽজ্ঞ ইত্যাহ বাল ইতি অমর্ষণঃ ক্রোধী পক্ষে সদ্বুদ্ধিং প্রতি স্বগতমাহ তাং সদ্বুদ্ধিং ত্যক্তবতো মম যঃ সাংপ্রতিকোঽনুতাপঃ এষ এব দণ্ডস্তোদণ্ডঃ পরমো মমানুগ্রহএব যতঃ পুনরপি পাপাসক্তি র্নাম ভাবিনীতি ভাবঃ ॥ ১৯ ॥

দণ্ডস্তু দত্তএব সংপ্রতি প্রসীদেত্যাহ সা ত্বমিতি সা প্রসিদ্ধা ত্বমস্মাকং স্বামিনী অনুরাগ ভারেণ ব্রীড়য়া যো বিলম্বঃ মন্থরতা তেন বিলসন হসিতাবলোকো যস্মিন্ বল্গূনি বাক্যানি যস্মিন্ তৎ। অধ্যাত্ম পক্ষে সর্ব্বৈরেব প্রকারেণ সৈবেয়ং মে প্রাক্তনী বুদ্ধিরনুকূলীভূয় স্থিরা ভবত্বিতি মুহুঃ প্রার্থনা ॥ ২০ ॥

হে শুভদর্শনে! অপরাধ করিলেও যে সমস্ত ভৃত্যকে স্বামিরা "ইহারা আমার অধীন" এই রূপ মানিয়া শিক্ষার্থ দণ্ড বিধান না করেন, আমার বোধ হয় সে সকল ভৃত্য মন্দ ভাগ্য ॥ ১৮ ॥

হে তম্বি! ভৃত্য সকলের প্রতি প্রভু যে দণ্ড বিধান করেন, তাহা দণ্ড নহে পরম অনুগ্রহ, কিন্তু ক্রোধী বালক ঐ বিষয় যে শিক্ষার কারণ, তাহা জানে না ॥ ১৯ ॥

হে সুদতি! হে সুভ্রু! হে মনস্বিনি! তুমি আমাদের প্রভু,অতএব আমরা তোমার আত্মীয় আমাদিগের প্রতি অনুগ্রহ বিস্তার করিয়া একবার তোমার বদনকমল দর্শন করাও। হে সুন্দরি! তোমার এই বদন পদ্ম অতি চমৎকার,অনুরাগ ভরে যে লজ্জা জন্মিয়াছে তাহাতে আনত হওয়াতে ইহার সহাস্য অবলোকন কেমন বিলাস পাইতেছে, আহা! এই মুখপদ্মে অলকা সকল অলি তুল্য হইয়া কি আশ্চর্য্য শোভা বিস্তার করিতেছে, ইহাতে সুন্দর উন্নত নাসিকা, কেমন মনোহর বাক্য! ॥ ২০ ॥

তস্মিন্ দধে দমমহং তব বীরপত্নি যোঽন্যত্র ভূসুরকুলাৎ কৃতকিল্বিষস্তে।
পশ্যে ন বীত ভয়মুন্মুদিতং ত্রিলোক্যামন্যত্র বৈ মুররিপোরিতরত্র দাসাৎ॥ ২১॥
বক্ত্রং ন তে বিতিলকং মলিনং বিহর্ষং সংরম্ভভীমমবিমৃষ্টমপেতরাগং।
পশ্যে স্তনাবপি শুচোপহতৌ সুজাতৌ বিম্বাধরং বিগত কুঙ্কুমপঙ্করাগং॥ ২২॥

শ্রীধরস্বামী।

হে বীরপত্নি বীরস্য মম ভার্য্যে যস্তে কৃতাপরাধ স্তস্মিন্নহং ব্রাহ্মণ কুলাদন্যত্র অন্যস্মিন্ মুররিপুদাসাদিতরত্রচ দমং দধে দণ্ডং করোমি কিন্তু তং বিগতভয়ং উচ্চৈর্মুদিতং ত্রিলোক্যাং অন্যত্র ত্রৈলোক্যাদ্বহিরপি ন পশ্যামি। মত্তয়াদেবাসৌ মরিষ্যতীত্যর্থঃ॥ ২১
তে বক্ত্রমিতঃ পূর্ব্বং কদাচিদপি বিতিলকং ন পশ্যামি। সংরম্ভেণ কোপাবেশেন ভীমং ভয়ঙ্করং। অবিমৃষ্টং অনুজ্জ্বলং অপেত রাগং স্নেহশূন্যং তথা তে সুজাতৌ শোভনৌ স্তনাবপি শোকাশ্রুভি রুপহতৌ ন পশ্যামি। তথাবিম্বফলাকারমধরঞ্চ বিগতঃ কুঙ্কুম পঙ্কতুল্যঃ তাম্বূল রাগো যস্মাৎ তাদৃশং ন পশ্যামি। ইদানীং কৃত এবং জাতমিতি শেষঃ। পশ্যন্ বিন্দামি শং কুঙ্কুম পঙ্করাগৌ চেতি পাঠে এবং ভূতং মুখং স্তনৌচ পশ্যন্ শং নবিন্দামীত্যন্বয়ঃ। বিগতঃ কুঙ্কুম পঙ্করাগো যাভ্যামিতি স্তনয়ো র্বিশেষণং॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যত্র ভূসুরকুলাদিকং ধর্ম্মনিষ্ঠ জীবনধিকৃত্য পুরঞ্জনাখ্যানাৎ॥ ২১। ২২। ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে বীরপত্নি বীরস্য মম ভার্য্যে যদ্যন্যঃ কশ্চিন্মদীয় স্তব প্রাতিকূল্যমকরোৎ। তস্মিন্ দমং দণ্ডং দধে করোমি যত স্তবাহং ত্বদধীনস্ত্বদীয় ইত্যর্থঃ। কিন্তু ব্রাহ্মণ কুলাদন্যত্র মুররিপোর্দাসাদিতরত্র তদ্দ্বয়ে মম নাস্তি প্রভুতেতি পুরঞ্জনস্যাস্য প্রাচীন বর্হিষ্বাৎ প্রাচীন বর্হিষশ্চ পিতৃপৈতামহ ধর্ম্ম মর্য্যাদাহুল্লঙ্ঘনাৎ সা মর্য্যাদাচান্যত্র ব্রাহ্মণ কুলাদন্যত্রাচ্যুতগোত্রত ইতি পৃথুচরিতোক্তে ব্র্াহ্মণ বৈষ্ণবয়োঃ করদণ্ডাদ্যগ্রহণ রূপৈবেতি বিবেচনীয়ং। অতো ব্রাহ্মণ বৈষ্ণবাভ্যামন্যত্র ত্রিলোক্যাং ত্রিলোকী মধ্যে অন্যত্র ত্রিলোক্যা বহির্বা বীতভয়ং মত্তো বিগত ভয়ং উং উচ্চৈর্মুদিতং ন পশ্যামি। মত্তয়াদেবাসৌ মরিষ্যতীতি ভাবঃ। অধ্যাত্ম পক্ষে যদি প্রাচীনদৈহিকাদ্বা পাপাচরণাত্তব প্রাতিকূল্যং তদা হে সম্বুদ্ধে দমং তদুপশমকং দান পুণ্যব্রতাদিকং করোমি। যদিতু ব্রাহ্মণকোপাৎ বৈষ্ণবাপরাধাদ্বা তদাতু তৌ দুরুপশমাবেবেত্যাহ ভূসুরকুলাদন্যত্রেত্যাদি তদ্দ্বয়াপরাধস্য তদ্দ্বয় প্রসাদাদেবোপ শান্তির্নান্যথেতি ভাবঃ। বীতভয়মিত্যাদ্যধর্ম্ম নির্ম্মূলনে সাটোপোক্তিঃ॥ ২১॥
বক্ত্রং বিতিলকং কদাপি নপশ্যামি সংপ্রতি মদ্দৌর্ভাগ্যাদেব পশ্যামীতি ভাবঃ। বিগতঃ কুঙ্কুম পঙ্কস্যেব তাম্বূলস্য রাগোযত্র তং বিম্বাধরং বিন্দামি শমিতি পাঠে বিগত কুঙ্কুম পঙ্করাগাবিতি স্তনয়ো র্বিশেষণং পক্ষে বিতিলকত্বাদিভিরুপলক্ষ্যায়া অপি সম্বুদ্ধেঃ পূর্ব্ববৎ প্রসাদাভাবোদ্যোতিতঃ॥ ২২॥

হে বীরপত্নি! কোন্ ব্যক্তি তোমার অপকার করিয়াছে বল, সে যদি ব্রাহ্মণকুল ও ভগবান্ মুররিপুর দাস না হয় তাহা হইলে এখনি তাহার দণ্ডবিধান করিব। কিন্তু ত্রিলোকীর মধ্যে অথবা ইহার বহির্ভাগে কুত্রাপি ত ঐ রূপ নির্ভয় কেহ দৃষ্টিগোচর হয় না, যদি কেহ থাকে অবশ্যই সে আমার ভয়ে প্রাণত্যাগ করিবে॥ ২১॥

হে তরুণি! তোমার বদন এরূপ মলিন পূর্ব্বে ত কখন দেখি নাই, কি নিমিত্ত তিলক হীন, কোপাবেশ, ভয়ঙ্কর, অনুজ্জ্বল এবং স্নেহ শূন্য হইয়াছে। অপর তোমার এই সুজাত স্তনদ্বয় কেন শোকাশ্রু দ্বারা উপহত হইয়াছে! আর এই বিম্বফলাকার অধর কুঙ্কুম পঙ্কতুল্য তাম্বূল রাগে রহিত কেন দেখিতেছি!॥ ২২॥

তন্মে প্রসীদ সুহৃদঃ কৃতকিল্বিষস্য স্বৈরং গতস্য মৃগয়াং ব্যসনাতুরস্য।
কা দেবরং বশগতং কুসুমাস্ত্রবেগ বিস্রস্ত পৌংস্নমুশতী ন ভজেত কৃত্যে॥ ২৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৬ ॥ * ॥

শ্রীনারদ উবাচ॥

ইত্থং পুরঞ্জনং সধ্র্যগ্বশমানীয় বিভ্রমৈঃ। পুরঞ্জনী মহারাজ রেমে রময়তী পতিং॥ ১॥

শ্রীধরস্বামী।

তত্তস্মাৎ কৃতং কিল্বিষমপরাধো যেন তস্য। কিল্বিষমেবাহ। স্বৈরং স্বাতন্ত্র্যেণ ত্বামপৃষ্ট্বা মৃগয়াং গতস্য দেবো দেবনং ক্রীড়া তং রাতি দদাতীতি দেবরঃ কান্তস্তং কামবেগেন বিস্রস্তং গতং পৌংস্নং পৌরুষ্যং ধৈর্য্যং যস্য তং উশতী কাময়মানা কৃত্যে কর্ত্তুং যোগ্যেঽর্থে কা নভজতে ইতি॥ ২৩॥

॥ * ॥ চতুর্থে ষড়্‌বিংশঃ ॥ * ॥

সপ্তবিংশে প্রিয়া পুত্রাদ্যাসক্ত্যা বিস্মৃতাত্মনা। কালকন্যাদ্যুপাখ্যানৈর্জরারোগাদ্যুদীর্য্যতে॥ ০॥

তদেবং জীবস্য অনুনয়াদি কথা সৌন্দর্য্যোণাত্যন্তমুপাধিবশ্যত্বমুক্ত্বা তন্নিমিত্তাং সংসার পরম্পরাং নিরূপয়িতুমাহ ইত্থমিতি

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ষড়্‌বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রেয়স্যাঃ প্রসাদং প্রার্থয়তে তন্ম ইতি কিল্বিষমেবাহ স্বৈরমিত্যাদি। দেবো দেবনং ক্রীড়া তং রাতি দদাতীতি দেবরঃ কান্তস্তং স্মরশরবেগেনৈব বিস্রস্তং পৌংস্নং পুরুষার্হং স্বাতন্ত্র্যং যস্য তং। উশতী কমনীয়া কৃত্যে কান্তবিষয়কস্নেহোচিতে কর্ম্মণি কা ন ভজেত পক্ষে সবুদ্ধিমেব সাক্ষাৎ কৃত্যাহ প্রসীদ প্রসন্না ভবন্তী মম হৃদি বিরাজস্ব মম কীদৃশস্য স্বৈরং নিরঙ্কুশমেব কৃতকিল্বিষস্য মৃগয়াং গতস্য ব্যাধস্যেব পাপিন ইত্যর্থঃ। ব্যাধো মৃগবধা জীবোমৃগয়ু র্লুব্ধকোঽপি স ইত্যভিধানাৎ সবুদ্ধেঃ স্বস্মিন্নবস্থিতিং অর্থান্তরন্যাসেনাহ। কেতি স্ত্রী যথা কান্তং সাপরাধমপি ন জহাতি তথৈব হে সবুদ্ধে মাং ত্বং নজহীহীত্যর্থঃ॥ ২৩॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষড়্‌বিংশোঽয়ং চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সবুদ্ধ্যা সহিতস্যাস্য সুকৃতান্যপি কুর্ব্বতঃ। সপ্তবিংশে জরারোগাদ্যুপাখ্যানেন কথ্যতে॥ ০॥

তদেবং ধার্ম্মিকস্যাপি জীবস্য কদাচিদন্তরায় প্রাপ্তে বিবিধ দুষ্কৃত দূষিতান্তঃকরণস্যাপি পুনর্লব্ধ বিবেকস্য দানব্রত তপঃ প্রায়শ্চি-

হে প্রিয়তমে! আমি তোমাকে জিজ্ঞাসা না করিয়া সেচ্ছানুসারে মৃগয়ায় গমন করিয়াছিলাম, ইহাতে তোমার নিকট আমার যে অপরাধ হইয়াছে তাহা মার্জ্জনা কর, তোমার কোপাবেশ দর্শনে আমি সাতিশয় দুঃখিত হইতেছি, আমার প্রতি প্রসন্ন হও। প্রিয়ে! আমি তোমার সুহৃদ্ ইহাতে আমার প্রতি প্রসন্ন হওয়া উচিত। হে কান্তে! যে কান্ত বশবর্ত্তী এবং অনঙ্গ বাণে যাহার ধৈর্য্য বিধ্বংস হয় এমত কান্তকে কাময়মানা কোন্ কামিনী কান্ত বিষয়ক স্নেহোচিত কর্ম্মে ভজনা না করে!॥ ২৩॥

॥ * ॥ ইতি চতুর্থে ষড়্‌বিংশ ॥ * ॥

সপ্তবিংশতি অধ্যায়ে পুত্র কলত্রাদিতে আসক্তি হেতু পুরঞ্জনের আত্ম বিস্মরণ এবং কাল কন্যাদির উপাখ্যান দ্বারা জরা রোগাদি বর্ণন॥ ০॥

নারদ কহিলেন হে রাজন্! সেই পুরঞ্জনী এই প্রকারে হাব ভাব বিলাস দ্বারা আপনার পতি

স রাজা মহিষীং রাজন্ সুস্নাতাং রুচিরাম্বরাং। কৃতস্বস্ত্যয়নাং তৃপ্তামভ্যনন্দদুপাগতাং॥ ২॥
তয়োপগূঢ়ঃ পরিরব্ধকন্ধরো রহোহনুমন্ত্রৈরপকৃষ্টচেতনঃ।
ন কালরংহো বুবুধে দুরত্যয়ং দিবা নিশেতি প্রমদাপরিগ্রহঃ॥ ৩॥
শয়ান উন্নদ্ধমদো মহামনা মহার্হতল্পে মহিষী ভুজোপধিঃ।
তামেব বীরোহমনুত ব্যবায়ত স্তমোভিভূতো ন নিজং পরঞ্চ যৎ।

শ্রীধরস্বামী।

অত্রচ প্রতি পদং কথঞ্চিদধ্যাত্ম পক্ষে যোজয়িতুং শক্যমেব। শ্রীনারদেন তু জীবস্য স্ত্রীপুরুষ বাসনা দার্ঢ্যেন বিচিত্রা সংসৃতি র্ভবতি ইতি এতাবদেব কথাতাৎপর্য্যং দর্শিতং কচিৎ পুমান্ কচিচ্চ স্ত্রী কচিন্নোভয় মন্দধীঃ। দেবোমনুষ্য স্তির্য্যগ্বা যথাকর্ম্ম গুণং ভব ইতি বদতা তত্রাদৌ পুংস্ত্বেন সংসৃতি রধ্যায় ত্রয়েণোক্তা ততশ্চৈকেনাধ্যায়েন স্ত্রীত্বেন সংসৃতিং প্রদর্শ্য ঈশ্বর প্রসাদলব্ধ জ্ঞানেন মোক্ষ ইত্যুক্তং তত স্তদেব যথোপযোগং ব্যাখ্যাতমিতি পঞ্চাধ্যায়ারম্ভঃ প্রতীয়তে প্রতিপদমধ্যাত্ম যোজনা দুর্ঘটা নিষ্প্রয়োজনাচ ইতি স্বপ্রৌঢ়ি প্রখ্যাপনমনাদৃত্য যথোপযোগমেব ব্যাখ্যাস্যামঃ। সভ্রাক্ সম্যক্ বিভ্রমৈঃ বিলাসৈঃ॥ ১॥

কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং কুঙ্কুম সিন্দুরাদিভির্যস্যাঃ॥ ২॥

উপগূঢ়ঃ পরিরব্ধঃ পরিরব্ধাঃ কন্ধরা তস্যা যেন। রহঃ একান্তে অনুমন্ত্রৈঃ অনুকূলৈঃ গুহ্যভাষণৈঃ অপকৃষ্টা চেতনা বিবেকো যস্য। কালরংহঃ আয়ুর্ব্যয়ং। প্রমদৈব পরিগ্রহো ন জ্ঞান সাধনং যস্য। ৩।

মহার্হতল্পে উৎকৃষ্ট শয্যায়াং শয়ানঃ মহিষ্যা ভুজ উপধিঃ উপধানং উচ্ছীর্ষকং যস্য। মহিষীভুজোপধি ইত্যবিসর্গ পাঠে শয়ন

ক্রমসন্দর্ভঃ।

মন্নুতে ইত্যত্র অমনুতেতি স্বামি সম্মতঃ পাঠঃ কিন্তু সর্ব্বত্রাদৃষ্টঃ। ১। ২। ৩। ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তাদিকং কৃতবতোপি মনোমালিন্যানপগমাদনুপদ মনুতাপ সহস্র বিদীর্ণস্য ভাগ্যবশাদেব পুনরপি সদ্বুদ্ধি প্রাপ্তিঃ প্রপঞ্চিতা। ইদানীং পূর্ব্ববদেব ধর্ম্ম বুদ্ধিমতঃ সদাচারস্য তস্য গার্হস্থ্যমাহ ইত্থমিতি সভ্রাক্ সম্যক্ বিভ্রমৈ র্বিলাসৈঃ। পক্ষেঽধর্ম্মে মতিং পরিত্যজ্য পূর্ব্ববদ্ধর্ম্ম বুদ্ধ্যাবেবাসক্তো বভূবেত্যর্থঃ। ১॥

সুস্নাতেত্যাদিনা স্বীয় সদ্বুদ্ধেঃ প্রসন্নতামালক্ষ্য বিগত মনোমলিন্যঃ কৃতার্থো বভূবেত্যুক্তং॥ ২॥

অনুমন্ত্রৈঃ অনুকূল গুহ্য ভাষণৈঃ পক্ষে ধর্ম্মকর্ম্ম নির্ব্বাহ মন্ত্রণাভিঃ। অপকৃষ্টা বিলুপ্তা কৃতা চেতনা সংসার তরণ লক্ষণা বুদ্ধির্যস্য সঃ। কালস্য রংহোবেগং বৈরাগ্যাভাবান্নবুবুধে কীদৃশং ইদং দিবা গতং ইয়ং নিশা আগতেতি এতৎ প্রকারকমিত্যর্থঃ॥ ৩॥

মহিষ্যা ভুজএব উপধিরুপধানং যস্য সঃ। অবিসর্গ পাঠে শয়নক্রিয়াবিশেষণং। তামেব ব্যবায়তো হেতোর্মনুতে। স্ত্রী সঙ্গ সুখমেব পুরুষার্থমমন্যত অমনুতেতি চ পাঠঃ। নতু নিজং স্বীয়ং পরঞ্চ কিমপি অমনুত অগণয়দিত্যর্থঃ। তমসা অজ্ঞা-

পুরঞ্জনকে সম্যক্ বশীভূত করিয়া তাঁহার সহিত ক্রীড়া করিতে প্রবৃত্ত হইলেন॥ ১॥

মহারাজ! রাজা পুরঞ্জনও সুস্নাতা, শোভন বসনা এবং কুঙ্কুম সিন্দূরাদি দ্বারা কৃত মঙ্গলা সেই মহিষী হৃষ্ট চিত্তা হইয়া নিকটে আগমন করিলে তাঁহার সহবাসে অতিশয় আমোদী হইলেন॥ ২॥

কখন পুরঞ্জনী তাঁহাকে আলিঙ্গন করিত, কখন পুরঞ্জন পুরঞ্জনীর স্কন্ধদেশ আশ্লেষ করিয়া ধরিতেন অপর সেই তরুণী একান্তে তাঁহার সহিত রহস্য কথা কহিতেন, তাহাতে তাঁহার বিবেক বিগত হইত অতএব আপনার যে বৃথা পরমায়ুঃ ক্ষয় হইতেছে, তিনি তাহা জানিতে পারিলেন না॥ ৩॥

ফলতঃ যদিও পুরঞ্জন মহামনা ছিলেন, তথাচ মদান্ধ হওয়াতে মহার্হ শয্যায় স্বীয় মহিষীর ভুজ রূপ বালিশে শয়ন করিয়া তাহাকেই পরম পুরুষার্থ করিয়া মানিতে লাগিলেন। আপনি অজ্ঞানে অভিভূত হইয়াছিলেন, মুগ্ধতা প্রযুক্ত আপনার নিজরূপ যে ব্রহ্ম তাহা বিস্মৃত হইলেন। হে রাজেন্দ্র!

তয়ৈবং রমমাণস্য কামকশ্মলচেতসঃ। ক্ষণার্দ্ধমিব রাজেন্দ্র ব্যতিক্রান্তং নবং বয়ঃ ॥ ৪ ॥
তস্যামজনয়ৎ পুত্রান্ পুরঞ্জন্যাং পুরঞ্জনঃ। শতান্যেকাদশ বিরাড়ায়ুষোঽর্দ্ধমথাত্যগাৎ।
দুহিতৄর্দশোত্তরশতং পিতৃমাতৃযশস্করীঃ। শীলৌদার্য্যগুণোপেতাঃ পৌরঞ্জন্যঃ প্রজাপতে ॥ ৫ ॥
স পঞ্চালপতিঃ পুত্রান্ পিতৃবংশবিবর্দ্ধনান্। দারৈঃ সংযোজয়ামাস দুহিতৄঃ সদৃশৈর্ব্বরৈঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

ক্রিয়া বিশেষণং। তাং মহিষীমেব পরং পুরুষার্থমমন্যতে নতু যন্নিজং রূপং ব্রহ্ম তৎ তমসা অজ্ঞানেনাভিভূতোঽযতঃ যদ্বা নিজমাত্মানং ততঃ পরঞ্চ পরমাত্মানং ॥ ৪ ॥

পুত্রান্ ইন্দ্রিয়পরিণামান্। দুহিতৄঃ তদনন্তরং বুদ্ধিবৃত্তীঃ পুত্রসংখ্যাচ বাহুল্য মাত্র বিবক্ষয়া দুহিতৃ সংখ্যাতু পুত্রেভ্যো ন্যূনত্বেন গার্হস্থ্য সৌন্দর্য্যার্থং বিরাট্ সম্রাট্। আয়ুষোর্দ্ধং ইত্যাদ্যপি কথা সৌন্দর্য্যার্থমেব পুরঞ্জনকন্যাত্বাৎ পৌরঞ্জন্যঃ হে প্রজাপতে ॥ ৫ ॥

দারৈঃ পরিণামানন্তরহিতাহিত চিন্তাভিঃ বরৈঃ উচিত বিষয়ভোগৈঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্যামিতি সার্দ্ধকং। মাতৃ ইত্যত্র ভ্রাতৃ ক্বচিৎ। মূল পাঠস্তু ন চিৎসুখমতঃ ॥

শীলেত্যর্দ্ধকং ॥ ৫ ॥

সপক্ষেতি টীকায়াং হিতাহিত চিন্তাপি যথা সৌগন্ধ সৌরূপ্যাদৌ হিতচিন্তা দৌর্গন্ধ্য কৌরূপ্যাদাবহিত চিন্তেতি ॥ ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যেন যতোঽভিভূতঃ। অধ্যাত্ম পক্ষে ব্যবায়তো ধর্ম্মপত্নী সঙ্গতো ধর্ম্মাসক্ত্যা ধর্ম্মমেব পুরুষার্থং অমন্যত নতু মোক্ষং যতো ম নিজং জীবস্বরূপং নাপি পরং পরমেশ্বর স্বরূপং ধার্ম্মিক ইত্যুন্নদ্ধ মদঃ। মহামনা দানশীলঃ মহার্হতল্পে পুণ্যকর্ম্মণি শয়ানো মগ্নঃ। মহিষীভূত্যোপধিরবিদ্যোপাধিঃ ॥ ৪ ॥

পুত্রান্ বিবেক নির্ণয় সংশয়াদীন্। দুহিতৄর্জ্জোৎকণ্ঠাচিন্তাদ্যাঃ পুত্রসংখ্যা বাহুল্যমাত্র বিবক্ষয়া দুহিতৃ সংখ্যাতু পুত্রেভ্যোন্যূনত্বেন গার্হস্থ্য সৌন্দর্য্যার্থং বিরাট্ সম্রাট্ জীবশ্চ আয়ুষোঽর্দ্ধমত্যগাদিতি পঞ্চাশদ্বর্ষ পর্য্যন্তং বিষয়ভোগ লাম্পট্যমধিকমিতি বিবক্ষয়া পিতৃ মাতৃ যশস্করীরিতি তাসাং পুণ্যক্রিয়া হেতুরূপত্বাৎ ॥

পুরঞ্জনকন্যাত্বাৎ তাঃ পৌরঞ্জন্য উচ্যন্তে ইতি শেষঃ ॥ ৫ ॥

দারৈর্ম্মতি ধৃত্যাদিভিঃ বরৈর্বিনয় প্রণয়াদিভিঃ ॥ ৬ ॥

এই প্রকারে কামাসক্ত চিত্ত হইয়া স্বীয় মহিষীর সহিত ক্রীড়া করিতে করিতে পুরঞ্জনের নবীন বয়স ক্ষণার্দ্ধের ন্যায় অতিক্রান্ত হইয়া গেল ॥ ৪ ॥

তদনন্তর যখন তিনি আপনার মহিষী পুরঞ্জনীর গর্ভে একাদশ শত (ইন্দ্রিয় পরিণাম) পুত্র উৎপাদন করিলেন, তখন তাঁহার পরমায়ুর অর্দ্ধাংশ গত হইল। তাহার পরে তাঁহা হইতে একশত দশটী কন্যা জন্মিল, তাহারা শীল ও ঔদার্য্য গুণে সুভূষিতা এবং পিতা মাতার যশোবর্দ্ধিনী। হে রাজন্! ঐ সকল কন্যা পুরঞ্জন হইতে উৎপন্ন হওয়াতে পৌরঞ্জনী বলিয়া বিখ্যাত হয় ॥ ৫ ॥

সে যাহা হউক, পঞ্চালপতি পুরঞ্জন আপনার পিতৃবংশ বর্দ্ধক তনয়দিগকে উপযুক্ত দারের (হিতাহিত চিন্তার) সহিত সংযুক্ত করিয়া দিলেন এবং কন্যা সকলও সদৃশ বরের সহিত সংযোজিত হইল ॥ ৬ ॥

পুত্রাণাঞ্চাভবন্ পুত্রা একৈকস্য শতং শতং। যৈর্বৈ পৌরঞ্জনো বংশঃ পঞ্চালেষু সমেধিতঃ ॥ ৭ ॥
তেষু তদ্রিকথ হারেষু গৃহকোষানুজীবিষু। নিরূঢ়েন মমত্বেন বিষয়েষ্ববধ্যত। ...
ঈজে চ ক্রতুভির্ঘোরৈ র্দীক্ষিতঃ পশুমারকৈঃ। দেবান্ পিতৄন্ ভূতপতীন্ নানাকামো যথা ভবান্ ॥ ৮ ॥
যুক্তেষ্বেবং প্রমত্তস্য কুটুম্বাসক্তচেতসঃ। আসসাদ সবৈ কালো যোঽপ্রিয়ঃ প্রিয়যোষিতঃ ॥ ৯ ॥
চণ্ডবেগ ইতি খ্যাতো গন্ধর্ব্বাধিপতির্নৃপ। গন্ধর্ব্বা স্তস্য বলিনঃ ষষ্ট্যুত্তর শতত্রয়ং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

পুত্রাণাং পুত্রাঃ কর্ম্মাণি পঞ্চালেষু শব্দাদি বিষয়েষু ॥ ৭ ॥
তেষু পুত্রাদিষু তেষামপি যে রিক্থহারাঃ পুত্রাস্তেষুচ ॥ ৮ ॥
যুক্তেষু আত্মহিতেষু কর্ম্মসু অনবহিতস্য সবৈ কালঃ জরাসময়ঃ ॥ ৯ ॥
চণ্ডবেগঃ সম্বৎসরেণাবর্ত্তমানেনোপলক্ষিতঃ। গন্ধর্ব্বা দিবসাঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্ববধ্যতেত্যত্র অন্বরুদ্ধ্যতেতি কচিৎ কিন্তু মূলপাঠ এব চিৎসুখমতঃ ॥
যথা ভবানিতি। বিভক্তিপরিণামেনাপি সর্ব্বত্র যোজ্যং ॥ ৮ ॥
যুক্তেষ্বিতি সার্দ্ধকং। যোঽপ্রিয় ইত্যত্র যো বর ইতি কচিৎ। প্রিয়যোষিতমিতি চিৎসুখঃ ॥ ৯ ॥
গন্ধর্ব্বা ইতি সার্দ্ধকং। তাদৃশীত্যেব পাঠঃ ॥ ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুত্রাণাং পুত্রাঃ পুণ্যাচরণাদয়ঃ পাঞ্চালেষু শব্দাদিষু ॥ ৭ ॥
তেষু বিবেকাদিষু পুত্রেষু তস্য পুরঞ্জনস্য রিক্থহারেষু অভিমানাদি ধন হর্ত্তৃষু গৃহানুজীবিষু প্রাণেষু কোষানুজীবিষু সহ ওজ আদিষু ॥
ঈজ ইতি পক্ষদ্বয়ে সাম্যং যথা ভবানিতি তবৈব কথেয়ং কথ্যতে তব দৃষ্টান্তাত্বং তু সঙ্গোপনার্থমেবেতি ভাবঃ ॥ ৮ ॥
এবং যুক্তেষু ভক্তিবৈরাগ্যাদিষ্বাত্মহিতেষু প্রমত্তস্যানবহিতস্য। স কালঃ জরাসময়ঃ। প্রিয়যোষিতাং কান্তাজনানাং অপ্রিয়ঃ সম্ভোগপ্রাতিকূল্যাৎ ॥ ৯ ॥
কিঞ্চ চণ্ডবেগঃ সম্বৎসর ইতি খ্যাতো যো গন্ধর্ব্বাধিপতিস্তস্য গন্ধর্ব্বা দিবসাঃ পুরীং বিলুম্পন্তীত্যন্বয়ঃ। গন্ধর্ব্ব্যোরাত্রয়ঃ। তাবতী স্তাবত্যঃ মৈথুন্যঃ দিবসৈর্মিথুনীভূয় স্থিতাঃ ॥ ১০ ॥

হে রাজন্! পুরঞ্জনের যে সকল পুত্র হয় তাহাদের প্রত্যেকের আবার শত শত পুত্র জন্মিল। তাহাতে পঞ্চাল দেশে (শব্দাদি বিষয়ে) পৌরঞ্জন বংশ অতিশয় বর্দ্ধিত হইয়া উঠিল ॥ ৭ ॥

সেই সকল পুত্র ও তাহাদের পুত্র, যাহারা গৃহ রূপ কোষের অনুজীবী, তাহাদের প্রতি উত্তরোত্তর প্রগাঢ় মমতা হওয়াতে তাহাদের দ্বারা পুরঞ্জন বিষয়ে অতিশয় আবদ্ধ হইলেন এবং তোমার ন্যায় পশুমারক ভূরি২ ভয়ানক যজ্ঞে দীক্ষিত হইয়া তদ্দ্বারা নানা কামনায়, দেব পিতৃ ও ভূতপতিদিগের অর্চ্চনা করিতে লাগিলেন ॥ ৮ ॥

এই প্রকারে কুটুম্বাসক্ত চিত্ত হইয়া পুরঞ্জন আত্মহিত বিষয়ে অনবধান আছেন, ইতি মধ্যে যে কাল যোষিৎপ্রিয় ব্যক্তির অতিশয় অপ্রিয়, সে আসিয়া নিকটবর্ত্তী হইল ॥ ৯ ॥

হে নৃপ। সেই কাল চণ্ডবেগ নামে বিখ্যাত, গন্ধর্ব্ব দিগের অধিপতি। রাজন্! তাহার সহিত তিন শত বাইট বলবান্ গন্ধর্ব্ব (দিবস) আছে ॥ ১০ ॥

গন্ধর্ব্যস্তাদৃশীরস্য মৈথুন্যশ্চ সিতাসিতাঃ। পরিবৃত্ত্যা বিলুম্পন্তি সর্ব্বকাম বিনির্ম্মিতাং॥ ১১ ॥
তে চণ্ডবেগানুচরাঃ পুরঞ্জনপুরীং যদা। হর্ত্তুমারেভিরে তত্র প্রত্যষেধৎ প্রজাগরঃ॥ ১২ ॥
স সপ্তভিঃ শতৈরেকো বিংশকেন শতং সমাঃ। পুরঞ্জনপুরাধ্যক্ষো গন্ধর্ব্বৈর্যুযুধে বলী॥ ১৩ ॥
ক্ষীয়মাণে স্বসম্বন্ধে একস্মিন্ বহুভির্যুধি। চিন্তাং পরাং জগামার্ত্তঃ স্বরাষ্ট্র পুরবান্ধবঃ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

গন্ধর্ব্ব্যো রাত্রয়ঃ। তাদৃশীশ্চ তাদৃশ্যঃ মৈথুন্যঃ দিবসৈ র্মিথুনীভূয় স্থিতাঃ। সিতাশ্চাসিতাশ্চ শুক্লকৃষ্ণ পক্ষীয়াঃ পরিভ্রমণেন সর্ব্বৈঃ কামৈঃ সহ বিনির্ম্মিতাং পুরীমপহরন্তি॥ ১১ ॥
প্রজাগরঃ প্রাণঃ॥ ১২ ॥
বিংশত্যা সহ॥ ১৩ ॥
স্বসম্বন্ধে স্বসম্বন্ধিনি প্রাণে॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিংশকেনেত্যত্র বিংশত্যা চেতি টীকা বিংশত্তিরিতি চিৎসুখঃ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিতাশ্চাসিতাশ্চ শুক্লকৃষ্ণ পক্ষীয়াঃ। পরিবৃত্ত্যা পরিভ্রমণেন পুরীমপহরন্তীতি জন্মারভ্য প্রতিদিনমায়ুরপহারএব পুর্য্যা অপহার উপচরিতঃ॥ ১১ ॥
যদা পঞ্চাশদ্বর্ষানন্তরং পুরং দেহমপি হর্ত্তুমারেভিরে তদা প্রজাগরঃ প্রাণ এব প্রত্যষেধৎ। মা পুরমরে ময়ি তিষ্ঠতি লুম্পতেতি সাটোপমাহ ইতি। পঞ্চাশদ্বর্ষানন্তরমপি ত্রিংশদ্বর্ষ পর্য্যন্তং বলং নাপযাতীত্যুক্তং॥ ১২ ॥
যুদ্ধস্ত প্রজাগরস্য তৈঃ সার্দ্ধং জন্মারভ্যৈবাভূদিত্যাহ সপ্তভিঃ শতৈর্ব্বিংশকেন চেতি বর্ষগতানাং দিনানাং রাত্রীণাঞ্চ তাবত্ত্যেব সংখ্যা দর্শিতা। শতং সমা যাবৎ পরমায়ুরিত্যর্থঃ॥ ১৩ ॥
ত্রিপঞ্চাশদ্বর্ষ পর্য্যন্তং প্রজাগরস্য প্রায়ঃ পরাজয়ো নাভূৎ। তদনন্তরং তু তস্যোত্তরোত্তরং পরাজয় এবেত্যাহ ক্ষীয়মাণে স্বসম্বন্ধে স্বসম্বন্ধিনি প্রাণে আর্ত্তঃ পুরঞ্জনঃ॥ ১৪ ॥

তদ্ভিন্ন ঐ প্রকার তিন শত ষাইট গন্ধর্ব্বী ও (রাত্রিও) আছে। তাহারা শুক্ল ও কৃষ্ণ। ঐ সকল গন্ধর্ব্ব মিথুন হইয়া অবস্থিতি করে এবং পরিভ্রমণ দ্বারা সমস্ত কাম সহ নির্ম্মিত পুরীকে (দেহকে) অপহরণ করিয়া থাকে॥ ১১ ॥

হে রাজন্! চণ্ডবেগের অনুচর ঐ সকল গন্ধর্ব্ব (দিবস) যখন পুরঞ্জনের পুরী (দেহ) হরণ করিতে আরম্ভ করিল, তখন তত্রস্থ প্রজাগর (প্রাণ) তাহাদিগকে প্রতিষেধ করিতে লাগিল॥ ১২ ॥

কিন্তু ঐ সকল গন্ধর্ব্বের সংখ্যা তাহাদের ভার্য্যার সহিত সাতশত বিশ, পুরঞ্জনপুরীর অধ্যক্ষ প্রজাগর (প্রাণ) একাকী প্রতিষেধ করিয়া কি রূপে কৃতকার্য্য হইবে? তথাপি বলবত্তা প্রযুক্ত সে শতবর্ষ পর্য্যন্ত তাহাদের সঙ্গে সংগ্রাম করিল॥ ১৩ ॥

বহু ব্যক্তির সহিত একজনের যুদ্ধে কদাচ জয় হয় না, প্রজাগর তাহার পরেই ক্ষীণ হইয়া পড়িল, পুরঞ্জন আপনার পুরাধ্যক্ষকে (প্রাণকে) ক্ষীণ হইতে দেখিয়া পুর রাষ্ট্র ও বান্ধব সহ ক্লিষ্ট হইয়া সাতিশয় চিন্তাকুল হইলেন॥ ১৪ ॥

স এব পূর্য্যাং মধুভুক্ পঞ্চালেষু স্বপার্ষদৈঃ। উপনীতং বলিং গৃহ্নন্ স্ত্রীজিতো নাবিদদ্ভয়ং ॥ ১৫ ॥
কালস্য দুহিতা কাচিৎ ত্রিলোকীং বরমিচ্ছতী। পর্য্যটন্তী ন বর্হিষ্মন্ প্রত্যনন্দত কশ্চন ॥ ১৬ ॥
দৌর্ভাগ্যেনাত্মনো লোকে বিশ্রুতা দুর্ভগেতি সা। যা তুষ্টা রাজর্ষয়ে বৃতাদাৎ পূরবে বরং।
কদাচিদটমানা সা ব্রহ্মলোকান্মহীং গতং। বব্রে বৃহদ্ব্রতং মাঞ্চ জানতী কামমোহিতা ॥ ১৭ ॥
ময়ি সংরভ্য বিপুলমদাচ্ছাপং সুদুঃসহং। স্থাতুমর্হসি নৈকত্র মদ্যাচ্ঞা বিমুখো মুনে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

সএব মধুভুক্ ক্ষুদ্র সুখভোক্তা। স্বপার্ষদৈরিন্দ্রিয়ৈঃ নাবিদৎ নালোচিতবান্ ॥ ১৫ ॥
কালস্য দুহিতা জরাস্তি তাং ন প্রত্যনন্দৎ বর্হিষ্মন্ হে প্রাচীনবর্হিঃ ॥ ১৬ ॥
পূরবে যযাতিপুত্রায় তেন বৃতা সতী বরমদাৎ। যযাতিঃ শুক্রশাপাজ্জরাং প্রাপ্য পুত্রানুবাচ। ইমাং গৃহ্নীতেতি তাং জ্যেষ্ঠা শ্চত্বারো ন জগৃহুঃ পূরুস্তু জগৃহে। ততো যযাতিস্তস্মৈ রাজ্যং দদাবিতি জরৈবাদাদিত্যুক্তং ॥ ১৭ ॥
প্রত্যাখ্যাতবতি ময়ি সংরভ্য ক্রোধং কৃত্বা নৈকত্র স্থাতুমর্হসীতি শাপমদাৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মধুভুক্ ক্ষুদ্রসুখভোক্তা স্বপার্ষদৈরিন্দ্রিয়ৈঃ ॥ ১৫ ॥
প্রকটমেব জরা প্রবেশমুপাখ্যানেনাহ কালস্যেতি। হে বর্হিষ্মন্ কোপি ন প্রত্যনন্দৎ নৈচ্ছৎ ॥ ১৬ ॥
পূরবে যযাতিপুত্রায় তেন বৃতা সতী বরমদাদিতি যযাতি স্তস্মৈ স্বীয় জরাগ্রাহিণে তুষ্টো রাজ্যমদাদিতি জরৈবাদাদিত্যুক্তং ॥
মহীং গতমিতি প্রাকৃত মনুষ্যভ্রান্ত্যেত্যর্থঃ। বৃহদ্ব্রতং নৈষ্ঠিকব্রহ্মচারিণং সংন্যাসিনং বা মহা প্রভাবন্তং বা সা কমপি ন ত্যজতীত্যর্থঃ ॥ ১৭ ॥
ময়ি প্রত্যাখ্যাতবতি সংরভ্য ক্রোধং কৃত্বা পক্ষে মদ্দেহস্য কর্ম্মারব্ধত্বাভাবাৎ ষড়ূর্ম্মি রাহিত্যেন তস্যাঃ প্রবেশাসামর্থ্যমেব মৎ প্রত্যাখ্যানত্বেন কৃপালুত্বেন সর্ব্বত্র মম গমনমেব তস্যাঃ শাপফলত্বেনোৎপ্রেক্ষিতমিদং জ্ঞেয়ং ॥ ১৮ ॥

অহে রাজন্ প্রাচীনবর্হিঃ! ইতঃ পূর্ব্বে তিনি স্ত্রীজিত ও ক্ষুদ্র সুখে আসক্ত হইয়া পঞ্চাল দেশে আপনার পুরীর মধ্যে (দেহে) আপনাদের পার্ষদ (ইন্দ্রিয়) গণ কর্ত্তৃক আহৃত ভোগ্য বস্তু গ্রহণ করিতেন, তাঁহাকে কখন কোন প্রকার ভয়ের বিষয় আলোচনা করিতে হয় নাই ॥ ১৫ ॥

সে যাহা হউক, হে বর্হিষ্মন্! পূর্ব্বে যে কালের কথা কহিয়াছিলাম, তাহার একটী কন্যা আছে তাহার নাম জরা। সে আপনার অনুরূপ বর অন্বেষণ করত ত্রিলোকী পর্য্যটন করিয়াছিল কিন্তু কেহই তাহাকে পরিণয় করিতে স্বীকার করে নাই ॥১৬॥

এই দৌর্ভাগ্য হেতু সে লোকে দুর্ভগা বলিয়া বিখ্যাত হয়। অনন্তর পুরঞ্জন তাহার পাণিগ্রহণ করিতে স্বীকার করিলেন, তাহাতে সে সন্তুষ্ট হইয়া পূরুর (যযাতি পুত্রের) ন্যায় তাঁহার বর (রাজ্য) লাভ করাইয়া দিল। হে রাজন্! উল্লিখিত কালকন্যা একদা ভ্রমণ করিতে ছিল, সেই সময় আমি ব্রহ্মলোক হইতে ভূলোকে আসিতে ছিলাম, আমাকে দেখিবা মাত্র সে কামে হতচেতন হইয়া বরণ করিল ॥ ১৭ ॥

আমি নৈষ্ঠিক ব্রহ্মচারী, আমার দার পরিগ্রহ করিতে ইচ্ছা নাই, ঘৃণা প্রকাশ পুরঃসর প্রত্যাখ্যান করিলাম, তাহাতে আমার প্রতি তাহার বিজাতীয় ক্রোধ জন্মিল। রোষ পরবশ হইয়া এই দুঃসহ শাপ দিল, অহে মুনিবর! "যেহেতু তুমি আমার প্রার্থনা পূর্ণ করিতে পরাঙ্মুখ হইলে, এই নিমিত্ত কখন একস্থানে সুস্থির হইয়া থাকিতে পরিবে না ॥ ১৮ ॥

ততো বিহতসংকল্পা কন্যকা যবনেশ্বরং । ময়োপদিষ্টমাসাদ্য বব্রে নাম্না ভয়ং পতিং ॥ ১৯ ॥
ঋষভং যবনানাং ত্বাং বৃণে বীরেপ্সিতং পতিং । সঙ্কল্পস্ত্বয়ি ভূতানাং কৃতঃ কিল ন রিষ্যতি ॥ ২০ ॥
দ্বাবিমাবনুশোচন্তি বালাবসদবগ্রহৌ । যল্লোকশাস্ত্রোপনতং ন রাতি ন তদিচ্ছতি ॥ ২১ ॥
অথো ভজস্ব মাং ভদ্র ভজন্তীং মে দয়াং কুরু । এতাবান্ পৌরুষো ধর্ম্মো যদার্ত্তাননুকম্পতে ॥২২

শ্রীধরস্বামী ।

আধয়ো ব্যাধয়শ্চ যবনাঃ তেষামীশ্বরং ভয়নামানং বব্রে ॥ ১৯ ॥

হে বীর ত্বামীপ্সিতং পতিং বৃণে ন রিষ্যতি ন নশ্যতি ॥ ২০ ॥

লোকতো বেদতশ্চ যদ্দেয়ত্বেন গ্রাহ্যত্বেনচ উপনতং প্রাপ্তং তৎ যাচ্যমানং যো ন দদাতি তচ্চ দীয়মানং নেচ্ছতি ন গৃহ্লাতি ইমৌ দ্বৌ কর্ম্মভূত্বাবনুশোচন্তি সন্তঃ ॥ ২১ ॥

পুরুষেণ কর্ত্তব্যোধর্ম্মঃ পৌরুষঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যতো ভূতানামন্যৈরপি ভূতৈ ত্বয়ি কৃতঃ সংকল্পো মনোরথো নরিষ্যতি নষ্টুং নার্হতি । মমতু ত্বদেক পরায়ণায়াঃ সুতরাং নার্হতীত্যর্থঃ ॥ ২০ । ২১ । ২২ । ২৩ । ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ময়োপদিষ্টমিতি লোকানাং ভয়মেব জরয়া জীর্ণং ভবত্বিতি স্বস্য দয়ালুত্বং সূচিতং ॥ ১৯ ॥

যবনানামাধি ব্যাধীনাং ন রিষ্যতি ন নশ্যতি । পক্ষে ভূতানাং ভগবদ্ভক্তানাং সঙ্কল্পো ন রিষ্যতি লোকানাং ভয়ং জীর্ণং ভবত্বিতি নারদেন যঃ সঙ্কল্পঃ কৃতঃ সোঽন্যথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতি র্ভব যথা ত্বামহং ভুঞ্জে । ভূতশব্দেন ভগবদ্ভক্তোপ্যুচ্যতে । যদুক্তং ভূতানি ভব্যানি জনার্দ্দনস্যেতি ॥ ২০ ॥

বালাবজ্ঞৌ সন্তোঽনুশোচন্তি । লোকশাস্ত্রয়োরুপনতমুচিতং বস্তু দেয়ং ন দদাতি । গ্রাহ্যং ন গৃহ্লাতীতি তেন কন্যাহং স্বয়ম্বরা অকস্মাত্বদগৃহমাগতা গৃহস্থেন ত্বয়া গ্রাহ্যৈবেতি ভাবঃ । পক্ষে লোকেষু কৃপালুনা নারদেন যদভিলষিতং ভয়ং জীর্ণং ভবত্বিতি তল্লোক শাস্ত্রোচিতমেবাতস্ত্বং মাং গৃহাণেত্যর্থঃ ॥ ২১ ॥

পৌরুষঃ পুরুষেণ নির্ব্বৃত্তঃ । পক্ষে স্ববলঃ প্রকাশ্যাপি ত্বয়া জরাং ন গৃহ্নামীতি বক্তুমশক্যং নারদোক্তিবলাত্ত্বামহং নগন্তী সংহরিষ্যাম্যেবেতি স্বগতং বদন্তী বহির্ব্বক্রোক্ত্যা সোৎপ্রাসমাহ অথো ইতি ॥ ২২ ॥

হে রাজন্ ! আমি এই প্রকারে অভিশপ্ত হইয়াও তাহার অবস্থা দেখিয়া বিবেচনা করিলাম, এই অবলার অভিলাষ বিফল হইল, এজন্য ইহার মনঃ দুঃখিত হইতেছে, অতএব দয়া প্রকাশ পুরঃসর তাহাকে যবনদের (আধি ব্যাধির) ঈশ্বরকে অর্থাৎ ভয়কে দেখাইয়া দিয়া বরণ করিতে কহিলাম, সে আমার ঐ উপদেশে সেই ভয় নামক ব্যক্তির নিকটে গেল এবং পতি বলিয়া তাহাকেই বরণ করিল ॥ ১৯ ॥

আর কহিল অহে বীর ! তুমি যবনদের মধ্যে শ্রেষ্ঠ এবং আমার বাঞ্ছিত পতি, আমি তোমাকে বরণ করিলাম, প্রাণি সকলের কৃত সংকল্প তোমাতে কখন বিফল হইবে না ॥ ২০ ॥

হে বীর ! লোকে ও শাস্ত্রে যে বস্তু দেয় ও গ্রাহ্য বলিয়া সম্মত, সেই বস্তু প্রার্থনা করিলে যে না দেয় এবং কেহ দিলে যে গ্রহণ না করে সেই দুই অজ্ঞ ব্যক্তিরই নিমিত্ত লোকে শোক করিয়া থাকে ॥ ২১ ॥

অতএব হে ভদ্র ! আমি প্রার্থনা করিতেছি দয়া প্রকাশিয়া আমাকে গ্রহণ কর । হে মহাশয় ! আর্ত্ত ব্যক্তির প্রতি যে অনুকম্পা করা ইহাই পুরুষের কর্ত্তব্য ধর্ম্ম ॥ ২২ ॥

কালকন্যোদিতবচো নিশম্য যবনেশ্বরঃ। চিকীর্ষুর্দেবগুহ্যং স সস্মিতং তামভাষত ॥ ২৩ ॥
ময়া নিরূপিতস্তভ্যং পতিরাত্মসমাধিনা। নাভিনন্দতি লোকোঽয়ং ত্বামভদ্রামসম্মতাং ॥ ২৪ ॥
ত্বমব্যক্ত গতির্ভুঙ্‌ক্ষ্ব লোকং কর্ম্ম বিনির্ম্মিতং। যাহি মে পৃতনা যুক্তা প্রজানাশং করিষ্যসি ॥ ২৫
প্রজ্বারোঽয়ং মম ভ্রাতা ত্বঞ্চ মে ভগিনী ভব। চরাম্যুভাভ্যাং লোকেঽস্মিন্নব্যক্তো ভীমসৈনিকঃ ॥২৬

শ্রীধরস্বামী।

দেবগুহ্যং মরণং তদ্ধি প্রাণিনাং বৈরাগ্যায়োদয়ায় দেবৈ র্গোপ্যতে ॥ ২৩ ॥

তুভ্যং তব আত্ম সমাধিনা জ্ঞানদৃষ্ট্যা যাচ্যমানঃ অয়ং লোকস্ত্বাং নেচ্ছতি ॥ ২৪ ॥

অতোঽব্যক্তগতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিত গতিঃ সতী লোকমাক্রম্য ভুঙ্‌ক্ষ্ব। এবং সর্ব্বোপি লোক স্তব পতিঃ স্যাদিত্যর্থঃ। নচৈবং ত্বয়া শঙ্কনীয়ং মাং প্রতিকূলাং লোকোঽনিষ্যতীতি যৎত্বমেব প্রজানাং নাশং করিষ্যসীত্যাহ যাহীতি। যা মদীয়া যবন পৃতনা তয়া যুক্তা ॥ ২৫ ॥

কিঞ্চ প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্ত ব্যাধ্যস্তঃ পাতিত্বাৎ ভীমা ঘোরাঃ সৈনিকা যস্য ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বমিত্যর্দ্ধকং ॥

যাহীত্যর্দ্ধকং। প্রজানাশমিত্যত্র প্রজ্বারস্ত্বমিতি চিৎসুখঃ ॥ ২৫ ॥

প্রজ্বারোয়মিত্যত্র অপ্রজোয়মিতি চিৎসুখঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবস্য পরমেশ্বরস্য গুহ্যং রহস্যং সংসারচক্রপ্রবর্ত্তনং চিকীর্ষুঃ। সস্মিতমিতি ত্বদ্বচনমিদমপ্রত্যাখ্যেয়মিতি স্মিতেন জ্ঞাপয়ন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

তুভ্যং ত্বাং ভোজয়িতুমিত্যর্থঃ। আত্ম সমাধিনা মনসো ভাবনয়া অয়ং ভূর্লোকস্থো লোকঃ ত্বাং নেচ্ছতি ॥ ২৪ ॥

অতস্ত্বমব্যক্ত গতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিত গতিঃ সতী লোকমাক্রম্য বলাৎকারেণ সর্ব্বএব লোকস্তব পতিঃ স্যাদিত্যর্থঃ ॥

প্রতিকূলাং মাং লোকোঽনিষ্যতীতি বিভেষি চেৎ মৎপৃতনা যবনসেনা তয়া যুক্তা সতী যাহীতি প্রজানাং ত্বয়া ভুক্তানাং নাশং ত্বং প্রণেষ্যসি করিষ্যসি ত্বাং হন্তুং পুনঃ কঃ প্রভবেদিতি ভাবঃ ॥ ২৫ ॥

প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্তু ব্যাধ্যস্তঃপাতিত্বাৎ মম ভগিনী কাপি নাস্তীতি ত্বমেব ভগিনী ভব নমু নার-

হে রাজন্! কাল কন্যার ঐ বাক্য শ্রবণ করিয়া সেই যবনেশ্বর মৃত্যু, তাহাকে স্বীকার করিতে ইচ্ছা করিলেন এবং হাস্য বদনে কহিলেন ॥ ২৩ ॥

আমি জ্ঞানদৃষ্টি দ্বারা অগ্রেই তোমার ভোগ স্থান নিরূপণ করিয়া রাখিয়াছি, তুমি সকলকে প্রার্থনা করিতেছ বটে কিন্তু তোমাকে অভদ্রা ও অসম্মতা জানিয়া কোন লোক তোমার পতি হইতে ইচ্ছা করে না ॥ ২৪ ॥

তুমি অলক্ষিত গতি হইয়া এই লোক সকলকে উপভোগ কর, এরূপ করিলে সকলেই তোমার পতি হইবে, তোমাকেপ্রতিকূলা দেখিয়া লোকে বধ করিবে এমত আশঙ্কা করিও না, বরং আমার এই যবন সেনা আছে, ইহাদের সহিত মিলিত হইয়া যাও, তুমিই প্রজানাশ করিয়া আসিবে এ বিষয়ে সংশয় মাত্র নাই ॥ ২৫ ॥

দেখ! এই প্রজ্বার (বৈষ্ণব জ্বর) আমার ভ্রাতা, তুমিও আমার ভগিনী হও, আমার আরও ভয়-

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৭ ॥ * ॥

শ্রীনারদ উবাচ ॥

সৈনিকা ভয়নাম্নো যে বর্হিষ্মন্ দিষ্টকারিণঃ। প্রজ্বারকালকন্যাভ্যাং বিচেরুরবনীমিমাং ॥ ১ ॥
ত একদাতু তরসা পুরঞ্জনপুরীং নৃপ। রুরুধুর্ভৌমভোগাঢ্যাং জরৎপন্নগপালিতাং।
কালকন্যাপি বুভুজে পুরঞ্জনপুরং বলাৎ। যয়াভিভূতঃ পুরুষঃ সদ্যোনিঃসারতামিয়াৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তবিংশঃ ॥ * ॥

অষ্টাবিংশেতু বৈদর্ভ্যাখ্যানেন স্ত্রী বিচিন্তয়া। স্ত্রীত্বং প্রাপ্তস্য দৈবেন কদাচিন্মুক্তিরুচ্যতে ॥ ০ ॥

ইদানীং পুরঞ্জনস্য পুং দেহত্যাগ পূর্ব্বকং স্ত্রীত্ব প্রকারমাহ। সৈনিকা ইত্যাদি রাজসিংহস্য বেশ্মনীত্যন্তেন গ্রন্থেন। দিষ্টং দৈবং কুর্ব্বন্তী অধিকুর্ব্বন্তী তথা। মৃত্যোরাদেশকারিণ ইতি বা ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য সপ্তবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দোক্তমন্যথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতিরেব ভবেতি সত্যং। অধর্ম্মবংশোদ্ভবানামস্মাকং ভগিন্যপি ভার্য্যা স্যাদত স্তব ভ্রাতাপ্যহং পতিস্তস্মান্নারদোক্তমপি প্রমাণীকরণীয়ং ভগবদ্ভক্তানাং নিকটমহং যামি চেন্মামপি নির্ভরং ভুক্ত্বা সংহর। নারদং যথা পতিং নাকৃথা স্তথান্যমপি ভগবদ্ভক্তং ত্বমপি পতিং ন কুরুষ। অতএব ময়োক্তং ত্বমব্যক্তগতির্ভুঙ্ক্ষ্ব লোকং কর্ম্ম বিনির্ম্মিতমিতি ভক্তানাং কর্ম্ম বিনির্ম্মিতত্বাভাবাত্তে তব পতয়ো ন ভবন্তীতি তেষু তেষ্বহমেব পতিরিতি নারদোক্তমপি সুসঙ্গতমভূদিতি ॥ ২৬॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে সপ্তবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্যক্ত্বা শীর্ণাং পুরীং স্ত্রীত্বং প্রাপ্তঃ সৎ সঙ্গতোঽহরেঃ। ভক্ত্যা পুরঞ্জনঃ প্রাপ তমষ্টাবিংশকে স্ফুটং ॥ ০ ॥

ইদানীং জীবস্য স্থূল শরীর পরিত্যাগ প্রকারমাহ সৈনিকা ইত্যাদি পুরীং বিহায়োপগত ইত্যন্তেন সৈনিকা ব্যাধয়ঃ। দিষ্টকারিণঃ দুরদৃষ্টফলোৎপাদকাঃ ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

ক্বর সেনা আছে, সে সকল থাকুক, আমি অলক্ষিত গতি হইয়া তোমাদের দুই জনের সহিত এই লোকে বিচরণ করিব ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তবিংশ ॥ * ॥

অষ্টাবিংশ অধ্যায়ে বৈদর্ভী কথা প্রসঙ্গে স্ত্রী চিন্তন দ্বারা পুরঞ্জনের স্ত্রীত্ব প্রাপ্তি এবং প্রাক্তন অদৃষ্ট বশতঃ জ্ঞানোদয়ে মুক্তি লাভ ॥ ০ ॥

নারদ কহিলেন হে রাজন্! ভয় নামা যবনাধিপতির যে সকল সেনা মৃত্যুর আদেশকারিণী, তাহারা প্রজ্বার (বিষ্ণুজ্বর) ও কালকন্যার (জরার) সহিত পৃথিবীর সর্ব্বত্র ভ্রমণ করিয়া বেড়াইতে লাগিল ॥ ১

একদা ঐ সকল ব্যক্তি বেগে পুরঞ্জনের পুরীতে প্রবেশ করিল। সেখানে একটী জীর্ণ সর্প (প্রাণ) রক্ষণাবেক্ষণ করিতেছিল। তাহারা ঐ পুরীকে পার্থিব ভোগে পূর্ণ দেখিয়া আক্রমণ পূর্ব্বক রুদ্ধ করিল, অতএব যে কালকন্যা কর্তৃক অভিভূত হইলে পুরুষ তৎক্ষণাৎ নিঃসার হয়, সেও বল পূর্ব্বক ঐ পুরী ভোগ করিতে আরম্ভ করিল ॥ ২ ॥

তয়োপভুজ্যমানা বৈ যবনাঃ সর্ব্বতো দিশং। দ্বার্ভিঃ প্রবিশ্য সুভৃশং প্রার্দ্দয়ন্ সকলাং পুরীং।
তস্যাং প্রপীড্যমানায়ামভিমানী পুরঞ্জনঃ। অবাপোরুবিধাংস্তাপান্ কুটুম্বী মমতাকুলঃ ॥ ৩॥
কন্যোপগূঢ়ো নষ্টশ্রীঃ কৃপণো বিষয়াত্মকঃ। নষ্টপ্রজ্ঞো হৃতৈশ্বর্য্যো গন্ধর্ব্বৈর্যবনৈর্ব্বলাৎ ॥ ৪ ॥
বিশীর্ণাং স্বপুরীং বীক্ষ্য প্রতিকূলাননাদৃতান্। পুত্রান্ পৌত্রানুগামাত্যান্ জায়াঞ্চ গতসৌহৃদাং ॥ ৫
আত্মানং কন্যয়াগ্রস্তং পঞ্চালানরিদূষিতান্। দুরন্তচিন্তামাপন্নো ন লেভে তৎপ্রতিক্রিয়াং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ রোগরূপেণ প্রবিশ্য ॥ ৩ ॥

কন্যয়া জরয়া উপগূঢ়ঃ সন্ তৎপ্রতিক্রিয়াং ন লেভে ইতি তৃতীয়েনান্বয়ঃ। হৃতৈশ্বর্য্যঃ উত্থানাদ্যশক্তেঃ ॥ ৪ ॥

প্রতিকূলান্ অনপেক্ষিত বিষয়প্রাপকান্। অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্ স্বাধীনস্বভাবাৎ। অনুগা ইন্দ্রিয়াণি অমাত্যা ইন্দ্রিয়দেবতাঃ। গতসৌহৃদাং অধ্যবসায়াভাবাৎ ॥ ৫ ॥

অরিভিঃ খিন্নাদিভিঃ দূষিতান্ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কন্যেতি ত্রিকং ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ ॥

অভিমানীতি পুর্য্যামভিমানবশাদেব ॥ ৩। ৪ ॥

বিশীর্ণাং বিশীর্য্যমাণাং প্রতিকূলান্ শোকাদীন্ অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্ সর্ব্বথা নিগিলিতুমুপক্রান্তানিত্যর্থঃ। পুত্রান্ বিবেকাদীন্ পৌত্রান্ ধৈর্য্য গাম্ভীর্য্যাদীন্ অনুগানিন্দ্রিয়াণি অমাত্যান্ মন আদ্যধিষ্ঠাতৃ দেবাংশ্চন্দ্রাদীন্ চকারাৎ গতসৌহৃদান্ স্ব স্ব কৃত্যাদি সম্যগকুর্ব্বাণান্ জায়াং বুদ্ধিঞ্চ গতসৌহৃদাং অধ্যবসায়াদি রহিতাং। কন্যয়া জরয়া পঞ্চালান্ শব্দাদীন্ অরিভিঃ রোগাদিভিঃ তেষাং তেষাং প্রতিক্রিয়াং মন্ত্রৌষধাদিভিরপি কৃতৈ র্ন লেভে ॥ ৫। ৬ ॥

হে রাজন্! কালকন্যা জরা পুরঞ্জন পুরী ভোগ করিতে প্রবৃত্ত হইলে পূর্ব্বোক্ত যবনেরা সকল দিক্ হইতে সকল দ্বার (চক্ষুরাদি ইন্দ্রিয়গণ) দ্বারা রোগরূপে তন্মধ্যে প্রবেশ পূর্ব্বক পীড়া দিতে লাগিল। ঐ পুরী এই প্রকারে পীড্যমান হওয়াতে তদভিমানি পুরঞ্জনের সাতিশয় সন্তাপ হইল। তিনি বহু বহু কুটুম্ব যুক্ত হওয়াতে মমতায় আকুল হইয়া পড়িলেন ॥ ৩ ॥

পরে ঐ কালকন্যা তাঁহাকে গিয়া আলিঙ্গন করিল তাহাতে তাঁহার শরীরের শ্রী নষ্ট হইয়া গেল সুতরাং অতি দীন ও প্রজ্ঞাহীন হইলেন। অনন্তর গন্ধর্ব্ব ও যবনগণ বল পূর্ব্বক তাঁহার সমস্ত ঐশ্বর্য্য হরণ করিয়া লইল, কারণ তখন তাঁহার উত্থানাদিতেও সামর্থ্য ছিল না ॥ ৪ ॥

অনন্তর পুরঞ্জন দেখিলেন আপনার পুরী বিশীর্ণ এবং পুত্র পৌত্র ভৃত্য ও অমাত্যগণ প্রতিকূল অর্থাৎ অনপেক্ষিত বিষয় প্রাপক ও হতাদর হইল, আর জায়ারও পূর্ব্ববৎ সৌহৃদ্য ভাব নাই ॥ ৫ ॥

আরও দৃষ্ট হইল আপনি কাল কন্যা জরা কর্ত্তৃক গ্রস্ত হইয়াছেন এবং পঞ্চাল বিষয় অরি (খিন্ন) দ্বারা দূষিত হইয়াছে অতএব দুরন্ত চিন্তায় নিমগ্ন হইলেন। সেই চিন্তার প্রতিকারোপায়ও দৃষ্ট হইল না ॥ ৬ ॥

কামানভিলষন্‌ দীনো যাতযামাংশ্চ কন্যয়া। বিগতাত্মগতিস্নেহঃ পুত্রদারাংশ্চ লালয়ন্‌।
গন্ধর্ব্বযবনাক্রান্তাং কালকন্যোপমর্দ্দিতাং। হাতুং প্রচক্রমে রাজা তাং পুরীমনিকামতঃ।
ভয়নাম্নোঽগ্রজোভ্রাতা প্রজ্বারঃ প্রত্যুপস্থিতঃ। দদাহ তাং পুরীং কৃৎস্নাং ভ্রাতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥৭
তস্যাং সংদহ্যমানায়াং সপৌরঃ সপরিচ্ছদঃ। কৌটুম্বিকঃ কুটুম্বিন্যা উপাতপ্যত সান্বয়ঃ ॥ ৮ ॥
যবনোপরুদ্ধায়তনো গ্রস্তায়াং কালকন্যয়া। পুর্য্যাং প্রজ্বারসংসৃষ্টঃ পুরপালোঽন্বতপ্যত ॥ ৯ ॥
নশেকে সোঽবিতুং তত্র পুরুকৃচ্ছ্রোরু বেপথুঃ। গন্তুমৈচ্ছত্ততো বৃক্ষকোটরাদিব সানলাৎ ॥ ১০

শ্রীধরস্বামী।

কালকন্যয়া হেতুভূতয়া যাতযামান্‌ নিঃসারানপি কামানভিলষন্‌ বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদি স্নেহশ্চ যস্য স্নেহাদিতি বা পাঠঃ। স রাজা পুরঞ্জনো হাতুং প্রচক্রমে উপক্রান্তবানিতি দ্বয়োরন্বয়ঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥ ৭ ॥

সপরিচ্ছদঃ ভৃত্যবর্গ সহিতঃ কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ কুটুম্বিন্যা সন্ধিঃ নাত্র বিবক্ষিতঃ। সান্বয়ঃ পুত্রাদি সহিতঃ ॥ ৮ ॥

যবনৈরুপরুদ্ধানি আয়তনানি যস্য স পুরপালঃ ॥ ৯ ॥

পুরু বহুকৃচ্ছ্রং তেন উরুর্বেপথুর্যস্য। বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কামানিতি যুগ্মকং। গতীতাত্র সুখীতি চিৎসুখঃ। অনিকামত ইত্যস্য অনিচ্ছয়াপীতি চিৎসুখব্যাখ্যাচ ॥ ৭ ৮। ৯ ১০ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কামান্‌ মিষ্টভোজনাদীন্‌ যাতযামানপি কুষ্মাণ্ডাদি হেতোরিত্যর্থঃ। বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদি স্নেহশ্চ যস্য সঃ। স্নেহাদিতি চ পাঠঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥

প্রজ্বারোবিষ্ণুজ্বরঃ ॥ ৭ ॥

সপৌরঃ সপ্তধাতু সহিতঃ। সপরিচ্ছদঃ সর্ব্বেন্দ্রিয় ভৃত্যবর্গ সহিতঃ। কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ। কুটুম্বিন্যা বুদ্ধ্যা সহ সন্ধ্যাভাব আর্ষঃ সান্বয়ঃ পুত্রপৌত্রাদিযুক্তঃ ॥ ৮ ॥

পুরপালঃ প্রজাগরঃ প্রাণঃ ॥ ৯ ॥ স পুরপালঃ অবিতুং রক্ষিতুং বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥

তিনি অতি দীন হইয়াছিলেন তথাচ বিষয়ে অভিলাষ ছিল, অতএব যদিও আত্মার পারলৌকিক গতি ও ঐহিক পুত্রাদি স্নেহ বিগত হইয়াছিল তথাপি পুত্র কলত্রের লালন পালন করিতেন কিন্তু যখন দেখিলেন আপনার পুরী যবন গন্ধর্ব্ব কর্ত্তৃক আক্রান্ত হইল এবং কালকন্যা আসিয়া নানা প্রকারে যাতনা দিতে লাগিল, তখন যদিও ইচ্ছা হইল না, তথাপি ঐ পুরী পরিত্যাগ করিবার মনস্থ করিলেন। তাহাতে ভয়ের অগ্রজ ভ্রাতা প্রজ্বার (বিষ্ণুজ্বর) তাঁহার সন্নিধানে আসিয়া উপস্থিত হইল এবং ভ্রাতার প্রিয় করণ মানসে সেই পুরী সম্পূর্ণরূপে দগ্ধ করিয়া দিল ॥ ৭ ॥

হে রাজন্‌! ঐ পুরী দহ্যমানা হইলে কুটুম্ব সহ ক্রীড়াকারি সেই পুরঞ্জন পুরবাসি ভৃত্যবর্গ ও পুত্রাদির সহিত সাতিশয় সন্তপ্ত হইলেন ॥ ৮ ॥

মহারাজ! কালকন্যা জরা পুরঞ্জনের পুরীকে গ্রাস করিলে ঐ পুরীর পালক (প্রাণ) প্রজ্বার কর্ত্তৃক সংস্পৃষ্ট হইয়া সন্তাপ যুক্ত হইতে লাগিল। রাজন্‌! তাহার সন্তাপ অসম্ভব নহে, যবনেরা তাহার আয়তন পর্য্যন্ত রুদ্ধ করাতে সে মহা সঙ্কটে পতিত হইয়াছিল ॥ ৯ ॥

সে যাহা হউক, ঐ সন্তাপ জন্য তাহার গুরুতর ক্লেশ ও সাতিশয় কম্প হইল একারণ তথায় অবস্থিতি করিতে পারিল না, সর্প যেমন অনল যুক্ত বৃক্ষ কোটর হইতে স্থানান্তরে চলিয়া যায় তাহার ন্যায়, অন্যত্র গমন করিতে ইচ্ছা করিল ॥ ১০ ॥

শিথিলাবয়বো যর্হি গন্ধর্ব্বৈ হৃতপৌরুষঃ। যবনৈররিভিঃ কণ্ঠে উপরুদ্ধো রুরোদহ ॥ ১১ ॥
দুহিতৄঃ পুত্রপৌত্রাংশ্চ যামি জামাতৃপার্ষদান্। স্বত্বাবশিষ্টং যৎকিঞ্চিদ্গৃহকোষপরিচ্ছদং।
অহং মমেতি স্বীকৃত্য গৃহেষু কুমতির্গৃহী। দধ্যৌ প্রমদয়া দীনো বিপ্রয়োগ উপস্থিতে ॥ ১২ ॥
লোকান্তরং গতবতি মষ্যনাথা কুটুম্বিনী। বর্ত্তিষ্যতে কথং ত্বেকা বালকাননুশোচতী ॥ ১৩ ॥
নমষ্যনাশিতে ভুঙ্‌ক্তে নাস্নাতে স্নাতি মৎপরা। ময়ি রুষ্টেতু সংত্রস্তা ভৎ‍র্সিতে যত বাগ্‌ভয়াৎ ॥১৪

শ্রীধরস্বামী।

কণ্ঠে উপরুদ্ধোরুরোদ ঘুর ঘুর ধ্বনিঞ্চকার ॥ ১১ ॥

দুহিত্রাদীন্ দধ্যাবিত্যন্বয়েনাথয়ঃ যামযোঃত্র স্নুষা স্বত্বমাত্রেণাবশিষ্টঃ ভোগস্তু প্রাগেব ক্ষীণঃ ॥ ১২ ॥

ধ্যানমেবাহ লোকান্তরমিত্যাদিনা ॥ ১৩ ॥

অনাশিতে অভোজিতে ভৎ‍র্সিতে ভৎ‍র্সনে কৃতে যতবাগ্‌ভবতি ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দুহিতৄরিতি যুগ্মকং। অহং মমেতি সাৎকৃতোতি কচিৎ ॥ ১২ । ১৩ । ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রুরোদ আসন্ন মৃত্যুর্ঘুর ঘুর ধ্বনিং চকার ॥ ১১ ॥

যামযোঃত্র স্নুষাঃ। প্রমদয়া স্ত্রিয়া সহ বিপ্রয়োগে উপস্থিত ইতি জীবস্য স্থূল শরীরভঙ্গে বুদ্ধ্যা বিচ্ছেদাভাবাৎ প্রমদেয়ং নপুরঞ্জনী কিন্তু সংসারিণো জীবস্য সর্ব্বেন্দ্রিয়ৈর্ভোগ্যা মমতাস্পদীভূতা ব্যাবহারিক্যেব ভার্য্যা ব্যাখ্যেয়া দুহিত্রাদয়োপ্যত্র তৎ সম্বন্ধিন্যো নত্বধ্যাত্ম পক্ষীয়া ব্যাখ্যেয়াঃ। মরণকালেচ জীবস্য স্ত্রীপুত্রাদীনামেব স্মরণং সম্ভবতি নতু বুদ্ধি বিবেকাদীনামিতি কেচিদাহুঃ। অন্যেতু ধর্ম্মবতী বুদ্ধিরেব পুরঞ্জনীত্বেন পূর্ব্বং প্রস্তুতেত্যতো মৃত্যু সময়ে ধর্ম্মবুদ্ধ্যা বিচ্ছেদো বুদ্ধ্যন্তরেণ সংযোগঃ। নমষ্যনাশিতে ভুঙ্‌ক্তে ইত্যাদিকং তু সদ্বুদ্ধি বিচ্ছেদাৎ পূর্ব্বমেব যদুক্তং তদেবাগ্রে বক্ষ্যতে। তচ্চ মমাধুনাপি ধর্ম্মাচরণে তৃপ্তির্নজাতা কিং করোমি মরণমুপস্থিতমিত্যেতস্যৈবার্থস্যোৎ প্রেক্ষয়া বিবরণং জ্ঞেয়মিত্যাচক্ষতে ॥ ১২ । ১৩ ॥

অনশিতে অভোজিতে ভৎ‍র্সিতে ভৎ‍র্সনং কৃতবতি ॥ ১৪ ॥

এই রূপে যখন পুরঞ্জনের অবয়ব শিথিল এবং গন্ধর্ব্বেরা তাঁহার পৌরুষ হরণ করিয়া লইল, আর যবনগণ আসিয়া কণ্ঠদেশ রোধ করিল, তখন তিনি রোদন অর্থাৎ ঘুর ঘুর ধ্বনি করিতে লাগিলেন ॥ ১১

হে রাজন্! ঐ সঙ্কট উপস্থিত হওয়াতে মন্দ বুদ্ধি ঐ গৃহী, পুত্র, দুহিতা, স্নুষা, জামাতা, পারিষদ্ এবং অন্যান্য বস্তু সকল, যাহাতে কেবল স্বত্বমাত্র অবশিষ্টছিল এমত গৃহ, ধনাগার ও পরিচ্ছদ ইত্যাদিতে "আমি ও আমার" ইত্যাকার মমতা হেতু উদ্বিগ্ন হইয়াছিলেন পরে প্রমদার সহিত বিপ্রয়োগ উপস্থিত হওয়াতে নিতান্ত দীন হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ১২ ॥

আমি লোকান্তর গমন করিলে আমার এই কুটুম্বিনী অনাথা ও একাকিনী হইয়া কি প্রকারে থাকিবেন? বালকদের জন্য ইহাঁকে বারম্বার শোক করিতে হইবে সন্দেহ নাই ॥ ১৩ ॥

আহা! আমি ভোজন না করিলে ইনি কখন আহার করিতেন না, আমি স্নান না করিলে স্নান করিতেন না, যদি কোন কারণ বশতঃ আমার ক্রোধ উপস্থিত হইত তাহাতে ইনি অতিশয় ভীতা হইতেন। যখন ক্রোধভরে ভৎ‍র্সনা করিয়াছি নীরব হইয়া শুনিয়াছেন, আমার বাক্যে উত্তর মাত্র করেন নাই ॥ ১৪ ॥

প্রবোধয়তি মাবিজ্ঞং ব্যুষিতে শোককর্ষিতা । বর্ত্মৈতদ্‌গৃহমেধীয়ং বীরসূরপি নেষ্যতি ॥ ১৫ ॥
কথং নু দারকা দীনা দারিকা বা পরায়ণাঃ । বর্ত্তিষ্যন্তে ময়ি গতে ভিন্ন নাব ইবোদধৌ ॥ ১৬ ॥
এবং কৃপণয়া বুদ্ধ্যা শোচন্তমতদর্হণং । গ্রহীতুং কৃতধীরেনং ভয় নামাভ্যপদ্যত ॥ ১৭ ॥
পশুবদ্‌যবনৈরেষ নীয়মানঃ স্বয়ং ক্ষয়ং । অন্বদ্রবন্নমুপথাঃ শোচন্তো ভৃশমাতুরাঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

অবিজ্ঞং অবিবেকিনং মাং ব্যুষিতে দেশান্তরং গতে গৃহমেধীয়ং বর্ত্ম গৃহধর্ম্মং অপি কিং নেষ্যতি অনুবর্ত্তিষ্যতি যুক্তমেতৎ । যতো বীরসূঃ পুত্রবতী । কিম্বা মদ্বিরহমসহমানামরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥
ন বিদ্যতে পরময়নমাশ্রয়ো যেষাং তে অপরায়ণাঃ পুত্রাঃ কন্যাশ্চ । যদ্বা পরাশ্রয়াঃ কন্যাঃ । ভিন্না নৌর্যেষাং ॥ ১৬ ॥
অতদর্হণং বস্তুতস্তস্য ব্রহ্মত্বাৎ ॥ ১৭ ॥
এষ যদা ক্ষয়ং স্থানং নীয়মানঃ তদা অনুপথাঃ প্রাণ ইন্দ্রিয়াণিচ । তথাচ শ্রুতিঃ । তমনুক্রামন্তং প্রাণোঽনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

মাং বিজ্ঞমিত্যত্র মাবিজ্ঞমিতি চিৎসুখঃ ॥ ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মাং অবিজ্ঞং ব্যুষিতে প্রবাসং গতে সতি । অপি কিং নেষ্যতি অনুবর্ত্তয়িষ্যতি যুক্তমেতৎ যতোবীরসূঃ পুত্রবতী কিং বা মদ্বিরহমসহমানা মরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥
দারিকৈর্দারিকাঃ কন্যাঃ পরায়ণাঃ বৃদ্ধস্য মমাতিস্নেহেন প্রতিক্ষণসেবৈক নিষ্ঠা কথং বর্ত্তিষ্যন্তে রুদিত্বা রুদিত্বৈব মরিষ্যন্তীত্যর্থঃ । ভিন্না বিদীর্ণা নৌ যেষাং ত ইব ॥ ১৬ ॥
অতদর্হণং তস্য চৈতন্যরূপত্বেন শোকানৌচিত্যাৎ । যদ্বা । ধার্ম্মিকত্বেন ভয় কর্ত্তৃক গ্রহণানর্হমিত্যর্থঃ ॥ ১৭ ॥
ততশ্চৈষ পশুবন্নীয়মানোঽভূৎ যবনৈর্যমদূতৈঃ তমনু প্রাণাদ্যা অদ্রবন্ অনুপথা অনুবর্ত্তিনঃ । তথাচ শ্রুতিঃ । তমনুক্রামন্তং প্রাণোনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

কদাচিৎ আমি ভ্রান্তি বশতঃ অবিজ্ঞ হইয়া কোন কার্য্য করিতে প্রবৃত্ত হইলে ইনি প্রবোধ দেন এবং বিদেশস্থ হইলে শোকে কৃশা হইয়া পড়েন, এই সকল গৃহ ধর্ম্ম, এই প্রমদা যদিও এখন বীর প্রসবিনী হইয়াছেন তথাপি এখন কি এই ধর্ম্মের অনুবর্ত্তন করিবেন না ! অবশ্য করিবেন ॥ ১৫ ॥

কিন্তু আমার পুত্র ও কন্যাগুলি অতিদীন, ইহাদের অন্য আশ্রয় নাই, আমি গমন করিলে ইহারা যাহাদের সমুদ্র মধ্যে নৌকা ভগ্ন হইয়া যায়, তাহাদের ন্যায় কি প্রকারে জীবন ধারণ করিবে ? ॥ ১৬

হে রাজন্ ! পুরঞ্জন স্বয়ং বস্তুতঃ ব্রহ্ম স্বরূপ ছিলেন, তাঁহার ঐ রূপ চিন্তা করিয়া শোক করা উচিত ছিল না, তথাপি দীন চিত্ত হইয়া ঐ রূপ বিলাপ করিতে লাগিলেন । সেই সময় ভয় নামা মৃত্যু গ্রহণ করিবার নিমিত্ত কৃত বুদ্ধি হইয়া তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইল ॥ ১৭ ॥

এবং যবনদের দ্বারা পশুর তুল্য বন্ধন করিয়া আপনার গৃহে তাঁহাকে লইয়া চলিল । হে রাজন্ ! যখন পুরঞ্জন নীত হন তখন তাঁহার প্রাণ ও ইন্দ্রিয়গণ অতিশয় আকুল হইল এবং শোক করিতে করিতে পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল ॥ ১৮ ॥

অপর হে মহারাজ! ঐ সকল বিবরে পরম মায়াবি ময়দানব কর্ত্তৃক নির্ম্মিত দানব নিকরের ভূরি ভূরি পুরী সতত দেদীপ্যমান হইয়া রহিয়াছে। তত্রস্থ ভবন, প্রাচীর, গোপুর (নগরের প্রধান দ্বার) সভা, চৈত্য (প্রাসাদাদি যজ্ঞ) চত্বর, আয়তন, ইত্যাদি স্থান, প্রধান প্রধান মণি সমূহে বিরচিত। বিবরেশ্বর [illegible] গৃহ সকলের ভূভাগ, নাগ, অসুর, কপোত মিথুন এবং শুক, শারিকায় আকীর্ণ, [illegible] ঐ সকল ভূবিবর ঐ সমুদায় দ্বারা সর্ব্বতোভাবে যেন অলঙ্কৃত হইয়া আছে ॥ ১২ ॥

উদ্যানানি চাতিতরাং মন ইন্দ্রিয়ানন্দিভিঃ [illegible] ফল [illegible] [illegible] বিটপ বিটপিনাং লতাঙ্গালিঙ্গিতানাং শ্রীভিঃ সমিথুন বিবিধ বিহঙ্গ [illegible] পূর্ণানাং ঝসকুলোল্লঙ্ঘন ক্ষুভিত নীর নীরজ কুমুদ কুবলয় কহ্লার নীলোৎপল লোহিত শতপত্রাদি বনেষু কৃত নিকেতনানামেক বিহারাকুল মধুর বিবিধ স্বনাদিভিরিন্দ্রিয়োৎ সবৈরমরলোকশ্রিয়মতিশয়িতানি ॥ ১৩ ॥

যত্র হ বাব ন ভয়মহোরাত্রাদিভিঃ কালবিভাগৈরুপলক্ষ্যতে। যত্র মহাহি প্রবর শিরোমণয়ঃ সর্ব্বতস্তমঃ প্রবাধন্তে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

উদ্যানানিচ অতিতরামমরলোক শ্রিয়মতিশয়িতানি যেষু চকাসতীত্যম্বয়ঃ। কাভিঃ শ্রীভিঃ কেষাং কুসুমফল স্তবকান্ত সুভগ [illegible]লয়ানি চ তৈরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং লতানাং অঙ্গৈরালিঙ্গিতানাং শ্রীভিঃ তথা সমিথুনা শ্চক্রবাকাদি মিথুন সহিতাঃ যে বিবিধা বিহঙ্গা স্তদ্যুক্তানাং জলাশয়ানাঞ্চ শ্রীভিঃ কীদৃশানাং অমলৈ র্জলৈঃ পূর্ণানাং পুনরপি কৈরতিশয়িতানি ঝষকুলোল্লঙ্ঘনেন ক্ষুভিতং যজ্জলাশয়ানাং নীরং তস্মিন্ যানি নীরজাদীনি তেষাং বনেষু কৃতং নিকেতনং যৈস্তেষাং অর্থাৎ পক্ষিণাং একোহখণ্ডো যো বিহার স্তেনাকুলাশ্চ তে মধুরাশ্চ বিবিধ স্বনাদয় স্তৈর্য ইন্দ্রিয়োৎসবা স্তৈশ্চ। যদ্বা সমিথুনেত্যাদেক-স্তরেণৈব সম্বন্ধঃ। মন ইন্দ্রিয়ানন্দিভিরিতি স্বনাদীনাং বিশেষণং তত্র নীরজং সামান্যেন কমলং লোহিতং শতপত্রঞ্চ তদ্বিশেষঃ ॥ ১৩ ॥

অহোরাত্রাদিভির্যদ্ভয়ং তন্নোপলক্ষ্যতে সূর্য্যাদ্যভাবাৎ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঈশ্বরাৎ সমর্থাদপি ॥ ১৪ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ ॥ ২১ । ২২ । ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যাসু উদ্যানানি অমরলোকশ্রিয়ং অতিশয়িতানি অতিক্রান্তানি চকাসতীত্যম্বয়ঃ। কাভিঃ কুসুমাদিভিরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং শ্রীভিঃ মন ইন্দ্রিয়ানন্দিভিরিতি পুংস্ত্বমার্ষং। তথা স মিথুনা সস্ত্রীপুংসা বিবিধা বিহঙ্গমা যেষু তেষাং জলাশয়ানাং ঝষ কুলোল্লঙ্ঘনৈঃ ক্ষুভিতেষু নীরেষু যানি নীরজাদি বনানি তেষু কৃতনিকেতনানাং অর্থাৎ পক্ষিণাং একোহখণ্ডো-যোবিহারস্তেনাকুলা মধুরা বিবিধাঃ স্বনাদয়স্তৈর্যে ইন্দ্রিয়োৎসবাস্তৈশ্চ। অত্র লোহিতং শতপত্রঞ্চ নীরজবিশেষৌ লৌহিত্য দল শতপত্রত্বাভ্যাং ॥ ১৩ । ১৪ ॥

অপিচ তত্রস্থ উদ্যান সকল অমর লোকের শ্রী অপেক্ষাও অধিকতর শোভান্বিত হইয়া প্রকাশ পাইতেছে। ফলতঃ উদ্যানস্থ লতালিঙ্গিত বিটপিগণেরশাখা সকল পুষ্প ও ফলের স্তবকে এবং কোমল কিশলয় ভরে অবনত হইয়া পড়িতেছে, তাহাতে এমত শোভা হইতেছে যে, দর্শনমাত্রে মনঃ ও ইন্দ্রিয়গণ আনন্দে পুলকিত হয়। অপর তথাকার জলাশয় সকল নির্ম্মল জলে পরিপূর্ণ, মীনাদি জল-চরগণ উল্লম্ফন করাতে ক্ষণে ক্ষণে ঐ জল চঞ্চল হয়। আর জলের উপরে কমল, কুমুদ, কুবলয়, কহ্লার, নীলোৎপল ও রক্তোৎপলাদির বন আছে। তাহাতে বিবিধ বিহঙ্গ মিথুন বাস করে। [illegible] সকলের মনোহর বিহার সময়ে এত নিস্বন নির্গত হয় যে তদ্দারা শ্রোতৃগণের ইন্দ্রিয়বর্গ অতিশয় প্রমুদিত হয় ॥ ১৩ ॥

আর ঐ সকল ভূবিবরে সূর্য্যাদির প্রকাশ না থাকাতে তথায় অহোরাত্রাদি কাল বিভাগ [illegible] সুতরাং কাল হইতে যে ভয় সম্ভাবনা, তাহাও সে স্থানে উপলব্ধি হয় না। আর সেই [illegible] মহাসর্প অনন্তের শিরস্থ প্রধান প্রধান রত্নের কিরণে সর্ব্বতোভাবে অন্ধকার নিরাকৃত হইয়া [illegible]

[illegible] এতেষু বসতাং দিব্যৌষধি রসরসায়নান্নপানাদিভিরাধয়ো ব্যাধয়োবলীপলিত জরাদয়শ্চ দেহবৈবর্ণ্যং দৌর্গন্ধ্যং স্বেদঃ ক্লমোহশ্রান্তিরিতি বয়োবস্থাশ্চ ভবন্তি ॥ ১৫ ॥

নহি তেষাং কল্যাণানাং প্রভবতি কুতশ্চন মৃত্যুর্বিনা ভগবত্তেজসশ্চক্রাপদেশাৎ ॥ ১৬ ॥

যস্মিন্ প্রবিষ্টেঽসুরবধূনাং প্রায়ঃ পুংসবনানি ভয়াদেবস্রবন্তি পতন্তি চ। অথাঽতলে ময় পুত্রোঽসুরো বলোনিবসতি। যে ন হবা ইহ সৃষ্টাঃ ষণ্ণবতি র্মায়াঃ কাশ্চনাদ্যাপি মায়াবিনো ধারয়ন্তি ॥ ১৭ ॥

যস্যচ জৃম্ভমাণস্য মুখতস্ত্রয়ঃ স্ত্রীগণা উদপদ্যন্ত স্বৈরিণ্যঃ কামিন্যঃ পুংশ্চল্য ইতি ॥ ১৮ ॥

যাবৈ বিলায়নং প্রবিষ্টং পুরুষং রসেন হাটকাখ্যেন সাধয়িত্বা স্ববিলাসাবলোকানুরাগস্মিত

শ্রীধরস্বামী।

ক্লমঃ শ্রমঃ গ্লানিরনুৎসাহঃ ॥ ১৫ ॥
কল্যাণানাং মঙ্গলরূপাণাং ॥ ১৬ ॥
যস্মিন্ ভগবত্তেজসি প্রবিষ্টে পুংসবনানি গর্ভাঃ। আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চম ষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭
সবর্ণেরতাঃ স্বৈরিণ্যঃ কামিন্যস্ত্বসবর্ণেপি তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চলাঃ ॥ ১৮ ॥
বিলায়নং বিলায়তনং সাধয়িত্বা সম্ভোগ সমর্থং কৃত্বা স্বে অসাধারণা বিলাসা স্তৎ পূর্ব্বকোঽবলোক স্তেনানুরাগ যুক্তং স্মিতং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতেষু বসতাং দিব্যৌষধি রস রসায়নয়োরশনাদেব হেতোরন্নপানাদিভিরপ্যাধি ব্যাধয়ো নভবন্তি তথাতি দ্বিবিধা বয়োবস্থাশ্চ ন তত্র প্রথমাবলি প্রভৃতয়শ্চরমাঃ দ্বিতীয়া দেহবৈবর্ণ্যাদয়োঽচরমাঃ ক্লমঃ শ্রমঃ গ্লানির্হর্ষক্ষয়ঃ ॥ ১৫ । ১৬ ॥
পুংসবনানি গর্ভাঃ আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চম ষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭ ॥
স্ববর্ণেরতাঃ স্বৈরিণ্যঃ কামিন্যস্ত্বসবর্ণেপি। তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চল্যঃ ॥ ১৮ ॥
বিলায়নং স্ববিলরূপমায়তনং সাধয়িত্বা স্বসম্ভোগ সমর্থং কৃত্বা ॥ ১৯ ॥

রাজন্ ঐ স্থানের অধিবাসিরা দিব্য ওষধি রস নিরন্তর অশন পান করাতে তদ্দ্বারা তাহাদের কখন আধি (মনঃপীড়া) অথবা ব্যাধি, কিম্বা মাংস লোলিত অথবা জরা আদি হয় না সুতরাং তাহাদের দেহ বৈবর্ণ্য সম্ভাবনা নাই। অপর দৌর্গন্ধ্য, ঘর্ম্ম, শ্রম, অথবা অনুৎসাহ ইত্যাদিও কখনও হয় না, অধিকন্তু বয়সের নিমিত্ত অবস্থা ভেদও হইবার সম্ভাবনা নাই ॥ ১৫ ॥

ফলতঃ তত্রস্থ ব্যক্তি সকল পরম মঙ্গল ভাজন, অতএব ভগবানের তেজঃ স্বরূপ সুদর্শন চক্র ব্যতীত মৃত্যুও তাহাদের উপর প্রভুত্ব করিতে পারে না ॥ ১৬ ॥

মহারাজ! ঐ ভগবচ্চক্রের প্রভাব সামান্য নয়, তাহা প্রবিষ্ট হইলে দৈত্যবধূদিগেরও গর্ভস্রাব ও গর্ভপাত হয়। সে যাহা হউক, এক্ষণে অতলাদি ভূবিবরের বিবরণ বলি শ্রবণ কর। অতল নামক অধোলোকে ময়দানবের পুত্র বল নামা অসুর বাস করে, ঐ বল দানব হইতেই ছেয়ানব্বই প্রকার মায়া সৃষ্ট হয়, কোন ২ মায়াবী অদ্যাবধি সেই সকল মায়ার কতক্ ২ ধারণ করিতেছে ॥ ১৭ ॥

অপর ঐ বলাসুর জৃম্ভণ করাতেই তাহার মুখ হইতে স্বৈরিণী, কামিনী ও পুংশ্চলী এই ত্রিবিধ স্ত্রী গণ উৎপন্ন হয়। রাজন্ যে সকল স্ত্রী স্ববর্ণ পুরুষে রতা তাহারা স্বৈরিণী, যাঁহারা স্ববর্ণ ও অসবর্ণে রতা তাহারা কামিনী, যাহারা কামিনী অথচ অতি চঞ্চলা তাহারা পুংশ্চলী ॥ ১৮ ॥

[illegible] সকল যোষা উল্লিখিত বিবর স্বরূপ আবাসে প্রবিষ্ট পুরুষকে হাটক (ধুস্তুর) রস দ্বারা সম্ভোগ

সংলাপোপগূহনাদিভিঃ স্বৈরং কিল রময়ন্তি ॥ ১৯ ॥

যস্মিন্নুপযুক্তে পুরুষ ঈশ্বরোঽহং সিদ্ধোঽহমিত্যযুত মহাগজবল আত্মানমভিমন্যমানঃ কত্থতে মদান্ধ ইব। ততোবিতলে হরো ভগবান্ হাটকেশ্বর স্বপার্ষদ ভূতগণাবৃতঃ প্রজাপতিসর্গোপ বৃংহণায় ভবো ভবান্যা সহ মিথুনীভূয়াস্তে ॥ ২০ ॥

যতঃ প্রবৃত্তা সরিৎপ্রবরা হাটকী নাম ভবয়ো বীর্য্যেণ ॥ ২১ ॥

যত্তচ্চিত্রভানু র্মাতরিশ্বনা সমিধ্যমান ওজসা পিবতি। তন্নিষ্ঠ্যূতং হাটকাখ্যং সুবর্ণং ভূষণেনাসুরেন্দ্রাবরোধেষু পুরুষাঃ সহ পুরুষীভি র্ধারয়ন্তি ॥ ২২ ॥

ততোঽধস্তাৎ সুতল উদার শ্রবাঃ পুণ্যশ্লোকো বিরোচনাত্মজো বলির্ভগবতা মহেন্দ্রস্য প্রিয়ং

শ্রীধরস্বামী।

তেন সংলাপঃ উপগূহনঞ্চ তদাদিভিঃ । ১৯। যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে ॥ ২০ ॥

ভবয়োঃ ভবস্য ভবান্যাশ্চ ॥ ২১ ॥

চিত্রভানুরগ্নি স্তেন নিষ্ঠ্যূতং ফূৎকৃত্য ত্যক্তং। অসুরেন্দ্রাণাং অবরোধেষন্তঃ পুরেষু। পুরুষীভিঃ স্ত্রীভিঃ ॥ ২২ ॥

সুতলেচ বলিরধুনাপ্যাস্তে ইত্যন্বয়ঃ। কথম্ভূতঃ মহেন্দ্রস্য প্রিয়ং কর্ত্তুং ইচ্ছতা প্রথমং পরাক্রিপ্তমপহৃতং লোকত্রয়ং যস্য সঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে সতি ॥ ২০ । ২১ ॥

চিত্রভানুরগ্নিঃ পিবতি সংশোষ্য কঠিনী করোতি ॥

তেন অগ্নিনা নিষ্ঠ্যূতং দাহোত্তীর্ণীকৃতং। যদ্বা। তাভ্যাং ভব ভবানীভ্যাং ফূৎকৃত্য ত্যক্তং। ভূষণেন রত্নালঙ্কারেণ সহ অত্যাদরাৎ ॥ ২২ ॥

শ্রবো যশঃ অতএব পুণ্যাশ্চারবঃ শ্লোকাঃ বর্ণনার্থক পদ্যানি যস্য সঃ প্রবেশিত ইতি সুতলমেবেতি শেষঃ ॥ ২৩ ॥

সমর্থ করিয়া আপনাদের অসাধারণ বিলাস সহিত অবলোকন, সানুরাগ হাস্য, সানুরাগ সম্ভাষণ ও আলিঙ্গনাদি দ্বারা স্বেচ্ছাক্রমে ক্রীড়া করায় ॥ ১৯ ॥

রাজন্! হাটক রসের আশ্চর্য্য গুণ, তাহা সেবন করিলে পুরুষ আপনাকে "আমি ঈশ্বর, আমি সিদ্ধ" ইত্যাকার অভিমান করিয়া থাকে এবং দশ সহস্র মত্ত হস্তি তুল্য সামর্থ্য সম্পন্ন হইয়া মদান্ধের ন্যায় সকলকে অবজ্ঞা করিয়া বেড়ায়। সে যাহা হউক, অতলের নিম্ন দিকে বিতল নামে ভূবিবর, তথায় ভগবান্ হাটকেশ্বর শিব স্বীয় পার্ষদগণে পরিবৃত ও প্রজাপতির সৃষ্টি বৃদ্ধির নিমিত্ত ভবানীর সহিত মিথুনীভূত হইয়া অবস্থিত আছেন ॥ ২০ ॥

মহারাজ! বিতল নামক অধোলোক হইতেই ভব ও ভবানীর শুক্রে হাটকী নামে নদী উৎপন্না হইয়াছে ॥ ২১ ॥

হে ভারত! কোন এক সময়ে বায়ু দ্বারা অগ্নি প্রবল হইয়া ভব ও ভবানীর শুক্র পান করিয়াছিলেন, তাহাতে তিনি ফূৎকার করিয়া হাটক নামে সুবর্ণ পরিত্যাগ করেন। তদবধি অসুরেন্দ্র দিগের অন্তঃপুরে পুরুষগণ স্ত্রীদের সহিত ভূষণার্থ সেই সুবর্ণ ধারণ করিতেছেন ॥ ২২ ॥

রাজন্ বিতলের অধোদিকে সুতল। তথায় মহাযশস্বী পুণ্যশ্লোক বিরোচন পুত্র বলি, ভগবান্

ত্রিবিক্রমাপেনাদিতের্লব্ধকায়ো ভূত্বা বটুবামনরূপেণ পরাক্ষিপ্তলোকত্রয়ো ভগবদনুকম্পয়ৈব পুনঃ প্রবেশিত ইন্দ্রাদিষ্ববিদ্যমানয়া সুসমৃদ্ধয়া শ্রিয়াঽভিজুষ্টঃ স্বধর্মেণারাধয়ংস্তমেব ভগবন্তমারাধনীয়মপগত সাধ্বস আস্তেঽধুনাপি ॥ ২৩ ॥

নো এবৈতৎ সাক্ষাৎকারো ভূমিদানস্য যত্তদ্ভগবত্যশেষ জীবনিকায়ানাং জীবভূতাত্মভূতে পরমাত্মনি বাসুদেবে তীর্থতমে পাত্র উপপন্নে পরময়া শ্রদ্ধয়া পরমাদরেণ সমাহিত মনসা সংপ্রতিপাদিতস্য সাক্ষাদপবর্গ দ্বারস্য যদ্বিলনিলয়ৈশ্বর্য্যং ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

পুনর্ভগবতোঽনুকম্পয়ৈব তত্র প্রবেশিতঃ সন্ কীদৃশেন যোঽদিতেঃ সকাশাৎ ভূত্বা বটুবামন রূপেণ লব্ধকায়স্তেন ॥ ২৩ ॥

কেচিত্তস্য সুতল রাজ্যং ভূমিদান ফলং মন্যন্তে তন্নিরাকরোতি নো এবেতি। যদ্বিলনিলয়ে বিবরস্থানে ঐশ্বর্য্যং এতদ্ভূমিদানস্য সাক্ষাৎকার ফলং নভবত্যেব কুত ইত্যপেক্ষায়াং এবম্ভূতস্য দানস্য সাক্ষাদপবর্গ হেতুত্বাদিত্যাহ। যত্তৎ প্রসিদ্ধং দানং তস্য তদেবাহ ভগবত্যশেষ জীবনিকায়ানাং জীবভূতশ্চাসাবাত্মনি ভূতশ্চ সর্ব্বজীবনিয়ন্তা চাসাবাত্মারামশ্চেত্যর্থঃ তস্মিন্ সংপ্রতিপাদিতস্য ॥ ২৪

ক্রমসন্দর্ভঃ।

নো এবৈতৎ এতাবন্মাত্রমিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কৈশ্চিত্তস্য তাদৃশ বিলস্বর্গভোগপ্রাপ্তি র্ভূমিদান ফলং মন্যতে তন্নিরাকরোতি। নো এবৈতদিতি। যদ্বিলনিলয়ৈশ্বর্য্যং এতদ্ভূমিদানস্য সাক্ষাৎকারঃ ফলং ন ভবতি যদ্ভূমিদানং তদতি প্রসিদ্ধমিত্যন্বয়ঃ। অত্র ভূমিপদেন ত্রিভুবনমেবোপলক্ষিতং। অত্র বেদবিজ্ঞ ব্রাহ্মণমাত্রে এব ভূপ্রদেশদানাদক্ষয়ঃ প্রসিদ্ধ স্বর্গ ভোগোলভ্যত ইতি শাস্ত্রে শ্রবণাদ্ভগবতি ত্রিভুবনদানস্য ফলস্য সুতলৈশ্বর্য্যভোগএব পর্য্যাপ্তেরসম্ভাবিতত্বাদপবর্গস্যৈব ফলত্বং কিঞ্চাত্রানুষঙ্গিকস্যাপি সুতলৈশ্বর্য্য ভোগস্য সর্ব্ব স্বর্গ ভোগেভ্যোপি পরম এবোৎকর্ষো ধ্বনিতঃ। ভূমিদানস্য কথম্ভূতস্য ভগবতি বাসুদেবে প্রতিপাদিতস্য জীবভূতো জীবন রূপো য আত্মা অন্তর্য্যামী তদ্ভূতে পরমাত্মনি বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেনস্থিতো জগদিতি ক্ষেত্রজ্ঞান্তর্য্যামিনামপ্যংশিত্বাৎ পরমঃ সর্ব্বোৎকৃষ্টশ্চাসাবাত্মাচেতি তস্মিন্ উপপন্নে পরম সম্মুচিতে তীর্থতমে পরম পাবনে ফলং নভবতীত্যত্র হেতুঃ। সাক্ষাদপবর্গেতি পত্র পুষ্পাদি দানস্যাপ্যপবর্গ ফলত্বাৎ তত্রাপি কৈমুত্যমেবেতি ভাবঃ ॥ ২৪ ॥

বসতি করিতেছেন। হে মহারাজ! ভগবান্ উপেন্দ্র মহেন্দ্রের প্রিয় করিতে ইচ্ছা করিয়া অদিতি হইতে বটুবামন রূপে শরীর পরিগ্রহ করত প্রথমে ঐ বলির ত্রিভুবন রাজ্য অপহরণ করিয়াছিলেন, কিন্তু পরে আবার আপনিই অনুকম্পা প্রকাশ পূর্ব্বক তাহাকে নিজ রাজ্যে প্রবেশ করান। তাহাতে দানবেন্দ্র বলি এমত সমৃদ্ধি সম্পন্ন হয় যে ইন্দ্রাদিরও তদ্রূপ সম্পদ হয় নাই। সে যাহা হউক, বলি ঐ স্থানে অবস্থান করিয়া আরাধনীয় সেই ভগবানেরই নিরন্তর আরাধনা করত অদ্যাপি নিঃশঙ্ক চিত্তে রহিয়াছেন ॥ ২৩ ॥

হে রাজন্! বলিরাজার সুতল মধ্যে যে ঐ রূপ ঐশ্বর্য্য ইহা তাঁহার সেই ভূমিদানের ফল নহে, মহারাজ! ভগবান্ বাসুদেব যিনি অশেষ জীব সমূহের নিয়ন্তা ও আত্মারাম এবং পরমাত্ম স্বরূপ, তাঁহাকে তীর্থতম পাত্র প্রাপ্ত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক সমাহিত মনে পরমাদরে বলিরাজা যে ভূমি দান করেন তাহা সাক্ষাৎ মোক্ষের দ্বার, তাহার ফল পরমপুরুষার্থ মুক্তি পদার্থ ই হইতে পারে, অনিত্য ঐশ্বর্য্য কখন তাহার ফল হইতে পারে না, ॥ ২৪ ॥

যস্য হ বা ক্ষুৎপতন প্রস্খলনাদিষু বিবশঃ সকৃন্নামাভিগৃণন্ পুরুষঃ কর্ম্মবন্ধনমঞ্জসা বিধুনোতি ॥ ২৫ ॥

যস্য হৈব প্রতিবাধনন্ত মুমুক্ষবো অন্যথৈবোপলভন্তে ॥ ২৬ ॥

তদ্ভগবতামাত্মবতাং সর্ব্বেষামাত্মন্যাত্মদ আত্মতমেচ ॥ ২৭ ॥

নবৈ ভগবান্ নূনমমুষ্যানুজগ্রাহ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যস্য নাম ক্ষুদাদিষু বিবশোপি সকৃদপি গৃণন্ কর্ম্মবন্ধং বিধুনোতি ॥ ২৫ ॥

কথম্ভূতং যস্য প্রতিবাধনমিহ মুমুক্ষবো হন্যথৈবোপলভন্তে যন্নিবৃত্ত্যর্থং যোগসাংখ্যাদিক্লেশানমুভবন্তীত্যর্থঃ। তং কর্ম্মবন্ধং ত্যজতি ॥ ২৬ ॥

তত্তস্মিন্ ভগবতাং ভক্তানাং জ্ঞানিনাঞ্চ যথাযথং আত্মদে আত্মতমেচ সমর্পিতস্য ভূমিদানস্য ন তৎফলমিতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ ॥ ২৭ ॥

কিঞ্চ নেদং ভগবদনুকম্পা ফলমপি কিন্ত্বেকান্ত ভক্তস্য তস্যান্তরায়মাত্রমিত্যাহ নেতি। ভগবান্ অমুষ্য অমুং নৈবানু গৃহীতবান্ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদ্ভগবতামিতি তত্র তস্য দানং ন চাস্মিন্ ফলে নিমিত্তে তত্র সর্ব্বেষামাত্মনি পরমাত্মনি। তথাপি জ্ঞানিনাং বিবিক্ত তয়া তত্ত্বাস্ফুরণাদাত্মতমে ভক্তানাং স্বাত্মদে বশবর্ত্তিতয়া স্ফুরতীতি সর্ব্বথা সর্ব্বেষু পরমোপকারক স্বভাবত্বং দর্শিতং। ততস্তে নৈতাদৃশ তুচ্ছ ফলদানং ন সংভবতীত্যর্থঃ। তত্র পরমতমনূদ্য খণ্ডয়তি নবৈ ইতি। যস্মাদয়মমরং ভোগৈশ্বর্য্য মতং লভতে নৈষামুং বলিং প্রত্যানুজগ্রাহেতি ন। কিন্তু স্বসান্নিধ্যদানাদিনৈবেত্যর্থঃ তত্র হেতুঃ আত্মানুস্মৃতিমোষণমিতি। যদ্বা। তত্রেন্দ্রানুগ্রহবাদং খণ্ডয়তি। ন বৈ ইতি। অমুষ্য ইন্দ্রস্য তং প্রতীত্যর্থঃ ॥ ২৫। ২৬। ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রৈলোক্য দানস্য কা বার্ত্তা ভক্ত্যা পত্র পুষ্পাদ্যর্পণমপি দূরে বর্ত্ততাং নামাভাসোপি সুকৃতিভির্দ্দুর্ব্বারং কর্ম্মবন্ধমপি অনায়াসে নৈব ধ্বংসয়তীত্যাহ যস্যেতি ॥ ২৫ ॥

নচ কর্ম্ম বন্ধোপি সুগম প্রতীকার ইত্যাহ যস্য কর্ম্মবন্ধস্য প্রতিবাধনং সর্ব্বথা ধ্বংসনং মুমুক্ষবএব নতু ভূমিদানাদি সুকৃত কোটিমন্তোপি অন্যথৈবেতি যন্নিবৃত্ত্যর্থমষ্টাঙ্গযোগ সাঙ্খ্যাদি ক্লেশানমুভবন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

তস্মাৎ সর্ব্বেষামাত্মনি পরমেশ্বরে প্রতিপাদিতস্য ভূমিদানস্য ন তৎফলমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। কথং ভূতে ভগবতাং নারদাদীনাং ভক্তানাং আত্মদে বশীভূয়াত্মানমপি দত্তবতি আত্মবতাং সনকাদীনাং জ্ঞানিনাং আত্মতমে পরমাত্মানুভব রূপে ইতি ক্রমেণ প্রেমানন্দ ব্রহ্মানন্দদায়িন স্তস্য তদ্বিষয়ানন্দমাত্র ফলদায়িত্বং কথং ঘটতামতো বলিরাজায় স্ববশীকারময় প্রেমানন্দং খলু ভূমিদানস্য ফলং দদৌ যতঃ স্বভক্তস্য তস্য স্বয়ং দ্বারপালোবভূবেতি ভাবঃ ॥ ২৭ ॥

যত্ত তস্য ভোগৈশ্বর্য্যমেকান্ত ভক্তস্যান্তরায় এবেতি ন তদ্ভগবদনুকম্পাফলমতো ভোগৈশ্বর্য্যাদানাদেবেন্দ্রস্যৈকান্তিক ভক্ত্য

অপর ক্ষুধা পতনাদি সময়ে পুরুষ বিবশ হইয়া একবার যাঁহার নাম উচ্চারণ করিলে যথার্থতঃ কর্ম্ম বন্ধ হইতে মুক্ত হয় ॥ ২৫ ॥

রাজন্। কর্ম্মবন্ধ সামান্য বন্ধন নহে, সংসার মোচনেচ্ছু ব্যক্তিরা ঐ কর্ম্মবন্ধেরই নিবৃত্তি নিমিত্ত যোগানুষ্ঠানাদি বিবিধ ক্লেশ সহ্য করিয়া থাকেন ॥ ২৬ ॥

অতএব সেই ভগবানে সমর্পিত ভূমি দানের ফল উক্ত প্রকার ঐশ্বর্য্যমাত্র, ইহা কখনই সম্ভবিতে পারে না। বিশেষতঃ ভগবান্ ভক্তদিগের ও আত্মতত্ত্বজ্ঞ জ্ঞানিগণের আত্মদ তথা আত্মা স্বরূপ, তিনি কি আপনার পরম ভক্ত বলির প্রতি অন্য প্রকার আচরণ করিতে পারেন ? ॥ ২৭ ॥

ফলতঃ সুতল মধ্যে বলির যে উক্ত রূপ ঐশ্বর্য্য, ইহা বলির প্রতি ভগবানের অনুগ্রহ চিহ্ন নহে ॥ ২৮ ॥

যদ্ধুত পুনরাত্মানুস্মৃতিমোষণং মায়াময়ং ভোগৈশ্বর্য্যমেবাতনুতেতি ॥ ২৯ ॥

যস্তদ্ভগবতানধিগতান্যোপায়েন যাচ্ঞাচ্ছলেনাপহৃত স্বশরীরাবশেষিত লোকত্রয়ো বরুণ পাশৈঃ সংপ্রতিমুক্তো গিরিদর্য্যাঞ্চাপবিদ্ধ ইতি হোবাচ ॥ ৩০ ॥

নূনং-বতায়ং ভগবানর্থেষু ন নিষ্ণাতো যোসাবিন্দ্রো যস্য সচিবো মন্ত্রায় বৃত একান্ততো বৃহস্পতিস্তমতিহায় স্বয়মুপেন্দ্রেণ আত্মানমযাচত আত্মনশ্চাশিষো নো এব তদ্দাস্যং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ যদ্ধুতেতি। আয়ন ঈশ্বরস্য অনুস্মৃতিং মুষ্ণাতীতি তথা। তদুক্তং বাসুদেবে মনোযস্য জপহোমার্চ্চনাদিষু। তস্যান্তরায়ো মৈত্রেয় দেবেন্দ্রত্বাদিকং ফলমিতি ॥ ২৯ ॥

তস্যৈকান্তভক্তিং সপ্রপঞ্চমাহ। যত্তদিতি প্রসিদ্ধমিতি বক্ষ্যমাণমুবাচ হ ইত্যন্বয়ঃ। কথম্ভূতঃ ন অধিগতঃ অন্য উপায়ো যেন তেন ভগবতা যাচ্ঞা ছলেন অপহৃতং স্বশরীরমাত্রাবশেষিতং লোকত্রয়ং যস্য সম্যক্ প্রতিমুক্তোবদ্ধঃ। অপবিদ্ধঃ প্রক্ষিপ্তোপি সন্ ॥ ৩০ ॥

বতেতি খেদে ভগবান্ বিদ্বানপি যোসাবিন্দ্রঃ যস্যৈকান্তেন বৃহস্পতিঃ সচিবঃ সহায়ঃ যস্তোমন্ত্রার্থং বৃতঃ। সোপি পুরুষার্থেষু নূনং ন নিষ্ণাতঃ ন নিপুণঃ। যত উপেন্দ্রেণ দ্বারভূতেন তমুপেন্দ্রং বিহায় আত্মানং মাং লোকত্রয়মযাচত। তং মন্ত্রাম্পদং বৃহস্পতিমতিক্রম্যেতি বা ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র শ্রীবলিবাক্যমেব প্রমাণয়তি। যত্তদিতি গদ্য পঞ্চকেন যত্তদিতি প্রসিদ্ধঃ। ইতি এতদুবাচ শ্রীবলিঃ ॥ ২৯। ৩০। ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ভাবোন্মুমীরত ইত্যাহ নেতি অমুষ্যামমুমিন্দ্রং। তদুক্তং বাসুদেবে মনোযস্য জপহোমার্চ্চনাদিষু। তস্যান্তরায়োমৈত্রেয় দেবেন্দ্রত্বাদিকং ফলমিত্যতো যস্তস্যৈকান্ত ভক্তং বলিমেবানুজগ্রাহেতি ভাবঃ ॥ ২৮। ২৯ ॥

বলেরৈকান্তিকী ভক্তির্ভগবদনুগ্রহপ্রাপ্তিশ্চ তদ্বচনেনৈব ব্যক্তীভবেত্যাহ যস্মাৎ তদিতি প্রসিদ্ধং ইতি বক্ষ্যমাণমুবাচ হেত্যন্বয়ঃ। ন অধিগতঃ অন্য উপায়ো যেন তেন ভগবতা যাচ্ঞাছলেন অপহৃতং স্বশরীরমাত্রাবশেষিতং লোকত্রয়ং যস্য সঃ। প্রতিমুক্তোবদ্ধঃ। আমুক্তঃ প্রতিমুক্তশ্চ পিনদ্ধশ্চাপিনদ্ধবদিত্যমরঃ। অপবিদ্ধঃ প্রক্ষিপ্তঃ ॥ ৩০ ॥

ভগবান্ বিদ্বানপি যস্য সচিবো বৃহস্পতিঃ সোপি পুরুষার্থেষু ন নিষ্ণাতঃ যস্মাদিন্দ্রং প্রতি যুক্তং নোপদিদেশেতি ভাবঃ। যত উপেন্দ্রেণ দ্বারভূতেন আত্মানং মাং লোকত্রয়মযাচত তং উপেন্দ্রং বিহায়েতি তমেব কথং নাযাচত যদ্যযাচিষ্যত তদা কিং স দাতুং নাপারয়িষ্যৎ স্বপ্রভুং তং যাচকং কথমকরোদিতি ভাবঃ। তত্রাপ্যাত্মন আশিষো বিষয় সুখানীতি পরম মোহান্ধ ইব স ইতি ভাবঃ। যদ্বা তং বৃহস্পতিমপহায়েতি বৃহস্পতিং প্রেরয়িত্বা তেনৈব কথং মাং নাযাচত যদি বৃহস্পতি র্মামযাচিষ্যত তদা তস্মৈ ব্রাহ্মণায় ত্রিলোকীং কিং নাদাস্যং কথং যেষ্টদেবং তং যাচকমকরোদিতি ভাবঃ ॥ ৩১ ॥

যে হেতু ভোগৈশ্বর্য্য মায়াময় মাত্র, তদ্দ্বারা কেবল ভগবানের স্মরণ বিনষ্ট হইয়া যায় ॥ ২৯ ॥

রাজন্! বলিরাজার ঐকান্তিক ভক্তির বিবরণ বলি শ্রবণ কর। ভগবান্ অন্য উপায় না পাইয়া যাচ্ঞা ছলে ত্রিভুবন অপহরণ করিয়া লইয়াছিলেন, তাঁহার শরীর মাত্র অবশেষ ছিল। ঐ রূপ করিয়াও ক্ষান্ত হয়েন নাই। তদনন্তর বরুণের পাশ দিয়া সম্যক্ প্রকারে বন্ধন করেন এবং গিরি গহ্বরে নিক্ষেপ করিয়া দেন। কিন্তু বলি এই প্রকারে বিক্ষিপ্ত হইয়া বলিয়াছিলেন ॥ ৩০ ॥

হা! কি দুঃখের বিষয়! এই দেবরাজ ইন্দ্র, যাঁহার বৃহস্পতি একান্ত সহায় এবং যিনি মন্ত্রণা নিমিত্ত তাঁহাকে বরণ করিয়াছিলেন, আমার বোধ হয় ঐ মহেন্দ্রের পরমার্থ বিষয়ে অভিজ্ঞতা নাই, যে হেতু তিনি সেই উপেন্দ্রকে পরিত্যাগ করিয়া তাঁহার দ্বারা আমার নিকট ত্রিভুবন যাচ্ঞা করিলেন, স্বয়ং তাঁহার দাস্য প্রার্থনা করিলেন না ॥ ৩১ ॥

অতিগম্ভীর রয়সঃ কালস্য মন্বন্তর পরিবৃতং কিয়ল্লোকত্রয়মিদং ॥ ৩২ ॥
যস্মাদনুদাস্যমেবাস্মৎ পিতামহঃ কিল বব্রে নতু স্বং পিত্র্যং যদ্ভূতাকুতোভয়ং পদং দীয়মানং
ভগবতঃ পরমিতি ভগবতোপরতে খলু স্বপিতরি ॥ ৩৩ ॥
তস্য মহানুভাবস্যানুপথমমৃজিতকষায়ঃ কোবাস্মদ্বিধঃ পরিহীন ভগবদনুগ্রহ উপজিগমিষতীতি ॥ ৩৪

শ্রীধরস্বামী।

তস্মিন্ প্রসন্নে সএব বরণীয়ো ন লোকত্রয়ং যতস্তৎ অতিতুচ্ছমিত্যাহ। অতিগম্ভীরমনন্তং বয়োবস্য তস্য কালস্য মন্বন্তরং তেন পরিবৃতং বিপর্য্যস্তং লোকত্রয়মিদং কিয়ৎ ॥ ৩২ ॥
প্রহ্লাদস্ত এব এবার্থে নিষ্ণাত ইত্যাহ যস্মাদনুদাস্যমিতি। স্বপিতরি উপরতে মৃতে সতি স্বং পিত্র্যং পদং ভগবতা দীয়মানমপি ভগবতঃ খলু পরমন্যদিতি কৃত্বা ন জগ্রাহেত্যর্থঃ ॥ ৩৩ ॥
নন্ধু ধমতি ধীরঃ কুতস্তমেব বহুমন্যসে তত্রাহ তস্যানুপথং অনুবর্ত্ম অমৃজিতা অক্ষীণাঃ কষায়া রাগাদয়ো যস্য পরিহীনো ভগবদনুগ্রহো যস্য স কোবা উপগন্তুমিচ্ছতীতি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তং উপেন্দ্র' অতিহায় পুরুষার্থত্বেনানভিলষ্য স্বয়মুপেন্দ্রেণৈব দ্বারভূতেন আত্মানং মাং পরম ক্ষুদ্রং লোকত্রয়মযাচত। অনুদাস্যং নয় মাং নিজভৃত্যপার্শ্বমিত্যনেন তদ্দাস্যদাস্যং ॥ ৩২ ॥
স্বপিত্র্যং ত্রৈলোক্য রাজ্যং যদ্ভূত অকুতোভয়ং পদং মোক্ষং। তত্তন্নতু বব্রে। কথং ভগবতঃ পরমন্যদিদমিতি কৃত্বা তদংশাভাস তদ শ মাত্রাশ্রয়ত্বাত্তয়োঃ কদৈবং ব্যবহৃতমিত্যাশংক্যাহ ভগবতেতি ॥ ৩৩ ॥
পরিমর্দ্দিতো ভাবেন হীনস্যাক্তোনাত্যাদৃতো ভগবদনুগ্রহো যেন সঃ। অনুগ্রহঃ প্রার্থনাদি বক্তনাস্তঃ ॥ ৩৪ । ৩৫ । ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কামিতস্য বরন স্বচ্ছত্বমাহ অতিগম্ভীরং অনন্ত রয়োবেগো যস্য তস্য কালস্য মন্বন্তরং তেন পরিবৃতং পর্য্যস্তং লোকত্রয়মিদং কিয়ৎ ॥ ৩২ ॥
কিঞ্চাত্র জগত্যোকঃ প্রহ্লাদএব পরমার্থে নিষ্ণাত ইত্যাহ যস্মেতি উপরতে মৃতে সতি ॥ ৩৩ ॥
নন্ধু ত্বমপি প্রহ্লাদ সদৃশ এবেতি তত্র সত্রপং সবৈক্লব্যমাহ তস্যেতি অনুপথং অনুরূপং বর্ত্ম ॥
তস্য বাক্যঃ ॥ ৩৪ ॥ ৩৫ । ৩৬ ॥

ফলতঃ যখন ভগবান্ প্রসন্ন হয়েন,তখন তাঁহার নিকট দাস্যই প্রার্থনা করা উচিত হয়। এই ত্রিভুবন গম্ভীর বেগবান্ কালের যে মন্বন্তর তাহাতে পরিবৃত, ইহা কিয়ৎ অর্থাৎ অতিতুচ্ছ পদার্থ ॥ ৩২ ॥
এই কারণে আমাদের পিতামহ (প্রহ্লাদ) সেই ভগবানের নিকট দাস্যই প্রার্থনা করিয়াছিলেন। প্রহ্লাদের পিতা হিরণ্যকশিপু মৃত্যু প্রাপ্ত হইলে ভগবান্ তাঁহাকে পিত্র্যপদ দিতে উদ্যত হইয়াছিলেন, কিন্তু তাহাতে যদিও কোন ভয় সম্ভাবনা ছিল না, তথাচ তাহা ভগবান্ হইতে ভিন্ন এই বিবেচনায় তিনি গ্রহণ করেন নাই ॥ ৩৩ ॥
কিন্তু আমার সদৃশ ব্যক্তির রাগাদি পরিক্ষীণ হয় নাই, সুতরাং ভগবানের অনুগ্রহে বিরহিত আমার কোন্ ব্যক্তির তাঁহার বর্ত্মানুবর্ত্তী হইতে ইচ্ছা হইবে? ॥ ৩৪ ॥

তস্যানুচরিতমুপরিষ্টাৎ বিস্তরিষ্যতে ॥ ৩৫ ॥

যস্য ভগবান্ স্বয়মখিল জগদ্গুরু নারায়ণো দ্বারি গদাপাণিরবতিষ্ঠতে নিজজনানুকম্পিত হৃদয়ঃ যেনাঙ্গুষ্ঠেন পদা দশকন্ধরো যোজনাযুতাযুতং দিগ্বিজয় উচ্চাটিতঃ ॥ ৩৬ ॥

ততোঽধস্তাত্তলাতলে ময়োনাম দানবেন্দ্র ত্রিপুরাধিপতি র্ভগবতা ত্রিপুরারিণা ত্রিলোক্যা শঙ্কিকীর্ষুণা নির্দ্দগ্ধ স্বপুরত্রয় স্তৎপ্রসাদাৎ লব্ধপদো মায়াবিনামাচার্য্যো মহাদেবেন পরিরক্ষিতোবিগতসুদর্শনভয়ো মহীয়তে ॥ ৩৭ ॥

ততোঽধস্তান্মহাতলে কাদ্রবেয়াণাং সর্পাণাং নৈকশিরসাং ক্রোধবশো নাম গণঃ কুহক তক্ষক

শ্রীধরস্বামী।

অথ শ্রীশুকোক্তিঃ নম্বেবং ভূতশ্চেদ্বলি স্তর্হি তস্যৈব চরিতং বিস্তারেণ কথ্যতাং [illegible] উপরিষ্টাদষ্টমে বিস্তরিষ্যতে ॥ ৩৫ ॥

যস্য দ্বার্য্যবতিষ্ঠতে নিজজনেষনুকম্পিতং কৃতানুকম্পং হৃদয়ং যস্য। [illegible] দর্শয়তি যেন শ্রীনারায়ণ [illegible] দ্বারি বিশন্ দশকন্ধর উচ্চাটিতঃ কেন পদা তত্রাপ্যঙ্গুষ্ঠেনৈব ॥ ৩৬ ॥

যথা হরিণা স্বভক্তোবলিঃ সুতলে নিহিতঃ সুখমাস্তে এবং মহাদেবভক্তোঽপি ময়স্তল তলে সুখমাস্ত [illegible] লব্ধং পদং স্থানং যেন মহীয়তে পূজ্যতে ॥ ৩৭ ॥

নৈকশিরসামনেক ফণানাং গণোঽস্তি এতৎ প্রপঞ্চয়তি কুহকেতি। মহাভোগবন্তো মহাকায়াঃ পুরুষবাহাৎ [illegible] ॥ ৩৮

ক্রমসন্দর্ভঃ।

ময়স্ত মায়াবীতি মহেশপ্রসাদাভাসেন তলাতলে ব্যবহার সুখেন তিষ্ঠতি নতু শ্রীবলিবৎ পরমার্থ সুখসম্পন্নঃ [illegible] মাহ ততো ধস্তাদতি বিগতেতি। মহাদেবস্য মহাভাগবতস্যানুবোধাদিতি ভাবঃ ॥ ৩৭ ॥

শীর্ষস্য শীর্ষচ্ছন্দসীতি ভগবান্ পাণিনিঃ ॥ ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহীয়তে পূজ্যতে ॥ ৩৭ ॥ নৈকশিরসাং অনেক ফণানাং এতৎ প্রপঞ্চয়তি কুহকেতি। পুরুষবাহাৎ [illegible] ॥ [illegible]

যোগিবর শুকদেব এই প্রকারে বলির প্রভাব কিঞ্চিৎ বর্ণন করিয়া কহিলেন রাজন্! এই দৈত্যেন্দ্র বলির চরিত্র পরে (অষ্টমস্কন্ধে) বিস্তার করিয়া বর্ণন করিব ॥ ৩৫ ॥

হে রাজন্! বলিরাজার মহিমার কথা কি বলিব, নিখিল জগতের গুরু ভগবান্ নারায়ণ হস্তে গদা ধারণ করিয়া তাঁহার দ্বারে অবস্থিতি পূর্ব্বক স্বয়ং দ্বারপালের কার্য্য করিতেছেন। একদা দশকন্ধর রাবণ বলির দ্বারে প্রবেশ করিতেছিল, ভগবান্ আপনার পদাঙ্গুষ্ঠ দ্বারা তাহাকে অযুত যোজন দূরে নিক্ষেপ করেন, পরন্তু নিজ ভক্তজনের প্রতি তাঁহার হৃদয় সতত্ই অনুকম্পিত ॥ ৩৬ ॥

হে ভারত! সুতলের অধোদিকে তলাতল। যেমন ভগবদ্ভক্ত বলি ভগবান্ হরি কর্ত্তৃক স্থাপিত হইয়া সুখে বাস করিতেছেন। সেই রূপ যে ময় নামা দানবরাজ মায়াবিদিগের গুরু এবং ত্রিপুরের অধিপতি, সে ভগবান্ ত্রিপুরারি কর্ত্তৃক পরিরক্ষিত হইয়া তলাতলে সুখে অবস্থিতি করিতেছে। ভগবান্ শঙ্কর ত্রিলোকীর মঙ্গল ইচ্ছা করিয়া প্রথমে তাহার পুরত্রয় দগ্ধ করিয়াছিলেন, পশ্চাৎ তাহার প্রতি প্রসন্ন হন। তাহাতেই ঐ দানব শেষে তদীয় পাদপদ্ম লাভ করিয়া ভগবচ্চক্র সুদর্শন হইতে বিগতভয় ও পূজ্য হয় ॥ ৩৭ ॥

এই রূপ তলাতলের তলে মহাতল, সেখানে অনেক ফণাধারী ক্রোধপরবশ কদ্রুনন্দনগণ বাস

কালিয় সুষেণাদি প্রধানা মহাভোগবন্তঃ পতত্রিরাজাধিপতেঃ পুরুষবাহাদনবরতমুদ্বিজ মানাঃ স্বকলত্রাপত্য সুহৃৎ কুটুম্ব সঙ্গেন কচিৎ প্রমত্তা বিহরন্তি ॥ ৩৮ ॥

ততোঽধস্তাদ্রসাতলে দৈতেয়া দানবাঃ পণয়ো নাম নিবাতকবচাঃ কালকেয়া হিরণ্য পুরবাসিন ইতি বিবুধপ্রত্যনীকা উৎপত্ত্যা মহৌজসো মহাসাহসিনো ভগবতঃ সকল লোকানুভাবস্য হরেরেব তেজসা প্রতিহতবলাবলেপা বিলেশয়া ইব বসন্তি ॥ ৩৯ ॥

যে বৈ সরময়েন্দ্রদূত্যা বাগ্‌ভির্মন্ত্রবর্ণাভিরিন্দ্রাদ্বিভ্যতি ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

বিবুধ প্রত্যনীকা দেবশত্রবঃ সকলেষ্বপি লোকেষু অনুভাবোযস্য তস্যৈব তেজসা সুদর্শনেন প্রতিহতো বলাবলেপো বীর্য্যমদো যেষাং বিলেশয়াঃ সর্পা ইব ॥ ৩৯ ॥

ইন্দ্রদূত্যা প্রযুক্তাভি মন্ত্ররূপাভি র্বাগ্‌ভিঃ এবং হি বৈদিকমাখ্যানং পণিভিরসুরৈ র্নিগূঢ়াং গামন্বেষ্টুং সরমাং দেবশুনী মিন্দ্রেণ প্রহিতাং সন্ধিমিচ্ছন্তঃ পণয় আহুঃ কিমিচ্ছন্তী সরমেত্যাদি সাচ সন্ধিমনীচ্ছন্তীন্দ্রস্তুতি পূর্ব্বকং তানতিপরুষমাহ হতা ইন্দ্রেণ পণয়ঃ পলায়ধ্বমিত্যাদি তেচ তৎ শ্রুত্বা বিভ্যতীতি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৈতেয়াদয়োঽসুরভেদাঃ প্রত্যনীকাঃ শত্রবঃ ॥ ৩৯ ॥

ইন্দ্রদূত্যা প্রযুক্তাভির্মন্ত্ররূপাভির্বাগ্‌ভিঃ। এবং হি বৈদিকমাখ্যানং পণিভিরসুরৈ র্নিগূঢ়াং গামন্বেষ্টুং সরমাং দেবশুনী- মিন্দ্রেণ প্রহিতাং সন্ধিমিচ্ছন্তঃ পণয়ঃ প্রাহুঃ। কিমিচ্ছন্তী সরমেত্যাদি সাচ সন্ধিমনিচ্ছন্তী ইন্দ্রস্তুতি পূর্ব্বকং তান্ প্রতিপরুষমাহ হতা ইন্দ্রেণ পণয়ঃ পলায়ধ্বমিত্যাদি তেচ তচ্ছ্রুত্বা বিভ্যতীতি ॥ ৪০ ॥

করিতেছে, সেই সকল সর্পের মধ্যে কুহক, তক্ষক, কালিয়, সুষেণ ইত্যাদি প্রধান। তাহাদের দেহ অতিশয় দীর্ঘ, তাহারা ভগবদ্বাহন গরুড়ের ভয়ে নিরন্তর উদ্বিগ্ন হইয়া থাকে। কদাচিৎ অনবধানতা প্রযুক্ত পুত্র কলত্র সুহৃৎ কুটুম্ব সঙ্গে কোথাও ২ বিহার করিতে যায় ॥ ৩৮ ॥

মহাতলের তলে রসাতল, তথায় দৈত্য দানব ও নিবাতকবচ প্রভৃতি কালকেয় অসুরগণ যাহারা বিলেশয় অর্থাৎ সর্পাদির ন্যায় বাস করিতেছে। ঐ সকল অসুর যদিও জন্মাবধি মহাবল পরাক্রান্ত ও মহাসাহসী, তথাচ যে ভগবানের অনুভাব সকল লোকে দেদীপ্যমান, তাঁহারই তেজে, তাহাদের বলাবলেপ (বীর্য্যমদ) বিনষ্ট হইয়াছে ॥ ৩৯ ॥

তাহারা এখনও ইন্দ্রদূতী সরমার উচ্চারিত মন্ত্র রূপ বাক্য দ্বারা দেবরাজ হইতে ভয় পায় ॥

এই বিষয়ে প্রাচীন একটী ইতিহাস আছে। যথা— একদা অসুরগণ দেবধেনু হরণ করিয়া লুকাইয়া রাখিয়াছিল, অমররাজ তাহাদের অনুসন্ধানার্থ সরমা নাম্নী দেবশুনীকে প্রেরণ করেন। সরমাকে দেখিয়া অসুরগণের মনোমধ্যে এই আশঙ্কা হয় বুঝি দেবরাজ জানিতে পারিয়াছেন, অতএব তাহারা সন্ধি করিবার মানসে ঐ দেবশুনীকে কহিয়াছিল, সরমে ! তুমি কি ইচ্ছা কর। কিন্তু দেবশুনীর সন্ধি করিতে ইচ্ছা ছিল না, সে ইন্দ্রের স্তুতি করিয়া তাহাদিগকে সরোষ বচনে কহে, অরে দানবগণ ! তোরা আমার নাথ কর্ত্তৃক নিহত হইবি, শীঘ্র পলায়ন কর, তৎ শ্রবণে অসুরগণ সাতিশয় ভীত হইয়াছিল ইতি ॥ ৪০ ॥

ততোঽধস্তাৎ পাতালে নাগলোকপতয়ো বাসুকিপ্রমুখাঃ শঙ্খ কুলিক মহাশঙ্খ শ্বেত ধনঞ্জয় ধৃতরাষ্ট্র শঙ্খচূড় কম্বলাশ্বতর দেবদত্তাদয়ো মহাভোগিনো মহামর্ষা নিবসন্তি ॥ ৪১ ॥

যেষামুহ বৈ পঞ্চ সপ্ত দশ সহস্র শীর্ষাণাং ফণাসু বিরচিতা মহামণয়ো রোচিষ্ণবঃ পাতাল বিবর তিমিরনিকরং স্বরোচিষা বিধমন্তি ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে বিবরতলোপ বর্ণনং চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তস্য মূলদেশে ত্রিংশদ্যোজন সহস্রান্তর আস্তে যা বৈ কলা ভগবতস্তামসী সমাখ্যাতা অনন্ত

শ্রীধরস্বামী।

মহাভোগিনঃ মহাফণাঃ মহানমর্ষঃ ক্রোধো যেষাং ॥ ৪১ ॥

পঞ্চাদি সংখ্যানি শীর্ষাণি যেষাং শীর্ষ্ণামিতি বক্তব্যে শীর্ষাণামিত্যার্ষং ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্ব্বিংশঃ ॥ * ॥

পঞ্চবিংশে ততোঽধস্তাদাহ শেষস্য সংস্থিতিং। সংজিহির্ষোরিদং কালে যতো রুদ্রসমুদ্ভবঃ ॥ ০ ॥

কোপাবনন্তঃ সাত্বতীয়াঃ সাত্বততন্ত্র নিষ্ঠাঃ চতুর্ব্যূহোপাসনেয়ং সঙ্কর্ষণ ইত্যাচক্ষতে তথাখ্যানে হেতুঃ। দ্রষ্টৃদৃশ্যয়োঃ দৃগ্দৃ-

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

তামসীতি তমোগুণাধিষ্ঠাতৃ রুদ্রস্যান্তর্যামিত্বাৎ। মূর্ত্তিং নঃ পুরুকৃপয়া বভার সত্বং সংশুদ্ধমিত্যাদি বিরোধাৎ ॥ ১। ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহাভোগিনো মহাফণাঃ ॥ ৪১। ৪২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমস্য চতুর্বিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পঞ্চবিংশেতু পাতালতলে শেষস্য ভূভৃতঃ। জগৎ সংহর্ত্তৃ রুদ্রস্যাপ্যংশিনো বর্ণিতা গুণাঃ ॥ ০ ॥

তামসী তমঃ কার্য্য সংহার প্রবর্ত্তয়িত্রী নতু তমোময়ী মূর্ত্তিং নঃ পুরুকৃপয়া বভার সত্বং সংশুদ্ধমিত্যাদি বিরোধাৎ ॥

সাত্বতীয়াঃ সাত্বততন্ত্রনিষ্ঠাঃ দ্রষ্টৃদৃশ্যয়োর্ভোক্তৃভোগ্যয়োঃ সম্যক্ কর্ষণং যতঃ সঙ্কর্ষণ ইতি। তচ্চ কর্ষণং অহমস্য ভোক্তা

মহাতলের নীচে পাতাল। তথায় বাসুকী প্রভৃতি নাগলোকাধিপতিগণ অর্থাৎ শঙ্খ, কুলিক, মহাশঙ্খ, শ্বেত, ধনঞ্জয়, ধৃতরাষ্ট্র, শঙ্খচূড়, কম্বল, অশ্বতর এবং দেবদত্তাদি বৃহৎ বৃহৎ ফণাধারী সর্প সকল বাস করিতেছে ॥ ৪১ ॥

ঐ সকল নাগের মধ্যে কাহারও পঞ্চ মস্তক, কাহারও সপ্ত, কাহারও দশ, কাহারও বা সহস্র শীর্ষ। তাহাদের ফণায় দীপ্তিশালি যে সকল মহা মহামণি বিরাজিত আছে ঐ সকল মণি পাতাল বিবরস্থ তিমির রাশি দূরীভূত করিয়া দেয় ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্ব্বিংশ ॥ * ॥

পঞ্চবিংশতি অধ্যায়ে পাতালের তলে শেষ নামক ভগবান্ সঙ্কর্ষণ দেব যে প্রকারে অবস্থিত আছেন তাহার বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন রাজন্। পাতালের মূল দেশে ত্রিংশৎ সহস্র যোজন অন্তরে ভগবানের তামসী নামে বিখ্যাতা এক কলা (অংশ) আছে, তাহার নাম অনন্ত, সাত্বতন্ত্র নিষ্ঠ ভক্তগণ চতুর্ব্ব্যূহোপা-সনায় তাঁহাকে সঙ্কর্ষণ বলিয়া থাকেন। সঙ্কর্ষণ বলিবার তাৎপর্য্য এই "আমি আমার" ইত্যাদি অভি-

ইতি সাত্বতীয়া দ্রষ্টৃ দৃশ্যয়োঃ সঙ্কর্ষণমহমিত্যভিমানলক্ষণং সঙ্কর্ষণ ইত্যাচক্ষতে ॥ ১ ॥

যস্যেদং ক্ষিতিমণ্ডলং ভগবতোঽনন্তমূর্ত্তেঃ সহস্র শিরস একস্মিন্নেব শীর্ষণি ধ্রিয়মাণং সিদ্ধার্থ ইব লক্ষ্যতে ॥ ২ ॥

যস্য হ বা ইদং কালেনোপসংজিহীর্ষতোঽমর্ষবিরচিত রুচির ভ্রমদ্ভ্রুবোরন্তরেণ সঙ্কর্ষণো নাম রুদ্র একাদশ ব্যূহস্ত্র্যক্ষ স্ত্রিশিখং শূলমুত্তম্ভয়ন্ উদতিষ্ঠৎ ॥ ৩ ॥

যস্যাঙ্ঘ্রি কমল যুগলারুণ বিশদ নখমণিষণ্ড মণ্ডলেষ্বাদর্শেষ্বহিপতয়ঃ সহ সাত্বতর্ষভৈরেকান্ত ভক্তিযোগেনাবনমন্তঃ স্ববদনানি পরিস্ফুরৎ কুণ্ডল প্রভামণ্ডলী মণ্ডিত গণ্ডস্থলানি অতি মনোহরাণি প্রমুদিত মনসঃ খলু বিলোকয়ন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দৃশ্যয়োঃ সম্যক্ কর্ষণং একীকরণং যেন তৎ কৃতঃ। অহমিত্যভিমানো লক্ষণং চিহ্নং অধিষ্ঠাতৃ র্যস্য অহঙ্কারাধিষ্ঠানেন দৃগ্দৃশ্য সঙ্কর্ষণাৎ সঙ্কর্ষণ ইত্যর্থঃ ॥ ১ ॥

অনন্তত্বমাহ যস্যেদমিতি। যস্কন্ধানাং সএব ভগবাননন্ত ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২ ॥

তামসত্বমাহ যস্যেদং বিশ্বং উপসংহর্ত্তুমিচ্ছতঃ অমর্ষেণ বিরচিতে কুটিলীকৃতে রুচিরে ভ্রমন্ত্যৌ ভ্রুবৌ তয়োর্মধ্যে উত্তম্ভয়ন্ উন্নময়ন্ ॥ ৩ ॥

সুভগত্বমাহ যস্যাঙ্ঘ্রি কমল যুগলে অরুণা বিশদাশ্চ নখা এব মণয় স্তেষাং ষণ্ডঃ সমূহঃ তস্য মণ্ডলেষু দর্পণোপাধিষু পরিস্ফুরতাং কুণ্ডলানাং প্রভামণ্ডল্যা মণ্ডিতানি গণ্ডস্থলানি যেষু তানি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অমর্ষ কারণন্তু প্রায়ঃ সর্বেষাং যুগপৎ ভগবদ্বহির্মুখত্বং জ্ঞেয়ং ॥ ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইদং মে ভোগ্যমিত্যভিমান লক্ষণমেব অভিমন্ত রহস্যা সমতয়োঃ শুদ্ধ্যর্থং তদধিষ্ঠাতৃত্বেন যং ধ্যায়ন্তীতি ভাবঃ ॥ ১। ২ ॥

উপসংজিহীর্ষত ইতি যদৈবেদং জগদাধিক্যেন সংহর্ত্তুমৈচ্ছত্তদৈব মায়ায়া স্বদিচ্ছাধীনত্বাৎ তদীয় তমঃ কার্য্যরোষাত্মকো রুদ্রো ভ্রূ মধ্যে প্রাদুর্বভূব অমর্ষ বিরচিত ইতি রুদ্রস্য বিশেষণং সুলোপ আর্ষঃ। যথা সিসৃক্ষতো দ্বিতীয় পুরুষস্য নাভি মধ্যে রজো গুণাত্মকং পদ্মং প্রাদুর্ভবতি তদ্বৎ ॥ ৩ ॥

লাবণ্যেন মনোহরত্বমাহ যস্যেতি নখমণীনাং ষণ্ডঃ সমূহ স্তস্য মণ্ডলেষু দর্পণায়মানেষ্বিত্যর্থঃ ॥ ৪ ॥

মান যাহার চিহ্ন, সেই অহঙ্কারের অধিষ্ঠান দ্বারা দ্রষ্টা ও দৃশ্যের আকর্ষণ করিয়া থাকেন ॥ ১ ॥

রাজন্। সহস্রশীর্ষ ভগবান্ অনন্ত মূর্ত্তির একমাত্র মস্তকে এই ভূমণ্ডল ধৃত আছে তাহাতে এই অবনীকে একটী সিদ্ধার্থের (শ্বেতসর্ষপের) ন্যায় দেখায় ॥ ২ ॥

অপর যিনি এই জগৎকে প্রলয় কালে সংহার করিতে বাসনা করিয়া সঙ্কর্ষণ নামে একাদশ ব্যূহে রুদ্র হন এবং ক্রোধ বশতঃ ঘূর্ণায়মাণ মনোহর ভ্রূদ্বয়ের বিভঙ্গি করত ত্রিশিখ শূল উন্নমন পূর্ব্বক উত্থিত হয়েন ॥ ৩ ॥

তাঁহার চরণ পঙ্কজের অরুণ বর্ণ নখরূপ মণিমণ্ডল দর্পণ স্বরূপ হওয়াতে তন্মধ্যে নাগপতি গণ প্রধান প্রধান ভক্তদিগের সহিত একান্ত ভক্তিযোগে নমস্কার করিতে করিতে প্রহৃষ্ট মনে স্ব স্ব বদনের প্রতিবিম্ব অবলোকন করিতেছেন। হে মহারাজ। নাগপতি দিগের বদন প্রতিবিম্ব দর্শনীয় বটে, তাহাদের কর্ণমূলে অত্যুজ্জ্বল কুণ্ডল দেদীপ্যমান থাকাতে তদীয় প্রভা মণ্ডল দ্বারা গণ্ডস্থল অতিশয় মণ্ডিত হয় ॥ ৪ ॥

যস্যেব হি নাগরাজকুমার্য্য আশিষ আশাসানাশ্চার্ব্বঙ্গ বলয় বিলসিত বিশদ বিপুল ধবল সুভগ রুচির ভুজরজতস্তম্ভেম্বগুরু চন্দন কুঙ্কুম পঙ্কানুলেপেনাবলিম্পমানাস্তদভিমর্ষণোন্মথিত হৃদয়মকরধ্বজাবেশ রুচির ললিতস্মিতাস্তদনুরাগ মদমুদিত মদবিঘূর্ণিতারুণ করুণাবলোক নয়ন বদনারবিন্দং সব্রীড়ং কিল বিলোকয়ন্তি ॥ ৫ ॥

সএব ভগবাননন্তোঽনন্ত গুণার্ণব আদিদেব উপসংহৃতামর্ষরোষবেগোলোকানাং স্বস্তয় আস্তে ॥ ৬

ধ্যায়মানঃ সুরাসুরোরগ সিদ্ধ গন্ধর্ব্ব বিদ্যাধর মুনিগণৈরনবরত মদমুদিত বিকৃত বিহ্বল লোচনঃ সুললিত মুখরিকামৃতেনাপ্যায়মানঃ স্বপার্ষদ বিবুধ যূথপতীন্ পরিম্লানরাগ নবনব তুল

শ্রীধরস্বামী।

চারুণি অঙ্গবলয়ে বিলসিতাশ্চ তে বিশদাশ্চ বিপুলাশ্চ ধবলাশ্চ সুভগাশ্চ রুচিরাশ্চ ভুজা এব রজতস্তম্ভা স্তেষু অগুরুচন্দন কুঙ্কুমানাং পঙ্ক এবানুলেপস্তেনাবলিম্পমানা স্তেষামভিমর্ষণেন স্পর্শনেনোন্মথিতে হৃদয়ে মকরধ্বজস্যাবেশেন রুচিরঞ্চ ললিতঞ্চ স্মিতং যাসাং তাঃ। তস্যানুরাগেণ মদেনচ মুদিতঞ্চ তৎ মদেন বিঘূর্ণিতে প্রচলিতেচ আ ঈষদরুণে করুণাবলোক যুক্তে নয়নে যস্মিন্ তদ্বদনারবিন্দং চ বিলোকয়ন্তি ॥ ৫ ॥

অমর্ষোঽসহনং রোষঃ ক্রোধঃ উপসংহৃতঃ তয়োর্বেগো যেন ॥ ৬ ॥

উপাসনার্থমাহ। সুরাদিভির্ধ্যায়মানশ্চিন্ত্যমানঃ অনবরতং মদেন মুদিতশ্চাসৌ বিকৃত বিহ্বললোচনশ্চ সুললিতেন মুখরিকামৃতেন বচনামৃতেন পার্ষদান্ বিবুধ যূথপতীংশ্চ আপ্যায়মানঃ হর্ষয়ন্। নীলে বাসসী যস্য একমেব কুণ্ডলং যস্য হলস্য ককুদি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্য চারুণি অঙ্গবলয়ে অঙ্গমণ্ডলে বিলসিতাদি বিশেষণ বিশিষ্টা যে ভুজরজতস্তম্ভা স্তেষু অগুর্ব্বাদি পঙ্ক এবানুলেপ অনুলেপ সাধনং তেন অবলিম্পন্ত্যঃ তদভিমর্শনং তৎ সময়এব যত্তদঙ্গ স্পর্শস্তেন উন্মথিতে হৃদয়ে যো মকরধ্বজাবেশ স্তেন রুচিরং তাব সূচকং স্মিতং যাসাং তাঃ। তস্যানুরাগমদঃ সাহজিকো ভক্তবিষয়কস্তেন মুদিতে মদবিঘূর্ণিতারুণেচ নাগকুমারী বিষয়ক করুণা-বলোক বিশিষ্টে নয়নে যত্র তদ্বদনারবিন্দং সব্রীড়ং হন্ত হন্তাস্মদ্ হৃদয়বিকারং প্রভুরয়ং জ্ঞাতবানিতি লজ্জাপর্য্যাকুলং যথাস্যাত্তথা ॥ ৫

উপসংহৃতেতি স্থিতিকালে সংপ্রতি রোষস্যানৌচিত্যাদিতি ভাবঃ। অমর্ষোঽসহিষ্ণুতা তদুত্থোরোষঃ ক্রোধঃ ॥ ৬ ॥

সুললিতেন মুখরিকামৃতেন বচনামৃতেন কক্ষাং ববত্রাং ॥ ৭ ॥

অপর নাগরাজের কুমারীগণ স্ব স্ব কল্যাণ কামনায় সজল নয়নে তাঁহার বদন কমল অবলোকন করিতেছেন। ফলতঃ ভগবানের বলয় বিলসিত বিপুল ধবল সুভগ অথচ রুচির ভুজরূপ যে রজত স্তম্ভ সকল তাহাতে নাগরাজের কুমারীগণ সদা অগুরু চন্দন ও কুঙ্কুম পঙ্ক লেপন করেন। কিন্তু তাহা স্পর্শ করিবা মাত্র তাহাদের হৃদয় উন্মথিত হইয়া উঠে ও মনো মধ্যে মনোভবের আবির্ভাব হয়, সেই সময় তাঁহাদের হাস্য অতিশয় রুচির ও ললিত হইয়া থাকে। হে ভারত! নাগরাজের কুমারী-গণ ভগবানের যে বদন নিরীক্ষণ করেন তাহা অনুরাগ ও মদে সতত সহর্ষ এবং তত্রস্থ করুণাবলোকন যুক্ত লোচনদ্বয় সর্ব্বদা মদবিঘূর্ণিত ও ঈষৎ অরুণ বর্ণ ॥ ৫ ॥

সে যাহা হউক, অনন্ত গুণসাগর ভগবান্ আদিদেব অনন্ত আপনার রোষামর্ষের আবেগ উপসংহার করিয়া সকল লোকের মঙ্গলার্থ ঐ স্থানে অবস্থিতি করিতেছেন ॥ ৬ ॥

তথায় সুর, অসুর, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, উরগ ও মুনিগণ নিরন্তর তাঁহার ধ্যান করেন। তাঁহার নয়ন দ্বয় মদ দ্বারা সদা মুদিত ও বিকৃত এবং বিহ্বল। তিনি সুললিত বচনামৃত দ্বারা আপনার পার্ষদ দেবগণকে সর্ব্বদা আপ্যায়িত করেন। তাঁহার বসন নীল বর্ণ, কর্ণে এক কুণ্ডল, সুভগ

সিকামোদমধ্বাসবেন মাদ্যন্মধুকরব্রাত মধুর গীত শ্রিয়ং বৈজয়ন্তীং স্বাং বনমালাং নীল বাসা এক কুণ্ডলো হল ককুদি কৃত সুভগ সুন্দর ভুজো ভগবান্মহেন্দ্র বারণেন্দ্র ইব কাঞ্চনীং কক্ষ্যামুদার লীলো বিভর্ত্তি। য এষ এবমনুশ্রুতোঽভিধ্যায়মানো মুমুক্ষূণামনাদি কাল কর্ম্ম বাসনা গ্রথিতমবিদ্যাময়ং হৃদয়গ্রন্থিং সত্বরজস্তমোময়মন্তর্হৃদয়ং গত আশু নির্ভিনত্তি ॥ ৭ ॥ তস্যানুভাবান্ ভগবান্ স্বায়ম্ভুবো নারদঃ সহ তুম্বুরুণা সভায়াং ব্রহ্মণঃ সংশ্লোকয়ামাস ॥ ৮ ॥
উৎপত্তি স্থিতিলয় হেতবোঽস্য কল্পাঃ সত্বাদ্যাঃ প্রকৃতিগুণায় দীক্ষয়াসন্।
যদ্রূপং ধ্রুবমকৃতং যদেকমাত্মন্ নানাঽধাৎ কথমুহ বেদ তস্য বর্ত্ম ॥ ৯ ॥
মূর্ত্তিং নঃ পুরু কৃপয়া বভার সত্বং সংশুদ্ধং সদসদিদং বিভাতি যত্র।

শ্রীধরস্বামী।

পৃষ্ঠে কৃতঃ ভুজঃ সুভগশ্চ সুন্দরশ্চ ভুজোযেন কাঞ্চনীং কক্ষ্যাং গজরজ্জুং উদারা লীলা যস্য সঃ। ন পরিম্লানো রাগঃ কান্তির্যস্যা-স্তস্যা নব নব তুলসিকায়া আমোদ মধ্বাসবেন সুরভি মধুরসেন মাদ্যতাং মধুকরাণাং ব্রাতাঃ তেষাং মধুর গীতেন শ্রীর্যস্যাস্তাং মালাং ॥ ৭ ॥ সংশ্লোকয়ামাস বর্ণয়ামাস ॥ ৮ ॥

অস্য জগতঃ উৎপত্ত্যাদি হেতবো গুণা যস্যেক্ষয়া কল্পাঃ স্ব স্ব কার্য্য সমর্থা আসন্। যস্য স্বরূপং ধ্রুবমনন্তং অকৃতঞ্চ অনাদি তত্র হেতুঃ যদেকমেব সৎ আত্মনি নানা কার্য্য প্রপঞ্চমধাৎ তস্য ব্রহ্মরূপস্য বর্ত্ম তত্ত্বং জনঃ কথং উহ বেদ নবেদেত্যর্থঃ ॥ ৯ ॥

তর্হি কথমসৌ মুমুক্ষুভিঃ সেব্যতে তত্রাহ মূর্ত্তিমিতি। যত্রেদং সদসদ্বিভাতি স নোঽস্মাকং ভক্তানাং বহুকৃপয়া সংশুদ্ধং সত্বং

ক্রমসন্দর্ভঃ।

মৃগপতিঃ শ্রীবরাহদেবঃ। জহাস চাহোবনগোচরো মৃগ ইতি তত্রাপি মৃগশব্দ প্রয়োগাৎ। যস্য লীলাং পৃথিবীধারণ লক্ষণাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সংশ্লোকয়ামাস পুরুষাদ্যবতারত্বেন শ্লোকৈস্তুষ্টাব ॥ ৮ ॥

কল্পাঃ স্বস্ব কার্য্য সমর্থাঃ যদীক্ষয়ৈব আসন্ যাবৎ পুরুষস্য প্রকৃত্যবীক্ষণং নাসীৎ তাবৎ প্রকৃতিগুণাঃ সত্বাদ্যা মহত্তত্ত্বাদীনাং উৎপত্ত্যাদিষু ন সমর্থা অভূবন্নিত্যর্থঃ। যস্য রূপমাকারঃ ধ্রুবং নিত্যং যতোঽকৃতমকৃত্রিমং চিন্ময়ত্বাদিত্যর্থঃ। কিঞ্চ যদেকমেব আত্মনি স্বদেহ রোমকূপ প্রদেশেষু নানা কার্য্য প্রপঞ্চং অধাৎ দধার পুপোষ তস্য বর্ত্ম তত্ত্বং তৎ প্রাপ্তিমার্গং বা কো বেদ ॥ ৯ ॥

রামকৃষ্ণাদ্যবতারত্বেন স্তৌতি মূর্ত্তিং বভার। নম্বু কিং প্রাকৃতিং নহি নহি সংশুদ্ধং সত্বং। অতএব যত্র যস্যাং চিন্ময্যাং মূর্ত্তৌ

ও সুন্দর ভুজদ্বয়, হল পৃষ্ঠে বিন্যস্ত আছে। অপর দেবরাজ যেমন কাঞ্চনময়ী গজরজ্জু ধারণ করেন তাহার ন্যায়, তিনি বৈজয়ন্তী মালা ধারণ করিয়াছেন। ঐ মালার শোভাই বা কত ? তন্মধ্যস্থ অম্লান নবীন তুলসীর সুরভি মধু রসে মধুকরগণ মত্ত হওয়াতে তাহাদের মধুর গীতে চমৎকার শ্রী ধারণ করিতেছে। সে যাহা হউক, ভগবান্ ধ্যায়মান হইয়া মুমুক্ষু জনের সত্ব রজঃ ও তমোময় হৃদয় মধ্যে প্রবেশ করত তাঁহাদের অনাদি কাল কর্ম্ম বাসনায় গ্রথিত অবিদ্যাময় হৃদয় গ্রন্থি আশু নির্ভেদ করিয়া দেন ॥ ৭ ॥

অপিচ দেবর্ষি নারদ ব্রহ্মার সভায় তুম্বুরুর সহিত সেই ভগবান্ অনন্তদেবের মহিমা এই রূপে বর্ণন করিয়াছিলেন ॥ ৮ ॥

যথা-এই জগতের সৃষ্টি স্থিতি লয়ের কারণ সত্বাদি গুণত্রয় যাঁহার কটাক্ষ মাত্রে স্ব স্ব কার্য্যে সমর্থ হইয়াছে, যাঁহার স্বরূপ অনাদি ও অনন্ত, যিনি একমাত্র বস্তু স্বরূপ হইয়া আপনাতে নানা কার্য্য প্রপঞ্চ বিধান করিয়াছেন, সেই ব্রহ্মরূপি ভগবানের তত্ত্ব কি লোকে জানিতে পারে ? ॥ ৯ ॥

অপর যাঁহাতে সৎ অসৎ বস্তু জাত প্রকাশ পায়, যিনি অস্মদাদি ভক্তজনের প্রতি অতিশয় কৃপা

যল্লীলাং মৃগপতিরাদদেঽনবদ্যামাদাতুং স্বজনমনাংস্যুদারবীর্য্যঃ ॥ ১০ ॥
যন্নাম শ্রুতমনুকীর্ত্তয়েদকস্মাদার্ত্তোবা যদি পতিতঃ প্রলম্ভনাদ্বা।
হন্ত্যংহঃ সপদি নৃণামশেষমন্যং কং শেষাদ্ভগবত আশ্রয়েন্মুমুক্ষুঃ ॥ ১১ ॥
মূর্দ্ধন্যর্পিতমণুবৎ সহস্র মূর্দ্ধ্নো ভূগোলং সগিরি সরিৎ সমুদ্রসত্বং।
আনন্ত্যাদবিমিত বিক্রমস্য ভূম্নঃ কোবীর্য্যাণ্যপি গণয়েৎ সহস্রজিহ্বঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

মূর্ত্তিং বভার স্বজনানাং মনাংস্যাদাতুং বশীকর্ত্তুং কৃতাং যস্য লীলাং মৃগপতিঃ সিংহ আদদে অশিক্ষত যত উদারাণি বীর্য্যাণি যস্য তস্মাদন্যং মুমুক্ষুঃ কমাশ্রয়েৎ ইত্যুত্তরেণান্বয়ঃ যদ্বা কৃপয়েত্যত্র হেতুঃ যস্মাৎ স্বজনানাং মনাংস্যাদাতুং লীলামাদদে মৃগপতিরিবোদারবীর্য্যঃ যদ্বা মৃগ্যন্ত ইতি মৃগাঃ কামপ্রদাঃ তেষাং পতির্মুখ্যঃ ॥ ১০ ॥

কিঞ্চ আস্তাং তস্য কৃপয়া বপুর্ধারণং তদ্ভজনস্য তন্নামৌদার্য্যমেবাতিচিত্রমিত্যাহ। যস্য নাম যদি পতিতো মহাপাতক্যপি অনুকীর্ত্তয়েত্তর্হি সংশুদ্ধেদিতি কিং বক্তব্যং যতোঽসাবেব নৃণামশেষমংহঃ সপদি সদ্যোহন্তি। কথমনুকীর্ত্তয়েৎ অন্যতঃ শ্রুতস্বা অকস্মাদ্বা আর্ত্তো বা সন্ প্রলম্ভনাদ্বা পরিহাসাৎ তস্মাৎ শেষাদন্যং ॥ ১১ ॥

গির্য্যাদি সহিতং ভূগোলং সত্বানি প্রাণিনঃ সহস্র জিহ্বোপি কো গণয়েৎ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

আদদে স্বীকৃতবানিতি পরমমাহাত্ম্যং দর্শিতং ॥ ১০ । ১১ ॥

ভগবদ্বিগ্রহস্য মধ্যম পরিমাণায়মানত্বেপি বিভুত্বাদ্ভূমণ্ডলস্যাণুত্বং ॥ ১২ । ১৩ । ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সদসদিদং জগদ্বিভাতি শ্রীব্রজৈশ্বর্য্যাপি দৃষ্টত্বাদিতি ভাবঃ। যদ্বয়া মূর্ত্ত্যা মৃগপতিঃ সিংহ ইব অনবদ্যাং লীলাং আদদে রুদন্নিব হসন্মুগ্ধবালসিংহাবলোকন ইত্যুদ্ধবোক্তেঃ। কিমর্থং স্বজনানাং মনাংসি হস্তিন ইব আদাতুমাক্রষ্য গ্রহীতুং য এব উদারবীর্য্যঃ গিরিবরধারণাদি পরাক্রমবান্ ॥ ১০ ॥

যন্নামাপি পতিতপাবনমিতি কিং বক্তব্যং যতঃ পতিতমপি পাবনীকরোতীতি বদন্নেব শেষরূপত্বেনাপি স্তৌতি দ্বাভ্যাং যস্য নাম সঙ্কর্ষণ ইতি পতিতো মহাপাতক্যপি যদ্যনুকীর্ত্তয়েৎ তর্হি সংশুদ্ধেদিতি কিং বক্তব্যং যতোঽসাবেব স্বদর্শন দানাদিনা নৃণামশেষমংহঃ সদ্যোহন্তি কথমনুকীর্ত্তয়েৎ অন্যতঃ শ্রুতস্বা অকস্মাদ্বা আর্ত্তোবা সন্। প্রলম্ভনাৎ পরিহাসাদ্বা কিং পুনঃ শ্রদ্ধা ভক্তিভ্যাং ॥ ১১ ॥

মূর্দ্ধনি একস্মিন্নেব ভূগোলমণুবত্তিষ্ঠতি সত্বানি প্রাণিনঃ সহস্রজিহ্বঃ সন্নপি কো গণয়েৎ ॥ ১২ ॥

প্রকাশ পুরঃসর শুদ্ধ সত্ব মূর্ত্তি ধারণ করিয়াছিলেন। স্বীয় ভক্তজন দিগের মনঃ বশীকরণার্থ যাঁহার কৃত লীলা অর্থাৎ পৃথিব্যুদ্ধরণাদি পরাক্রম মহাবল সিংহেরা শিক্ষা করিয়াছে ॥ ১০ ॥

অপর যাঁহার নাম অন্যের মুখে শ্রবণ করিয়া পীড়িত ব্যক্তি অথবা পতিত জনও যদি অকস্মাৎ অথবা পরিহাস ক্রমে একবার উচ্চারণ করে, তাহা হইলে সে ব্যক্তি হইতেও অন্য মানব দিগের অশেষ কলুষ সদ্যঃ বিনষ্ট হয়, ইহাতে সে স্বয়ং যে শুদ্ধ হয় তাহা আর বক্তব্য কি? অতএব মুমুক্ষু জন সেই ভগবান্ ভিন্ন অন্য কাহার আশ্রয় গ্রহণ করিবেন ॥ ১১ ॥

অহো! যাঁহার সহস্র মস্তক, তন্মধ্যে একটী মস্তকে সরিৎ সাগর গিরি ও প্রাণি নিকর সহ এই নিখিল ভূমণ্ডল অর্পিত রহিয়াছে। আর যাঁহার বিক্রম আনন্ত্য প্রযুক্ত অপরিমিত, কোন্ ব্যক্তি সহস্র জিহ্বা লাভ করিয়াও সেই মহাকায় বহুরূপ মহাবীর্য্য পরমেশ্বরের বীর্য্য গণনা করিবে? ॥ ১২

এবং প্রভাবো ভগবাননন্তো দুরন্ত বীর্য্যোরুগুণানুভাবঃ।

মূলে রসায়াঃ স্থিত আত্মতন্ত্রো যোলীলয়া ক্ষ্মাং স্থিতয়ে বিভর্ত্তি ॥ ১৩ ॥

এতাহ্যেবেহ নৃভিরুপগন্তব্যা গতয়ো যথা কর্ম্ম বিনির্ম্মিতা যথোপদেশমনুবর্ণিতাঃ কামান্ কামরমানৈঃ ॥ ১৪ ॥

এতাবতীর্হি রাজন্ পুংসঃ প্রবৃত্তিলক্ষণস্য বিপাক গতয় উচ্চাবচা বিসদৃশা যথা প্রশ্নং ব্যাচখ্যে কিমন্যৎ কথয়ামীতি ॥ ১৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে সঙ্কর্ষণ মাহাত্ম্যং নাম পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৫ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

শ্রীধরস্বামী।

দুরন্তং বীর্য্যং বলং যস্য উরবো গুণা অনুভাবাশ্চ যস্য সচ সচ রসায়াঃ ভুবে মূলে স্থিতঃ সন্ বিভর্ত্তি আত্মতন্ত্রঃ আত্মাধারঃ ॥ ১৩

উক্তস্য লোকবিভাগস্য উপযোগং বদন্ উপসংহরতি। এতাহ্যেব কামান্ কামরমানৈ নৃভিরুপগন্তব্যা ইত্যন্বয়ঃ ॥ ১৪ ॥

তস্য প্রপঞ্চঃ এতাবতীঃ এতাবত্যঃ বিপাকগতয়ঃ ফলভূতা গতয়ঃ তা ব্যাচখ্যে ব্যাখ্যাতবানস্মি ॥ ১৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে পঞ্চবিংশঃ ॥ * ॥

ষড়্বিংশে তু ততো হ্যধস্তাৎ নরকস্থিতিরুচ্যতে। পাপিনো যত্র দণ্ড্যন্তে যমদূতৈ র্যথাযথং ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

এবমিতি যস্তত্সৈাবমেব ভগবতীত্যর্থঃ ॥ ১০ ॥

যেষ্বিতি অতএব তদ্বিংসাজাত কর্ম্মাণোবেত্যর্থঃ ॥ ১১ । ১২ ॥

কৃত শব্দস্য স্বয়ং শ্রীশুকেন টীকা বিধানাৎ লোকেষপ্রসিদ্ধোয়ং জন্ত বিশেষ ইতি সূচ্যতে ॥১৩।১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দুঃশক্যোনএর্থঃ ॥ ১৩ ॥

কামান্ কামরমানৈর্নৃভিঃ ॥ ১৪ । ১৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমে পঞ্চবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভুবোঽধস্তাজ্জলাদূর্দ্ধঃ নরকস্থানমুচ্যতে। ষড়্বিংশে যত্র দণ্ড্যন্তে পাপিনো যমকিঙ্করৈঃ ॥ ০ ॥

অহো! ভগবান্ অনন্তের এই রূপ প্রভাব যে তাঁহার বল ও অনুভাবের অন্ত নাই। কিন্তু তিনি তাদৃশ হইয়াও এই ভূমির অধোদিকে অবস্থিতি করত লোক স্থিতি নিমিত্ত আপনার মস্তক দ্বারা ইহাকে ধারণ করিতেছেন, তাঁহার আধার কেহ নাই আপনিই আপনার আধার ॥ ১৩ ॥

যোগিবর শুকদেব এই সমস্ত বৃত্তান্ত বর্ণন করিয়া পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, রাজন্! আমি যেমন উপদেশ পাইয়াছিলাম তদনুসারে ঐ সকল বিষয় তোমার নিকট বর্ণন করিলাম, লোকদিগের কর্ম্মানুসারে ঐ সকল গতি নির্ম্মিত হয়, সকাম পুরুষেরা ঐ সকল গতিই প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

ফলতঃ মানবগণ প্রবৃত্তি লক্ষণ ধর্ম্ম করিলে তাহার ফল স্বরূপে তাহাদের ঐ সকল উচ্চ এবং নীচ ভিন্ন ২ গতি হইয়া থাকে। রাজন্! তুমি যেমন প্রশ্ন করিয়াছিলে তদনুসারে সমুদায় ব্যাখ্যা করিলাম এক্ষণে অন্য কি বর্ণন করিব বল ॥ ১৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে পঞ্চবিংশঃ ॥ * ॥

ষড়্বিংশতি অধ্যায়ে পাতালের অধোদিকে নরক সকলের স্থিতি বিবরণ এবং তথায় পাপি সকলের পাপানুসারে যমদূত কর্ত্তৃক দণ্ড বিধান ॥ ০ ॥

মহর্ষ এতদ্বৈচিত্র্যং লোকস্য কথমিতি ॥ ১ ॥

ঋষিরুবাচ ॥

ত্রিগুণত্বাৎ কর্তুঃ শ্রদ্ধয়া কর্মগতয়ঃ পৃথগ্বিধাঃ সর্বা এব সর্বস্য তারতম্যেন ভবন্তি ॥ ২ ॥

অথেদানীং প্রতিষিদ্ধ লক্ষণস্যাধর্মস্য তথৈব কর্তুঃ শ্রদ্ধায়া বৈসাদৃশ্যাৎ কর্মফলং বিসদৃশং ভবতি ॥ ৩

শ্রীধরস্বামী ।

পুংসো গতয় উচ্চাবচা বিসদৃশা ইতি ভোগবৈচিত্র্যমুক্তং । তদেতৎ কুত ইতি পৃচ্ছতি মহর্ষ ইতি ॥ ১ ॥

কর্মণঃ সমানত্বেপি শ্রদ্ধা বৈচিত্র্যাৎ ফলবৈচিত্র্যমিতি পরিহরতি ত্রিগুণত্বাদিতি । সাত্বিক্যা শ্রদ্ধয়া কর্তুঃ সুখিত্বং রাজস্যা সুখিত্বং দুঃখিত্বঞ্চ তামস্যা দুঃখিত্বং মূঢ়ত্বং তত্রাপি তাসাং শ্রদ্ধানাং তারতম্যাৎ সুখাদি তারতম্যং সর্বস্যাপীত্যর্থঃ ॥ ২ ॥

প্রতিষিদ্ধং প্রতিষেধঃ তদেব লক্ষণং প্রমাণং যস্য অধর্মকর্তুঃ শ্রদ্ধা বৈসাদৃশ্যাং তমসস্তারতম্যাৎ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অধর্মানত্বে তাবৎ কর্ম বৈচিত্র্যং ভবত্যেব সমানত্বেপি ভবিতাহ ত্রিগুণত্বাদিতি ॥ ১ । ২ ॥

প্রতিষিদ্ধ লক্ষণস্যাধর্মস্য যঃ কর্তা তস্য তথৈব পূর্বোক্ত প্রকারেণৈব শ্রদ্ধা বৈসাদৃশ্যাদধর্ম লক্ষণস্য [illegible] বিসদৃশং ভবতি । তত্র নিষেধে প্রতীতাবপি সত্যাং প্রমাদেন তৎ করণাত্তমসোল্পত্বং । মোহেন মধ্যমত্বং । [illegible] তু পূর্ণত্বং জ্ঞেয়ং । অথাতো হেতোর্যা তৎ পরিণাম লক্ষণ সৃতয়ঃ সহস্রশঃ প্রবৃত্তাঃ সন্তি তাঃ প্রাচুর্যেণ তু বর্ণয়িষ্যামঃ [illegible] সর্বস্থি-ন্যাত্ম ইত্যপেক্ষায়ামাহ অনাদিতি ॥ ৩ । ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী ।

পুংসো গতয়ঃ উচ্চাবচা বিসদৃশা ভোগবৈচিত্র্যমুক্তং তদেতৎ কুত ইতি পৃচ্ছতি মহর্ষ ইতি ॥ ১ ॥

শ্রদ্ধা বৈসাদৃশ্যাৎ ফলবৈচিত্র্যমাহ ত্রিগুণত্বাদিতি সাত্বিক্যা শ্রদ্ধয়া ধর্ম এব তবেত্তস্মাচ্চ কর্তুঃ সুখমেব রাজস্যা ধর্মাধর্মৌ তাভ্যাং সুখদুঃখে । তামস্যা অধর্মএব তস্মাচ্চ দুঃখমোহৌ । তত্রাপি তাসাং শ্রদ্ধানাং তারতম্যাৎ সুখাদি তারতম্যং সর্বস্য সর্বা ইতি যদি কশ্চিৎ সর্বদৈব সাত্বিক শ্রদ্ধাবানেব তিষ্ঠতি রাজস তামস শ্রদ্ধাবানেব বা অতঃ কালভেদেন সর্ববিধৈব জীবস্য সর্ববিধা গতয়ঃ ॥ ২ ॥

তত্র শাস্ত্র বিহিতস্য ধর্মস্য ফল ভূতানি ভৌম দিব্য বিলস্বর্গ সুখানি দর্শিতান্যেব এবাধর্মস্যাপি ফলভূতানি নরক দুঃখান্যপি বিবক্ষিতব্যানীত্যত আহ অথেতি প্রতিষিদ্ধং প্রতিষেধ স্তদেব লক্ষণং প্রমাণং যস্য তস্য তথৈবেতি ধর্মস্য কর্তুর্যথা তথৈবা-ধর্মস্যাপি কর্তুরিত্যর্থঃ । শ্রদ্ধায়া বৈসাদৃশ্যাদিতি শ্রদ্ধা বৈসাদৃশ্যেপি তমস্তারতম্যমেব কারণং তথাহি প্রমাদেনাধর্মকরণাৎ তমসোল্পত্বং জ্ঞানেন মধ্যমত্বং তথাপি নাস্তিকত্বেন পূর্ণত্বং জ্ঞেয়ং তমস্ত্রৈবিধ্যস্যাপি কারণং ধর্মস্যাহ বা ইতি অনাদ্যবিদ্যা সম্বন্ধো জীবস্য কদা কথং বেতি বক্তুমশক্তেঃ অনাদি যা তম আদি ত্রৈবিধ্যময়ী অবিদ্যা তয়া কৃতানাং জীবসম্বন্ধত্বেনোপপাদি তানাং কামানাং বাসনানাং যাঃ সৃতয়ঃ কীদৃশ্য স্তেষাং কামানাং পরিণাম লক্ষণাঃ তাসাং মধ্যে প্রাচুর্যেণ নরকানিতি শেষঃ ।৩।৪

অনন্তর রাজা পরীক্ষিৎ শুকদেবকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন মহর্ষে! পুরুষদের এরূপ ভিন্ন ভিন্ন গতি কেন হয়? ॥ ১ ॥

এতৎ প্রশ্নের উত্তর দানার্থ যোগিবর শুকদেব কহিলেন রাজন্! সত্ত্ব রজঃ তম এই তিন গুণের তারতম্য প্রযুক্ত কর্তা ত্রিবিধ প্রকার হওয়াতে শ্রদ্ধার বিভিন্নতায় কর্ম্ম সকলের ফল ভিন্ন ভিন্ন হয় অর্থাৎ সাত্বিকী শ্রদ্ধা সহকারে কর্ম্মকর্তা সুখী, রাজসী শ্রদ্ধা সহকারে কর্ম্ম কর্তা সুখী, দুঃখী ও বিমূঢ় হয়। পরন্তু যদি ঐ ঐ শ্রদ্ধার তারতম্য থাকে তাহা হইলে সকল প্রকার গতিই তারতম্য ভাবে হইতে পারে ॥ ২ ॥

অনন্তর অধর্ম্ম কারির তমোগুণের তারতম্যে শ্রদ্ধার বৈপরীত্য হেতু বিপরীত কর্ম্ম ফল হয় ॥ ৩ ॥

যাস্ত্বনাদ্যবিদ্যাকৃত কামানাং তৎ পরিণাম লক্ষণাঃ সৃতয়ঃ সহস্রশঃ প্রবৃত্তাস্তাসাং প্রাচুর্য্যেণানুবর্ণয়িষ্যামঃ ॥ ৪ ॥

শ্রীরাজোবাচ ॥

নরকা নাম ভগবন্ কিং দেশ বিশেষা অথবা বহিস্ত্রিলোক্যা আহোস্বিদন্তরাল ইতি ॥

ঋষিরুবাচ ॥

অন্তরাল এব ত্রিজগত্যাস্তু দিশি দক্ষিণস্যামধস্তাদ্ভূমেরুপরিষ্টাচ্চ জলাৎ যস্যামগ্নিষ্বাত্তাদয়ঃ পিতৃগণা দিশি স্বানাং গোত্রাণাং পরমেণ সমাধিনা সত্যা এব আশিষ আশাসানা নিবসন্তি ॥ ৫ ॥

যত্র হ বাব ভগবান্ পিতৃরাজো বৈবস্বতঃ স্ববিষয়ং প্রাপিতেষু যথাকর্ম্মাবদ্যং দোষমেবানুল্লঙ্ঘিত ভগবচ্ছাসনঃ সগণো দমং ধারয়তি। তত্র হৈকে নরকানেকবিংশতিং গণয়ন্তি। অথ তাংস্তে রাজন্নাম রূপ লক্ষণতোঽনুক্রমিষ্যামঃ। তামিস্রোঽন্ধতামিস্রো রৌরবো মহারৌরবঃ কুম্ভীপাকঃ

শ্রীধরস্বামী।

তত্রাপি কারণং দর্শয়ন্নাহ। অনাদ্যবিদ্যাকৃতানাং কামানাং সৃতয়ো নরক গতয়স্তাসাং তাঃ অধেদানীং তাঃ প্রাচুর্য্যেণানুবর্ণয়িষ্যাম ইত্যন্বয়ঃ ॥ ৪ ॥

কিং ভূগাবেব দেশ বিশেষা ত্রিলোক্যা ব্রহ্মাণ্ডাদ্বহির্ব্বা আবরণেষু মধ্যে অন্তরালে বা ভূমিব্যতিরিক্তে ॥ ৫ ॥

কর্ম্মদোষমনতিক্রম্য দোষমেব দমং পাপফলং দণ্ডং করোতি অনুল্লঙ্ঘিতং ভগবৎশাসনং যেন ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বানাং গোত্রাণামিতি তত্তদাভিমানাদেব তত এব যৎ কিঞ্চিচ্ছান্তি র্ভবতীতি সত্যা এবাশিষ ইত্যুক্তং ॥ ৫ ॥

দোষমেব দম রূপেণ পরিণময়তীত্যর্থঃ। অনুল্লঙ্ঘিতেতি ভগবানত্র ব্রহ্মা তথা শাসনঞ্চ বিভীষিকয়াপি জীবান্ ভগবদন্তর্মুখী

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভূমেঃ সপ্ত পাতালবত্যা অধঃ। জলাদুপরিষ্টাৎ ॥ ৫ ॥

স্ববিষয়ং স্বদেশং কর্ম্মাবদ্যং কর্ম্মদোষং অনতিক্রম্য দোষং দোষরূপং দমং দণ্ডং তাদৃশ্যা বিভীষিকয়াপি জীবান্ ভগবতোঽন্তর্মুখীকর্ত্তুমিতি ভাবঃ ॥

তামিস্রাদয়ঃ একবিংশতি নরকাঃ ॥ ৬ ।

অতএব অনাদি অবিদ্যাকৃত কামনা সকলের পরিণাম স্বরূপ যে সহস্র সহস্র প্রকার নরক গতি হইয়া থাকে, এক্ষণে সে সকল প্রাচুর্য্যরূপে বর্ণন করি শ্রবণ কর ॥ ৪ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ভগবন্! নরক সকল কি ভূমিস্থ কোন কোন দেশ বিশেষ? অথবা ত্রিলোকীর বহির্ভাগে কিম্বা অন্তরালে অর্থাৎ ভূমি ব্যতিরিক্তে স্থিত কোন কোন দেশ? শুকদেব কহিলেন রাজন্! কোন কোন ঋষিরা বলেন ত্রিলোকীর মধ্যে দক্ষিণদিকে ভূমির নীচে এবং জলের উপরে যে স্থানে অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ বাস করিয়া পরম সমাধি যোগে স্ব স্ব গোত্রাস্থ ব্যক্তিবর্গের মঙ্গল প্রার্থনা করিতেছেন ॥ ৫ ॥

অথবা যেখানে সূর্য্য তনয় ভগবান্ পিতৃরাজ স্বগণসহ উপবেশন করিয়া স্বীয় পুরুষদিগের কর্ত্তৃক আপনার স্থানে আনীত মৃত প্রাণিগণের কর্ম্মানুসারে দোষাদোষের বিচার পূর্ব্বক দণ্ড করিতেছেন, ঐ বিষয়ে কোন অংশে ভগবানের শাসন উল্লঙ্ঘন করিতেছেন না। সেই স্থানে নরক সকল আছে। তাঁহাদের মতে নরকের সংখ্যা একবিংশতি। রাজন্! তোমার নিকট ঐ সকল নরকের নাম রূপ লক্ষণ নিরূপণ পূর্ব্বক বর্ণন করিতেছি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। মহারাজ! একবিংশতি প্রকার

কালসূত্রমসিপত্রবনং শূকরমুখমন্ধকূপঃ কৃমিভোজনঃ সংদংশ তপ্তশূর্ম্মি র্বজ্রকণ্টক শাল্মলী। বৈতরণী পূয়োদঃ প্রাণরোধো বিশসনং লালাভক্ষঃ সারমেয়াদনমবীচিরয়ঃপানমিতি ॥ ৬ ॥

কিঞ্চ ক্ষারকর্দমো রক্ষোগণভোজনঃ শূলপ্রোতো দন্দশূকোঽবটনিরোধনঃ পর্য্যাবর্ত্তনঃ শূচীমুখমিত্যষ্টাবিংশতি র্নরকা বিবিধ যাতনাভূময়ঃ ॥ ৭ ॥

তত্র যস্তু পরবিত্তাপত্যকলত্রাণ্যপহরতি সহি কালপাশবদ্ধোযমপুরুষৈরতিভয়ানকৈস্তামিস্রে নরকে বলান্নিপাত্যতে ॥ ৮ ॥

অনশনানিপানদণ্ডতাড়ন সংতর্জনাদিভি র্যাতনাভি র্যাত্যমানোজন্তুর্যত্র কশ্মলমাসাদিত একদৈব মূর্চ্ছামুপযাতি তামিস্রপ্রায়ে ॥ ৯ ॥

এবমেবান্ধ তামিস্রে যস্তু বঞ্চিত্বা পুরুষং দারাদীনুপযুঙ্‌ক্তে। যত্র শরীরী নিপাত্যমানোযাতনাস্থো

শ্রীধরস্বামী।

মতান্তরেণ অষ্টাবিংশতিমাহ কিঞ্চেতি ॥ ৭ ॥

পাপভেদেন তত্তন্নরক যাতনাভেদং প্রপঞ্চয়তি তত্রেত্যাদিনা ॥ ৮ ॥

যাত্যমানঃ পীড্যমানঃ একদৈব তদৈব ॥ ৯ ॥

পুরুষং পতিং বঞ্চয়িত্বা ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কর্দ্দমিতি ক্লেশং। যথা ভগবচ্ছাশন শব্দেনাত্র বেদ এবোচ্যতে ॥ ৬। ৭। ৮। ৯।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মতান্তরেণ পূর্ব্বৈ র্মিলিতানষ্টাবিংশতিমাহ কিঞ্চেতি ॥ ৭। ৮ ॥

যাত্যমানঃ পীড্যমানঃ তামিস্রপ্রায়েঽন্ধকার বহুলে ॥ ৯ ॥

পুরুষং পতিং ॥ ১০ ॥

নরকের নাম এই যথা— তামিস্র, অন্ধতামিস্র, রৌরব, মহারৌরব, কুম্ভীপাক, কালসূত্র, অসিপত্রবন, শূকরমুখ, অন্ধকূপ, কৃমিভোজন, সংদংশ, তপ্তশূর্ম্মি, বজ্রকণ্টক শাল্মলী, বৈতরণী, পূয়োদ, প্রাণরোধ, বিশসন, লালাভক্ষ, সারমেয়াদন, অবীচি, অয়ঃপান ॥ ৬ ॥

এতদ্ব্যতীত ক্ষারকর্দ্দম, রক্ষোগণ ভোজন, শূলপ্রোত, দন্দশূক, অবটনিরোধন, পর্য্যাবর্ত্তন এবং সূচীমুখ এই সপ্ত নরক আছে। অতএব সাকল্যে অষ্টাবিংশতি সংখ্যক নরক, ঐ সকল বিবিধ যাতনার স্থল ॥ ৭ ॥

রাজন্! পাপানুসারে যে ব্যক্তির যে নরকে গতি হয় তাহার বৃত্তান্ত বলি শুন। যে পুরুষ পরধন, পরস্ত্রী, পরের পুত্র অপহরণ করে, ভয়ঙ্কর যমকিঙ্করেরা তাহাকে ঘোরতর কাল পাশে বন্ধন করিয়া বল পূর্ব্বক তামিস্র নরকে ফেলিয়া দেয় ॥ ৮ ॥

ঐ নরক অতিশয় অন্ধকার প্রায়, তাহাতে পতিত হইয়া অশন পান অভাবে এবং দণ্ড তাড়ন ও তর্জ্জন ইত্যাদি বিবিধ যাতনায় পীড্যমান হইতে থাকে। অতএব কাতর হইয়া একেবারেই মূর্চ্ছা প্রাপ্ত হয় ॥ ৯ ॥

যে ব্যক্তি পতিকে বঞ্চনা করিয়া তাহার দারাদি উপভোগ করে, সে দুরাত্মা তামিস্র নরকে নিপতিত হয়, যেমন বৃক্ষকে পাতিত করিবার নিমিত্ত তাহার মূল কর্ত্তন করে তাহার ন্যায় যম পুরুষের ঐ রূপ পাপ কারিকে বিবিধ যাতনা দিয়া ঐ নরকে ফেলিয়া দেয়। রাজন্! যে হেতু ঐ নরকে

বেদনয়া নষ্টমতির্নষ্টদৃষ্টিশ্চ ভবতি। যথাহি বনস্পতির্বৃশ্চ্যমানমূলস্তস্মাদন্ধতামিস্রং তমুপদিশন্তি ॥ ১০ ॥

যস্ত্বিহ বা এতদহমিতি ভূতদ্রোহেণ কেবলং স্বকুটুম্বমেবানুদিনং প্রপুষ্ণাতি স তদিহ বিহায় স্বয়মেব তদশুভেন রৌরবে নিপততি ॥ ১১ ॥

যেত্বিহ যথৈবামুনা বিহিংসিতা জন্তবঃ পরত্র যমযাতনা উপগতং তএব রুরবো ভূত্বা তথা তমেব হিংসন্তি তস্মাদ্রৌরবমিত্যাহুঃ ॥ ১২ ॥

রুরুরিতি সর্পাদতিক্রূরসত্ত্বাপদেশঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

এতচ্ছরীরমহমিতি ইদং ধনাদি মমেতি মত্বা স্বঞ্চ কুটুম্বমেবচ পুষ্ণাতি তেনাশুভেন ॥ ১১ ॥

রুরবোভূত্বা ইতি কর্ম্মাণোব তথা পরিণামং প্রাপ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

অতিক্রূরস্য ভারশৃঙ্গাখ্যস্য সত্বস্য অপদেশঃ সংজ্ঞা ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

এবমিতি যস্ত তৈস্তমমেব তথতীত্যর্থঃ ॥ ১০ ॥ ১১ ॥

যেত্বিতি তএব তদ্ধিংসাজাত কর্ম্মাণোবেত্যর্থঃ ॥ ১২ ॥

রুরু শব্দস্য স্বয়ং শ্রীশুকেন টীকা বিধানাৎশাকেষুপ্রসিদ্ধোয়ং জন্তু বিশেষ ইতি। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতৎ শরীরমহমিতি ইদং ধনাদিকং মমেতি মত্বা ভূতদ্রোহেণেতি ভূতদ্রোহং বিনা তু কেবলাহং মমকারাভ্যাং ন রৌরবে নিপততীতি বুধ্যতে ॥ ১১ ॥

রুরবো ভূত্বেতি কর্ম্মাণোব তথা পরিণামং প্রাপ্যেত্যর্থঃ ॥ ১২ ॥

অতিক্রূরস্য ভারশৃঙ্গাখ্য সত্বস্য অপদেশঃ সংজ্ঞেতি শ্রীস্বামিচরণাঃ রুরু শব্দস্য স্বয়ং মুনিনৈব টীকা বিধানাল্লোকেষ্বপ্রসিদ্ধ এবায়মিতি সন্দর্ভঃ ॥ ১৩ ॥

পতিত ব্যক্তির বেদনা বশতঃ স্মৃতি ভ্রষ্ট ও বুদ্ধি নষ্ট হইয়া যায়, এই কারণে ঋষিরা তাহাকে অন্ধতামিস্র নরক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ১০ ॥

মহারাজ! যে ব্যক্তি ইহলোকে "এই শরীরই আমি" এবং "এই ধনাদি আমার" এই রূপ অভিমান করত প্রাণিগণের দ্রোহ আচরণ করিয়া অনুদিন কেবল আপনার দেহ ও পুত্র কলত্রাদি কুটুম্বের ভরণ পোষণ করে, সে ব্যক্তি ঐ দেহ ও কুটুম্ব পরিত্যাগ করিয়া তজ্জন্য পাপে স্বয়ং রৌরব নরকে পতিত হয় ॥ ১১ ॥

রাজন্। ঐ নরকের নাম রৌরব কেন হইয়াছে তাহার কারণ বলি শুন, ইহলোকে মনুষ্য যে প্রকারে যে সকল প্রাণির হিংসা করে সে আপনার কৃত কর্ম্ম দোষে পরলোকে যমযাতনা প্রাপ্ত হইলে সেই সকল হিংসিত প্রাণী রুরু হইয়া অর্থাৎ তাহার নিজ কৃত হিংসা কর্ম্ম সকল রুরু রূপে পরিণাম প্রাপ্ত হইয়া সেই প্রকারে তাহার প্রতি হিংসা করে, অতএব ঋষিগণ ঐ নরককে রৌরব বলিয়া থাকেন ॥ ১২ ॥

রাজন্। রুরু কাহাকে বলে শুনিবে; সর্প হইতেও অতিশয় ক্রূর ভারশৃঙ্গ নামে এক প্রকার প্রাণী আছে, তাহার নাম রুরু ॥ ১৩ ॥

এবমেব মহারৌরবো যত্র নিপতিতং পুরুষং ক্রব্যাদা নাম রুরবস্তং ক্রব্যেণ ঘাতয়ন্তি যঃ কেবলং দেহম্ভরঃ ॥ ১৪ ॥

যস্ত্বিহ বা উগ্রঃ পশূন্ পক্ষিণোবা প্রাণত উপরন্ধয়তি ॥ ১৫ ॥

তমপকরুণং পুরুষাদৈরপি বিগর্হিতমমুত্র যমানুচরাঃ কুম্ভীপাকে তপ্ততৈল উপরন্ধয়ন্তি ॥ ১৬ ॥

ভক্তেষু মধ্যে সকামত্বাদয়মেবাতি নিকৃষ্টা ইতি দ্যোতয়ন্তঃ প্রস্তুতং বিজ্ঞাপয়ন্তি । ত্রিভুবনমাত্মভবনং যস্য ভক্তা দেব মনুষ্যাদয়ো যত্র স্থিত্বা ত্বাং সেবন্তে তদিদমসুরাক্রান্তমভূদিতি ভাবঃ । ত্রিভির্ব্বিক্রমৈ স্ত্রীন্ লোকান্ নয়সীতি যদেব ত্রিভুবনং বামনাবতারে ত্রিভিরেব পাদৈঃ প্রতিগৃহ্য বলেঃ সকাশাদানীয়াস্মভ্যং দাস্যসীতি ভাবঃ । ত্রিলোকেতি সংপ্রত্যাপি ত্রিলোকস্থা জনাস্তবানুভাবং পশ্যন্ত দৈত্যং সংহরেতি ভাবঃ । নম্ব পরহিংসাং সমুদ্দিশ্য মাং জয়ধ্বে তত্রাহুঃ । তবৈব বিভূতয়ো যদ্যপি তদপি তেষাং উপক্রম সময়োনায়মিতি জ্ঞাত্বা নিবেদয়াম ইতি ভাবঃ । তস্মাৎ হে দণ্ডধর পূর্ব্বং যথা দণ্ডং দধর্থ এবমধুনাপি উপ সমীপকাল এব ॥ ৩৭ ॥

এবং ত্বত্বা কৃপাবলোক মধুর মাশ্বাস বাগমৃতং প্রার্থয়ন্তে অস্মাকমিতি । হে ততত্ত হে পিতামহ তব চরণ নলিন যুগল

সামান্য ফল হয় কেহই এমত বলিতে পারিবে না, তাহাতে পুনরায় সংসারে প্রত্যাবর্ত্তন করিতে হয় না ॥ ৩৬ ॥

হে ভগবন্ । আপনি ত্রিভুবনের আত্মা ও ভবন, আপনার তিন বিক্রম, আপনি এই ত্রিলোক প্রণয়ন করিয়াছেন, আপনার অনুভাব লোক ত্রয়ের মনোহর । প্রভো ! দৈত্য দানব প্রভৃতি সকলই আপ-নার বিভূতি । হে দণ্ডধর ! আপনি সকল দৈত্য দানবের এই উপক্রম কাল ইহা মনে করিয়া তাহা-দের প্রতি যদ্রূপ দণ্ড ধারণ করিয়াছেন, যদি ইচ্ছা হয় এক্ষণেও তদ্রূপ দণ্ড ধারণ পূর্ব্বক এই ত্বষ্টৃ তনয় বিশ্বরূপের সংহার করুন ॥ ৩৭ ॥

হে পিতামহ । হে হরে ! আমরা আপনারই লোক, আপনার চরণে প্রণত হইতেছি এবং নিরন্তর আপনারই পাদপদ্ম দ্বয় ধ্যান করি, তাহাতে আমাদের হৃদয়ে নিগড় নিবদ্ধ হইয়াছে এবং আপনিও নিজমূর্ত্তি প্রকাশ পূর্ব্বক আমাদিগকে নিজ জন বলিয়া স্বীকার করিলেন । অতএব হে অনঘ ! অনু-

বিবরেণাত্মসাৎ কৃতানামনুকম্পানুরঞ্জিত বিশদ রুচির শিশির স্মিতাবলোকেন বিগলিত মধুর মুখরসামৃত কলয়াচান্তস্তাপমনঘার্হসি শময়িতুং ॥ ৩৮ ॥

অথ ভগবং স্তবাস্মাভি রখিল জগদুৎপত্তি স্থিতি লয় নিমিত্তায়মান দিব্যমায়াবিনোদস্য সকল জীব নিকায়ানামন্তর্হৃদয়েষু বহিরপিচ ব্রহ্ম প্রত্যগাত্ম স্বরূপেণ প্রধান রূপেণচ যথা দেশ কাল দেহাবস্থান বিশেষং তদুপাদানোপলম্ভকতয়ানুভবতঃ সর্ব্বপ্রত্যয় সাক্ষিণ আকাশ শরীরস্য সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ কিয়ানিহ বার্থ বিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্যাদ্বিস্ফুলিঙ্গাদিভিরিব

শ্রীধরস্বামী।

অনুকম্পয়া অনুরঞ্জিতং সানুরাগঞ্চ তৎ বিশদঞ্চ রুচিরঞ্চ শিশিরঞ্চ স্মিতং তৎ সহিতেনাবলোকনেন তথা অনুকম্পয়ৈব বিগলিতো মধুরো মুখরস প্রিয়বাক্ সএবামৃতকলা তয়াচ ॥ ৩৮ ॥

কিঞ্চাস্মদভিপ্রায় স্বয়া জ্ঞাত এব কিমত্রাস্মাভি র্বিজ্ঞাপনীয়মিত্যাহুঃ। অথ হে ভগবন্ তবাস্মাভিরিহ কিয়ান্ বা অর্থ বিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্যাদিত্যন্বয়ঃ যথা হিরণ্যরেতসোঽগ্নে স্তদংশ ভূতৈ র্বিস্ফুলিঙ্গাদিভিঃ প্রকাশো ন ক্রিয়তে তথা তবাস্মাভিঃ কামার্থ প্রকাশনং নকার্য্যমিত্যর্থঃ। তত্র হেতুগর্ভাণি বিশেষণানি। অখিল জগতামুৎপত্ত্যাদিষু নিমিত্তায়মানয়া দিব্য মায়য়া বিনোদো যস্য। অতএব সর্ব্বজীবনিকায়ানাং অন্তর্হৃদয়েষু ব্রহ্ম স্বরূপেণ প্রত্যগাত্মান্তর্যামী তদ্রূপেণচ বহিরপিচ প্রধান রূপেণ দেশকাল দেহাবস্থান বিশেষানন্তুল্লঙ্ঘ্যানু ভবতঃ কথং তেষামুপাদান তয়া উপলম্ভক তয়াচ উপাদানস্যোপলম্ভক তয়েতি বা। অতএব সর্ব্বেষাং প্রত্যয়ানাং বুদ্ধ্যাদিনামপি সাক্ষিণঃ। সাক্ষিত্বে হেতুঃ আকাশমিবালিপ্তং শরীরং স্বরূপং যস্য অলিপ্তত্বে

ক্রমসন্দর্ভঃ।

অথ ভগবন্নিতি সংবোধ্য ব্রহ্ম পরমাত্মরূপত্বেপি ভগবদ্রূপত্বস্যৈব শ্রৈষ্ঠ্যমভিপ্রেতং অতঃ প্রধান রূপেণ চেতি সর্ব্বশ্রেষ্ঠ রূপেণেতি ভগবদাখ্যেন চেত্যর্থঃ। আকাশ শরীরস্যেতি আ সর্ব্বতঃ কাশতে বিরাজতে যত্তৎ পরং ব্রহ্মৈব শরীরং যস্যেত্যর্থঃ ॥ ৩৯ । ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

মেব ধ্যানানুবদ্ধ হৃদয়স্য নিগড়ঃ শৃঙ্খলা যেষাং স্বচ্ছবর্ণাহরবিন্দাত্মনো মধুপং আক্রষ্টুং নশক্নুম ইত্যর্থঃ। স্বলিঙ্গ বিবরেণ নিজ মূর্ত্তি প্রকটনেন বিগলিতঃ মুখচন্দ্রান্নিঃসৃতঃ মধুরো মুখরসঃ প্রিয়বাক্ সএবামৃতকলা তয়াচ ॥ ৩৮ ॥

তব ত্বয়ি কিয়ানর্থ বিশেষো বিজ্ঞাপনীয় ইত্যন্বয়ঃ। প্রত্যগাত্মা অন্তর্যামী তদ্রূপেণ বহিরপি বিষয়েষু প্রধানং মায়া ইন্দ্রিয়াদিকং তদ্রূপেণ দেশশ্চ কালশ্চ দেহস্যাবস্থান বিশেষা বাল্যাদয়শ্চ তাননতিক্রম্য অনুভবতঃ। তেষাং দেবাদি জীব নিকায়ানাং উপাদান তয়া করণত্বেন উপলম্ভকতয়া প্রকাশকত্বেনচ জগতং বিজ্ঞাপনীয়ং জানত ইত্যর্থঃ। আকাশবদপূর্ণৈরলিপ্তং শরীরং যস্য হিরণ্যরেতসোবহ্নে র্বিস্ফুলিঙ্গাদিভি স্তং কণভূতৈরিবাস্মাভিঃ ॥ ৩৯ ॥

গ্রহ প্রকাশ করিয়া সানুরাগ বিশদ রুচির সুস্নিগ্ধ স্মিত সহিত অবলোকন তথা বদন গলিত মধুর মনোহর বচন রূপ অমৃত কলা দ্বারা আমাদের অন্তস্তাপ শান্তি করিতে যোগ্য হউন ॥ ৩৮ ॥

হে ভগবন্! আমাদের প্রার্থনীয় কি বিষয় আপনাকে জ্ঞাপন করিব। যেমন অগ্নির অংশ স্ফুলিঙ্গ সকল অগ্নির প্রকাশ করিতে পারে না তেমনি আমরাও আপনার নিকট আমাদের অভিলষণীয় বিষয় প্রকাশ করিতে সমর্থ নহি। যে দিব্যা মায়া অখিল জগতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ রূপে প্রকাশ পায়,সেই মায়া সহিত আপনি ক্রীড়া করেন। অতএব সকল জীবের অন্তর্হৃদয়ে ব্রহ্ম ও অন্তর্যামি স্বরূপে তথা বহির্ভাগে প্রধান স্বরূপে দেশ কাল দেহ অবস্থা বিশেষ অতিক্রমণ না করিয়া ঐ সকলের উপাদান ও উপলম্ভকত্ব রূপে অনুভব করিয়া থাকেন, সুতরাং আপনি স্বয়ং সকল প্রত্যয়ের অর্থাৎ বুদ্ধি ইত্যাদির সাক্ষী, সকলি জানিতেছেন। প্রভো! ঐ রূপ সাক্ষী হইবার কারণ এই, আপনার স্বরূপ আকাশের ন্যায় কিছুতেই লিপ্ত নহে, হে ভগবন্! আপনার স্বরূপ যে অবিলিপ্ত, তাহার হেতু

হিরণ্যরেতসঃ ॥ ৩৯ ॥

অতএব স্বয়ং তদুপকল্পয়াস্মাকং ভগবতঃ পরমগুরোস্তবচরণশতপলাশচ্ছায়াং বিবিধবৃজিনসংসার পরিশ্রমোপশমনীমুপসৃতানাং বয়ং যৎ কামেনোপসাদিতাঃ ॥ ৪০ ॥

অথো ঈশ জহি ত্বাষ্ট্রং গ্রসন্তং ভুবনত্রয়ং। গ্রস্তানি যেন নঃ কৃষ্ণ তেজাংস্যস্ত্রায়ুধানিচ ॥ ৪১ ॥

হংসায় দহ্রনিলয়ায় নিরীক্ষকায় কৃষ্ণায় মৃষ্টযশসে নিরুপক্রমায়।

শ্রীধরস্বামী।

হেতুত্বয়ং সাক্ষাৎ পরব্রহ্মণো নিরুপাধেঃ পরমাত্মনঃ শুদ্ধসত্ত্বমূর্ত্তেঃ ॥ ৩৯ ॥

অতএব সর্ব্বজ্ঞত্বাদেব বয়ং যৎ কামেন যস্য কার্য্যস্য কামেন উপসাদিতাঃ প্রাপিতাঃ তদস্মাকং কার্য্যং স্বয়মেবোপকল্পয় সম্পাদয়। চরণমেব শতপলাশং কমলং তস্য ছায়াং বিবিধৈর্ব্বৃজিনৈর্যঃ সংসার পরিশ্রমঃ তস্যোপশমনকরীং। উপসৃতানাং প্রাপ্তানাং ॥ ৪০ ॥

পূর্ব্বং ভক্তৈকংকর্ষোক্তে স্তুৎ কাম শঙ্কা মাভূৎ ইতি স্বকামং কথয়ন্তি। অথোঽনন্তরমেব ॥ ৪১ ॥

শীঘ্রং তদ্বধায় পুনঃ প্রণমন্তি হংসায় শুদ্ধায় হরয়ে আর্ত্তিহরায় তে নমঃ। শুদ্ধত্বে হেতবঃ। দহ্রনিলয়ায় হৃদয়াকাশ নিকেতায় নিরীক্ষকায় বুদ্ধ্যাদি সাক্ষিণে কৃষ্ণায় সদানন্দ রূপায়। কৃষির্ভূর্বাচকঃ শব্দোণশ্চ নির্বৃতি বাচকঃ তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে ইতি নিরুক্তেঃ। আর্ত্তিহরত্বে হেতবঃ। মৃষ্টং রুচিকরং যশো যস্য। নিরুপক্রমায় আদিশূন্যায়। সদ্ভিঃ সংগৃহ্য

ক্রমসন্দর্ভঃ।

উৎকণ্ঠয়া পুনঃ স্ফুটমেব। নিবেদয়ন্তি অথো ইতি ॥ ৪১। ৪২। ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব সর্ব্বজ্ঞত্বাদেব বয়ং যৎ কামেন যস্য কামনয়া চরণপদ্মচ্ছায়াং উপসাদিতাঃ ত্বয়া ত্বয়ৈব প্রাপিতাঃ। তৎ কার্য্যং স্বয়মেব উপকল্পয় সম্পাদয়। ছায়াং কীদৃশীং উপসৃতানাং ভক্তানাং পরিশ্রমোপশমনীং ॥ ৪০ ॥

সর্ব্বত্রৈব স্তুতিষু শুদ্ধ ভক্তৈকৎকর্ষ কথনাৎ কদাচিদ্ভক্তিমেব দদাতি ভগবাংস্তথা সতি প্রেমাশ্রু কম্পাদিমন্তোবয়ং স্বর্গীয় সুখেষু বৈমুখ্যোদয়াৎ পৃথিব্যামেব পর্য্যটিষ্যামোঽস্মদ্বৈরিণ এবামরাবতী মধ্যাস্য বিরাজিষ্যন্তঃ ইত্যাশঙ্কয়া গাম্ভীর্য্যাভাবেনচ স্পষ্টমেব কামমাহুরথো ইতি ॥ ৪১ ॥

তব চরণয়োঃ পতামঃ শীঘ্রং জহীতি বৈকল্যেন শ্রীকৃষ্ণরূপিণং তং সর্ব্বমেব স্বাভিলষিতমভিব্যঞ্জয়ন্তঃ প্রণমন্তি। হংসায় সারাসারৌ বিমৃশ্য সারগ্রাহিণে। দহ্রনিলয়ায় অস্মদ্‌হৃদয়সরোনিকেতায়। নিরীক্ষকায় তত্রাস্মদ্‌হৃদয়েষু প্রস্তুতং কামমপি নিরীক্ষমাণায়। ততশ্চ মৃষ্টযশসে অস্মন্মহাবিপত্ত্রাণকৃত্ব লক্ষণং যশস্তে লোকা গাস্যন্তীতি ভাবঃ। নিরুপক্রমায় অস্মাভির্ব্বেদিত কৃতোপক্রমঃ বিনৈব তৎ সম্পাদন সমর্থায়। কিন্তু সতাং ভক্তানামেব প্রয়াসেনাপি সংগ্রাহ্যো নচান্য বস্তুনা যস্য তস্মৈ নমো

এই, আপনি সাক্ষাৎ পরব্রহ্ম অর্থাৎ নিরুপাধি এবং পরমাত্মা অর্থাৎ সত্ত্বমূর্ত্তি ॥ ৩৯ ॥

অতএব আমরা যে কার্য্যের কামনায় নিকটস্থ হইলাম, সর্ব্বতত্ত্বজ্ঞ গুণে স্বয়ং অবগত হইয়া আমাদের সেই কার্য্য সম্পন্ন করিতে আজ্ঞা হউক। হে ভগবন্! আপনি পরম গুরু, আপনার চরণ কমলের ছায়ায় বিবিধ বৃজিন জন্য সংসার পরিশ্রম উপশম প্রাপ্ত হয়, আমরা সেই ছায়ার আশ্রয় হইলাম ॥ ৪০

হে ঈশ! ত্বষ্টৃ তনয় বৃত্রাসুরকে আশু সংহার করুন। ঐ ব্যক্তি ত্রিভুবন গ্রাস করিয়াছে। প্রভো! ঐ দুষ্ট কর্ত্তৃক অস্মদাদির অস্ত্র শস্ত্র ও তেজঃ সমস্তই গ্রস্ত হইয়াছে ॥ ৪১ ॥

অহো! শুদ্ধ ও আর্ত্তিহারী সেই হরিকে আমরা নমস্কার করি। তাঁহার হৃদয়াকাশে নিবাস তিনি বুদ্ধি প্রভৃতির সাক্ষী, সর্ব্বদা আনন্দময়, অতএব শুদ্ধ। অপর তাঁহার যশঃ রুচিকর, তাঁহার আদি নাই, সাধুজনে তাঁহাকে সংগ্রহ করেন, আর তিনি সংসার রূপ পথে সতত বর্ত্তমান, যে ব্যক্তি

সৎসংগ্রহায় ভবপান্থ নিজাশ্রমাপ্তাবন্তে পরীষ্টগতয়ে হরয়ে নমস্তে ॥ ৪২ ॥

শ্রীশুক উবাচ ॥

অথৈবমীড়িতোরাজন্ সাদরং ত্রিদশৈর্হরিঃ। স্বমুপস্থানমাকর্ণ্য প্রাহ তানভিনন্দিতঃ ॥ ৪৩ ॥

শ্রীভগবানুবাচ ॥

প্রীতোহং বঃ সুরশ্রেষ্ঠামদুপস্থানবিদ্যয়া। আত্মৈশ্বর্য্যস্মৃতিঃ পুংসাং ভক্তিশ্চৈব যয়া ময়ি ॥ ৪৪ ॥

কিং দুরাপং ময়ি প্রীতে তথাপি বিবুধর্ষভাঃ। ময্যেকান্তমতির্নান্যমত্তো বাঞ্ছতি তত্ত্ববিৎ ॥ ৪৫

শ্রীধরস্বামী।

ইতি তথা তস্মৈ ভবপান্থঃ ভবরূপে পথি বর্ত্তমানঃ তস্য নিজাশ্রমাপ্তৌ স্বশরণ প্রাপ্তৌ সত্যাং সংসারস্যান্তে পরীষ্টা সর্ব্বতঃ পূজিতা উত্তমা গতিঃ ফলং যস্তস্মৈ ॥ ৪২ ॥

অভিনন্দিতঃ সন্তোষিতঃ ॥ ৪৩ ॥

মদীয়মুপস্থানং স্তোত্রং তৎসহিতয়া বিদ্যয়া জ্ঞানেন। আত্মন ঐশ্বর্য্য অসংসারিত্বং তস্য স্মৃতিঃ নহি বিরোধ উভয়মিত্যাদিনা কর্তৃত্ব ভোক্তৃত্বাদে র্মায়িকত্বোক্তেঃ ভক্তিশ্চ যয়া ভবতি। অথহ বাবেত্যাদিনা ভক্তেঃ সর্ব্বোৎকর্ষোক্তেঃ ॥ ৪৪ ॥

তত্রমভিনন্দতি কিমিতি ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা জীবশ্চ ঈশ্বরশ্চ আত্মেশ্বরৌ। তয়োর্ভাবঃ আত্মৈশ্বর্য্যং। উভয়পদবৃদ্ধিঃ। তস্য স্মৃতির্বিবেকো যস্যাঃ অথ তত্র ভবান্ কিং দেবদত্তবদিত্যাদেঃ ॥ ৪৪। ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হ্যকিঞ্চনবিত্তায়েতি বচনাৎ কিঞ্চ ভববর্ত্মনি যে পান্থা স্তেষামস্মদাদি দুর্জীবানাং শুদ্ধভক্তি রহিতানামপি নিজস্যাশ্রমস্য প্রাপ্তৌ অবিদ্যাং তীর্ত্বা স্বানন্দাধিগমে সতীত্যর্থঃ। সংসারস্য অন্তে পরি সর্ব্বতো ভাবেনেষ্টা বাঞ্ছিতা গতিঃ সাযুজ্যং সালোক্যং দাস্যাদি প্রেমা বা যতস্তস্মৈ ॥ ৪২। ৪৩ ॥

মমোপস্থানং স্তোত্রমেব বিদ্যা তয়া। আত্মৈশ্বর্য্যেতি যে মামনয়া স্তুবন্তি তেষাং মদৈশ্বর্য্য স্মৃতির্ভবেৎ। আত্মনৈবাবিক্রিয়মাণেন সগুণমগুণঃ স্বজসি হরসি পাসী ত্যাত্মকৈশ্বর্য্যোক্তেঃ ॥ ৪৪ ॥

অহো দৌর্ভাগ্যং মূর্খতাচ যুষ্মাকং অনয়া বিদ্যয়া মাং স্তত্বাপি ভক্তিং ন প্রার্থয়ধ্বে ইত্যাহ কিমিতি ॥ ৪৫ ॥

তাঁহার শরণ প্রাপ্ত হয়, তিনি তাহার পক্ষে সংসারান্তে উত্তম গতি স্বরূপ হইয়া থাকেন, অতএব তিনি পরম আর্ত্তিহারী ॥ ৪২ ॥

শুকদেব কহিলেন রাজন্! অমর বৃন্দ এই প্রকারে আদর পূর্ব্বক স্তব করিলে ভগবান্ হরি শ্রবণ করিয়া সাতিশয় সন্তোষ প্রকাশ করত তাঁহাদিগকে কহিলেন ॥ ৪৩ ॥

হে দেবশ্রেষ্ঠ সকল! আমার এই স্তোত্র সমন্বিত তোমাদের জ্ঞান দ্বারা আমি অতিশয় প্রীত হইলাম। এই স্তব সহিত জ্ঞানে পুরুষদের আত্মার ঐশ্বর্য্য অর্থাৎ অসংসারিত্ব স্মরণ হইবে এবং আমাতে ঐকান্তিকী ভক্তি জন্মিবে ॥ ৪৪ ॥

হে বিবুধর্ষভগণ! আমি প্রীত হইলে পুরুষদের আর দুষ্প্রাপ্য কি থাকে? অর্থাৎ কিছুই থাকে না। অতএব তত্ত্বজ্ঞ ব্যক্তি আমাতেই একান্ত ভাবে চিত্তসমর্পণ করিয়া মত্ত হইয়া থাকেন, অন্য কিছুই ইচ্ছা করেন না ॥ ৪৫ ॥

নবেদ কৃপণঃ শ্রেয় আত্মনো গুণবস্তুদৃক্। তস্য তানিচ্ছতো যচ্ছেদ্যদি সোপি তথাবিধঃ ॥ ৪৬ ॥
স্বয়ং নিঃশ্রেয়সং বিদ্বান্ নবক্ত্যজ্ঞায় কর্ম্ম হি। নরাতি রোগিণোঽপথ্যং বাঞ্ছতোপি ভিষক্তমঃ ॥৪৭
মঘবন্ যাত ভদ্রং বো দধ্যঞ্চমৃষিসত্তমং। বিদ্যাব্রত তপঃ সারং গাত্রং যাচত মাচিরং ॥ ৪৮ ॥
স বা অধিগতোদধ্যঙ্ঙশ্বিভ্যাং ব্রহ্ম নিষ্কলং। যদ্বা অশ্বশিরো নাম তয়োরমরতাং ব্যধাৎ ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং দেবৈঃ স্বয়ং তদুপকল্পনাক্রাকমিত্যাদি। তৎসম্পাদনং কৃপালোর্মাসুচিতমিত্যাশয়েনাহ ন বেদেতি দ্বাভ্যাং গুণেষু বিষয়েষু তত্ত্বদর্শী তান্ বিষয়ান্ তথা বিধোঽজ্ঞ এব ॥ ৪৬ ॥

কর্ম্ম প্রবৃত্তিমার্গং ন বক্তি হি অপথ্যং যথা ন রাতি দদাতি ভিষক্তমঃ সদ্বৈদ্যঃ ॥ ৪৭ ॥

এবং তত্ত্বকথনেনানৌচিত্যং পরিহৃত্য তদভিপ্রায়মনুসরন্নাহ মঘবন্নিতি। বিদ্যয়া ব্রতৈস্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচধ্বং ॥ ৪৮ ॥

তত্র তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাহ্থর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি

ক্রমসন্দর্ভঃ।

স্বয়মিতি। তস্মান্ন বুদ্ধিভেদং জনয়েদিত্যাদিকং। অসমর্থোপদেষ্টৃবিষয়ং জ্ঞেয়ং ॥ ৪৭। ৪৮ ॥
নিষ্কলং মায়াতীতং ॥ ৪৯। ৫০। ৫১। ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্যপি যূয়ং মূর্খা বিষয়ানভিলষন্তঃ স্বভদ্রাভদ্রং ন জানীথ তদপ্যহন্তু বিজ্ঞস্তান্ কথং যুষ্মভ্যং দদানি। নহি মাতা সুতেভ্যঃ স্বহস্তেন বিষং দদাতীত্যাহ নেতি গুণান্ বিষয়ানেব বস্তু পুরুষার্থং পশ্যতীতি স আত্মনঃ শ্রেয়ো ন বেদ। তস্য তস্মৈ তানেব যো বিজ্ঞোপি যচ্ছেৎ সোপি অজ্ঞএব ॥ ৪৬ ॥

কর্ম্ম ন বক্তি প্রবৃত্তিমার্গং নোপদিশতি অপথ্যং যথা ন রাতি ন দদাতি ভিষক্তমঃ সদ্বৈদ্যঃ ॥ ৪৭ ॥

তদপি যদি দেহারামত্বাদ্বিষয়ান্ বিনা ম্রিয়ধ্বে তর্হি তত্রোপায়ং শৃণুতেত্যাহ মঘবন্নিতি বিদ্যয়া ব্রতৈস্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচত যাচধ্বং ॥ ৪৮ ॥

তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাথর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি গচ্ছতং।

হে বৎসগণ! যে ব্যক্তি বিষয় সকলে তত্ত্ব দর্শন করে, সে অতি কৃপণ, আপনার শ্রেয়ঃ কি তাহা জানিতে পারে না, সুতরাং বিষয়েতে তাহার যে ইচ্ছা, তাহা সম্পাদন করিয়া দেওয়া দয়ালু ব্যক্তির উচিত হয় না, তাহার তুল্য অজ্ঞ পুরুষেই তাহা সম্পন্ন করিয়া দিতে পারে ॥ ৪৬ ॥

যে ব্যক্তি বিজ্ঞ, স্বয়ং নিঃশ্রেয়স অবগত আছেন তিনি কখন অজ্ঞকে প্রবৃত্তিমার্গ উপদেশ করিতে পারেন না, রোগী অভিলাষ করিলেও সদ্বৈদ্য কি কখন তাহাকে অপথ্য দিতে পারে? ॥ ৪৭ ॥

হে রাজন্! এই প্রকার তত্ত্ব কথন দ্বারা অনৌচিত্য পরিহারানন্তর ইন্দ্রের অভিপ্রায় অনুসরণ পূর্ব্বক সেই ভগবান্ কহিতে লাগিলেন। হে দেবেন্দ্র! এক্ষণে স্বস্থানে গমন কর, তোমার মঙ্গল হউক। দধ্যঞ্চ ঋষির শরীরটী বিদ্যা ব্রত ও তপস্যা দ্বারা অতিশয় দৃঢ়, তাঁহার নিকটে গমন পূর্ব্বক তদীয় দেহ যাচ্ঞা কর, বিলম্ব করিও না ॥ ৪৮ ॥

হে দেবরাজ! সেই মুনি অধ্যাত্ম বিদ্যায় অতিশয় বিদ্বান্, তিনিই শুদ্ধ ব্রহ্ম অধিগত হইয়া অশ্বিনীকুমার দ্বয়কে তাহা প্রদান করেন, সেই ব্রহ্ম অশ্বের শিরঃ দ্বারা কথিত হইয়াছিল এই কারণে

দধ্যঙ্ঙাথর্ব্বণস্ত্বষ্ট্রে বর্ম্মাভেদ্যং মদাত্মকং। বিশ্বরূপায় যৎ প্রাদাৎ ত্বষ্টা যত্ত্বমধাস্ততঃ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

গচ্ছতং। তয়োর্নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজো বিদ্যাং মাবাদী রশ্বিনোর্মুনে। যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য ব্রবীষি সহসৈব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা প্রযযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভ্যেত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্রগদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাং তব শিরশ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাব ততো ব্রূহি তেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজস্তে দক্ষিণাং দত্ত্বা গমিষ্যাবো যথাগতং। এতৎ শ্রুত্বা তথোবাচ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রহ্মবিদ্যাঞ্চ সৎকৃতোঽসত্যশঙ্কিত ইতি। তত্রশ্লোকার্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্। নিষ্কৃতমিতি পাঠে নিতরাং কৃতং ভবতি মনঃ যেন তং প্রবর্গ্যাখ্যাধিগত ইত্যর্থঃ ততোঽশ্বিভ্যাং প্রদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ উপদিদেশেত্যর্থঃ কথম্ভূতং ব্রহ্ম যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাৎ অশ্বশিরোনাম প্রসিদ্ধং তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ তথাচ শ্রুতিঃ অশ্বস্য শীর্ষ্ণা প্রযত্তাম্নবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচঞ্চ অধিগত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। তত্র হেতুঃ যদশ্বাৎ ত্বষ্ট্রে প্রাদাৎ কিং তৎ যৎ ত্বষ্টা বিশ্ব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়োর্নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজোর্বিদ্যাং মাবাদীরশ্বিনোর্মুনে। যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য ব্রবীষি সহসৈব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা স যযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভ্যেত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্রগদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাং তব শিরশ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাবস্ততো ব্রূহি তেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজং তে দক্ষিণাং দত্ত্বা গমিষ্যাবো যথাগতং। এতচ্ছ্রুত্বা তথোবাচ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রহ্মবিদ্যাঞ্চ সৎকৃতোঽসত্যশঙ্কিত ইতি। তত্রশ্লোকার্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্ নিষ্কৃতমিতি পাঠে কৃতাদনিত্য পদার্থান্নিষ্ক্রান্তং। ততোঽশ্বিভ্যাং প্রাদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ ব্রহ্ম কীদৃশং যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাদশ্বশিরোনাম। তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ। তথাচ শ্রুতিঃ। অশ্বস্য শীর্ষ্ণা প্রযত্তীমুবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচং ত্বষ্ট্রে প্রাদাৎ যৎ কবচং ত্বষ্টা বিশ্বরূপায় স্বপুত্রায় প্রাদাৎ ততো বিশ্বরূপাৎ ত্বং যৎ অধা ধৃতবানসি

অশ্বশিরঃ নামে প্রসিদ্ধ হইয়াছে, এই বিদ্যা হইতেই অশ্বিনীকুমারদিগের জীবন্মুক্তত্ব লাভ হয় ॥ ০ ॥

এই বিষয়ে একটী প্রসিদ্ধ কথা আছে যে অশ্বিনী কুমারদ্বয় শুনিতে পাইলেন দধ্যঞ্চ ঋষি প্রবর্গ্য ও ব্রহ্ম বিদ্যায় দক্ষ, অতএব তাঁহার সমীপে গমন করিয়া কহিলেন ব্রহ্মন্। আপনি যে বিদ্যায় পারদর্শী হইয়াছেন আমাদিগকে তাহা উপদেশ করুন। অশ্বিনীকুমারদিগের এই প্রার্থনায় ঐ মুনি প্রত্যুত্তর করিলেন, সম্প্রতি আমি কর্ম্মে নিবিষ্ট আছি, এক্ষণে যাও পশ্চাৎ কহিব। অশ্বিনীকুমারেরা মুনির কথায় তাহার আশ্রম হইতে নির্গত হইবামাত্র দেবরাজ ইন্দ্র ঐ ঋষির সমীপে আগমন করিয়া কহিলেন, মুনে! অশ্বিনীকুমারেরা বৈদ্য, ভিষকদের প্রতি ব্রহ্মবিদ্যা উপদেশ অকর্ত্তব্য, অতএব তাহাদিগকে ঐ বিদ্যা প্রদান করিবেন না, যদি আমার বাক্য উল্লঙ্ঘন করিয়া উপদেশ দেন তাহা হইলে আমি তৎক্ষণাৎ আপনার শিরশ্ছেদন করিব ইহাতে সন্দেহ নাই। এই কথা বলিয়া দেবরাজ প্রস্থান করিলে অবিলম্বেই অশ্বিনীকুমারেরা পুনরায় বিদ্যার্থী হইয়া ঐ মুনির আশ্রমে আগমন করিলেন এবং মুনির প্রমুখাৎ ইন্দ্রের ঐ কথা শুনিয়া কহিলেন, আমরা প্রথমে আপনার মস্তক ছেদন করিয়া অশ্বের মুণ্ড সন্ধান করি, আপনি ঐ মুখ দিয়া আমাদিগকে বিদ্যা উপদেশ করুন। ইন্দ্র আসিয়া আপনার ঐ মুণ্ড ছেদন করিলে আমরা পুনর্ব্বার আপনার নিজমুণ্ড সেই কবন্ধে সন্ধান করিয়া দিব, তদনন্তর বিদ্যোপদেশ নিমিত্ত দক্ষিণা দিয়া যাইব। দধ্যঞ্চ মুনি ঐ কথা শুনিয়া অশ্বিনীকুমারদিগকে অশ্বমুণ্ড দ্বারা প্রবর্গ্য ও ব্রহ্মবিদ্যা উপদেশ করিয়াছিলেন, এই কারণে ঐ বিদ্যা অশ্বশির নামে প্রসিদ্ধ হয় ॥ ৪৯ ॥

দেবরাজ! দধ্যঞ্চ মুনি মদাত্মক বর্ম্ম অর্থাৎ নারায়ণ কবচ প্রাপ্ত হইয়াছিলেন এবং তিনিই ত্বষ্টাকে

যুষ্মভ্যং যাচিতোঽশ্বিভ্যাং ধর্ম্মজ্ঞোঽঙ্গানি দাস্যতি । ততস্তৈরায়ুধশ্রেষ্ঠো বিশ্বকর্ম্ম বিনির্ম্মিতঃ ।
যেন বৃত্তশিরোহর্ত্তামত্তেজ উপবৃংহিতঃ ॥ ৫১ ॥

তস্মিন্ বিনিহতে যূয়ং তেজোঽস্ত্রায়ুধসম্পদঃ । ভূয়ঃ প্রাপ্স্যথ ভদ্রং বো নহিংসন্তিচ মৎপরান্ ॥ ৫২

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ভগবদুপদেশো নাম নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীধরস্বামী ।

রূপায় পুত্রায় প্রাদাৎ কীদৃশং যৎ ত্বং ততো বিশ্বরূপাৎ অধ্য ধৃতবানসি । অতএব বিদ্যায় সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥

নমু শ্রেষ্ঠং দেহং কথং দাস্যতি তত্রাহ যুষ্মভ্যামঙ্গানি অস্থীনি যাচিতঃ সন্ দাস্যতি । যতো ধর্ম্মজ্ঞঃ বিশেষতোঽশ্বিভ্যাং শিষ্যপ্রীত্যা-দাস্যতি অঙ্গানীত্যনেন হেয়ত্বং দর্শিতং । তৈরস্থিভি বিশ্বকর্ম্মণা নির্ম্মিত আয়ুধশ্রেষ্ঠো বজ্রো ভবিষ্যতীতি শেষঃ । যেন ভবান্ বৃত্রস্য শিরোহর্ত্তা ভবিষ্যতি মম তেজসা উপবৃংহিতঃ সন্ ॥ ৫১ ॥

তেজশ্চাস্ত্রাণিচ আযুধানিচ সম্পদশ্চ ভূয়ঃ প্রাপ্স্যথ । মহাকায়ঃ ত্রিভুবন গ্রাসী মদ্বাস্মান্ হনিষ্যতীতি শঙ্কাং কুতশ্চিত্তান্ প্রত্যাহ । মৎপরাংশ্চ কেপি ন হিংসন্তি অতো যুষ্মাকং ভদ্রমেবেতি শেষঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অতএব বিদ্যায়া সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥

নন্বেবং কোদাতা যঃ স্বগাত্রমপি দদ্যাৎ তত্রাহ । যুষ্মভ্যামিতি বিশেষতোঽশ্বিভ্যাং শিষ্যপ্রীত্যা দাস্যতি । অশ্বিভ্যাং হেতুভ্যামিতি বা ॥

তৈরস্থিভিঃ ভবিষ্যতীতি শেষঃ ॥ ৫১ ॥

নমু সর্ব্বগ্রাসিনা বৃত্রেণ সার্দ্ধং যোদ্ধুং নশক্নুমস্তস্মাত্তং হন্তুং স্বয়মেব ভবন্নেবাত আহ নহিংসন্তীতি বৃত্রস্তবর্শীভূতা অসুরাশ্চ মৎপরান্ যুষ্মান্ ন ঘ্নন্তি বৃত্রস্য পরম ভক্তত্বেন মদর্থং স্বদেহমপি জিহাসো'র স্বতো যুষ্মাসু বৈরো নাস্ত্যেব যথা সম্যাক্‌ জ্ঞাস্যথেতি ভাবঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । ষষ্ঠস্য নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ঐ কবচ উপদেশ করেন, ত্বষ্টা হইতে বিশ্বরূপ প্রাপ্ত হন্, পরে বিশ্বরূপ তোমাকে দিয়াছেন। অতএব ঐ মুনির গাত্র নারায়ণ কবচ প্রভাবে অতিশয় দৃঢ়, তোমরা গিয়া তাঁহার সেই গাত্র যাচ্ঞা কর ॥ ৫০

হে মহেন্দ্র ! সকলেরই দেহ অত্যন্ত প্রিয়, ঐ মুনি তাহা কেন প্রদান করিবেন এমত আশঙ্কা করিও না, তিনি পরম ধর্ম্মজ্ঞ, তোমরা বিশেষতঃ অশ্বিনীকুমারদ্বয় যাচ্ঞা করিলে শিষ্যপ্রীতি বশতঃ তৎক্ষণাৎ আপনার অঙ্গ প্রদান করিবেন। সেই সকল অস্থির দ্বারা বিশ্বকর্ম্মা যে শস্ত্র নির্ম্মাণ করি, বেন তাহা আয়ুধ শ্রেষ্ঠ অর্থাৎ বজ্র হইবে। তুমি আমার তেজে বর্দ্ধিত হইয়া ঐ বজ্রের দ্বারা বৃত্রাসুরের মস্তক ছেদন করিও ॥ ৫১ ॥

হে দেবগণ ! ঐ দানব নিহত হইলে তোমরা সকলে পুনরায় স্ব স্ব তেজঃ, অস্ত্র ও সম্পদ প্রাপ্ত হইবে। ঐ অসুর মহাকায়, ত্রিভুবন গ্রাসী, তোমাদিগকে গ্রাস করিবে এমত আশঙ্কা করিও না, যে সকল পুরুষ আমার আশ্রিত, তাহাদের হিংসা করিতে কেহ সমর্থ হয় না, অতএব তোমাদের মঙ্গল হইবে সন্দেহ নাই ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে নবম ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইন্দ্রমেবং সমাদিশ্য ভগবান্ বিশ্বভাবনঃ। পশ্যতামনিমেষাণাং তত্রৈবান্তর্দ্দধে হরিঃ ॥ ১ ॥

তথাভিযাচিতো দেবৈ ঋষিরাথর্ব্বণোমহান্। মোদমান উবাচেদং প্রহসন্নিব ভারত ॥ ২ ॥

অপি বৃন্দারকা যূয়ং ন জানীথ শরীরিণাং। সংস্থায়াং যস্ত্বভিদ্রোহো দুঃসহশ্চেতনাপহঃ ॥ ৩ ॥

জিজীবিষূণাং জীবানামাত্মা প্রেষ্ঠ ইহেপ্সিতঃ। ক উৎসহেত তং দাতুং ভিক্ষমাণায় বিষ্ণবে ॥ ৪ ॥

শ্রীদেবা উচুঃ ॥

কিং নু তদ্দুস্ত্যজং ব্রহ্মন্ পুংসাং ভূতানুকম্পিনাং। ভবদ্বিধানাং মহতাং পুণ্যশ্লোকেড্যকর্ম্মণাং ॥ ৫

শ্রীধরস্বামী।

দশমে কেশবাদিষ্ট দধ্যঙ্গস্থি বজ্রধৃক্। ইন্দ্রোযুযোধ বৃত্রেণ সাসুরেণ সনির্জ্জরঃ ॥ ১ ॥

মোদমান এব তদ্ধর্থাদ্ধর্ম্মং শ্রোতুকামঃ প্রত্যাচক্ষাণ ইবোবাচ অপীতি দ্বাভ্যাং ॥ ২ ॥

হে বৃন্দারকা অপি কিং সংস্থায়াং মৃত্যৌ যোঽভিদ্রোহো দুঃখং তং ন জানীথ ॥ ৩ ॥

আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু শ্রীবিষ্ণুরস্মন্মুখেন যাচত ইতি চেত্তত্রাহ বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত ॥ ৪ ॥

পুণ্যশ্লোকৈ রীড্যানি কর্ম্মাণি যেষাং ॥ ৫ ।

দশমোধ্যায়স্য ক্রমসন্দর্ভো নাস্তি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দধীচো যাচিতাৎ প্রাপ্তৈরস্থিভির্বজ্রনির্ম্মিতিঃ। দশমেঽভূজ্জয়শ্চাক্রৌ দেবানামসুরৈঃ সহ। ১ ॥

মোদমানোপি প্রহসন্নিব যাজ্ঞা প্রত্যাখ্যানেন তান্ তিরস্কুর্ব্বন্নিব। ২ ॥

সংস্থায়াং মৃত্যৌ। ৩ ॥

আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু বিষ্ণুরেবাস্মন্মুখেন যাচতে ইতি চেত্তত্রাহ। বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত। ৪। ৫ ॥

দশমাধ্যায়ে ভগবানের আদেশে দধ্যঙ্ঋষির অস্থি নির্ম্মিত বজ্র ধারণ পূর্ব্বক বৃত্রাসুর সহ অমর রাজের সংগ্রাম ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! বিশ্বভাবন ভগবান্ হরি, ইন্দ্রকে এই প্রকার আদেশ করিয়া দর্শন কারি দেবগণের সমক্ষে সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥ ১ ॥

তদনন্তর দেবগণ মহান্ আথর্ব্বণ দধ্যঙ্ মুনি সন্নিধানে গমন করিয়া তাঁহার শরীর যাচ্ঞা করিলেন। হে ভারত! দেবতাদের প্রমুখাৎ ধর্ম্ম শুনিতে ঐ মুনির অভিলাষ ছিল অতএব আনন্দ প্রকাশ পূর্ব্বক প্রত্যাখ্যানের ন্যায় হাস্য বচনে কহিলেন ॥ ২ ॥

অহে বৃন্দারকগণ! শরীরধারিদিগের শরীর নাশে যে দুঃখ হয়, বোধকরি তোমরা তাহা জান না। অহে অমরবৃন্দ! মৃত্যু যাতনা অতিশয় দুঃসহা, তাহা চেতনাকে বিনষ্ট করে ॥ ৩ ॥

অপর যে সকল জীব জীবিত থাকিতে ইচ্ছা করে, তাহাদের দেহই অতিশয় প্রিয়, যদি বল আমরা তোমার দেহ চাহিতেছি না, আমাদের মুখ দিয়া ভগবান্ বিষ্ণু যাচ্ঞা করিতেছেন। তাহার উত্তর এই, কোন্ ব্যক্তি আপনার দেহ, যাচমান বিষ্ণুকেও দান করিতে উৎসাহী হইতে পারে? ॥ ৪ ॥

দধ্যঙ্ মুনির এই সকল কথা শুনিয়া দেবগণ কহিতে লাগিলেন ব্রহ্মন্! যে সকল মহাপুরুষ আপনার তুল্য দয়াবান্, পুন্যবান্ লোকেরা সর্ব্বদা যাঁহাদের কর্ম্ম সকলের প্রসংশা করিয়া থাকেন, তাঁহাদের পরোপকারার্থ দুস্ত্যজ কি আছে? ॥ ৫ ॥

নূনং স্বার্থপরো লোকো ন বেদ পরসঙ্কটং। যদি বেদ নযাচেত্ত নেতি নাহ যদীশ্বরঃ ॥ ৬ ॥

ঋষিরুবাচ ॥

ধর্ম্মং বঃ শ্রোতুকামেন যূয়ং মে প্রত্যুদাহৃতাঃ। এষ বঃ প্রিয়মাত্মানং ত্যজন্তং সংত্যজাম্যহং ॥ ৭ ॥

যোঽধ্রুবেনাত্মনা নাথা ন ধর্ম্মং ন যশঃ পুমান্। ঈহেত ভূতদয়য়া স শোচ্যঃ স্থাবরৈরপি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

যাচকো যদি বেদ তর্হি ন যাচেত যদীশ্বরো দানসমর্থঃ বেদ তর্হি সোপি নেতি নাহ অতো যথা তব সঙ্কটং বয়ং স্বার্থপরা ন জানীমঃ এবং প্রত্যাচক্ষাণস্ত্বমস্মৎ সঙ্কটং ন জানাসীতি ভাবঃ ॥ ৬ ॥

যে ময়া প্রত্যুদাহৃতাঃ প্রত্যুক্তাঃ ত্যজন্তং মাং ত্যক্ত্বা যান্তং আত্মানং দেহং ॥ ৭ ॥

অধ্রুবেণাত্মনা দেহেন হে নাথাঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিরাহ নূনমিত্যাদি ন যাচেতেত্যন্তং। দেবাঃ প্রত্যাহুঃ নূনমিত্যাদি পদ্যমেব নযাচেতেতি। চতুরক্ষর বিনা ভূতং। তত্তশ্চার্থান্তরন্যাসস্তাত্র বিশেষতোঽয়মর্থঃ। যাচকো লোকঃ নূনং স্বার্থপরঃ স্বর্গাদৈশ্বর্য্যভোগপরঃ। পরন্তু দাতুঃ সঙ্কটং স্বদেহাস্থি প্রদানে পীড়াং ন বেদ। যদি দেবত্বেন বিবেকবত্ত্বাদ্বেদ তর্হি ন যাচেতেতি তেন যুষ্মাকং বিবেকাভাবাৎ দেবত্বং কিন্তু ব্যাঘ্রাদি পশু তুল্যত্বমিতি ঋষিণোক্তং শ্রুত্বা দেবৈঃ প্রত্যুক্তং। দাতা লোকোপি নূনং স্বার্থপরঃ দেহেন্দ্রিয়াদিষু মমত্বে চিরজীবিত্ব সুখপরঃ পরেষাং যাচকানাং সঙ্কটং ঘোর শত্রুপদ্রবাদি দুঃখং ন বেদ যদি ঋষিত্বেন বিজ্ঞান বিবেক দয়াদিমত্ত্বাদ্বেদ তর্হি নেতি নাহং ন দাস্যামীতি ন ব্রূয়াৎ যদযস্মাদীশ্বরঃ তদ্দানসমর্থঃ তেন ভবাপি বিজ্ঞানাদ্যভাবাৎ ঋষিত্বং। প্রত্যুত শোকমোহাদি সদ্ভাবাদশ্বাদি পশু তুল্যত্বমিতি ভাবঃ ॥ ৬ ॥

ধর্ম্মং বঃ শ্রোতু কামেনেতি। স ধর্ম্মো যুষ্মৎ প্রত্যুত্তরেণৈব শ্রুতঃ। যদ্বা ধ্বনিরয়ং বক্রোক্তৈব ধর্ম্মো ন শ্রুতঃ কিন্তু বাক্ চাতুর্য্যং শ্রুতং ভবতু তাবৎ স্বাভিপ্রায়ং জ্ঞাপয় ইত্যাহ এষ ইতি আত্মানং দেহং ত্যজন্তং অচিরাদেব ত্যক্ষ্যন্তং সম্যক্ ত্যজামীতি সদোহো যাবন্মাং ন ত্যজতি তাবদহমেব তং ত্যজামি যুষ্মাভ্যং দদামীত্যেতাবত্ ভাগ্যং মম ভবত্বিতি ভাবঃ ॥ ৭ ॥

হে নাথাঃ ॥ ৮ ॥

হে মহর্ষে! ইহা নিশ্চিত বটে, স্বার্থপর লোকে অন্যের ক্লেশ বিবেচনা করে না, কিন্তু এ স্থানে আমাদের বক্তব্য এই যে, যাচক যদি পরের দুঃখ বুঝিতে পারে, তাহা হইলে সে যেমন যাচ্ঞা করে না, তেমনি দানে সমর্থ পুরুষও অন্যের কষ্ট বুঝিলে "না" বলিতে পারে না। অর্থাৎ আমরা যদ্রূপ স্বার্থপর হওয়াতে আপনার সঙ্কটের প্রতি দৃষ্টিপাত করিতেছি না, আপনিও তদ্রূপ প্রত্যাখ্যান করাতে অস্মদাদির কি বিপদ উপস্থিত তাহা জানিতে পারিতেছেন না ॥ ৬ ॥

তদনন্তর সেই মুনিবর কহিলেন অহে অমরগণ! আপনাদের মুখে ধর্ম্ম শুনিতে ইচ্ছা করিয়াই এই প্রকার প্রত্যুক্তি করিলাম, আমার এই দেহ অত্যন্ত প্রণয়াস্পদ হইলেও অবশ্য একদিন আমাকে পরিত্যাগ করিয়া যাইবে, আপনারা এ দেহ ভিক্ষা করিতেছেন, আপনাদিগের নিমিত্ত ইহা এখনি ত্যাগ করিতেছি ॥ ৭ ॥

হে নাথগণ! এই দেহ অনিত্য, ইহার দ্বারা প্রাণি সকলের প্রতি অনুকম্পা প্রকাশ পূর্ব্বক যে পুরুষ ধর্ম্ম ও যশঃ উপার্জ্জন করিতে চেষ্টা না পায়, অচেতন স্থাবরগণও তাহার নিমিত্ত শোক করিয়া থাকে ॥ ৮ ॥

এতাবানব্যয়োধর্ম্মঃ পুণ্যশ্লোকৈরুপাসিতঃ। যোভূত শোকহর্ষাভ্যাম্বাত্মা শোচতি হৃষ্যতি ॥ ৯ ॥
অহো দৈন্যমহো কষ্টং পারক্যৈঃ ক্ষণভঙ্গুরৈঃ। যন্নোপকুর্য্যাদস্বার্থৈর্ম্মর্ত্ত্যঃ স্বজ্ঞাতিবিগ্রহৈঃ ॥ ১০ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

এবং কৃতব্যবসিতো দধ্যঙ্ঙাথর্ব্বণস্তনুং। পরে ভগবতি ব্রহ্মণ্যাত্মানং সন্নয়ন্ জহৌ ॥ ১১ ॥
যতাক্ষাসু মনো বুদ্ধিস্তত্ত্বদৃক্ ধ্বস্তবন্ধনঃ। আস্থিতঃ পরমং যোগং ন দেহং বুবুধে গতং ॥ ১২ ॥
অথেন্দ্রো বজ্রমুদ্যম্য নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা। মুনেঃ শক্তিভিরুৎসিক্তো ভগবত্তেজসান্বিতঃ।
বৃতোদেবগণৈঃ সর্ব্বৈর্গজেন্দ্রো পর্য্যশোভত। স্তূয়মানো মুনিগণৈস্ত্রৈলোক্যং হর্ষয়ন্নিব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ভূতানাং শোকেন শোচতি হর্ষেণ হৃষ্যতি য আত্মা স্বয়ং তস্য যোধর্ম্মঃ এতাবানেবাব্যয় ইত্যর্থঃ ॥ ৯ ॥
পারক্যৈঃ শ্বশৃগালাদিভির্ভক্ষ্যৈঃ অস্বার্থৈঃ স্বার্থোপযোগশূন্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহো দেহঃ তৈর্নোপকুর্য্যাদিতি যৎ ॥ ১০ ॥
কৃতং ব্যবসিতং নিশ্চয়ো যেন আত্মানং ক্ষেত্রজ্ঞং সন্নয়ন্ একীকুর্ব্বন্ তনুং জহৌ ॥ ১১ ॥
যতা অক্ষাদয়ো যেন তত্ত্বং পশ্যতীতি তথা। ধ্বস্তানি গতানি বন্ধনানি যস্য ॥ ১২ ॥
অথেন্দ্রোঽশোভত ইত্যুত্তরেণান্বয়ঃ। মুনেঃ শক্তিভিরস্থিভি নির্ম্মিতং। উৎসিক্ত উর্জ্জিতঃ মুনিশক্তিভিরিতি বা পাঠঃ ॥ ১৩

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মা মনঃ ॥ ৯ ॥
অদাতারমাক্ষিপতি অহো ইতি পারক্যৈঃ শৃগালাদিভির্ভক্ষ্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহা দেহাস্তৈঃ ॥ ১০ ॥
আত্মানং মনঃ ॥ ১১ ॥
যোগং সমাধিং গতং স্বস্মাদ্বিচ্যুতং ॥ ১২ ॥
শক্তিভিরস্থিভিঃ শক্তিভিরিতিচ পাঠঃ ॥ ১৩ ॥

হে অমরবৃন্দ! যে ব্যক্তি স্বয়ং প্রাণি সকলের শোকে শোকাকুল ও হর্ষে হর্ষান্বিত হন, তাঁহার তাবন্মাত্র অব্যয় ধর্ম্ম, পুণ্যশ্লোক মানবেরা ঐ ধর্ম্মের উপাসনা করিয়া থাকেন ॥ ৯ ॥

অহো! এই যে সকল ধন পুত্র দেহ দৃষ্ট হইতেছে, এ সমস্তই কুক্কুর শৃগালাদির ভক্ষ্য, এ সকলে স্বার্থের উপযোগিতামাত্র নাই, আর ইহারা স্থায়িও নহে, ক্ষণভঙ্গুর, ক্ষণে ক্ষণে ক্ষয় প্রাপ্ত হইতেছে এ সকল দ্বারা পরোপকার না করা কি কষ্ট ও কি কৃপণতার কর্ম্ম ॥ ১০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! আথর্ব্বণ দধ্যঙ্ ঋষি এই প্রকার নিশ্চয় করিয়া পরব্রহ্মের সহিত ক্ষেত্রজ্ঞ আত্মার ঐক্য সম্পাদন পূর্ব্বক শরীর পরিত্যাগ করিলেন ॥ ১১ ॥

তাঁহার ইন্দ্রিয়, প্রাণ, মনঃ এবং বুদ্ধি সংযত ছিল, স্বয়ং তত্ত্বদর্শন করিতেন, সুতরাং সমস্ত বন্ধন বিধ্বস্ত হইয়া গিয়াছিল, অতএব পরম যোগাবলম্বন করাতে নিজ দেহ যে গত হইল, তাহা তাঁহার বোধগম্য হইল না ॥ ১২ ॥

অনন্তর মুনির অস্থি দ্বারা বিশ্বকর্ম্মা বজ্র নির্ম্মাণ করিয়া দিলেন, দেবরাজ সেই বজ্র ধারণ পূর্ব্বক ভগবত্তেজে সমন্বিত ও উর্জ্জিত হইয়া গজেন্দ্রের উপরি শোভা পাইতে লাগিলেন। দেবতারা চতুর্দ্দিকে বেষ্টন করিয়া দণ্ডায়মান হইলেন এবং মুনিগণ স্তব আরম্ভ করিলেন, তাহাতে ত্রিভুবন যেন হর্ষান্বিত হইল ॥ ১৩ ॥

বৃত্রমভ্যদ্রবচ্ছক্রমসুরানীকযূথপৈঃ। পর্য্যস্তমোজসা রাজন্ ক্রুদ্ধো রুদ্র ইবান্তকং ॥ ১৪ ॥
ততঃ সুরাণামসুরৈ রণঃ পরম দারুণঃ। ত্রেতামুখে নর্ম্মদায়ামভবৎ প্রথমে যুগে।
রুদ্রৈ র্বসুভিরাদিত্যৈরশ্বিভ্যাং পিতৃবহ্নিভিঃ। মরুদ্ভি ঋভুভিঃ সাধ্যৈ র্বিশ্বেদেবৈর্ম্মরুৎপতিঃ ॥ ১৫ ॥
দৃষ্ট্বা বজ্রধরং শক্রং রোচমানং স্বয়া শ্রিয়া। নামৃষ্যন্নসুরা রাজন্মৃধে বৃত্রপুরঃসরাঃ।
নমুচিঃ শম্বরোঽনর্ব্বা দ্বিমূর্দ্ধা ঋষভোঽসুরঃ। হয়গ্রীবঃ শঙ্কুশিরা বিপ্রচিত্তিরয়োমুখঃ।
পুলোমা বৃষপর্ব্বাচ প্রহেতিহেঁতিরুৎকলঃ। দৈতো দানবা যক্ষা রক্ষাংসিচ সহস্রশঃ।
সুমালি মালি প্রমুখাঃ কার্ত্তস্বর পরিচ্ছদাঃ। প্রতিষিধ্যেন্দ্রসেনাগ্রং মৃত্যোরপি দুরাসদং।
অভ্যর্দ্দয়ন্নসংভ্রান্তাঃ সিংহনাদেন দুর্ম্মদাঃ ॥ ১৬ ॥
গদাভিঃ পরিঘৈর্বাণৈঃ প্রাসমুদ্গর তোমরৈঃ। শূলৈ পরশ্বধৈঃ খড়্গৈঃ শতঘ্নীভির্ভুশুণ্ডিভিঃ।
সর্ব্বতোঽবাকিরন্ শস্ত্রৈরস্ত্রৈশ্চ বিবুধর্ষভান্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অসুরানীকানাং যূথপৈঃ পর্য্যস্তং পরিবৃতঃ ॥ ১৪ ॥
রণঃ সংগ্রামঃ প্রথমে যুগে কৃতযুগে ত্রেতাযুগস্য মুখে আরম্ভে ॥ ১৫ ॥
নামৃষ্যন্ নাসহন্ত ॥ ১৬ ॥
শতঘ্নীতু চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা। ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টকস্থ ক্রমোন্নতা ইত্যভিধানং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পর্য্যস্তং পরিবৃতং অন্তকমিবেতি রুদ্রোহি যমমপি সংহর্ত্তুং শক্নোতীতচ্চপ্রায়েণ। যথা সিংহঃ সিংহমিবেতিবদয়ং দৃষ্টান্তঃ ॥১৪
ত্রেতামুখে ত্রেতারম্ভে। প্রথমে যুগে বৈবস্বত মন্বন্তরস্য প্রথমে চতুর্যুগে ॥ ১৫। ১৬ ॥
স্যাৎ শতঘ্নী চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা। ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টাস্থক্রমোন্নতেত্যভিধানং ॥ ১৭ ॥

হে রাজন্! তদনন্তর দেবরাজ বৃত্রাসুরের প্রতি ধাবমান হইলেন। যদিও সে অসুরসেনার যূথপে পরিবৃত ছিল তথাচ ক্রুদ্ধ রুদ্র যেমন অন্ধকের উপর আক্রমণ করিয়াছিলেন তাঁহার ন্যায় দেবরাজ বল পূর্ব্বক ঐ অসুরের উপরে পতিত হইলেন ॥ ১৪

তাহার পর দানবগণের সহিত দেবগণের ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইল। হে মহারাজ! বৈবস্বত মন্বন্তরের প্রথম চতুর্যুগে সত্যযুগাবসানে ত্রেতা যুগের আরম্ভে নর্ম্মদা নদীর তটে ঐ যুদ্ধ হইয়াছিল ॥১৫

হে রাজন্! ঐ যুদ্ধে রুদ্রগণ, বসুগণ, আদিত্যগণ, অশ্বিকুমারদ্বয়, পিতৃগণ, অগ্নিগণ, মরুৎ সকল, ঋভুগণ, সাধ্যগণ এবং বিশ্বেদেবগণ ইত্যাদি দেবসৈন্যে পরিবৃত হইয়া বজ্রধারী মহেন্দ্রের সাতিশয় শোভা হইল, বিপক্ষপক্ষ বৃত্র প্রভৃতি অসুর নিকর তাহা সহ্য করিতে পারিল না। অতএব নমুচি, শম্বর, অনর্ব্বা, দ্বিমূর্দ্ধা, ঋষভ, হয়গ্রীব, শঙ্কুশিরা, বিপ্রচিত্তি, অয়োমুখ, পুলোমা, বৃষপর্ব্বা, প্রহেতি, হেতি, উৎকল ইত্যাদি দৈত্য ও সহস্র সহস্র রাক্ষস, যাঁ সুমালি মালি প্রভৃতি অসুরগণ স্বর্ণময় পরিচ্ছদ ধারণ পূর্ব্বক সিংহনাদ করিতে করিতে যে সকল ইন্দ্রসেনা মৃত্যুরও দুরাসদ, তাহাদিগকে নিরোধ করিয়া মর্দ্দন করিতে লাগিল। অতিশয় দুর্ম্মদতানিমিত্ত তাহাদের কিঞ্চিন্মাত্র ভয় বা সম্ভ্রম হইল না। ১৬ ॥

ভুরি ভুরি গদা, পরিঘ, বাণ, প্রাস, মুদগর, তোমর, শূল, পরশ্বধ, খড়্গ, শতঘ্নী, ভুষুণ্ডি ইত্যাদি অস্ত্র শস্ত্র ধারণ করিয়া দেবতাদিগকে সর্ব্বতোভাবে আচ্ছন্ন করিতে লাগিল ॥ ১৭ ॥

ন তে দৃশ্যন্ত সংছন্নাঃ শরজালৈঃ সমন্ততঃ। পুঙ্খানুপুঙ্খং পতিতৈর্জ্যোতীংষীব নভোঘনৈঃ ॥ ১৮ ॥

ন তে শস্ত্রাস্ত্রবর্ষৌঘা হ্যাসেদুঃ সুরসৈনিকান্। ছিন্নাঃ সিদ্ধপথে দেবৈর্লঘুহস্তৈঃ সহস্রধা ॥ ১৯ ॥

অথ ক্ষীণাস্ত্র শস্ত্রৌঘা গিরিশৃঙ্গদ্রুমোপলৈঃ। অভ্যবর্ষন্ সুরবলং চিচ্ছিদুস্তাংশ্চ পূর্ব্ববৎ ॥ ২০ ॥

তানক্ষতান্ স্বস্তিমতো নিশাম্য শস্ত্রাস্ত্র পূগৈ রথবৃত্রনাথাঃ।

দ্রুমৈর্দৃশদ্ভির্বিবিধাদ্রিশৃঙ্গৈরবিক্ষতাংস্তত্রসুরিন্দ্রসৈনিকান্ ॥ ২১ ॥

সর্ব্বে প্রয়াসা অভবন্ বিমোঘাঃ কৃতাঃ কৃতা দেবগণেষু দৈত্যৈঃ।

কৃষ্ণানুকূলেষু যথা মহৎসু ক্ষুদ্রৈঃ প্রযুক্তা ঊষতী রূক্ষবাচঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

পুঙ্খো মূলদেশঃ একস্য মূলদেশমনু তৎ সংলগ্নোঽপরস্য পুঙ্খো যথা ভবতি তথা নভস্থৈ র্ঘনৈঃ জ্যোতীংষীবেত্যনেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮ ॥

তামেবাহ নত ইতি। শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ যানি বর্ষা তেষামোঘাঃ ন আসেদু র্ন প্রাপুঃ সিদ্ধপথে আকাশে ॥ ১৯ ॥

ক্ষীণা অস্ত্রাণাং শস্ত্রাণাঞ্চ ওঘা যেষাং গিরিশৃঙ্গৈঃ দ্রুমরূপলৈশ্চ ॥ ২০ ॥

তানিন্দ্রসৈনিকান্ শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ পূগৈঃ সমূহৈঃ ক্ষতান্ ক্ষতশূন্যান্ স্বস্তিমতঃ সুখিনঃ দ্রুমাদিভিশ্চাবিক্ষতান্ নিশাম্য বৃত্রো নাথো যেষাং তে তত্রসুঃ ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ কৃষ্ণোঽনুকূলো যেষাং তেষু দেবগণেষু। ঊষতী রূষত্যঃ অকল্যাণ্যঃ রূক্ষাঃ পরুষা বাচো যথা মহৎসু ক্ষোভকর্য্যো ন ভবন্তি তদ্বৎ ॥ ২২ ॥

বিশ্বনাথচক্রবর্ত্তী।

তে দেবাঃ পুঙ্খঃ শরস্য মূলদেশঃ একস্য পুঙ্খমনু পতিতোষঃ শরস্তস্য পুঙ্খমেবেবং পতিতৈস্তৈঃ। নভস্থৈর্ঘনৈর্জ্যোতীংষীবেত্যনেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮। ১৯। ২০ ॥ নিশাম্য দৃষ্ট্বা তত্রসু ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ যথা মহৎসু বৈষ্ণবে উষতীরুষত্যঃ যূয়ং শীঘ্রং ম্রিয়ধ্বমিত্যকল্যাণ্যঃ। রূক্ষাঃ পরুষা বাচঃ রে রে অধমা ইত্যাদ্যাঃ ॥ ২২। ২৩। ২৪। ২৫ ॥

কিন্তু একের মূলদেশে অন্যের মূলদেশ যদ্রূপ সংলগ্ন হয়, তদ্রূপে শর পতিত হওয়াতে দেবগণ তদ্দ্বারা চতুর্দ্দিকে আচ্ছন্ন হইয়া আকাশস্থ মেঘ সমূহে আবৃত জ্যোতির্গণের ন্যায় অদৃশ্য হইয়া রহিলেন ॥ ১৮ ॥

সুতরাং অসুরদিগের অস্ত্র শস্ত্র বর্ষণ দেবসেনাগণের উপরে পড়িতে পারিল না, বরঞ্চ আকাশেই লঘুহস্ত অমরগণ কর্ত্তৃক সহস্রখণ্ডে ছিন্ন ভিন্ন হইয়া যাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর অসুরদিগের অস্ত্র শস্ত্র সকল পরিক্ষীণ হইল অতএব তাহারা পর্ব্বত শৃঙ্গ, প্রস্তরখণ্ড ও বৃক্ষ লইয়া দেবতাদিগের উপর বর্ষণ আরম্ভ করিল। দেবতারা ঐ সকলও পূর্ব্ববৎ ছেদন করিয়া দিলেন ॥ ২০ ॥

এই রূপে ভূরি ভূরি অস্ত্র শস্ত্র প্রহারে দেবসৈন্যগণকে অক্ষিণ্ণ ও সুখি এবং বৃক্ষ, পাষাণ ও গিরি শৃঙ্গাদি প্রক্ষেপেও তাহাদিগকে অবিক্ষত দেখিয়া বৃত্র রক্ষিত অসুরগণ সাতিশয় ভীত হইল ॥ ২১ ॥

তাহার পর তাহারা দেবগণের প্রতিকূলে পুনরায় যাহা যাহা করিতে যত্ন করিল, দেবতাদের প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণ অনুকূল থাকাতে সেকলই বিফল হইয়া গেল, যেমন ক্ষুদ্রলোক কর্ত্তৃক অকল্যাণকর রূক্ষ বচন মহদ্ব্যক্তির ক্ষোভদায় হয় না, তদ্রূপ দৈত্যদিগের চেষ্টায় অমরগণের কিঞ্চিন্মাত্র গ্লানি বোধ হইল না ॥ ২২ ॥

৪৩—সংখ্যা।

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

ষষ্ঠ স্কন্ধঃ।

মুর্শিদাবাদ;

বহরম্পুর,—রাধারমণযন্ত্রে

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং

মুদ্রিতঞ্চ

সন ১২৯২। অগ্রহায়ণ

তে স্বপ্রয়াসং বিতথং নিরীক্ষ্য হরাবভক্তা হতযুদ্ধদর্পাঃ।
পলায়নায়াজিমুখে বিসৃজ্য পতিং মনস্তে দধুরাত্তসারাঃ॥ ২৩॥
বৃত্রোঽসুরাংস্তাননুগান্মনস্বী প্রধাবতঃ প্রেক্ষ্য বভাষ এতৎ।
পলায়িতং প্রেক্ষ্য বলঞ্চ ভগ্নং ভয়েন তীব্রেণ বিহস্য বীরঃ॥ ২৪॥
কালোপপন্নাং রুচিরাং মনস্বিনাং জগাদ বাচং পুরুষপ্রবীরঃ।
হে বিপ্রচিত্তে নমুচে পুলোমন্ ময়াঽনর্ব্বন্ শম্বর মে শৃণুধ্বং॥ ২৫॥
জাতস্য মৃত্যুর্ধ্রুব এব সর্ব্বতঃ প্রতিক্রিয়া যস্য নচেহ কপ্তা।
লোকোযশশ্চাথ ততো যদি হ্যমুং কোনাম মৃত্যুং নবৃণীত যুক্তং॥ ২৬॥
দ্বৌ সম্মতাবিহ মৃত্যু দুরাপৌ যদ্ব্রহ্মসন্ধারণয়া জিতাসুঃ।

শ্রীধরস্বামী।

হতো যুদ্ধে দর্পো যেষাং আত্তঃ পরৈ গৃহীতঃ সারোধৈর্য্যং যেষাং তেঽতিপ্রসিদ্ধা অপি তে দৈত্যাঃ। এবং হি তে ইত্যস্তা-পৌনরুক্ত্যং আজিমুখে যুদ্ধারম্ভে পতিং বিসৃজ্য পলায়নায় মনো দধুঃ যতো হরাবভক্তাঃ॥ ২৩॥

প্রধাবতঃ পলায়মানান্ প্রেক্ষ্য আদাবেব তীব্রেণ ভয়েন পলায়িতং ভগ্নঞ্চ সমস্তং সৈন্যং তচ্চ প্রেক্ষ্য এতৎ বক্ষ্যমাণং বভাষে॥ ২৪

তদেব বিশিনষ্টি কালোপপন্নাং অবসরোচিতাং মনস্বিনাং রুচিরাং হে ময় হেঽনর্ব্বন্ মে বাচং শৃণুত॥ ২৫॥

ততো মৃত্যোরিহ যশঃ লোকঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমীচীনং প্রাপ্তঃ বা॥ ২৬॥

ব্রহ্ম সন্ধারণয়া কলেবরং বিজহ্যাদিতি যৎ স একো মৃত্যুঃ বীরশয়ে রণভূমৌ অনিবৃত্তঃ অপরাঙ্মুখঃ সন্ বিজহ্যাদিতি যৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততো মৃত্যোরিহ যশঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমুচিতং॥ ২৬॥

বীরশয়ে সংগ্রামে অনিবৃত্তঃ অভিমুখস্থঃ॥ ২৭॥

হে মহারাজ! অসুরগণ ভগবান্ হরির প্রতি ভক্তি করিত না, সুতরাং তাহাদের সমস্ত দর্প অচি-রেই উচ্ছিন্ন হইয়া গেল ও তাহাদের ধৈর্য্য দেবগণ কর্ত্তৃক গৃহীত হইল অতএব তাহারা যদিও প্রসিদ্ধ যোদ্ধা, তথাচ যুদ্ধের প্রারম্ভেই আপনাদের চেষ্টা সকল বিফল দেখিয়া নিজ প্রভু বৃত্রকে পরিত্যাগ করত আত্মত্রাণের পথ দেখিতে লাগিল॥ ২৩॥

বৃত্রাসুর স্বয়ং মহাবীর, যখন দেখিল অনুগত অসুরগণ ইতস্ততঃ ধাবমান হইতেছে এবং প্রথমেই ভূরি ভূরি সেনা গুরুতর ভয়ে ভগ্ন ও পলায়িত হইয়া সমর পরিত্যাগ করিয়া গিয়াছে, তখন হাস্য করিয়া কহিতে লাগিল॥ ২৪॥

তাহার সে সকল বাক্য সে অবসরের উপযুক্ত এবং মনস্বি জনের মনোহর। সে বলিল অহে বিপ্রচিত্তি! অহে নমুচি! অহে পুলোমন্! অহে ময়! অহে অনর্ব্বন্! অহে শম্বর! আমার বাক্য শ্রবণ কর॥ ২৫॥

জন্মিলে মৃত্যু নিশ্চয়ই হয়, কোন প্রকারে তাহার প্রতিক্রিয়া নাই। ইহাতে যদি সেই মৃত্যু হইতে ইহলোকে যশঃ ও পরলোকে স্বর্গ হইবার সম্ভাবনা হয়, তবে ঐ সমীচীন মৃত্যু উপস্থিত হইলে কোন্ মনস্বী তাহা স্বীকার না করে?॥ ২৬॥

অহে অসুরগণ! সংসারে দুই প্রকার মৃত্যু অতিশয় দুষ্প্রাপ্য, সকলের অদৃষ্টে ঘটিয়া উঠে না।

কলেবরং যোগরতো বিজহ্যাদযদগ্রণী র্বীরশয়েহনিবৃত্তঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বৃত্রবধে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তএবং শংসতোধর্ম্মাং বচঃ পত্যুরশেষতঃ। নৈবাগৃহ্ণন্ত সংত্রস্তাঃ পলায়নপরা নৃপ ॥ ১ ॥

বিশীর্য্যমাণাং পৃতনামাসুরীমসুরর্ষভঃ। কালানুকূলৈস্ত্রিদশৈঃ কাল্যমানামনাথবৎ ॥ ২ ॥

দৃষ্ট্বাতপ্যত সংক্রুদ্ধ ইন্দ্রশত্রুরমর্ষিতঃ। তান্নিবার্য্যৌজসারাজন্নির্ভৎর্স্যেদমুবাচহ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

স চৈকঃ। দ্বৌ দ্বাবিহ শাস্ত্রে সম্মতৌ মৃত্যু তথাচ স্মৃতিঃ। দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হত ইতি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশমঃ ॥ * ॥

একাদশেতু বৃত্রস্য যুধ্যমানস্য বজ্রিণা। ভক্তিজ্ঞান বলোদর্কাশ্চিত্রা বাচোঽনুবর্ণিতাঃ ॥ ০ ॥

শংসতঃ কথয়তঃ পত্যুর্ব্বচঃ ॥ ১ ॥

কালানুকূলৈঃ কালানুবর্ত্তিভিঃ। কাল্যমানাং বিদ্রাব্যমাণাং ॥ ২ ॥

অমর্ষিতঃ অসহমানঃ তাং ত্রিদশান্নিবার্য্য নির্ভৎর্স্যচ ইদং বক্ষ্যমাণমুবাচ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাদশেতু সংগ্রাম মধ্যে বৃত্রস্য বর্ণিতাঃ। শৌর্য্যনয়োগিবঃ কাশ্চিৎ প্রেমময্যশ্চ কাশ্চন ॥ ০ ॥

অনাথবৎ অনাথামিব তাংস্ত্রিদশান্ ॥ ১ । ২ । ৩ ॥

হে মাতৃরুচ্চরিতাঃ পুরীষতুল্যা দেবাঃ পৃষ্ঠতোহতৈ র্দৈত্যৈঃ কিং যশো নাপি ধর্ম্মঃ। তৃতীয়ান্ত পাঠে দৈত্যানাং বিশেষণং ভীতানাং বধো ন শ্লাঘ্যঃ কর্ত্তৃকর্ম্মণোরুভয়োরপি যশো ধর্ম্মাভাব ব্যঞ্জকত্বাৎ জুগুপ্সিত ইত্যর্থঃ ॥ ৪ ॥

এক যোগ ধারণা পূর্ব্বক প্রাণাদি জয় পূর্ব্বক শরীর পরিত্যাগ, দ্বিতীয় সেনার অগ্রণী হইয়া সমরাঙ্গণে অপরাঙ্মুখে কলেবর বিসর্জন। অতএব ধর্ম্মশাস্ত্রেও কহিয়াছেন, যোগযুক্ত সন্ন্যাসী ও সম্মুখ যুদ্ধে নিহত যোদ্ধা এই দুই ব্যক্তি সূর্য্যমণ্ডল ভেদ করিয়া গমন করেন ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশম ॥ * ॥

একাদশ অধ্যায়ে বজ্রধারি ইন্দ্রের সহিত যুধ্যমান বৃত্রাসুরের ভক্তি, জ্ঞান ও বল সম্বন্ধীয় বিচিত্র কথা ॥ ০ ॥

শুকদেব কহিলেন রাজন্! বৃত্রাসুর অসুর সকলের প্রভু, সে ঐ প্রকার ধর্ম্মোপেত বাক্য প্রয়োগ করিতে থাকিলেও অসুরেরা সে সকল গ্রহণ করিল না, ত্রস্ত হইয়া পলায়নই করিতে লাগিল ॥ ১ ॥

অপর দেবতারা কালানুবর্ত্তী হইয়া তাড়াইয়া দিতে দিলেন, তাহাতে আসুরী সেনাও অনাথবৎ বিশীর্ণ হইয়া যাইতেছিল ॥ ২ ॥

ঐ সকল অবলোকন করিয়া ইন্দ্রশত্রু বৃত্রের হৃদয় অতিশয় সন্তপ্ত হইল। অসুর রাজ ঐ অসুরগণ সমক্ষে ঐ ব্যাপার সহ্য করিতে অসমর্থ হইয়া ভয়ঙ্কর ক্রোধ প্রকাশ পূর্ব্বক বল দ্বারা অমর নিকরকে নিবারণ ও ভৎর্সনা করিয়া কহিতে লাগিল ॥ ৩ ॥

কিং ব উচ্চরিতৈর্মাতুর্ধাবদ্ভিঃ পৃষ্ঠতোহতৈঃ। নহি ভীতবধঃ শ্লাঘ্যো নস্বর্গ্যঃ শূরমানিনাং ॥ ৪ ॥
যদি বঃ প্রধনে শ্রদ্ধা সারং বা ক্ষুল্লকা হৃদি। অগ্রে তিষ্ঠত মাত্রং মে নচেদ্গ্রাম্যসুখে স্পৃহা ॥ ৫ ॥
এবং সুরগণান্ ক্রুদ্ধো ভীষয়ন্ বপুষা রিপূন্। ব্যনদৎসু মহাপ্রাণো যেন লোকা বিচেতসঃ ॥ ৬ ॥
তেন দেবগণাঃ সর্ব্বে বৃত্রবিস্ফোটনেন বৈ। নিপেতুর্মূর্চ্ছিতা ভূমৌ যথৈবাশনিনা হতাঃ ॥ ৭ ॥
মমর্দ্দ পদ্ভ্যাং সুরসৈন্যমাতুরং নিমীলিতাক্ষং রণরঙ্গদুর্ম্মদঃ।
গাং কম্পয়ন্নুদ্যতশূল ওজসা নালং বনং যূথপতির্যথোন্মদঃ ॥
বিলোক্য তং বজ্রধরোত্যমর্ষিতঃ স্বশত্রবেঽভিদ্রবতে মহাগদাং।

শ্রীধরস্বামী।

তদাহ দ্বাভ্যাং। মাতুরুচ্চরিতৈঃ পুরীষপ্রায়ৈঃ মাতুরুচ্চরিতা ইতি প্রথমান্ত পাঠে দেবানাং সম্বোধনং পৃষ্ঠতো হতৈঃ দৈত্যৈঃ কিং ন কিঞ্চিৎ ন যশো নাপি ধর্ম্মঃ। তদেবাহ নহীতি ॥ ৪ ॥
প্রধনে সংগ্রামে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ মাত্রং ক্ষণমাত্রং মে অগ্রে তিষ্ঠত নচেদিহলোকভোগে স্পৃহা অস্তি ॥ ৫ ॥
সুরগণান্ বিপূন্ সুমহান্ প্রাণো বলং যস্য যেন বিচেতসো বভূবুঃ ॥ ৬ ॥
বৃত্রস্য বিস্ফোটনেন নাদেন ॥ ৭ ॥
উদ্যতং শূলং যেন নালং নলানাং বনং। উন্মাতো মদো যস্য সঃ। যূথপতি র্গজো যথা মর্দ্দয়তি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রধনে যুদ্ধে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ ॥ ৫ । ৬ ॥
বৈ ইতি চার্থে বিস্ফোটিতং উরু প্রগণ্ডয়োঃ করতলাঘাতস্তেন চ ॥ ৭ ॥
আতুরত্বাদেব মুদ্রিতনেত্রং। নলানাং বনং নালং যূথপতির্হস্তী ॥

অহে দেবগণ! তোমারা মাতার পুরীষ প্রায়, বৃথা কেন ধাবমান হইতেছ? পৃষ্ঠের দিকে থাকিয়া দৈত্যদিগকে বধ করিলে কি হইবে? ইহাতে যশঃ বা ধর্ম্ম কিছুইত হইবার সম্ভাবনা দেখিতেছি না, কেন না যাহারা আপনাদিগকে শূর বলিয়া মানে তাহাদিগের ভীত ব্যক্তিকে বধ করা শ্লাঘ্য অথবা স্বর্গ্য নহে অর্থাৎ যশোধর্ম্মের অভাব হেতু প্রত্যুত জুগুপ্সাই হয় ॥ ৪ ॥

অরে ক্ষুদ্রচিত্ত দেবগণ! যদি তোদের যুদ্ধে শ্রদ্ধা অথবা হৃদয়ে ধৈর্য্য থাকে, আর যদি গ্রাম্য ভোগে স্পৃহা না করিস্, আমার অগ্রে কিঞ্চিৎ কাল থাক্ দেখি ॥ ৫ ॥

হে রাজন্! বৃত্র এই প্রকারে ক্রুদ্ধ হইয়া স্বীয় শরীর দ্বারা বিপক্ষ দেবগণকে ভয় প্রদর্শন করিতে করিতে ঐ অসুর মহাবলে এমত গর্জ্জন করিল যে, তদ্দ্বারা ত্রিভুবন অচেতন প্রায় হইল ॥ ৬ ॥

মহারাজ! বৃত্রাসুরের সিংহনাদে দেবতারা সকলেই বজ্রাহতের ন্যায় মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥ ৭ ॥

ঐ দানব সমরাঙ্গণে দুর্ম্মদ হইয়াছিল, অসুরগণকে আতুর হইয়া পড়িতে এবং ভয়ে তাহাদের নয়ন নিমীলিত হইতে দেখিয়াও তাহার কিঞ্চিন্মাত্র দয়া হইল না, প্রত্যুত মদমত্ত যূথপতি গজ, পদ দ্বারা যেমন নল বন মর্দ্দন করে তাহার ন্যায় শূল উত্তোলন পূর্ব্বক তেজে পৃথিবী কম্পিত করত দুই পা দিয়া সেই সকল পতিত সুর সেনাকে মর্দ্দিত করিতে লাগিল। তাহার এই প্রকার ব্যবহার দেখিয়া বজ্রধারি দেবরাজের রোষানল প্রজ্বলিত হইল, পরে নিজ শত্রু ঐ অসুরকে আপনার অভিমুখে ধাবমান হইয়া আসিতে দেখিয়া তাহার প্রতি অসহ্যবেগ মহতী গদা নিক্ষেপ করিলেন। হে রাজন্!

চিক্ষেপ তামাপততীং সুদুঃসহাং জগ্রাহ বামেন করেণ লীলয়া।
স ইন্দ্রশত্রুঃ কুপিতো ভৃশং তয়া মহেন্দ্রবাহং গদয়োরুবিক্রমঃ।
জঘান কুম্ভস্থল উন্নদন্ মৃধে তৎকর্ম্ম সর্ব্বে সমপূজয়ন্ নৃপ ॥ ৮ ॥
ঐরাবতো বৃত্রগদাভিমৃষ্টো বিঘূর্ণিতোঽদ্রিঃ কুলিশাহতো যথা।
অপাসরদ্ভিন্নমুখঃ সহেন্দ্রো মুঞ্চন্নসৃক্ সপ্তধনুর্ভৃশার্ত্তঃ ॥ ৯ ॥
ন সন্নবাহায় বিষণ্ণচেতসে প্রাযুঙ্‌ক্ত ভূয়ঃ স গদাং মহাত্মা।
ইন্দ্রোঽমৃতস্যন্দিকরাভিমর্শবীতব্যথক্ষতবাহোঽবতস্থে ॥ ১০ ॥
স তং নৃপেন্দ্রাহবকাম্যয়া রিপুং বজ্রায়ুধং ভ্রাতৃহণং বিলোক্য।
স্মরংশ্চ তৎকর্ম্ম নৃশংসমংহঃ শোকেন মোহেন হসন্ জগাদ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সপ্তধনুঃ প্রমাণং দেশং ॥ ৯ ॥

সন্নোঽবসন্নো বাহো যস্য তস্মৈ ন প্রাযুঙ্‌ক্ত। অমৃতস্যন্দী অমৃতস্রাবী যঃ করঃ তেনাভিমর্শঃ স্পর্শঃ তেন বীতব্যথো গত[illegible] বাহো যস্য সঃ তথাভূতোঽবতস্থে ॥ ১০ ॥

স বৃত্রঃ হে নৃপেন্দ্র আহবকাম্যয়া যুদ্ধেচ্ছয়া অবস্থিতং ভ্রাতৃহণং ভ্রাতরং বিশ্বরূপং হতবন্তং নৃশংসং ক্রূরং তদেবাংহঃ পাপং [illegible] স্মরন্। ১১।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

[illegible] ॥ ৮ ॥
ভিন্নমুখঃ [illegible] সপ্তধনুরষ্টাবিংশতি হস্তমাত্রং। ৯ ॥
সন্নোঽবসন্নো [illegible] যস্য তস্মৈ। অমৃতস্যন্দী অমৃতস্রাবী যঃ করঃ তস্যাভিমর্শেন স্পর্শেন গতব্যথঃ ॥ ১০ ।
নৃশংসং [illegible] । ১১ ।

বৃত্রাসুরের বল সামান্য নয়, অমর রাজের গদা আসিয়া পড়িবার উপক্রম হইতেই সে অবলীলাক্রমে বাম করে ধারণ করিল এবং সাতিশয় কুপিত হইয়া বদন উন্নত করত ঘোরতর গর্জ্জন করিতে করিতে ঐ গদা দ্বারাই দেবরাজের বাহন ঐরাবতের কুম্ভ স্থলে আঘাত করিল। হে রাজন্! বিপক্ষ পক্ষ ব্যক্তি মাত্রেই মহাবল বৃত্রের ঐ কর্ম্মের মহত্ত্ব প্রশংসা করিয়াছিল ॥ ৮ ॥

সে যাহা হউক, মহেন্দ্র বাহন ঐরাবত গজ অসুর রাজের গদা দ্বারা আঘাতিত হইয়া বজ্রাহত পর্ব্বতের ন্যায় ঘূর্ণিত হইল এবং অতিশয় আতুর হইয়া বিবর্ণ বদনে রুধির বমন করিতে করিতে দেবরাজের সহিত রণস্থল হইতে সপ্তধনুঃ অর্থাৎ অষ্টাবিংশতি হস্ত প্রমাণ অন্তর এক প্রদেশে অপসৃত হইয়া গেল ॥ ৯ ॥

বৃত্রাসুর অতিশয় মহাত্মা এ প্রযুক্ত ইন্দ্রবাহন ঐরাবণ অবসন্ন ও বিষণ্ণচিত্ত হইলে, তাহার প্রতি পুনর্ব্বার আর অস্ত্রক্ষেপ করিল না, অতএব দেবরাজ আপনার ক্ষত বাহনের গাত্র অমৃত-স্রাবি কর দ্বারা স্পর্শ করিয়া ব্যথা নিবারণ করত কিঞ্চিৎ কাল বিশ্রামার্থ অবস্থান করিলেন ॥ ১০ ॥

হে রাজন্! বৃত্রাসুর দেখিল ইন্দ্র যুদ্ধ পরিত্যাগ করিয়া যাইতেছেন না, পুনর্ব্বার রণ করিবার বাসনায় অবস্থিতি করিতেছেন, অতএব বজ্রধারী ও ভ্রাতৃহন্তা ঐ দেবের সেই সকল ক্রূর কর্ম্ম, যাহা পাপ স্বরূপ, স্মরণ করিয়া শোক ও মোহে হাঁসিতে হাঁসিতে বলিতে লাগিল ॥ ১১ ॥

বৃত্র উবাচ ॥

দিষ্ট্যা ভবান্মে সমবস্থিতোরিপুর্যোব্রহ্মহা গুরুহা ভ্রাতৃহাচ।

দিষ্ট্যাঽনৃণোদ্যাহমসত্তম ত্বয়া মচ্ছূল নির্ভিন্নদৃশদ্ধৃদাচিরাৎ ॥ ১২ ॥

যোনোগ্রজস্যাত্মবিদোদ্বিজাতেগু র্বোরপাপস্যচ দীক্ষিতস্য।

বিশ্রভ্য খড়্গেন শিরাংস্যবৃশ্চৎ পশোরিবাকরুণঃ স্বর্গকামঃ ॥ ১৩ ॥

শ্রী হ্রী দয়া কীর্ত্তিভিরুজ্‌ঝিতং ত্বাং স্বকর্ম্মণা পুরুষাদৈশ্চগর্হ্যং।

কৃচ্ছ্রেণ মচ্ছূলবিভিন্ন দেহমস্পৃষ্ট বহ্নিং সমদন্তি গৃধ্রাঃ ॥ ১৪ ॥

অন্যেনু যেত্বেহ নৃশংসমজ্ঞা যদুদ্যতাস্ত্রাঃ প্রহরন্তি মহ্যং।

শ্রীধরস্বামী।

যো ব্রহ্মহা ব্রাহ্মণং হতবান্ বিশেষতঃ স্বগুরুং মমচ ভ্রাতরং স ভবানগ্রতঃ সমবস্থিতঃ। এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতং দিষ্ট্যেত্যব্যয় মানন্দার্থে। হে অসত্তম মম শূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যং ত্বৎ হৃদয়ং যস্য তেন ত্বয়া নিমিত্তভূতেন অদ্য অচিরাদেব ভ্রাতুরনৃণোঽহং স্যাং এতচ্চ দিষ্ট্যা ॥ ১২ ॥

স্বর্গকামো নো ভবান্ অবৃশ্চৎ। স্বর্গকামো যাজ্ঞিকঃ পশোরিবেত্তি বা ॥ ১৩ ॥

তং ত্বামস্পৃষ্টবহ্নিং অদগ্ধদেহং সমদন্তি। বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমান বন্নির্দ্দেশঃ ॥ ১৪ ॥

অন্যেঽপি যে অজ্ঞা ইহ ত্বা ত্বাং নৃশংসমনু মহ্যমুদাত্তাস্ত্রাঃ সন্তোযদি প্রহরন্তি তৈ র্ভূতনাথান্ ভৈরবাদীন্ যক্ষ্যামি। কথ-

ক্রমসন্দর্ভঃ।

অস্পৃষ্ট বহ্নিং সমদন্তীতি ক্রোধেনৈবাসম্ভবোক্তিঃ ॥ ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মচ্ছূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যং হৃদয়ং তথাভূতেন সতা অদ্যাহমনৃণোঽভূবং ॥ ১২ ॥

স্বর্গকামো যাজ্ঞিকো ভবাংশ্চ ॥ ১৩ ॥

সমদন্তীতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদিতি লট্ ॥ ১৪ ॥

অন্যে যে ত্বা ত্বাং অনুগতাঃ তৈর্যজামি যক্ষ্যামি অসুরবাদৈব। তেন চাসুবান্ অসুরেষ্টদেবান্ ভূতনাথাংশ্চ প্রীণয়ামীত্যর্থঃ ॥১৫॥

বৃত্রাসুর কহিল অহো! যে ব্যক্তি ব্রহ্মঘাতক বিশেষতঃ স্বীয় গুরু ও আমার ভ্রাতার নিধনকারী, সেই মদীয় শত্রু তুমি আমার অগ্রে অবস্থিত রহিয়াছ, কি সৌভাগ্য! অহে অসত্তম! তোমার পাষাণ তুল্য হৃদয় শূল দ্বারা নির্ভিন্ন করিয়া অদ্য আমি অচিরে যে ভ্রাতার অঋণী হইব ইহাও ভাগ্য ক্রমে ঘটিয়াছে ॥ ১২ ॥

অহো! আমাদের অগ্রজ বিশ্বরূপ, সুব্রাহ্মণ, আত্মজ্ঞ, নিষ্পাপ, দীক্ষিত হইয়া যাগ করিতেছিলেন, তিনি তোমারও অন্য কেহ নহেন, পরম গুরু, অকরুণ হইয়া স্বর্গকামী যাজ্ঞিক যেমন যজ্ঞীয় পশুর শিরশ্ছেদ করে তাহার ন্যায় খড়্গ দ্বারা তুমি সেই মহাত্মার মস্তক ছেদন করিয়াছ ॥ ১৩ ॥

নিশ্চয় জানিতে পারিলাম দয়া, লজ্জা, শ্রী ও কীর্ত্তি তোমাকে পরিত্যাগ করিয়াছে, আপনার কর্ম্ম দোষে রাক্ষসদের নিকটেও তুমি নিন্দনীয় হইয়াছ। অতএব আমি এই শূল দ্বারা তোমার হৃদয় নির্ভিন্ন করি, অগ্নি তোমার এ পাপ দেহকে স্পর্শ করিবেন না, গৃধ্রগণ ইহাকে ভক্ষণ করুক ॥ ১৪ ॥

অন্যান্য যে সকল অজ্ঞ দেব এখানে উপস্থিত আছে, ইহারা যদি ক্রূর কর্ম্মা তোমার অনুগামী হইয়া অস্ত্র উদ্যম পূর্ব্বক আমাকে প্রহার করে, তীক্ষ্ণীকৃত ত্রিশূল দিয়া ইহাদেরও গলদেশ নির্ভিন্ন

তৈর্ভূতনাথান্ সগণান্ নিশাত ত্রিশূল নির্ভিন্নগলৈর্যজামি ॥ ১৫ ॥
অথো হরে মে কুলিশেন বীর হর্ত্তা প্রমথ্যৈব শিরোযদীহ।
তত্রানৃণোভূতবলিং বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ॥ ১৬ ॥
সুরেশ কস্মান্ন হিনোষি বজ্রং পুরঃস্থিতে বৈরিণি ময্যমোঘং।
মা সংশয়িষ্ঠা ন গদেব বজ্রঃ স্যান্নিষ্ফলঃ কৃপণার্থেব যাচ্ঞা ॥ ১৭ ॥
নম্বেষ বজ্রস্তব শক্র তেজসা হরের্দধীচস্তপসা চ তেজিতঃ।

শ্রীধরস্বামী।

ভূতৈঃ নিশাতং তীক্ষ্ণীকৃতং যৎ মম ত্রিশূলং তেন নির্ভিন্নো গলো যেষাং তৈঃ ॥ ১৫ ॥

অথো অথবা হরে ভো ইন্দ্র যদি ভবানেব মম শিরোহর্ত্তা হরিষ্যতি তত্র তথা সতি অনৃণো বিমুক্ত কর্ম্ম বন্ধনঃ সন্ ভূতেভ্যো বলিং দেহেন বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ধীরাণাং পদং প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

জীবিতাদপি মৃত্যুরেব মমাভিমত ইত্যাশয়েনাহ সুরেশেতি নহিনোষি নক্ষিপসি গদেব নিষ্ফলো যাস্যতীতি সংশয়ং মাকার্ষীঃ কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ তং প্রোৎসাহয়তি নম্বিতি তেজিতঃ তীক্ষ্ণীকৃতঃ শত্রুং মাং জহি বিষ্ণুনা যন্ত্রিতঃ প্রেরিতঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অথো অথবা ভূতেভ্যঃ শৃগালাদিভ্যো বলিং স্বদেহেনাতিস্থূলেন বিধায় দত্ত্বা অনৃণঃ শোধিত ঋণঃ সন্ মনস্বিনাং শ্রীনারদাদি ভক্তানাং পাদরজঃ প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

ত্বং যথা জীবিত্বা স্বর্গীয় বিষয়ভোগমভিলষসি তথৈবাহং মৃত্বা বৈকুণ্ঠে ভগবতঃ সাক্ষাচ্চরণসেবামভিলষামীতি তবচ মম চাভীষ্টং সিধ্যতু কিমিতি মদ্বধে বিলম্বসে ইত্যাহ সুরেশেতি বজ্রক্ষেপসৌবস্তৃতং লক্ষ্যং কদা প্রাপ্স্যসীত্যাহ। পুর এব কেবলং স্থিতে নতু কমপি প্রতীকারঃ কুর্ব্বতীত্যর্থঃ। নন্ন মহাসত্ত্বে ত্বয়ি কদাচিদ্বজ্রক্ষেপো নিষ্ফলঃ স্যাদিতি শঙ্কে তত্রাহ অমোঘমব্যর্থং। নমু গদা যথা মদীয়ৈব ত্বৎপাণিগতা মম পীড়াকরী সাক্ষাদেবাভূৎ তথৈব যদি বজ্রোপি স্যাত্তদাহং কিং করিষ্যামীত্যত আহ। মেতি কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা বজ্রং নিষ্ফলং ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ প্রোৎসাহয়তি। নম্বিতি হরে র্ভগবতঃ তেজসা দধীচস্তপসাচ তেজিত স্তীক্ষ্ণীকৃতঃ। বিষ্ণুনা যন্ত্রিতঃ। প্রেরিতঃ যতো যত্র পক্ষে ॥ ১৮ ॥

করত রুধির দ্বারা সগণ ভূতনাথ ভৈরবগণকে অর্চ্চনা করিব ॥ ১৫ ॥

অহে ইন্দ্র ! যদি তুমি প্রকৃষ্ট রূপে মথন পূর্ব্বক বজ্র দ্বারা আমার শিরঃ হরণ কর তাহাতেও আমার কোন ক্ষতি নাই, আমি কর্ম্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া স্বীয় দেহ দ্বারা ভূত সকলের বলি বিরচন পূর্ব্বক ধীর জনের গতি প্রাপ্ত হইব ॥ ১৬ ॥

অনন্তর জ্ঞানোদয় হওয়াতে জীবন অপেক্ষা নিধনই আমার অভিমত, এই আশয়ে বলিতে লাগিল, অহে সুরেশ ! আমি তোমার সম্মুখে উপস্থিত আছি, আমার প্রতি বজ্র কেন ক্ষেপণ করিতেছ না ? হে মহেন্দ্র ! এই অশনি অমোঘ, এমত মনে আশঙ্কা করিও না যে কৃপণ সন্নিধানে যাচ্ঞা যদ্রূপ নিষ্ফল হয় তদ্রূপ গদার ন্যায় ইহাও বিফল হইবে ॥ ১৭ ॥

হে শক্র ! তোমার এই কুলিশ ভগবান্ হরির তেজে, তথা দধ্যঙ্ ঋষির তপস্যায় তীক্ষ্ণীকৃত হইয়া আছে, তুমি এই অশনি দ্বারা শত্রুকে (আমাকে) বধ কর, তুমি বিষ্ণু কর্ত্তৃক প্রেরিত হইয়াছ

তেনৈব শক্রং যদি বিষ্ণুযন্ত্রিতো যতো হরির্বিজয়ঃ শ্রীগুর্ণাস্ততঃ ॥ ১৮ ॥
অহং সমাধায় মনো যথাহ নঃ সঙ্কর্ষণস্তচ্চরণারবিন্দে।
ত্বদ্বজ্ররংহোলুলিত গ্রাম্যপাশো গতিং মুনে র্যাম্যপবিদ্ধলোকঃ ॥ ১৯ ॥
পুংসাং কিলৈকান্তধিয়াং স্বকানাং যাঃ সম্পদো দিবি ভূমৌ রসায়াং।
নরাতি যদ্দ্বেষ উদ্বেগ আধি মর্দঃ কলি র্ব্যসনং সংপ্রয়াসঃ ॥ ২০ ॥
ত্রৈবর্গিকায়াস বিঘাতমস্মৎ পতির্বিধত্তে পুরুষস্য শক্র।

শ্রীধরস্বামী।

হননে মম পীড়া স্যাদিত্যপি মাসংশয়িষ্ঠা ইত্যাশয়েনাহ অহমিতি। সঙ্কর্ষণো মৎপতি র্যথাহ তথা তদীয় চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি তব বজ্রস্য রংহসা লুলিতশ্ছিন্নোগ্রাম্যপাশো বিষয়ভোগ লক্ষণো যস্য। অপবিদ্ধ লোকস্ত্যক্তদেহঃ ॥ ১৯ ॥

তর্হি ভগবান্ স্বভৃত্যায় মহ্যমেব স্বর্গাদি সম্পদো দাস্যতীতি মাসংশয়িষ্ঠা ইত্যাহ পুংসামিতি। স্বর্গে ভূমৌ রসাতলেচ যা সম্পদস্তাঃ কিল নিশ্চিতং নরাতি নদদাতি। তত্র হেতুঃ যৎ যাভ্যঃ দ্বেষাদয়ো ভবন্তি ॥ ২০ ॥

তর্হি স্ব ভক্তস্য কিং বিধত্তে তদাহ ত্রৈবর্গিকো ধর্ম্মার্থ কাম বিষয়ো য আয়াসঃ তস্য বিঘাতং বিধত্তে। তত আয়াসোপর

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অথমেবং মাং প্রলোভ্য পুনঃ পরাক্রমাবিষ্কারেণ বজ্রঞ্চ নিষ্ফলয্য পুনরপি মাং হনিষ্যতীতি মামংস্থাঃ। অহং বৎ করোমি তদেকাগ্রমনাঃ শৃণ্বিত্যাহ অহমিতি সঙ্কর্ষণো নোঽস্মাকং প্রভুঃ যথা আহ তথা তচ্চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি। ত্বদ্বজ্রস্য রংহসা লুলিতঃ খণ্ডিতঃ গ্রাম্যপাশাকার এতদ্দেহো যস্য সঃ। অপবিদ্ধ লোকঃ ত্যক্তত্রিলোকৈশ্বর্য্যঃ ॥১৯

তর্হি স্বভক্তিতোষিতঃ সঙ্কর্ষণ স্তুভ্যমেব স্বর্গাদ্যৈশ্বর্য্যং দাস্যতীতি মাবাদীঃ। শৃণু হে শক্র মৎপ্রভোঃস্বঞ্চ ভক্তোঽহঞ্চ ভক্ত স্তত্র তুভ্যমেব ভোগৈশ্বর্য্যং দদাতি নতু মহ্যমিত্যত্র কারণং মৎ প্রভোঃ স্বভাবমেব শৃণ্বিত্যাহ পুংসামিতি। যাঃ সংপদঃ তা একান্তধীভ্যঃ পুংভ্যো নরাতি নদদাতি কুতঃ যদ্যতঃ সংপদ্ভ্যো দ্বেষাদয়োভক্তিসুখে বিক্ষেপকা ভবন্তীত্যতঃ ॥ ২০ ॥

রূপৌদার্য্যবয়ো জন্ম বিদ্যৈশ্বর্য্য শ্রিয়াদিভিঃ। সম্পন্নস্য গুণৈঃ সর্ব্বৈশ্চিন্তা বন্ধ্যাপতেরভূৎ।
ন তস্য সম্পদঃ সর্ব্বা মহিষ্যো বামলোচনাঃ। সার্ব্বভৌমস্য ভূশ্চেয়মভবন্ প্রীতিহেতবঃ।
তস্যৈকদাতু ভবনমঙ্গিরা ভগবানৃষিঃ। লোকাননুচরন্নেতানুপাগচ্ছদ্‌যদৃচ্ছয়া॥ ৮॥
তং পূজয়িত্বা বিধিবৎ প্রত্যুত্থানার্হণাদিভিঃ। কৃতাতিথ্যমুপাসীদৎ সুখাসীনং সমাহিতঃ।

শ্রীধরস্বামী।

যথা যথাবৎ শৃণু॥ ৬॥

ভার্য্যাসহস্রাণাং দশসহস্রাণি কোটিরিত্যর্থঃ। সান্তানিকঃ স্বয়ং সন্তানার্হোঽপি পুত্রোৎপাদন সমর্থোঽপি তাসু সন্ততিং ন লেভে সর্ব্বাস্তাঃ স্ত্রিয়ো বন্ধ্যা এব দৈবযোগেন মিলিতা ইতি ভাবঃ॥ ৭॥

তদেবাহ বন্ধ্যাপতেরিতি॥ ৮॥

উপাসীদৎ তস্য সমীপে উপবিবেশ। সমাহিতঃ সংযতঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভার্য্যা সহস্রাণাং দশ সহস্রাণি কোটিরিত্যর্থঃ। সান্তানিকঃ সন্তান প্রয়োজনকঃ ন কেবলং বিষয়ভোগার্থমেব তাবত্যো ভার্য্যা ইতি ভাবঃ॥ ৭॥

বন্ধ্যাপতেরিতি সর্ব্বাস্তা বন্ধ্যাএব দৈবযোগেন মিলিতা ইতি ভাবঃ॥ ৮। ৯॥

ছিল এমত বলিতে পারি না, কারণ সময়ে তাহার এমত পৌরুষ প্রকাশ হয় যে, তাহাতে সহস্রাক্ষের পরম পরিতোষ জন্মিয়াছিল।

সূত কহিলেন হে মুনিগণ! শ্রদ্ধান্বিত মহারাজ পরীক্ষিতের ঐ সকল প্রশ্ন শ্রবণ করিয়া শুকদেব আনন্দ প্রকাশ পূর্ব্বক প্রতিবচন প্রদান করিলেন॥ ৫॥

শুকদেব কহিলেন রাজন্! এ বিষয়ে একটী ইতিহাস দ্বৈপায়নের প্রমুখাৎ তথা নারদ ও দেবলের সকাশাৎ শ্রুত হইয়াছি, তোমাকে তাহাই বলিতেছি অবহিত চিত্তে যথাবৎ শ্রবণ কর। হে নৃপ! পূর্ব্বকালে শূরসেন দেশে বিখ্যাত চিত্রকেতু নামে সার্ব্বভৌম এক নরপতি ছিলেন, তাঁহার এবম্বিধ প্রতাপ ছিল, যে অবনি আপনি তদীয় অভিলষিত কাম সকল দোহন করিয়া দিতেন॥ ৬॥

হে মহারাজ! ঐ চিত্রকেতুর কোটি সংখ্যক ভার্য্যা এবং নিজেরও পুত্রোৎপাদনের সামর্থ্য ছিল তথাচ তাঁহার ঐ সকল বনিতায় একটীও সন্ততি লাভ হইল না অর্থাৎ দুর্দ্দৈব বশতঃ সকল সহধর্ম্মিণীই বন্ধ্যা হইল॥ ৭॥

স্বয়ং রূপ, লাবণ্য, বয়স, বিদ্যা, কৌলীন্য, ঐশ্বর্য্য, ঔদার্য্য এবং সম্পদ্ ইত্যাদিতে সম্পন্ন ও সর্ব্বগুণে অলঙ্কৃত হইলেও বন্ধ্যা ভার্য্যাদিগের ভর্ত্তা হওয়াতে চিত্রকেতুর অন্তঃকরণ ক্রমে চিন্তাকুল হইল। সুতরাং সমস্ত সম্পদ, সমুদায় বামলোচনা মহিষী এবং নিখিল ভূমি কিছুই ঐ সার্ব্বভৌম নরপতির প্রীতিপ্রদ হইল না। একদা ভগবান্ অঙ্গিরা ঋষি যদৃচ্ছাক্রমে সমস্ত লোক ভ্রমণ করিতে করিতে ঐ নরপতির ভবনে আসিয়া উপস্থিত হইলেন॥ ৮॥

ব্রহ্মপুত্র অঙ্গিরাকে অবলোকন করিবামাত্র রাজা চিত্রকেতু ব্যস্ত সমস্ত হইয়া প্রত্যুত্থান

মহর্ষিস্তমুপাসীনং প্রশ্রয়াবনতং ক্ষিতৌ। প্রতিপূজ্য মহারাজ সমাভাষ্যেদমব্রবীৎ ॥ ৯ ॥

অঙ্গিরা উবাচ ॥

অপি তে নাময়ং স্বস্তি প্রকৃতীনাং তথাত্মনঃ। যথা প্রকৃতিভির্গুপ্তঃ পুমান্ রাজাচ সপ্তভিঃ।

আত্মানং প্রকৃতিষদ্ধা নিধায় শ্রেয় আপ্নুয়াৎ ॥ ১০ ॥

রাজ্ঞা তথা প্রকৃতয়ো নরদেবাহিতাধয়ঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অপি কিং অনাময়মারোগ্যং স্বস্তি শুভং প্রকৃত্যধীনমেব রাজ্যমিতি সদৃষ্টান্ত মাহ। যথা মহদাদিভিঃ সপ্তভিঃ প্রকৃতিভিঃ পুমান্ জীবো নিত্যং গুপ্তো ভবতি। নতু তদ্ব্যতিরেকেণ ক্ষণমপি তিষ্ঠতি। তথা রাজাচ সপ্তভিঃ। স্বাম্যমাত্যৌ জনপদ দুর্গদ্রবিণ সঞ্চয়াঃ। দণ্ডোমিত্রঞ্চ তস্যৈতাঃ সপ্ত প্রকৃতয়োমতা ইত্যুক্ত লক্ষণাভি নিত্যং গুপ্তঃ সন্। আত্মানং প্রকৃতিষু অদ্ধা সাক্ষান্নিধায় তদনুবর্ত্তিনং কৃত্বা শ্রেয়োরাজ্য সুখং প্রাপ্নুয়াদিত্যর্থঃ। স্বামী গুরুঃ স্বয়ং বা মন্ত্রসহায়ো মিত্রং কর্ম সহায়োঽমাত্য ইতি ভেদঃ ॥ ১০ ॥

প্রকৃতীনাঞ্চ সুখং রাজাধীনমেবেত্যাহ। হে নরদেব তথা প্রকৃতয়োপি রাজ্ঞা আহিতাধয়ঃ নিহিত নিক্ষেপাঃ ধনৈঃ সমৃদ্ধা ভবন্তি। আহতাধয় ইতি পাঠে আসমন্ততো হতাধয়ো নিরস্ত মনো দুঃখা ভবন্তীত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপি কিমনাময়মারোগ্যং স্বস্তি শুভং প্রকৃতীনামমাত্যাদীনাং রাজ্ঞঃ সুখমমাত্যাদি সুখাধীনমেব আমাত্যাদি সুখমপি রাজসুখাধীনমিতি সদৃষ্টান্তমাহ যথা মহদাদিভিঃ প্রকৃতিভিঃ সপ্তভিঃ পুমান জীবো নিত্যং গুপ্তো ভবতি নতু তদ্ব্যতিরেকেণ ক্ষণমপি তিষ্ঠতি তথা রাজাপি সপ্তভিঃ স্বাম্যমাত্য সুহৃৎ কোষরাষ্ট্র দুর্গবলৈঃ। স্বামাত্র গুরুঃ। রাজা আত্মানং স্বপ্রকৃতিষু নিধায় অদ্ধা সর্ব্বভাবং নিক্ষিপ্য ইত্যর্থঃ। শ্রেয়ঃ রাজ্য সুখং ॥ ১০ ॥

নরদেবে রাজন্যেব আহিতঃ অর্পিতঃ আধিধন তুরগহস্ত্যাদি তৃষ্ণামূলা মনঃ পীড়া যৈস্তে। রাজ্ঞা গুপ্তা। আহতাধয় ইতি পাঠে নরদেবেন নাশিত মনোদুঃখাঃ শ্রেয় আপ্নুয়ুঃ ॥ ১১ ॥

করিলেন। অনন্তর ঋষিবর আসনে অধ্যাসীন হইলে আপনিও সংযত হইয়া তাঁহার সম্মুখে একটী আসনে উপবিষ্ট হইলেন। সমীপে আসনাসীন রাজাকে বিনয়াবনত ও অবনিতলে প্রণত দেখিয়া মহর্ষি অঙ্গিরা অভ্যর্থনা করত মহারাজ বলিয়া সম্ভাষণানন্তর তাঁহার প্রতি এই রূপে বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥ ৯ ॥

অঙ্গিরা জিজ্ঞাসা করিলেন মহারাজ। কুশল ত ? তথা রাজ্যাঙ্গ সকলের এবং আপনারও ত মঙ্গল ? হে রাজন্। যেমন মহদাদি সপ্ত প্রকৃতি দ্বারা জীব নিত্য রক্ষিত হয়েন তদ্ব্যতীত ক্ষণ কালও থাকিতে পারেন না, তেমনি রাজাকেও সপ্ত প্রকৃতি অর্থাৎ স্বামী (গুরু) অমাত্য (কর্ম্ম সহায়) রাজ্য, দুর্গ, কোষ, দণ্ড এবং মিত্র [মন্ত্র সহায়] এই সপ্তে গুপ্ত থাকিতে হয়। ঐ রূপে সুরক্ষিত রাজাই আপনাকে ঐ সকল প্রকৃতির অনুবর্ত্তী করিয়া রাজ্য সুখ ভোগ করিতে পান ॥ ১০ ॥

হে নরদেব। রাজা সুখী হইলে তাঁহা হইতে প্রকৃতি অর্থাৎ রাজ্যাঙ্গ সকল ধন সমৃদ্ধ হইয়া থাকে ॥ ১১ ॥

অপি দারাঃ প্রজামাত্যা ভৃত্যাঃ শ্রেণ্যোঽথ মন্ত্রিণঃ। পৌরা জানপদা ভূপা আত্মজা বশবর্ত্তিনঃ॥১২

যস্যাত্মানুবশশ্চেৎ স্যাৎ সর্ব্বে তদ্বশগা ইমে। লোকাঃ সপালা যচ্ছন্তি সর্ব্বে বলিমতন্দ্রিতাঃ ॥ ১৩

আত্মনঃ প্রীয়তে নাত্মা পরতঃ স্বতএব বা। লক্ষয়েঽলব্ধকামং ত্বাং চিন্তয়া শবলং মুখং ॥ ১৪ ॥

এবং বিকল্পিতো রাজন্ বিদুষা মুনিনাপি সঃ। প্রশ্রয়াবনতোঽভ্যাহ প্রজাকামস্ততোমুনিং ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

প্রজাশ্চ অমাত্যাশ্চ শ্রেণ্যঃ সময় বিশেষেণ সংঘশোবর্ত্তমানা বণিক্ প্রভৃতয়ঃ। পৌরাঃ পুরবাসিনঃ জানপদাঃ তত্তদ্দেশাধিকারিণঃ ॥ ১২ ॥

তব মনঃ স্ববশং বা ন বেত্যর্থাৎ পৃচ্ছতি। যস্যাত্মা মনঃ অনুবশঃ অনুবর্ত্তী অধীনঃ স্যাৎ। তস্য বশগা ইমে সর্ব্বে ভবন্তি কিঞ্চ লোকাশ্চ তস্য বলিং যচ্ছন্তি ॥ ১৩ ॥

আত্মা ভবান্ আত্মনো ন প্রীয়তে ন তুষ্যতি তৎ কিং পরতো বা স্বতো বা অলব্ধকামং ত্বাং লক্ষয়ে ॥ ১৪ ॥

বিদুষা সর্ব্বজ্ঞেনাপি ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

যতস্তব মুখং চিন্তয়া শবলং লক্ষ্যতে ॥ ১৪ ॥

বিকল্পিতো বিবিধ কর্ম্মণা বিষয়ীকৃতঃ ॥ ১৫ ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ রাজ্ঞোপি যদ্যাজ্ঞাকারিণঃ সর্ব্বজনাঃ স্যু স্তদৈব সুখমিত্যাহ অপীতি শ্রেণ্য তৈলিক তাম্বুলিকাদয়ঃ ॥ ১২ ॥

তব মনঃ স্ববশং ন বেত্যর্থাৎ পৃচ্ছতি। যস্যেতি। অনুবশঃ অনুবর্ত্তী অধীনঃ ॥ ১৩ ॥

তদপ্যক্রবাণং রাজানং পুনরাহ তব আত্মনো দেহস্তাত্মা স্বতএব বা পরতএব হেতোর্বা ন প্রীয়তে সুখমেবাপ্নোতি চেন্নহি ইত্যাহ লক্ষয় ইতি ॥ ১৪ ॥

বিকল্পিতঃ বিবিধ বিকল্প বিষয়ীকৃতঃ। বিদুষা সর্ব্বজ্ঞেনাপি তন্মুখাদেব তদ্দুঃখং শ্রোতুমিতি ভাবঃ ॥ ১৫ ॥

হে মহারাজ! আর জিজ্ঞাসা করি, তোমার পুত্র, কলত্র, মন্ত্রী, অমাত্য, এ সকল ত বশবর্ত্তী?। অপর বিশেষ বিশেষ নিয়ম করিয়া দলবদ্ধ রূপে থাকে যে সকল বণিক্ প্রভৃতি তাহারা তথা পুরবাসী, দেশাধিকারী রাজগণ এবং প্রজা সকল ইহারাও ত তোমার বশম্বদ? ॥ ১২ ॥

হে রাজন্! যে পুরুষের মনঃ বশবর্ত্তী হয় উল্লিখিত সকল ব্যক্তিই তাহার অবশ্য বশ্য হইয়া থাকে। আর এই সমস্ত লোক লোকপালদের সহিত অতন্দ্রিত হইয়া তাহাকে পূজোপহার প্রদান করে, অতএব জিজ্ঞাসা করি তোমার মনঃ বশে আছে কি না? ॥ ১৩ ॥

কিন্তু হে রাজন্! আমার বোধ হইতেছে তুমি যেন আত্মা হইতে সন্তুষ্ট নহ, তোমার এরূপ ভাব কি আপনা হইতে হইয়াছে?। না অন্য কাহা হইতে ঘটিয়াছে? ফলতঃ তোমার বদন চিন্তায় শবল বর্ণ দেখিতেছি ইহাতে স্পষ্টই লক্ষিত হইতেছে তুমি আপনার অভিলষিত লাভে বঞ্চিত আছ ॥ ১৪ ॥

এতাবৎ বর্ণন করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শুকদেব কহিলেন মহারাজ! মুনিবর অঙ্গিরা যদিও সর্ব্বজ্ঞ, তথাপি ঐ প্রকারে সংশয় প্রকাশ পূর্ব্বক জিজ্ঞাসা করিলে প্রজাকাম সেই রাজা চিত্রকেতু বিনয়াবনত হইয়া নিবেদন করিলেন ॥ ১৫ ॥

চিত্রকেতুরুবাচ ॥

ভগবন্ কিং নবিদিতং তপোজ্ঞানসমাধিভিঃ। যোগিনাং ধ্বস্তপাপানাং বহিরন্তঃ শরীরিষু।
তথাপি পৃচ্ছতোব্রূয়াং ব্রহ্মন্নাত্মনি চিন্তিতং। ভবতো বিদুষশ্চাপি চোদিতস্তদনুজ্ঞয়া ॥ ১৬ ॥
লোকপালৈরপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্য সম্পদঃ। ননন্দয়ন্ত্যপ্রজং মাং ক্ষুত্তৃট্ কামমিবাপরে ॥ ১৭
তন্নঃ পাহি মহাভাগ পূর্ব্বৈঃ সহ গতং তমঃ। যথা তরেম দুষ্পারং প্রজয়া তদ্বিধেহি নঃ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যর্থিতঃ স ভগবান্ কৃপালুর্ব্রহ্মণঃ সুতঃ। শ্রপয়িত্বা চরুং ত্বাষ্ট্রং ত্বষ্টারমযজদ্বিভুঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অলব্ধকামত্বং কথয়ন্ পুত্রং যাচতে ভগবন্নিতি চতুর্ভিঃ ॥ ১৬ ॥
অপ্রজমপুত্রং ক্ষুত্তৃড্ভ্যামন্নপানকামং অপরে স্রক্চন্দনাদয়ো যথা ন সুখয়ন্তি ॥ ১৭ ॥
পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমো নরকং প্রজয়া যথা তরেম তথা নো বিধেহি ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভ।

যতশ্চোদিতোনোদ্বিগ্নস্তত স্তদনুজ্ঞয়া ব্রূয়াং ॥ ১৬ ॥
পুত্রদানমিষেণ বৈরাগ্যোৎপাদন দ্বারা ভবদভিমুখীকরণেচ্ছুত্বাং কৃপালুঃ তথাচ বক্ষ্যতে স্বয়মেব। তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ। জ্ঞাত্বান্যাভিনিবেশন্তে পুত্রমেব দদাম্যহমিতি ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শরীরিষন্তর্বহিঃষু ॥
পৃচ্ছতো ভগবতোহহমাজ্ঞাকারীত্যর্থঃ। আত্মনি মনসি চিন্তিতং চিন্তাং ॥ ১৬ ॥
ক্ষুত্তৃড্ভ্যামন্ন জলয়োঃ কামো যস্য তং অপরে স্রক্ চন্দনাদয়ঃ ॥ ১৭ ॥
পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমঃ নরকং প্রজয়া যথা তরেম তথা বিধেহি ॥
ত্বাষ্ট্রং ত্বষ্টৃদেবতাকং ॥ ১৮ ॥

চিত্রকেতু কহিলেন ভগবন্! শরীরিদিগের অভ্যন্তর এবং বাহ্যে যাহা যাহা বর্ত্তমান, নিষ্পাপ যোগিগণের তপস্যা, জ্ঞান ও সমাধি দ্বারা তাহার কি না পরিজ্ঞাত হয়! আপনি আমার বিষয় সকলই পরিজ্ঞাত আছেন, তথাপি জিজ্ঞাসা করিতেছেন, আমার মানসিক চিন্তার বিষয় নিবেদন করিতেছি কথনে দোষ নাই ॥ ১৬ ॥

হে ব্রহ্মন্! সাম্রাজ্য, ঐশ্বর্য্য ও সম্পত্তি যদ্যপি লোকপালদিগের প্রার্থনীয় তথাপি স্রক্ চন্দনাদি বিষয় সকল ক্ষুৎপিপাসায় পীড়িত অন্নপানাভিলাষি পুরুষকে সুখ দিতে পারে না তাহার ন্যায়, ঐ সকল সাম্রাজ্যাদি অপুত্রক যে আমি আমাকে আনন্দিত করিতেছে না ॥ ১৭ ॥

অতএব হে মহাভাগ! উপস্থিত দুষ্পার নরক, পিত্রাদি পূর্ব্ব পুরুষের সহিত আমি যে প্রকারে প্রজা দ্বারা উত্তীর্ণ হইতে পারি, কৃপাবলোকন করিয়া তদ্রূপ বিধান করিতে আজ্ঞা হউক। শুকদেব কহিলেন রাজন্। ব্রহ্মপুত্র ভগবান্ অঙ্গিরা পরম কারুণিক, চিত্রকেতুর ঐ রূপ প্রার্থনায় তৎক্ষণাৎ চরুপাক করিয়া ত্বষ্টৃদেবতার যাগ করিলেন ॥ ১৮ ॥

জ্যেষ্ঠা শ্রেষ্ঠাচ যা রাজ্ঞো মহিষীণাঞ্চ ভারত। নাম্না কৃতদ্যুতিস্তস্যৈ যজ্ঞোচ্ছিষ্টমদাদ্দ্বিজঃ॥ ১৯॥
অথাহ নৃপতিং রাজন্ ভবিতৈকস্তবাত্মজঃ। হর্ষশোকপ্রদস্তুভ্যমিতি ব্রহ্মসুতো যযৌ।
সাপি তৎ প্রাশনাদেব চিত্রকেতোরধারয়ৎ। গর্ভং কৃতদ্যুতির্দেবী কৃত্তিকাগ্নেরিবাত্মজং॥ ২০॥
তস্যা অনুদিনং গর্ভঃ শুক্লপক্ষ ইবোড়ুপঃ। ববৃধে শূরসেনেশতেজসা শনকৈর্নৃপ।
অথ কাল উপাবৃত্তে কুমারঃ সমজায়ত। জনয়ন্ শূরসেনানাং শৃণ্বতাং পরমাং মুদং॥ ২১॥
হৃষ্টো রাজা কুমারস্য স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ। বাচয়িত্বাশিষো বিপ্রৈঃ কারয়ামাস জাতকং॥ ২২॥

শ্রীধরস্বামী।

যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষং॥ ১৯॥
জন্মনা হর্ষং মরণেন শোকং প্রদদাতীতি তথা ইত্যেব মুক্ত্বা যযৌ॥ ২০॥
শূরসেনানামীশস্য তেজসা বীর্য্যেণ সোগর্ভঃ স ববৃধে॥ ২১॥
জাতকং জাতকর্ম্ম॥ ২২।

ক্রমসন্দর্ভঃ।

নিজদোষ প্রত্যাখ্যানার্থং হর্ষশোকপ্রদ ইত্যুক্তং।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১।৩২।৩৩।৩৪।৩৫।৩৬।৩৭।৩৮।৩৯।৪০ ৪১।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রথম ব্যূঢ়ত্বেন জ্যেষ্ঠা সৌভাগ্যাতিশয়েনচ শ্রেষ্ঠা যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষং চরুং॥ ১৯॥
হর্ষশোকপ্রদ ইতি কেন প্রকারেণ হর্ষপ্রদঃ কেন প্রকারেণ শোকদ ইতি সংপ্রশ্নাহং কিং ব্রবীমি জন্মমৃত্যুভ্যাং বাক্যৈবায়ত্যাং জ্ঞাস্যতি কিঞ্চেমমপ্রিয়োক্তিমপি সংপ্রত্যবশ্যং বাচ্যোবাগ্রে রাজা দাস্যমানস্তোপালম্ভনসা প্রত্যুত্তরার্থমিতি মনসি বিমৃশ্য তথং স্পষ্টমনুক্ত্বা যযৌ। পুত্রো মে বহু গুণান্বিতো ভবিষ্যতীতি হর্ষদ স্তদপি ঐশ্বর্য্যাধিক্যান্ন মে শত্রুরো ভবিষ্যতীতি শোকদ ইতি ভবতু তদ্দুঃখং ময়া বোঢব্যমিতি মনসি বিচার্য্য রাজাজ্ঞাননৈবেতি জ্ঞেয়ং॥
অগ্নেঃ সকাশাৎ কৃত্তিকা স্বাত্মজমিবেত্যর্থঃ॥ ২০।২১।২২।২৩

হে ভারত! যজ্ঞ সমাপনানন্তর ঐ রাজার যে মহিষী সকলের জ্যেষ্ঠা ও সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠা ছিলেন বিপ্রবর অঙ্গিরা তাঁহাকে যজ্ঞশেষ প্রদান করিলেন॥ ১৯॥

অনন্তর নৃপতিকে কহিলেন মহারাজ! তোমার একটী পুত্র উৎপন্ন হইবে কিন্তু সেই সন্তান তোমাকে হর্ষ ও শোক উভয়ই প্রদান করিবে, অর্থাৎ তাহার জন্ম দ্বারা তোমার হর্ষ ও তাহার মরণ জন্য তোমার শোক উৎপন্ন হইবে। হে রাজন্ পরীক্ষিৎ। ব্রহ্মপুত্র অঙ্গিরা এই কথা বলিয়া সেই স্থান হইতে স্বস্থানে প্রস্থান করিলেন। হে ভারত! যজ্ঞশেষ (চরু) ভোজন করিয়া কৃতদ্যুতি চিত্রকেতুর সকাশাৎ কৃত্তিকা যেমন অগ্নির আত্মজ ধারণ করিয়াছিল, তাহার ন্যায় গর্ভধারণ করিলেন॥ ২০॥

হে রাজেন্দ্র! চিত্রকেতু রাজা শূরসেন দেশের অধিপতি, তাঁহার ঔরসে রাজমহিষী কৃতদ্যুতির গর্ভ হওয়াতে শুক্ল পক্ষীয় চন্দ্রকলার ন্যায় দিন দিন গর্ভ বৃদ্ধি পাইতে লাগিল। অনন্তর কাল পূর্ণ হইলে একটী কুমার উৎপন্ন হইল। হে কৌরব্য! রাজকুমারের জন্ম কথা শুনিয়া সমস্ত শূরসেন দেশ বাসি লোক মাত্রেরই পরম আনন্দ জন্মিল॥ ২১॥

তৎপরে রাজা চিত্রকেতু কুমার জন্ম শ্রবণে আহ্লাদ সমুদ্রে নিমগ্ন এবং শুচি ও অলঙ্কৃত হইয়া ব্রাহ্মণ দ্বারা আশীর্ব্বাদ বাচন পুরঃসর যথাবিধি জাতকর্ম্ম করাইলেন॥ ২২॥

তেভ্যো হিরণ্যং রজতং বাসাংস্যাভরণানিচ। গ্রামান্ হয়ান্ গজান্ প্রাদাদ্ধেনূনামর্ব্বুদানি ষট্ ॥ ২৩
ববর্ষ কামানন্যেষাং পর্জন্য ইব দেহিনাং। ধন্যং যশস্যমায়ুষ্যং কুমারস্য মহামনাঃ।
কৃচ্ছ্রলব্ধেঽথ রাজর্ষে স্তনয়েঽনুদিনং পিতুঃ। যথা নিঃস্বস্য কৃচ্ছ্রাপ্তে ধনে স্নেহোঽন্ববর্দ্ধত ॥ ২৪ ॥
মাতুস্ত্বতিতরাং পুত্রে স্নেহোমোহসমুদ্ভবঃ। কৃতদ্যুতেঃ সপত্নীনাং প্রজাকামজ্বরোঽভবৎ ॥ ২৫ ॥
চিত্রকেতোরতি প্রীতির্যথাদারে প্রজাবতি। ন তথান্যেষু সংজজ্ঞে বালং লালয়তোঽন্বহং ॥ ২৬ ॥
তাঃ পর্য্যতপ্যন্নাত্মানং গর্হয়ন্ত্যোঽভ্যসূয়য়া। আনপত্যেন দুঃখেন রাজ্ঞশ্চানাদরেণচ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

অর্ব্বুদ দশকোটয়ঃ। যেদেতু কোটিরেবার্ব্বুদং নিযুতঞ্চ প্রযুতঞ্চার্ব্বুদং চেতি প্রযুতানন্তর নির্দেশাৎ ॥ ২৩ ॥
ধন্যং ধনকরং আয়ুষ্যং আয়ুষ্করং ॥ ২৪ ॥
মোহন্য সমুদ্ভবো যস্মিন্। প্রজাকাম রূপোজ্বরস্তাপঃ ॥ ২৫ ॥
দার ইত্যেক বচনমার্ষং ॥ ২৬ ॥
আনপত্যেন অপুত্রত্ব নিমিত্তেন ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধন্যামুত্তমং কামং ববর্ষ। নত্বধন্যং মহামনাঃ অত্যুদারঃ ॥ ২৪ ॥
প্রজাকামরূপোজ্বরস্তাপঃ ॥ ২৫। ২৬ ॥ ২৭ ॥
অগৃহং গৃহভিন্নং বনং ভটৈব সংমতাং পত্যুরপি বনবাস দানার্হামিত্যর্থঃ ॥ ২৮ ॥

তাহার পর সেই সকল ব্রাহ্মণদিগকে স্বর্ণ রজত বসন ভূষণ হস্তি অশ্ব গ্রাম এবং ছয় অর্ব্বুদ ধেনু অর্থাৎ ষাইট কোটি সবৎসা গাভী দান করিলেন ॥ ২৩ ॥

তদনন্তর ঐ রাজার মনঃ অতি মহৎ, এ প্রযুক্ত মেঘ যেমন জীব সকলের হিতার্থে বারি বর্ষণ করে তাহার ন্যায় অন্যান্য মানবদিগেরও অভিলষিত বর্ষণ করিয়া দিলেন। অধিকন্তু যে যে বস্তু দান করিলে কুমারের ধন, সৌভাগ্য ও পরমায়ুঃ বৃদ্ধি প্রাপ্ত হয় তাহাও দান করিলেন। হে কৌরব্য! রাজর্ষি চিত্রকেতুর বহু কষ্টে একটী তনয় উৎপন্ন হওয়াতে যেমন অধন ব্যক্তির কৃচ্ছ্র লব্ধ ধনে স্নেহ হয় তাহার ন্যায়, ঐ পুত্রের প্রতি তাঁহার স্নেহ জন্মিয়া অনুদিন বর্দ্ধিত হইতে লাগিল ॥ ২৪ ॥

তার মাতার (কৃতদ্যুতির) ঐ তনয়ে এতাদৃশ অসীম বাৎসল্য জন্মিল যে তাহাতে মোহ উৎপন্ন হয়, কিন্তু তাঁহার যে সকল সপত্নী ছিল সপত্নীকে পুত্রবতী দেখিয়া স্ব স্ব সন্তানাভিলাষ হওয়াতে তাহারা পুত্র কামনা রূপ মনস্তাপে সন্তপ্ত হইল ॥ ২৫ ॥

অধিকন্তু মহারাজ! চিত্রকেতু অনুদিন নন্দনের লালন করত পুত্রবতী বনিতায় যাদৃশী প্রীতি প্রদর্শন করিতে লাগিলেন অন্য ভার্য্যার প্রতি তদ্রূপ প্রীতিমান্ হইলেন না ॥ ২৬ ॥

ইহাতে অন্য স্ত্রী সকল অসূয়া পরবশ হইয়া আপনারাই আপনাদের নিন্দায় প্রবৃত্ত হইল এবং অনপত্যতা ও রাজসন্নিধানে অনাদর জন্য মনোদুঃখে যৎপরোনাস্তি পরিতপ্তা হইল ॥ ২৭ ॥

ধিগপ্রজাং স্ত্রিয়ং পাপাং পত্যুশ্চাগৃহসম্মতাং। সুপ্রজাভিঃ সপত্নীভির্দাসীমিব তিরস্কৃতাং ॥ ২৮ ॥
দাসীনাং কোনুসন্তাপঃ স্বামিনঃ পরিচর্য্যয়া। অভীক্ষ্ণং লব্ধমানানাং দাস্যা দাসীব দুর্ভগাঃ ॥ ২৯ ॥
এবং সন্দহ্যমানানাং সপত্ন্যাঃ পুত্রসম্পদা। রাজ্ঞোঽসম্মতবৃত্তীনাং বিদ্বেষোবলবানভূৎ ॥ ৩০ ॥
বিদ্বেষ নষ্টমতয়ঃ স্ত্রিয়োদারুণচেতসঃ। গরং দদুঃ কুমারায় দুর্ম্মর্ষা নৃপতিং প্রতি।
কৃতদ্যুতিরজানন্তী সপত্নীনামঘং মহৎ। সুপ্ত এবেতি সংচিন্ত্য নিরীক্ষ্য ব্যচরদ্গৃহে ॥ ৩১ ॥
শয়ানং সুচিরং বালমুপধার্য্য মনীষিণী। পুত্রমানয় মে ভদ্রে ইতি ধাত্রীমচোদয়ৎ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

ন গৃহে সম্মতাং বহুমতাং যথা গৃহিণ্যেব গৃহং ন ভার্য্যেতি সম্মতামিত্যর্থঃ ॥ ২৮ ॥
দাস্যা দাসী যথা তথা বয়ং দুর্ভগাঃ ॥ ২৯ ॥
ন সম্মতা বৃত্তির্জীবনং যাসাং ॥ ৩০ ॥
বিদ্বেষেণ নষ্টা মতির্যাসাং তাঃ। গরং বিষং দুর্ম্মর্ষা অসহমানাঃ ॥ ৩১ ॥
ধাত্রীং স্তনদায়িনীং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দাস্যা দাসীব কস্যাশ্চিদ্দুর্ভগায়া দাস্যা দাস্য ইব বয়ং দুর্ভগা ইত্যর্থঃ ॥ ২৯ ॥
রাজ্ঞোঽসংমতা বৃত্তিশ্চরিত্রং যাসাং ॥ ৩০ ॥
দুর্ম্মর্ষা অসহমানাঃ ॥ ৩১ ॥
বালমেব সুপ্তং তং মৃতং দদর্শেত্যন্বয়ঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

তাহারা কহিল, যে নারীর সন্তান নাই সে অতিশয় পাপীয়সী, তাহাকে ধিক্, সে স্বামির নিকটেও ভার্য্যা বলিয়া গণ্য হয় না। তাহার যে সকল সপত্নী পুত্রবতী তাহারা দাসীর ন্যায় তাহাকে তিরস্কার করে ॥ ২৮ ॥

দাসীর সন্তাপ কি, স্বামির পরিচর্য্যা দ্বারাই তাহাদের মান লাভ হয়, ইহা সত্য, কিন্তু আমরা দাসীর দাসীর ন্যায় অতিশয় দুর্ভগা ॥ ২৯ ॥

হে রাজন্। কৃতদ্যুতির পুত্র সম্পত্তি সন্দর্শন করিয়া তাঁহার সপত্নীগণ একে ঈর্ষায় এই প্রকার দগ্ধ হইতে ছিল, তদুপরি অপ্রজা দেখিয়া তাহাদের বৃত্তি বিধানে রাজার আবার অমত হইল অতএব ঐ কুমারের উপরে তাহাদের দারুণ বিদ্বেষ জন্মিল ॥ ৩০ ॥

মহারাজ! বিদ্বেষ বশতঃ ঐ সকল স্ত্রীর বুদ্ধি এমত বিনষ্ট এবং চিত্ত একবারে নির্দ্দয় হইল যে তাহারা আপনাদের পতি ঐ নরপতিরও সৌভাগ্য অসহিষ্ণু হইয়া প্রাণ সংহার বাসনায় এক দিন ঐ কুমারকে বিষ প্রদান করিল। হে রাজন্! সপত্নীদিগের নৃশংসতার বিষয় কৃতদ্যুতি কিছুই জানিতেন না, বিষ ভক্ষণে বালক যে গতাসু হইয়া শয়ান আছে তাহা বুঝিতে পারিলেন না। তিনি যদিও গৃহাভ্যন্তরে প্রবেশ করিলেন তথাচ দেখিয়া মনে করিলেন কুমার এখনও নিদ্রিত আছে অতএব তাহার নিকট না গিয়া ইতস্ততঃ ভ্রমণ করিয়া চলিয়া গেলেন ॥ ৩১ ॥

অন্য গৃহে গিয়া কিয়ৎক্ষণ পরে তাঁহার মনে হইল কুমার অনেকক্ষণ নিদ্রিত আছে অতএব ধাত্রীকে (স্তনদায়িনীকে) আহ্বান করিয়া কহিলেন আমার পুত্রকে এখানে লইয়া আইস ॥ ৩২ ॥

সা শয়ানমুপব্রজ্য দৃষ্ট্বাচোত্তারলোচনং। প্রাণেন্দ্রিয়াত্ম[illegible]ক্তং হতাস্মীত্যপতদ্ভুবি।
তস্যা স্তদাকর্ণ্য ভৃশাতুরং স্বরং ঘ্নত্যাঃ করাভ্যামুর [illegible] ।
প্রবিশ্য রাজ্ঞী ত্বরয়াত্মজান্তিকং দদর্শ বালং সহসা মৃতং সুতং ॥ ৩৩ ॥
পপাত ভূমৌ পরিবৃদ্ধয়া শুচা মুমোহ বিভ্রষ্টশিরোরুহাম্বরা।
ততোনৃপান্তঃ পুরবর্ত্তিনো জনা নরাশ্চ নার্য্যশ্চ নিশম্য রোদনং।
অগত্য তুল্যব্যসনাঃ সুদুঃখিতাস্তাশ্চ ব্যলীকং রুরুদুঃ কৃতাগসঃ ॥ ৩৪ ॥
শ্রুত্বা মৃতং পুত্রমলক্ষিতান্তকং বিনষ্টদৃষ্টিঃ প্রপতন্ স্খলন্ পথি।
স্নেহানুবন্ধৈধিতয়া শুচা ভৃশং বিমূর্চ্ছিতোঽনুপ্রকৃতির্দ্বিজৈর্বৃতঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

উদ্গতে তারকে কণীনিকে যয়োস্তে লোচনে যস্য তং ॥ ৩৩ ॥
বিভ্রষ্টাঃ শিরোরুহা অম্বরেচ যস্যাঃ তাশ্চ সপত্ন্যোপি ॥ ৩৪ ॥
অলক্ষিতো হন্তকো মৃত্যুহেতুর্যস্য তং। অনুগতাঃ প্রকৃতয়ো হমাত্যাদয়ো যস্য সোঽনুপ্রকৃতিঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তাশ্চ সপত্ন্যোপি ॥ ৩৪ ॥
নলক্ষিতোঽন্তকো মৃত্যু র্যস্য তং। অনুপ্রকৃতিঃ অনুগতামাত্য সুহৃদাদিকঃ। দ্বিজৈর্বৃতঃ পপাতেতি অমাত্যাদয়ো ব্রাহ্মণা-রশ্চ পেতুরিত্যর্থঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

ধাত্রী গৃহমধ্যে প্রবেশ করিয়া সেই বালক যেখানে শয়িত ছিল তথায় গিয়া দেখিল, তাহার দুইটী চক্ষুর তারা উপর দিকে উঠিয়া রহিয়াছে, দেহে প্রাণ, ইন্দ্রিয় ও আত্মা নাই, দেখিয়াই "হা হতা হইলাম" বলিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করত মূর্চ্ছিতা হইয়া পড়িল। স্তনদায়িনীর ঐ আর্ত্তধ্বনি রাজ্ঞীর (কৃতদ্যুতির) কর্ণগোচর হইল। অতএব অনিষ্ট আশঙ্কা করিয়া বিলাপ পূর্ব্বক বক্ষঃস্থলে করাঘাত করিতে করিতে দ্রুতগতি সেই গৃহে আগমন করিলেন, কিন্তু সমীপে উপস্থিত হইয়া দেখিলেন সন্তান অকস্মাৎ মরিয়া রহিয়াছে ॥ ৩৩ ॥

হে রাজন্! দর্শন করিয়াই কৃতদ্যুতি ভূমিতে পড়িলেন, গুরুতর শোকে তৎক্ষণাৎ তাঁহার মোহ উপস্থিত হইল, অতএব মস্তকের কেশ, গাত্রের বসন পরিভ্রষ্ট হইয়া পড়িলেও জানিতে পারিলেন না। তদনন্তর নৃপতির অন্তঃপুরবর্ত্তী নর ও নারীগণ এই দুর্ঘটনার কথা শুনিল এবং সকলেই সত্বর হইয়া আসিয়া অতিশয় দুঃখিত ও রাজ্ঞীর তুল্য খিন্ন হওত রোদন করিতে লাগিল। হে রাজন্! কৃতদ্যুতির যে সকল সপত্নী ঐ দুষ্কর্ম্ম অর্থাৎ বিষ প্রদান করিয়াছিল তাহারাও আসিয়া কাপট্যাবলম্বন পূর্ব্বক রোদন করিতে আরম্ভ করিল ॥ ৩৪ ॥

অনন্তর রাজা চিত্রকেতু শুনিলেন পুত্রের হঠাৎ মৃত্যু হইয়াছে, কিন্তু মরণের কারণ লক্ষিত হইল না। শ্রবণ মাত্রে আকস্মিক শোকে তাঁহার দৃষ্টি বিনষ্টা হইল, মৃত-সন্তানকে দেখিবার নিমিত্ত ব্যগ্র হইয়া শোকাবেগ বশতঃ পতিত ও স্খলিত হইতে হইতে আসিলেন। স্নেহানুবন্ধ বশতঃ তাঁহার শোক উত্তরোত্তর বৃদ্ধিশীল হইতেছিল, বারম্বার মূর্চ্ছিত হইতে লাগিলেন, অতএব অমাত্য প্রভৃতি, রাজ পুরুষগণ সঙ্গে সঙ্গে চলিলেন এবং ব্রাহ্মণেরা চারিদিকে বেষ্টন করিয়া আনিলেন ॥ ৩৫ ॥

পপাত বালস্য স পাদমূলে মৃতস্য বিস্রস্ত শিরোরুহাম্বরঃ।
দীর্ঘং শ্বসন্ বাষ্পকলোপরোধতো নিরুদ্ধ কণ্ঠো নশশাক ভাষিতুং ॥ ৩৬ ॥
পতিং নিরীক্ষ্যোরু শুচার্পিতং তদা মৃতঞ্চ বালং সুতমেক সন্ততিং।
জনস্য রাজ্ঞী প্রকৃতেশ্চ হৃদ্রুজং সতী দধানা বিললাপ চিত্রধা ॥ ৩৭ ॥
স্তনদ্বয়ং কুঙ্কুমপঙ্কমণ্ডিতং নিষিঞ্চতী সাঞ্জনবাষ্পবিন্দুভিঃ।
বিকীর্য্য কেশান্ বিগলৎ স্রজঃ সুতং শুশোচ চিত্রং কুররীব সুস্বরং ॥ ৩৮ ॥
অহোবিধাতস্ত্বমতীব বালিশোযস্ত্বাত্মসৃষ্ট্যপ্রতিরূপমীহসে।

শ্রীধরস্বামী।

বাষ্পকলাভিরশ্রুবিন্দুভি রুপরোধতঃ সংবৃতত্বেন নিরুদ্ধঃ কণ্ঠো যস্য ॥ ৩৬ ॥
তং উরু শুচার্পিতং বহুশোকেন ব্যাপ্তং একমেব সন্ততিরূপং ॥ ৩৭ ॥
বিগলন্ত্যঃ স্রজো যেভ্যঃ তান্ কেশান্ ॥ ৩৮ ॥
আত্মসৃষ্টেরপ্রতিরূপং অননুরূপং চেষ্টসে। তদেবাহ হ অহো পরে বৃদ্ধে জীবতি অপরস্য বালস্য যা মৃতিস্তৎ। তথাহি বৃদ্ধস্য সৃষ্টিসামর্থ্যাভাবে বালেচ মৃতে সতি তব সৃষ্টি র্নষ্টা স্যাদিত্যর্থঃ। সাম্প্রতং স্বসৃষ্টের্বিপরীতো হস্মীতি চেত্তত্রাহ বিপর্য্যয়ঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একস্যাসৌ সন্ততি র্বংশরূপশ্চ তং হৃদ্রুজং দধানা পুষ্যন্তী সতী ॥ ৩৭ । ৩৮ ॥
অস্মাকমেতাদৃশস্য দুঃখস্য কারণং বিধাতৈব তস্যচ কারণত্বং তদীয়মূর্খত্বাদেবেতি নিশ্চিত্য স ন পুনরেবং কাপি করোত্বিতি হিতৈষিত্বেন তমেব প্রবোধয়ন্ত্যাহ অহো ইতি বালিশত্বমেবাহ যত্বং আত্মনঃ সৃষ্টেঃ অপ্রতিরূপং অসদৃশমনুচিতং যথাস্যাত্তথা ইত্যর্থঃ। নহু কিমনৌচিত্যং তত্রাহ পরে বৃদ্ধে জীবতি অপরস্য বালস্য যা মৃতিস্তৎ। তদাহ বৃদ্ধস্য সৃষ্টিসামর্থ্যাভাবে বালেচ মৃতে সতি তব সৃষ্টিলোপ এব স্যাদিত্যর্থঃ। বিপর্য্যয়শ্চেৎ সংপ্রতি স্ব সৃষ্টের্বিপরীতোস্মীতি মন্যসে চেদিত্যর্থঃ। তর্হি ত্বমেবাস্মাকং

সে যাহা হউক, তিনি আসিয়াই সেই মৃত বালকের পাদমূলে পড়িলেন। তাঁহার কেশ বসন বিস্রস্ত হইয়া গেল, বাষ্পবিন্দু দ্বারা সংবৃত হওয়াতে কণ্ঠদেশ নিরুদ্ধ হইয়াছিল সুতরাং কেবল দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন, কথা কহিতে সামর্থ্য হইল না ॥ ৩৬ ॥

পতিকে ঐ প্রকার শোকাকুল অবলোকন করিয়া এবং বংশের সন্ততির মূল যে স্বীয় সন্ততি, তাহাকে মৃত দেখিয়া রাজমহিষী কৃতদ্যুতির বিশেষতঃ অমাত্য মন্ত্রি প্রভৃতির মনস্তাপ বিস্তার করত বিচিত্র প্রকারে বিলাপ করিলেন ॥ ৩৭ ॥

তাঁহার স্তনদ্বয় কুঙ্কুমপঙ্কে ভূষিত ছিল, নিরন্তর বাষ্পবিন্দু তদুপরি পতিত হওয়াতে তদ্দ্বারা যেন অভিষিক্ত হইতে লাগিল। আর তিনি এ প্রকার আপনার কেশ বিকীর্ণ করিলেন যে তাহা হইতে সমস্ত পুষ্পস্রক্ বিস্রস্ত হইয়া পড়িল অনন্তর মৃত তনয়ের নিমিত্ত কুররীর ন্যায় সুস্বরে আশ্চর্য্য প্রকার শোক করিলেন ॥ ৩৮ ॥

পরিশেষে বিধাতার প্রতি আক্রোশ করিয়া কহিতে লাগিলেন, হে বিধাতঃ! তুমি অতি মূর্খ, যে হেতু আপনার সৃষ্টির অননুরূপ চেষ্টা করিতেছ? কি আশ্চর্য্য! বৃদ্ধ জীবিত থাকিবে বালক মরিয়া যাইবে একি! বৃদ্ধের সৃষ্টি সামর্থ্য নাই, সে জীবিত এবং বালক মৃত হইতে থাকিলে সৃষ্টিই যে বিনষ্ট হইয়া যাইবে। অহে বিধি! যদি সম্প্রতি আপনার সৃষ্টির বিপরীত হইয়া থাকে, তাহা হইলে তুমিই

পরেহনুজীবত্যপরস্য যা মৃতির্বিপর্য্যয়শ্চেত্ত্বমসি ধ্রুবঃ পরঃ ॥ ৩৯ ॥
নহি ক্রমশ্চেদিহ মৃত্যুজন্মনোঃ শরীরিণামস্তু তদাত্মকর্ম্মভিঃ ।
যঃ স্নেহপাশোনিজ সর্গ বৃদ্ধয়ে স্বয়ং কৃতস্তে তমিমং বিবৃশ্চসি ॥ ৪০ ॥
ত্বং তাত নার্হসিচ মাং কৃপণামনাথাং ত্যক্তুং বিচক্ষ্ব পিতরং তব শোকতপ্তং ।

শ্রীধরস্বামী।

বিপরীতোসি চেত্তর্হি ত্বং প্রাণিনামতি দুঃখকারিত্বাৎ ধ্রুবো নিত্যঃ পরঃ শত্রুরসি নতু কৃপালুরিত্যর্থঃ ॥ ৩৯ ॥

নমু জীবস্য কর্ম্মানুসারেণ জন্মাদিকুর্ব্বতো মম কোহপরাধস্তত্রাহ নহীতি। পুত্রে জীবত্যেব পিতা ম্রিয়তে পিতরি জীবত্যেব পুত্রোজায়তে ইতি ক্রমো নাস্তি কর্ম্মাধীনত্বাদিতি চেত্তর্হ্যাত্মকর্ম্মভিরেব তজ্জন্মাদিকমস্তু কিং ত্বয়া কৃতাং। নমু মযেশ্বরেণ বিনা জড়ৈঃ কর্ম্মভিরিদং কথং সিদ্ধ্যেৎ ভবতু নাম তথাপি নিজসর্গ বৃদ্ধয়ে তে ত্বয়া যঃ স্নেহপাশঃ কৃতঃ তমিমং স্বয়মেব বিবৃশ্চসি ছিনৎসীত্যাক্রোশতি। নহ্যেবংবিধং দুঃখং দৃষ্ট্বা কশ্চিদপি পুত্রাদিষু স্নেহং করিষ্যতীতি ভাবঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরঃ শত্রু ধ্রুবোনিশ্চিত এব। স্বস্যাপকারমপি কৃত্বা অস্মান্ দুঃখয়ন্ শত্রুত্বমেব ব্যক্তীকরোষীত্যর্থঃ ॥ ৩৯ ॥

নমু জীবস্য কর্ম্মানুসারেণ জন্মাদি কুর্ব্বতো মম কোহপরাধস্তত্রাহ নহীতি পুত্রে জীবত্যেব পিতা ম্রিয়তে পিতরি মৃতে এব পুত্রো ম্রিয়তে ইতি ক্রমো নাস্তি কর্ম্মাধীনত্বাদিতি চেৎ তর্হি আত্মকর্ম্মভিরেব তজ্জন্মাদিকমস্তু কিং ত্বয়া কৃত্যং নমু মযেশ্বরেণ বিনা-জড়ৈঃ কর্ম্মভিরিদং কথং সিদ্ধেৎ সত্যং ত্বয়ৈব সিদ্ধ্যতু তদপি নিজসর্গ বৃদ্ধয়ে যঃ স্নেহপাশস্তে ত্বয়া স্বয়মেব কৃতস্তমিমং বিবৃশ্চসি ছিনৎসি স্নেহে এতাদৃশং দুঃখং দৃষ্ট্বা পুত্রাদিষু কোপি স্নেহং ন করিষ্যতি স্নেহাকরণে পুত্রাদয়ঃ কথং জীবিষ্যন্তীতি সৃষ্টিলোপাৎ ত্বং মূর্খ এবেতি ভাবঃ যদ্বা লোড়র্থে লট্ ছিন্দ্ধীত্যর্থঃ। স্নেহ এব সুখদুঃখয়োর্হেতুঃ। স্নেহাভাবে পুত্রোজায়তাং ম্রিয়তাং বা নৈব স্যাতাং সুখ দুঃখে ইতি ভাবঃ ॥ ৪০ ॥

বালিশেন বিধাত্রা সহ কিমিত্যহং সংলপামি স্বপুত্রমেব হিতকৃতো কিমিতি নাবধাপয়ামীতি বিমৃশ্যাহ ত্বমিতি হে তাত ভবতা পুত্রেণ অপ্রজানামপুত্রাণাং দুস্তরং যৎ ধ্বান্তং নরকং ততরেম। নমু যমো মাং স্বপুরং নয়তি অহং কিং করোমি তত্রাহ। নবাহি

প্রাণি সকলের দুঃখদায়ক, অতএব নিত্য শত্রু, তোমাকে কৃপালু কে বলে ? ॥ ৩৯ ॥

যদি ইহলোকে শরীরিদিগের জন্ম মৃত্যুর কোন ক্রম না থাকে অর্থাৎ জন্ম ও মৃত্যু কর্ম্মাধীন বলিয়া পুত্র জীবিত থাকিতে থাকিতেই পিতার মৃত্যু হইবে এবং পিতার জীবদ্দশাতেই পুত্র জন্মিবে এরূপ নিয়ম যদি না থাকে তবে লোকের আত্ম কর্ম্ম দ্বারাই জন্মাদি হউক, তোমাতে কার্য্য কি? যদি বল কর্ম্ম সকল জড়, ঈশ্বর ব্যতিরেকে কেবল কর্ম্ম দ্বারা জন্ম মৃত্যু সিদ্ধি হইতে পারে না, উত্তর, না পারুক, তথাপি এই আচরণে তুমি আপনার সৃষ্টি বৃদ্ধির নিমিত্ত এই যে স্নেহপাশ করিয়া রাখিয়াছিলে তাহা আপনিই ছেদন করিলে। ফলতঃ এবম্বিধ দুঃখ দেখিয়া আর কোন ব্যক্তিই পুত্রাদির প্রতি স্নেহ করিবে না ॥ ৪০ ॥

তদনন্তর মৃত পুত্রকে সম্বোধন করিয়া বিলাপ করত কহিলেন, হে তাত! আমি অতি দীনা অনাথা, আমাকে ত্যাগ করা তোমার উচিত হয় না, বৎস! তোমার এই পিতার প্রতি একবার দৃষ্টিপাত করিয়া দেখ, ইনি তোমার শোকে সাতিশয় সন্তপ্ত হইতেছেন। হে পুত্র! আমরা সতত এই আশা করি অপুত্রক ব্যক্তিদিগের দুস্তর যে নরক হয় তোমার দ্বারা তাহা অনায়াসে উত্তীর্ণ হইব। আমা-

অঞ্জস্তরেম ভবতাপ্রজদুস্তরং যদ্ধ্বান্তং ন যাহ্যকরুণেন যমেন দূরং ॥ ৪১ ॥

উত্তিষ্ঠ তাত ত ইমে শিশবো বয়স্যাস্ত্বামাহ্বয়ন্তি নৃপনন্দন সংবিহর্ত্তুং।

সুপ্তশ্চিরং হ্যশনয়া চ ভবান্ পরীতো ভুঙ্ক্ষ্ব স্তনং পিব শুচোহর নঃ স্বকানাং ॥ ৪২ ॥

নাহং তনূজ দদৃশে হতমঙ্গলা তে মুগ্ধস্মিতং মুদিতবীক্ষণমাননাব্জং।

কিং বাগতোঽস্য পুনরন্বয়মন্যলোকং নীতোঽঘৃণেন ন শৃণোমি কলা গিরস্তে ॥

শ্রীশুক উবাচ ॥

বিলপন্ত্যা মৃতং পুত্রমিতি চিত্রবিলাপনৈঃ। চিত্রকেতু র্ভৃশং তপ্তো মুক্তকণ্ঠো রুরোদ হ ॥

তয়োর্বিলপতোঃ সর্ব্বে দম্পত্যোস্তদনুব্রতাঃ। রুরুদুঃ স্ম নরা নার্য্যঃ সর্ব্বমাসীদচেতনং।

শ্রীধরস্বামী।

অপ্রজানাং দুস্তরং অকরুণেন সহ ॥ ৪১ ॥

অশনয়া ক্ষুধা ॥ ৪২ ॥

তনূজ হে পুত্র নাহং প্রথমং তৎপার্শ্বমাগতা সতী তব মুগ্ধস্মিতং বক্ত্রং দদৃশে দৃষ্টবত্যস্মি ইদানীমপি গিরো নশৃণোমি তহি´

ক্রমসন্দর্ভ।

অনায়কং শোকনিবর্ত্তকশূন্যং রাজানমিতি শেষঃ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অকরুণেন সহ ॥ ৪১ ॥

পুত্রং সুপ্তং মত্বাহ উত্তিষ্ঠেতি। অশনয়া ক্ষুধয়া ॥ ৪২ ॥

হে তনূজ তব মুগ্ধস্মিতং মুখপদ্মং নাহং দদৃশে ন দৃষ্টবত্যস্মি যতং ন জাগর্ষি তেন কিংবা অন্যলোকং পরলোকং গতোসি। অপুনরন্বয়ং পুনরাগমন শূন্যং তব কো দোষঃ যতোঽঘৃণেন নিষ্করুণেন যমেন নীতঃ। অতএব কলা মধুরাস্ফুটা গিরস্তে ন শৃণোমি।

বিলপন্ত্যা সহ ॥

এবং সর্ব্ব নগরমেব নষ্টসংজ্ঞং জ্ঞাত্বা চিত্রকেতোশ্চ মৃততুল্যাস্বাদনায়কং ॥ ৪৩ ॥

দিগকে ত্যাগ করিয়া অকরুণ যমের সহিত দূরে যাইও না ॥ ৪১ ॥

হে তাত! গাত্রোত্থান কর এই তোমার বয়স্যগণ ক্রীড়া করিবার নিমিত্ত তোমাকে আহ্বান করিতেছে। হে নৃপনন্দন! অনেকক্ষণ শয়ন করিয়া আছ, তোমার ক্ষুধা হইয়া থাকিবে কিছু খাও স্তন পান কর, আত্মীয় জনের শোক দূর হউক ॥ ৪২ ॥

হে পুত্র। আমি অতি মন্দভাগ্যা, প্রথমে এখানে আসিয়া তোমার বদনপদ্মের মনোহর হাস্য দেখিতে পাই নাই, এক্ষণেও তোমার মধুর বাক্য আমার কর্ণগোচর হইতেছে না, বৎস। তোমার নয়ন দ্বয় মুদ্রিত রহিয়াছে, নৃশংস কৃতান্ত কি তোমাকে লোকান্তরে অর্থাৎ যেখান হইতে পুনরাগমন হয় না তথায় কি লইয়া গিয়াছে? ॥

শুকদেব কহিলেন হে রাজন্! রাজমহিষী কৃতদ্যুতি পুত্রের নিমিত্ত ঐ প্রকার শোক করিতে থাকিলে, তাঁহার বিচিত্র বিলাপে রাজা চিত্রকেতু সাতিশয় সন্তপ্ত হইলেন, অতএব অবিলম্বে তিনিও মুক্তকণ্ঠ হইয়া রোদন করিতে আরম্ভ করিলেন। হে মহারাজ! ঐ দুই স্ত্রী পুরুষের বিলাপ দেখিয়া তাঁহাদের অনুবর্ত্তী নর নারী সকলেই দুঃখিত হইয়া ক্রন্দন করিতে লাগিল, পরে গুরুশোক জন্য মোহ বশতঃ সকলেই অচেতন হইয়া পড়িল। হে ভারত! চিত্রকেতু রাজার এ প্রকার ব্যসন উপস্থিত হইলে মহর্ষি অঙ্গিরা অবগত হইয়া নারদের সহিত তথায় আগমন করিলেন, তখন সকলে হত-

এবং কশ্মলমাপন্নং নষ্টসংজ্ঞমনায়কং। আখাজিরা নাম ঋষিরাজগ্মতুঃ নারদঃ ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চিত্রকেতূপাখ্যানে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ঊচতুর্মৃতকোপান্তে পতিতং মৃতকোপমং। শোকাভিভূতং রাজানং বোধয়ন্তৌ সদুক্তিভিঃ ॥ ১

কোঽয়ং স্যাত্তব রাজেন্দ্র ভবান্ যমনুশোচতি। ত্বঞ্চাস্য কতমঃ সৃষ্টৌ পুরেদানীমতঃ পরং ॥ ২

শ্রীধরস্বামী।

কিমপুনরয়ং পুনরাগমনং যথা ন ভবতি তথা গতোঽসি ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্দ্দশঃ ॥ * ॥

ততঃ পঞ্চদশে চিত্রকেতোঃ শোকাপনোদনং। কৃতং তত্ত্বোপদেশেন নারদেনাঙ্গিরো যুজা ॥ ০ ॥

মৃতকোপান্তে শবসমীপে ॥ ১ ॥

ত্বঞ্চাস্য বন্ধূনাং কতমঃ সৃষ্টৌ প্রজারূপায়াং অয়ং পুত্রঃ অহঞ্চাস্য পিতেতি চেত্তত্রাহ পুরেতি। যে পূর্ব্বজন্মনি পিত্রাদিরূপেণ সংযুক্তা আসন্ তএব মরণেন ততো বিযুক্তাঃ সন্তো বর্ত্তমান জন্মনি কদাচিত্তস্যৈবান্যস্য বা পুত্রাদয়ো ভবন্তি। তে

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শুদ্ধাত্মনো বস্তুতো দেহিত্বং নাস্তি ততো নচ তস্য দেহ ইত্যেবং। তত্র দৃষ্টান্তঃ যথা ন বস্তুনি সর্ব্বকারণে পরমাত্মনি জাতি ব্যক্তি বিভাগ ইতি ॥ ১।২।৩।৪।৫।৬।৭।৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অথ পঞ্চদশে ভূপমুদ্দধার মুনিদ্বয়ং। শোকাম্বুধিং তুপদেষ্টুং নারদঃ কিঞ্চিদব্রবীৎ ॥ ০ ॥

অয়ং তব কো ভবেৎ পুত্র ইতি চেৎ সত্যং ত্বমপ্যস্য কতমঃ পিতেতি চেৎ তত্রাহ পুরা সৃষ্টৌ পূর্ব্ব জন্মনি কিংবা ইদানীং কংবা অতঃপরং ভাবিনি জন্মনীত্যর্থঃ যে পূর্ব্ব জন্মনি পুত্রাদি রূপেণ সংযুক্তা আসন্ ত এব মরণে ততো বিযুক্তাঃ সন্ত বর্ত্তমান জন্মনি কদাচিৎ তস্যৈবান্যস্য বা পুত্রাদয়ো ভবন্তি। তে জন্মান্তরে তস্যৈবান্যস্য বা কলত্রাদয়ঃ শত্রুমিত্রাদয়ো বা ভবন্তীতি ভাবঃ ॥ ১।২ ॥

চেতন ও অনায়ক অর্থাৎ শোক নিবর্ত্তক জনশূন্য হইয়া রহিয়াছিল ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশাধ্যায়ে নারদ ও অঙ্গিরা কর্ত্তৃক তত্ত্বোপদেশ দ্বারা চিত্রকেতুর শোকাপনোদন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে মহারাজ! শূরসেনাধিপতি রাজা চিত্রকেতু মৃত শিশুর শব সমীপে শবতুল্য পতিত এবং শোকাভিভূত দেখিয়া মহর্ষি অঙ্গিরা ও নারদ বিবিধ সদুক্তি দ্বারা প্রবোধ দান পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ১ ॥

হে রাজেন্দ্র! তুমি যাহার নিমিত্ত এ প্রকার কাতর হইয়া শোক করিতেছ এ তোমার কে? তুমিই বা প্রজারূপা সৃষ্টিতে ইহার বন্ধু মধ্যে কোন্ জন? যদি বল এ আমার পুত্র, আমি ইহার পিতা, তাহাতে বক্তব্য এই, পূর্ব্বে কি তোমাদের পরস্পর সম্বন্ধ ছিল? এখনও কি রহিয়াছে? অতঃপর কি হইবে? ফলতঃ যাহারা পূর্ব্ব জন্মে যাহার সহিত পিত্রাদি রূপে সংযুক্ত থাকে, তাহারা মরণ দ্বারা তাহা হইতে বিযুক্ত হইয়া বর্ত্তমান জন্মে কদাচিৎ তাহার, কদাচিৎ অন্যের পুত্রাদি হইতে পারে

যথা প্রযান্তি সংযান্তি স্রোতোবেগেন বালুকাঃ। সংযুজ্যন্তে বিযুজ্যন্তে তথা কালেন দেহিনঃ॥ ৩॥
যথা ধানাসু বৈ ধানা ভবন্তি ন ভবন্তি চ। এবং ভূতানি ভূতেষু চোদিতানীশমায়য়া ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

জন্মান্তরে তবৈবান্যে বা কলত্রাদয়ঃ শত্রুমিত্রাদয়োবা ভবন্তি ততোনায়ং নিয়ম ইতি ভাবঃ ॥ ২ ॥

তমেবার্থপ্রায়ং প্রকটয়তঃ যথেতি স্রোতসঃ প্রবাহস্য বেগেন যথা প্রযান্তি বিযুজ্যন্তে সংযান্তি সংযুজ্যন্তেচ তথা কালবেগেন দেহিনো জীবা অপি ॥ ৩ ॥

তথাপ্যেতাবন্তং কালং মম পুত্রোনাভূৎ। বার্দ্ধকে জাতোমৃত ইতি দুঃখমিতি চেত্তত্রাহতুঃ। যথা ধানাসু বীজেষু ধানা বীজান্তরাণি ভবন্তি কাসু কদাচিন্নভবন্তি নোৎপদ্যন্তে নশ্যন্তি বা নতু ভবন্ত্যেবেতি নিয়মঃ। এবমেব ভূতানি পুত্রাদি রূপাণি ভূতেষু পিত্রাদিষু অতো ধানানাং জন্যজনকত্বেপি যথা পিতৃ পুত্রাদি ভাবো নাস্তি এবমত্রাপীতি নশোকঃ কার্য্য ইতি ভাবঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তমেবার্থং প্রকটয়তি যথেতি শ্রোতসঃ প্রবাহস্য বেগেন বালুকাঃ যথা প্রযান্তি বিযুজ্যন্তে। সংযান্তি সংযুজ্যন্তে। তথা কালবেগেন দেহিনো জীবা অপি ॥ ৩ ॥

নত্বহমস্য পিতা বা পুত্রো বা এতস্মিন্ জন্মনি অন্যস্মিন্ জন্মনি ভবামি ন ভবামি বেত্যাদি জিজ্ঞাসয়া সংপ্রত্যালমেব কিন্তু পরম প্রেমাস্পদস্য বিচ্ছেদ দুঃখমহং কেনাপরাধেনানুভবামি তদ্ব্রূতমিতি চেন্নাত্র কোহপ্যপরাধঃ কিন্ত্বত্র কালএব কারণমিত্যাহতুঃ যথেতি ॥

তদপ্যেতাবন্তং কালং মম পুত্রোনাভূৎ বার্দ্ধকে জাতো মৃত ইতি মহদ্দুঃখ মিতি চেত্তত্রাহতুঃ। ধানাসু যবেষু ধানা যবান্তরাণি ভবন্তি কদাচিন্ন ভবন্তি নশ্যন্তিচ। এবম্ভূতানি পুত্রাদীনি ভূতেষু পিত্রাদিষু। অতো যবানাং জন্য জনকত্বেপি যথা পিতৃ পুত্রাদি ভাবোনাস্তি এবমত্রাপি ন শোকঃ কার্য্য ইতি ভাবঃ ধানাভৃষ্টযবে স্ত্রিয় ইত্যভিধানাৎ শ্লেষেণ যথা ধানাসু ভৃষ্টযবেষু ধানা ন ভবন্তি। এবম্ভূতেষু ঈদৃশেষু ভবদ্বিধেষু অপত্যজনকাদৃষ্টরহিতেষু ভূতানি অপত্যানি ন ভবন্তি কিন্তু হে ঈশ রাজন্ মায়য়া প্রেরিতানি ভবন্তি চেত্যহমঙ্গিরাএব ত্বং প্রবোধার্থং মায়য়া ত্বং পুত্রোঽভূবমিতি ভাবঃ ॥ ৪ ॥

এবং এক্ষণেও যাহার যে সকল পুত্র কলত্রাদি আছে তাহারাও জন্মান্তরে তাহার কিম্বা অন্যের পুত্র কলত্রাদি বা শত্রু মিত্রাদি হইতে পারে, অতএব তুমি ইহার পিতা ইনি তোমার পুত্র এমত নিয়ম কই, কিসে তুমি জানিলে এ আমার পুত্র ॥ ২ ॥

হে রাজন্! যেমন স্রোতের বেগে বালুকা সকল কদাচিৎ কোন স্থান হইতে অন্তর হইয়া যায়, কোথায় বা নূতন গিয়া সংযুক্ত হয়, সেই রূপ এই জীব সকলও কাল বেগে কখন পরস্পর সংযুক্ত ও কখন বিযুক্ত হইয়া থাকে ॥ ৩ ॥

যদি বল এতাবৎকাল আমার পুত্র হয় নাই, বৃদ্ধাবস্থায় উৎপন্ন হইয়া পুনরায় মৃত হইল, অতএব ইহাই সুমহৎ দুঃখ, হে মহারাজ! এরূপ আশঙ্কা বৃথা। যেমন বীজ মধ্যে বীজান্তর হয় সত্য, কিন্তু কোন কোন বীজে কদাচিৎ তাহা উৎপন্ন হয় না, অথবা জন্মিয়া নষ্ট হয়, সেই রূপ পরমেশ্বরের মায়া বশতঃ পুত্রাদিরূপ ভূত সকল পিত্রাদিভূত সকলে কদাচিৎ নিযোজিত হইতে পারে, কদাচিৎ না হইতেও পারে। অতএব জীব সকলে জনকত্ব সত্ত্বেও যদ্রূপ পিতৃ পুত্র ভাব বলা যায় না এস্থলেও পিতৃ পুত্র ভাব তদ্রূপ, ইহাতে শোকের বিষয় কি? ॥ ৪ ॥

বয়ঞ্চ ত্বঞ্চ যে চেমে তুল্য কালাশ্চরাচরাঃ । জন্মমৃত্যোর্যথা পশ্চাৎ প্রাঙ্‌নৈবমধুনাপি ভোঃ ॥ ৫ ॥
ভূতৈর্ভূতানি ভূতেশঃ সৃজত্যবতি হন্তি চ । আত্মসৃষ্টৈরস্বতন্ত্রৈরনপেক্ষোঽপি বালবৎ ॥ ৬ ॥
দেহেন দেহিনো রাজন্ দেহাদ্দেহোঽভিজায়তে । বীজাদেব যথাবীজং দেহ্যর্থ ইব শাশ্বতঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী ।

ঈশমায়া প্রেরিতানামেব ভবনমুক্ত্বানং নতু বস্তুতঃ তস্মাচ্চ সর্ব্ব সাধারণত্বাৎ ন পুত্রএব শোচনীয় ইত্যাহতুঃ বয়ঞ্চেতি ; তুল্য কালা বর্ত্তমান কালীনাঃ জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাচ্চ যথা নসন্তি এবমধুনাপি ন সন্তি ভো রাজন্ আদ্যন্তয়োরসত্ত্বাৎ স্বপ্ন বদিত্যর্থঃ ॥ ৫ ॥
অসত্বে কথং প্রতীতিঃ কথাবাহমস্য জনক ইত্যাদ্যভিমানস্তত্রাহতুঃ ভূতৈরিতি । ঈশ্বরেণ মায়য়া সৃষ্টত্বাৎ প্রতীতি র্নিমিত্তমাত্রত্বে নৈবচ ভূতানামভিমান ইতি ভাবঃ । নবীশ্বরস্য সৃষ্ট্যাদিভিঃ সাধ্যমস্তি চেৎ অপূর্ণকামতা প্রাপ্তা নাস্তি চেৎ কুতঃ প্রবৃত্তিস্তত্রাহতু অনপেক্ষোঽপি বালবল্লীলয়া করোতি ॥ ৬ ॥
অতশ্চ জন্মাদি ব্যবহারো দেহানামেবানাত্মবামাত্মন ইত্যাহতুঃ । দেহিনঃ পিতুর্দেহেন দেহিনঃ পুত্রস্য দেহো মাতুর্দেহাদ্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

শোচনীয়শ্চেৎ ন কেবলং মৃতঃ পুত্রএব অপিতু দারামাত্য স্বজনাদয়ঃ সর্ব্বে বর্ত্তমানা অপি শোচ্যা এবেত্যাহতুঃ বয়ঞ্চেতি । তুল্যকালাএক কালস্থিতাঃ জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাচ্চ যথা নসন্তি এবমধুনাপি ন সন্তি নহ্যত্রৈকালিকং বস্তু বাস্তব মুচ্যতে নহ্যবাস্তবং বস্তু ভবৈর্গণনায়ামুপাদীয়তে ইত্যত স্তৎ সত্যমপ্যসত্যায়মানমেবেতি ভাবঃ ॥ ৫ ॥
নচ ময়ায়ং পুত্রো জনিতঃ কেনাপ্যলক্ষিতেন দারুণেনায়ং নাশিত ইতি স্বস্মিন্ জনকত্বলক্ষণো গুণঃ পরস্মিংস্ত নাশকত্ব লক্ষণো দোষ প্রসঞ্জনীয় ইত্যাহতুঃ । ভূতৈঃ পিত্রাদিভিঃ সৃজতি । রাজাদিভিরবতি সর্পাদিভির্হন্তি আত্মসৃষ্টৈরিতি পিত্রাদী-নামীশ্বর সৃষ্টত্বাদীশ্বরাধীনত্বাচ্চেত্যর্থঃ । নহু পূর্ণকামস্যেশ্বরস্য কিং সৃষ্ট্যাদিভি স্তত্রাহ অনপেক্ষোঽপি বালবল্লীলয়া করোতীতি ॥ ৬
সত্য মুক্তমীশ্বর সৃষ্টেন পিত্রা ময়া জনিতঃ পুত্রোঽয়ং মৃত ইত্যতঃ শোচামীতি তত্রাহতুঃ । দেহেন পিতুর্দেহেন দেহিনঃ পুত্রস্ত দেহো মাতুর্দেহাদভিজায়তে যথা বীজাদেব বীজং জায়তে অতস্ত্বয়া জনিতস্য পুত্রদেহস্য তবাগ্রএব বর্ত্তমানত্বাৎ ত্বং কথমধুনা শোচসীতি ভাবঃ ।

রাজন্ ! আমরা, তুমি এবং এই সকল চরাচর জগৎ, যাহা বর্ত্তমান কালে একত্র রহিয়াছে, আমরা যদ্রূপ জন্মের পূর্ব্বে ছিলাম না এবং মৃত্যুর পরে থাকিব না, এক্ষণেও তদ্রূপ নাই, ফলতঃ এ সকল যদি প্রথমে ও শেষে না থাকিল তবে অসৎ (মিথ্যা) এবং কেবল স্বপ্ন তুল্য ॥ ৫ ॥

যদি বল সকলই যদি অসৎ 'মিথ্যা' তবে কি নিমিত্ত প্রতীতি হয় ও আমি ইহার জনক এইরূপ অভিমান জন্মে ? উত্তর, ভূতেশ প্রভু মায়াযোগে ভূত দ্বারা ভূত সকলকে সৃজন, পালন ও সংহার করিয়া থাকেন অতএব পরমেশ্বরের মায়ায় সৃষ্ট হওয়াতে প্রতীত হয় এবং ভূত সকল ঐ বিষয়ে নিমিত্ত মাত্র হওয়াতে তাহাদের অভিমান জন্মিয়া থাকে । পরন্তু হে রাজন্ ! পরমেশ্বরের সৃষ্ট্যাদি কার্য্য দেখিয়া অপূর্ণ কামতা আশঙ্কা করিও না, ভূত সকল তাঁহার আত্ম সৃষ্ট বটে, কিন্তু সকলই অস্ব-তন্ত্র । অপর তাঁহার এসকলে প্রয়োজন মাত্র নাই, তিনি অনপেক্ষ হইয়াও বালকের ন্যায় লীলা দ্বারা এ সকলের সৃষ্ট্যাদি করিয়া থাকেন ॥ ৬ ॥

হে রাজন্ ! জন্মাদি ব্যবহার দেহ সকলের বস্তুতঃ আত্মার নয়, যেমন বীজ হইতে বীজ জন্মে তাহার ন্যায় দেহী যে পিত্রাদি, তাহাদের দেহ দ্বারা দেহির অর্থাৎ পুত্রাদির দেহ মাত্রাদির দেহ হইতে

বিজ্ঞাপন।

শ্রীশ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি প্রণীত।

শ্রীচৈতন্যচরিতামৃত পদ্যছন্দে প্রণযন করিয়া সাধারণ লোকের মঙ্গল করিয়াছিলেন সত্য কিন্তু মূঢ়লোকে তাহার অর্থ না বুঝিতে পারিয়া নানা মত অবলম্বন করিতেছে, কেহ দরবেশ, কেহ বাউল, কেহ ২ সহজা প্রভৃতি মত প্রকাশ করিয়া স্ত্রীলোক দ্বারা সাধন করেন, পরন্তু শ্রীমন্মহাপ্রভুর মতে কথন পরস্ত্রী সংসর্গ বিধেয় নহে, এতদ্দেশে যে শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ প্রচলিত আছে তাহা অনেক ভুল অসংলগ্ন এবং বটতলার ছাপায় একেবারে বিপর্য্যয় হইয়া গিয়াছে, আমি বহু দিবস হইতে অভিলাষ করিয়াছিলাম যে কি রূপে সাধারণ লোককে ধর্ম্ম যাজন করাইব কিন্তু এতদ্দেশে যত পুস্তক দেখিলাম সকলই ভ্রম পরিপূর্ণ, পরে বহু অনুসন্ধান করিতে ২ কবিরাজ গোস্বামী স্বয়ং যে শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ প্রণয়ন করিয়া গোস্বামিদিগকে উপহার দেন, তাহা ৺ বৃন্দাবনধামে শ্রীজীবগোস্বামির পাট শ্রীরাধাদামোদর ঠাকুরের কুঞ্জে ছিল, আমি বহু অর্থ ব্যয় করিয়া তথা হইতে নকল ও শোধন করিয়া আনয়ন করিয়াছি, উক্ত গ্রন্থ মূল পয়ার, শ্লোক ও টীকা এবং সংস্কৃত প্রতি পয়ারের ও শ্লোকের অনুবাদসহ মুদ্রাঙ্কনে প্রবৃত্ত হইলাম, ইহাতে কোন স্থানে মতের ভিন্নতা হইবে না, গোস্বামিদিগের বিশুদ্ধমত স্থাপন হইবে, যাঁহারা বৈষ্ণবধর্ম্মে আস্থা রাখেন এবং গোস্বামিপাদদিগের শিষ্য তাঁহারা সাধ্যমত সাহায্য করিবেন, সমর্থ ব্যক্তির পক্ষে এককালীন ৭ সাত টাকা অগ্রিম মূল্য দিতে হইবে,আর লাগিবে না, অসমর্থ ব্যক্তি প্রতিখণ্ডের ডাক মাসূল সহ ৷৷১০ হিসাবে অগ্রে ৬ খণ্ডের ৩/১০ তিন টাকা দেড় আনা দিবেন তাহা হইলে গ্রাহক শ্রেণীতে ভুক্ত হইবেন, গ্রন্থ মুদ্রাঙ্কন আরম্ভ হইল ১৫ দিবস মধ্যে প্রকাশ হইবে এককালীন সাত টাকা মূল্য দিলে যত বেশী হইবে আর তাঁহার নিকট লওয়া হইবে না, তিনি ক্রমান্বয়ে পুস্তক পাইতে থাকিবেন ইতি। ১২৯২ সাল ২০ ফাল্গুন।

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।
হরিভক্তিপ্রদায়িনী সভা।
বহরমপুর রাধাবল্লভ বস্ত্র।

বৈষ্ণব।

পঞ্চম সংখ্যা প্রকাশিত হইয়াছে।

এই ভক্তি প্রচারক মাসিকপত্রে রামানুজ, মাধ্ব, নিম্বাদিত্য এবং বিষ্ণুস্বামী প্রভৃতি সমস্ত বৈষ্ণব সম্প্রদায়ের সদাচার, ধর্ম্ম প্রণালী, বৈষ্ণব প্রবন্ধ, বৈষ্ণবজীবনী, বৈষ্ণবগ্রন্থের অনুবাদ এবং অন্যান্য আবশ্যকীয় বিষয় সকল প্রকাশিত হইবে, আপাততঃ আবশ্যকীয় বৈষ্ণব প্রবন্ধ, বিষ্ণুস্বামী ও শ্রীচৈতন্য মহাপ্রভু সম্প্রদায়ি গ্রন্থের অনুবাদ এবং পদ্মপুরাণান্তর্গত কার্ত্তিক মাহাত্ম্য সানুবাদ প্রতিমাসে প্রকাশিত হইতেছে, ইহার বার্ষিক সাহায্য ১৷৹ দেড় টাকা ডাক মাসুল নাই॥

সংস্কৃত দেবনাগরাক্ষরে বেদান্ত স্যমন্তক মুদ্রিত হইয়াছে, মূল্য মায় ডাকমাসুল ।১০ সাড়ে চারি আনা। নবদ্বীপ পরিক্রমা এক আনা। নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

শ্রীকালীদাস নাথ
রামসেবক মল্লিকের গলি বড়বাজার কলিকাতা।

৪৪—সংখ্যা।

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা

শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ

শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ

ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমাণিক্যস্য

সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

ষষ্ঠ স্কন্ধঃ।

মুর্শিদাবাদ;

বহরম্পুর,—রাধারমণযন্ত্রে

শ্রীরাননায়ায়া বিদ্যারত্নেন প্রকাশিতং

মুদ্রিতঞ্চ।

সন১২৯২। পৌষ

দেহদেহিবিভাগোয়মবিবেককৃতঃ পুরা। জাতি ব্যক্তি বিভাগোহয়ং যথা বস্তুনি কল্পিতঃ ॥ ৮ ॥

শ্রীশুক উবাচ ॥

এবমাশ্বাসিতোরাজা চিত্রকেতু র্দ্বিজোক্তিভিঃ। বিমৃজ্য পাণিনা বক্ত্রমাধিম্লানমভাষত ॥

রাজোবাচ ॥

কৌ যুবাং জ্ঞানসম্পন্নৌ মহিষ্ঠৌচ মহীয়সাং। অবধূতেন বেশেন গূঢ়াবিহ সমাগতৌ ॥ ৯ ॥

চরন্তি হ্যবনৌ কামং ব্রাহ্মণা ভগবৎপ্রিয়াঃ। মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বোধায়োন্মত্তলিঙ্গিনঃ।

শ্রীধরস্বামী।

দেহাদুৎপত্তিরভবতে যথা বীজাদেব বীজং জায়তে দেহীতু শাশ্বত এব অর্থো ভূম্যাদি র্যথা তদ্বৎ ॥ ৭ ॥

ননু নশ্বর দেহ প্রতিযোগিত্বাৎ দেহ্যপি ন শাশ্বতঃ স্যাৎ তত্রাহতুঃ। দেহদেহিনো রয়ং পরস্পর প্রতিযোগি বিভাগঃ পুরা অনাদিঃ অবিবেক কৃতঃ অজ্ঞান কল্পিতঃ জাতিঃ সামান্যং ব্যক্তি র্বিশেষঃ তয়োর্বিভাগো যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ। পরস্পরাপেক্ষসিদ্ধিত্বেনানিরূপ্যত্বাৎ তদ্বৎ ॥ ৮ ॥

আধিনা ম্লানং বক্ত্রং ॥ ৯ ॥

উন্মত্তস্যেব লিঙ্গং যেষাং তে ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অবধূতেন বেশেনেতি নিজাচ্ছাদনার্থং তদা কৃতত্বাৎ ॥ ৯ ॥

ভগবন্তো বিশেষতো ভক্তবৎসলস্ত সামান্যতোপি ব্রহ্মণ্যদেবস্য প্রিয়াঃ। কুমার ইতি চতুষ্কং। ব্যাসবাদরায়ণ্যাদীনাং তদানী

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নষত্র সংপ্রতি দেহী জীবাত্মা নাস্তীতি শোচামীতি তত্রাহতুঃ। দেহী জীবো নাম অর্থস্ত শাশ্বতএব ন স ত্বয়া জনিত ইতি তেন সহ ন কোপি তে সম্বন্ধোহস্তীতি ভাবঃ ॥ ৭ ॥

ননু নশ্বরদেহ প্রতিযোগিত্বাৎ দেহ্যপি ন শাশ্বতঃ স্যাত্তত্রাহতুঃ। দেহদেহিনোরয়ং পরস্পর প্রতিযোগি বিভাগঃ। পুরা অনাদিঃ অবিবেক কৃতঃ অজ্ঞানকল্পিতঃ। জাতিঃ সামান্যং ব্যক্তি র্বিশেষঃ তয়োর্বিভাগো যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ পরস্পরাপেক্ষ সিদ্ধিত্বেনানিরূপ্যত্বাৎ ॥ ৮ ॥

অবধূতেন বেশেনেতি স্বগোপনার্থং তাভ্যাং তথা কৃতত্বাৎ ॥ ৯ ॥

মহাপুরুষাঃ পরমর্ষয়ো ভগবত্তত্ত্বাস্চ গোচরা মনো নেত্রাদি বিষয়া যস্য তং অতএব ব্রাহ্মণ বৈষ্ণব সেবিত্বাদ্ধন্যো ভগবদ্ভক্ত

উৎপন্ন হয়, কিন্তু ভূম্যাদি পদার্থের ন্যায় দেহী (জীব) শাশ্বতই আছেন ॥ ৭ ॥

যদি বল দেহী দেহের প্রতিযোগী, দেহকে যখন নশ্বর দেখিতেছি তখন দেহীও তদ্রূপ হইতে পারে, শাশ্বত হইতে পারে না, উত্তর, যেমন সামান্য ও বিশেষ এই দুইয়ের বিভাগ সন্মাত্র বস্তুতে অজ্ঞান দ্বারা কল্পিত হয়, তাহার ন্যায় দেহ ও দেহির পরস্পর প্রতিযোগি বিভাগ অনাদি কালাবধি অবিবেককৃত হইয়াছে ॥ ৮ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! সেই বিপ্রদ্বয়ের ঐ সকল বাক্যে শূরসেনাধিপতি চিত্রকেতুর প্রবোধ জন্মিল। আশ্বস্ত হইয়া আপন বদন (যাহা মনঃপীড়া দ্বারা মলিন হইয়াছিল) হস্তদ্বারা মোচন পূর্ব্বক অঞ্জলিবন্ধন করিয়া কহিলেন, হে মহাশয়েরা! আপনারা দুই জন কে? দেখিতেছি আপনারা জ্ঞানসম্পন্ন এবং মহীয়ান্ লোকদের অপেক্ষাও মহত্তর। অনুমান হয় আপনারা অবধূত বেশে স্বরূপ গোপন করিয়া এখানে আসিয়াছেন ॥ ৯ ॥

কারণ ভগবৎপ্রিয় ব্রাহ্মণগণ উন্মত্তের তুল্য চিহ্ন ধারণ করিয়া মাদৃশ গ্রাম্য বুদ্ধি লোকদিগের

কুমারো নারদ ঋভুরঙ্গিরাদেবলোঽসিতঃ। অপান্তরতমা ব্যাসো মার্কণ্ডেয়োঽথ গৌতমঃ।
বশিষ্ঠো ভগবান্ রামঃ কপিলো বাদরায়ণিঃ। দুর্ব্বাসা যাজ্ঞবল্ক্যশ্চ জাতূকর্ণস্তথারুণিঃ।
রোমশশ্চ্যবনোদত্ত আসুরিঃ স পতঞ্জলিঃ। ঋষির্বেদশিরা ধৌম্যো মুনিঃ পঞ্চশিখস্তথা।
হিরণ্যনাভঃ কৌশল্যঃ শ্রুতদেব ঋতধ্বজঃ। এতে পরেচ সিদ্ধেশাশ্চরন্তি জ্ঞানহেতবঃ ॥ ১০ ॥
তস্মাদ্যুবাং গ্রাম্যপশোর্ম্ম মূঢ়ধিয়ঃ প্রভূ। অন্ধে তমসি মগ্নস্য জ্ঞানদীপ উদীর্য্যতাং ॥

শ্রীঅঙ্গিরা উবাচ ॥

অহং তে পুত্রকামস্য পুত্রদোঽস্ম্যঙ্গিরা নৃপ। এষ ব্রহ্মসুতঃ সাক্ষান্নারদোভগবানৃষিঃ ॥ ১১ ॥
ইত্থং ত্বাং পুত্রশোকেন মগ্নং তমসি দুস্তরে। অতদর্হমনুস্মৃত্য মহাপুরুষগোচরং ॥
অনুগ্রহায় ভবতঃ প্রাপ্তাবাবামিহ প্রভো। ব্রহ্মণ্যোভগবদ্ভক্তো নাবসাদিতুমর্হসি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

মম প্রভূ রক্ষকৌ বোধ সমর্থাবিতি বা অতোযুবাভ্যাং জ্ঞানদীপঃ প্রবর্ত্ত্যতাং ॥ ১১ ॥
মহাপুরুষগোচরং হরিভক্তং ত্বাং ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনাবির্ভূতানামপি গণনা শাস্ত্র দৃষ্টৈবেতি ॥ ১০। ১১ ॥
ইত্থমিতি যুগ্মকং। মহাপুরুষো গোচরোঽনুভব বিষয়ো যস্য তং। ভগবদ্ভক্ত ইতি পূর্ব্বমেব তৎ সঙ্গপ্রভাবেণ ভক্তি বীজোদয়াৎ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্লোকঃ। নতু বস্তুতস্তদা ভক্ত ইত্যর্থঃ ॥ ১০। ১১। ১২ ॥

বোধোদয় নিমিত্ত স্বেচ্ছাক্রমে অবনিমণ্ডলে ভ্রমণ করিয়া থাকেন। ফলতঃ সনৎকুমার, নারদ, ঋভু, অঙ্গিরা, দেবল, অসিত, বেদব্যাস, (যাঁহার আন্তরিক তমঃ একেবারে বিনষ্ট হইয়াছে) মার্কণ্ডেয়, গৌতম, বশিষ্ঠ, পরশুরাম, কপিল, শুক, দুর্ব্বাসা, যাজ্ঞবল্ক্য, জাতূকর্ণ, আরুণি, রোমশ, চ্যবন, দত্তাত্রেয়, আসুরি, পতঞ্জলি, বেদশিরা ঋষি, ধৌম্য, পঞ্চশিখ মুনি, হিরণ্যনাভ, কৌশল্য, শ্রুতদেব, এবং ঋতধ্বজ, এই সকল এবং ইহাদের তুল্য অন্যান্য সিদ্ধেশ সংঘ (যাঁহারা জ্ঞানের কারণ) সর্ব্বদাই ভ্রমণ করিয়া থাকেন ॥ ১০ ॥

অতএব আমি গ্রাম্য পশুর তুল্য মূঢ় বুদ্ধি, আপনারা দুইজনে আমার রক্ষক হউন, আমি ঘোর অন্ধকারে মগ্ন হইতেছি, অনুগ্রহ পূর্ব্বক জ্ঞানময় দীপ প্রকাশ করুন ॥ ১১ ॥

রাজা চিত্রকেতুর এই সমস্ত বাক্য শ্রবণ করিয়া ঋষিবর অঙ্গিরা কহিলেন হে রাজন্! তুমি পুত্র কামনা করাতে আমিই তোমাকে পুত্র দিয়াছিলাম, আমি সেই অঙ্গিরা, আর আমার সমভিব্যাহারী এই ভগবান্ নারদ, ইনি সাক্ষাৎ ব্রহ্মার সন্তান, আমাদের স্মরণ হইল, তুমি পুত্রশোকে এই প্রকার দুস্তর তমস্তে মগ্ন হইতেছ, তুমি ভগবান্ হরির ভক্ত, তোমার এ রূপে তমোমগ্ন হওয়া উচিত হয় না, অতএব তোমার প্রতি অনুগ্রহ বিস্তারার্থ আমরা দুই জনে এখানে আসিলাম, রাজন্! তুমি ব্রহ্মণ্য এবং ভগবদ্ভক্ত, এ রূপে অবসন্ন হওয়া তোমার অযোগ্য ॥ ১২ ॥

তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ । জ্ঞাত্বান্যাভিনিবেশং তে পুত্রমেব দদাম্যহং ॥ ১৩ ॥
অধুনা পুত্রিণাং তাপো ভবতৈবানুভূয়তে । এবং দারা গৃহা রায়ো বিবিধৈশ্বর্য্যসম্পদঃ ॥ ১৪ ॥
শব্দাদয়শ্চ বিষয়াশ্চলা রাজ্যবিভূতয়ঃ ॥ ১৫ ॥
মহী রাজ্যং বলং কোষো ভৃত্যামাত্য সুহৃজ্জনাঃ । সর্ব্বেহপি শূরসেনেমে শোকমোহভয়ার্ত্তিদাঃ ।
গন্ধর্ব্বনগরপ্রখ্যাঃ স্বপ্নমায়ামনোরথাঃ ॥ ১৬ ॥
দৃশ্যমানা বিনার্থেন ন দৃশ্যন্তে মনোভবাঃ । কর্ম্মভির্ধ্যায়তো নানা কর্ম্মাণি মনসোঽভবন্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী ।

তদৈব যদা পূর্ব্বমাগতোঽস্মি ॥ ১৩ ॥
রায়ঃ অর্থাঃ ॥ ১৪ ॥
চলা অনিত্যাঃ ॥ ১৫ ॥
কিঞ্চ মহীতি হে শূরসেন ইমে সর্ব্বেপি শোকাদিপ্রদাঃ । কিঞ্চাগমাপায়িত্বেন গন্ধর্ব্বনগর তুল্যাঃ । গন্ধর্ব্ব নগরং হি অকস্মাদেব ক্বচিদায়াতি অপযাতি চেতি প্রসিদ্ধং । তদেবমনিত্যত্বং শোকাদি হেতুত্বঞ্চাগমাপায়িত্বঞ্চোক্তং মিথ্যাত্বমপ্যাহ । স্বপ্নশ্চ মায়াচ মনোরথশ্চ তে যথা তদ্বৎ ॥ ১৬ ॥
মনোভবা মনোমাত্র বিজৃম্ভিতাঃ তত্র হেতুঃ অর্থেন তাত্ত্বিক স্বরূপেণ বিনৈব দৃশ্যমানাঃ তৎ কুতঃ যস্মাৎ ক্ষণান্তরে নদৃশ্যন্তে

ক্রমসন্দর্ভঃ ।

দদামি অদাস্যমিত্যর্থঃ । পুনশ্চ দদামি অদদামিত্যর্থঃ । তিঙাং তিঙো ভবন্তীতি ছান্দসোত্র লট্ ॥
তদেবং যদঙ্গিরসোপদিষ্টং তত্রাপবিতুষ্টঃ শ্রীনারদ উবাচ । সুপ্তবাত্রমতিক্রম্য দিনকতিপয়ানন্তরমিত্যর্থঃ ॥
অথোপদেশে বৈশিষ্ট্যমাহ যদেতি ॥ ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দদামি অদাস্তং পুনশ্চ দদামীত্যস্য অদদামিত্যর্থঃ । তিঙাং তিঙো ভবন্তীতি লক্ষণেন ॥ ১৩ । ১৪ । ১৫ ॥
তদেবং দারাদীনামনিত্যত্বাদবাস্তব বস্তুত্বং শোকাদি হেতুত্বমাগমাপায়িত্বঞ্চোক্তং । যেতু দারাদিভ্যোঽন্যেপি শোকমোহ ভয়ার্ত্তিদা অর্থাঃ স্বপ্নাদ্যর্থাস্তেতু মিথ্যাভূতা এবেত্যাহ গন্ধর্ব্বেতি স্বপ্নশ্চ মায়া ইন্দ্রজালঞ্চ মনোরথশ্চ তে তদ্বথাঃ পদার্থাঃ । অর্থেন ব্যাঘ্র সর্পাদিনা বিনৈব দৃশ্যমানাঃ স্বপ্নাদি ভঙ্গে সতি ন দৃশ্যন্তে তদেবং দারাদয়োঽবাস্তব বস্তু ভূতাঃ স্বপ্নাদয়োঽবস্তু ভূতাশ্চ সর্ব্বে মনোভবাঃ মনো বাসনা জন্যত্বান্মনোভবাঃ ॥ ১৬ ॥
মনোভবত্বমেবাহ কর্ম্মভিঃ কর্ম্মবাসনাভিরর্থান্ ধ্যায়তঃ পুংসো মনসএব নিমিত্তত্বাৎ কর্ম্মাণ্যভবন্ কর্ম্মাভিধ্যায়ত ইতি পাঠে

হে মহারাজ! আমি পূর্ব্বে যখন তোমার গৃহে আগমন করিয়াছিলাম, তখনই তোমাকে পরম জ্ঞান প্রদান করিতাম, তৎকালে তোমার অন্য বিষয়ে অভিনিবেশ ছিল, তাহা জানিয়া পুত্রই দিয়া যাই ॥ ১৩ ॥

কিন্তু পুত্রবান্ গৃহিদিগের কি প্রকার সন্তাপ সম্ভাবনা এখন তুমি আপনিই অনুভব করিতেছ। কলত্র গৃহ ধন এবং বিবিধ ঐশ্বর্য্য সম্পদ্, এ সকলও এই রূপ সন্তাপ দায়ক ॥ ১৪ ॥

অধিকন্তু শব্দাদি বিষয় তথা রাজৈশ্বর্য্য সকলই নিত্য ॥ ১৫ ॥

অপর হে শূরসেন! মহী, রাজ্য, ধনাগার, ভৃত্য, অমাত্য, সুহৃজ্জন ইত্যাদি সমুদায়ই, শোক, মোহ, ভয় ও আর্ত্তিপ্রদ এবং সকলই গন্ধর্ব্ব নগরের তুল্য অর্থাৎ কখন অকস্মাৎ স্বয়ং আসিয়া উপস্থিত হয়, কখনও আপনিই অপগত হইয়া যায়, ফলতঃ স্বপ্ন, মায়া (ইন্দ্রজাল) ও মনোরথ ইত্যাদি যদ্রূপ কল্পিত ঐ সকলও তদ্রূপ ॥ ১৬ ॥

হে রাজন্! ঐ সকল পদার্থ মনোমাত্র দ্বারা বিজৃম্ভিত, যে হেতু তাত্ত্বিক স্বরূপ ব্যতিরেকে এক-

অয়ং হি দেহিনো দেহো দ্রব্যজ্ঞান ক্রিয়াত্মকঃ। দেহিনো বিবিধক্লেশসন্তাপকৃদুদাহৃতঃ ॥ ১৮ ॥
তস্মাৎ স্বস্থেন মনসা বিমৃশ্য গতিমাত্মনঃ। দ্বৈতে ধ্রুবার্থবিস্রম্ভং ত্যজোপশমমাবিশ ॥ ১৯ ॥
শ্রীনারদ উবাচ ॥
এতাং মন্ত্রোপনিষদং প্রতীচ্ছ প্রযতো মম। যাং ধারয়ন্ সপ্তরাত্রাদ্দ্রষ্টা সঙ্কর্ষণং বিভুং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

তাত্ত্বিকত্বেহি ক্ষণান্তরে বাধো ন স্যাৎ। অতো মনোমাত্র বিজৃম্ভিতত্বেন স্বপ্নাদিবৎ মিথ্যা ভূতা ইত্যর্থঃ। ননেতে পুণ্যাপুণ্য কৃতা ইতি মীমাংসকাঃ প্রাহুঃ তৎকুতো মনোভবত্বং তত্রাহ কর্ম্মভিঃ কর্ম্ম বাসনাভিরর্থান্ ধ্যায়তঃ পুংসো মনস এব নিমিত্তাৎ কর্ম্মাণ্যভবন্। কর্ম্মাভিধ্যায়তঃ ইতি পাঠে কর্ম্ম ঈপ্সিততমমভিধ্যায়ত ইত্যর্থঃ কর্ম্মণামপি মনোভবত্বাৎ তৎসাধ্যা অপি অর্থাঃ মনোভবা এবেতি ভাবঃ ॥ ১৭ ॥

তদেবং মমতাস্পদানাং দুঃখাদি হেতুত্বমুক্তং। তত্র দেহ সম্বন্ধো মূলমিত্যাহ অয়ং হীতি। হীত্যবধারণে অয়ং দ্রব্য জ্ঞান ক্রিয়াত্মকঃ অধিভূতাধিদৈবাধ্যাত্ম রূপো দেহ এব দেহিনঃ দেহোঽহমিতি মন্যমানস্য দেহিনো জীবস্য বিবিধান্ ক্লেশান্ সন্তাপাংশ্চ করোতীতি তথা ॥ ১৮ ॥

স্বস্থেনাব্যগ্রেণ গতিং তত্ত্বং ধ্রুবোঽয়মর্থ ইতি বিস্রম্ভং বিশ্বাসং প্রণয়ং বা ত্যজ ততশ্চ উপশমমাবিশ আশ্রয় ॥ ১৯ ॥

অঙ্গিরসোপদিষ্টং তত্ত্বং পরমেশ্বর প্রসাদং বিনা নপ্রাপ্যত ইতি তৎ প্রসাদায় মন্ত্রবিদ্যাং নারদ উপদিশতি এতামিতি। উপ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কর্ম্ম ঈপ্সিততমমভিধ্যায়ত ইত্যর্থঃ। কর্ম্মণোঽপি মনো ভবত্বাত্তৎসাধ্যা অর্থা অপি মনোভবা এবেতি ভাবঃ ॥ ১৭ ॥

তদেবং মমতাস্পদানাং দুঃখহেতুত্বমুক্ত্বা অহন্তাস্পদস্যাপি দেহস্যাহ অয়মিতি। দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ অধিভূতাধিদৈবাধ্যাত্মিকঃ দেহিনঃ দেহোঽহমিতি মন্যমানস্য জীবস্য ॥ ১৮ ॥

স্বস্থেনাব্যগ্রেণ গতিং তত্ত্বং। দ্বৈতে অহন্তাস্পদ মমতাস্পদ বহুলে ইদন্তাস্পদে জগতি ধ্রুবো বাস্তব বস্তু ভূতোঽয়মর্থ ইতি বিস্রম্ভং বিশ্বাসং প্রণয়ং বা ত্যজ তস্য বস্তুবস্তু ময়ত্বাৎ শাশ্বতস্য ধ্রুবো নিত্য সদাতন সনাতনা ইত্যমরঃ ততশ্চোপশমমাবিশমাশ্রয়॥১৯

ননু তর্হি ধ্রুবোঽর্থ এব কস্তমেব মহ্যং কৃপয়া কথয়েত্যপেক্ষায়ামঙ্গিরসা প্রেরিতো মহাভাগবতত্বান্নারদ এবাহ এতামিতি

ক্ষণে দৃশ্যমান হইয়াও অন্যক্ষণে অদৃশ্য হয়, যথার্থ হইলে দৃশ্য হইয়া অন্য ক্ষণে তাহার বাধ সম্ভবিত না। অতএব মনোমাত্রে বিজৃম্ভিত এ প্রযুক্ত ঐ সকলই স্বপ্নাদির তুল্য মিথ্যা। হে রাজন্! মীমাংসকদিগের মতে যদিও বিষয় সকল পুণ্যাপুণ্য কর্ম্মের ফল, তথাচ কর্ম্ম বাসনায় অনুধ্যান করাতেই পুরুষের মনঃ হইতে কর্ম্ম সকল হইয়া থাকে, ইহাতে কর্ম্ম সকলও মনঃ হইতে উৎপন্ন, সুতরাং কর্ম্মসাধ্য বিষয় সকলকেও মনঃ হইতে উৎপন্ন বলা গিয়া থাকে ॥ ১৭ ॥

অপর হে রাজন্! দেহির এই দেহ যাহা দ্রব্য জ্ঞান ও ক্রিয়াত্মক অর্থাৎ অধিভূত, অধিদৈব ও অধ্যাত্ম স্বরূপ, ইহাই দেহির অর্থাৎ আমি দেহ এই জ্ঞান কর্ত্তা জীবের বিবিধ সন্তাপ দায়ক ॥ ১৮ ॥

অতএব একাগ্র মনে আত্মতত্ত্ববিচার পূর্ব্বক দ্বৈত বস্তুতে "এই বস্তু ধ্রুব" বলিয়া তোমার যে বিশ্বাস আছে তাহা পরিত্যাগ কর, তদনন্তর উপশম আশ্রয় করহ ॥ ১৯ ॥

ঋষিবর অঙ্গিরা যে তত্ত্ব উপদেশ করিলেন পরমেশ্বরের প্রসাদ ব্যতিরেকে তাহা দুষ্প্রাপ্য, ইহা বিবেচনা করিয়া পরমেশ্বরের প্রসন্নতা নিমিত্ত অঙ্গিরার বাক্যাবসানে দেবর্ষি নারদ চিত্রকেতুর প্রতি মন্ত্র বিদ্যা উপদেশার্থ কহিলেন রাজন্! যে মন্ত্র উপনিষৎ অর্থাৎ যাহাতে পরম শ্রেয়ঃ (উপনিষণ্ণ)

যৎপাদমূলমুপসৃত্য নরেন্দ্র পূর্ব্বে শর্ব্বাদয়ো ভ্রমমিমং দ্বিতয়ং বিসৃজ্য।
সদ্যস্তদীয়মতুলানধিকং মহিত্বং প্রাপুর্ভবানপি পরং ন চিরাদুপৈতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চিত্রকেতূপাখ্যানে পঞ্চদশোধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ।

অথদেব ঋষী রাজন্ সম্পরেতং নৃপাত্মজং। দর্শয়িত্বেতি হোবাচ জ্ঞাতীনামনুশোচতাং ॥

শ্রীনারদ উবাচ ॥

জীবাত্মন্ পশ্য ভদ্রং তে মাতরং পিতরঞ্চ তে। সুহৃদোবান্ধবাস্তপ্তাঃ শুচা তৎকৃতয়া ভৃশং ॥১॥

শ্রীধরস্বামী।

নিষন্নং পরং শ্রেয়োঽহস্যামিতি উপনিষৎ মন্ত্র এবোপনিষৎ তাং প্রতীচ্ছ গৃহাণ দ্রষ্টা দ্রক্ষ্যতি ভবান্ ॥ ২০ ॥

অতুলঞ্চ তৎ অনধিকঞ্চ সমানাধিক শূন্যং পরং মহিমানং প্রাপুঃ উপৈতি উপৈষ্যতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শে তৎসুতোক্ত্যৈব বিশোকী কৃত্য তং নৃপং। আদিদেশ মহাবিদ্যাং নারদঃ শেষতোষণীঃ ॥ ০ ॥

আদৌ তাবৎ তং পুত্রমুখেনৈব পিতৃপুত্রাদি সম্বন্ধোমিথ্যেতি দর্শয়িতুং যোগবলেন তমেব জ্ঞাতীনাং দর্শয়িত্বা জীবাত্মন্

ক্রমসন্দর্ভ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সংপরেতমতিবাহিকদেহং প্রাপ্তং। দর্শয়িত্বা যোগবলেনাবির্ভাব্য ॥ ১।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্ত্ররূপাং উপনিষদং প্রতীচ্ছ গৃহাণ ॥ ২০।

ভ্রময়তি ভবস্তমিতি ভ্রমস্তং দ্বিতয়ং দ্বৈতং উপৈতি উপৈষ্যতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে পঞ্চদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ষোড়শে মৃতপুত্রোক্ত্যা প্রবুদ্ধো নারদান্মনুং। প্রাপ্য সংস্তূয় শেষস্তম্মুখাজ্জ্ঞানং নৃপোঽধ্যগাৎ ॥ ০ ॥

জ্ঞাতীনামিতি দ্বিতীয়ার্থে ষষ্ঠী ॥

তদপি শোকমোহয়োঃ শেষং দুর্ব্বারমভিলক্ষ্য মৃতপুত্র মুখেনৈব তং প্রবোধয়িতুমাহ জীবেতি শুচা শোকেন ॥ ১ ॥

প্রাপ্ত হওয়া যায় তাহা ধারণ কর। তাহা ধারণ করিলে নিশ্চয় সপ্তরাত্র মধ্যে সঙ্কর্ষণ বিভুকে দর্শন করিতে পাইবে ॥ ২০ ॥

হে নরেন্দ্র! শর্ব্বাদি পূর্ব্বতন দেবগণ যাঁহার পাদপদ্ম মূলে শরণাপন্ন হইয়া দ্বৈত ভ্রম বিসর্জ্জন পূর্ব্বক সদ্যঃ যাঁহার সমান ও অধিক নাই সেই মহিমা প্রাপ্ত হইয়াছেন, তুমি অচিরে তাঁহাকে প্রাপ্ত হইবে ॥ ২১ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শ অধ্যায়ে পুত্রের উক্তি দ্বারা চিত্রকেতুর শোক নিবারণ করাইয়া তৎপ্রতি নারদের মহোপনিষদ্ উপদেশ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্। অনন্তর দেবর্ষি নারদ প্রথমতঃ চিত্রকেতুর পুত্রের মুখ দিয়াই পিতা পুত্রাদি সম্বন্ধ যে মিথ্যা, তাহা বলাইবার নিমিত্ত যোগবলে সেই মৃত তনয়ের যে আতিবাহিক দেহ প্রাপ্তি হইয়াছিল তদীয় জ্ঞাতিগণকে দর্শন করাইলেন। পরে সেই জীবাত্মাকে সম্বোধন পূর্ব্বক

কলেবরং সমাবিশ্য শেষমায়ুঃ সুহৃদ্বৃতঃ। ভুঙ্ক্ষ্ব ভোগান্ পিতৃপ্রত্তানধিতিষ্ঠ নৃপাসনং ॥ ২ ॥

জীব উবাচ ॥

কস্মিন্ জন্মন্যমী মহ্যং পিতরোমাতরো ভবন্। কর্ম্মভির্ভ্রাম্যমাণস্য দেবতির্য্যঙ্ নৃযোনিষু ॥৩॥

বন্ধুজ্ঞাত্যরি মধ্যস্থ মিত্রোদাসীনবিদ্বিষঃ। সর্ব্ব এব হি সর্ব্বেষাং ভবন্তি ক্রমশোমিথঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ইত্যাহ্যবাচ ॥ ১ ॥

শেষমবশিষ্টমায়ুরস্তি অপমৃত্যুনা মৃতত্বাদিত্যর্থঃ ॥ ২ ॥

তদেব কলেবরং প্রবিশ্য উত্থিতো জীব উবাচ। যদ্বা অন্তরালে প্রেতশরীরে স্থিত্বা ইতি জ্ঞেয়ং ॥ ৩ ॥

ময়ি মৃতে পুত্রদৃষ্ট্যা শোকশ্চেৎ শত্রুদৃষ্ট্যা হর্ষঃ কিং ন ক্রিয়তে ইত্যাশয়েন সম্বন্ধস্যানিয়তত্বমাহ বন্ধবো বিবাহাদিভিঃ সম্বন্ধিনঃ। জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ অরয়ো ঘাতকা মিত্রাণি রক্ষকাঃ মধ্যস্থা উভয়ব্যতিরিক্তাঃ বিদ্বিষো দ্রব্যাদি নিমিত্তেন দ্বেষিণঃ উদাসীনাস্তদ্ব্যতিরিক্তা ইতি ভেদঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

টীকায়ামপমৃত্যুনেতি তৎ কারণকোচিত পাপ বিশেষো ভবতি। যতএব পূর্ণমায়ুর্ভাসয়তীতি ॥

কলেবরং সমাবিশ্যেতি বিরোধাৎ পক্ষান্তরমাহ যদ্বেতি ॥ ২। ৩ ॥

মধ্যস্থাঃ তস্মিন্ তাদৃশেচ মিলন্তঃ। উদাসীনা তয়োরপি ন মিলন্তঃ ॥

টীকায়ামপ বৈব সম্বন্ধ ইত্যত্র শ্লোকদ্বয়স্তেতি শেষঃ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষমবশিষ্টমায়ুর্ব্যাপ্যোত্যপমৃত্যুনা মরণং রাজানমূহয়তি। যস্ত তস্ত তস্ত নাস্ত্যেবায়ু র্মায়িকত্বাৎ পিতৃপ্রত্তান্ পিত্রা দত্তান্ ॥ ২ ॥

জীব উবাচেতি তদেব কলেবরং প্রবিষ্টো ঋষি জীবন্নিব জীব ইত্যর্থঃ। মহ্যং মম ॥ ৩ ॥

ময়ি মৃতে পুত্রদৃষ্ট্যা শোকশ্চেৎ ক্রিয়তে শত্রুদৃষ্ট্যা হর্ষঃ কিং ন ক্রিয়তে ইত্যাশয়েন সম্বন্ধস্যানিয়তত্বমাহ বন্ধবো বিবাহাদি সম্বন্ধিনঃ। জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ অরয়ো ঘাতকাঃ মিত্রাণি হিতৈষিণঃ মধ্যস্থা বহিরন্তর্মৈত্রী বৈরবন্তঃ। উদাসীনা মৈত্রী বৈর শূন্যাঃ। বিদ্বিষ উৎকর্ষাসহিনঃ। ক্রমশ ইতি জন্মান্তরে শত্রুরপ্যস্মিন্ জন্মনি পুত্রোভবতীত্যর্থঃ। যস্ত পুত্রঃ সদাপোভূত্বা ম্রিয়তে সতু দুঃখাধিক্য প্রদত্বাচ্ছত্রুরেবেতি লোকোক্তিঃ ॥ ৪ ॥

কহিলেন, অহে জীবাত্মন্! তোমার মঙ্গল হউক, আপন পিতা মাতাকে অবলোকন কর, তোমার এই সকল সুহৃৎ বন্ধু তোমার শোকে অতিশয় সন্তপ্ত হইতেছে ॥ ১ ॥

হে নৃপনন্দন! তুমি আপনার কলেবর মধ্যে পুনরায় প্রবেশ কর, অপমৃত্যুতে মরিয়াছ, এখনও তোমার অবশিষ্ট পরমায়ুঃ আছে, তোমার পিতা তোমাকে রাজ্য ভার সমর্পণ করিবেন, গাত্রোত্থান করিয়া সুহৃদ্গণে পরিবৃত হওত পিতৃদত্ত বিষয় ভোগ কর এবং নৃপাসনে অধ্যাসীন হও ॥ ২ ॥

দেবর্ষির এই কথায় মৃত রাজতনয়ের জীব অন্তরালে প্রেত শরীরে থাকিয়া উত্তর করিল, এই সকল ব্যক্তি কোন্ জন্মে আমার পিতা মাতা হইয়াছিলেন? আমি ত কর্ম্ম সকল দ্বারা দেব, পশু ও মনুষ্য যোনিতে পুনঃ২ ভ্রমণ করিতেছি ॥ ৩ ॥

আমার মৃত্যু হওয়াতে পুত্র বলিয়া যদি ইহাঁদের শোক হইয়া থাকে, তবে শত্রু বলিয়া হর্ষ কেন না হয়? কারণ সম্বন্ধের অনিয়তত্ব প্রযুক্ত সকল ব্যক্তিই ক্রমে সকলের বন্ধু, জ্ঞাতি (সপিণ্ড) শত্রু (ঘাতক) মধ্যস্থ [শত্রুমিত্র ভিন্ন] মিত্র [রক্ষক] বিদ্বেষী (দ্রব্যাদি নিমিত্ত বিদ্বেষকারী) এবং উদাসীন (তদ্ব্যতিরিক্ত) হইতে পারে ॥ ৪ ॥

যথা বস্তূনি পণ্যানি হেমাদীনি ততস্ততঃ। পর্য্যটন্তি নরেষেবং জীবযোনিষু কর্তৃষু ॥ ৫ ॥
নিত্যস্যার্থস্য সম্বন্ধোহ্যনিত্যো দৃশ্যতে নৃষু। যাবদ্যস্য হি সম্বন্ধো মমত্বং তাবদেবহি ॥ ৬ ॥
এবং যোনিগতো জীবঃ স নিত্যো নিরহঙ্কৃতঃ। যাবদ্যত্রোপলভ্যেত তাবৎ স্বত্বং হি তস্য তৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মভির্ভ্রাম্যমাণত্বে দৃষ্টান্তঃ। যথা পণ্যানি ক্রয়বিক্রয়ার্হাণি। কর্তৃষু ব্যবহর্তৃষু পরিভ্রমন্তি। এবং জীবোঽপি যোনিষু জনকেষু ॥ ৫ ॥

একস্মিন্নপি জন্মনি সম্বন্ধস্যানিয়তত্বং সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। নিত্যস্য জীবস্যোপাধেস্তু পশ্বাদেরনিত্যঃ অনিয়তঃ বিক্রয়াদিনা সম্বন্ধ নিবৃত্তেঃ ॥ ৬ ॥

এবং যোনিগতঃ পিত্রাদি সম্বন্ধং প্রাপ্তোঽপি স জীবো নিত্যঃ দেহজন্মাদিনা তস্য জন্মাদ্যভাবাৎ। অতএব বস্তুতো নিরহঙ্কৃতঃ অহমস্য পুত্র ইত্যভিমানশূন্যঃ যত্র পিত্রাদৌ সম্বন্ধিনি যাবদুপলভ্যেত কর্ম্মবশেন বর্ত্তেত তাবদেব তস্য পিত্রাদেঃ তত্তস্মিন্ স্বত্বং নতু বিক্রয়াদ্যনন্তর কালমপি। অথবা এবং সম্বন্ধঃ যদুক্তং কলেবরং সমাবিশ্যেতি। তত্র তস্মিন্ কলেবরে মমেদানীং স্বত্বং নিবৃত্তমিতি সদৃষ্টান্তমাহ নিত্যস্য চিরকালাবস্থায়িনঃ সুবর্ণাদেঃ যোনিগতঃ দেহং প্রবিষ্টঃ যত্র দেহে তস্য জীবস্য তত্তস্মিন্ দেহে স্বত্বং নতু মরণোত্তর কালমপীত্যর্থঃ শেষং সমানং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নহু যদি শত্রুরপি পুত্রঃ স্যাত্তর্হি তত্রাত্মীয়ত্বেন স্নেহঃ কথং স্যাদিত্যত্র দৃষ্টান্তেন সমাদধাতি যথেতি। পণ্যানি ক্রয় বিক্রয়াদ্যর্হাণি হেমাদীনি হেমমুদ্রিকাদীনি যৈব হেমমুদ্রা শত্রুগৃহস্থিতা স্ববধ প্রযোজিকা সৈব দৈবাদাত্মগৃহমাগতা প্রেমাস্পদীভূতা ভোগ প্রযোজিকাচ ভবতি। এবমেব জীবযোনিষু মনুষ্য গো গর্দ্দভাদিষু যে কর্ত্তার উৎপাদকাঃ পিতরো মাতরশ্চ তেষু প্রবিশন্তি ॥ ৫ ॥

মম জীবস্য চিত্রকেতু পুত্রত্বমেতাবন্তং কালমাসীত্তাবদেব স্নেহমকরোদেব অতঃ পরমন্যপুত্রত্বং প্রাপ্স্যামি স এব স্নেহং করিষ্যতীত্যর্থান্তর ন্যাসেনাহ নিত্যস্যার্থস্য স্বর্ণমুদ্রায়া একস্যা অপি ক্রয় বিক্রয়াদি ব্যবহারেণৈকস্মিন্নপি দিনে অন্য জন হস্ত গতায়ামমেয়ং মমেয়ং নান্যস্যেতি সম্বন্ধোহ্যনিত্যঃ তত্রচ যাবদিতি স্পষ্টঃ ॥ ৬ ॥

বস্তুতো নিরহঙ্কৃত এব যত্র পিত্রাদৌ তস্য পিত্রাদেঃ। যদা নিরহঙ্কৃত এব জীবো যাবদ্যত্র দেহে উপলভ্যেত তাবদেব তস্য তস্মিন্ জীবস্য দেহে স্বত্বং নান্যদা। অতোঽস্মিন্ দেহে সম্প্রতি মম স্বত্বাভাবাৎ কথমত্রাহঙ্কারং করোমীতি তস্মাৎ কলেবরং সমাবিশ্যেতি ত্বং প্রার্থিতং ন ঘটত এবেতি ভাবঃ ॥ ৭ ॥

যেমন ক্রয় বিক্রয়োপযুক্ত স্বর্ণাদি পণ্য বস্তু ব্যবহর্ত্তৃ জনগণ মধ্যে ভ্রমণ করিয়া বেড়ায়, সেই রূপ জীবও নানা যোনিতে অর্থাৎ জনক সকলে ভ্রমণ করে ॥ ৫ ॥

জন্মান্তরীয় সম্বন্ধের কথাত দূরে থাকুক, এক জন্মেতেই তাহার অনিয়তত্ব দৃষ্ট হইতেছে। দেখ! জীবৎ পশ্বাদিরও সম্বন্ধ নিয়ত থাকে না, বিক্রয়াদি দ্বারা নিবৃত্ত হইয়া যায়। আর যে পর্য্যন্ত যাহার সম্বন্ধ থাকে তাবৎ পর্য্যন্তই তাহার মমত্ব হয় ॥ ৬ ॥

এই রূপ পুত্রাদি সম্বন্ধ প্রাপ্ত হইলেও আপনি নিত্যই থাকে, দেহের জন্মাদি দ্বারা তাহার জন্মাদি হয় না। অতএব জীব বস্তুতঃ নিরহঙ্কৃত অর্থাৎ "আমি ইহার পুত্র" এইরূপ অভিমান শূন্য। সে পিত্রাদি সম্বন্ধিতে স্বীয় কর্ম্ম বশতঃ যাবৎ সম্বন্ধবান্ থাকে তাবৎ পর্য্যন্তই তাহাতে পিত্রাদির স্বত্ব ॥ ৭ ॥

এষ নিত্যোঽব্যয়ঃ সূক্ষ্ম এষ সর্ব্বাশ্রয়ঃ স্বদৃক্। আত্মমায়া গুণৈর্বিশ্বমাত্মানং সৃজতে প্রভুঃ॥ ৮॥
নহ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোপি বা। একঃ সর্ব্বধিয়াং দ্রষ্টা কর্তৃণাং গুণদোষয়োঃ॥৯
নাদত্ত আত্মাহি গুণং ন দোষং ন ক্রিয়াফলং। উদাসীনবদাসীনঃ পরাবর দৃগীশ্বরঃ॥

শ্রীধরস্বামী।

জীবস্ত নিত্যত্বং সাধয়তি। এষ নিত্যঃ তত্র হেতুঃ অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ। তৎকুতঃ সূক্ষ্মঃ জন্মাদি শূন্যঃ তচ্চ কুতঃ সর্ব্বাশ্রয়ঃ জন্মাদিমতো দেহাদেরাশ্রয়ঃ নতু দেহাদি রূপঃ যতঃ স্বদৃক্ স্বপ্রকাশঃ। সর্ব্বাশ্রয়ত্বমুপপাদয়তি। আত্মমায়াগুণৈরাত্মানমেব বিশ্বং বিশ্বাত্মকং সৃজতি। তদাত্মানং স্বয়মকুরুতেতি শ্রুতেঃ উপাদানকারণত্বাৎ সর্ব্বাশ্রয় ইত্যর্থঃ জীবস্ত বস্তুতো ব্রহ্মত্বাৎ ব্রহ্মণ এব চিচ্ছক্তি বিশিষ্টস্যেশ্বরত্বেন স্রষ্টৃত্বাৎ জীবঃ সৃজতীতি বাচোযুক্তিঃ। যদ্বা স্বকর্ম্ম দ্বারা সৃষ্টি নিমিত্তত্বেন স্রষ্টৃত্বং ভোগস্তচ সর্ব্বস্য ভোক্ত্রাশ্রয়ত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বমোক্তমিতি দ্রষ্টব্যং॥ ৮॥

যদুক্তং সুহৃদ্বৃত ইতি সুহৃদো বান্ধবাস্তপ্তা ইতি চ তত্রাপ্যাহ নহ্যস্যেতি। তত্র হেতুঃ একঃ সুহৃদাদি সঙ্গরহিতঃ তৎকুতঃ গুণদোষয়োর্হিতাহিতয়োঃ কর্ত্তৃণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বাধিয়ঃ বিচিত্রা বুদ্ধয়ঃ তাসাং দ্রষ্টা সাক্ষী॥ ৯॥

যচ্চোক্তং ভুঙ্ক্ষ্ব ভোগানিত্যাদি তত্রাপ্যাহ নাদত্ত ইতি। গুণং সুখং দোষং দুঃখং ক্রিয়াফলঞ্চ রাজ্যাদিকং। উদাসীনত্বে

ক্রমসন্দর্ভঃ।

তদেবং জীবস্ত পারতন্ত্র্যমুক্ত্বা তৎ সিদ্ধার্থং পরমপি দর্শয়তি। এষ ইতি ত্রিভিঃ এষ প্রত্যক্ষ এব শ্রুতিযুক্তিসিদ্ধঃ পরমেশ্বরঃ পুনরুক্তি নিষ্কারণার্থা স্বল্পোদ্ধুক্তৈঃ॥ ৮। ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং জীবস্য পারতন্ত্র্যাদনৈশ্বর্য্যাচ্চ ততোঽন্যঃ কশ্চিৎ স্বতন্ত্র ঈশ্বরোঽস্তীতি প্রতীয়তে স এষ কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ এষ ইতি জীবস্ত মায়য়া আবরণাদপরোক্ষস্যাপি পরোক্ষায়মানত্বাৎ তচ্ছব্দ বাচ্যত্বমুক্তং। ঈশ্বরস্ত মায়য়া অনাবরণাৎ প্রবোক্তরূপিরসোপি জীবমুক্তত্বেনাবিদ্যাবরণরাহিত্যাদপরোক্ষত্বেনৈতচ্ছব্দ বাচ্যত্বমুচ্যতে এষ ইতি তত্র নিত্যত্বমব্যয়ত্বং সূক্ষ্মত্বমিতি সাধারণ ধর্ম্মত্রয়মীশ্বরস্য পারতন্ত্র্যমনৈশ্বর্য্যমিতি দ্বসাধারণ ধর্ম্মদ্বয়ং জীবস্ত পূর্ব্বমেব ব্যঞ্জিতং। ঈশ্বরস্যাপ্যসাধারণান্ সর্ব্বাশ্রয়ত্বাদীন্ ধর্ম্মান্ বক্তুং পুনরপ্যেতচ্ছব্দমুপন্যস্যেতি এষ ইতি। আত্মশক্তিময়ত্বাদাত্মানং॥ ৮॥

জীবস্য বন্ধুজ্ঞাত্যরি মধ্যস্থাদয়ো অজ্ঞাননিবন্ধনা নত্বীশ্বরস্যেত্যাহ। নহ্যস্যেতি। যত্ত্ব ভক্তোঽতিপ্রিয়ঃ স্বশ্চ ভক্তদ্বেষী অপ্রিয়ঃ পরঃ শত্রুশ্চ ইতি তচ্চ সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তিচ মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিতি। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমানিতি গীতোক্তে র্ভক্তবৎসলস্ত তস্ত ভূষণমেব নতু দূষণং। কিঞ্চ জীবা বহব এব ঈশ্বরস্ত্বেক এব গুণদোষয়োর্হিতাহিতয়োঃ কর্ত্তৃণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বধিয়ঃ বিচিত্রা বুদ্ধয় স্তাসাং দ্রষ্টা সাক্ষী॥ ৯॥

জীবোহি মিত্রামিত্রয়োর্গুণদোষৌ গৃহ্লাতি যতঃ ক্রিয়াফলং সুখং দুঃখঞ্চ ভুঙ্ক্তে ঈশ্বরস্ত নৈবেত্যাহ নাদত্ত ইতি। অতএব

ফলতঃ জীব আপনার মায়া গুণ দ্বারা বিশ্ব স্বরূপ আত্মার সৃষ্টি করিয়া থাকেন, অতএব জন্মাদি বিশিষ্ট দেহাদির আশ্রয়, তাহার কারণ জীব স্বপ্রকাশ অতএব তিনি অতি সূক্ষ্ম অর্থাৎ জন্মাদি শূন্য। সূক্ষ্মত্ব প্রযুক্ত অব্যয় অর্থাৎ অপক্ষয় রহিত অতএব নিত্য॥ ৮॥

অপর সুহৃদ্গণে আবৃত হও, তাহারা তোমার নিমিত্ত শোকে সন্তপ্ত হইতেছে, ইহার উত্তর এই যে, জীবের প্রিয় বা অপ্রিয় কেহ নাই এবং আত্মীয়ও কেহ নাই, তিনি এক অর্থাৎ সুহৃদাদি সঙ্গ রহিত, গুণ দোষকারী অর্থাৎ হিতাহিতকারী যে সকল মিত্রাদি তাহাদিগের বিচিত্র বুদ্ধির সাক্ষী মাত্র। অতএব আমাব পিতার সুহৃদ্বৃত হইয়া সন্তাপ এবং সুহৃদ্ ও বন্ধুদের মনস্তাপ এ কথা অসম্ভব॥ ৯॥

আর "ভোগ সকল উপভোগ কর" ইত্যাদি উক্তিও অসম্ভব বোধ হইতেছে, কারণ গুণ (সুখ)

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইত্যুদীর্য্য গতো জীবো জ্ঞাতয়স্তস্য তে তদা। বিস্মিতা মুমুচুঃ শোকং ছিত্ত্বাত্মস্নেহশৃঙ্খলাং।
নির্হৃত্য জ্ঞাতয়ো জ্ঞাতের্দেহং কৃত্বোচিতাঃ ক্রিয়াঃ। তত্যজুর্দুস্ত্যজং স্নেহং শোকমোহভয়ার্ত্তিদং ॥ ১০ ॥

বালঘ্ন্যো ব্রীড়িতাস্তত্র বালহত্যাহতপ্রভাঃ। বালহত্যাব্রতং চেরুর্ব্রাহ্মণৈর্যন্নিরূপিতং।
যমুনায়াং মহারাজ স্মরন্ত্যো দ্বিজভাষিতং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

হেতুঃ পরাবর দৃক্ কারণস্য কার্য্যস্য চ সাক্ষী নতু ভোক্তা যত ঈশ্বরঃ দেহাদি পারতন্ত্র্যশূন্যঃ। অতএব ভবতাং মম চ যুষ্মাকঞ্চ সম্বন্ধাভাবাৎ শোকমোহং মাকুরুতেতি বাক্যার্থঃ ॥ ১০ ॥

দ্বিজভাষিতং অঙ্গিরসা প্রোক্তং পুত্রাদীনাং দুঃখহেতুত্বং স্মরন্ত্যঃ পুত্রকাম শূন্যা নির্ম্মৎসরাঃ সত্য ইতি ভাবঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা পরমাত্মা ॥ ১০ ॥

বালঘ্ন্য ইতি সার্দ্ধকং ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উদাসীনবৎ সর্ব্বাত্মৈর্বাসিত্বেনাসীনঃ পরাবরে অদ্রাভদ্রে সাক্ষিত্বেন পশ্যতীতি সঃ। উদাসীন ইবেত্যবিমিত্রাদি প্রতিযোগ্যুদাসীনত্ব নৈবেত্যর্থঃ অত ঈশ্বরমায়ানিবন্ধানামেষাং চিত্রকেত্বাদীনাং মহদনুগ্রহমূলামীশ্বর প্রপত্তিং বিনা শোকমোহাদিময়োহয়ং সংসারো দুস্তর এবেতি কিং ময়া বহু বক্তব্যমিতি প্রকরণার্থঃ ॥ ১০ ॥

বালহত্যাহতপ্রভা ইতি। হতপ্রভত্বেনৈব লক্ষণেন বালঘ্ন্য এতা এবেতি যদা সর্ব্বৈ নির্দ্ধিতত্বা তদা ব্রীড়িতাস্তাঃ সত্যঃ স্বয়মেব পাবর্গ্যো বালমহত্যেতি বচসা নিষ্কপটীভূয়াঙ্গিরঃ প্রভৃতি ব্রাহ্মণোপদিষ্টং প্রায়শ্চিত্তমাচেরুঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

দোষ (দুঃখ) এবং ক্রিয়াফল (রাজ্যাদি) কিছুই জীব গ্রহণ করেন না, সর্ব্বদা উদাসীনের ন্যায় আছেন, ফলতঃ জীব কারণ ও কার্য্যের সাক্ষী মাত্র, ভোক্তা নহেন, যে হেতু ইনিই ঈশ্বর অর্থাৎ দেহাদি পারতন্ত্র্য শূন্য, অতএব আমিও এবং তোমরাও সকলেই ঐ প্রকার হওয়াতে কাহারও সহিত কাহারও সম্বন্ধ নাই, ইহাতে শোক মোহ কেন? ॥

শুকদেব কহিলেন হে রাজন্! সকলের সমক্ষে এই প্রকার কহিয়া ঐ রাজপুত্রের জীব তথা হইতে প্রস্থান করিল, তাঁহার যে সকল জ্ঞাতিগণ খেদ বিষাদ করিতেছিল তাহাদেরও ঐ সকল বাক্য শুনিয়া অতিশয় বিস্ময় জন্মিল। পরন্তু তাহার পর অবিলম্বেই স্নেহ শৃঙ্খলা ছেদন পূর্ব্বক সকলে শোক পরিত্যাগ করিলেন। অনন্তর সেই জ্ঞাতির মৃত দেহ যথাবিধি সৎকার করিয়া যথোচিত ক্রিয়া কলাপ নির্ব্বাহ পূর্ব্বক দুস্ত্যজ স্নেহ, যাহা শোক মোহ ভয় ও আর্ত্তির কারণ তাহাকে একেবারে বিসর্জন দিলেন ॥ ১০ ॥

হে মহারাজ! কৃতদ্যুতির যে সকল সপত্নী বিষ প্রদান করিয়া ঐ রাজবালকের প্রাণ বিনাশ করিয়াছিল তাহারা লজ্জিত ও বালহত্যা নিমিত্ত হতপ্রভ হইল এবং "পুত্রাদি কেবল দুঃখের কারণ" মহর্ষি অঙ্গিরার এই বাক্য স্মরণ করতঃ পুত্রকামনা পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মৎসর হইয়া যমুনা তীরে গমন করিল। তথায় বসিয়া বিপ্রগণ যে প্রকার বিধি দিলেন তদনুসারে বালহত্যাব্রত যথাবিধি অনুষ্ঠান করিতে লাগিল। হে রাজন্! চিত্রকেতু রাজাও ঐ সকল ব্রাহ্মণ বচন শ্রবণে উক্ত প্রকারে প্রতিবুদ্ধ হওয়াতে যেমন হস্তী সরোবরের পঙ্ক হইতে নিষ্ক্রান্ত হয় তাহার ন্যায়, গৃহরূপ অন্ধকূপ হইতে নির্গত হইলেন ॥ ১১ ॥

স ইত্থং প্রতিবুদ্ধাত্মা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ। গৃহান্ধকূপান্নিষ্ক্রান্তঃ সরঃ পঙ্কাদিব দ্বিপঃ ॥১২॥
কালিন্দ্যাং বিধিবৎ স্নাত্বা কৃতপুণ্যজলক্রিয়ঃ। মৌনেন সংযতপ্রাণো ব্রহ্মপুত্রাববন্দত।
অথ তস্মৈ প্রপন্নায় ভক্তায় প্রযতাত্মনে। ভগবান্নারদঃ প্রীতো বিদ্যামেতামুবাচ হ ॥১৩॥
ওঁ নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় ধীমহি। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায়চ ॥ ১৪ ॥
নমোবিজ্ঞানমাত্রায় পরমানন্দমূর্ত্তয়ে। আত্মারামায় শান্তায় নিবৃত্তদ্বৈতদৃষ্টয়ে ॥ ১৫ ॥
আত্মানন্দানুভূত্যৈব ন্যস্তশক্ত্যূর্ম্ময়ে নমঃ। হৃষীকেশায় মহতে নমস্তে ঽনন্তমূর্ত্তয়ে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নিবিড়পঙ্ক তুল্যং গৃহং বিহায় নিষ্ক্রমণমতিধীরস্য তস্যৈব যোগ্যং নানাসোতি সদৃষ্টান্তমাহ সরসঃ পঙ্কাৎ দ্বিপোগজ ইবেতি ॥ ১২
কৃতাঃ পুণ্যজল ক্রিয়াঃ পিতৃতর্পণাদ্যা যেন। সংযতপ্রাণোনিয়তেন্দ্রিয়ঃ ॥ ১৩ ॥
নমোধীমহি ধ্যায়েম মনসা নমস্যাম ইত্যর্থঃ ॥ ১৪ ॥ নিবৃত্তা দ্বৈতদৃষ্টি র্যস্মাৎ ॥ ১৫ ॥
ন্যস্তা নিরস্তাঃ শক্ত্যূর্ম্ময়ঃ মায়ানিমিত্তা রাগদ্বেষাদয়োযেন সঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র শ্রীভগবত্বেন নমস্যতি ভগবত ইতি। তদ্ব্যূহত্বেন বাসুদেবায়েতি। সঙ্কর্ষণস্যান্তে পাঠঃ স্বোপাস্যত্বেন তত্রৈব বিশ্রান্তেঃ ॥ ১৪ ॥
ব্রহ্মত্বেন নমস্যতি। বিজ্ঞানমাত্রায়েতি। অত্র মূর্ত্তিঃ স্বরূপং। নিবৃত্তদ্বৈতদৃষ্টয় ইতি। যস্মিন্ দৃষ্টে অন্যত্র দৃষ্টির্ন ভবতীত্যর্থঃ। তচ্চাদ্বৈতবাদতোবিশিষ্য দর্শয়তি। আত্মানন্দেতি। স্বরূপানন্দস্যানুভবেন ন্যস্তাঃ নানুসংহিতাঃ শক্ত্যন্তর পরম্পরা যেন তস্মৈ। অনুভবস্য স্বরূপাভিন্নত্বেপি তৃতীয়ার্থাধিক্যাৎ স্বরূপ শক্তিরবে সিধ্যতি। পরমাত্মত্বেন নমস্যতি হৃষীকেশায়েতি। বিশ্বকারণত্বেন মহত ইতি বিশ্বত্বেনানন্ত মূর্ত্তয় ইতি ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতাং ওঁ নমস্তুভ্যমিত্যাদি পরম পরমেষ্ঠিমন্ত ইত্যন্তাং ॥
তুভ্যং নমঃ তুভ্যং ধীমহি ত্বাং প্রসাদয়িতুং ধ্যায়েম ॥ ১৪ ॥
পরমাত্মত্বেন জীববৈলক্ষণ্যমাহ নবভি র্বিশেষণৈঃ। বিজ্ঞানং চিচ্ছক্তিরেব মাত্রা পরিচ্ছেদো যস্য তস্মৈ জীবস্ত্ববিদ্যাপরিচ্ছেদ ইত্যর্থঃ। মাত্রা কর্ণবিভূষায়াং বিত্তে মানে পরিচ্ছদে ইতি মেদিনী। পরমানন্দময়ী মূর্ত্তির্যস্য জীবস্য পাঞ্চভৌতিক মূর্ত্তিঃ। আত্মানন্দ এব রমমাণায়। জীবস্তু বিষয়ানন্দে রমতে। নিবৃত্তাদ্বৈতে মায়িক প্রপঞ্চে দৃষ্টিরাসক্তির্ময়ী যস্য। জীবস্তু মায়িক প্রপঞ্চে আসজ্জতে ॥ ১৫ ॥
ন্যস্তাঃ নিতরামস্তাঃ শক্ত্যূর্ম্ময়ো মায়ানিমিত্তা রাগদ্বেষাদয়ো যত্র জীবস্তু প্রাপ্তরাগদ্বেষাদি তরঙ্গঃ। হৃষীকেশায় সর্ব্বেন্দ্রিয়

পরে যমুনায় গমন করিয়া স্নানানন্তর তর্পণাদি সমাপন পূর্ব্বক মৌনী ও জিতেন্দ্রিয় হইয়া সেই দুই ব্রহ্মপুত্র অঙ্গিরা ও নারদের চরণ বন্দনা করিলেন ॥ ১২ ॥

ভক্ত জিতেন্দ্রিয় রাজা চিত্রকেতু ঐরূপে শরণাগত হওয়াতে প্রীত হইয়া অঙ্গিরার সহিত ভগবান্ নারদ ঐ স্থানে উপস্থিত হইয়া তাঁহাকে বিদ্যোপদেশ করিলেন ॥ ১৩ ॥

সেই বিদ্যা এই—প্রভো! তোমাকে নমস্কার করি। আর ভগবান্ বাসুদেবকে মনোদ্বারা নমস্কার করি। অপর সেই প্রদ্যুম্ন অনিরুদ্ধ ও সঙ্কর্ষণের প্রতি প্রণত হই ॥ ১৪ ॥

সেই ভগবান্ বিজ্ঞান মাত্র, পরম আনন্দই তাঁহার মূর্ত্তি, তিনি আত্মারাম এবং শান্ত, তাঁহা হইতে দ্বৈতদৃষ্টি নিবৃত্তি পায়, তাঁহাকে নমস্কার করি ॥ ১৫ ॥

প্রভো! তুমি আনন্দ অনুভব দ্বারা মায়া নিমিত্ত রাগ দ্বেষাদি নিরস্ত করিয়া দাও এবং স্বয়ং

বচস্যুপরতে প্রাপ্য য একো মনসা সহ। অনাম রূপশ্চিন্মাত্রঃ সোঽব্যান্নঃ সদসৎপরঃ ॥ ১৭ ॥
যস্মিন্নিদং যতশ্চেদং তিষ্ঠত্যপ্যেতি জায়তে। মৃণ্ময়েষ্বিব মৃজ্জাতিস্তস্মৈ তে ব্রহ্মণে নমঃ ॥ ১৮ ॥
যন্ন স্পৃশন্তি নবিদুর্মনো বুদ্ধীন্দ্রিয়াসবঃ। অন্তর্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোঽস্ম্যহং ॥ ১৯ ॥
দেহেন্দ্রিয়ঃ প্রাণ মনোধিয়ো হমী যদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু।

শ্রীধরস্বামী।

মনসা সহ বচসি অপ্রাপ্যোপরতে সতি য এক এব প্রকাশতে বচসীতি সর্ব্বেন্দ্রিয়োপলক্ষণং সোঽস্মানব্যাৎ। সদসৎ পরস্থং কার্য্যকারণয়োঃ কারণং ॥ ১৭ ॥

তদেবাহ যস্মিন্নিদং কার্য্যকারণং তিষ্ঠতি অপ্যেতিচ যতশ্চ জায়তে মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতির্ম্মাত্রমিব সর্ব্বানুস্যূতং তস্মৈ ॥ ১৮ ॥

নন্থ সর্ব্বানুস্যূতত্বাৎ স্মাদিবৎ প্রতীয়তে কথং মনো বচসোরপ্রাপ্তিস্তত্রাহ। যদ্ব্রহ্ম ব্যোমবৎ বিততমপি অসবঃ প্রাণাঃ ক্রিয়াশক্ত্যা নস্পৃশন্তি মন আদীনিচ জ্ঞানশক্ত্যা ন বিদুঃ তদ্ব্রহ্ম নতোঽস্মি ॥ ১৯ ॥

তেষাং তদজ্ঞানে হেতুমাহ। দেহেন্দ্রিয়াদয়োঽমী যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্ব স্ব বিষয়েষু প্রচরন্তি

ক্রমসন্দর্ভঃ।

পুনর্ভগবন্তং ব্রহ্ম স্বরূপত্বেন বিশেষতঃস্তৌতি। বচসীতি দ্বাভ্যাং ॥ ১৭ ॥

পরমাত্মত্বেন স্তৌতি যন্নেতি দ্বাভ্যাং ॥ ১৮ ॥ ১৯ ॥

দেহেন্দ্রিয় ইতি। অত্রাদ্বৈতশারীরকোপি সাংখ্যমাক্ষিপ্যোক্তং যথা। অথ পুনঃ সাক্ষিনিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য কল্প্যেত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিয়ন্ত্রে জীবস্ত ইন্দ্রিয়নিয়ম্যঃ। মহতে জীবস্তু ক্ষুদ্রঃ। অনন্তা অবিনাশ্যা মূর্ত্তয়োযস্য জীবস্তু বিনাশ্য শরীরঃ ॥ ১৬ ॥

নির্ব্বিশেষ ব্রহ্মত্বেন প্রণমতি বচসীতি ॥ ১৭ ॥

জগৎকারণত্বেন প্রণমতি যস্মিন্নিদং জগত্তিষ্ঠতি যতো জায়তে যস্মিন্নপ্যেতি লীয়তে। মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতিঃ যথা কারণমিত্যর্থঃ ॥ ১৮ ॥

ইন্দ্রিয়াদ্যগম্যত্বেন প্রণমতি যদিতি ক্রিয়াশক্ত্যা ন স্পৃশন্তি জ্ঞান শক্ত্যা ন বিদুঃ। তস্য বিদূরবর্ত্তিত্বাদিতি চেত্তত্রাহ। অন্তর্দেহাদীনামন্তরপি বহিরপিচ ॥ ১৯ ॥

তেষাং তদজ্ঞানে হেতুমাহ দেহেন্দ্রিয়েতি। যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্বস্ব বিষয়েষু চরন্তি জাগ্রৎ

বিষয় ও ইন্দ্রিয় সকলের ঈশ্বর, আর তুমি অতি মহৎ ও অনন্ত মূর্ত্তি তোমাকে নমস্কার করি ॥ ১৬ ॥

অহো! মনের সহিত বাক্য অথবা সমস্ত ইন্দ্রিয় প্রাপ্ত না হইয়া উপরত হইলে যিনি একাকী প্রকাশ পান, যাঁহার নাম রূপ নাই এবং যিনি চিন্মাত্র স্বরূপ তথা কার্য্য ও কারণের কারণ, তিনি আমাদিগকে রক্ষা করুন ॥ ১৭ ॥

প্রভো! যাহাতে এই কার্য্য কারণ রূপ জগৎ অবস্থিতি করে এবং লয় প্রাপ্ত হয়, আর যাহা হইতে এই জগৎ জন্মে, অপিচ মৃণ্ময় পদার্থ সকলে মৃত্তিকার ন্যায় যিনি চরাচর সকল পদার্থে অনুস্যূত হইয়া আছেন, আপনি সেই ব্রহ্ম, আপনাকে নমস্কার করি ॥ ১৮ ॥

অপর আকাশের ন্যায় অন্তরে ও বাহিরে বিতত হইলেও যাঁহাকে মনঃ বুদ্ধি ইন্দ্রিয় ও প্রাণ সকল ক্রিয়া শক্তি দ্বারা স্পর্শ করিতে এবং জ্ঞান শক্তি দ্বারা জানিতে পারে না তিনিই ব্রহ্ম, তাঁহাকে নমস্কার করি ॥ ১৯ ॥

ফলতঃ দেহ ইন্দ্রিয় প্রাণ মনঃ বুদ্ধি, এ সকল আত্ম চৈতন্যাংশে আবিষ্ট হইয়াই জাগ্রৎ ও স্বপ্ন

নৈবান্যদা লৌহমিবাপ্রতপ্তং স্থানেষু তদ্ দ্রষ্ট্রপদেশমেতি ॥ ২০ ॥
ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহাবিভূতিপতয়ে সকল সাত্বত পরিবৃঢ়
নিকর করকমলকুড্মলোপলালিত চরণারবিন্দযুগল পরম পরমেষ্ঠিন্নমস্তে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

জাগ্রৎ স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তি মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহক মপ্যগ্নিং ন দহতি। এবং ব্রহ্মগত জ্ঞান ক্রিয়াশক্তিভ্যাং প্রবর্ত্তমানা দেহাদয়ঃ তন্ন স্পৃশন্তি ন বিজানন্তীতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃত্বা-জ্ঞানাত্তু নেত্যাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্টৃপদেশঃ দ্রষ্টৃ সংজ্ঞাং তদৈবেতি প্রাপ্নোতি নান্যো জীবো নামাস্তি। নান্যোতোস্তি দ্রষ্টেত্যাদি শ্রুতেঃ। যদ্বা দ্রষ্ট্রপদেশঃ দ্রষ্টৃসংজ্ঞং জীবমপি তদেব এতি জানাতি নতু জীবস্তজ্জানাতীত্যর্থঃ। তদুক্তং হংসগুহ্য স্তোত্রে। দেহোঽসবোক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

সকলা যে সাত্বত পরিবৃঢ়াঃ তেষাং নিকরঃ সমূহস্তস্য করকমলানাং কুড্মলৈর্মুকুলৈঃ উপলালিতং চরণারবিন্দযুগলং যস্য

ক্রমসন্দর্ভঃ।

যথাগ্নিনিমিত্তময়ঃ পিণ্ডাদের্দগ্ধৃত্বং। তথা সতি যন্নিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য তদেব সর্ব্বজ্ঞং মুখ্যং জগতঃ কারণমিতি। শ্রুতিশ্চাত্র তদেব ভান্তমনুভাতি সর্ব্বং। কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমি-ত্যাদ্যা ইতি। টীকোত্থাপিত শ্রুতৌচ। জীবোনামাতো নান্যঃ স্বয়ং সিদ্ধোনাস্তি। পরস্ত তদাত্মক এবেত্যর্থঃ। তথা-তোন্যোদ্রষ্টা নাস্তি। সর্ব্বদ্রষ্টৃত্বস্যাপরো দ্রষ্টা নাস্তীত্যর্থঃ। ইতি ব্যাখ্যেয়ং সাক্ষাদ্ভগবত্বেন স্তৌতি ওঁ নম ইতি। তদেবং সর্ব্বগোপাসনাপি দ্বারমেব। তস্য সাত্বত শাস্ত্রবিগ্রহত্বেন বক্ষ্যমাণত্বাৎ পরমং ফলন্তু শ্রীভগবানিত্যভিপ্রেতং ॥ ২০ ॥

বিশ্বসৃজং ব্রহ্মরুদ্রেন্দ্রাদ্যাঃ অংশাংশাঃ অভ্যংশা ইত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তিঃ মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি। যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি। অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহক-মপ্যগ্নিং ন দহতি এবমেব ব্রহ্মশক্ত্যৈব স্বস্ব বিষয়েষু প্রবর্ত্তমানা দেহাদয়ো ব্রহ্ম ন স্পৃশন্তি নাপি জানন্তীতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃ-ত্বাজ্জানাত্বু তদাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্ট্রপদেশঃ দ্রষ্টৃসংজ্ঞঃ জীবস্য দ্রষ্টৃত্বসিদ্ধ্যর্থঃ স্বীয় কিঞ্চিচ্চৈতন্য প্রাপণেন স্বয়মেব তং প্রাপ্নোতীত্যর্থঃ। মন আদয় এব জীবা অপ জরা ইতি চ কেচিচ্চক্ষতে। যদ্বা। তদ্ব্রহ্মৈব তং এতি জানাতি নতু জীবো ব্রহ্ম জানাতীত্যর্থঃ যদুক্তং হংসগুহ্যস্তবে দেহো ঽসবোক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

মহানত্রস্য জ্ঞানপ্রকাশকত্বমুক্ত্বা ভক্তিরস পরিপূর্ণত্বমাহ ওম্বিতি সকলসাত্বত পরিবৃঢ়াঃ সর্ব্বভক্ত শ্রেষ্ঠাস্তেষাং নিকরস্য কর-কমলানাং কুড্মলেন উপলালিতং লঘু লঘু সংবাহনবৈদগ্ধ্যা প্রীণীতং চরণারবিন্দ যুগলং যস্য হে তথা ভূতেতি মামপি স্বপাদস-ম্বাহন সেবায়াং স্বাপয়েত্যভিলাষো ধ্বনিতঃ। নন্বু ত্বামতিনি কৃষ্টঃ তস্যামত্বাৎকৃষ্ট সেবায়াং কথং নিযুঞ্জ্যে ইত্যত আহ হে পরম পরমে-

কালে স্ব ২ বিষয়ে প্রচরণশীল হয়। অন্য সময়ে অর্থাৎ সুষুপ্তি ও মূর্চ্ছাদির কালে চৈতন্যাংশ না থাকাতে অপ্রতপ্ত লৌহ যেমন দগ্ধ করিতে পারে না তাহার ন্যায় স্ব ২ বিষয়ে সঞ্চরণ করিতে সমর্থ হয় না, অতএব যদ্রূপ লৌহ অগ্নি শক্তি দ্বারা দাহক হইয়া থাকে অথচ অগ্নিকে দগ্ধ করিতে কাহারও শক্তি নাই তদ্রূপ, দেহাদি ব্রহ্ম গত জ্ঞানও ক্রিয়াশক্তি দ্বারা যদিও ক্রিয়াবান্ ও জ্ঞানবান্ হয় তথাচ তাহাকে স্পর্শ করে না এবং জানিতেও পারে না। যদ্যপি জীব দ্রষ্টা থাকেন সত্য, তথাচ জীবেরও জানিবার সম্ভাবনা নাই, যে হেতু জাগ্রদাদি অবস্থায় সেই সময়ের নিমিত্তই তিনি দ্রষ্টা এই নাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২০ ॥

অহো! মহাপুরুষ মহানুভব মহাবিভূতিপতি সেই ভগবান্‌কে নমস্কার করি। তোমার চরণার-বিন্দ যুগল প্রধান ২ ভক্ত সমূহের কর কমল মুকুল দ্বারা সতত লালিত হয়। হে উৎকৃষ্ট পরমে-

শ্রীশুক উবাচ ॥

অন্তর্হিতায়ৈতাং প্রপন্নায় বিদ্যামাদিশ্য নারদঃ। যযাবঙ্গিরসা সাকং ধাম স্বায়ম্ভুবং প্রভো ॥ ২২ ॥

চিত্রকেতুস্তু তাং বিদ্যাং যথা নারদ ভাষিতাং। ধারয়ামাস সপ্তাহমব্ভক্ষঃ সুসমাহিতঃ ॥ ২৩ ॥

ততঃ স সপ্তরাত্রান্তে বিদ্যয়া ধার্য্যমাণয়া। বিদ্যাধরাধিপত্যঞ্চ লেভেঽপ্রতিহতং নৃপ ॥ ২৪ ॥

ততঃ কতিপয়াহোভি র্বিদ্যয়েদ্ধমনো গতিঃ। জগাম দেবদেবস্য শেষস্য চরণান্তিকং ॥ ২৫ ॥

মৃণালগৌরং সিতিবাসসং স্ফুরৎকিরীট কেয়ূর কটিত্রকঙ্কণং।
প্রসন্ন বক্ত্রারুণলোচনং বৃতং দদর্শ সিদ্ধেশ্বর মণ্ডলৈঃ প্রভুং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তস্য সম্বোধনং পরম উৎকৃষ্ট পরমেষ্ঠিন্ সর্ব্বেশ্বর ॥ ২১ ॥

পূর্ব্বং স নারদোঽঙ্গিরা আজগামেতি অঙ্গিরা প্রাধান্যেনোক্তঃ চিত্রকেতোঃ পুত্রপ্রদত্বেন তস্য পৃথগুক্তত্বাৎ। ইহতু নারদোঽঙ্গিরা সাকং যযাবিতি নারদস্য প্রাধান্য নির্দ্দেশঃ তদুপদেশেন তস্য বৈরাগ্যোৎপত্তেঃ। প্রভো হে সমর্থ। ২২ ॥

যথা যথাবৎ ধারয়ামাস ॥ ২৩ ॥ বিদ্যাধরাধিপত্যঞ্চাবান্তর ফলং লেভে। অপ্রতিহতমস্খলিতং ॥ ২৪ ॥

কতিপয়ৈরহোভিঃ বিদ্যয়া ইদ্ধেন দীপ্তেন মনসা গতির্যস্য ॥ ২৫ ॥

মৃণালবদ্গৌরং সিতিবাসসং নীলাম্বরং স্ফুরন্তি কিরীটাদীনি যস্য। কটিত্রং কটিসূত্রং প্রসন্নানি বক্ত্রাণি যস্য অরুণানি লোচনানি যস্য তঞ্চ তঞ্চ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরম পরমেশ্বর কর্ত্তুমন্যথা কর্ত্তুঞ্চ সমর্থ ॥ ২১॥

এতামিত্যনেক বাক্যগর্ভামেকামেব বিদ্যাং মহতীং। অত্র চিত্রকেতবে পুত্রপ্রদত্বেনাঙ্গিরসঃ প্রাধান্যং মন্ত্রপ্রদত্বেন মন্ত্রু নারদস্য। অতএব পূর্ব্বমঙ্গিরাঃ সনারদ আজগামেত্যুক্তং সংপ্রতি যযাবঙ্গিরসা নারদ ইত্যুচ্যতে। হে প্রভো এতদাদ্যুক্তিপ্রার জ্ঞানে পরম সমর্থ ॥ ২২ ॥ ২৩ ॥

প্রথমমবান্তর ফলমাহ বিদ্যাধরাধিপত্যমিতি ॥ ২৪ ॥

মুখ্যং ফলমাহ জগামেতি ॥ ২৫ ॥ সিতিবাসসং নীলাম্বরং। কটিত্রং কটিসূত্রং ॥ ২৬ ॥

ষ্ঠিন্! হে সর্ব্বেশ্বর! তোমাকে নমস্কার করি ॥ ২১ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! শরণাগত ভক্ত চিত্রকেতু রাজাকে বিদ্যা উপদেশ করিয়া দেবর্ষি নারদ ঋষিবর অঙ্গিরার সহিত ব্রহ্মলোকে গমন করিলেন ॥ ২২ ॥

ভগবান্ নারদ যে প্রকার আদেশ করিয়া গেলেন, রাজা চিত্রকেতুও তদ্রূপ সমাহিত হইয়া সপ্তাহ যাবৎ জল মাত্র পান দ্বারা জীবন রক্ষা করত বিদ্যা ধারণ করিলেন ॥ ২৩ ॥

হে রাজন্! সপ্ত রাত্রের পর ধার্য্যমান ঐ বিদ্যার প্রভাবে চিত্রকেতুর একটী সুমহৎ অবান্তর ফল লাভ হইল, তিনি অস্খলিত বিদ্যাধরাধিপত্য প্রাপ্ত হইলেন ॥ ২৪ ॥

অনন্তর কতিপয় দিবসের মধ্যে ঐ বিদ্যা দ্বারাই তাঁহার মন উদ্দীপ্ত হইল, তাহাতে সেই মনের দ্বারা গতিশীল হইয়া দেবদেব ভগবান্ শেষের চরণ সমীপে গমন করিলেন ॥ ২৫ ॥

এবং দেখিলেন ভগবান্ সঙ্কর্ষণ প্রভু সিদ্ধেশ্বর সমূহে পরিবৃত হইয়া রহিয়াছেন। তাঁহার বর্ণ মৃণালের ন্যায় গৌর, পরিধান নীলাম্বর, যথা স্থানে কিরীট কেয়ূর কটিসূত্র ও কঙ্কণাদি অলঙ্কার সন্নিবেশিত হইয়া শোভা বিস্তার করিতেছে। অপর তাঁহার বদন প্রসন্ন ও লোচন অরুণ বর্ণ ॥ ২৬ ॥

তদ্দর্শনধ্বস্ত সমস্ত কিল্বিষঃ স্বচ্ছামলান্তঃ করণোঽভ্যয়ান্মুনিঃ।
প্রবৃদ্ধ ভক্ত্যা প্রণয়াশ্রুলোচনঃ প্রহৃষ্টরোমা নমদাদি পুরুষং ॥ ২৭ ॥
স উত্তমঃশ্লোকপদাব্জবিষ্টরং প্রেমাশ্রুলেশৈরুপমেহয়ন্মুহুঃ।
প্রেমোপরুদ্ধাখিল বর্ণ নির্গমো নৈবাশকত্তং প্রসমীড়িতুং চিরং ॥ ২৮ ॥
ততঃ সমাধায় মনোমনীষয়া বভাষ এতৎ প্রতিলব্ধবাগসৌ।
নিয়ম্য সর্ব্বেন্দ্রিয় বাহ্য বর্ত্তনং জগদ্গুরুং সাত্বতশাস্ত্রবিগ্রহং ॥ ২৯ ॥
চিত্রকেতুরুবাচ ॥
অজিত জিতঃ সমমতিভিঃ সাধুভির্ভবান্ জিতাত্মভির্ভবতা।

শ্রীধরস্বামী।

দৃষ্ট্বাচ তমাদি পুরুষং অভ্যয়াচ্ছরণং গতঃ। অনমৎ ননাম। কথম্ভূতঃ তদ্দর্শনেন ধ্বস্তং সমস্তং কিল্বিষং যস্য। স্বচ্ছমমলকান্ত করণং যস্য প্রণয়েনাশ্রুযুক্তে লোচনে যস্য প্রহৃষ্টানি রোমাণি যস্য ॥ ২৭ ॥

তং প্রসমীড়িতুং স্তোতুং চিরং নৈবাশকৎ ন শশাক তত্র হেতুঃ উত্তমঃশ্লোকস্য পদাব্জয়োঃ বিষ্টরমাসনমুপমেহয়ন্ অভি-ষিঞ্চন্ প্রেম্না উপরুদ্ধঃ অখিলানাং বর্ণানাং নির্গম উচ্চারণং যস্য সঃ ॥ ২৮ ॥

মনীষয়া বুদ্ধ্যা মনঃ সমাধায় এতদ্বক্ষ্যমাণং বভাষে প্রতিলব্ধা বাক্ যেন সাত্বতশাস্ত্রোক্তো বিগ্রহো যস্য তং ॥ ২৯ ॥

অন্যোন্য প্রেমজানন্দনিভৃতান্ স্বামিসেবকান্। অভিনন্দন্ মুদা স্তৌতি দশভিঃ পঞ্চভির্বিভুং। হে অজিত অন্যৈরজি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্দর্শনেতি কিল্বিষমত্র ভগবৎ প্রাপ্ত্যসংভাবনাময়ং দুঃখং জ্ঞেয়ং। দৃষ্ট্বাচ অভ্যয়াৎ অভিমুখমগচ্ছৎ। অভ্যেত্যাচানমৎ ॥ ২৭ ॥

নত্বা তুষ্টাবেত্যাহ স ইতি। বিষ্টরমাসনং। উপমেহয়ন্ অভিষিঞ্চন্ ॥ ২৮ ॥

প্রতিলব্ধবাক্ তৎক্ষণৈবেত্যর্থঃ। সাত্বত শাস্ত্রোক্তঃ সচ্চিদানন্দময়ো বিগ্রহোদেহো যস্যেত্যনেন জ্ঞানশাস্ত্রোক্তস্য মায়া-ময়বিগ্রহস্য প্রামাণ্যং বারিতং ॥ ২৯ ॥

পরস্পর বশীভাবলভ্যানন্দ রসাম্বুধৌ। মজ্জেতাং ভগবদ্ভক্তৌ তদৈক্যমেবেত্যাহ সংস্তবন্ ॥ হে অজিত জ্ঞানিযোগি প্রভৃতিভিস্ত্বমজিত এব সাধুভির্ভক্তৈস্তু ভবান্ জিতঃ অধিনীকৃতঃ সমমতিভিঃ স্বকীয় পরকীয় সুখ দুঃখ সমবুদ্ধিভির্জিতাত্মভির্জিতমনস্কত্বেন

দেখিবা মাত্র রাজা চিত্রকেতুর সমস্ত কিল্বিষ নষ্ট হইয়া গেল, অন্তঃকরণ নির্ম্মল ও স্বচ্ছ হইল, আর প্রণয় বশতঃ লোচন দ্বয় অশ্রু কলায় আকুল ও সর্ব্বশরীর রোমাঞ্চিত হইয়া উঠিল। অতএব সেই আদিপুরুষের শরণাপন্ন হইয়া অতিশয় ভক্তি সহকারে প্রণাম করিলেন ॥ ২৭ ॥

কিন্তু অধিকক্ষণ স্তব করিতে সমর্থ হইলেন না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের চরণ পদ্মের আসন প্রেমাশ্রু বিন্দু দ্বারা বারম্বার অভিষেক করিতে ছিলেন, সুতরাং শীঘ্রই প্রেম বশতঃ বহুল বাষ্পোদ্গমে বর্ণোচ্চারণ শক্তি পরিরুদ্ধ হইয়া পড়িল ॥ ২৮ ॥

কিয়ৎ ক্ষণ পরে বাক্ শক্তি প্রাপ্ত হওয়াতে ইন্দ্রিয় সকলের বাহ্য বৃত্তি নিরোধ পূর্ব্বক বুদ্ধি দ্বারা মনকে সমাহিত করিলেন এবং যাঁহার বিগ্রহ সাত্বত শাস্ত্রোক্ত সেই জগদ্গুরু ভগবানের প্রতি নিম্ন লিখিত প্রকারে নিবেদন করিলেন ॥ ২৯ ॥

চিত্রকেতু কহিলেন হে অজিত! হে ভগবন্! যদিও আপনি অন্য কর্ত্তৃক জিত নহেন তথাচ সমবুদ্ধি জিতাত্মা ভক্তগণ আপনাকে জয় করিয়া আপনাদের অধীন করিয়াছেন, কারণ আপনি অভি-

বিজিতাস্তেপিচ ভজতামকামাত্মনাং য আত্মদোঽতিকরুণঃ ॥ ৩০ ॥
তব বিভবঃ খলু ভগবন্ জগদুদয় স্থিতি লয়াদীনি।
বিশ্বসৃজস্তেঽংশাংশাস্তত্র মৃষা স্পর্দ্ধন্তি পৃথগভিমত্যা ॥ ৩১ ॥
পরমাণু পরম মহতোস্তমাদ্যন্তান্তরবর্ত্তী ত্রয়বিধুরঃ।

শ্রীধরস্বামী।

তোপি ভবান্ সাধুভির্ভক্তৈর্জিতঃ স্বাধীন এব কৃতঃ যতো ভবানতিকরুণঃ তেপিচ নিষ্কামা অপি ভবতা বিজিতাঃ। যো ভবান্ অকামাত্মনামাত্মানমেব দদাতি ॥ ৩০ ॥

নহু ভক্তৈরেব জিত ইতি কথং স্পর্দ্ধমানৈরপি সৃষ্ট্যাদি কর্ত্তৃভিরন্যৈরীশ্বরৈ র্বিজয় সম্ভবাৎ তত্রাহ তবেতি। জগত উদয়াদীনি তবৈব বিভবঃ বিভবনং মহিমা লীলেতি যাবৎ। আদি শব্দেন প্রবেশ নিয়মাদীনি। বিশ্বসৃজস্তু ব্রহ্মাদয়োনেশ্বরাঃ কিন্তু তে ভবাংশো যঃ পুরুষঃ তস্যাংশাঃ। অত্র এব স্থিতেপি পৃথক্ পৃথগীশ্বরা বয়মিত্যভিমানেন বৃথৈব স্পর্দ্ধন্তে ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তেত্যেতদুপপাদয়তি। পরমাণুঃ সূক্ষ্মং মূল কারণং। পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তরবর্ত্তী। আদাবন্তেচ অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্য শূন্যঃ ধ্রুবঃ। তেচ ত্বয়া সৃজ্যন্তে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনোধর্ম্মস্য কামস্যাপি জিতত্বাৎ নিষ্কামৈঃ তেষাং তদুপাসনে নিষ্কামত্বমেব ত্বজ্জয়ে কারণমিতি ভাবঃ তে সাধবোপি ভবতা-বিজিতাঃ যতো ভজতামকামাত্মনাং ভজদ্ভ্যোনিষ্কামেভ্যঃ সোঽভবনাত্মদঃ আত্মানমেব দদাতি। যদি যূয়ং মাং পরিচর্য্য কিমপ্যপ বর্গাদিকমপি মত্তোনৈব বৃণুধ্বে তর্হি যথেষ্টং রাত্রিন্দিনং মামেব পরিচরথ মাং ঋণী কুরুপেত্যাত্মানং তেভ্যোদদদেব বদাদাত্মনঃ সৌন্দর্য্যং সৌখর্য্য সৌরভ্যাদীনি তন্মন শ্রবণাদীন্দ্রিয়ভোগার্থমর্পয়তীত্যর্থঃ তেন তদ্বিজয়ে ভবতোপ্যাত্মদত্বমেব কারণমিতি ভাবঃ। অত্র সাধুভিরিতি জ্ঞানিভিরপীতি ন ব্যাখ্যেয়ং। উত্তরার্দ্ধে ভজতামকামাত্মনামিতি বিশেষণদ্বয়স্য তদ্ব্যাবর্ত্তকত্বাৎ জ্ঞানিনাং ভজনস্য মোক্ষসিদ্ধার্থং সাধন দশায়ামেব। অত্রতু ভজতামিতি বর্ত্তমান নির্দ্দেশঃ। নিষ্কামত্বং স্বাত্যন্তিক দুঃখ নিবৃত্তিকামত্বাত্তেষাং নাস্ত্যেব ॥ ৩০ ॥

এবং প্রভুভক্তয়োঃ পরস্পর বশীভাবমাখ্যায় প্রভোঃ প্রভাবমাহ তবেতি ত্রিভিঃ বিভবোমহিমা। নহু ব্রহ্মাদয়োজগদুদয়াদি হেতবো দৃশ্যন্তে তত্রাহ বিশ্বেতি। নহু ব্রহ্মরুদ্রাদিভক্তাঃ স্বস্ব সেব্যানামেব জগদীশ্বরত্বং প্রতিপাদয়ন্তোমিথঃ স্পর্দ্ধন্তে ইত্যত আহ

ময় কারুণিক। পরন্তু যদিও সেই সকল সাধু নিষ্কাম তথাচ তাঁহারাও আপনার নিকট পরাজিত হইয়াছেন, যে হেতু আপনি অকাম ভক্তদিগকে আত্ম দান করিয়া থাকেন ॥ ৩০ ॥

হে ভগবন্! ভক্ত ব্যতিরিক্ত অন্য কাহা হইতে আপনকার পরাজয় সম্ভাবনা নাই, কারণ জগতের সৃষ্টি, স্থিতি, লয়, প্রবেশ, নিয়মাদি যাহা ২ দৃষ্ট হয় এ সমুদায়ই আপনার বিভব অর্থাৎ মহিমা মাত্র। প্রভো! আপনি বিশ্বের সৃজন কর্ত্তা, ব্রহ্মাদি দেবগণ আপনকার ঈশ্বর নহেন কিন্তু আপনকার অংশ যে পুরুষ তাঁহার অংশ মাত্র। হে ভগবন্! যদি এরূপ হইল তবে ঐ সকল ঈশ্বর (আমরা পৃথক্ ২ ঈশ্বর) এই বলিয়া বৃথা অভিমান করেন ॥ ৩১ ॥

ভগবন্! সূক্ষ্ম মূল কারণ যে পরমাণু, আর অন্তিম কার্য্য যে পরম মহৎ এই দুইয়ের আদি অন্ত ও মধ্যে আপনিই বর্ত্তমান থাকেন, ইহাতে আপনকার আদি অন্ত ও মধ্য নাই, অতএব আপনি ধ্রুব অর্থাৎ নিত্য, আর যে সকল কার্য্য সৎরূপে প্রতীত হয়, সে সকলের প্রথমে চরমে তথা অন্তরালে

আদাবন্তেচ সত্ত্বানাং যদ্ধ্রুবং তদেবান্তরালেঽপি ॥ ৩২ ॥
ক্ষিত্যাদিভিরেষ কিলাবৃতঃ সপ্তভির্দশগুণোত্তরৈরণ্ডকোষঃ।
যত্র পতত্যণুকল্পঃ সহাণ্ড কোটি কোটিভিস্তদনন্তঃ ॥ ৩৩ ॥
বিষয়তৃষো নরপশবো য উপাসতে বিভূতীর্ন পরং ত্বাং।

শ্রীধরস্বামী।

নন্থ ধ্রুবাঃ কুত ইত্যত আহ সত্ত্বানাং সত্ত্বেন প্রতীতানাং কার্য্যাণামাদাবন্তেচ অন্তরালেপি তদেব ধ্রুবং সুবর্ণাদিবৎ ॥ ৩২ ॥

এবং ধ্রুবত্বেন কালতঃ পরিচ্ছেদোনাস্তীত্যুক্তং দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিরিতি পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদ্দশগুণৈরুত্তরৈরধিকৈরাবৃতঃ। যত্র ত্বয়ি অণুকল্পঃ অণুতুল্যঃ পতন্তি পরিভ্রমন্তি তত্ত্বমাদনন্তঃ ॥ ৩৩ ॥

যস্মাদেবং পরমেশ্বরত্বং অন্যে দেবা তব বিভূতয়ঃ অতস্ত্বাং বিহায় বিষয় কামনয়াঽন্যোপাসকাঃ অতিমন্দা ইত্যাহ বিষয়েষু তৃট তৃষ্ণা যেষাং তে নরাকারাঃ পশবঃ। কুতঃ যে বিভূতীরিন্দ্রাদ্যাঃ উপাসতে নতু পরং ত্বাং। ততঃ কিং তত্রাহ তেষামিতি তদনু উপাস্য নাশানন্তরং যথা রাজকুলমনুরাজকুলনাশানন্তরং যথা তৎসেবকানামাশিষো নশ্যন্তি তদ্বৎ অয়ঞ্চ পরমোঽবধিঃ মধ্যেপি নশ্যন্ত্যেব ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দশগুণা উত্তরোত্তরা যেষাং তৈরিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র মুষেতি পৃথগভিমত্যা বয়ং হৈরণ্যগর্ভাঃ শৈবাঃ সৌরা ইত্যাদ্যভিমানবন্তঃ ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তা বাস্তব বস্তুরূপ ইত্যুপপাদয়তি পরমাণুঃ সূক্ষ্মং মূলকারণং পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তরবর্ত্তী আদাবন্তে অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্যশূন্যো নিত্যঃ যতঃ সত্ত্বানাং কার্য্য বস্তূনাং আদৌ অন্তেচ যৎ ধ্রুবং কারণত্বেন স্থিরং তদেব অন্তরালেপি সুবর্ণাদিবৎ। অতস্ত্বমেব সর্ব্বকারণং বাস্তবং বস্তু অন্যৎ সর্ব্বং কার্য্য মতমবাস্তবং বস্তিত্যর্থঃ ॥ ৩২ ॥

এবং কালতঃ পরিচ্ছেদাভাবমুক্ত্বা দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিঃ ক্ষিতি জল তেজ আকাশাহঙ্কার মহত্তত্ত্ব প্রকৃতিভিঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ দশগুণাধিকৈরাবৃতঃ যত্র ত্বয়ি অণুকল্পঃ পতন্তি পরিভ্রমন্তি তত্ত্বমাদনন্তঃ ॥ ৩৩ ॥

এবং প্রভোঃ সর্ব্বোৎকর্ষমাখ্যায় তত্রূপ্যাপি তমভক্তনিন্দয়া প্রণমং ব্যতিরেকেণাহ বিষয়েতি। বিভূতিরিন্দ্রাদ্যাঃ নতু ত্বাং

যাহা থাকে, সুবর্ণাদির ন্যায় তাহাই ধ্রুব, আপনি ঐ সকলের সৃষ্টি কর্ত্তা অতএব ঐ সকল কোন প্রকারে ধ্রুব নহে ॥ ৩২ ॥

প্রভো! ধ্রুব হওয়াতে আপনকার যেমন কালকৃত পরিচ্ছেদ নাই তেমনি দেশকৃত পরিচ্ছেদও নাই, এই ব্রহ্মাণ্ড কোষ যথাক্রমে পূর্ব্ব ২ হইতে দশগুণ অধিক ক্ষিতি প্রভৃতি সপ্ত পদার্থে আবৃত হওয়াতে অতি প্রকাণ্ড হইয়া রহিয়াছে সত্য, কিন্তু ঐ রূপ কোটি কোটি ব্রহ্মাণ্ডও আপনকার নিকট পরমাণু তুল্য হইয়া পরিভ্রমণ করে অতএব আপনি অনন্ত ॥ ৩৩ ॥

প্রভো! যে সকল ব্যক্তির বিষয়েতেই তৃষা, তাহারা নরাকার পশু, কারণ তাহারা ঐ তৃষা পূর্ণ করিবার নিমিত্ত আপনকার বিভূতি যে ইন্দ্রাদি দেবতা তাহাদিগেরই উপাসনা করিয়া থাকে, পরম পুরুষ পরমেশ্বর যে আপনি আপনকার আরাধনা করে না কিন্তু হে ঈশ। ঐ সকল ব্যক্তি স্ব ২ কামনা পূর্ণ করণার্থ ঐরূপ দেবতার উপাসনা করিয়াও স্ব ২ অভিলষিত বিষয় বহুকাল ভোগ করিতে পায় না, যদ্রূপ রাজকুল বিনষ্ট হইলে তৎ সেবকদের কল্যাণ নষ্ট হয়, তদ্রূপ উপাস্য দেব

তেষামাশিষ ঈশ তদনুবিনশ্যন্তি যথা রাজকুলং ॥ ৩৪ ।
কামধিয়স্ত্বয়ি রচিতা ন পরম রোহন্তি যথা করম্ভবীজানি ।
জ্ঞানাত্মন্যগুণময়ে গুণগণতোস্য দ্বন্দ্ব জালানি ॥ ৩৫ ॥
জিতমজিত তদা ভবতা যদাহ ভাগবতং ধর্ম্মমনবদ্যং ।

শ্রীধরস্বামী ।

বিষয়কামেনাপি কৃতা ত্বৎসেবা মোক্ষ ফলৈবেত্যাহ কামধিয়ঃ কামবাসনা অপি হে পরম ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেন্নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি। করম্ভবীজানি ভর্জিতবীজানি যথা যতোঽস্য জীবস্য গুণগণাদেব দ্বন্দ্বসমূহা ভবন্তি অতঃ কামেনাপি নির্গুণস্য তব ভজনাচ্ছনৈর্নৈর্গুণ্যং ভবতীত্যর্থঃ ॥ ৩৫ ॥

ফলকামনয়াপি ত্বদারাধনং যদা মোক্ষহেতুঃ তদা কিং বক্তব্যং ভাগবত ধর্ম্ম মাহাত্ম্যমিতি বক্তুং তৎ সম্প্রদায় প্রবর্ত্তকত্বেনৈব ভগবন্তং স্তৌতি জিতমিতি যদা। ভবান্ ভাগবতং ধর্ম্মমাহ তদা ভগবন্ ত্বয়া জিতং সর্ব্বোৎকর্ষেণ স্থিতং। তত্র হেতুঃ যে নিষ্কি-

ক্রমসন্দর্ভঃ ।

জিতমিতি। নিজোৎকর্ষ আবিষ্কৃতঃ। ভগবন্নিতি পাঠঃ স্বামিসম্মতঃ ভবতেতি তু প্রায়ঃ সর্ব্বত্র ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তদনু উপাসানাশানন্তরং। যথা রাজকুলনাশানন্তরং তৎ সেবকানামাশিষো নশ্যন্তি ॥ ৩৪ ॥

ভক্তস্যোৎকর্ষং কৈমুতিকন্যায়েনাহ্বয়েনাহ। কামা রাজ্যাদ্যাস্তদর্থং ধিয়ো যতয়স্ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেৎ নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি যথা করম্ভবীজানি ভৃষ্টযববীজানি তথৈব। যদ্যপি কামধিয়োঽন্যত্র রোহন্ত্যোদৃষ্টা। ভৃষ্ট বীজতুল্যা ন ভবন্তি তদপি বিষয়সম্বন্ধাপ্যাস্তবন্তীত্যাহ জ্ঞানাত্মনি চিন্ময়ে অগুণময়ে গুণময়াৎ পদার্থান্তিন্নে। অতোরসকূপ পতিতং বস্তু যথা রসএব ভবে দেবং ত্বয়ি প্রবিষ্টাঃ কামধিয়োপি চিন্ময্যো ভবন্তীতি কথং তাসাং সংসারহেতুত্বং স্যাদিত্যর্থঃ। যতোগুণগণতএব দ্বন্দ্ব জালানি সংসারকারণানি ভবন্তি ॥ ৩৫ ॥

যদেবং স্বমহিম্না সকামায়া অপি ভক্তেঃ শ্রেষ্ঠং তদা কিমুত নিষ্কামায়াঃ। কিঞ্চ ভক্তের্নিষ্কামত্বঞ্চ ত্বৎপ্রবর্ত্তিতমতো নিষ্কামভক্তের্ত্বত্ব জয়ঃ পূর্ব্বপ্রতিপাদিতস্তত্রাপি পরমকৃপালুঃ স্বভক্তবশীভাবেপ্সুত্বমেব কারণমিত্যতো বস্তুত স্তবৈব বিশেষতো জয় ইত্যাহ জিতমিতি। হে অজিত ভাগবতং ধর্ম্মং অনবদ্যং নিষ্কামং যদৈব ভবানাহ তদেব জিতং ভবতৈব ভক্তা ঋণীকৃতাঃ। যে নৈব নিষ্কাম ভক্তিযোগেন ভক্তৈর্ভবান্ জীয়তে তস্য ত্বয়ৈবোক্তত্বাদৃণং ত্বমেব স্বভক্তাধীনত্বাভিলাষসাধকং কৃপাবিশেষমাস্বাদয়ন্তঃ প্রত্যুত এব ভক্তা স্বয়মেব ঋণীভূয় স্থিতা ভবন্তীতি ভাবঃ। যে নিষ্কিঞ্চনা প্রথমত এব শুদ্ধাঃ তথা তৎসঙ্গতস্তৎকৃষ্ণনিষ্ঠা মুনয়স্তাপসা আত্মারামা জীবন্মুক্তাশ্চ কেচন যমেব ধর্ম্মমুপাসতে। যদ্বা। নিষ্কিঞ্চনা ইত্যস্যৈব বিশেষণদ্বয়ং। মুনয়স্ত্বমননশীলা

তার নাশানন্তর ঐ সকল ব্যক্তির কামনার বিষয় সকল বিনষ্ট হইয়া যায় ॥ ৩৪ ॥

হে পরমেশ! যাহাদের চিত্ত কাম বাসনায় আসক্ত, তাহারা যদি আপনকার প্রতিই স্ব ২ কামনা রচনা করে অর্থাৎ তাহা পূর্ণ করণ সংকল্প করিয়া যদি আপনার সেবাতেই রত হয়, তাহা হইলে ভর্জ্জিত বীজের ন্যায় সেই কামনা পুনর্ব্বার প্ররূঢ় হইতে পারে না, সুতরাং পুনরায় দেহান্তরোৎপত্তির অভাব হইতে পারে, কারণ জীবের যে গুণগণ, তাহা হইতেই সুখ দুঃখাদি দ্বন্দ্ব সমূহ হয়, আপনি নির্গুণ আপনকার উপাসনা কামনার সহিত করিলেও ক্রমশঃ নৈর্গুণ্য হইতে পারে ॥৩৫

অতএব হে প্রভো! ফল কামনা করিয়াও আপনকার আরাধনা করিলে তাহাও যখন মোক্ষের হেতু হয় তখন ভাগবত ধর্ম্মের মাহাত্ম্য আর কি বলিব? আপনকার কেবল স্তব করি ॥

প্রভো! আপনি যখন অনবদ্য ভাগবত ধর্ম্ম বলিয়াছেন তখন সর্ব্বোৎকর্ষেতেই বর্ত্তমান আছেন

নিষ্কিঞ্চনা যে মুনয় আত্মারামা যমুপাসতেঽপবর্গায় ॥ ৩৬ ॥
বিষমমতির্ন যত্র নৃণাং ত্বমহমিতি মম তবেতি চ যদন্যত্র।
বিষমধিয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ ক্ষয়িষ্ণুরধর্ম্ম বহুলঃ ॥ ৩৭ ॥
কঃ ক্ষেমো নিজপরয়োঃ কিয়ান্বার্থঃ স্বপরদ্রুহা ধর্ম্মেণ।
স্বদ্রোহাত্তব কোপঃ পরপীড়য়া তথাঽধর্ম্মঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

ঞ্চনাঃ সনৎকুমারাদয়ঃ মুনয়ঃ তে যং ভবন্তং অপবর্গায় সেবন্তে তেন ভবতা জিতং যং ধর্ম্মমিতি বা ॥ ৩৬ ॥

অনবদ্যত্তামেবাহ বিষম মতির্যত্র যস্মিন্ ভাগবতে ধর্ম্মে নাস্তি যদন্যত্র যথান্যস্মিন্ কাম্যধর্ম্মে। নম্ন গোপি বেদোক্তত্বাদন-বদ্য এব তত্রাহ বিষমধিয়াঃ শত্রুমারণাদি কামনয়া রচিতো বিহিতো যঃ সহ্যঽবিশুদ্ধঃ রাগদ্বেষাদিমত্ত্বাৎ ক্ষয়িষ্ণুশ্চ নশ্বরফলত্বাৎ অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিভিঃ উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতেঽর্থোঽনর্থশ্চেত্যাদি ॥ ৩৭ ॥

এতৎ প্রপঞ্চয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নকিঞ্চিৎ নিজপরয়োঃ স্বস্য পরস্যচ স্বপরদ্রুহা স্বস্মৈ পরস্মৈচ দ্রুহ্যতীতি স্বপর দ্রুক্ তেন। যতঃ স্বদ্রোহাদত্যন্ত কায়ক্লেশাৎ তব কোপঃ পীড়া সম্ভবতি। তদুক্তং গীতাসু। কর্ষয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামম চেতসঃ। মাঞ্চৈবান্তঃ শরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ানিত্যাদি। তথা পরপীড়য়া অধর্ম্মঃ চকারাত্তব কোপশ্চ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিজসংসারহেতুত্বাৎ স্বদ্রুহা পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহেতিবৎ। পশ্বাদ্যপালম্ভাৎ পরদ্রুহাচেত্যর্থঃ কোপঃ ঔদাস্যময়ঃ ক্রোধঃ। অধর্ম্মোঽশুদ্ধোধর্ম্মঃ। ৩৮। ৩৯। ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আত্মারামাস্বয্যেব রমমাণা ইত্যর্থঃ। অপবর্গায় অপকৃষ্টা বর্গাশ্চত্বারোপি যতস্তস্মৈ প্রেম্নে অপবর্গশ্চ ভবতি। যোসাবিত্যাদি পঞ্চম স্কন্ধীয় গদ্যোক্তলক্ষণায় ভক্তিযোগায়েতি বা ॥ ৩৬ ॥

যত্র ভাগবতে ধর্ম্মে ত্বমহমিতি মম তবেত্যহন্তাস্পদ মমতাস্পদয়োর্বিষমমতিরুত্তর শ্লোকার্থদৃষ্ট্যা বৈর নিবন্ধন বৈষম্যবতী মম তব ত্বমহং শত্রুরিতি মতির্নাস্তি যুৎ। যা অন্যত্র কাম্যধর্ম্মে ইত্যর্থঃ। কামধর্ম্মমেব নিন্দতি বিষমধিয়া শত্রুমরণাদিকামনয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ রাগদ্বেষাদিময়ত্বাৎ। ক্ষয়িষ্ণুশ্চ নশ্বর ফলত্বাৎ। অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিনা উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতে অর্থোঽনর্থশ্চেত্যাদিনা ॥ ৩৭ ॥

উক্তমর্থং স্পষ্টয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নিজপরয়োর্নিজস্যাহন্তাস্পদস্যাত্মনঃ পরস্য মমতাস্পদস্য পুত্রকলত্রাদের্ন কিঞ্চি-দিত্যর্থঃ স্বস্মৈ পরস্মৈ চ দ্রুহ্যতীতি স্বপরদ্রুক্ তেন যতঃ স্বদ্রোহাৎ পরহিংসার্থকাত্যন্ত স্বকায়ক্লেশকর তপোব্রতাদেঃ। অধর্ম্মঃ পাপং ত্বৎ কোপশ্চ ॥ ৩৮ ॥

ভগবন্! কোন্ ব্যক্তি ঐ ধর্ম্মের মাহাত্ম্য বলিতে পারে? যে সকল মুনি সনৎকুমারাদি নিষ্কিঞ্চন ও আত্মারাম তাঁহারাও অপবর্গ লাভার্থ ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৬ ॥

প্রভো! অন্য কাম্য ধর্ম্মে যদ্রূপ "তুমি আমি, তোমার আমার" এবম্বিধ বিষম বুদ্ধি আছে, ভাগবত ধর্ম্মে তদ্রূপ বিষম মতি নাই, হে ভগবন্! যদিও বেদোক্ত তথাচ বিষম বুদ্ধি দ্বারা শত্রু-মারণাদি কামনায় যাহা বিহিত হয়, রাগদ্বেষ মূলকত্ব প্রযুক্ত তাহা অবিশুদ্ধ এবং তাহার ফল নশ্বর, সুতরাং ঐ সকল ধর্ম্ম ক্ষয়িষ্ণু, অপর হিংসাদি বাহুল্য হেতু অধর্ম্ম বহুল ॥ ৩৭ ॥

ফলতঃ ঐ সমস্ত ধর্ম্ম আপনার ও অন্যের দ্রোহ কারক, তদ্দ্বারা বা অন্যের কি মঙ্গল এবং কতই বা অর্থ হইতে পারে? কিছুই হয় না, বরঞ্চ কায়ক্লেশ দ্বারা স্বদ্রোহ হেতু আপনার পীড়া, আর পরদ্রোহ দ্বারা অধর্ম্ম তথা আপনার ক্লেশ এই সকলই উৎপন্ন হয় ॥ ৩৮ ॥

ন ব্যভিচরতি তবেক্ষা যয়াহ্যভিহিতো ভাগবতো ধর্ম্মঃ ।
স্থিরচর সত্ত্ব কদম্বেষ্বপৃথগ্ধিয়ো যমুপাসতে ত্বার্য্যাঃ ॥ ৩৯ ॥
নহি ভগবন্নঘটিতমিদং ত্বদ্দর্শনান্নৃণামখিল পাপক্ষয়ঃ ।
যন্নাম সকৃৎ শ্রবণাৎ পুক্কশোপি বিমুচ্যতে সংসারাৎ ॥ ৪০ ॥
অথ ভগবন্ বয়মধুনা ত্বদবলোক পরিমৃষ্টাশয়মলাঃ ।
সুরঋষিণা যৎকথিতং তাবকেন কথমন্যথা ভবতি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী ।

অতস্ত্বয়া রাগান্ধমপি কথঞ্চিদ্বেদমার্গে প্রবর্ত্তয়িতুং কাম্য ধর্ম্মোহভিহিতো নতু তত্ত্বদৃষ্ট্যা । ভাগবতধর্ম্মেতু ন দ্রোহ ইত্যাহ ন ব্যভিচরতি । ন পরমার্থং জহাতি তব ঈক্ষা দৃষ্টিঃ । অব্যভিচারে হেতুঃ স্থিরেতি । স্থাবর জঙ্গম প্রাণি সমূহেষু সমবুদ্ধয়ঃ ভাগবতা যং ধর্ম্মং সেবন্তে ॥ ৩৯ ॥

এবং ভূতস্য ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তকস্য তব দর্শনাৎ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি কিং চিত্রমিত্যাহ নহীতি ॥ ৪০ ॥

অতোহহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি । অতো হেতোস্তবাবলোকনেন পরিমৃষ্টা নিরস্তা আশয়ে চিত্তে মলা যেষাং তে । ত্বদ্দর্শনঞ্চ মম নারদোপদেশেন জাতমিত্যাহ সুরর্ষিণেতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নন্থ ক্ষয়িষ্ণুত্বাদি বাহুল্যেপি কাম্যধর্ম্মে ফলদর্শনাৎ প্রবর্ত্তন্তে নির্বেদেপি নিষ্কামধর্ম্মে ফলাদর্শনাৎ প্রবৃত্তৌ সংশেরতে জনা-স্তত্রাহ । নেতি তবেক্ষা মন্তক্ত্যা জীবঃ কৃতার্থী ভবতীতি পরামর্শো ন ব্যভিচরতীতি কাম্যধর্ম্মে কদাচিৎ ফলস্যাপি ব্যভিচারঃ স্যান্নতু ত্বদীয়েক্ষয়োঃ । অতএব আর্য্যা ইত্যনার্য্যাস্তু সংশেরতাং নামেতি ভাবঃ অপৃথগ্ধিয়ঃ স্বস্য পরস্যচ সুখ দুঃখেষু পৃথগ্বুদ্ধি রহিতা আর্য্যা ইতি আর্য্যাখ্যং গচ্ছন্তশ্চেদমিতি দর্শিতং ॥ ৩৯ ॥

নিষ্কাম ধর্ম্মস্য ময়ৈব সাক্ষাৎ ফলং লব্ধমিত্যাহ নহীতি নৃণামিতি মদেবেতি ভাবঃ পাপক্ষয়স্য কা বার্ত্তা মোক্ষোপি ভবতী-ত্যাহ যন্নাম্ন একস্যৈব কিমুত বহূনাং সকৃদেব কিং পুনরসকৃৎ । শ্রবণাদেব কিমুত কীর্ত্তনাদেঃ । পুক্কশোপি কিমুতান্যঃ । সংসারা দেব কিমুত পাপাদিতি সাধনারম্ভ এব ফল দর্শনমিতি ॥ ৪০

অতোহহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি ॥ ৪১ ॥

অতএব যদিও রাগান্ধ ব্যক্তিদিগকে কথঞ্চিৎ বেদমার্গে প্রবৃত্ত করাইবার নিমিত্ত আপনিই কাম্য ধর্ম্ম কহিয়াছেন, তথাচ তাহা তত্ত্বদৃষ্টিতে কথিত হয় নাই, সুতরাং তাহাতে নিজের ও অন্যের দ্রোহ হইয়া থাকে। পরন্তু ভাগবত ধর্ম্মে কোন প্রকার দ্রোহেরই সম্ভাবনা নাই, যে হেতু আপনকার যে দৃষ্টির কখন ব্যভিচার হয় না অর্থাৎ যাহা কখন পরমার্থ পরিত্যাগ করে না, সেই দৃষ্টি দ্বারা ঐ ধর্ম্ম অভিহিত হইয়াছে অতএব যে সকল ভগবদ্ভক্ত মানব স্থাবর জঙ্গম প্রাণি সমূহে সমবুদ্ধি তাহারা ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৯ ॥

হে ভগবন্! আপনি ঐ রূপ ভাগবত ধর্ম্মের প্রবর্ত্তক! আপনকার দর্শনে মনুষ্যদিগের যে অখিল কলুষ নাশ হইবে ইহা অসম্ভব নহে। প্রভো! আপনকার নাম একবার মাত্র শ্রবণ করিলে পুক্কশও সংসার বন্ধন হইতে পরিত্রাণ পায় ॥ ৪০ ॥

অতএব আপনকার দর্শন মাত্রেই আমাদিগের অন্তঃকরণের মালিন্য দূরীভূত হইল। ভগবন্! দেবর্ষি নারদ ভবদীয় পুরুষ, তিনি যাহা কহিয়াছেন তাহার কি কখন অন্যথা হইতে পারে? ফলতঃ দেবর্ষির উপদেশেই আমি আপনকার দর্শন লাভ করিলাম ॥ ৪১ ॥

বিদিতমনন্ত সমস্তং তব জগদাত্মনোজনৈরিহাচরিতং।
বিজ্ঞাপ্যং পরমগুরোঃ কিয়দিব সবিতুরিব খদ্যোতৈঃ ॥ ৪২ ॥
নমস্তুভ্যং ভগবতে সকল জগৎ স্থিতি লয়োদয়েশায়।
দুরবসিতাত্মগতয়ে কুযোগিনাং ভিদা পরমহংসায় ॥ ৪৩ ॥
যং বৈশ্বসন্তমনুবিশ্বসৃজঃ শ্বসন্তি যং চেকিতানমনুচিত্তয় উচ্চকন্তি।
ভূমণ্ডলং সর্ষপায়তি যস্য মূর্দ্ধ্নি তস্মৈ নমো ভগবতেঽস্তু সহস্রমূর্দ্ধ্নে।
শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

যথা চাহং পূর্ব্বমতিমূঢ আসং যথাচ নারদেনানুগৃহীতোস্মি তৎ সর্ব্বান্তর্যামিণ স্তব ময়া কিং প্রকাশনীয়মিত্যাহ বিদিতমিতি। বিশেষেণ জ্ঞাপ্যং প্রকাশনীয়ং কিয়দিব ন কিমপীত্যর্থঃ। সবিতুর্যথা খদ্যোতৈঃ প্রকাশনং নাস্তি তদ্বৎ ॥ ৪২ ॥
উপলক্ষণং ভগবন্তং প্রণমতি নম ইতি দ্বাভ্যাং। সকলস্য জগতঃ স্থিত্যাদীনামীশায় সমর্থায়। দুরবসিতা অবিজ্ঞাতা আত্মগতির্নিজতত্ত্বং যস্য তস্মৈ। কেষাং কুযোগিনাং কেন ভিদা ভেদ দৃষ্ট্যা ॥ ৪৩ ॥
শ্বসন্তি চেষ্টন্তে। চেকিতানং পশ্যন্তমনুচিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

নম ইতি ভিদা নানোপাস্যভেদদৃষ্ট্যা কুযোগিনাং দুরবসিতেতি। যদ্বা ভিদা ভেদময্যা ভক্ত্যা। পরমহংসায়েতি পরে গান্বয়ঃ। তথা শুদ্ধস্বরূপত্বেন হৃৎকমলবিহারিণ ইত্যর্থঃ ॥ ৪৩ ॥
উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি। যস্য তব জ্ঞানশক্ত্যংশেনৈব স্ব স্ব জ্ঞানং লভন্ত ইত্যর্থঃ : কনীদিপ্তিকান্তি গতিস্থিত্যসা যঙলুগন্তস্য রূপমিদং ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিবরান্মোপাহং স্বভক্তং প্রেষ্ঠং সংসারকূপাদুদ্ধৃত্য স্বচরণান্তিকমানীত ইত্যাদি কিং বিজ্ঞাপয়ামীত্যাহ বিদিতমিতি সবিতুঃ সবিতরীব ত্বয়ি খদ্যোতৈরিবাস্মাভিঃ কিং প্রকাশনীয়ং ॥ ৪২ ॥
ভিদা ভেদদৃষ্ট্যা হেতুনা যে কুযোগিনস্তেষাং পরমহংসায় কৃপয়া পরমহংস স্বরূপোপাদ্ধারকায়েত্যর্থঃ ॥ ৪৩ ॥
শ্বসন্তং চেষ্টমানং বিশ্বসৃজঃ কর্ম্মেন্দ্রিয়াণি শ্বসন্তি চেষ্টন্তে যং চেকিতানং পশ্যন্তং চিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বস্ববিষয়ং পশ্যন্তি ॥ ৪৪ ॥

হে অনন্ত! আপনি জগদাত্মা, সর্ব্বান্তর্যামি ইহাতে যে কোন ব্যক্তি যে কোন আচরণ করে, সকলই আপনকার বিদিত হয়। অতএব খদ্যোত দ্বারা যদ্রূপ দিবাকরের নিকট কোন পদার্থ প্রকাশনীয় হইতে পারে না, তাঁহার ন্যায় পরম গুরু যে আপনি, আপনকার সমীপে আমরা কি প্রকাশ করিব? আপনকার নিকট আমাদের কিছু প্রকাশনীয় নাই ॥ ৪৩ ॥

অহো! আমি সেই ভগবান্ পরমহংসকে নমস্কার করি। তিনি অখিল জগতের সৃষ্টি স্থিতি লয়ের ঈশ্বর। কুৎসিত যোগিগণ ভেদ দৃষ্টি হেতু তাঁহার নিজ তত্ত্ব জানিতে পারে না ॥ ৪৩ ॥

অহো! যিনি চেষ্টাযুক্ত হইলে বিশ্বস্রষ্টৃগণ চেষ্টাবান্ হন, যাঁহাকে দর্শনশীল দেখিলে জ্ঞানেন্দ্রিয় চয় স্বরূপ দর্শন করে, যাঁহার মস্তকে এই প্রকাণ্ড ভূমণ্ডল সর্ষপ তুল্য হইয়া আছে, সেই সহস্র শীর্ষা ভগবান্ অনন্তকে নমস্কার করি ॥

শুকদেব কহিলেন হে কুরুবর পরীক্ষিৎ! এই প্রকার স্তবে ভগবান্ অনন্ত সাতিশয় প্রীত হইয়া

সংস্তুতো ভগবানেবমনন্তস্তমভাষত। বিদ্যাধরপতিং প্রীতশ্চিত্রকেতুং কুরূদ্বহ ॥ ৪৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

যন্নারদাঙ্গিরোভ্যাং তে ব্যাহৃতং মেঽনুশাসনং। সংসিদ্ধোসি তয়া রাজন্ বিদ্যয়া দর্শনাচ্চ মে ॥৪৫ ॥

অহং বৈ সর্ব্বভূতানি ভূতাত্মা ভূতভাবনঃ। শব্দব্রহ্ম পরং ব্রহ্ম মমোভে শাশ্বতী তনূ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

মেঽনুশাসনং মদ্বিষয় উপদেশঃ। তেনচ তয়াচ বিদ্যয়া অস্মদ্দর্শনাৎ সংসিদ্ধোসি ॥ ৪৫ ॥

তদ্বোধদার্ঢ্যায় স্বমতমুপদিশতি অহমিত্যাদিনা সর্ব্বভূতান্যহমেব। ভূতানামাত্মা ভোক্তাপ্যহমেব। ভোক্তৃভোগ্যাত্মকং বিশ্বং মদ্ব্যতিরিক্তং নাস্তীত্যর্থঃ। যতোহং ভূতভাবনঃ ভূতানাং প্রকাশকঃ কারণঞ্চ। নমু শব্দব্রহ্ম প্রকাশকং পরং ব্রহ্ম কারণং প্রকাশকঞ্চ সত্যং তে উভে মমৈব রূপে ইত্যাহ শব্দ ব্রহ্মেতি। শাশ্বতী শাশ্বত্যৌ ॥ ৪৬ ॥

ক্রমসন্দর্ভ।

অহমিতি অত্র শব্দ ব্রহ্মণঃ সাহচর্য্যাৎ পরব্রহ্মণোপ্যংশত্বমায়াতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মেঽনুশাসনং শ্রবণ কীর্ত্তনাদি ভজনং তেন তয়া বিদ্যয়া নারদোপদিষ্ট মহামন্ত্রেণচ তৎসাধ্যান্মম দর্শনাচ্চ ॥ ৪৫ ॥

কিঞ্চ ভক্তিতত্ত্বং তয়া জ্ঞাতমেব তত্রাজিত জিতেত্যাদি স্তুতিরেব প্রমাণং। জিজ্ঞাসানৈরপেক্ষ্যার্থং জ্ঞানতত্ত্বমহমেবোপদিশামি শৃণ্বিত্যাহ। অহং বৈ ইতি। অত্রেদং বিবেচনীয়ং। বস্তু তাবৎ দ্বিবিধং বাস্তবমবাস্তবঞ্চ। ব্রহ্ম পরমাত্মা ভগবান্ স পরিকর ইত্যেতৎ ত্রিতয়মেব বাস্তবং বস্তু মায়িক প্রপঞ্চজাতমিদমবাস্তবং বস্তু। অবস্তুচ দ্বিবিধং কার্য্যমকার্য্যঞ্চ। কার্য্যং স্বপ্নেন্দ্রজালাদিগতং। অকার্য্যং খপুষ্প শশশৃঙ্গাদি। এষাং মধ্যে বেদাং বাস্তবমত্র বস্তিতি প্রথমোক্তে র্বাস্তবং বস্তুন এবোপাদেয়ত্বং বক্তুং প্রথমমবাস্তবস্তাহ সর্ব্বভূতানি ভোক্তৃভোগ্যাত্মকানি জগন্তি অহমেব মদীয় জীবশক্তি মায়াশক্তিময়ত্বাদিতি ভাবঃ। অত্র জীবানামবাস্তব বস্তুত্বমবিদ্যাবৃতত্বাদেবোক্তং। বাস্তবং বস্ত্বাহ ভূতানাং সমষ্টি ব্যষ্টীনামাত্মা অন্তর্য্যামীতি দ্বিতীয়ঃ। তৃতীয়শ্চ পুরুষোহং। তথা ভূতানি তানি ভাবয়তীত্যুৎপাদয়তীতি প্রথমঃ পুরুষশ্চাহং। তথা ভূতানি দাস্য সখ্যাদি ভাববন্তি করোতীতি ভূতভাবনঃ কৃষ্ণোরামশ্চ সংপ্রতি ত্বয়া দৃষ্টশ্চাহং কিঞ্চ মন্নিশ্বাসরূপং যৎ শব্দব্রহ্ম বেদঃ তথা মন্নির্বিশেষাকারত্বেন জ্ঞানিষু প্রতিপদ্যমানং যৎ পরং ব্রহ্ম তে উভে মমৈব তনূ রূপে। বেদস্য শব্দ রূপত্বাদাকাশ গুণত্বেনানিত্য শঙ্কায়া তথা পরব্রহ্মণশ্চানির্দ্দেশ্যত্বেনা বস্তুত্ব শঙ্কায়া বারণায়াহ। শাশ্বতী শাশ্বত্যৌ নিত্যসত্যে এব ॥ ৪৬ ॥

বিদ্যাধরপতি সেই চিত্রকেতুর প্রতি প্রসন্ন হইলেন এবং সম্বোধন পূর্ব্বক তাঁহার প্রতি বক্ষ্যমাণ বাক্য প্রয়োগ করিলেন ॥ ৪৪ ॥

ভগবান্ কহিলেন হে রাজন্! দেবর্ষি নারদ ও অঙ্গিরা তোমাকে মদ্বিষয়ক যে উপদেশ করিয়াছেন, সেই উপদেশ ও সেই বিদ্যা প্রভাবে আমার দর্শন লাভ করিয়া তুমি সম্যক প্রকারে সিদ্ধ হইলে ॥ ৪৫ ॥

হে রাজন্! যে হেতু আমি ভূতভাবন অর্থাৎ ভূত সকলের প্রকাশক ও কারণ অতএব আমিই সকল ভূত স্বরূপ এবং সমস্ত ভূতের আত্মা অর্থাৎ ভোক্তা। ফলতঃ আমা ব্যতীত ভোক্তৃ ও ভোগ্যাত্মক বিশ্ব নাই। বৎস! কোন কোন ব্যক্তিরা "শব্দব্রহ্ম প্রকাশক ও পরব্রহ্ম কারণ" এই যে কহিয়া থাকেন তাহাও সত্য, কিন্তু ঐ দুই অর্থাৎ শব্দ ব্রহ্ম ও পরব্রহ্ম আমারই শাশ্বত শরীর ॥ ৪৬ ॥

লোকে বিততমাত্মানং লোকঞ্চাত্মনি সন্ততং। উভয়ঞ্চ ময়া ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং ॥৪৭ ॥
যথা সুষুপ্তঃ পুরুষো বিশ্বং পশ্যতি চাত্মনি। আত্মানমেকদেশস্থং মন্যতে স্বপ্ন উত্থিতঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

অতত্ত্বমেবং পশ্যেত্যাহ লোকে ভোগ্যে প্রপঞ্চে ভোক্তৃত্বেন বিততমনুগতমাত্মানং লোকঞ্চাত্মনি ভোগ্যত্বেন সন্ততং ব্যাপ্তং তদুভয়ঞ্চ ময়া কারণাত্মনা ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং কল্পিতং স্মরেদিতি তৃতীয়েনান্বয়ঃ পশ্য ইত্যধ্যাহারো বা ॥ ৪৭ ॥

নমু জাগ্রদাদ্যবস্থাভেদেন ভোক্তৃ ভোগ্যাত্মকং বিশ্বং স্ফুটং প্রতীয়মানং কথং কল্পিতং স্যাদিত্যাশঙ্ক্য স্বপ্নগত জাগ্রদাদি দৃষ্টান্তেন সাধয়ন্নাহ যথেতি দ্বাভ্যাং। যথা স্বপ্নে সুষুপ্তো বিশ্বং গিরিবনাদিরূপং দেশান্তরস্থমাত্মন্যেব পশ্যতি স্বপ্নমধ্যে সুষুপ্তিং স্বপ্নঞ্চ পশ্যতীত্যর্থঃ। তথা স্বপ্ন এবোত্থিতঃ সন্নাত্মানমেকদেশস্থং শয়নদেশে স্থিতং মন্যতে জাগ্রদবস্থামনুভবতি ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

